

# শান্ত্রমূ**দ**ক ভারতীক্স শক্তিসাধনা

উপেন্দ্রকুমার দাস



প্ৰথম খণ্ড

वशांत्र ১—वशांत्र ১২

ভূমিকা-সংকেত-সংশোধন ও সংবোজন-হচীপঞ্জ-প্লোকাদিস্চী-সহ

প্ৰথম প্ৰকাশ: ১৩৭৩ বছাৰ

ম্লা পঞ্চাশ টাকা

প্রকাশক: রণজিৎ রায়, সম্পাদক, গবেৰণা-গ্রন্থ প্রকাশন সমিতি মুক্তক: শ্রীবিদ্যাৎরঞ্চন বস্থ শাস্তিনিকেতন প্রেস, শাস্তিনিকেতন, বীরভূম

#### व्याश्चिमान :

মূত্রণ, প্রচার ও প্রকাশন দপ্তর, বিশ্বভারতী, শান্তিনিকেতন ; বিশ্বভারতী গ্রন্থনবিভাগ, ধ্বারকানাধ ঠাকুর নেন, কলিকাভা ৭ "বদামক্তে কিংবা জননি বয়মুচৈ জড়ধিয়ঃ ন ধাতা নাপীশো হরিরপি ন তে বেত্তি পরমম্। তথাপি ষম্ভক্তিঃ মুখরয়তি চাম্মাকমমিতে তদেতং ক্ষম্ববাং ন খলু পশুরোঝঃ সমুচিতঃ॥"

# ভূমিকা

খনেক বছর খাগেকার কথা, সন তারিখ ঠিক মনে নেই কলিকাতা বিশ্ববিদ্যালয়-প্রকাশিত শাক্তপদাবলী পড়াবার ভার নিতে হয়। পড়াতে গিয়ে দেখি এ ভধু সাহিত্যের খাগোপনা নয়, আলোচ্য প্রয়ে সাহিত্যকে অতিক্রম করে এমন এক সাধনার সন্ধান আছে, দার সহত্বে বিশেব কিছুই জানি না আর বা জানি তাও ভাসাভাসা রকমের। নিজের এই অক্সতা বেমন লক্ষা দিল তেমনি এ সম্বন্ধে অনুসন্ধানেও প্রবৃত্ত করল।

বাঙলা ভাষায় শক্তিদাধনা সহছে কোনো পূর্ণাঙ্গ প্রামাণ্য আলোচনা আছে কিনা বভাৰতঃই প্রথমে ভার অফ্সন্থান করলাম। ত্র্লাগ্যের বিষয় সে-রকম কোনো বই পাওয়া গোল না। তন্তব্ব, কৌলমার্গরহক্ত, তাত্ত্বিক গুরুত গ্রন্থে শক্তিদাধনা সহছে উৎক্রই আলোচনা আছে সন্দেহ নাই, কিন্তু কোনো গ্রন্থেই এই সাধনার পূর্ব পরিচয় পাওয়া যার না।

ইংরেজি ভাষায় শক্তিসাধনা সহছে ব্যাপকতর আলোচনা করা হয়েছে। এক্ষেত্রে মহামতি উভরফের দান সর্বাগ্রগণ্য ও সঞ্জর কৃতজ্ঞতার সহিত অরণীয়। প্রধানতঃ তাঁরই ঐকাত্তিক চেষ্টার ফলে আমাদের দেশের একটি নিগৃত সাধনার ষথার্থ রূপ ইংরেজি-শিক্ষিত ব্যক্তিদের কাছে প্রকাশত হয়েছে।

কিন্ত ইংরেজি গ্রন্থাদিতেও শক্তিসাধনার ধারাবাহিক আলোচনা নাই এবং তার পূর্ণ পরিচন্ত্রও পাওয়া ত্তর। তা ছাড়া থারা ইংরেজি জানেন না এসব গ্রন্থ তাঁদের নাগালের বাইরে।

শক্তিসাধনার বিস্তৃত বিবরণ আছে তন্ত্রশাস্ত্র। কিন্তু সংস্কৃত ভাষার রচিত তন্ত্রপ্রস্থ আরগোকেরই অধিগমা। বাংলার আধুনিক শিক্ষিত সম্প্রদার ইংরেজি বতটা জানেন সংস্কৃত জানেন তার চেয়ে চের কম। কাজেই তন্ত্রশাস্ত্র পড়ে শক্তিসাধনার বিবর অবগত হওরা এঁদের পক্ষে সম্ভবশর নয়।

বার বার মনে হয়েছে শক্তিনাধনার মোটাম্টি পূর্ণাঙ্গ পরিচয় পাওয়া যায় এরকম একথানা বাঙলা বই থাকলে বড় ভাল হত। কিন্তু এই বই লেখার চেষ্টা আমি করব একথা ভাবভেও পারি নি। কারণ একপ কাজের যোগ্যতা বে আমার নেই ভা ভাল করেই জানভাম।

গোড়ার অধ্যাপনার সীমিত প্রয়োজনেই বিবরটি নিয়ে অনুসদ্ধান আরম্ভ করা গিয়েছিল। কিন্তু এক সময়ে বিবয়ের মানন্দে কখন বে প্রয়োজন গোল তলিয়ে তা আজ আর স্বরণ হয় না। কাল্কের ফাঁকে ফাঁকে বছরের পর বছর ধরে তথা সংগ্রহ করেছি, কিছু বুকেছি কিছু বৃষিনি, কিন্তু আনন্দের অভাব হয়নি। মনে হল বিষয়ের গুণে বে-আনন্দ পেয়েছি আরও কেউ কেউ হয়ত সেই আনন্দের অভিলাধী হতে পারেন। তাঁদের কথা শ্বরণ করেই আমার এই প্রয়াস। এতে শক্তিশাধনার ইতিহাসগত, অসূষ্ঠানগত এবং তন্ধগত মোটাম্টি একটা সামগ্রিক পরিচয় দেবার চেষ্টা করা হয়েছে।

শক্তিশাধনার গভীরের রহস্ত শাস্ত্রমর্মজ্ঞ সাধকই উদ্ঘাটিত করতে পারেন। সেখানে আমার মতো অনধিকারীর প্রবেশ নাই। আমার সামাত্ত বিভাবৃদ্ধি অফুসারে তল্পাস্ত্র থেকে ধেটুকু জানতে পেরেছি তাই আমার সম্বল এ কথা গোড়াতেই কবুল করা আবশ্রক।

মাকুষের ধর্মসাধনাও বিবর্তনের ধারা অফুসরণ করেছে। বতটা জানা ধার জগতের সর্বত্রই আদিম মানবের মধ্যে ধর্ম বলতে যা ছিল তা একই ধরণের ছিল। তার পর বিভিন্ন দেশে বিভিন্ন প্রতিবেশে মানবগোঞ্জীর মধ্যে তার রূপ বদলে বদলে গেছে।

সেইজন্ত শক্তিসাধনার ঐতিহাসিক আলোচনা আমি আদিম মাহুষের দেবতা ও ধর্ম দিয়েই স্থক করেছি। শক্তিসাধনার বিরাট্ প্রোতে নানা ধারা এসে মিশেছে। আদিম মানবের একাধিক বিশাসের ধারা সেই প্রোতে লক্ষা করা যায়।

আদিম মাহবের আদি দেবতা শক্তি। শক্তিশাধনার আদিরপ দেবীপূজা। একদা জগতের প্রায় সর্বত্রই কোনো না কোনো আকারে দেবীপূজা প্রচলিত ছিল। বিতীয় অধ্যায়ে দেবী তথা মাতৃদেবতার পূজার উৎস-সন্ধান করতে গিয়ে ভারতের বাইরে দেবীপূজার বিষয়ও আলোচনা করা গেছে। যতটা জানতে পারা যায় মাজৃপ্রধান মানবগোন্তা বা কৌমের মধ্যে প্রধানতঃ দেবীপূজা তথা মাতৃদেবতার পূজার প্রচলন হয় আর পিতৃপ্রধান মানবগোন্তা বা কৌমের মধ্যে পুরুষদেবতার পূজার। আদিম মাহ্য অন্ততঃ তাদের কোনো কোনো দল এক রকম করে স্থীদেবতাকে পৃষ্টির মূল মনে করেছে এবং প্রজনন তথা যৌনব্যাপারের সঙ্গে দেবীপূজার একটা যোগাযোগ ক্রনা করেছে। ঐতিহাসিক বিচারে শক্তিশাধনার উপায় বিশেবের সঙ্গে ঘৌনব্যাপারের সংযোগের মূল সম্ভবতঃ এইখানে।

ভারতের মহামানবের সাগরে এসে মিশেছে নানা মাসুবের ধারা। নৃতদ্বের বিচারে এদের নেগ্রিটো আদি ছটি ভাগ কর। হয়েছে। ইতিহাসের দিক্ দিয়ে দেখতে গেলে এদেরই ধর্মবিশাসাদির মধ্যে ভারতীয় প্রধান প্রধান ধর্মসাধনার উৎস সন্ধান করতে হয়। অবশ্র এদের বেশীর ভাগ লোকের সম্বন্ধেই বিশেষ কোনো তথ্য পাওয়া যায় না। এখানেই মৃশ্কিল।

বতটা জানা বায় ভারতের আদিম অধিবাদীদের মধ্যে প্রোটো-অট্রলয়েভরা প্রধানতঃ স্রীদেবতার পূজা করত। কেউ কেউ এদের শক্তিপূজার প্রবর্তক বলেন। অসুমান হয় প্রোটো-দ্রাবিড় বা আদি-দ্রাবিড়দ্বে মধ্যেও দ্বৌপুজার প্রচন্ত্র ছিল।
মহেঞাদড়োতে মাতৃদেবতার পূজার নিদর্শন পাওয়া গেছে। বিশেষক্ষ পণ্ডিতেরা কেউ
কেউ মহেঞাদড়োকে আদি-দ্রাবিড়দের কীর্তি মনে করেন।

আবার কারো কারো অসমান শক্তিপ্লার উদ্ভব হয় বহিরার্বদের মধ্যে। দেবীপূলা বেদপরী আর্থদের মধ্যে প্রচলিত ছিল। তাদের কোনো কোনো 'লন' মাতৃত্য ছিল। মাতৃত্বপিণী দেবতার পূলা ভারতের বাইরে থেকে ভারতে এসেছে কিংবা আর্বেডর লোকেদের কাছ থেকে আর্বদের মধ্যে এসেছে এ সম্বন্ধে কোনো স্থনিশ্চিত সিদ্ধান্ত করার মতো ব্রোপ্রাণী প্রমাণ পাওয়া হার না।

আর্থ 'জন'-এর মধ্যে মাতৃতন্ত্র তাদের আদিম অবস্থা থেকেই প্রচলিত ছিল। ঋগ্বেদেই বিতার নিদর্শন আছে। উক্ত বেদে আছে আদিতির কথা। শাক্তদের আরাধ্যা অন্ধ্রময়ী মহাশক্তির আদি শ্রেত ক্রপ এই অনিতি। অদিতিই কালী, তুর্গা, সর্বদেব-স্কর্মিণী।

মহাশক্তি দক্ষতে তন্ত্রাদিতে বিশ্বত কয়েকটি ধারণারও স্থচনা বেদে লক্ষ্য করা যায়।
শাক্ততন্ত্রে বর্ণিত নানা আচার অস্ঠানের মূল বিশেষ করে অথর্ণবেদে পাওয়া যায়।
অথর্ণবেদ্যক্ত ধর্মের সঙ্গে তন্ত্রোক্ত ধর্মের অনেক মিল আছে। তন্ত্রশাস্ত্রে অথর্ণবেদ্ধে
'শক্ত্যাচারদমন্তি' বলা হয়েছে।

বৈদিকে অবৈদিকে মিলে ভারতের সনাতন ধর্ম অর্থাৎ হিন্দুধর্ম। অথবঁবেদে ভার প্রাচীনতম নিদর্শন স্পষ্টরূপে লক্ষ্য করা যায়। শাক্তধর্ম এই সনাতনধর্মেরই রূপবিশেষ। এতেও বৈদিক অবৈদিক উভয় ধর্মের সমন্বয় হয়েছে। <u>মা মহাদেবীর পূজা স্বতম্বভাবেই</u> বেদ্পন্থী ও অবেদপন্থী ভারতীয়দের মধ্যে প্রচলিত ছিল।

শক্তিশাধনার সাধ্যা ত্রন্ধময়ী মহাশক্তির ভাবরূপ-রচনায় আর্য এবং আর্যেভর উভরবিধ উপাদানই স্থান পেয়েছে বটে তবে এক্ষেত্রে আর্যদের দানই সমধিক মনে হয়।

অদিতির মধ্যে মহাদেবীর বে-ভাবরূপের প্রকাশ লক্ষ্য করা যায় রাত্রিস্ক্ত ও দেবীসক্তে তা আরও পরিকৃট হয়েছে।

বৈদিক দেবমগুলে কালে কালে নানা পরিবর্তন ঘটেছে। বিভিন্ন বৈদিক দেবী কালে ব্রহ্মনন্ত্রী মহাদেবীর মধ্যে মিশে গেছেন প্রোত দাহিত্যেই তার নিদর্শন আছে। অদিতি এবং বাক্ এক হয়ে গেছেন, বাক্ ও সরস্বতী এক হয়েছেন। বৈদিক সরস্বতী রপদেবী। তার মধ্যে দেবী হুর্গার পূর্বাভাস পাওয়া বার। তা ছাড়া বৈদিক রপদেবভা ইক্রপ্র মহাদেবীর ক্লপকরনার উপাদান হয়েছেন।

কেনোপনিবদে প্রথম দেখা মিলে উমা হৈমবতীর। আমাদের ধারণা এই উমার ক্ষপকল্পনার মূল বৈদিক সোম। সোমই কালে উমামূর্ভি পরিগ্রাহ করেছে। শ্রোতসাহিত্যের পর্যালোচনার স্পষ্ট বোঝা যায় বে শাক্তদের আরাধ্যা মহাদেবী বহিরাগতা নন এবং মূলতঃ আর্থেতর লোকেদের দেবতাও নন। দেবীর আরাধনা বে আর্থ এবং আর্থেতর উভয় জনসম্প্রদায়ের মধ্যেই প্রচলিত ছিল এক্স সিদাক্তের সমর্থন পাওয়া যায়।

#তি-প্রবর্তী সংস্কৃত সাহিত্যে মহাদেবীর রূপ সুস্ট আকারে প্রকাশিত হয়েছে।

মুহাভারতের নানা স্থানে শিবপদ্ধী উমা বা পাবতীর উল্লেখ আছে। কিন্তু মহাদেবীর বিশিষ্ট রূপ প্রকাশিত হরেছে বিরাট পর্বের অন্তর্গত যুধিষ্টিরকৃত আগান্তবে এবং ভীমপর্বের অন্তর্গত অন্তর্কৃত আগান্তবে। তব্দুটকে অনেকে প্রক্রিপ্ত মনে করেন। কিন্তু এই প্রক্রেপের কাল সম্বন্ধে কোনো দ্বির সিদ্ধান্তে উপনীত হবার মতো অকটি। প্রমাণ বিশেষ কিছু পাওয়া বার না।

সংস্কৃত সাহিত্যের নানা স্থানে নানা দেবীর কথা আছে। অভুমান করা যায় দেশে এঁদের পূজা প্রচলিত ছিল। বাবহারিক ক্ষেত্রে এই-সম দেবীরা ভিন্ন হলেও তত্ত্বদৃষ্টিতে স্বাই যে একই সহাদেবীর বিভিন্ন রূপ দেবীমাহাত্ম্যক্তাপক নানা বর্ণনাম্ব ভার প্রমাণ মিলে।

প্রাচীন দিশ, মূজা, প্রাক্তিপি প্রভৃতিতে নানা দেবীর নিদর্শন আছে। মছেঞাদড়ো হড়প্লার যুগ থেকে আরম্ভ করে বিভিন্ন শতাকীর ভাগুরের এদব দ**ল্ভি হয়ে আছে।** দেবীপূজার প্রাচীনত্বের অক্তম প্রমাণ হিসাবে এই দবের সন্ধান করা গেছে।

প্রাগৈতিহাসিক যুগ থেকে ভারতে দেবীপুলার ধারা সমানে বয়ে চলেছে।

ভারতের দেবী-মারাধনা একদা তার ভৌগোলিক সীমা ছাড়িয়ে বৃহত্তর ভারতেও ছড়িয়ে প্ডেছিল। চম্পায় ও ক্ষোলে এ কথার প্রস্থালিশি প্রমাণ আছে; ব্রত্তীপ, বলিষীপ ও স্মাত্রার আছে মৃতি-প্রমাণ।। দেবীপুলার প্রাচীনত্ব ও প্রভাব পর্বালোচনার ক্ষেত্রে এই সব প্রমাণের বিশেষ গুরুত্ব মাছে।

ভারতের হটি প্রাচীন অবেদপদ্ধী ধর্ম বৌদ্ধ ও জৈন ধর্ম। এই উভর ধর্মের গ্রন্থাদিতে বিশেষ করে মহাধানী বৌদ্ধ প্রশ্বাদিতে দেবীপৃষ্ণার পরোক্ষ নিদর্শন আছে। মহাধানী বৌদ্ধমতে বিভিন্ন দেবীর আরাধনার কথা পাওয়া যায়। বৃদ্ধদেব দেবদেবীর আরাধনা নিষেধ করেছেন তবু মহাবানে দেবীদের আরাধনা বীকৃত। এটি দেবীপৃষ্ণার ব্যাপক প্রভাবের নির্দেশক।

বৌদ্ধদের মতো ততটা না হলেও জৈন আচার্যবাও বীয় মতে জনপ্রিয় দেবীপূজার বীক্তি না দিয়ে পারেন নি।

পূर्विष्टे উল্লেখ कवा श्रविष्ट प्रशास्त्रीय कावपूर्छ-वहनाय आर्विष्ठव উপामान्छ नगन नव ।

আর্থেডর লোকেদের মধ্যে দেবীপ্সার যে-সব নিদর্শন পাওয়া গেছে ভার থেকে এ কথার প্রমাণ পাওয়া বায়।

সারা দেশে বিভিন্ন শ্রেণীর কোকের মধ্যে দেবীপূদার ব্যাপক প্রচলন ছিল। এই ব্যাপকতার নিশ্চিত প্রমাণ পাওয়া বার দেশের বিভিন্ন অঞ্চলের দেবীস্থান ও দেবীভীর্বের বিবরণে।

তন্ত্রশাস্ত্রমতে শিব ও শক্তি অভিন্ন। শিবের বিষয় পর্বালোচনা করলে এই ভবের তথ্যগত ব্যাখ্যা পাওয়া যাবে। সেইজন্ত শক্তিসাধনার অন্ততম ভিত্তিরূপে শিবু ও শৈবদর্শনের বিষয় আমাদের আলোচনার অন্তর্ভু হয়েছে।

শিবের আদিরূপ বৈদিক কন্দ্র। বাজসনেন্ধি-সংহিতা অহুসারে কল্পের ভন্নী অধিকা। তৈত্তিনীয়-আরণাকে অধিকা হয়ে পড়েছেন কল্পের পত্নী। উক্ত আরণাকে কল্পকে উমাপতি ও পশুপতি বলা হয়েছে। অধিকা ও উমা একই মহাদেবীর ভিন্ন ভিন্ন নাম।

বৈদিক শ্বিরা প্রকৃতির ধ্বংসার ক রূপের মধ্যে কলকে প্রত্যক্ষ করতেন। যা কিছু মাছবের অনিষ্টকর ও প্রাণনাশক তাই তাঁরা কলের সঙ্গে যুক্ত মনে করতেন। কল ধ্বংসের দেবতা। তাঁকে স্বাই স্তান্ত ভয় করত।

তবে ক্লম্ল শুধু ভয়ংকর নন, তিনি কল্যাণকারীও বটেন। স্তবকারীদের তিনি ধন জন আয়ু বল ক্থ প্রভৃতি প্রদান করেন, তাদের রক্ষা করেন। তিনি বরাভয়দাতা।

কুত্র ভরংকর হলেও স্কর। তার গলায় ছিল বিবিধক্ষপের হার। কালীর রূপক্রনায় কুত্রপের প্রভাব অন্মান করা যায়। কালীর রূপও ভয়ংকর এবং স্কর। কুত্রের গলার হারই তার মুখ্যালার আদিরূপ।

কন্দ্র পিতৃদেবতা, স্বাস্ট্রর দেবতা। পিতৃশক্তি ও মাতৃশক্তির মিলনে স্বাস্ট্রী। সম্ভবতঃ সেই কারণে পিতৃদেবতা কন্দ্র মাতৃদেবতা অধিকার পতি গণা হয়েছেন।

ৰগ্বেদেই এ ব্যাপারের স্চনা হয়েছে। উক্ত বেদে অদিতিকে বলা হয়েছে কল্রদের মাতা আর কল্পকে বলা হয়েছে কল্পদের পিতা। পূর্বেই বলা হয়েছে অদিতি মা মহাদেবীর আদিরপ।

ক্ষমের বিবিধ পরিচয় পাওয়া বায় বন্ধুর্বেদে । এই সংহিতাতেই আছে ক্ষম সব শ্রেণীর সব মান্ধুবের দেবতা, এমন কি তিনি চোর-ভাকাতদেরও দেবতা।

হুদ্রের সঙ্গে অরণ্য ও পৃথত, জন ও আকাশের বিশেব যোগ। রুজ রুবির দেবতা।

কলকে স্বস্থানেই প্রথম শিব বলা হয়েছে। অপর্ববেদে আছে অসিত কলের কথা। কল কালো, মৃত্যুও কালো। কল মৃত্যু ঘটান। কাজেই কলের সঙ্গে মৃত্যুর দেবতা যমের একটা যোগাযোগ বেদসংহিতাতেই লক্ষ্য করা বার। কল্র সংহার ও সৃষ্টির দেবতা। কালও তাই। অথববেদেই কালের শুরুক্তপের উল্লেখ আছে। মহাভারতে কল্রশিবকে বলা হয়েছে মহাকাল। পু<u>ক্ষক্রণে দেখলে যিনি মহাকাল,</u> স্থীরূপে দে<u>খলে তিনিই মহাকালী।</u>

ক্ষু ব্ৰহ্ম। অধৰ্ববৈদেও আৱণাকে ক্ষুত্ৰের এই পরিচয় প্রথম পাওয়া যায়। এটিকে শৈব ও শাক্ত দর্শনে ব্যাখ্যাত প্রমন্ত্রির পূর্বক্ষপ বলা যেতে পারে। ক্ষু ব্রহ্ম এই তর্ষটি উপনিষদ্যুগে আরও স্কুলাই হয়েছে। শেতাশ্বরতর-উপনিষ্টে ক্ষুন্তিই ব্রহ্মপে বর্ণিত হয়েছেন। এই ভাবধারা তন্ত্রশাস্থেও অসুস্ত হয়েছে।

পৌরাণিক যুগে শিব ক:জর স্থান গ্রহণ করেছেন। কল্লের গুণধর্মাদি আত্মলাৎ করলেও শিবের রূপ প্রধানতঃ শাস্ত, কল্যাণময়। কল্লের ভয়ংকরত্ব সে-রূপের আড়ালে ঢাকা পড়েছে।

কুদ্র ধেমন পিঁবও তেমনি জনসাধারণের দেবতা। তাঁর ছই হ্রণ— বেদগ্রাহ্থ ও বেদ্বাহ্য। মহাভারতে তার পরিচয় আছে। বিশেষ করে দক্ষযক্তকাহিনীতে।

বেদনংহিতাতেই <u>শিবকে বলা হয়েছে পশুপতি। অধর্ববেদের মতে মাহ্</u>যবও পশু। মহাভারতে পশুপতি শিবের উপাসকদের অহুস্ত পাশুপত ধর্মের বিবরণ আছে। এ<u>ই ধর্ম</u> বর্ণা<u>শ্রম-দর্মের বিরোধী।</u> তার থেকে অহুমান হয় পশুপতি বেদবাছ দেবতা।

কিন্তু শতকলিয়ের একাধিক মঞ্জে কলকে পশুপতি বলা হয়েছে। কা**লেই মনে হয়** পশুপতি বেদপদীদেরও দেবতা।

মহাভারতে আছে শিব বক্তমাল্যাম্বধর, প্রান্ধমাংস্নুর। তিনি দশবাহ। তাঁকে অষ্টাদশভূজও বলা হয়েছে। ইনি সুশুক্তি শিব। শিবের শক্তি শিব থেকে অভিন। ভাই শিবের অনেক বিশেষত্ব তাঁর মধ্যে লক্ষ্য করা বায়। উভয়ের রূপক্ষনা সাদৃশ্রবহল।

মহাভারতে দেখা যায় শিবপ্রতিমা ও শিব্দিক উভয়েরই অর্চনা হত। তবে শিকে শিবার্চনা অধিকতর প্রশক্ত মনে করা হত।

শিবলিক ও গৌরপট্ট সহছে আমরা কিঞ্চিৎ বিশ্বতভাবেই আলোচনা করেছি। শক্তি-সাধনার একটি বিশেষ উপায়ের মর্ম বুঝবার জন্ত এই আলোচনা আবস্তক।

শিবোপাসনার আলোচনাস্ত্রে প্রধান প্রধান শৈব সম্প্রদায়ের সংক্ষিপ্ত আলোচনা করা হয়েছে।

শাক্তমত বা দৰ্শন ভাগ করে ব্কতে গেলে শৈব মত বা দৰ্শনের বিষয় জানা আবশ্চক।
বভটা জানা যায় পূথক দৰ্শনিয়ণে শাক্তমৰ্শন প্রচায়িত হওয়ার আগে শৈবদৰ্শন্ই ছিল্
শক্তিশাধনায়ও দার্শনিক ভিত্তি। এই উভয় দর্শনের মধ্যে মিল খুব বেশী।

মাধবাচার্য সর্বদর্শনসংগ্রহে শৈব মডের বে-চারটি শ্রেণীবিভাগ করেছেন শৈবদর্শনের শালোচনার আমরা প্রধানতঃ তারই শহুসরণ করেছি। শৈবদর্শন পর্বন্ধ আমাদের আলোচনাকে শক্তিশাধনার ভিত্তি-ভূমিকা মনে করা বার।
এর পর আমাদের আলোচনা ক্ষক হরেছে শক্তিতত্ত্ব দিরে। শৈব এবং শাক্ত উভর
মতেই শিব ও শক্তি অব্ধণতঃ অভিন। উভরের ভেদ করিত। বেখানে ভেদ করনা করা
হয় সেখানেও শৈবরা বলেন শক্তি শিবেরই ক্ষপ অবি শাক্তরা বলেন শিব শক্তিরই ক্ষপ।

শক্তি ব্রহ্মবন্ধণি। উপনিবদে বে-ব্রহ্মকণ নির্দিষ্ট হয়েছে ত্রশান্তে শক্তিরও সেই লক্ষণ নির্দিষ্ট। বন্ধতঃ এক্ষেত্রে ত্র্রশান্তে উপনিবদ ব্রহ্মতন্তই অফুস্ত হরেছে বলা বার। তবে উভয় শাল্পের প্র্যান ভিন্ন বলে ব্রহ্মতন্তের উপস্থাপনও ভিন্ন হয়েছে একথা বলাই বাহলা।

পূর্বেই উল্লেখ করা হলেছে শাক্তর। সাধারপভাবে শিবকে স্বীকার করেন। <u>শিবশক্তির</u> নিতা-অবিনাভাবসময় স্বীকার করেন। কিন্তু স্বাই করেন না। <u>যুমন শক্তিকারণতা</u>-বাদীরা শিবের করনা অনাবস্তুক মনে করেন।

শক্তিতব্রে আলোচনা থেকে সহজেই শাক্তদর্শনের কথা এসে পড়ে। শক্তিসম্মীয় তর প্রতিতেই অভিব্যক্ত হয়েছে অথচ সূর্বদর্শনসংগ্রহাদি কোনো দর্শনসংগ্রহগ্রেই শাক্তদর্শনের উল্লেখ নাই। প্রসম্বতঃ এর কারণ অভুসন্ধান করা হয়েছে।

শাক্ত মতে সাধনাই মুখ্য, দুর্শন গৌণ। ত<u>মশালে তাই মোটের উপর দর্শনের অনাদুর।</u> মুনে হয় গোডার দিকে শক্তিসাধনার সঙ্গে অতহ শাক্তদর্শন প্রচারিত না হ্বার এটি একটি অক্ততম কার্ব।

তবে অন্ততঃ পক্ষে নুবম খুই শতক থেকে শাক্ত দাৰ্শনিক মত প্ৰচলিত ছিল এ কথা ৰলা যায়।

প্রধানতঃ শক্তিপুত্র, পরস্তরামকরপুত্র প্রভৃতি আকর-গ্রন্থে এবং অভিনবগুপ্ত, ভাষররায়-প্রমুখ আচার্যদের রচনার শাক্ত গার্শনিক মত প্রচারিত হয়েছে।

লৈব দৰ্শনেও শাক্ত দাৰ্শনিক তব মালোচিত হয়েছে। এই প্ৰসঙ্গে বিশেষ করে প্রভাতিজ্ঞা-দর্শনের নাম করতে হয়। এই দর্শনও মামাদের মালোচনার অন্তর্ভুক্ত।

শক্তিশাধনার সঙ্গে শাক্ত দার্শনিক তত্ব ওতপ্রোত। সাধনার ক্ষেত্রে প্রয়োগেই দর্শনের সিদ্ধান্তের চরমু সার্থকতা। আমরা সাধনার দিকে বিশেষ লক্ষ্য রেখেই দার্শনিক তত্ত্বের আলোচনা করেছি। শাক্তদর্শনের দার্শনিকোচিত আলোচনা আমাদের লক্ষ্য নয়।

শক্তি<u>শাধকের কাছে আগে সাধনা পরে ফর্নন</u>। আমরা ছবিধা হবে মনে করে ফর্শনের পরে সাধনার আলোচনা করেছি।

ভনিরে দেখনে দেখা বার সব সাধনাই মৃকভঃ শক্তিসাধনা। তবু বা প্রভাকভাবে শক্তিসাধনা বলে গণ্য তা ভাত্তিক সাধনা।

শক্তিদাধনার অপ্ততম প্রধান বৈশিষ্ট্য এ <u>দাধনার বাব দবার কাছে উত্তত । শাম্রোজ</u> অধিকার থাকলে স্ত্রীপুরুষনির্বিশেষে বে-কোনো ব্যক্তি এ দাধনায় ব্রতী হতে পারেন ।

শক্তিসাধনায় ভূক্তি ও মুক্তি উভয়ই লাভ হয়। প্রবৃত্তি ও নিবৃত্তি উভয় মার্গেই এ সাধনা বিহিত। তবে শক্তিসাধনা মূলতঃ নিবৃত্তিমার্গের সাধনা। এ নিবৃত্তি নিপ্রাহমূলক নয়। সাধকের প্রকৃতি-মন্সাবেই শক্তিসাধনায় বিধান আছে।

কাজেই এ সাধনা সাধারণ সংসারী মাহুবেরও অধিগমা। অধিকার অহুসারে স্মাজের সূব শ্রেণীর মাহুবের উপযোগী শক্তিদাধনার ব্যবস্থা শালে আছে।

মনে হয় প্রধানত: এমনি উদার বিধানের **দত্ত শক্তি**শাধনা ভারতের সর্বত্ত ছড়িং **পড়ে।** এক ছল্লেই ন্ক্তির আবাস এ সাধনার জনপ্রিয়তার অক্তথম কারণ হতে পারে।

শক্তিয়াধনার নানা ভর। নিমাধিকারীর সাধনা অপেকারত নিম্ভবের এবং সহজ কিছু উচ্চাধিকারীর ব্ললকা সাধনা শতি-উচ্চভারের এবং শতাস্থ কঠিন।

তবে নি<u>মাধিকারীর পক্ষে ৰিহিত সাধনাও পরম কল্যাণকর। শক্তিসাধনা সাধককে</u>
দে<u>হুমনে শক্তিশালী করে ভোলে</u>। এরপ বাস্ক্রি দেশের ও দশের প্রভূত হিভসাধন করতে পারেন।

এই প্রদক্ষে উল্লেখ করা যায় শক্তিদাধনায় দেহের গৌরব বিশেষভাবে খীকৃত। শাক্তরা বলেন শ্রীরই যদি না থাকে তা হলে কি দিয়ে পুক্ষার্থলাভ হবে। তা ছাড়া মানবদেহ বিচিত্রশক্তির আধার। শক্তিদাধনার অন্তর লক্ষা এই-সব শক্তিকে পূর্ববিক্ষিত ক্রা। কাজেই দেহকে ক্লিই করা এ সাধনায় নিধিছ।

শক্তিসাধনা প্রমার্থতঃ মধৈতত্তক্ষণধনা। এ <u>সাধনা জ্ঞানমূলক। প্রথমে প্রোক্ষ</u> শাস্ত্রজান, পরে মপ্রোক্ষ শক্তিজান অর্থাৎ ব্রক্তজান।

জ্ঞানম্লক হলেও এ সাধনায় কৰ্ম ও ভক্তির ভান**ও সমান ওক্তবপূর্ণ। সাধারণভাবে** বলা যায় শক্তিসাধনায় জ্ঞান কর্ম ও ভক্তির সমন্বয় হয়েছে।

সাধক সাধা ও সাধনোপায় এই তিনে মিলে সাধনা। পর পর এই তিনের আলোচনা করা হরেছে।

বারা কোনো বিশ্বিলাতের জন্ত শাস্ত্রবিহিত দাধনা করেন তারাই সাধক। বিভিন্ন বিচারে সাধকের বিভিন্ন শ্রেণী বিভাগ করা হয়েছে।

শক্তিশাধনা প্রধানতঃ গৃহত্ত্বের সাধনা। তন্ত্রশান্তে গৃহত্ত্বের একটি আর্দ্রপ নির্দিষ্ট হরেছে। শাস্ত্রোক্ত আন্দর্শ গৃহত্ত বে-কোনো দেশে উত্তম নাগরিক এবঃ দেশের গৌরবস্থল বলে প্রপ্ত হতে পারেন।

অক্ষজানপরায়ণ অক্ষনিষ্ঠ গৃ<u>হুত্ব সাধককে বল। হয় গৃহাবধ্</u>ত। উপ্<u>নিৰ্দের ঋষিরা● গৃহী।</u> এ <u>ক্ষেত্রে প্রাচীন</u> ঔপনিবদ ধারা ক্ষুস্ত হয়েছে। न<u>र्दाफ छरवद निकाशकरक बना इव कनावश्</u>छ। <u>हैनि कोनवरछव नायक</u>। क्षणाच बच्चाननाच ना इथवा नर्दछ औरकथ शृंद्ध स्वरक शृंद्धर्थ-नीनरनद नरच नरच नायना कवरछ इव।

কুৰাবৰ্ত প্ৰত্যক বন্ধজান লাভ কৰলে হংসু বা প্ৰবহংকে হলে বান। পা<u>ন্ধে এঁকেই</u> সা<u>কাং পিব বলা হলেছে</u>।

ভাবের বিচারে শক্তিসাধকের তিন শ্রেণী—পুত বীর ও দিবা। শক্তিসাধনার ক্ষেত্রে সাধারণতঃ পত-বীর-দিবা এই ভাবক্রম বিহিত। পত্তাবে সাধনার আরম্ভ, তার পর বীরভাবের মধ্য দিয়ে দিব্যতাবে পরিসমাপ্তি। তবে অধিকার-অস্থসারে বে-কোনো ভাব অবশ্বন করে সাধনা করলে তাতেও সিহিলাত হয়।

তাপ্তিক সাধনা বাজবদচেতন মনোবিজ্ঞানসম্মত সাধন।। সাধারণ মাহবের বধা পভপ্রকৃতির সমস্ত লক্ষণই বর্তমান। শাহ্রনির্দিষ্ট সাধনার মারা সাধকের পভপ্রকৃতি নিবৃত্ত চলে তিনি বীর এবং দিব্য ভাবের সাধনার অধিকারী হতে পারেন। এইজন্তই সাধনার ভাবক্রম নির্দিষ্ট।

প্রভাগতি নিজার্থক নর। তর্মতে মইপাশবদ্ধ শীবমাত্রই প্রত। সাধারৰ মাসুব স্বাই প্রত। প্রভাবের সাধনাও নিভাস্ক সহক্ষ নর। শাস্ত্রে প্রতর আচার ও কর্তব্যাকর্তব্য সহক্ষে বে-নির্দেশ দেওয়া হরেছে তা প্রবাসাচনা করলেই এ কথা স্পাই হবে।

পুত্র উত্তয়াদি শ্রেণীনির্দেশ করা হরেছে। শক্তিদাধনার আরোহক্রম নির্দিষ্ট। সাধনার বারা অধ্যর পুত্র কালে উত্তর পুত্র হতে পারেন।

পতভাবের নাধনার পরবর্তী শ্বর বীরভাবের নাধনা। "বীরভাবের নাধনাই প্রকৃত মহুরুদ্ধের নাধনা।" পুতু<u>শব্দের মতো বীরশক্ষণ পারিভাবিক।</u> তল্পে বীরের বিভিন্ন ব্যাখ্যা বেওরা হরেছে।

শ্রনাধনা, পঞ্চকারবুক্ত নাধনা প্রভৃতি মুখাতঃ বীরভাবের নাধনা। এ-সব সম্পর্কে সাধারণের কৌতৃহদ বেমন বেশী আন্তিও ডেমনি। বীরের বিবছে বিস্কৃত আলোচনাই করা হরেছে।

শক্তিসাধনার সর্বোচ্চ তার দিবাভাবের সাধনা। বীরভাবেরই পরিণতি দিবাভাব। বৈভভাব অপসারিভ হগেই বীর সাধক দিবা সাধকে রূপান্তরিত হন।

সাধকের আলোচনা-প্রসক্তেই সম্প্রধারের কথা এলে পড়ে। তত্ত্বে ক্রেন্স গোড় কাশ্রীর এই তিনটি প্রধান সম্প্রধারের বিবরণ পাওয়া যার। এদের মধ্যে আবার কাহি হাহি প্রভৃতি বত প্রচলিত। এ সবের সংক্ষিপ্র বিবরণ আমর। হিস্কেছি।

नक्तिमाथनाव माथा भवज्ञक्षकति<u>वै प्रशानकि । भवत्ववप्रवेश त्वीव यह वर्ग ।</u> छद

প্রধানতঃ দশমহাবিদ্যারপেই তিনি শক্তিদাধনার সাধা। দশমহাবিদ্যার মধ্যে আবাদ্ব কালী তারা বোড়শীর সাধনা বিশেষভাবে প্রচলিত।

আছা মহাবিছা কালী। বাঙলা দেশে সাধারণ লোকে শক্তিসাধনা বলতে কালীসাধনাই বোকে। বাঙলার প্রখ্যাত সাধকেরা বেশীর ভাগই কালীসাধক। কালী সহছে লোকের মোটাম্টি একটা ধারণা আছে কিন্তু কালীতত্ত্ব অল্ল লোকেই জানে। বিশেষ করে কালীম্ভি সম্পর্কে আজকালকার অনেক শিক্ষিত লোকেরও অজ্ঞতা সামাল্প নয়। কালীতত্ত্বর ও কালীম্ভির শাস্তাহ্বসারী ব্যাখ্যা আমরা দিয়েছি।

তত্ত্বে শক্তিসাধনার বিবিধ উপায় নির্দিষ্ট হয়েছে। 'সাধকের অধিকার-অফুসারে শুকু তার সাধনোপায় স্থির করে দেন। মাহুব বিভিন্ন, তার অধিকারও বিভিন্ন। সেইজন্তই শাল্পে বিবিধ সাধনোপায়ের ব্যবস্থা। সনাতন ধর্মের মতো এমন মনস্তবস্থত উদার বিধান অক্তর ছুল্ত।

শক্তিসাধনোপায়ের প্রধান অবলম্বন আচার ও ভাব। বেদাচার-আদি <u>সপ্ত আচার</u> আর পত-আদি ভাবত্রয়ের বিবরণ তমে পাওয়া যায়।

তান্ত্ৰিক সপ্ত আচাৱের সঙ্গে বোগবালিটোক সপ্ত জানভূমিকার মনেক সাদৃত লক্ষ্য করা বায়। প্রসঙ্গতঃ এ সম্বন্ধেও আলোচনা করা গেছে।

শান্তে ভাবের মতে। আচারের ক্ষেত্রও ক্রমোছত। নির্দিষ্ট। আছিতে বেদাচার আছে কৌলাচার। বেদাচার থেকে দক্ষিণাচার পর্যন্ত আচার্চত্টয়কে বলা হয় প্রাচার। প্রাচার পর্যন্ত প্রাত্তিমার্গের সাধনা।

বেদাচারাদি আচারসপ্তক ভিন্ন সময়চিত্রি নামে আরেকটি আচারও আছে। ভারও বিবরণ দেওয়া গেল।

আচারসপ্তকের মধ্যে শেব তিন আচারের সাধনা আতাস্থ কঠিন। পঞ্চরতার নিয়ে সাধনা এরই অন্ত ভুক্ত। পঞ্চম আচার বামাচার। এই আচারের কথা অনেকেই ভুনেছেন এবং অনেক ক্ষেত্রেই ভূল ভুনেছেন। বামাচারের ভিত্তি গভীর নির্ক্তিশান। "বে-প্রক্রিয়ার জীবের সংঝার ও প্রবৃত্তির পাশ স্ত ও সংরক্ষিত হয় এবং জীব সেই পাশের ছারা বছ পভ হয়ে যায় সেই প্রক্রিয়াকে একেবারে উপ্টে দেওয়া এর লক্ষ্য।" ভুমে বিভিন্ন বামাচারের উল্লেখ আছে।

অন্ধ লোকই বামাচারের সাধনায় শ্বধিকারী: চিন্তবিকারের উপকরণপ্রাচুর্বের মধ্যেও বিনি দেবতাধ্যানতৎপর, বীরভাবের সেই বোগী সাধকই বামাচারে অধিকারী। বামাচার বিষয়সম্পট সাধারণ মাহুবের জন্ত নয়। বামাচারের শাশ্রসম্ভ বিভৃত বিবরণই আমন্ত্রা দিরেছি। বাষাচারের নাধনার মতো কৌ<u>লাচারের নাধনাও অতি ক্রমির।</u> এ নাধনার অধিকারী ব্যক্তিও স্থাত নয়। কেন না বড়্রিপ্তরী জিতেন্তির ভক্তিশ্রভাবান্ শাস্ত্রক বাজিবই কৌলাচারে অধিকার শাস্ত্রে নির্দিষ্ট হরেছে।

কৌলাচারের প্রকারভেদ আছে, এতে সম্প্রদারভেদও লক্ষ্য করা বার। কৌলসাধকদেরও উত্তরাদি ভেদ আছে।

বাষাচার সিদ্ধান্তাচার ও কৌলাচার এই শেব তিন আচারের সাধনা বা<u>ষ্যার্গের সাধনা।</u>
পূরেই বলা হরেছে পুঞ্<u>তত্ত্ব বা পঞ্চমকার নিম্নে এই সাধনা।</u> এতে সাধনার নামে বত বাভিচার হরেছে এবং তার জন্ত শক্তিসাধনার অপবাদ রটেছে। প্রধানতঃ শাস্ত্রজ্ঞ সন্তক্ত্ব অভাবে এবং শাস্ত্রশাসন ক্রমন করার ফলেই একপ হ্রেছে সন্দেহ নাই।

পঞ্চন্ত নিমে সাধনা অবৈভভাবের শান্তবিহিত ধর্মসাধনা। শান্তে পঞ্চন্তকে নির্বাধ-মুক্তির হেতু বলা হয়েছে। আমরা এসম্বন্ধে বধাসম্ভব বিস্কৃতভাবে আলোচনা করেছি।

পৃক্তবৰ্ক সাধনার একটি বিশেব অহুঠান চক্রাহ্রটান। <u>কৈর্বীচক্রের</u> নাম বাঙ্গার পিক্তি সমাজে অপরিচিত নয়। এই তারের শাস্ত্রসমত বিবরণ কেবরা গেল এবং সেই সক্ষেত্রকুক নামে একটি চক্রেরও পরিচয় দেওয়া হল।

পঞ্চত্তের আলোচনা প্রসঙ্গে আমর। ধর্মসাধনায় পঞ্চত্তব-বাবহারের প্রাচীনভার বিবছও পর্বালোচনা ক্রেছি।

পঞ্চরসাধনার মতো শ্রুসাধনা বীরস্তাবের একটি প্রধাতি সাধনা। বহিষ্ঠপ্র-প্রাথ্থ সাহিত্যিকদের কল্যানে শ্রুসাধনা সংখে শিক্ষিত বাঙালীর একটা অস্ট্র ধারণা আছে। এই ক্টিন সাধনার শাস্ত্রস্থাত বিবরণ আসরা দিবেছি।

শক্তিনাধনার প্রথম সোপান দীকা। সাধনেক বাজিকে সর্বাগ্রে সদ্ভকর কাছে দীকা নিতে হবে। কেন না <u>দীকা বাডীত তার কোনো তাহিক ক্রিয়ার অধিকারই হবে না</u>।

দীকা সংক্ষে তয়পাথে বিশ্বত আলোচনা আছে। দীকার বিভিন্ন ব্যাখ্যাও কেওয়া হয়েছে। সহজ কথার বলা যার দীকার অর্থ প্রবৃত্তিতন্ত ওকর খীর শক্তি পিতে সকারিত করে কেওয়া। তাতে পিতের আধ্যান্তিক শক্তি উদ্বৃত্ত হয়। কলে মন্তের ক্লসাধনত্ত ইত্যাদি বিশ্বরে তার মনে প্রভার জয়ে। এই প্রভার বা বিশাস তাকে সাধনার পুথে এগিয়ে নিয়ে বায়।

দীকাগ্রহণের পরও বৃদ্ধি কারো যনে এরপ প্রভায় না করে তা হলে বৃষ্ঠে হবে সে-দীকা ব্যার্থ দীকা নয়, একটা লোকদেখানো মনভূপানো ব্যাপার্যাত্ত।

দীক্ষাদান এবং দীক্ষ প্রচৰ কোনোটিই সহজ নর। দীক্ষার সাক্ষ্যা নির্ভর করে সম্ভক্ত এবং বোগ্য নিজের উপর। তল্পাত্রে সম্ভকর সক্ষণ বিস্তৃতভাবে বর্ণিত হরেছে। দীক্ষাগ্রহণেচ্ছু ব্যক্তিকে শাম্বোক্ত লক্ষ্য মিলিয়ে গুকুনির্বাচন করতে হবে। তেমনি গুকুকেও শাম্বোক্ত সংশিক্ষের লক্ষ্য মিলিয়ে ভাবী শিক্তকে খাচাই করে নিভে হবে। নির্বিচারে গুকুকরণ বা শিক্ষকরণ তম্মশাস্ত্রমতে নিধিছ।

দীকাওক সহকে তত্তে নানা বিধিনিবেধের নির্দেশ পাওয়া বায়। বেমন বলা হরেছে
পূহীকে গৃহস্থ ওকর কাছে দীকা গ্রহণ করতে হবে। কামাণাততে বলা হরেছে—
উদাসীনের কাছে প্রাপ্ত দীকা বছা। নারীর মতো নিফল। উপনিবদে দেখা বায় ওক
বছবিদ গৃহস্থ কবি। ওক সম্পর্কে উপনিবদের ভাবধারা তরে অক্সত হয়েছে বলা বায়।
তর্পাত্তে পুকর ওকর মতো ত্রীওকরও বিধান আছে।

গুরু ও শির সম্পর্কে আমরা কিঞ্চিং বিস্তৃতভাবেই আলোচনা করেছি। বিবিধ ক্রিয়াকর্ম নিয়ে শাস্ত্রীয় দীক্ষাহ্চান। মত্রের সংকার চৈতন্তসম্পাদন প্রভৃতি ক্রিয়া দীক্ষায় পূর্বে করতে হয় এবং পুরক্তরণ অভিযেক প্রভৃতি পরে করতে হয়।

দীক্ষার পর ভূপ। তাত্মিক সাধ্নামাত্রেই হূপ অবস্থা করণীয়। হূপ সকলের প্রেই সম্ভবপর। শাস্ত্রে তিন প্রকারের হূপের বিধান আছে।

অন্ত মন্ত্রজপের চেয়ে পৃথক <u>অঞ্চপাতপ। অঞ্চপা 'হংস'নত। নিংবাসপ্রবাদের সূত্রে</u> এই দ্বপাতসচে। যত্তিন দীবন তভ্তিনই অঞ্পাত্রপ চলে।

অন্তপাসাধন গুরুগমা। সাধক সদ্পুকর কাছেই এর প্রক্রিয়া শিখতে পারেন।

ভরশাস্ত্রমতে <u>লপ বজ, লপ বোগ।</u> কলিকালে একমাত্র **লপই প্রশস্ত। লণের খারা** ধর্ম-অর্থ-কাম-মোক্ষ লাভ হয়।

জপের শাহ্যনির্দিষ্ট বিধিবিধান জনেক। সাধককে <u>দেবতা হরে মন্ত্রজপ করতে হয়।</u> প্রাণারাম ধ্যান ও স্থানের হার। সাধকের দেবলরীর হয়। জপেজুর পক্ষে এ-সব অবস্থ কর্তব্য। জপের সঙ্গে পুজাও বিধি।

এ ছাড়া মন্নার্থ, মন্থটিতক, মন্নের স্থা- ও প্রবৃদ্ধ-কাল, ক্র্কা, দেতু প্রকৃতি সন্নাক্র জানও আবস্তক। জণের স্থান আসন সংখ্যা ক্রম এ-সর সম্পর্কেও শাস্ত্রনির্দেশ মেনে চলতে হর।

জুপে মালার প্রয়েজন হয়। বৃ<u>ষ্ণিলা চ্রমাণা ও কর্মাণা এই ভিন রক্ষের</u> জুপমালা নির্দিষ্ট। দে<u>বভাভেদে মালা ভিন্ন। প্রভোক মন্ত্রের পূথক জুপমালা। জুপে</u> ব্যবহারের পূর্বে মালার ব্যালাভ্ন সংস্থার কর্তে হয়।

জপের প্রসঙ্গে প্রায় উল্লেখ করা হল্লেছে। সাধারণভাবে বলা ধার পূজা ভাত্তিক সাধনার অপরিহার্থ অস। একে মুখ্য সাধনোপার বলা বার।

অৱশাত্তে পূজার নানা ব্যাখ্যা পাওয়া হায়। মহানিবাশততে সেবক ও ইবরের ঐক্যকে

পূজা বলা হরেছে। এই ঐক্যবোধের চরম পরিণতি ত্রজোপলতি বা ত্রজ্জান। পূজাদি সূব সাধনারই এইটি চরম শক্ষা।

আধাাত্মিক সাধনার প্রাথমিক প্রয়োজন চিতত্তির। পূজার্চারি থারা চিতত্তি হয়।
তা ছাড়া পূলার মোক্লাভাত অক্লান্ত কলও শাহে নির্দিষ্ট।

প্রার নালা প্রকারভেদ আছে। সাধকের অধিকার-অনুসারে তার জন্ত বিশেব প্রকারের পূলার বিধান। পূলার নানা বিধিনিবেধও আছে। তারিক পূলা করবেন সাধক নিজে, অক্স হলে ওককে দিয়ে পূলা করাবেন। মঁতান্তরে তারিক পূলা ওক করবেন, ওকর অভাবে সাধক নিজে করবেন।

প্রাষ্ঠানের বিভিন্ন অক। গভর্বতত্মে ধ্যানাদি বড়কের উরোধ করা হরেছে। আজ্ব-ভঙ্কি-আদি পঞ্জতি করে পূলা করতে হয়। দেবতাতেদে ও সম্প্রদারভেদে পূলাবিধি ভিন্ন হয়ে যায়। তবে ভা<u>ত্রিক পূলার কভকগুলি সাধারণ বিধি আছে</u>। বথা ভূ<u>তাপসারণ আচমন</u> লোধন বজিবাচন ইভাাদি।

পূজার আগেও সাধকের নানা কর্ত্তব্য বিহিত। তার দিনচর্বা শাস্ত্রনির্দিষ্ট। রাজমূহুর্তে শ্যাত্যাগ থেকে আরম্ভ করে প্রাত্তঃকৃত্য সান সম্বা: প্রান্ততি দিনচর্বার শাস্ত্রীয় বিধান আছে। এ সমস্তই এক স্থাবিকল্পিত ব্যবস্থার অন্ত ভূক, একটি চরম লক্ষোর দিকে দৃষ্টি রেখে পরিকল্পিত। কোনো একটি বিশেষ প্রক্রিয়াকে পৃথক্ করে দেখলে তার ম্থাবিতাংশ্ব বোঝা বাবে না। সাধনার সমগ্রভার পরিপ্রেক্তিই প্রত্যেকটি ক্রিয়ার সার্থকতা।

শাস্ত্রে বিবিধ সানেও বিধান আছে। সাধক বে-কোনো অবছাতেই থাকুন না কেন কোনো না কোনো প্রকারের সান অবস্থাই করতে পারবেন। নানা অবস্থার নানা মান্তব্যক ধর্মকর্মে স্থায়তা করার একটি সাধারণ প্রচেষ্টা তান্ত্রিক বিধিনিবেধের মধ্যে স্ক্রীয়।

সানের পর সন্থা। তারিক সন্থার স্বাই অধিকারী। অনুমধ্ পূর্বার্থা ইইছেবভার্থা গারত্রীর ধানে ও অপ তারিক সন্থার অন্ধ। গারত্রী বিবিধ—বৈদিক ও তারিক। বৈদিক গারত্রীরও তারিক প্রয়োগ তর্রপায়ে নির্দিষ্ট হয়েছে। তারিক গারত্রীতে স্বারই অধিকার, বৈদিক গারত্রী তথু বিজ্ঞানে অন্ধ। গারত্রীয়পের পর ইইদেবভাকে অপ্সমর্পন ; ভার পর তর্পন। তর্পনও বৈদিক-ভারিক-ভেদে বিবিধ।

এখানে উল্লেখ করা বার তত্ত্বে বোসীদের সভ্যা ও কৌন সাধকদের সভ্যার পৃথক্ বিহরণ কেওয়া হয়েছে। এ সভ্যা সাধারণ সভ্যা নয়।

পূজা-সম্পর্কে আত্মগুড়ির উল্লেখ করা হয়েছে। শাস্ত্রবিহিড সান ভূতভঙ্কি প্রাণান্ত্রার হালা আত্মগুড়িছের।

ভূতত্ত্তি বারা সাধকের পাপদেহ হও হর এবং নবীন সাধনদেহ রচিত হর।

অধ্বত দিও ভূতত দির মতো শাস্ত্রবিহিত। অধ্বত দির দারা বড়ধবসর শরীরের ত দি হয়।
তত্ত্বের বিধান দেবতা হয়ে দেবপূজা করতে হবে। দ্যাস দেবতা হবার অক্তম সাধন।
"দেহসম্পর্কে কর্ত্যাভিমান বা মমত্বুদ্ধি দ্বে নিক্ষেপ করে সেই স্থলে দেবতাবনা বা
ভগবদুদ্ধি স্থাপন করাই স্থাসের তাৎপর্য।" এই অন্তই বলা হয় স্থাস না করলে পূজাদিতে
অধিকারই হয় না।

মাতৃকান্তাস করন্তাস প্রভৃতি বিবিধ **ন্তাসের বিধান শাল্পে আছে**।

আত্মন্তবির অক্সতর উপার প্রাণায়াম। উপনিবদে প্রাণায়ামের কথা শাষ্ট করে বলা হয়েছে। উপনিবদে পতঞ্চলির যোগস্তবে এবং ভব্নে প্রাণায়ামের মোটের উপর একই রক্ষ সংজ্ঞালক্য করা যায়।

প্রাণায়াম অতি কঠিন বাাণার। স্থাক গুরুর কাছে শিখতে হয়। প্রাণায়ামের কল হাতে হাতে পাওয়। বায়। তুল প্রাণায়ামের ফল কঠিন রোগ। প্রাণায়াম বথাবথ হলে শরীর স্থাও দৃড় হয়, চিত্ত শ্বিণাত হয়। গছর্ব ভয়মতে প্রাণায়ামের খায়া চৈতক্তের আবরণ ক্ষয়প্রাপ্ত হয়।

পূজার কথা হচ্ছিল। বহিংপূজায় প্রতীকে বা প্রতিষায় আরাধাদেবতার পূজা করা হয়। শাক্তদের আরাধাদেবতা তবতং পরব্রহ্মসক্ষণিণী আ্ছাশক্তি। ইনি নিরাকায়া এবং সাকারা। সাধকের হিতের জন্ত অকুণা ক্রপধারণ করেন এ কথা নানা ভয়ে নানাভাবে বুলা হয়েছে।

পরমার্থ তুঃ সমস্ত বিশ্বই ত পরবন্ধকরণিনী মহাদেবীর রূপ। কিন্তু নিয়াধিকারী সাধকের পক্ষে দেবীর এই বিরাট্ রূপের ধারণা করা সম্ভবপর নয়। সেইজন্ত এমনি সাধকের ধারণার উপযোগী মহাদেবীর বিভিন্ন রূপ শান্তে নির্দিট হয়েছে।

তহুমতে মহাদেবীর স্থুল ক্ষম ও পর এই জিবিধ ক্ষপ। সাধনার স্থার এবং সাধকের অধিকার-অফুসারে স্থুলাদি রূপের আরাধনা বিহিতে।

দেবতার শাম্রোক্ত ধ্যাননির্দিষ্ট বাছয়রূপ্ত সম্পৃত্তিদেয় কাছে পরিস্কৃট নয়। এদেয় সক্তই প্রতিমাবঃ মৃতির প্রয়োজন।

লক্ষ্য করা গেছে তাত্রিক সাধনার আরোহক্রম স্বীকৃত। প্রতিমায়িতে পূজার ক্রেন্তে তাই। ভগবতী-গাঁতার ভগবতী বলছেন—নিয়াধিকারী মৃক্তিকামী ব্যক্তি প্রথমে আমার বুলরপ আপ্রয় করবে এবং ক্রিয়াবোগে ধ্বাবিধি সেই সব রূপের অচনা করে আমার প্রম্থ অব্যয় স্ক্রপের অল্ল আরু আলোচনা করবে।

রপের প্রতি মাছবের আকর্ষণ বাভাবিক। কেন না মারুব নিজেই এক সরুপ সন্তা। রূপ তাকে আনন্দ দেয়, তার মনকে আশ্রয় দেয়। সাকার উপাসনায় মূলে আছে মাছবের এই যাভাবিক রূপাছরাগ। সে রূপের মধ্য দিয়ে রূপাতীতের আরাধনা করে। সাধকের মন্ত্রোশিষ্ট দেবতার শান্তবিহিত-ধানি-অহসারে রচিত প্রতিষা বা মূর্তি বাজ-পূজার উপবোগী, অন্ত মূর্তি নর। প্রতিষা বা মূর্তি ছাড়া অন্তান্ত প্রতীকের ব্যবহাও তত্ত্বে আছে।

প্রতীক দেবতাপ্রত্যরের আগখনমাত্র, দেবপুদার আধারমাত্র। প্রতীকে বা প্রতিমার চিন্নরী দেবতার পূলা করা হয়, প্রতীক বা প্রতিমার নয়। সেইজক্তই প্রতীকে বা প্রতিমার দেবপুদার ক্ষেত্রে দেবতার আবাহন প্রাণপ্রতিষ্ঠা এবং বিসর্জনের বিধান। এসবের পূচ্ তাংপর্ব আছে। প্রতিমাপুদা তথা মৃতিপুদার রহন্ত শাস্ত্রমর্কদের কাছে দানতে হয়।

প্ৰতীকোণাসনা তথা প্ৰতিমাপ্ৰায় আলোচনা প্ৰসঙ্গে তায় ঐতিহাসিক দিক্টিও লক্ষ্য কৰা গেছে।

বৃহ দেবতার অনুতর প্রতীক। বন্ধে স্ব দেবতার পূজাই প্রশক্ত। তবে আপকাকৃত অগ্রসর সাধকেরাই বন্ধে পূজা করতে পারেন।

সাধনমৰ্মজনের মতে কিন্তু বন্ধকে প্রতীক মনে করা অপভীরের কথা। গভীরের কথা বন্ধ শক্তিবেখা (dynamic graph), বে-দেবতার বন্ধ, সেই দেবতারই রূপ।

প্রত্যেক দেবতার বছ ভিন্ন। দশুমহাবিভার অন্তত্মা বোড়বীই বছ বিশ্বের বিস্তৃত বিবরণ ভ্রমুর্যাদ্যতে পাওয়া হার। এই বছের বাপেক প্রচলন ও প্রসিদ্ধি। বীবছের বাপারটি জটিল। আমরা সাধারণভাবে এই প্রসিদ্ধ বছের পরিচয় দেবার চেষ্টা করেছি।

শাস্ত্রান্থসারে বিবিধ উপচারে দেবপূজা করতে হয়। উপচারের অর্থ, ভাৎপর্থ, উপচারদর্মপর্ণরহক্ত এদবের শাস্ত্রান্থগ আলোচনা করা হয়েছে। লক্ষ্য করা গেছে কোনো কোনো দাধকের কাছে জীবনবাত্রাই পূজা হরে দাড়ার।

ভয়ুমতে পুজার বশিদান প্রপদ্ধ। কোনো কোনো পূজার বলি অবস্থাই দিতে হয়। নরবলিও বলির অর্ক কুক্ত। শাস্ত্রপন্মত বলির বিভিন্ন দিকের আলোচনা প্রসঞ্জে আমরা ভার ঐতিহাসিক দিকের আলোচনাও করেছি।

তান্ত্ৰিক পূলান্ত বিশিলের পর ছোম করা বিধি। এ হোম তান্ত্ৰিক হোম। প্রপ্রেছের সময় থেকেই হোম সনাতনধরীয় অন্ত্রানের অক্তত্ম অন্তঃ। পূলান্ত হোম অবস্ত কর্তবা। হোম ত্রিবিধ—মূল ক্ষম ও পর। এতেও ক্রমোছতা নির্দিষ্ট। তিন প্রকারের হোমেরই লক্ষ্য এক—তেম্বিলোপ, প্রমান্তান্ত্র কর্ত্বের বিলোপনাধন।

হোমের পর জপ। তার পর ক্রমণ: আজ্সমর্পন, পূজাসমর্পন, প্রার্থনা, উবাসন, প্রতিমানিদর্শন, নির্মালারার ও প্রসাদপ্রহণ। প্রত্যেকটি অষ্টানের মূলে আছে গভীর আধ্যান্ত্রিক তর। তা না জানলে এসবের ভাৎপর্ব বোজা বাবে না।

তঃশান্তের অভিযত সাধকের কুওলিনী না স্বাগনে পুরার্চাদি কিছুই সদস হয় না।

ভত্তে কুওলিনী সহছে বিশ্বত আলোচনা আছে। সংকেপে বলা বার কুওলিনী সর্বস্তর্ময়ী সর্বদেবময়ী পরাশক্তি।

তন্ত্ৰমতে জীবদেছে ম্লাধারে ক্ওলিনী দাপের মতো ক্ওলী পাকিছে ব্যিরে আছেন। জীবের আত্মবিদ্বত অবস্থাই কুওলিনীর নিজা। কুওলিনীকে জাগাবার অক্তম উপায় বোগ। অবক্লাস জপ প্লা ইত্যাদি শাল্পসমত অন্ত উপায়েও কুওলিনীকে জাগান বায়। তবে বোগই মুখা উপায়। কুওলিনীজাগরবের বোগ কুওলিনীবোগ বা হঠবোগ।

বোগ-শীর্ষক অধায়ে আমর। বোগ সম্বন্ধে কিঞ্চিৎ বিশ্বতভাবেই আলোচনা করেছি।
কুওলিনীবোগ ও হঠবোগ ছাড়া রাজযোগ মহবোগ প্রস্তৃতিও এ-আলোচনার অর্ভ ভূক।
শক্তিমাধনার শাস্ত তম্পাস্থ আমাদের শেব অধ্যায়ের আলোচা।

গোড়া বেদুমাগীরা বলেন তর বেদুর্ভাগের শাস্ত্র। অন্তদের মতে তর বিবিধ—বিদ্যান্ত ও বেদুরান্ত ও বিদ্যান্ত ও বেদুরান্ত ও বিদ্যান্ত ও বিদ্যান্ত ও বিদ্যান্ত ও বিদ্যান্ত ও বিদ্যান্ত ও বিদ্যান্ত ও বিশ্ব

তত্রশক্ষটি ব্যাপক অর্থে ব্যবহৃত হয় আবার সকীর্ণ অর্থেও ব্যবহৃত হয়। সকীর্ণ অর্থে শ্বিনি-প্রোক্ত শাস্ত তম্ব। একে মন্ত্রশাস্থ বলা হয়।

ভ্রের আগ্রম ক্রিগম বামল প্রভৃতি নানা বিভাগ। আবার ভর্মশাস্থকে পাচটি (আরারেও ভ্রেগ করা হয়। বিবের পঞ্চম্প থেকে পঞ্চারায়ের উত্তব। কোনো কোনো ভরে বড়ারায়ের কথাও বলা হয়েছে। ভয়ের অক্সরক্ষ বিভাগও আছে।

বেদ ও তার মিলে আছের পূর্ণক্রপ। প্রধানতা বেদে প্রবাহিত ধর্মজ্ঞান্তই কালে ভয়ের নৃতন ধারার প্রবাহিত হয়েছে। এ কথার সমর্থনে বঙ্গা বার সূদ্যা ভর্ণণ হোম প্রভৃতি অনেক অনুষ্ঠান বেদ ও তার উভর শাস্থেই বিহিত। বৈদিক বাগবন্ধ ও তারিক ক্রিয়াকর্মের ভারগত ক্রিয়াও প্রকৃতি তারিক ক্রিয়ারও বৈদিক মন্ত্রারক্ত হয়।

তারিকদের মতে কলিয়ুগে একমার তরমতই প্রশক্ত । এ বুণের ছবঁল মালুবের বৈদিক ধর্মকর্মের সামধ্য নাই, অনেকের দে-অধিকারত নাই। এদের কলাণের অন্ত কৃত্যান্ত্র প্রমন্তির বেদের সারভূত তরের অবতারণা করেছেন।

বিদ্ধ ভিন্ন অন্তৰ্গ বেলে অধিকাধ নাই কিছু <u>দেশুলাল্কের বাব স্বাধ সকট উত্ত</u>। অধিকারী হলে বে-কোনো ব্যক্তি ভ্রশাস্ত অবগত হতে পারেন।

গৃহ্বতন্ত্রের বিধান—বিনি আন্থিক শুচি দান্ত বৈত্তীন ভিতেন্ত্রির ব্রহ্মনিষ্ঠ ব্রহ্মনী ব্রহ্মণরায়ণ স্বহিংসাবিনির্ক স্বপ্রাণীর হিছে রত তিনিই এই শাছে অধিকারী, ও ছাড়া অন্ত ব্রস্থাধক্ষাত্র।

তত্র অবৈততত্ত্বের সাধনশাত্র, পার্যাধিক শাত্র, এ শাত্র লৌকিকবৃদ্ধিগত্তা বিচারশাত্র নয়। গুরুগন্য এই শাত্রের গভীরতত্ব সন্তক্ত উপজেশ ভিন্ন বোধগত্তা হয় না। তন্ত্রশাস্ত্র প্রত্যক্ষিত্রপ্রাদ, বৈজ্ঞানিক যুগের উপবোধী শাস্ত্র। লোকে বেতাবে বিজ্ঞানের স্ত্য নিয়ে পরীক্ষা নিরীক্ষা করে থাকে সেইভাবে তন্ত্রের সত্য নিয়েও পরীক্ষা নিরীক্ষা করে বয়ং তা প্রত্যক্ষ করতে পারে। এদিক দিয়ে তন্ত্রশাস্ত্রকে সাধনবিজ্ঞান বলা বার।

তত্ত্বের বিষয় কিছ বহুব্যাপক। ওগু পারমার্থিক বিষয় নয়, সাহুষের জীবনের সঙ্গে সংস্ট বহু অপারমার্থিক বিষয়ও তত্ত্বের অর্ভ কুক্ত হয়েছে।

তন্ত্ৰকে বলা যায় একপ্ৰকাৰের বিশ্বকোষ। এ যেন এক প্ৰকাণ্ড মন্ত্ৰীলিকা, এর মনেক তলা, মনেক প্ৰকোষ্ঠ। ভাগতীয় যানদের বিচিত্ৰ সন্থারে এনব পূর্ব। উপরের ভলায় বেদের সময় থেকে মারন্থ করে ভাগতীয় সংস্কৃতির যা যা প্রেট নিছি তা নবই রন্ধিত। নীচের তলায় ঐ বেদেরই সময় থেকে ইক্সমাল, মভিচার, শান্তিবন্ধ্যয়ন, চিকিৎসা, জ্যোতিব প্রভৃতি যে-সর পদার্থ সাধারণ মান্তবের জীবনে ছিল একান্থ বান্তব সে-সর সন্ধিত হয়েছে।

বলা আৰক্ষক অনধিকাৰী ব্যক্তির ছাতে পড়ে তল্পের ক্ষেত্রবিশেবে বিকৃতি ঘটেছে এবং অনেক নিকৃষ্ট তন্ত্রও রচিত ছয়েছে। উদ্ভয় তল্পতে এ-সব তামস তন্ত্র এবং বর্জনীয়।

অনধিকারী বাজির পক্ষে তর্রান্তের বর্গার্থ পরিচর্গান্তও ছব্রহ। তরের সম্প্রার্গত বিভিন্নতা, বিকার, অপ্রামাণ্য ব্যাখ্য। প্রভৃতির জন্ম এই হ্রহ্তা বৃদ্ধি পার। তবে তর্র্বান্তের মর্ম প্রভাবান্ সভানী ব্যক্তির অবিধিত বাকে না।

"তছণাশ্রের মৃগতিরি সেই অবৈতবাদ, সেই সোহহং এবং সাহং একত্র সংবৃক্ত হট্রা নিবিল হিন্দুগাল্লের মৃগতিতি রচনা করিয়াছে।"

দীর্ঘকাল ধরে তছ ভারতের সাংস্কৃতিক ইতিহাসের একটি বড় অংশ অধিকার করে আছে, তার ধর্মজীবনের এক বিরাই অংশকে নিয়ন্ত্রিত করেছে। তাই ভল্লের প্রভাব সর্বজনীন এবং সর্বজারতীয় ।

বৈ শাক্ত বৈক্ষৰ—স্নাতন্ধৰী এই ডিন স্মান্তৰেই তছ আছে, গুৰু শাক্ত সম্মান্তৰ নয়। আমগ্ৰা শিবপ্ৰসঙ্গে শৈবদেও বিষয় আলোচনা কৰেছি। প্ৰসঙ্গতঃ বৈক্ষৰ সম্মান্তৰ উপৰও ভাষে প্ৰভাব আলোচিত হয়েছে।

বৌদ্ধর্ম.এবং নাথধর্মেও তয়ের প্রভাব পড়েছে, এমন কি রাজা রামযোহন-প্রবর্তিত ধর্মের মূলেও কেউ কেউ তয়প্রভাব লক্ষ্য করেন।

তমগ্রনকে বভাবত:ই এর প্রাচীনভার প্রশ্নটিও মনে কাগে। এ সবছে সংকেশে আলোচনা করা হয়েছে।

ভয়গ্রহের সম্পূর্ণ বিবরণ আছ আর পাওয়া বার না। প্রাক্-আধুনিক বুগে নানা কারণে অনেক গ্রন্থ লোপ পেরে গেছে। ভয়পায় গোপন পায় যনে করে আধুনিক বুগেও ভরপ্রস্থ প্রকাশ করতে চান না এরণ লোক আছেন। কাকেই অপ্রকাশিত ভরপ্রস্থ গোপ পাবার সম্ভাবনা এখনও আছে।

কোনো কোনো ভয়ে ভয়গ্রের তালিকা দেওরা হরেছে। তালিকার আকর এবং নিবছ উভয় প্রকার গ্রন্থেরই নাম পাওরা বায়। এ-রকম তালিকা এই অধ্যায়ের অভ ভূক করা হয়েছে। আর কিছু না হোক এর একটা ঐতিহালিক মূল্য আছে।

'লাস্থলক ভারতীর শক্তিসাধনা'তে আমরা প্রধানতঃ <u>আকর প্রছ থেকেই প্রমাণবচন</u> উদ্ধার করেছি; তবে প্রয়োজন হলে নিবদ্ধ ও অস্তান্ত উৎস থেকেও নিয়েছি। সংস্কৃত বচন বাংলা হরকেই মৃত্রিত হয়েছে; তথু বগীয় ব-র জন্ত ব এই হরকটি ব্যবহার করা। গেছে।

বেধানে বক্তব্য পরিস্কৃট করার ক্ষম্ভ অস্থ গ্রন্থকারের রচনা থেকে কোনো উচ্ছি বিষেদ্ধি সেধানে বধারীতি তার উল্লেখ করেছি। এ সব লেখক আমাদের গুরুক্ত । তাঁদ্বের উদ্ধেশ্য সম্ভুত্ত সম্রদ্ধ প্রণতি নিবেদন করি।

প্রফ সংলোধনের কাজে লেখকের খণটুতার জন্ত খনেক ছাপার ভূল খেকে গেছে। ভ্রিপত্র দেওরা হল। কিন্তু ভাতেও সব ধরা পড়েছে কি না সংলেছ। সম্ভব্ন খ্রীজন নিজপ্রণ এসব ভূলক্রটি মার্জনা করবেন।

এই গ্রন্থরচনার কাজে আমাকে প্রভাক্ষ ও পরোক্ষভাবে অনেকে নহান্তা করেছেন।
তাঁদের স্বাইকে আমার আন্ধরিক ক্রডজ্ঞতা জানাই। বিশেব করে দেশিকোন্তম নিজ্ঞানক্ষবিনোদ গোলামী ও দেশিকোন্তম ধীরেজ্রবোহন হন্ত এই চুই প্রবীণ অধাণাক্ষেম কাছে
আমার খণের অন্ত নাই। দিনের পর হিন গোর্সাইজীর বাজীতে বসে এই হার্ব প্রম্ব ওঁকের
পড়ে ভনিরেছি। তরশাল্পজ্ঞ পণ্ডিত হরিহাস মিত্র মহালার এবং বছুবর ভটুর রামপুজন
তিওয়ারীজী মারে মারে এই পাঠ ভনেছেন। গোঁসাইজী আংশিক অবলাক হওয়ার
লান্তিনিকেন্তন হাসপাতালে স্থানান্তরিত হন। তাঁর রোগলব্যার পাশে বসেও তাঁকে এবং
হত্তমহালয়দের আমার রচনা পড়ে ভনিছেছি। এঁকের কাছে যে-উপ্রেশ ও সাহান্ত্য
প্রেছি তার তুলনা হয় না।

বিশ্বভারতীর প্রাচীন ভারতীয় ইতিহাস ও সংস্কৃতি বিভাগের প্রধান অধানক ভট্টর স্থ। হর চটোপাধ্যার মহালয় এবং সংস্কৃত বিভাগের প্রবীণ অধাণক প্রিত জীক্ষমর সপ্ততীর্থ মহালয় আমাকে নানাভাবে সাহায়। করেছেন। তাঁকেরও আমার ক্ষতভাতা আনাই।

কেরলে কালীপূজা সম্পর্কে তথাসংগ্রহের কাঞ্চে আমাকে সহায়তা করেছেন বিশ্বভারতীয় কলাভবনের ছাত্রী জীয়তী শাস্তা গোবিন্দ ও ছাত্র জীয়ান্ এ, স্নামচন্দ্রনায়ায়। তীবেষ ধরুবাদ দিছি।

বিশ্বভারতীর কেন্দ্রীর প্রস্থাগারের প্রাস্থাগারিক ভক্টর বিষদক্ষার দক্ত এবং তাঁর সহক্ষিণ্ বিশেষ করে সংস্কৃত প্রস্থাগারের ভারপ্রাপ্ত স্বেহাম্পদ শ্রীবান্ শাক্তিপ্র বার ও তাঁর সহকারী শ্রীবান্ নিমাই স্থায়াকে স্কৃতিভভাবে সাহাব্য করেছেন। এঁদের প্রতি স্থায়ি কৃতক্ষ।

গ্রন্থকাশনের ব্যাপারে বিশেষভাবে সহায়তা করেছেন বিশ্বভারতী গ্রেবণাগ্রন্থ-প্রকাশন সমিতি, বিশ্বভারতীর প্রাক্তন উপাচার্থ শ্রন্থীরকন দাশ, বর্তমান উপাচার্থ শ্রীকালিদাস ভট্টাচার্থ এবং গ্রেবণা গ্রন্থ প্রকাশন সমিতির সম্পাদক শ্রীবণজিৎ রায়। এঁদের ক্রজ্জভা জানাই। বিশ্ববিশ্বাপর মঞ্রী কমিশন গ্রন্থপ্রকাশনের ব্যয়ভার বহন করছেন। তাঁদের অশেষ ধন্তবাদ।

শান্তিনিকেন্তন প্রেসের ব্যবস্থাপক জীবতীন বিশাস ও তার সহকর্ষিণ্ণ বিশেষ করে জীবলরাম সাহা আন্তরিক বড়ের সঙ্গে মুত্রণকার্য নির্বাহ করেছেন। তাঁধের ধন্তবাহ আপন কর্মি।

প্রক বেধার কাজে আমার সহক্ষী অধ্যাপক ভক্টর তুর্গেশচন্দ্র বন্দ্যোপাধ্যার, অধ্যাপক প্রস্থমর মুখোপাধ্যার এবং অধ্যাপক প্রিটজ্ঞানকুমার মন্ত্রদার আমাকে কিছু কিছু দাহাব্য করেছেন। তাঁদের কাছে আমি কুডজ্ঞ।

মহাকবি কালিদাস বলেছেন—আ পরিভোষাদ্ বিচ্যাং ন সাধু মক্তে প্রয়োগবিজ্ঞানম্— বিষক্ষনের পরিভোষ না হওয়া পর্যন্ত প্রয়োগবিজ্ঞানকে উত্তর মনে করা যায় না। আমাদের সামান্ত প্রচেষ্টা সম্বন্ধেও ঐ একই কথা। ওঁ শম্।

শান্তিনিকেতন মহালয়া ১৬৭৬

উপেপ্রকুষার দাস

#### गढिउ

णः वशाय च द च वर्षद्व व আপ গৃ স্ আপক্তৰ-গৃহস্ত্ৰ আপ শ্ৰৌ স্থাপন্তত্ত-শ্ৰৌতস্ত্ৰ আৰ গৃ স্ আৰলায়ন-গৃহুত্ত আৰ শ্ৰৌ স্থ সাৰলায়ন-শ্ৰৌতহত্ত ने डेल ने लाभिनियर डे अ डेचदश्राका कि का विवर्णि भी উ: উল্লাস डे ४ डेस्ट्र ४७ উত উত্তর তহ উ ভা উরুব ভাগ क दव कग दवन के या के अध्यय-यावनाक के डेल केखरवड-डेलनिवर এ বা ঐভবেদ-বাশ্ব क डेम कर्काणिनगर ক ভ ক্যাল্যালিনীভয় ক পা ৰো কপিলাভামীয় পাতঞ্চ বোগহৰ্ণন क म च क्लाान, मक्कि-चड का य कानीयत কাত কালীতঃ কাপু কালিকাপুনাৰ কাৰা ভ কাৰাখাভিছ কা শ্ৰৌ স্কাভ্যায়ন-শ্ৰৌভস্ত का वि कायकणाविणान

ৰু ভ কুলাৰ্বভঃ

क् डेन कितानिवर को छेप को माणिनियर को नि को नावनी निर्वत्र को का नि कोनकाननिर्देश কৌর কৌলমার্গরহন্ত গ ভ গৰ্বভয় গাত গায়ত্রীতঃ গোপু হ গোভিলপুত্তত গৌত গৌতমীয়তঃ ঘেদ ঘেরওদংহিতা ठ या ठड्रथं याहिक **हा उप हात्मा**रगापनिष् জা স সা ভাতি সংস্থতি ও সাহিত্য के बा कियमीय-बाचन का थ कान्यव खद्रक ত অ তছাতিধান छ या उद्यानाक esta ese ख श खब्रकान ভ রাভ ভদ্রবাছভদ্র ভ দা তহুদার ভাৰ ভাৰাৰও তাত তারাতঃ ভা ভ হ' ভারাভজিহধার্থ ভাব ভারাবহুক

তু আ তৃতীয় আহিক

তৈ আ তৈত্তিরীয়-আর্ণাক তৈ উপ তৈত্তিরীয়-উপনিবৎ

তৈ ব্ৰা তৈবিৱীয়-ব্ৰাহ্মণ

তৈ সং তৈত্তিরীয়-সংহিতা

ত্রির ত্রিপুরারহস্ত

দ ভা তী দক্ষিণ ভারতের ভীর্থপ্রসঙ্গ

ৰি আ বিতীয় আহিক

ৰি ভা ৰিতীয় ভাগ

ত্ৰ হুগাসপ্তৰতী

प्त भू प्तरीभूतान

দে ভা দেবীভাগবভ

ন আ নবম আহিক

ना १ नावम-शक्ताक

নি ত নিৰ্বাণতঃ

নিক্ত নিক্তরতম্ব

প: পটস

প ক ফ্ পরশুরামকল্পুত্র

পা গৃ স্পারস্বর-গৃত্যত্ত

পা স্থ পাত্তপতস্ত্র

পরি পরিচ্ছেদ

भू ह भूत्रक्षार्वव

পুদ পুরোহিতদর্পণ

পৃ থ পূৰ্বথণ্ড

পূ ত পূজাতব

পূ ভা পূৰ্বভাগ

প্ৰ আ প্ৰথম আছিক

প্র উপ প্রশ্নোপনিষৎ

প্ৰ ভা প্ৰথম ভাগ

প্র সাত প্রপঞ্সারতঃ

প্র ব্র প্রভাভিকার্ণয়

প্ৰা ভো প্ৰাণভোষণী

বর বরিবস্তারহস্ত

ব সং বহুমতী সংশ্বৰ

वा है वानानी व हे छिहान

বা নি বামকেশরভন্নার্গত নিভাা-

বোড়শিকার্ণব

বা সং বাজসনেরিসংহিতা

বার সং বারবীর-সংহিতা

वि भू विकृभूवान

वृष्ट् উপ वृष्ट्यावनारकाभनिवर

বৃহ ত সা বৃহৎভন্নসার

বৌ শ্রৌ স্ব বৌধারন-শ্রৌতস্তর

ৰ প্ৰদেশ্য

ভা উপ ভাবনোপনিবং

ভা উ স ভারতীয় উপাসক সম্প্রদায়

ভা ৰ ভারতব্যৰ

ভাষামা ভারতীর মানব ও মানবসমাজ

মহাত মহানিবাণভঃ

মহাভা মহাভারত

মা উপ মাণুক্যোপনিৰং

মাপু মাৰ্কতেমপুৱাৰ

ষাতৃ ভ মাতৃকাভেদ্ভৱ

मु छेल मुखरकालनिवर

म डेन माजारी-डेननिकः

त्र मः त्राबायगी-मःहिछा

বোত বোগিনীতঃ

ৰো স্থ ৰোগস্ত

क वा कलवावन

ি ল ল ললিভাসহঅনাম

ना त्थी र नागावन-त्थी छर्व

শ রা শতপথ-রাম্বর্ণ
শ স ত শক্তিসক্ষতন্ত্র
শা গু শাখারন-গৃহুদ্তর
শা ত শাক্তানন্দতর্গিশী
শা তা শ শাস্থাস্ক ভারতীর শক্তিসাধনা
শা ল্রৌ স্থ শাখারন-ল্রৌভস্থর
শি দৃ শিবদৃষ্টি
শি পু শিবপুরাণ
শি সং শিবসংহিতা
শ্রীগো ব কে পে শ্রীগোণাল বস্থুমন্তিক

কেলোসিপ লেক্চার

শ্রীরা ক শ্রীরাধার ক্রমবিকাশ

বে উপ বেভাগভরোপনিবং

ব নি বট্চক্রনিক্রপণ

ব চ বি বট্চক্রবিবেক

স দ স সর্বদর্শনসংগ্রহ

সা আ সাখারন-আরণ্যক

না প নাহিভাপরিবং পত্রিকা

সি স সিদ্ধসিদ্ধান্তরহ

ক্ষ থ ক্রমরীপণ্ড
সে ব সেতৃবদ্ধ
সৌ ভা সৌভাগ্যভাদর
সৌ ল সৌন্তর্শন্তরী

হ প্রা হঠবোগপ্রদীপিকা

A. A. R. Ancient Art and Ritual

A. I. C. F. E. Ancient Indian

Colonies in the
Far East

A. H. I. Advanced History of

Abhi Abhinavagunta

India

A. I. H. T. Ancient Indian Historical Tradition

A. O. D. V. Aditi and Other Deities in the Veda

A. R. A. S. I. Annual Report of the Archaeological Survey of India

A. S. Archaeological Survey

A. S. M. S. The Asiatic Society

Monogram Series

A. T. Antiquity of Tantricism

C. H. A. A Cultural History of Asssam

C. Her. I. Cultural Heritage of India

C. I. I. Corpus Inscriptionum
Indicarum

D. E I C. Dravidian Element in Indian Culture

D. G. M. H. Dravidian Gods in Modern Hinduism

D. H. I. Development of Hindu Iconography

D. R. Bh. V. D. R. Bhandarkar Volume

D. S. I. L. Doctrine of Sakti in Indian Literature

E. B. Encyclopaedia Britanica

E. H. I. Early History of India

E. I. Epigraphia Indica

El. H. I. Elements of Hindu Iconography

E. R. E. Encyclopaedia of Religion and Ethics

F. C. I. P. A. Foot collection of Indian Prehistoric Antiquities G. B. Golden Bough

G. B. I. Greeks in Bactria and India

G. G. I. I. The Great Goddess in India and Iran

G. L. The Garland of Letters

G. N. B. Gods of Northern Buddhism

G. O. S. Gaekwad Oriental Series

G. Ph. R. Groundwork of 'the Philosophy of Religion

The Great Liberation Gr. L.

Hinduism and Buddhism H. B.

H. C. Hindu Civilization

H. I. L. History of Indian Literature

H. I. Ph. History of Indian Philosophy

H. O. History of Orissa

H. O. S. Harvard Oriental Series

H. Ph. E. W. History of Philosophy Eastern and

H. K. Ju. L. Western I. A. The Indian Antiquary

I. A. H. Indo-Aryan and Hindi

I. A. R. Indo-Aryan Races

I. B. Br. S. D. M. Iconography of Buddhist and Brahminical Sculptures in the Dacca Museum

I. H. Q. Indian Historical Quarterly

I. K. Inscriptions of Kambuja

K. Sh. Kashmir Shaivism

K. W. K. Kali Worship in Kerala

L. C. R. Lectures on Comparative Religion

M. A. S. I. Memoirs of Archaeological Survey of India

M. G. K. The Mother Goddess Kāmākhvā

M. I. C. Moheniodaro and Indus Civilization

M. S. I. A. C. Myths and Symbols in Indian Art and Civilization

Nalanda and Its Epigra-N. E. M. phical Material

N. N. The Nighantu and Nirukta

O. R. C. Obscure Religious Cults

O. Y. C. T. I. On Yuan Chuang's Travels in India

P. C. Primitive Culture

P. R. The Persian Religion

P. S. Pāsupata Sutras

P. S. W. A. Prototypes of Siva in Western Asia

P. T. Principles of Tantra

R. C. P. I. Rigvedic Culture of the Pre historic Indus

R. I. The Religions of India

R. Ph. Av. The Religion and Philosophy of the Atharvaveda

R. Ph. V. U. The Religion and Philosophy of the Veda and Upanishads

R. S. Rudra Siva

R. T. L. I. Religious Thought and Life in India

R V. The Religion of the Veda

S. B. E. Sacred Book of the East

S. C. S. I. Sakti Cult in South India

S. I. Select Inscriptions Śk. P. The Śākta Pithas

55

S. P. The Serpent Power

S. P. R. H. R. C. Studies in the Puranic Records on Hindu Rites and Customs

S. R. C. M. Sree Ramakrishna Centinary Memorial

S. S. W. Sex and Sex Worship

S. T. Studies in the Tantras

T. T. Tantrik Texts

V. A. Vedic Age

V. G. S. I. The Village Gods of South India

V. M. Vedic Myth

V. S. M. R. S. Vaispavism Saivism and other Minor Religious Systems.

#### गःरामाधन ७ गःरायाजन

नुहो।	পঙ্কি	464	. <b>94</b>
>>	30	ৰবহাতে ও	<b>অবস্থাতেও</b>
50	e	<b>শিক</b>	<b>पिक्</b>
<b>&gt;</b>	>	বিবাট	विदाह
	34	विदार्ह	विवाहे
₹•	>>	ধরিত্রী যাতা	ধরিত্রীশাভা
	₹8	धविजी त्यरी	<b>श</b> बिजोट <b>ए</b> वी
રર	<b>*</b>	<b>\$</b> (4	4 (4
20	>	देखाव	<b>ই</b> শ্ভার
	2>	चार्म	चार्थ
	34	Ś,	Ś.
18	<b>*•</b>	শনাতন ধরী	<b>শনাতন</b> ধরী
৬১	25	পৰত	পৰ্ভ
68	<b>b</b>	<b>সরপু</b> র	<b>मद</b> ्रा
	>•	<b>हे</b> कानी	<b>हे</b> जाने
•	২৩	वरिजिस्त्रो	विविद्या
15	২৩	<b>সূক্ত</b>	হক
34	રર	ভভোহতি	ভভোহতি
	34	वरव	बरव
16	59	শক্রর)	গৰ্ববা
12	<b>4&gt;</b>	<b>#</b> दव	40
4	24	বা শাং	ৰা সং
be	>>	बाजि रहती	वाजिएवी
<b>&gt;</b> 7	<b>૨</b> ¢	<b>স্থিৰ্যাত্ৰগাম</b>	<b>ভিন্নাজগা</b> ৰ
>	>•	ভূ <b>ৰদাভোগ</b>	ভূজকাভোগ
>.>	45	वय्रक	<b>भ</b> प्र,क
	29	<b>ভৃতিওতিৰ</b> ভাং	ভৃতি ভৃতিৰভাং

## ভারতীয় শক্তিসাধনা

<del>णुडे</del> ।	শঙ্কি	404	94.
>00	•	<b>रे</b> जानी	<b>हे</b> जानी
> 4	۶۶	বনেৰ	বনেৰ্
>>0	२৮	<b>वषर</b> श	<b>ब</b> ुष्यरमा
>>8	43	<b>म</b> हन्द्र वी	<b>মাহেশ্বী</b>
>> €	>•	<b>দেবমৃতি</b>	দেৰীমৃতি
>>%	•	ত্পাম্ডি	হুগাস্তি
306	54	ছ্বিভাবী	ছবিভাবি
	₹ 8	<b>নহ</b> বতী	<b>শহস্বতী</b>
>40	>9	দেবী ভাগবত	<b>দেবীভাগবভ</b>
548	٠.	O. Y. C.	O. Y. C. T. I.
> 94	**	कनरकचती	कनरकपती
>96	२४	C. H. I.	C. Her. I.
>99	₹ <i>\</i>	C. H. I.	C. Her. I.
3 96	2 9	C.H.L.	C. Her. I.
SP (	<b>ર</b>	গোৰধনপাঠ	গোৰধনশীঠ
	•	<b>ক</b> রবীরপুর	कववीवभूव
>>8	১৩	बि <b>ल्दक्य</b> दी	<b>बि</b> नुक् <b>य</b> णवी
258	₹ 6	वर्षी	वर्षी
200	₹ 69	<b>म</b> वानी	<b>শ</b> ধাৰী
२०२	₹•	<b>श्र्वाका</b> दी	भरःमकादी
254	>>	तेर्द्य	बार्ष
	১৩	আবিকৃতি	শাৰি ভূভ
223	> <del>*</del>	त्थाका चार्नहरू	व्याक्ता-चड्रेनरबच
222	q	<b>জ্যোতিলিক</b>	<b>ন্যোতির্দি</b>
228	<b>₩</b>	<b>শিবস্থিকে</b>	<b>শিবলিক্ত</b> ক
	> 4	<b>बाद्यात्रिका</b> र	शासिकार
226	54	নৈতভাগিক	নৈ ৰভলিক
<b>306</b>	2	राष्ट्रनाः	<b>ब</b> ्राचनाः
585	31	<b>विक्</b> का	<b>पृ</b> क्षित्र।

### ं शरणायन ७ शरणाजन

পৃষ্ঠা পথ্যক্ষ ব্যৱহানিত কর্তবাসিতি  ২০০ ২২ ঘোর-বৃতি আঘোর-বৃতি  ২০০ ২২ গ্রহুতিবের প্রহুতিতবের  ২০২ ১০ প্রকাশবিষর্ব প্রকাশবিষর্শ  ২০ শংকর্তেই হতো: শংক্তেহ্তো:  ২০৪ ০১ পরাশক্তি পরাশক্তি:  ২০০ ০১ পরাশক্তি পরাহুভাবিষর্শাত্মক  ২০০ ০৩, প্রহুভাবিষর্শাত্মক  ২০০ ২০ ০৩ বছর  ১০০ ২০ ০৩ বছর  ১০০ ১০ তিক্তরতাপ্রাপ উচ্ছ্রুনতাপ্রাপ্ত  ১০০ ১০ ডিক্তরতাপ্রাপ উচ্ছুনতাপ্রাপ্ত  ১০০ ১০ ডিক্তরতাপ্রাপ উচ্ছুনতাপ্রাপ্ত  ১০০ ১০ ডিক্তরতাপ্রাপ উচ্ছুনতাপ্রাপ্ত  ১০০ ১০ ডিক্তরতাপ্রাপ্ত  ১০০ ১০ ডিক্তরতাপ্ত  ১০০ ১০ ১০ ১০ ডিক্তরতাপ্ত  ১০০ ১০ ১০ ১০ ১০ ১০ ১০ ১০ ১০ ১০ ১০ ১০ ১০
২৬৫ ১০ প্রকৃতিবের প্রকৃতিতবের ২৭২ ১০ প্রকাশবিষর্ব প্রকাশবিষর্ব ২৭ শক্তেই হতো: শক্তেইতো: ২৭৪ ৩১ প্রশাকি প্রশাক্তি: ২৮০ ১০ প্রক্তাবিষর্শাক্তিক প্রাক্তিরেশাক্তিক ২৩ প্র, প্রস্কৃত্তবিষর্শাক্তিক ২৩ প্র, প্রস্কৃত্তবিষর্শাক্তিক ২৬ ১০ বন্ধণ: ২২ ৩ সা ভ সা ২০৬ ২৭ তেখামণনাং ভেষামণ্নাং ৩০০ ২৫ উ উক্তনভাপ্রাপ উক্তৃত্তপ্রপ্রাপ্ত ৩১২ ১০ উক্তনভাপ্রাপ উক্তৃত্তপ্রপ্রাপ্ত ৩১২ ৪ ক্ষমক্তার ক্ষমকর ৩২৭ ১৪ দৃক্তবী দিক্তরী
হণহ ১০ প্রকাশবিষর্ব প্রকাশবিষর্শ হণ শক্তেই হতো: শক্তেইন্ডো: হণ৪ ৩১ পরাশক্তি পরাশক্তিঃ হ৮০ ১০ পরহন্তাবিষর্শান্ত্রক পরাহন্তাবিষর্শান্ত্রক হ০ প্র, প্র ন্ধু হচ১ ১০ বন্ধণ: বৃদ্ধণ: হং ৩ সা ভ সা হ>৬ ২৭ তেহাষণনাং ভেরাষণ্নাং ৩০০ হং উ উ ভ্রেলভাপ্রাপ উচ্ছ্ নভাপ্রাপ্ত ৩১২ ১০ উচ্ছনভাপ্রাপ উচ্ছ নভাপ্রাপ্ত ৩১২ ১০ উচ্ছনভাপ্রাপ উচ্ছ নভাপ্রাপ্ত ৩১২ ১০ স্কুকরী দিক্চরী
২০ প্র, প্রস্কৃত্রী দিক্চরী
১৮১ ১৯ বছণ: বুৰণ: ১২ ০ সা ত সা ১২৮ ২৭ তেখামণনাং তেখামণ্নাং ০০০ ২৫ উ উ ০১২ ১০ উজ্নভাগ্ৰাপ উজ্ন্নতাগ্ৰাপ্ত ০১১ ৬ জমকাম ক্ষমন্ম ০২৭ ১৪ দৃক্চনী দিক্চনী
২২ ০ সা ত সা  ২>৬ ২৭ তেখাসণনাং তেখাসণ্নাং  ০০০ ২৫ উ উ  ০১২ ১০ উচ্ছনতা প্রাথ উচ্ছ <sub>,</sub> নতা প্রাথ  ০১০ ৬ ক্ষমন্তায় ক্রমনর  ০২৭ ১৪ দৃক্চরী দিক্চরী
২০৬ ২৭ তেখামণনাং ভেৰামণ্নাং ৩০০ ২৫ উ উ ০১২ ১০ উজ্জলতা প্ৰাথ উল্লু নতা প্ৰাথ ০১১ ৬ জ্মকাৰ ক্ষনৰ ০২৭ ১৪ দৃক্চৰী দিক্চৰী
৩০০ ২৫ উ উ  ০১২ ১০ উচ্ছনতা প্রাথ উচ্ছ <sub>,</sub> নতা প্রাথ  ০১০ ৪ জনস্থায় ক্রমনর  ০২৭ ১৪ দৃক্চরী দিক্চরী
৩১২ ১০ উচ্ছনতা প্রাথ উচ্ছ <sub>ন</sub> নতা প্রাথ ৩১০ ৬ জমকায় জমনর ৩২৭ ১৪ দৃক্চরী দিক্চরী
७১२ ४ क्यकाप क्यनप्र ७२९ ) १ पृक्ठवी क्किट्दी
७२९ )। पृक्ठवी पिक्ठवी
•
<b>&gt;</b> ९ पृक्ठवी पिक्ठती
৩২০ ২৭ ভৈ উ ভৈ উপ
৩৩২ ২১ বছপ্তলিবী ৰুশ্ববলিবী
২৬ ভদ্ৰৰ ভদ্ৰুৰ
৩৩৩ ২১ বছাও ৰুম্বাও
৩৩৪ ২৩ ৰাভাৰকি ৰাভাৰকি:
৩৩৫ ১১ স্বীৰপুৰাদি স্বীপুৰুৰাদি
২৩ দেড দেডা
oob २৮ वदां वृत्रां <del>व</del>
৩০০ ১৫ ক্রকর্মাছং ক্রক্মাছং
৩৪২ ৩১ ভগ্ৰংসম্বৰ্ড ভগ্ৰংস্কৰ্ড
৩৪৩ ৭ ছাভিসবলিড ছাভিসবলিড
২৭ ছাতিসবলিভ ছাতিশ্বলিভ
৬৪৪ ১৩ উপনিবছিকেরও উপনিবছিকেরা ও

পৃষ্ঠা	পঙ্কি	404	95
<b>680</b>	••	<b>ৰভে</b> ডি	<b>কর্ডে</b> তি
<b>06</b> •	>1	উৎপন্ন	<b>छ</b> ९नम
<b>069</b>	२७	Dey and Das	Das Gupta and
		Gupta	Dey
967	<b>૨</b> ¢	পতিভা	পতিতা:
985	•	C.H.I.	C. Her. I.
966	25	<b>उद्ध</b> शवकाष्ट्रस्य	উজ্নাবস্থ্যের
৩৬৮	<b>b</b>	विदार	विदाहे
		<del>७</del> डा। पशीर्व	<b>७कानिनी</b> हे
৩ 9 8	42	नव <b>एक्फ</b>	<b>नर्</b> ष्य <b>ुष</b>
699	>s	७३ विस्	७३ विस्
39b	ર હ	<b>(मानविम्</b> टेनकी	লোপ <del>বিস্</del> টনকী
جون	<b>૨ ७</b>	75	नुष
ও <b>৮</b> ৽	•	विकृ दिशा	বিষ্ণুৱেশা
<b>৩</b> ৮২	<b>૨</b> ૨	<b>पर स्वरक्ष</b> ि	শৰ্পৰ খেতি
७२२	٠.	স্ববিভাষা	<b>नर्वविष्णादाः</b>
<b>628</b>	20	क्यामार्थाः	क् बरमोबारकाः
950	20	3 ভ শা	বুছ ও শা
650	54	वस्त्रदह:	व चश्रवा
8•3	٥٥	465	116
824	22	127144	PETES
<b>४२</b> १	•	<b>डी</b> इंदे	डायहे क्ल
80>	24	যোগ ওঞ	<b>मानी कर</b>
808	29	কাম্ব	410
806	•	भासिकापि	শা <b>ভি</b> কাদি
800	<b>&gt;</b> b	<b>स्ट्य</b> )	भटका
806	25	ভিত্ত <b>ি</b> শ্ব	बिल्डिसियः
	54	<b>४</b> स्पृर्क	<b>भवेष्ट्र</b>
802	29	<b>५७म:बा</b> व	<b>ড</b> জংখাৰ

#### সংশোধন ও সংযোজন

89 <b>&gt;</b> 88•	50 50 50 50	ক্ষায়ত গোরক্ষিডাত বলনৈজারতে	ৰ স্থায়ত গোরক্সিভান্ত
	46		
883		<b>मन्दिकाद</b> ण	
	>•		ষশনৈ জায়তে
884		নি <i>বৃ</i> ত	নিবৃত্ত
845	•	चांद्रभा	শাৰণ্য
844	৩	বীৰসাধনের	বীরদাধনার
844	••	निष्ठेवः	निष्यः
844	<b>36</b>	ভাষ্ৰণ:	ভাষ্ৰুলং
8 68	२७	ৰু সংহ	<b>ब</b> ु, यरह
8 600	૭	उद्गरी	<b>उ</b> क्कानी
	3	নৈশতেশবী	নৈ কতেখনী
574	<b>२</b> २	****	কুল কং
673	3.0	<b>ত্রিপুরাস্থল</b> রী	<b>डि</b> প्दक्कवी
	<b>૨</b> ٠	মার্গ ক্রথ	মাৰ্গনীৰে
895	45	পৃক্বক	পঞ্বকু
814	36	रम	1_4
899	24	প্রকৃত্	পরব_শ্ব
9 96	<b>*</b> >	পরবন্দ	পরৰ ৃক্ষ
57 te _	29	বক্তপূর্ণমধ্যক্ষের	রক্তপূর্বম্থা-
			ভোষাং
	45	<b>नक्षरक</b> मंत्र	ৰ <b>ুক্তক</b> শৰ
857	28	विष्यगावनम	বিষ্ণানন্দ
8 >6	46	কপ্ <b>ব</b> ং	क भूतः
	•	a: T. T. Vol. IX	ত্ৰ: পৰপূঠা
•••	29	T. T. Vol. IX	जः পरपृष्ठे।
4+5	43	T. T. Vol. IX	यः পर्वपृष्ठी
4.2	40	at T. T. Vol. IX	क्रः পदमृष्ठी
4.5	><	<b>)</b>	N
	75	কণাগকং	কণালকং

পৃষ্ঠা	পঙ্ <b>ভি</b>	405	95
4•1	23	ক্ষরণা	ৰ_অন্তপা
€ o b	<b>&gt;</b> F	<b>ए</b> भव <b>क</b> 1	<b>मनवर्</b> ग
674	२७	बंठाक	<b>यहे । म</b>
<b>6</b> 25	e	<b>बदारी</b> ज	মা <b>হাবী</b> জ
44.	₹8	<b>যার্ডনালসরস্থ</b> ী	<u> যাতনীলনৰ ছি</u>
659	2.0	<b>भूत्रशावार्यवस्ताः</b>	পুত্ৰদায়াৰ্থকুনাং
426	29	প্রবন্ধমূর্তি	পরব_অমৃতি
623	<b>b</b>	में गहाँ	के नहीं
	<b>b</b>	क ए ल डां	क ए न ही
<b>(0)</b>	<b>b</b>	क्ष	<b>क</b> ृत्र
	>	উজ্লং	<b>উ™</b> ↑
	25	<b>ক্র</b> র	<b>4</b> ,1
<b>t</b> 33	<b>ર</b>	दिन् वणम वो	ভিপুরক্ <u>শ</u> রী
€ 09	<b>b</b>	भाषा वीक	भाषा वीष
405	>•	হসকলী	<b>हमक</b> न्त्री
€09	₹ €	वहाबहार	कहा क्हार
¢ %	•	<b>छ</b> शनकन <b>े</b> इं	क् वृश्क्ष देश
		ভরগকসচী	<b>७</b> द न क न हो
		<b>ভ</b> दशकभार <b>ो</b>	क् इम्स्म (वी
	>•	न्हेक्टे।	नहे कुछै।
	24	रु <b>मध्य</b>	स्म ब्रक्ष
		टमक <u>र</u> ी	ड्म क जी
		इत्मोः	ङ् (मो:
€53	44	নবরস্থপ্রভা	नववङ्गः क
163	৬১	ভঙ্গাৰ্থাবভী	ভন্মাৰ, মাৰতী
484	•	<b>कार</b> न	काटन
	40	क हो	व हो
489	34	কৰ্মাতলী	কৰিয়ভনীৰয়
681	&•	প্ৰাজপদিকম্	প্ৰাৰণাহিকষ্
<b>cs&gt;</b>	>>	नवकाकीर्	नवश्वाकीर्य

#### সংশোধন ও সংযোজন

<b>नुक्रे</b> 1	পঙ্কি	404	94
445	•	হসকলী	न्ह् क्नी
110	30	<b>অবস্থার</b>	चवदान
***	58	<b>লো</b> ৰণীয়	<b>प्</b> र <b>ी</b> ष
তুরক্ষের যাত্র—যাত ছিল ও বক্ষের, শুকু মার ক্রম। বার ফল শুভ তা শুকু আর যাব ফল অশুভ তা ক্ষ। শুকুনিপাত প্রভৃতি ক্রম বাতর নিদর্শন আছে বেদে। বেদের ভাষায় তাকে বলা হয় কুতা। তাছিক অভিচার-ক্রিয়া এরই প্রকারতেদ।

পুরোছিতের আদিরূপ যাতুকর—বাতু সকলের জানা থাকত না। প্রত্যেক কোম বা জনের মধ্যে বিশেষ কোনো বান্ধি এটি জানত এবং তার প্রয়োগ করত। ৺ এই যাতৃকর মাচ্যটিই পুরোছিতের আদিরূপ।

सांच ७ धर्म — वामित्र प्राकृत्वद शर्दाद नाम राष्ट्र अख्टका छ हात्र वाह् । এकि प्रात्क

<sup>&</sup>gt; R. Ph. V. U., p. 40 2 T. C. R., p. 17 4 Ibid 4 Ibid

<sup>4</sup> Ibid., p 58 4 H. R., pp. 72 78 4 G. Ph. B., p. 95 V H. R., p. 73 ?

আরেকটিকে বিচ্ছিন্ন করা যায় না। মান্থব সভা হরে যাওয়ার পরও দীর্ঘকাল ধরে জগতের সব্বত্র সকল ধর্মের সঙ্গে যাত্ব ওতপ্রোভ হয়েই ছিল। আজ্বও বে সর্বত্র এ ছটি পৃথক্ হয়ে গেছে ভা বলা যার না। কেউ কেউ ভ মনে করেন সব চেরে বিশুদ্ধ ধর্মের মধ্যেও যাত্বর একটা সংমিশ্রণ আছে। কেননা, যাত্বর মধ্যে একটা রহস্তমন্নভা আছে আর ধর্মেরও আছে একটা রহস্তমন্ন দিক। এই রহস্তমন্নভার ক্রেকেই উভরের বিশামিশি।

<sup>3</sup> G. Ph B., p. 181

## ৰিতীয় অধ্যায়

## ভারতের বাইরে দেবী-পূজা

দেবভাদের মধ্যে মানবীয় সক্তব—আমরা লক্ষ্য করে এসেছি আদিম মাছব কল্পনা করেছে মান্তবের মধ্যে বেমন স্ত্রীপুক্ষ আছে তেমনি দেবভাদের মধ্যেও স্ত্রীদেবভা এবং পুরুষদেবভা আছেন। তাদের পরস্পরের সক্তব কিন্তপ, কার কিন্তপ মর্বাদা ইত্যাদি বিষয় দে স্থির করেছে আপন পরিবার বং গোষ্ঠীতে বেমনটি দেখেছে সেই অসুসারে।

**আজিম মান্যবের পরিবার**—আদিম মান্যবের পরিবার বা গোটার বাবছা কি রক্ষ ছিল, ভালের মধ্যে নরনারীর সহত্ত কি রক্ম ছিল, নিশ্চর করে বলা করিন। পরিভেরা অবস্থ অন্যমান করেছেন কিছু এ বিবয়ে তারা এক্মত নন।

পুরুষপ্রাধান্ত— মনেকে মনে করেন আদিম মান্তবের পরিবারে প্রধান স্থান ছিল পুরুষর: আদু বেমন জগতের অধিকাংশ মান্তব পিতৃনামে আপুন পরিচর দেয়, তাদের বংশলতা বাড়ে পিতৃত্বমে, আদিম মান্তবদের মধ্যেও তাই হত। সেই প্রাচীন ব্যবস্থাই বরবের চলে এসেছে।

প্রাণীক্ষণতের মৃষ্টান্ত — এঁরা প্রাণীক্ষণতের মৃষ্টান্ত দিয়ে নিজেম্বের মতের সমর্থন করেন। প্রাণীক্ষণতে দেখা ধার স্থাই চেয়ে পুরুষ বলবান। এক-একটি পালে এক-একটি করে থাকে পুরুষ আরু বাকী-সব স্থা। পুরুষটি দল্পতি। সাধারণভাবে বলা বার অক্তপারী প্রাণীর করে থেকেই ক্রমবিবর্তনের ধারা বেয়ে দেখা দিয়েছে মানুষ। সঙ্গে নিয়ে এসেছে প্রাক্রমনের সংখ্যার। ভাই আদিম মানুষ্যর পরিবারও ঐ সব অক্তপারী প্রাণীর দলের মতো গড়ে উঠেছে। অর্থাং দেখানেও পুরুষের প্রাথাক্ত।

ত্রীপ্রাধান্ত অন্তদের ভিন্ন মত। তারা মনে করেন জগতের সর্বত্রই সভ্যতার নীচের বাপগুলিতে এমন-সব জন বা উপজাতির দেখা মিলে বাদের মধো প্রধান স্থান নারীর। এরা মারের নামে নিজেদের পরিচর দেখা। এদের বংশধারা চলে মাতৃক্রমে। অট্রেলিয়ার অধিকাংশ আছিম জাতির মধো দেখা বায় এই ব্যবস্থা। এদের সন্থানরা মারের কৌষের অক্তর্ভুক্ত হয়, বাপের নয়। এইজন্ত, কৌমে কৌমে বৃদ্ধ বাধলে অনেক সময় দেখা বেড পিতাপুত্র পরস্পরের গক্ত হয়ে দাঁড়িরেছে।

<sup>5 8.</sup> S. W., pp. \$75-77

t Anthropology, 1st Ed., 1904, p. 402.

প্রাণীজগতের দৃষ্টান্ত—আবার আদিম মাহবের মধ্যে ত্রী ও পুক্ষের সমপ্রাধান্তের অহমান্ত কর; যায় প্রাণীজগতের দৃষ্টান্ত থেকেই। ন্তন্তপায়ী তৃণভোজী এমন অনেক জন্ত দেখা যায় যার। দল বেঁধে বাস করে। এদের এক-এক দলে অনেক স্থীজন্ত ও পুক্ষজন্ত থাকে। এদের মধ্যে যৌনমিল্ন অবাধ। এই অবাধ যৌনমিল্নকে উভয়ের সমপ্রাধান্তের প্রকৃষ্ট নিদর্শন মনে করা যায়।

মাতৃপ্রাধান্ত মনে হয় আদিম মাতৃবের মধোও এই বাবস্থাই ছিল। তথনও বিয়ের রীতি প্রচলিত হয়ন। নরনারী প্রবৃত্তির নির্দেশে পরশারের সালে মিলিত হত; এ সম্বন্ধে কোনো নিয়মকার্থন ছিল না। এ রক্ম অবস্থায় সন্থানের পিতৃনির্ণয় হয় না। ফলে, সন্থানের একমান্ত্র নির্ভরন্ধল হয়ে পড়ে মা। মা-ই তাকে লাল্নপালন করে। সম্বান তথু মাকেই চেনে; মায়ের নামে আপ্নার পরিচয় দেয়। এ রক্ম ক্ষেত্রে অজ্ঞাত পিতার চেয়ে মায়েরই গৌরব বেলী হয়। বালধারা চলে মায়ুক্রমে, লায়ভাগ্রহয় মায়ুক্রমে। এই মত অফুসারে একদা আদিম মানব-সমাজে স্বত্রই মায়ুপ্রধানা ছিল। এখনও জগ্যতের বিভিন্ন আলে কোনো কোনো জনের মধোও এই মায়ুপ্রধানা লক্ষা করা যায়। যামের সমাজ পিতৃতয়, একদা তাদের মধোও যে মায়ুপ্রধানা ছিল, তার কিছু নিয়ালন তাদের পিতৃতয় পর্যান্তরাবন্ধার মধোও প্রেক গ্রেছ।

মাতৃপ্রাধান্তের ন্যাখ্য।—এই বে মাতৃপ্রধান এব মর্থ এই নয় যে পুক্ষের চেয়ে নারীর গায়ের ভোরে বা পৌষরীয়া নেই ছিল। সন্থান একমাত্র মাকেই চিনাত; মানই ছিল তার একমাত্র মাজ্য ও মবলস্ন। পরিবারে বন্ধানর মূল স্বেন্ধান্তম প্রভাৱ ক্ষায়ার মায়ের মধ্যেই দেখা বেত। মানই ছিল পরিবারের কেন্দ্র। এখানেই মারের প্রধান্ত। মাতৃরপেই নারীর এই প্রধান্ত, জন-এর ভারী পরিপত্ত-ব্যক্তব্যক্ত জননীরূপে তার এই প্রধান্ত, জীরূপে বা লুধু নারীক্রপে নয়।

নারীর মধ্যে রহস্তময়ী শক্তি—আদিম মাজদের মধ্যে নারীর প্রাধারের আরেকটা কারণও অন্তমান করা যায়। আদিম মাজদ নারীর মধ্যে এক রহজ্ঞময়ী শক্তি রয়েছে বলে মনে করত। দেখা যায় এই রহস্ময়ী শক্তির অধিকারিণী বলে কোখাও কোখাও নারী সমাজের নেত্রী হয়ে বাস্চে।

সন্তানজন্ম সন্থবতঃ আদিম মাত্রের কাছে নারীর এই রহজমরী শক্তির সর চেয়ে পাট নিদর্শন ছিল সন্থানের জন্ম। অভ্যান করা হার এই জন্ম-ব্যাপারটা ছিল ভার কাছে

<sup>&</sup>gt; S. S. W., p. 180 R. E. B., 1961, Vol. 15, p. 98 (32 Matriarchy)

পরম বিশ্বয়কর। কেমন করে নারীর মধ্যে থেকে বেরিয়ে আসে একটি নৃতন স্থীব তা সে বৃষতে পারত না। সন্থানজনাের ব্যাপারে পুরুষের কোনাে সন্থন আছে কি না বহুকাল পর্যন্ত সে তা জানত না। আদিম মালবের এই শিশুসুলত অঞ্চতার কিছু কিছু অবশেষ সভা মালবের দেবকরনারও লক্ষ্য করা যায়। সে করনা করেছে ইশ্ তার, নুনা প্রভৃতি দেবীর পুরুষসংস্থা ছাড়াই সন্থান হয়েছে। এ সন্ধার মন্তব্য করতে গিয়ে ক্লেজার লিখেছেন কুমারী জননীদের এ-সব কাহিনী সেই শিশুস্লত অঞ্চতার মুগের শ্বরণচিছ যে-বুগে বৌন-মিলনই যে সন্থানজনাের মূল কারণ মালুব এ কথা জানত না।

আদিম মাজুৰ মনে কবাত সন্থানের জনা দেওছা রহজ্ঞনী দৈবী শক্তি বা দেবতার কাজ।
তার বিধাস ছিল নারীর মধ্যে এই শক্তি বা দেবতা আছেন। তুরু মানবী নয়, অন্ত জীবজন্ত
ও ভূমির মধ্যেও এই রহজ্ঞননী প্রজননশক্তি বা দেবতা রয়েছেন বলে সে বিধাস করত।
সে এই প্রজননশক্তি বা দেবতাকেও সাধারণতা স্থীজাতীয় মনে করত।
কারণ, সে স্কার্করত স্থীজাতীয় জীবই সন্থানের জনা দেব।

মা বিশ্ব জনীন— সদতা দতা প্রার দব মান্তবের ভাষাতেই জননীকে মা শব্দে বা তারই পরিবতিত কোনো রূপে ভাকা হয়। শিত জন্মবামান্তই মা, মা বলে কেঁদে ওঠে। হয়ত বা শক্তি তথন শান্ত উচ্চারিত হয় না। কিছু দে বে-শব্দ করে তা এ রকমই শোনার। তারপর শিত্রর যথন প্রথম কথা কোটে তথন দাধারণতা খে-শব্দতি তার মুখ দিয়ে বেরোয় দে মা। শিত্রক বৃক্তে ভড়িরে ধরে জননী আদ্বে আদ্বে তাকে সন্থির করে তোলে আর শিভ্র মুখ দিয়ে কথা কোটে মা, মা। জননী ভাবে শিত্ত তাকে নাম ধরে ভাকছে। সেই জন্তই, জগতের প্রায় দব ভাষাতেই জননীকে বলে মা, আত্মার। মাত্মান

মাতৃদেবতা—মাদিন মাতৃৰও জননীকে মা-ই বলেছে এরপ অভ্যান করা বেতে পাবে। মারু নারীর মধ্যে ধে-শক্তি বা দেবতা আছেন বলে সে বিবাস করেছে ভাকেও জীলাতীয় দেবতা বা মাতৃদেবতা মনে করেছে। কাজেই আদিন মাতৃষের আদি দেবতা মাতৃদেবতা এরপ অভ্যান করা অধ্যাকিক হবে না।

পিতৃতন্ত্ৰ ও মাতৃতন্ত্ৰ লোকদের দেবতা—সভাবা বৃক্তির সহাবাে বতটা জানা বার
মতি প্রাচীন কাপেই আদিম যাজবের মধাে ছিল নানা জন এবং কৌম। তাদের কোনাে কোনােটির মধাে ছিল পিতৃপ্রাধান্ত, পিতৃক্রম বা পিতৃতন্ত্র সমাজ আর কোনাে কোনােটির
মধাে মত্রেপ্রাধান্ত, মাতৃক্রম বা মাতৃতন্ত্র সমাজ।

G. B (abridged) p. 347 a S. S. W., p. 462; H. B., Vol. I, pp. lxxxvi-lxxxvii

<sup>\*</sup> S. S. W., p 156 \* Ibid, p. 452

সহজেই অন্থান করা বার বে বা<u>রের মধ্যে পিকুপাদান্ত ছিল, তাদের প্রধান দেবতা</u> পিতা, আর <u>বাদের মধ্যে মাত্পাধান্ত ছিল, তাদের প্রধান দেবতা মাতা।</u> তবে পিতৃ-প্রধান লোকদের দেবতাদের মধ্যেও স্থাদেবতা ছিলেন আর মাতৃপ্রধান লোকদের দেবতাদের মধ্যেও প্রকর্ষেকতা ছিলেন।

মাতৃদেবভার পূজার ব্যাপকত ও প্রাচীনত—বতটা জানা বার মাতৃদেবভার মর্থাৎ মাতৃদ্ধপির দেবীর পূজা অভি প্রাচীন এবং বহুবাাপক। জগতের দর্বন্তই তার প্রচলন ছিল। তবে বিশেষ করে ভূমধা দাগরের তীরে পশ্চিম এসিয়ার দেশগুলিতে মাতৃদ্ধপিনী মহাদেবীর পূজার ব্যাপক প্রচলন ছিল বলে অভুমান করা হয়। ইজিয়ান সাগরের (Aegian) তীর থেকে এক দিকে ইরাণ হয়ে ককেদাস মারেক দিকে নিশ্ব –এই বিরাট ভূখণ্ডের মধ্যে এই মহাদেবীর পূজা হত। এই এলাকার মধ্যে বিশেশ করে নাম করতে হয় এলাম, মেদ্যোপ্টেমিয়া, এসিয়া মাইনর, সিরিয়া, প্যাপ্রেইটন প্রভৃতি দেশের।

সিন্ধ্-উপতাকায় এবং বেলুচিস্তানে প্রাটোতিগাসিক খে-সব ক্ষুদ্র ক্ষুদ্র নারীমৃতি পাওয়া গেছে, উব্ধ এলাকায়ও সেই রকম মৃতি পাওয়া গেছে। এই মৃতিগুলিকে সাধারণতঃ দেবীমৃতি মনে করা হয় এবং বলা হয় পশ্চিম এলিয়ায় খে-মহাদেবীর পূজা হত এগুলি তারই
মৃতি। ভারতবর্ষের এবং নিকট-প্রাচোর ধর্ম সম্বন্ধ আলোচনা করে এবা সেই সঙ্গে এই-সব
মৃতির কথা বিচার করে পণ্ডিতেরং মহামান করেন যে এক বিরাট এলাকায় একলা এক
মহাদেবীর পূজা হত। আর ইনি ছিলেন আলিতে মাইকশিলা। গুণু তাই নয়, এই
মহাদেবী ছিলেন সর্বেশ্বরী, সকল দেবতার উপরে।

এই মা মহাদেবীর বহ মুঠি কৃষ্ণ সাগরের তীরে এবা দায়স্থান-উপভাকারও পাওরা গেছে।

পূৰ্বোক্ত অকলের লোকদের মধ্যে ছিল <u>মাত প্রাধার । তাংকর সমাজ বাবস্থা ছিল</u> বাত্তকম বা মাতৃত্ত । প্রক্রের পাটনের iPaton । মতে সেমিটিকদের বিভিন্ন হলে বাওরাব পূর্ব পর্যন্ত তাদের সমাজ ছিল মাতৃত্তর । মাতৃত্বমে তার। বালপনিচর জিত । তাজের মধ্যে মা-ই ছিল দর্বেদবা, কোমের নেত্রী । কাজেই, তাঙ্গের কল্পনার মাতৃদেরতার প্রাধার ত বাকবেই ।\*

ক্রেজারও মনে করেন একদা এদিয়া মাইনরে মাতৃত্য বা মাতৃত্রর সমাজবাবত্বা ব্যাপক ছিল। প্রাচীন মিশরে স্যোদ্র ভাইবোনের বিত্তে হ'ত। ক্লেজারের মতে এর কারণ

<sup>&</sup>gt; G. G. I. I., I. H. Q., Vol. X, pp. 415-416. 3 1544, pp. 417-20; M. S. I. A. C., p. 92

o G. G. I. I., I. H. Q., Vol. X, p. 405 . Ibid, pp. 414-15 . M. S. I. A. C., p. 92

E. B. E. Vol. II, p. 115
 J. G. B., Part IV, Vol. 11, p. 218

মাতৃত্য সমাজবাবস্থা। শত্রব, এসিয়া মাইনর প্রতৃতি শক্ষে মাতৃদেবতার প্রাধান্ত থাকা সে যুগে খাতাবিকই ছিল।

জগতের বিভিন্ন অঞ্চলে 'লা'র পূলা— মাতৃরণিনী মহাদেবী প্রাচীন জগতের বিভিন্ন অংশ বিভিন্ন নামে পূলা পেরছেন। বেখানে ভিনি সর্বপ্রধান দেবতা ছিলেন না, সেখানেও তার পূজার প্রচণন ছিল। পিতৃপ্রধান জাতি এবং জনের দেবমওলেও মাতৃত্বেতার গৌরবের খান ছিল। কোনো কোনো পণ্ডিত মনে করেন মা এই নামে বা মা শুবের ঈবং রূপান্ধবিত কোনো না কোনো নামেই একাধিক দেশে মহাদেবীর পূজা হত। প্রাচীন মিশরে ছিলেন মা বা মাউত (Ma or Maut) দেবী। ইনি মঙ্গলান্থিনী মা ধরিত্রী। কেয়া-ছিলেন মা বা মাউত (Ma or Maut) দেবী। ইনি মঙ্গলান্থিনী মা ধরিত্রী। কেয়া-ছিলার মধ্যে বে-মাতৃদেবতার পূজা হত সম্ভবতঃ তার নাম ছিল মা। কারণ, এই নামেই পরবতীকালে তিনি কমানাতে (Comana) পৃজিতা হতেন। একলা কেলাছিলাং থিটাইট্লের অধিকারভুক্ত ছিল। এই জন্ত অন্তমান হর হিট্টাইট্লের মধ্যে বে-মাতৃক্তিণী মহাদেবীর পূজা প্রচলিত ছিল তারও নাম ছিল মা। জর্জাং মা নামেই দেবী পরিচিত ছিলেন।

গ্রীস এবা রোমে ছিলেন মাইয়া। Maia ) দেবী। মাইয়া শব্দ ভারতের মাতৃকার কথা বান করিয়ে দেয়। তিন্দীভাষী কোনো কোনো অবলে এখনও দাধারণ লোকে দেবী হগা বা কারীকে বান মাইয়া। এর থেকে বোকা ধার মা, মাতৃকা বা মাইয়া শব্দ মাতৃদ্বভাবতে সংখ্যবদ শব্দ হিদাবে জগতের বিভিন্ন অবলের লোকেদের মধ্যে প্রচলিত ছিল। জার এই ব্যাপারতিকে মাতৃদ্বভাব পূজার ব্যাপকভার অব্যতম নিদর্শন বলেও গ্লা করা বায়।

রোমকরা মাইছা দেবাকৈ বোনা দিয়া ও ( Bona Dea ) বলত। 'বোনা দিরা' অর্থ মঙ্গলা দেবী। 'বোনা দিয়া' দেবমাতা। জালে এবং স্পেনে মান্তরপিণী দেবী 'মারে' Maye ) এই নামে পূজা পেতেন। ইংগতে ইনিই হরে পড়বেন 'মান্ত্র রাণী' ( May Queen )। ২০০ পুঃ এ বকম সময় থেকে পুট ধর্মেই 'মাইয়া' দেবী মান্ত্-ইয়া [ Maria == Ma(r)ia ] এই নামে গৃহীত হয়েছেন। ইনিই মেজোনা। মেজোনাপুলা বস্তুতা মাতৃদেবজাপুল। প্রাণৈ তিহাসিক মেজিকোতে মাবার ইনিই মা-ইওএল ( Mayoel ) নামে পৃজিত হতেন। মা-ইওএল অর্থ দেবতা ও মানুদেবক মা।

দেবসপ্তলে পরিবর্তন—সমরের সংখ সংখ নানা কারণে সাজ্যের মধ্যে নানা পরিবর্তন

মটে। তাদের চিস্তাভাবনার পরিবর্তন মটে; জীবনধারা, সমাজ-ব্যবস্থা বদলে বদলে বার।

<sup>)</sup> G. B., Part IV, Vot. II, pp. 214-15 2 S. S. W., p. 501 6 E. R. E., Vot. VI, p. 725 8 S. S. W., p. 501 6 S. S. W., pp. 502-502 6 15dd, pp. 500-501

সঙ্গে সঙ্গে তাদের দেবমগুলেও রদবদল হয়। পুরাতন ধাানধারণার সঙ্গে নৃতন ধাানধারণা যুক্ত হয়। পুরাতন দেবতার স্থানে নৃতন দেবতার প্রাধান্ত প্রতিষ্ঠিত হয়। বাধাবর শিকারজীবী জনের লোকেরা যদি কোনো জায়গায় স্থায়ী হয়ে বসে চাধবাস স্থক করে দেয় তা হলে তাদের দেবমগুলে শিকারের দেবতার স্থলে উবরতা ও ক্লবির দেবতার প্রাধান্ত হয়।

আবার দেখা যায় কেশনা একটি জন বা জাতির দেবত। অল্ল কোনো জন বা জাতির দেবমণ্ডলে স্থান পান ; একই দেবত। বিভিন্ন জনের মধ্যে বিভিন্ন নামে ও রূপে পুজিও হন ; এক দেবতার সঙ্গে আরেক দেবত। মিশে যান।

দেবীর মাজুরপ ভিন্ন অক্যাক্ত রূপ—দেবীপূজার পৃথবৃত্তান্ত আলোচনার সমন্ত এই কথাওলি মনে রাখতে হবে। আরেকটি কথা। প্রাচীন জগতে ভুগু মাতৃদেবভার পূজা নয়, অক্তাক্ত দেবীর পূজাও প্রচলিত ছিল। তাত্তর বিচারে বলা যায় মহাদেবীর মাতৃত্বপ ভিন্ন অক্তাক্ত বহু রূপের করন। প্রাচীন ছগতে লক্ষা করা যায়।

সাধারণতঃ দেখা যায় প্রকৃতির নানা শক্তি এবা মান্ধক্ষণয়ের নানা। কোমল ভাব ওপঃ শক্তিই নানা দেবাজাপে কল্লিত হায়েছে। ১ এছাডে: যে-সব ব্যাপারের বহল মান্ত্রধ বুঝাও পারত না অথচ যা অত্তিতে তারে উপর হায়েবিপাদের আখাতে হানাত সে-সবও সে জীদেবভার কাজ বাল মনে কবত অর্থাম হার মনে হাত এই-সব ব্যাপারের দেবতা জীদেবভাঃ

আছা দেবী মাতৃশক্তি-ভাবে কোনে কোনে প্রিটের মাত মার্শক্তি বা প্রজনন-শক্তিই আদিম মাত্রের আছা দেবী । না<u>ত্রি জয় দের মানকশিত্র</u> , ধরি<u>ছী জন্ম দেয়</u> শক্তের। সেইজন্ম আদিম মান্ত্রের কাছে ধরিত্রী মাতুল প্রচীন জগতের স্বত্ত ধরিত্রীমাতা পুজা প্রেটেন। সম্ভা সভা স্ব মান্ত্রই ভারে পূজা করেছে।

ধরিত্রীমাতা—বেদেও ধবিত্রী বা পৃথিবীকে মাতা বলা হয়েছে আর জ্বৌক পিত্যু। প্রাচীন চীনে পিত্যু তৌ এবা মাতা ধবিত্রীর পৃত্র ছিল সংক্রনীন। গ্রীক্ষের মধ্যে গ্রেছার ধরিত্রী-মাতার নাম ছিল গ্রুগ: Gaia া প্রচীন গ্রীসের ছেলদিকে i Delphi) ধর্মক্রের বানা হয়। সেখানে খবিস্থিত দেবতাদের মধ্যে কালাছ ক্রমে সকলের আনে দেবী গইয়ার স্থান। পরবর্তী কালে গ্রীসে ধরিত্রী দেবীর নাম হয় জিনিটার। Demeter)। এই দেবীর ক্রনায় অধিকত্রর নবস্বারোপ করা হয়। সাবা শেশ জুড়ে ছিল এব বহু মন্দির। বিষেক্রা একে সোলাভাতি টেরা মেটার। Terra Mater) আর্থাং ধরিত্রীয়াতাই

<sup>&</sup>gt; E. R. E., Vol. V. p. 828 2 S. S. W., p. 140 4 4 (4 ) PAGE

P. C., Vol. II, p. 272
 Thomas, p. 3-5
 V. C., Vol. II, p. 273

কৃষির অধিষ্ঠাত্রী দেবী—ধরিত্রীর সঙ্গে সঙ্গে মান্তব কৃষির অধিষ্ঠাত্রী দেবতাকেও দেবী মনে করেছে। কারণ, উর্বরতা, উৎপাদন এ-সবকে সে নারীর সঙ্গে যুক্ত কৃষ্ণনা করত। পিউল্লক্ত প্রচীন লগতের অনেক জালগায় দেখা বার শক্তাধিষ্ঠাত্রী দেবীর পূজায় তথু নারীরই অধিকার। পূর্বে যে 'বোন: দিয়া'ব উল্লেখ করেছি তাঁকে উর্বরতার দেবী বলা হয়। তাঁর পূজায় তথু নারীরই অধিকার ছিল। আমাদের দেশে রাজপুতানায় যে-অন্নপূর্ব। দেবীর পূজা হয় তাঁরও পূজারিণী তথু নারী। গ

দেবী কৃষ্টির মূল—আমর। লক্ষা করেছি লানিম মান্তব নারীকেই সন্তানজনার একমাত্র কারণ বলে জানত। এই ব্যাপারে পুক্ষের যে কোনো যোগ আছে তা সে বুঝত না। নারীর সাদৃত্তে সে পৃথিবীকেও স্থী কমনা করেছে। আর প্রজনন ব্যাপারটাকে সে দৈবলজির কাজ বলে মনে করেছে। কাজেই, কৃষ্টির মূল যিনি তাকে সে দেবীই মান করেছে। সোজা কথা, এক রকম করে আদিম মান্তব বুকেছিল প্রকৃতিই কৃষ্টির মূল, পুরুষ নয়। সহজেই মন্তমান করা যায় কৃষ্টি-ব্যাপারে স্থীপুক্ষের যোগাযোগের ব্যাপারটা সে বুঝতে পারে

ষধন বুকতে পারল তথনও কিন্ত প্রকৃতি সহজে, দেবী সহজে, তার পূর্ব-ধারণ; দূর হল ন । বিশেষ করে যাদের মধ্যে দেবীর প্রাধাক ছিল তাদের ত নয়ই। তারে অপেক্ষাকৃত এগতিবীল মাত্রৰ পূর্ব-ধারণার সঙ্গে নৃতন-ধারণার একটা সংমঞ্জ করে নিল।

পুরুষ দেব ভার সংসর্গধীন আদি-স্থি —এদের করন। দেবী পুরুষদংসর্য ছাড়াই বি প্রথম পুরের জন্ম দেন। তারপর এই পুত্রই হন তার চিংসাথী। এঁবই সহবাদে নির্দিষ্ট দেবত। এবং জ্ঞানে সব প্রাণীর জন্ম দেন। আমাদের শাল্পেও আছে নির্দেশীর পুত্র। দেবী পুত্র নিরকেই পতিজে বরণ কংকে।

দেবী সম্পর্কে মানগার যৌনবিচার অচল — পরবর্তী সময়েও নানা দেশের দেবীপূদার কতকভূপি মাচার মতুরানের মধ্যে পুরোক্ত ধারণার মধ্যের দেধতে পাওয়া মধ্য। দেবীর উণাসকদের একটা মাশের মুক্তজ্বে করা হত। উপাসিকাদের বখন দেবীর সেবাপূদার পালা পড়ত তখন তারা বিবাহিত দীবন যাপন করতে পারত না। আবার

<sup>&</sup>gt; P. C., Vol. 11, p. 278 a Ibid, p. 271 . V. G. S. L., p. 150

<sup>8</sup> Cinnical Dictionary, p 109, ( 32 Bona Dea )

<sup>4 \$511, 7</sup> ve.++ + E. R. E., Vol. 1, p. 147

কখনো বা পূজার অফ হিসাবে তাদের অবাধ খৌনমিলনের অফুষ্ঠান করতে হত। বাদেরী সম্বন্ধে যে খৌনবিচার চলেনা এবং তার মাহুষের মত বিবাহ বলে কিছু থাকতে পারে না এসব যেন তারই নিদুর্শক। ব

ষৌনব্যাপার পূজাকুন্ঠানের জ্বল তবে আরেকটা কথাও আছে। প্রজননের সঙ্গে যৌনব্যাপারের সংখ্যোর বিষয় বধন মান্তব বৃধ্যতে পারল, অন্তমান হয় তথন থেকে প্রজনলক্তি বা দেবীর পূজার সঙ্গে সে যৌনব্যাপারের অন্তর্ভানকে যুক্ত করে দেয়। এ ব্যাপারকে সে দ্রাও মান করত না। সন্তানজন্মকে সে সাধারণ স্বাভাবিক কাল মনে করত এবং তার অন্ত থে-যৌনমিলন তাকেও তাই মান করত। সেইজন্ত একে পূজান্তলীনের অন্ত বলে গণা করতে তার কোনো বিধা হয় নি।

কালে অপেকাকত সভা মান্তাগৰ মধা যৌনবাপেরে গোপনীয় বলে গণা হয়। কিন্ধ ভারাও বিশেষ বিশেষ উপ্লক্ষ্যে দেবাপ্সার অস হিসাবে ধৌননিগ্নকে দৃষ্ণীয় মনে করেনি।

দেবী একাশারে সৃষ্টি ও ধবংসের দেবজ। —কেখেণ কোপাও প্রজননের দেবীকে ধবংসের দেবীও মনে করা হত সর্ধান উল্লেখ্য একাশারে প্রজতির স্পট্টশক্তি ও ধবংসালক্তির বিগ্রহ মনে করা হত ইলা্ডাব, সালাভারেপ বা সাজেত, আলোল, সাইবেল এই রক্ষ দেবী। কারে। কারে। মতে বেবিলন ও এদিয়া মাইনাবে এই ধবণের দেবীব প্রাধান ছিল, মিলারে প্রাধান না পাকলেও বিলিই আন ছিল। ক

মহাদেবীর বিভিন্ন রূপ —এব কালে সামবা পশ্চিম ওলিলা প্রকৃতি সকলের বে-মহাদেবীর কথা বলে এনেছি, তিনি বিভিন্ন জনের মধ্যে বিভিন্ন নামে পৃঞ্চা প্রেছেন। সেমিটিক, ইলাপীয়, গ্রীক এবা স্বাই এই মহাদেবীর পৃঞ্জা কলঙা প্রেক্ত ইস্থার-মাধি দেবী সেই মহাদেবীরই রূপবিশেষ।

ন্না (Nana, Nanai) — দেখিটিকদের মধ্যে দেখা প্রধানতা ননা বা নন্ট্রামে
পুজিতা হতেন। পণ্ডিতদের মনেকের বিশ্বাস সেমিটিকরা ডিল্ আদিতে মাতৃত্য। তথন
তাদের কোন পুরুষদেরতা ছিল না, তারা এক দেবীরই পুঞা করত। কেউ কেউ মনে
করেন ননা মাতৃবাচক একটা সংধারের শব্দ। প্রশারের স্থান স্পাকরিন বিভিন্ন ভাষায়
মা অর্থে এই শ্বাকীর ব্যবহার দেখা যায় গ্রামিকরাও দেবীকে না মর্বেলিন প্রধান বিভিন্ন ভাষায়
আহে। এর থেকে বোকা যায় সেমিটিকরাও দেবীকে না বলেই পূজা করত। তিনি

<sup>5</sup> E. B. E., Vol. I. p. 147 & Ibid . S. S. W., p. 839

<sup>•</sup> H. B. p. 159 • G. G. I. I., I. H. Q., Vol. X. p 409 » @ @ appiate

ছিলেন প্রজননশক্তির বিগ্রহ। তবে তাঁর আরেকটি রূপও ছিল। বেবিগনিয়ার ইক্তার বা কার্থেকের সিলিস্টিসের মত তিনি ছিলেন রগদেবী, যোদ্ধাদের ইউদেবী ও জয়দাত্রী।

ননার পূজা বেক্ট্রিয়ানা (Bactriana) পর্যন্ত ছড়িরে পড়ে। এ দিকে কুশানরাজ চবিজের প্রথম খৃষ্ট-শতকের মৃত্যায় ননার নাম পাওয়া গেছে। ও দিকে আর্মেনিরার লাইকস উপত্যকায় তিনি ক্পতিষ্ঠিতা ছিলেন। গ্রীস দেশে দেবীকে নিয়ে যার প্রাচ্য বণিকেরা। শু

বেশুচিন্তানের হিংশাল কণ্ঠতম শক্তিপীঠ। কিছু মনে হয় গোড়ায় এটি ছিল ননার হান। এখন ওখানকার লোকের। পন মুদলমান; তার। হিংলালকে বলে নানীর ভীর্থ নানী কী হল।। পাকিস্তান হওয়ার পূর্ব পর্যন্ত বল্লার তার্বাহার হিংলালে ভীর্থ করতে বেত। ভালের প্রায়ন্ত বিবরণ থেকে জানা বার স্থানীয় লোকেরা দেবীকে খ্র মানা করে; ভীর্থধানীদের হাত দিয়ে তার স্থানে ফলম্ল-উপহার পাঠায় আর বাতি জালাবার জন্ম পাঠায় মৌমবাতি।

দেবী নুনা বা ননইয়া এবা গ্রীক দেবী আভিনিসের (Artemis) একটা বিশেষত্ব লক্ষ্য করা বার। এটার লাজন (symbol) প্রমর। এপিদাস (Eppesas) একটা ক্ষমণাত (Susa) এটারের প্রমর্শালন প্রতিকৃতি প্রেয়া গ্রেছে। আ<u>মানের নেশেও নি</u>ম্বানের আম্বী বলা হারছে।

ভাৰত। Abat :—ননাৰ সমপ্ৰাৱেৰ আবেকজন সেমিটিক দেবীৰ কথা পাওৱা যায়।

ইংব নাম অনহ। কেনান-ত (বৰ্তমান পালেইছেন) এঁব পূদাব প্ৰচলন ছিল। কেনানবাসীদেৱ
কাছে ইনি ছিলেন নাবীকলভ বিভিন্ন শক্তিব, বিশেষ কৰে, প্ৰজননশক্তিব বিগ্ৰহ। ভাৱা
বিশ্বাস লগতে এঁব কুপাছ প্ৰেমেৰ উদ্ধৰ হয়, নাবী মাতৃত্ব লাভ কৰে। ফাৱাওদেৱ সময় প্ৰেকে
মিশবেও এই দেবীৰ পূদাৰ প্ৰচলন হয়। কিন্তু মিশবে দেবীৰ বলচতী-মৃতি। সে-মৃতিব
আহ্ধ শূল, চৰ্ম এবং প্ৰভা। hattle axe । কিন্তু মাতৃত্ব, অনহ একাধাৰে উৎপাদিকাশক্তি ও
বগদেবী। সম্ভূজ কথায় এঁকে ক্ৰমি ও বৃদ্ধেৰ দেবত। বলা যায়। আমাদের দেশের মা
হগাকেও ক্লমি ও মৃত্তের দেবত। মনে কৰা হয়।

আরং (Allat)—শারব দেশে মহাদেবীর নাম ছিল অরং বা আলিলং। আরং আর্থ ভটারিকা (the Lady)। আদিম দেমিটিক ধর্মের অক্সাক্ত দেবীর মতো এই দেবী ছিলেন অতি তেলখিনী, খতর, ইশ্রী। তিনি কোনো দেবতার স্থী নন। তিনি তথ মাতৃস্তি।

<sup>&</sup>gt; G. G. I. I., I. H. Q., Vol. X, p 409 2 1bid

o at amile farmin | . P. S. W. A., D. R. Bh. V., P. 302

<sup>4</sup> मा पू = 518 = , (4 m) 5 - 15 spe . . G. O. I. I., I. H. Q., Vol. X, p. 411

এতটুকু অশোভন ধারণাও তাঁর নামের দক্ষে যুক্ত নয়। তিনি সেই প্রাচীন কালের দেবী, যে-কালে মায়েরই ছিল প্রাধান্ত, মা-ই ছিগ কর্ত্তী। তথন পরিবারের পুক্তবের কর্তৃত্ব ছিল না। এই দেবীর একটি স্বস্পান্ত কপ্রে পরিচয় পাওয়া যায়, কিছু তাঁর কোনো ইতিবৃত্ত পাওয়া যায় না। তাঁকে নিয়ে কোনো পৌরাণিক কাহিনী গড়ে উঠে নি।

ইশ্ভার (Ishtar)—বেবিলন ও এসিরিয়াতে মহাদেবী ইপ্তার নামে পূজিতা হতেন। প্রাচীন মৃংজলকলিপিতে (Cunciform tablets) তাঁকে বলা হয়েছে বর্ণের প্রথমজ্ঞাত; বলা হয়েছে তিনি আদি দেবতা, স্তীর করুণামন্ত্রী জননী, দেবতার জননী, মাহুবের জননী।

ইশ্তার মার্দেবত। তিনি উব্রতার দেবত। বে-স্ব গাছপাল জ্যায়, ফ্সল ফ্লে, সে-স্বের তিনিই দেবত। তা অর্থাং তিনি মূলতা ভূমিদেবতা, গৈঠ প্রতীন ধরিয়ীমাতা।

ইশ্তাবের নানা কাজ: কর্ণা, পাচাড়, সম্ভের তিনি অধীপরী: নদীনালার তিনি অধিষ্ঠাত্রী দেবতা: গ্রেবাছুর, প্রপাখী, মানুষ স্বার জন্তই তিনি অল্লপ্রের বাবৃদ্ধা করেন, মেষপাল্কদের রক্ষা করেন: স্ব প্রজনন তার নির্দেশেই হয়: প্রেম, পারিবাবিক জীবন প্রভৃতির তিনিই অধিষ্ঠাত্রী দেবতা:

এই প্রদক্তে মাতৃদেবত সম্পর্কিত একটি বিশেষ্ট্রের উল্লেখ বান্ধনীয়। দেবীর সঙ্গে জনের একটা বোগায়েগে অতি প্রাচীন কাল থেকেই লক্ষ্য করা বায়। দেবী বভাষতাই জনেরও দেবী হয়ে লিচেছেন। কৈনেনা, জীবন নিউর করে জনের উপর। আমাদের দেশেও দেবীপীঠওলির কাছে কোনো বৃত্ত বা কণা বা নদী রয়েছে প্রেখা বায়। বর্তমানে বেখানে নেই অন্যান করা হয় দেখানেও এক সময়ে ছিল। আমাদের গঙ্গা, বনুনা, সরবাতী প্রভৃতি নদীকে সন্তেন ধর্মী জনস্থাবের দেবী বাদে, মা বাল জানে।

ইশ্তার দেবীর একটি কলকপণ আছে: কৃষ্ক হলে তিনি ভয়ন্তরী হয়ে উঠেন এবং বে-লব মৃত তাঁকে অবজা করে তালের কঠিন আঘাত করেন। সে-আঘাত অনেক সময়ে আসে মারাত্মক ব্যাধির আকারে। তাঁর একদন অভচর আছে, আতৃকের অনিইকারী লব ভূতপেত্রীর দল। দেবীর দাসাত্মক কাজে এরাই তাঁর সহায়তা করে।

ইশ্ তার নেবার একজন নিতাসহচর আছেন। ত<u>রের ভাষার বলা ধার ইনি দেবার তৈরব।</u> সহচরটি একাধারে দেবার পত্র, পত্রি ও প্রাত্তা। তবে পতি থাকণেও দেবাকে কুমারীই বলা হত। দেবার এই সহচরটির নাম এবং রূপ দেশতেকে ভিরু হিশ। বেমন বেবিশনে তাকে

<sup>&</sup>gt; H. R., P. 215 3 R. S., p. 61. • R. S., p. 61 # H. H., p. 97 e R. S, p. 61

<sup>•</sup> G. G. I. I., I. H. Q., Vol. X, p. 4:0 • H. S, p. 6: V R. S., p. 64

বলা হভ টমুম্ম ( Tammus or Tammuz ), এদিরিয়াতে অন্তর ( Ashur )। অন্তর লক্তিমান্ রণদেবতা।

ইশ্তারের নানা কাজ। তাঁর রূপও একাধিক। বনে হর একাধিক দেবী ইশ্তারের মধ্যে মিশে গিয়েছিলেন। Franz Cumont মন্তব্য করেছেন ননা বা ননইরা অভি প্রাচীন কালেই ইশ্তারের সঙ্গে এক হয়ে গিয়েছিলেন।

ইশ্তার এক রূপে উর্বরতা বা প্রজননের দেবী। প্রজননের সঙ্গে রয়েছে প্রেমের বোগ। কাজেই, তিনি প্রেমেরও দেবতা। তাঁর এই রূপের পূজার সঙ্গে এমন-সব অন্তর্গানের বোগ আছে বেগুলিকে একালের সভ্য মান্তব কচিবিগহিত মনে করে। ইশ্তারের একদল পূজারিশীছিল। তাদের বলা হত ইশ্তারিতাম (Ishtaritum) অর্থাৎ পবিত্র বারাঙ্গনা। তারা দেবীর মন্দিরের হাতার মধ্যেই থাকত এবং বারাঙ্গনারন্তি করত।

'মেদোপটেমিয়া' নামক গ্রন্থে এ সম্পর্কে হিরোন্ডটাসের (Herodotus) মন্তব্য উদ্বন্ধ করা হয়েছে। তাতে দেখা খার বেবিলনে প্রধা ছিল প্রত্যেক নারীকেই স্বামীসহবাসের পূর্বে একবার অন্ত কোনে। পুরুষের সহবাস করতে হবে এবং তার দেহের প্রথম কল (first fruits of her body) অর্থাৎ দেহবিক্রয়গর অর্থ দেবীর কাছে উৎসর্গ করে দিতে হবে।

ক্রেলারও এই প্রধার উরেশ করেছেন। তিনি লিখেছেন° বেবিলনে ধনী গরীব প্রত্যেক নারীকেই জীবনে একরার মিলিরা ( Militta ) অর্থাৎ ইল্তারের মন্দিনে প্রপ্রবের কাছে দেহবিক্রর করতে হত এবং এই পবিত্র বারাঙ্গনাবৃত্তির দারা লব্ধ অর্থ দেবীকে উৎসর্গ করে - লিতে হত। সাইপ্রাসেও প্রত্যেক মেরেকে বিরের আগে দেবীমন্দিরে এই কাল করতে হত। সাইপ্রাসেও এই দেবী অস্ত্রেতও ( Astrate ) হতে পারেন আবার এক্রনিভিও ( Aphrodite ) হতে পারেন অথবা তার অন্ত কোনো নামও থাকতে পারে।

পশ্চিম এশিয়ার বহু সংশ্বে এ রক্ষ প্রথা ছিল। এ প্রথার উদ্বেশ্ত বাই হোক না কেন, একে গোকে ধর্মান্থমোদিত পবিত্র কর্তব্য মনে করত, মা মহাদেবীর পূজার অন্ততম অঙ্ক মনে করত, একে গাল্যাচরিতার্থ করার একটা উপায় মনে করত না।

পিডিয়ার (Lydia) ইনেনে (Tralles) প্রাপ্ত একটি থ্রীক অফুশাসনলিপি থেকে জানা বায় ধর্মের অফ হিসাবে এই পনিএ বারাঙ্গনাবৃত্তি ধুটীয় বিতীয় শতক পর্বস্ত প্রচলিত ছিল।

ইশ্তারের আলোচ্য রূপের সঙ্গে গ্রীক দেবী এক্লিভির ছবছ মিল রয়েছে। একই দেবী, তথু ভিন্ন নাম।

<sup>&</sup>lt;sup>3</sup> H. B., p. 98 2 G. G. I. I., L. H. Q., Vol. X, p. 408 • R. S., p. 62

Mesopotamia, p. 83 6 G. B. (abridged ), p. 380 6 Ibid 7 Ibid, p. 381

তবে আমরা আগেই বলেছি ইশ্তারের একটি রণচণ্ডীরূপও ছিল। এই রূপে তিনি কঠোর। বিশুদ্ধ তার পূজা। তার পূজারিণী বীর্যবতী প্রমীলার দল, ইংরেজিতে বাদের বলা হয় Amazon। পশুবলি এই দেবীর বিশেষ প্রীতিকর। দেবী পশুর মধ্যে আবার মহিব বিশেষভাবে পছক্ষ করতেন। সিংহ ছিল তার লাম্বন (emblem)।

বেবিলনে প্রধান পূক্ষ দেবতাকে বলা হত বেল (Bel)। বেল কর্থ প্রভু, ঈশর। তাঁর স্থী বেলিং (Belit)। এর ক্ষথ ঈশরী। এসিরিয়াতেও প্রধানা দেবীকে ঈশরী কর্থে বেলিং বলা হত। এই জন্তু, ইশ্তারকেও বলা হয়েছে বেলিং। ক্ষতরবানপাল (Ashurbana-pal) কথনো দেবীকে বলেছেন বেলিং, কথনো ইশ্তার।

দেখা যায় জাতি বা জনের তাগোর সক্ষে সক্ষে তাদের দেবদেবীর তাগাও পরিবর্তিত হয়। এসিরিয়ার সমাট্দের প্রবল প্রতাপ ও গৌরবের দিনে দেবী ইল্ভোরেরও ছিল প্রবল প্রতাপ ও গৌরব। এসিরীয়দের জাতীয় দেবতা মন্তরের তিনি পায়ী। যুদ্ধের সময় এসিরীয় সেনাবাহিনী তাঁকে সক্ষে নিয়ে খেত। স্কটকালে স্কট্রাণের জন্ম সম্ভাট্রা তাঁর শর্প নিতেন।

ভাৰাছিত (Anahita)—এদিরীয়-বাবিদনীয় সাহাজা তেকে পড়ল। তার জারগার গড়ে উঠল একিমেনীয় (Achaemenian) দারাজা। দেবীর গৌরব কিন্ধ গেল না। বিজয়ী ইরাণীরাও তার পারে মাথা নোয়াল। তবে তারা দেবীর নাম ও বেশ বললে দিল। দেবী দেখা দিলেন ইরাণী বেশে। তার নাম হল জনাহিত জার তার স্বামীর নাম মিধু।

মাজ্য ধর্মে দেবী অনাহিত মিথের সঙ্গে বিলেশ গৌরবের স্থান অধিকার করে রয়েছেন। আবেস্থার দীর্ঘতম খাল্ত প্রতিলির অন্ততম একটি খাল্ছে ( yast ) তারই ছতি করা হয়েছে। পরিত্র জনের তিনি অধিকারী দেবতা। নক্ষরণাকে তার বাস। তিনি শক্তিমরী, মহিসমরী। চতুরপ্রবিতি তার রখ। যত অভ্যাচারী, অনিইকারী স্বাইকে তিনি ধ্বংস করেন; সর লৈতাকে তিনি সংখ্যাক করেন। আত্র মাজ্য তাকে স্করিকার তার দিয়েছেন। সর দেবতা তার আর্থেনা করেন এবং তার কাছে যুল ও ধন লাভের কল্প প্রার্থনা করেন। তার কুপার প্রকৃতি এবং সর প্রাণী প্রজননক্ষ্ম হয়। গোমেবাদির তিনি রক্ষাকারিণী। আবেস্থায় তার চমংকার ভ্রপ্রশ্না আছে। তিনি মুপ্রাবশ্যেরী,

<sup>5</sup> H. R., p. 98 2 R. S., p. 61 . R. S., p. 97

ইন্ভারের সঙ্গে দেবী হুর্গার কোনো কোনো বিবরে সাযুক্ত লক্ষ্মীর।

<sup>\*</sup> B. S., pp. 64-65 \* B. S., p. 62

ভবী, কীণকটি, পীনপরোধরা, ভত্রবাহ। তাঁর বাহুতে ব্দর। দেবীর মাথার তারকাথচিত বর্ণমৃত্ট। তাঁর কানে কুওল, পারে বর্ণপাত্কা। গারে সোনার কাজকরা ভোঁদড়ের চামড়ার জামা।

অনাহিত দেবীর পূজার অন্ততম প্রধান অঙ্গ পশুবলি। লোকে দেবীর ক্পালান্ডের জন্ত তাঁর কাছে পশুবলি দিও। রাজারা শক্ষজরের জন্ত এবং রাজালান্ডের জন্ত নানা পশুবলি দিয়ে দেবীর পূজা করত। এরা বলি দিতে মেব, বৃব এবং অখ। এই সব বলির এবং বে-সব রাজা ও রাজপুত্র দেবীর কাছে বলি দিয়ে তাঁর কুপালাভ করেছিল তাদের উল্লেখ আছে 'জেন্দ-আবেক্তা' (Zend-Avesta) গ্রাভা বি

দেবীর সব চেরে প্রিয় পশু ছিল মহিব। ইরাপের একটি জনপদের নাম ছিল অকিলেসিন (Akilesene ।। সেথানকার এরিজ (Eriz) নামক এক জারগায় ছিল দেবী অনাহিতের মন্দির। সমস্ত জনপদটিই ছিল দেবোত্তর, মন্দিরের সম্প্রি। ঐ জনপদে দলে দলে গুরে বেড়াত দেবীর পবিত্র মহিব। বলি দেবার সময়, প্রয়োজনমত তাদের মধা থেকে নিশিষ্ট সংখ্যক মহিব ধবে আন্। হত।

এরিকের মন্দিরে দেবীর স্বর্ন্তি প্রতিষ্ঠিত ছিল। এই মন্দিরে **অভিজ্ঞাত বংশের** কুমারীরা দেবীর কুপালাভের জন্ত অপ্রিচিত পুরুষের সঙ্গে সহবাস করত।

জার্ম্বি (Ardvi)—ইরাবে মহাদেবীর প্রাচীন নাম ছিল জার্মি। জার্মি এবং জনাহিত একট দেবী। 'ষাশ্ত'-এ দেবীকে 'মার্মি শুর জনাহিত' বলা হয়েছে। জার্মির একটি বিশেবজ লক্ষণিয়। আনেস্তাতে আছে আর্মি শুর্ম মহাদেবীর নাম নয়, একটি পৌরাণিক নদীর নামও আর্মি। চকট্রিয় (Hukairya, ফার্ক্স্পু) প্রত থেকে বেরিয়ে এসে নদীটি পড়েছে একটি য়েদ। য়দটির নাম বৌককশ (Vaurukaśa)। এই নদীই জগতের সব জলের উৎস। এর জেকেই সব নদী, উপনদী, সব জলধার। বেরিয়েছে। কাজেই এই স্বর্গীয় উৎস্বয়া মহাদেবী। আরি শুরু জগতের সব প্রাণীর জননী নয়, সব জলেরও জননী।

কাহিনীটির দক্ষে মামাদের ভগবতী গঙ্গার কাহিনীর কিছুটা দাদৃশু লক্ষ্য করা বার।
আনইজিস (Anaisis)—৭ ইরাণীরা থাকে মনাহিত বলত, প্রীকরা দেই
দেবীকেই বগাত মনইতিস। এমিয়ামাইনরে বিশেষ করে তার পশ্চিম অঞ্চলে অনইতিসকে
বলা হত তনইস (Tanais)। এর সঙ্গে ননই (ননা) শক্ষের সাদৃশু লক্ষ্ণীয়। সম্ভবতঃ দেবী
ননই ঐ অঞ্চলে এসে তনইস হয়ে গিয়েছিলেন।

<sup>&</sup>gt; P. R., pp. 61-62 ? The Zend-Avesta, Part II, pp. 58-78

<sup>•</sup> E. R. E., Vol. I, p. 415; s Ibid • The Zend-Avesta, Part II, p. 54.

<sup>•</sup> G. G. I. I., I. H. Q., Vol. X, p. 418 • P. R., p. 28

<sup>▶</sup> G. G. I. I., I. H. Q., Vol. X, p. 410

আর্মেনিয়াতে অচিলিনেন (Acilisena) নামক স্থানে দেবী অনইতিলের মন্দির ছিল।
পবিত্র বারাঙ্গনাবৃত্তি এই দেবীরও পূজার অঙ্গ হিসাবে গণ্য হত। সব চেয়ে অভিজাত
বংশের মেয়েদেরও দেবীর সেবিকা হিসাবে মন্দিরে বাস করতে হত এবং পবিত্র বারাঙ্গনাবৃত্তি অবলখন করতে হত। বিয়ের আগো দীর্ঘকাল তাদের এইভাবে থাকতে হত।
ভাইই বোঝা যায় সেকালের আর্মানীরা এই প্রথাকে গহিত মনে করত না।

আন্তেরা (Ashera)—কেনানের অনং দেবীর কথা পূর্বে উল্লেখ করা হয়েছে। এই দেশে অনেরা বা বালিং দেবীর পূজাও হত। তার স্থামী বাআল (Baal) কেনানের প্রধান দেবতা ছিলেন। বাআল অর্থ প্রভু, উশ্বর। অশেরা বা বালিং অর্থ উশ্বরী। এইজন্ম, কোনো কোনো পণ্ডিত অন্থমান করেন অশেরা বা বালিং কোনো একজন দেবীর নাম নয়, দেশের প্রত্যেক স্থানীয় দেবীর সাধারণ নাম।

কোনে বাজাল ও অশেরার একসঙ্গে পূজা হত। স্বান্তীর বা প্রজননের পুরুষণাক্তি বা পুকুষ বাজাল এবং স্থীশক্তি বা প্রকৃতি অশেরা। অশেরার পূজায় ইশ্তারের পূজার মতো বৌনক্রিয়ার প্রতাক অস্কান বিহিত ছিল। এঁরও মন্দিরে এই ব্যাপারের জন্ধ একজ্প পূজারিণী বা সেবিকা থাকত।

ভাজেত বা ভাশ্ভরেথ (Astrate or Ashtoreth)— দিনিদীররা বে-দেবীর পূলা করত তার নাম অস্তে বা ভাশ্ভরেথ। ইনি সূর্বের পারী চক্র। স্বাদেবভাকে এরা বলত বাজাল আর চক্রকে স্বীদেবভা মনে করত। অশ্ভরেথের দঙ্গে সেমিটিকথের আদি-দেবী ননার খুব মিল আছে। ননার মতে। ইনিও পুভচরিত্র মাতৃমৃতি।

তবে মন্তর মাবার মন্ত্রেতকে অলের। বা ইল্তারের মতো দেবী মনে করা হত। তার পূজাতেও অবাধ যৌনক্রিয়ার অফ্রান প্রচলিত ছিল। খেমন একেনীরংগ (Accadian) মধ্যে দেবীর এই ধরণের পূজাদির প্রচলন দেখা যায়। প্রচল মনে করেন এই একেন্তীয়দের কাছ থেকেই দেবীপূজার সুল এবা অপ্রির মাচার-মন্তর্গানগুলি মন্তর ছড়িছে পড়ে।

সিরিয়াতেও অত্মেত দেবীর পূজা প্রচলিত ছিল। হিরপ্রিসে ( Hierapolis ) ছিল দেবীর সব চেরে প্রসিদ্ধ মন্দির। এখানে এদিরিয়া, বাবিগনিয়া, ক্ষিনিসিয়া, আরব প্রভৃতি দেশ থেকে হাজার হাজার যাত্রী দেবীর পারে পূজার অর্থ্য ছিডে আসত।

এই দেবীর মন্দিরেও পূজার অঙ্গরূপে বারাজনাবৃত্তি বিহিত ছিল। ক্রেজার লিখেছেন দেশের প্রত্যেক নারীকে দেহবিক্রর করে দেবীর প্রতি ক্রিজার পরিচয় লিভে ছভ ।

- 5 G. B. (abridged), p. 881 & H. R., p. 166 1bid, p. 167
- 8 Ibid, p. 170 4 S. S. W., p. 509 4 G. B. (abridged), p. 849
- 1bid, pp. 880-81; द्वारांत्र अयोग्न त्रयीवात्त्र नाम निर्माण करत्व्य द्विविवर्गात्म (Heliopolia)

টাইরীয় (Tyrian) আত্মত দেবীকে তনিসও বলা হত। এঁর পূজারও সেই একই কাহিনী। দেবীর মন্দিরে পূজার অঙ্গরূপে অবাধ বৌনমিলনের অঞ্চান হত।

মিলিস্তা (Mylista)—ফিনিদীয়দের একজন দেবীর নাম ছিল মিলিস্তা। ইনি প্রেমের দেবতা, বৌনমিলনের অধিষ্ঠাত্রী। এশিয়া মাইনরের প্রায় সব অঞ্চলেই এমনি একজন দেবীর পূজা প্রচলিত ছিল।

ক্রেন্সার লিখেছেন ফিনিসিরার মন্দিরগুলিতে নারীরা বারান্সনার কান্ধে ভাড়া খাটত। তারা বিশাস করত একপ করলে দেবী তাদের প্রতি প্রসন্ন হরে তাদের কুণা করবেন।

মনে হয় মিলিকা-ধরণের দেবীর মন্দির স্থত্তে ফ্রেকার এই মন্তব্য করেছেন।

সাইবেল (Oybele)—ফিলিয়ার অধিবাদীদের প্লিতা দেবীর নাম সাইবেল। ক্রেজার বলেন ইনি সকল দেবতার জননী, এদিয়ার সেই মা মহাদেবী। এক সমরে সারা এদিয়ামাইনরে এর পূজার প্রচলন ছিল। ইনি পরে গ্রীকদের কাছে রিয়া (Rhea) নামে পূজা পান। জীট এবং আনাতলিয়াতে এঁর পূজা হত। আনাতলিয়াতে দেবীর মৃতি ছিল দিংহ্বাহিনী। সাইবেলের স্থামী অক্তীল (Attis).

রোমকরা দেবীকে ফ্রিজিয়া থেকে ইতালীতে নিমে বাম। একখণ্ড কুছ কুঞ্জন্তর দেবীর প্রতিষ্ঠিক্তপে পৃত্তিত হত। রোমক রাজদৃতেরা তাকে নিমে গিয়ে পেলেনটাইন (Palantine) পাহাড়ের উপর বিজয়মন্দিরে প্রতিষ্ঠিত করে।

সৌমারীর ননা— সেমিটিকদের আদি-দেবী ননার সহছে আমরা পূর্বে আলোচনা করেছি। পৌমারদের ( ক্রমারবাসী ) আরাধ্যা দেবীও ননা। সৌমাররা মূলতঃ প্রাচ্যদেশের লোক বলে অন্তমান করা হয়। এরা ভারতবর্ষের লোক হতে পারে।৮

ননা কুমারী। তিনি একাধারে মাতৃত্বপিণী এবং রণচতী। মেসোপটেমিরার প্রস্থালিপিগুলিতে তাঁকে সব সময়েই বৃত্বকালে সেনাদলের নেত্রী বলে উল্লেখ করা হরেছে। পর্বতের লক্ষে তাঁর বোগ ঘনিষ্ঠ। তাঁকে সব সময়ে দেবী পার্বতী (Lady of the mountain) বলা হয়েছে। দেবীর বাহন সিংহ এবং তাঁর স্বামীর বাহন বৃহত্ত। ননা দেবীর কাছে নরবলিও দেওরা হত। অবাধ বৌনক্রিয়া এঁরও প্লাছ্ঠানের অক্রমেণ গণ্য হত। মনে হয় মূলে ইনি আমাদের পার্বতী হুর্গা। সৌমাররা এঁকে ভারতবর্ধ থেকে নিয়ে গিয়েছিল।

<sup>&</sup>gt; 8. 8. W., p. 509 2 Ibid, p. 506 4 G. B. (abridged ) p. 881

M I. C., Vol. I, p. 54 9 G. B. (abridged), p. 848

Pre-Aryan Elements in Indian Culture, I. H. Q., Vol. X., pp. 16-17

<sup>&</sup>gt; Ibid, p. 15, m. > 1bid. pp. 15-16

হিট্টাইটদের দেবী—হিট্টাইটদের মধ্যেও দেবীপূজার প্রচলন ছিল। কোনো কোনো পণ্ডিতের মতে হিট্টাইটরা সকর জাতি, আর্থ ও ককেশীয়দের সংমিশ্রণে এদের উত্তব। প্রেই বলা হয়েছে এদের প্জিতা দেবীর নাম কি ছিল সঠিক জানা বায় না। তবে ধ্ব সম্ভব এরা তাঁকে মা বলত। দেবীর বাহন সিংহ বা বাছে। ব

বঘাজিকেয়ী (Boghazikeui) মৃংফলকলিপি থেকে হিট্টাইটদের দেবতা সম্পর্কে কিছুটা তথ্য পাওয়া যায়। দেখা যায় একজন দেবতা সিংহ্বাহিনী এক দেবীর সঙ্গে রয়েছেন। দেবতাটির সঙ্গে একটি পশু আছে। অফুমান করা হয় এটি যগু।

কেশ্পভশিয়ার দেবী — পূর্বেই কেশ্পভশিয়ার (Cappodocia) দেবী 'মা'র উল্লেখ করা হয়েছে। এই দেবীও সিংহবাহিনী। তার স্বামীর নাম তেসাব। তিনি বৃষভবাহন এবং তার হাতে আছে ত্রিফলক বন্ধু অপাং ত্রিশুল।

এঁদের সঙ্গে এবং সৌমার ও হিট্টাইটদের দেবদেবীর সঙ্গে আমাদের শিবহুর্গার সাদৃক্ত এত বেলী যেমনে হয় এঁরা শিবহুর্গার থেকে অভিয়। কিছে এঁদের গতিবিধি নির্ণয় করবার উপযোগী নির্ভরযোগ্য তথ্য পাওয় যায় না। কাজেই এঁরা পূর্ব থেকে পশ্চিমে গেছেন, না পশ্চিম থেকে পূর্বে এসেছেন কিংবা পূর্ব ও পশ্চিমে একই সঙ্গে আবিভূতি হয়েছেন এ সম্বন্ধে নিশ্চয় করে কিছু বলা সম্ভবপর নয়।

ভাইসিস (Isis)—মিশরের প্রধান দেবী ছিলেন আইসিস। সারা দেশ ভ্রুড়ে তাঁর পূজা হত। আইসিসের সঙ্গে ইশ্ভারের অনেক বিদয়ে মিল আছে। ফারাও সিওস্থিস (২০০০ খঃ পূঃ) ছিলেন চক্রবর্তী সমাই। আজিকার অধিকাংশ, লিবিয়া, প্যালেষ্টাইন, ইউরোপের কতক অংশ, এ ধারে পূব দিকে ভারতের সীমা পর্যন্ত বিভ্তুত এলাকা ভূড়েছিল তাঁর সাম্রাজ্য। তিনি ধেখানেই গিয়েছেন সেখানেই দেবী আইসিসের পূজার প্রচলন করেছেন, দেবীর শুল্প স্থাপন করেছেন। সেই স্তল্পের গায়ে সামনের দিকে দেবীর প্রতীক ধোনিচিছ উৎকীর্ণ থাকত।

এই প্রসঙ্গে উল্লেখ করা যায় সেকালে কোথাও স্থন্দরী নারীমূর্তি, কোথাও বা বৃত্ত এবং পবিত্র স্থাচিছ-ত্রিকোণ, আবার কোথাও বা কোনো পন্ত, যেমন গাভী, দেবীর প্রতীকরণে ব্যবস্থৃত হত। আই সিসের স্থামী ওলাইরিস।

**ত্তথর** ( Hathor )—মিশরে হেথর নামে আরেকজন দেবীর পূজা প্রচলিত ছিল।

<sup>&</sup>gt; E. R. E., Vol. VI, p. 728. 2 Ibid, p. 725

ও Frazer : Adonis, Thinker's Library Ed., p. 184 ( জ: এছর্গা, পু ৮৪ )

কেউ কেউ হেখরকে আইসিদ খেকে অভিন্ন মনে করেন। এঁদের মতে হেখর আইসিদেরই নামান্তর। স্বন্ধপত: হেখর আর আইসিদ অভিন্ন হলেও ব্যবহারত: ভিন্ন ছিলেন। কেননা, হেখরের স্বামীও ভিন্ন, তিনি হোরাদ। আদিতে হেখর গাভীরূপিণী। অস্থমান করা হন্ন মিশরে গাভীই ছিল মাত্রদেবতার আদিরূপ। পরে হেখরের বে-মূর্তি কল্লিত হন্ন ভার দেহ মানবীর আর মন্তক গাভীর। মাধান্ত শিং আছে।

এই প্রসঙ্গে মনে পড়ে মাকুদেবভার গাভীরূপ কল্পনার অতি প্রাচীন নিদর্শন আমাদের দেশেও আছে। ঋগুবেদে মা অদিভিকে গাভীরূপে কল্পনা করা হয়েছে।

চল্লের পাতীরূপ—মিশরের বাইরে ক্রীটে হর্ষদেবের র্যভরণ আর চক্রদেবীর গাতীরূপ করিত হত। মর্থাৎ ক্রীটবাসীরা র্যকে হর্ষের প্রতীক আর গাতীকে চল্লের প্রতীক মনে করত। প্রাচীন জগতের অনেক জায়গাতেই চক্রকে শক্ত-উৎপাদনকারিণী দেবতা, ওবধি-বনম্পতি-উৎপাদনকারিণী দেবতা করন। করা হত। কাজেই, এদিক্ থেকে দেশলে চক্র মাতৃদেবতা। আমরা লক্ষ্য করে এসেছি খ্রীদেবতার আদিরূপ মাতৃরূপ। আবার দেশা গেল গাতী মাতৃরূপের অক্ততম প্রতীক। অনেক প্রাচীন দেবীমূর্তি বা দেবীর প্রতিকৃতির মাথার যে-লিং দেখা যায় সেই লিং মনে হয় দেবীর মাতৃরূপের নিদর্শক চিহন। কেননা, এই লিং গাতীর লিং হতে পারে আবার চক্রকলাও হতে পারে; কিন্তু ষেটিই হোক না কেন মাতৃরূপের ছোতকই হবে।

বাবস্থিস ( Bubastis )—আরেকজন মিশরীয় দেবীর কথা জানা যায়। তাঁর নাম বাবস্থিস বা বাস্ত (Bast)। তিনি সতীত্বের দেবতা। গ্রীকদের ভারেনা তাঁর প্রতিরূপ।

মিশরে এ ছাড়া মনেক স্থানীয় দেবীও ছিলেন। তাঁদের নথ (Nath), পথ ত (Pakht), শেখেত (Sekhet), মাত (Mut), সাবেন (Suben), নতি (Nati)—এই সব নাম ছিল। তবে এঁবা ভিন্ন ভিন্ন দেবী নাও হতে পারেন। হয়ত বা এই সব নাম একই দেবীর বিভিন্ন স্থানীয় নাম।

ভবিভি (Tabiti)—৮০০ খৃইপূর্বাব্দে গ্রীকরা ক্রম্থসাগরের তীরে গিয়ে উপস্থিত হয়।
আয়গাটা এখনকার রুশ দেশের মধ্যে। সেখানে ষে-লোকদের তারা দেখতে পেল তাদের
নাম দিল শিথিয়ান অর্থাৎ শক। এই শকদের সর্বপ্রধান দেবতা ছিলেন দেবী তবিভি।
ইনি গার্হস্য অন্নিদেবতা বা পরিবারের দেবতা পর্যাৎ গৃহদেবী।

हिचित्रा ও ভেতা (Hestia and Vesta )—शीक एव मध्य हेनिहे ट्रिका नांस्य

<sup>8</sup> S. S. W., p. 509 4 Ibid, p. 517 4 Ibid, p. 362

পূজা পেতেন। হেন্তিরা গৃহারি-দেবতা। প্রত্যেক পরিবারেরই নিজস্ব হেন্তিরা থাকতেন। এই দেবীই রোমকদের দেবমগুলে ভেন্তা নামে গৃহীত হয়েছেন। ভেন্তা রোমকদের গৃহারি-দেবতা।

গ্রীক্ষের ও রোষক্ষের বিভিন্ন দেবী—গ্রীক ও রোষক দেবমগুলে দেবীদের সংখ্যা কম নয়। মাতৃদেবতারূপেই তাঁদের অনেকের পূজা হত। গ্রীকরা বিভিন্ন ব্যাপারের বিভিন্ন অধিষ্ঠাত্রী-দেবতা কল্পনা করত। বেমন মুজের দেবী এধিনি, প্রেমের দেবী এফ্লডি, শিকারের দেবী আতিমিদ। গ্রীকদের ধরিত্রীদেবী গইয়ার কথা পূর্বেই বলা হয়েছে।

জুনো (Juno)—গ্রীকদের প্রধান দেবী হেরা। রোমকরা এঁকে বলত জুনো। হেরা বা জুনো দেবরাজ জিউসের পদ্মী। পূর্ব-সৌন্দর্যে বিকশিত অতুলনীয় মহিমায় ভাষর মাতৃমূর্তি জুনো বা হেরা। মামুবের অশেষ কলাাণ-কারিণী এই দেবী জীবনের নানা বাাপারের অধিষ্ঠাত্তী-দেবতা। তিনি রাষ্ট্র ও সমাজের রক্ষাকারিণী, নারীদের রক্ষাকারিণী ইইদেবী। তির তির কাজের জন্ম ইনি ভিন্ন তির নামে পূজা পেতেন। দৃষ্টাস্কম্বরূপ বলা বার জুনো কুমারী মেরেদের কুমারীধর্মের রক্ষাকারিণীরূপে ভার্জিনেন্সিদ (Virginensis) নামে পূজা পেতেন; দাশতাজীবনের অধিষ্ঠাত্তীরূপে মেট্রোনা (Matrona) নামে তার পূজা হত। ত

জুনোর পূজা উপলক্ষ্যে মার্চমাদে বিরাট উৎসব হত। বে-সব মেরের চরিত্র সহজে কখনো কোনো কানাঘুবাও শোনা বায় নি কেবলমাত্র সেই-সব নিজ্ঞগছচরিত্র কুমারী ও সধবা মেরেরাই এই উৎসবে বোগ দিতে পারত। দেবী জুনোর পূজা-আর্চার কোনো রক্ষ অসংব্যের স্থান ছিল না। তাঁর অসংখা ডাকিনী বোগিনী অস্তুচরী ছিল।

ভেনাস (Venus)— ফিনিসিয়ার লোকেরা থাকে বলত মন্তারতি প্রীকরা তাঁকেই বলত এফদিতি আর রোমকরা ভেনাস। ইনি প্রেম ও সৌন্দর্যের অধিদারী-দেবী। প্রেক্জিটেলিস (Praxiteles) থেকে আরম্ভ করে বহু শিল্পী যুগে যুগে তান্তের শিল্পান্থীর সমস্ত শক্তি উজাড় করে দিয়ে এই দেবীর অপূর্ব সুন্দর মৃতি রচনা করেছে, পাধর দিয়ে করেছে, করেছে রং ও তুলি দিয়ে। এফদিতির স্বামী এফনিস।

হিরোভটাসের (Herodotus) মতে ফিনিসীয়র। সাইপ্রাস খীপের পেঞ্চসে ( আধুনিক কুক্লিয়া) দেবী একদিতির মন্দির প্রতিষ্ঠা করে। ক্রেলার মনে করেন কিনিসীয়রা পেঞ্চলে খাবার আগেই ওথানে স্থানীয় উর্বরতার দেবীর পূজা হত। ফিনিসীয়রা দেখল এই দেবী ঠিক তাদের দেবী অস্তারতির মতো। তাই তারা তাকে অস্তারতি বলে পূজা করতে লাগল।

<sup>5</sup> H. R., p. 278 & Ibid, p. 284 6 8, 8, W., pp. 519-18

F Ibid, pp. 512-18 4 Ibid, pp. 511-19 4 G. B. (abridged), p. 880

এথিনি ( Athene )—এথেন্দের অধিবাদীদের সর্বারাখা দেবী এখিনি বা এখিনা। ইনি কুমারী। এঁকে এখেন্সবাদীদের কুলদেবী বলা বার। এথিনিষ্তির মাখার দেখা বার দিরপ্রাণ, হাতে শূল ও চর্ম। এ মৃতি রপদেবীর। কিছ পার্থিননে দেবীর মন্দিরে তার একটি প্রাচীন মৃতিও ছিল। সে-মৃতি খাটি মাতৃমৃতি। এখিনি আবার সমস্ত বিভা ও শিল্পের অধিচাত্রী দেবী। ইনিই রোমকদের দেবী মিনার্ভা। এঁকে আমাদের সরস্বতীর প্রতিজ্ঞপ বলা বার।

আর্ডিনিস (Artemes )—গ্রীকদের দেবী আর্ডিনিস সাধারণভাবে প্রকৃতি বা বহিঃপ্রকৃতির অধিচারী-দেবী এবং বিশেষভাবে উর্বরতার দেবী। তিনি আবার শিকারেরও অধিচারী-দেবী। তবে তিনি প্রধানতঃ মান্তদেবতা। তিনি মান্তদেবতা চন্ত্র, প্রজননের অধিচারী। একি সিরানে (Ephesian) আর্তিমিসের মৃতি পাওরা গেছে। স্তিটি বহস্তনা । দেবী বে প্রধানতঃ মা, মৃতিটি ভারই পরিচারক। আর্ডিনিসই রোমক দেবম ওবে দেখা দিয়েছেন ভারেনারূপে।

তেবভার মাজুরপের আদর—গ্রসক্তরে উরেপ করা বার প্রীদের জনদাধারণ দেবতার মাতৃরপের পূজার অধিক আনন্দ পেত। তারা প্রবলি দিরে পূজা করত। কোধাও কোধাও যে বহু পশু বলি দেওরা হত তারও নিয়লন আছে।

পকা করা গেছে রোমক দেবমগুলেও গ্রীক দেবীদেরই দর্শন পাওরা বার। তবে এখানে উাদের নাম বছপে গেছে আর কারো কারো কেত্রে রূপও বছপেছে। বেমন দেখা গেল হেরাব নাম হরেছে ক্নো, এপিনির মিনার্ডা, এজদিতির ভেনাস আর আর্তিমিনের নাম গ্রেছে ভারেনা। এই প্রসক্ষে করণ রাখ। প্রয়োজন, গ্রীকদের দেবকলনা আর রোমকদের দেবকলনা একরকম হংগও হবছ এক নয়, উভরের মধ্যে পার্থকাও আছে।

ভারেল। (Diana) — দৃষ্টান্থ হিসাবে বোষক দেবী ভারেনার উরেধ করা বার। প্রীক দেবী আভিমিসই ভারেনা হরেছেন সন্দেহ নাই কিছ উভর দেবীর রূপকল্পনার মধ্যে পার্থকাও আছে। প্রকৃতির মধ্যে ধে-বিরাট্ প্রাণশক্তি অভিবাক্ত, গাছপালা জীবজন্তর মধ্যে প্রবিহত, ভারই মৃত্বিগ্রহ ভারেনা। তিনি বনদেবী, বনের অধীধরী, বনা জীবজন্তর রুমাকারিশী।

এই প্রানম্নে মনে পড়ে ঠিক এমনি একজন দেবীর উল্লেখ আছে ধন বৈদে। তিনি মরপোর দেবী মরপানী। ও এছাড়া, বাংলা মঙ্গকাব্যের দেবী চণ্ডীর সঙ্গেও ভারেনার নিশ সন্ধনীয়। উভয়েই বল্প জীবজন্তর রক্ষাকারিশী।

<sup>&</sup>gt; A. A. B., p. 179 e G. B., Part I, Vol. II, p. 128 . S. S. W., p. 514

<sup>1</sup> lbid 4 Themis, 2, 504 . 4 (4 >-1>89

ভারেনা কিন্তু শিকারীদেরও ইইদেবী। আবার পশুপালকরাও তাঁর আপ্রিত। আর্তিমিসের মতো ভারেনা চক্রদেবী, শক্তের এবং সম্ভানজন্মের অধিষ্ঠাত্রী। তাঁর রূপাতেই মান্ত্র সম্ভান লাভ করে। শুমাদের মাধ্যীর কথা মনে পড়ে।

্ আভেনটাইন ( Aventine ) নদীর ধারে ছিল্ দেবী ভায়েনার মন্দির। মন্দিরে ছিল্ দেবীর বছন্তনা মৃতিটি মুতিটি গ্রীকদের আতিমিলমৃতির অফুকরণে তৈরি।

ভারপেরের। (Anna Perenna)—রোমক দেবমণ্ডলে মরণেরের। নামে একজন নৃতন দেবীর দেখা পাওয়া ধায়। এঁকে বর্ণচক্রের দেবী বলা হত। বংসরের তংকালীন প্রথম মাসের মর্থাৎ মার্চ মাসের প্রিমায় এই দেবীর উৎসব হত। এই উৎসবে মসংঘত আমোদ-প্রমোদ্ভ চলত।

কেউ কেউ অন্নপেরেরাকে অন্নথিষ্ঠান্তী-দেবী মনে করেন। আমাদের দেবী অন্নপূর্ণার সঙ্গে এঁর সাদৃত্য লক্ষণীয়। অন্নপূর্ণার পূজাও বসস্তকালেই হয়ে পাকে। এ বিধয়ে এর অতিরিক্ত কিছু বলার মতে উপযুক্ত তথা পাওয়া যায় না।

অক্সান্তদের মধ্যে দেবীপূজা—প্রাচীন টিউটনদের মধোও দেবীপূজার প্রচলন ছিল। জার্মান দেশে বাল্টিক সাগ্রের দক্ষিণ ধারের জনগুলি দেবী হের্থাসের (Herthus) পূজাকরত। হেরথাস সেই প্রাচীন ধরিত্রীমাত । •

ইউরোপের নানা স্থানে আরও নানা দেবীর পূজা হাত। বেমন জিসিয়াব। জার্মানী। লোকেরা হল্ডা (Hulda) নামে এক দেবীর পূজা করত। ইনি জেলে ও চাধার দেবী। আইসল্যাতে দেবী জিগ্ধার (Frigga) পূজা প্রচলিত ছিল। দেবীর মহিমময়ী মাতৃষ্তি। সন্ধানহীনেরা এর রূপায় সন্থানলাভ করত। ত

শক্তিপুতা মানুবের মজাগত—আমর। লক্ষা করে এসেছি আনিম মানুবের আদিদেবতা শক্তি। আদিম মানুবের শক্তিতে বিশ্বাস ছিল, সে শক্তির পূলা করেছে। কাজেই,
বলা বার শক্তির প্রতি বিশ্বাস, শক্তির পূলা মানুবের মজাগতে হয়ে গেছে। কাজে কাংল
মানুবের কত পরিবর্তন হয়েছে; আনিম মানুধ হয়েছে ওসভা; মানুবের চিন্ধাভাবনা,
সমাজ, ধর্ম সব বনলে গেছে। কিন্তু সেই আনুমি বিশ্বাস ব্যেনি।

করাসী নিপ্লবে শক্তিপুজা—তাই দেশ যার করাসী বিপ্লবের সময়ও জনসাধারণ প্রকৃতির নারীমূর্তি গড়ে পূজা করেছে। শিল্পী দেখিয়েছন দে-মূর্তির অনাবৃত স্তন থেকে বইছে জ্লধারা; এ ধারা স্তন্তধারার প্রতীক। তুগ্ ভাই নয়, প্রজ্ঞাদেশীর (Goddess of

<sup>&</sup>gt; G. B., Part I, Vol II, p. 123 > Ibi! • E. P., Vol. I, p. 997 (27 Anna Perenna)

<sup>8</sup> H. R., p. 255 & Ibid, pp. 259-60 • Ibid, p. 268

Reason) প্রতিমৃতিরূপে একজন সত্যিকারের নারীকে নিয়ে তারা পেরিসের রাস্তায় রাস্তায় বিজয়-শোভাষাত্রা করেছে, তারপর তাকে গীর্জায় নিয়ে গিয়ে বেশীর উপর বসিয়ে পূজা করেছে।

এ কালের ইউরোপে শক্তির স্বীকৃতি—এ কাপের ইউরোপীর সাহিত্য এবং দর্শনেও শক্তির স্বীকৃতি আছে। দৃষ্টাপ্ত হিসাবে কৰি জ্বইনবার্ণের Mater Triumphalis, Hertha, The Pilgrims এবা Dolores-এই ক'টি কবিতার উল্লেখ করা যায়। তাতে শক্তি সম্বন্ধে যে-ধারণঃ প্রকাশ প্রেছে সেই ধারণা আর ভারতীয় ধর্মের শক্তির ধারণা প্রকৃতপ্রস্থাবে একই রক্ম।

কোনো কোনো পাল্চাভা পণ্ডিভও মনে করেন ধর্মের বধার্থ মর্ম জানতে হলে প্রথমে বিশ্বাস করেও হবে মাঞ্বের ইন্দ্রিয়ণ্ড জীবনকে অভিক্রম করে রয়েছে ভার আধ্যান্ত্রিক জীবন। সেই জীবনের মধাই ভার ইন্দ্রিয়ণ্ড জীবনের প্রভিছিও আছি। এই আধ্যান্ত্রিক জীবনের প্রধান অবলম্বন এক মাতীন্ত্রিয় শক্তিতে বিশ্বাস। এই শক্তি যুক্তিতক্বিচার-নিরপেক, প্রভাক্তমভাভূতিগ্রা।

প্রত্যাদেশ-নিরপেক প্রাকৃতিক ধর্মে শক্তি— প্রত্যাদেশ-নিরপেক প্রাকৃতিক ধর্মে। Naturalistic religion । শক্তির প্রতি বিশ্বাস অনুদ্র : এই শক্তিকে কেউ বলেন অন্ধ লড় শক্তি, কেউ বা এব মধ্যে চৈতারের পরিচয় পানে। এই শক্তিকেই কেউ কেউ মাধ্যবের ভাগানিয়ায়ী শক্তি মান করেন। কিন্তু উদ্দের মাত এ শক্তি মাধ্যবের অধ্যয়েশে সম্পূর্ণ উদাসীন। মাধ্যব হয় এর পূজা করেছে, স্ববস্থতি করেছে, নয় একে অবজ্ঞা করেছে এবা এই শক্তির চেয়ে নিষেব কোনো আন্ধর্শকে শ্রেষ্ঠ মনে করে ভারই পূজা করেছে।

হার্বাট ক্রেন্সার ও শক্তি -হাইটে পোন্সার মনে করতেন জগতের সমস্তই এক মসীম অনস্থ শাস্ত শক্তির মধ্যে বিলীন হয়ে যায় আবার তার থেকেই হয় স্ক্রি, স্ক হয় বিবর্তনের ধারা। এটি ভারতীয় শক্তিত্তের অভ্যন্ত।

নীট্নে ও শক্তি— পাকাতা দার্শনিকদের মধ্যে দেরা শক্তিবাদী মনে হয় নীট্লে (Nietzsche)। তিনি বলেন "এই বিশ্ব এক বিরাট্ শক্তি। এর মধ্যে কোন অস্পট্টতানেট এবং এ অসীমেও বালে হয় না। এ হচ্ছে দেশপরিছিল এক নির্দিষ্টপরিমাণ শক্তি। এট বিশ্বে চল্লছে শক্তিব তরজলীলা। এ শক্তি একই নঙ্গে এক এবং বহু; কোষাও প্রীভৃত, কোষাও কীল্লমান। বেন শক্তির এক সমূহ প্রচও কোধে তোলপাড় করছে,

<sup>&</sup>gt; 8. 8. W., p. 504 & H. B., Vol. II, p. 287, n. 1 • G. Ph. B., pp. 96-87

গর্জন করছে। কত যুগর্গান্তের উপর দিয়ে তার কত নামরূপের জায়ারভাঁটা চলছে। ভাঁটার টানে বা দ্রে মিলিয়ে বাচ্ছে, জোয়ারের টানে তাই জাবার ফিরে দেখা দিছে।" নীট্লে মুয়য়ী শক্তির কথা বলেছেন। চিয়য়ী মহাশক্তির তম্ব তার অধিগত ছিল না। অবশ্ব নীট্লের অভিমতকেও ভারতীয় শক্তিতব্বের এক সম্বীর্ণ ব্যাখ্যা বলা চলে। তিনি বৃদ্ধি দিয়ে শক্তির জড়রূপ সম্বদ্ধে বেট্কু জেনেছেন তাই বলেছেন। কিন্তু চিং-জড়াআ্বিকা মহাশক্তির তন্ত্ব সামান্তমাত্রই বৃদ্ধিগ্রাহ্ম। সেইজন্ত, ভারতীয় বিচারে শক্তি সম্বদ্ধে নীট্লের ধারণা নিতান্ত অসম্পূর্ণ।

ভারতের বাইরে দেবীপূজার সন্ধান কেন ?—রমাপ্রদাদ চল্দ মহাশয় লিখেছেন শোক্তদের দেবী সহন্ধে বে-ধারণা তার অহরূপ ধারণার সন্ধান করতে হলে আমাদের চলে বিভে হবে বেদপদী আর্যদের দেশ ছাড়িয়ে আবেস্তাপদী ইরাণীদের দেশ ছাড়িয়ে এসিয়ামাইনরে, সিরিয়ায়, মিশরে, চলে বেতে হবে ভূমধ্যসাগরের তীরদেঁশা অন্ত অন্ত দেশগুলিতে।"

এই অধ্যায়ে ধ্বাসাধ্য সে চেষ্টা করা গেল এবং সেই সঙ্গে ইউরোপেও দেবীপূজার সন্ধান করে আসা গেল। দেখা গেল শাক্তদের আরাধ্যা মহাশক্তি মহাদেবীর পূজা এবং প্রভাব কোনো না কোনো আকারে একদা ভারতের বাইরেও এক বিস্তৃত এলাকায় ব্যাপ্ত ছিল।

<sup>3</sup> G. Ph. R., p. 107 2 I. A. R., p. 148

## তৃতীয় অধ্যায়

## ভারতের মাসুষ ও প্রাচীন ধর্ম

নৃতাদ্বিক প্রেণীবিভাগ— ইতিহাসের ববনিকা বখন উঠল তখন দেখা গেল ভারতের রঙ্গমঞ্চ কুড়ে রয়েছে বিভিন্ন স্তরের মাছব'। একেবারে আদিম স্তর থেকে আরম্ভ করে সভ্যতার উচ্চ স্তর পর্যন্ত এরা ছড়িয়ে আছে। এদের আছতি-প্রকৃতি, জীবনবাত্রা-প্রণালী, ভাব, ভাষা ইত্যাদি নানা বিষয় বিচার করে পতিতেরা এদের সাধারণতঃ এই কটি জনসমন্তি বা প্রেণীতে ভাগ করেন। বখা—(ক) নেগ্রিটো (নেগ্রিলো)। (খ) প্রোটো-অইলয়েড অর্থাৎ আদি-অইলীয় ; এদের কোলিডও বলা হয়। (গ) প্রোটো-ভাবিড় অর্থাৎ আদি-জাবিড় বা প্রস্ক-জাবিড়। (ঘ) আলপাইন বা ইন্দো-আলপাইন। (ই) প্রোটো-নর্ভিক। (চ) মঙ্গোল বা ভোটচীন। মঙ্গোলরা ভারতে আসে স্বার শেষে।

ভাষাগভ শ্রেণীবিভাগ—ভাষার বিচারে এদের আট্রক, স্রাবিড়ু আর্য ুএবং ভোটচীন মোটাম্টি এই কটি ভাগ করা ষায়। কিন্তু সাধারণতঃ আর্য এবং অনার্য এই ছটি ভাগই করা হয়। আবার আর্য এবং অনার্য এই শব্দ ছটিকে ভগু ভাষাবাচক নয়, জাতি-ও সংস্কৃতি-বাচকও মনে করা হয়।

নেত্রিটো বিশেষজ্ঞদের অন্থান ভারতের একেবারে আদিম অধিবাসীরা ছিল নেত্রিটো। এদের মধ্যে ছিল নানা জন। পরবর্তীকালে এরা প্রায় লোপ পেরে যায়। তবে আন্দামানে এদের একটা ছোট দল টিকে আছে। এ ছাড়া, কোচিন ও ত্রিবাস্থ্রের (বর্তমান কেরলের) পার্বত্য কাভার (Kadar) ও প্লয়ানদের (Pulayan) মধ্যে, ওয়াইয়ানাভের (Wynad) ইকলদের মধ্যে, আসামের আসামী নাগাদের মধ্যে এবং বিহারের রাজমহল পাহাড়ের কোনো কোনো আরণ্যক জাতির মধ্যে এদের অবশেষ আছে বলে পণ্ডিতরা অভিমত প্রকাশ করেন।

নে<u>গ্রিটোদের সম্বাদ্ধ বিশেষ কিছু জানা বার না।</u> গভীর জরণ্যে বিশেষ করে সমূত্র-ভীরের স্থানসমূহে এরা বাস করত। কৃষিকাজ এরা জানত না। এদের কোনো রক্ষ সভ্যান্তর বালাই ছিল না।

<sup>&</sup>gt; जामाना, नान, २०००, वर्ष नर नृ २०० २ V. A., p. 148 व जान ना, नृ ১১

অফুমান করা যায় আদিম মাতৃষ যে রকম দেবতা অপদেবতায় বিশাস করত নেগ্রিটোরাও সেই রকমই বিশাস করত। কিন্তু এ সম্বন্ধে নিশ্চয় করে কিছু বলার মতো তথ্যাদি পাওয়। যায় না।

ভারতের আদিম অধিবাসী—ভারতের অধিবাসীদের সহতে পণ্ডিত-মহলে একটি বছল-প্রচারিত মত এই যে এদের মধ্যে ওগু নেগ্রিটোরাই এদেশের <u>আদিম অধিবাসী আরু</u> স্বাই রাইরের থেকে এসেছে। বিশেষ করে প্রাবিড় এবং মার্যভাষীরা যে বহিরাগত এই মৃত্টি সব চেয়ে বেনী প্রচারিত। কিন্তু এ বিষয়ে ভিন্ন মত্ত আছে। ভিন্নতবেলখীরা বলেন প্রবিড্ডায়-ও আর্যভাষা-ভাষীরাও মূলতঃ ভারতের অধিবাসী, ভারত থেকেই তারা বাইরে গৈছে।

প্রোটো-অপ্রলয়েড—নেগ্রিটে জাতির জীবননাটা-অভিনয়ের শোপর দিকে ভারত-রঙ্গমাঞ্চ প্রবেশ করে পাধরের অস্ত্রশন্ত হাতে নিয়ে বর্তমান মৃত্যা, জীল, সাঁওভাল, ওরাঁও, খণ্ড, গল্প, প্রভৃতি জাতিদের প্রজন্ত। এরা সৃত্তবেতা ছিল ক্রেণীয় জাতির একটি অধ্যান শাখা। বিশেষজ্ঞরা মনে করেন এরা অটেনিয়ার বর্তমান অস্ত্রা জাতিদের নিকটতম জাতি। তাই তাঁরা এদের প্রোটো-অট্টলয়েছ জাতি বলেন এবং এদের ভাগাকে অত্তিক ভাগার অন্তর্ভক করেন। অবিভৃদের আগে এরা ভারতে এসেছিল বলেন এদের ভাবিছ-পূর্ব বা Pre-Dravidian জাতি বলা হয়। এই ভাবিছ-পূর্ব প্রোটো-অট্টলয়েছ জাতিশ্রনিক ভারতের বর্তমান অধিবাদীদের মূল-ভবক substratum। মনে করা হয়। প্রিভেবা মনে করেন এদের সঙ্গে নেগ্রিটোদের রজের সংমিশ্রণ হয়েছিল।

এই প্রোটো-অটুলয়েছর। এক সময়ে সারা ভারতে ছচিতে পড়েছিল। হিমালয়ের দক্ষিণ-পশ্চিম পাদদেশ থেকে আরম্ভ করে মধাপ্রদেশ বালো, আসমে হয়ে বর্মা এবং কম্বেক্ত পর্যন্ত ছিল এদের বাস। কর্তিক কেউ মনে করেন পশ্চিমে ইরাণ পর্যন্ত পর্যন্ত এবা ছড়িয়ে পড়েছিল। আবার এধারে দক্ষিণ-ভারত ও সিংহল থেকে আটুেলিয়া পর্যন্ত এলাকায় এই প্রোটো-অটুলয়েছরা বাস করছিল বলে অফুলান করা হয়। ব

ভারতীয় সভ্যতার গোড়াপত্তন—পণ্ডিতর। মহুমান করেন এই প্রোটো-মইুন্মেডগাই ভারতীয় সভ্যতা ও সংস্কৃতির গোড়াপত্তন করে। এরা চাহবাস করতে স্কুক্ করে, কুবিল্লীবী

<sup>&</sup>gt; মহানহোপাধ্যার প্রানাধ ঝা, ডি. এন. ক্রিবেদী, এল. ডি. কর, এন. আন. আনী, কে. এম. মুলী প্রকৃতি মনে করেন আর্বরা ভারত থেকেই বাইরে পেছেন। জ:—\`. A., Ch 10, Appendix.

जाविक्रमंत्र मध्य ज:-- B. Ph. V. U., pp. 9-12 १ छ। मा मा, मा भ, ১०६६, भू ३६६

<sup>•</sup> मे पृरह• व जानना, पृत्र व बाई, पृत्र

মাছবের স্থম্ম সমাজ-ব্যবস্থার প্রবর্তন করে। বতদুর জানা বার এদের জীবন ছিল গ্রামকেজিক।

ক্রোটো-অন্তলয়েডদের ধর্ম বিশাস—এরা মালুবের একাধিক আব্যায় বিশাস করত।
এদের ধারণা ছিল মৃত্যুর পর মালুবের আহ্যা গাছে, পাহাড়ে অধবা অল্প জীবজন্বর মধ্যে
প্রবেশ করে। সন্থবতঃ এদের এই ধারণাই পরবাতীকাপে হিন্দুদের প্রজন্মবাদে রূপান্তরিত
হয়। মনে হয় এদের মধ্যে হিন্দুদের প্রান্তের অন্তর্জন রীতিও ছিল। এরা মৃত্তর উদ্দেশ্তে
মাঝে মাঝে থাছাদি দিত্র। প্রোটো-অইলয়েভরা মৃতদেহের বৃক্ষসমাধি দিত। এর অর্থ
মৃতদেহটিকে গাছের ছাল বা কাপড় দিয়ে জড়িয়ে গাছের উপরে ভালের সঙ্গে বেঁধে রেখে
দিত। তবে এরা মৃতদেহ মাটিতেও পুঁতে দিত এবং সমাধির উপর একখণ্ড লম্বা পাধার থাড়া
করে পুঁতে রাখত।

শক্তিপুজার আদি-প্রবর্তক— প্রোটো-অট্ররেডর। প্রধানত: স্থাদেবতারই পূজা কবত। এদের প্রায় সব দেবতাই স্থাদেবত।। কেউ কেউ অহমান করেন এরাই সম্বর্ত: ভারতের শক্তিপুজার আদি-প্রবর্তক।

ক্রোটো-অন্ট্রলয়েডদের বিভিন্ন জন— প্রোটো-অট্রলয়েডদের মধ্যে ছিল বিভিন্ন জন। কোনো জন ছিল নেগ্রিটোদের মতো অরণাবাদী, বিকারজীবী। এরা চাগবাদ প্রভৃতি জানত না। এই অরণাবাদী অপেকাকত নিয়ন্তরের প্রোটো-অট্রলয়েডরাই প্রাচীন ভাগতে নিয়ন্ত, ভিন্ন-কোরা প্রভৃতি নামে প্রিচিত ছিল।

**শতাবচরিত্র**—প্রোটো-কট্রলয়েজদের শতাবচরিত্র সহছে বলা হয় তার। ছিল সরল সোজা নিরীয় মায়ব। শতাবতঃ শালিপ্রিয় ছিল বলে প্রবল জাতির আক্রমণ বা প্রভাব কোনোটাই ঠেকাতে পারত না, প্রবল্ধে মেনে নিত। তারা ছিল আম্দে মায়ব, শতাবতই হাসিপুরী। ভারপ্রবলতা এবা কর্মনাপ্রবলতা তালের ছিল, কাজেই কবিব্লক্তিও ছিল। তারা কতকটা কান্ক ছিল। কাজকর্মে উৎসাহ এবা দায়িজ্বোধও তালের কিছুটা ক্রম ছিল। মোটের উপর তালের জন্মবিশ্বর মন্সপ্রকৃতির লোকই বলা বার। সংহতিশক্তি বা চরিত্রের দৃচতাও তালের কমই ছিল। তবে তারা ছিল অফুরম্ব প্রাণশক্তির অধিকারী। নানা বিপ্রয়ের মধ্যেও সে-প্রাণশক্তি নিংশেষ হয় নি।

একের দান পুবেই বলেছি প্রোটো-মট্টলরেডরাই ভারতীয় সভাভার গোড়াপ্তন করেছে বলে মহুমান করা হয়। কেউ কেউ ত মনে করেন ভারতীয়দের ছীবনহাত্তায়

<sup>&</sup>gt; साम मा, पु २०-३० ६ का सामा, मा प, २०३०, पु २०१

० साममान्द । सेपूर्य-३०

ব্যবস্থত নানা বন্ধ বেমন ধান, পান, ছল্ছ, নিন্দুর, কলা, স্থপারি প্রভৃতি এই প্রোটো-স্ট্র-লয়েডদেরই দান।

**এথাটো-জাবিড়**—প্রোটো-অইনরেডনের পরে ভারতে আনে প্রোটো-জাবিড় বা আদি-তাবিড় বা প্রস্ক-তাবিড়। পণ্ডিতরা কেউ কেউ মনে করেন প্রোটো-অইনরেডরা এনেছিল ভারতের উত্তর-পূর্বণ সীমান্ত দিরে আর আদি-তাবিড়রা এনেছিল উত্তর-পশ্চিম সীমান্ত দিরে। নেইজন্ত, অনুমান করা হর তারা আগে পরে না এলে একই সন্তেও ভারতে প্রবেশ করতে পারে।

ইন্দো-বেভিটারে বিয়াল কোনে। কোনো পশ্চিতের অভিমত আদি-প্রাবিভয়। ছিল প্রাচীন স্থমেরীয় বাবিলনীয় ইভিপ্ শিরান প্রভৃতি জাতির আভি। এর। ইউরোপের মেভিটারেনিয়ান জাতির পূর্বজন্বে জাতি বলে এদের ইন্দো-মেভিটারেনিয়ান বলা বেডে পারে।

এত্বের জাতি—অসুমান করা হয় এই ইন্দো-মেডিটারেনিয়ান বা স্থাবিভ্রের জাতিরা ইরাণ, ইরাক, এসিয়ামাইনর প্রভৃতি দেশে এবং গ্রীদে ও গ্রীক শীপপুঞে বাস করত।

বেদের অস্থর—কোনো কোনো পণ্ডিতের ধারণা বেদপদী আর্বরা এই ক্রাবিদ্দেশরই অক্সর কলতেন।

আছি-তাৰিত ও বোহেন-জো-কড়ো-কড়া।— বহুমান আদি-ত্ৰাবিড়কের মধ্যেও নানা জন ছিল এবং কোনো কোনো জন সভ্যতার নীচু ভরেই ছিল। আবার কোনো কোনো জন উন্নত সভ্যতার অধিকারী ছিল। অভ্যান করা হয় এলের সভ্যতা ছিল নগর-কেত্রিক। অনেকের ধারণা মোহেন-জো-দড়ো ওহড়মার বিরাই নগরগুলি আদি-ত্রাবিড়কেরই কীর্তি।

হল (Hall) বনে করেন প্রাবিভরা সিন্ধু-উপভাকার প্রথমে ভালের সভাভা গড়ে ভোলে। এদেরই একটা দল এই সভ্যভাকে নিম্নে যার ক্ষেরণেশে এবং এই দলই ক্ষেন্ত্রীয় নামে পরিচিত হয়। অর্থযাবারর সেমিটিকরা এই ক্ষেন্ত্রীয়নের (সৌর্যারনের) কাছ থেকেই সভ্য জীবনযাত্রার অনেক বিষয় শিক্ষা করে। ভালের কাছ থেকে লিশিকোশন, নগরপক্তন, পাখর দিয়ে বাড়ী ভৈরি প্রভৃতি নানা বিশ্বা শেখে।

আরও গ্রালক্ষীসূর্তি—উত্তর প্রদেশের কানপুর জেলার ভেহরাপুর তহসিলের একটি ছোট গ্রাম লালভগত। এই গ্রামে কতকগুলি পুরাতান্ত্রিক নিদর্শন আবিষ্কৃত হয়েছে। এইগুলিকে বিতীয় খৃঃ শতকের নিদর্শন মনে করা হয়। এই সবের মধ্যে বেলে পাধরের একটি থাম আছে। এই থামের মাধার একটি গ্রাজনন্দ্রীমূর্তি খোদিত আছে।

বসারে (Basarh) শুগুরুগের কতকশুলি সিল পাওয়া গেছে। এই সিলগুলিতেও গলস্মীর মূর্তি উৎকীর্ণ রয়েছে।

আছিক।— ওপ্তদমাটদের চন্দ্রগুর-কুমারদেবী-বর্ণমূজার এক বিভূজা আদীনা দেবীমূর্তি আছে। দেবীর বা হাতে পদ্ধ আর ভান হাতে ঘট। কোনো কোনো মূজার তাঁর পা পদ্মের উপর শুস্ত। এল্লান ( Allan ) মৃতিটিকে লন্দ্রী অথবা অধিকার মূর্তি মনে করেন।

মহিনমজিনী—ভিটাতে ওপ্তর্গের বে-সব পুরাতারিক নিদর্শন পাওয়া গেছে তার মধ্যে আছে পাখরের তৈরি কৃত্র কৃত্র মৃতি (অলম্বরণমৃতি)। মৃতিগুলি বিভূজা মহিবম্দিনীর।

উড়িকার একটি প্রাচীন বিভূজা মহিবমর্দিনীমূর্তি পাওয়া গেছে। রমাপ্রসাদ চন্দ্র মহাশরের মতে মৃতিটি শুপ্তর্গের।

নাগার্জ্ব পাছাড়ের এক ওছায় বঠ শৃঃ শতকে মৌধরীরাজ অনস্তবর্যন্ ভূতপতি ও দেবীর

<sup>&</sup>gt; #: D. H. I., p. 544 2 Ibid, Periplus of the Rrythrean Sea, p. 46.

Natural History, Vol. II, p. 408. C. D. H. I., pp. 105-106

<sup>•</sup> T. Block's Notes on Excavations at Basarh, A. B. A. S. I., 1908-1904, pp. 107-109

<sup>1 37</sup> D. H. .. p 8 v 37 D. H. I., p. 498

A. S., No : 44, Pl 4. T: Obscure Figures In Some Famous Temples of Orissa : Sushilohandra De, Curator, Orissa State Archives, A. B. Patrika, Sept., 28, 1952

মূর্তি স্থাপন করেন এবং অক্ত একটি গুহায় মা মহাদেবীর মূর্তি স্থাপন করেন। এই মহাদেবীকে বলা হয়েছে দেবী, ভবানী, কাত্যায়নী ও মহিবাফ্রমর্দিনী।

সপ্তমাতৃকা— বিশ্বর্মনের গঙ্গধার প্রত্বলিপিতে (খৃ: ৪২৩) আছে এক 'নৃপতি-সচিব' পুণালাভের জন্ত মাতৃকাদের ডাকিনীসমাকুল 'বেশ্ব' নির্মাণ করিয়েছিলেন।\*

দেওগড় পাষাণ-লিপিতে ( আহুমানিক ষষ্ঠ শতক ) মাতৃকাদের উল্লেখ আছে। দেওগড় ছূর্বের ধারে 'বেতওয়া' নদীর ঘাটের সিঁ ড়ির পাথরের উপর এই প্রন্থলিগিটি আছে। এই সব সিঁ ড়ির সঙ্গে তৈরি কুলুঞ্চিতে সপ্তমাতৃকার প্রাচীন প্রস্তরমূর্তিও রয়েছে।

**হিউন্নেল সাঙের বিবর্গীতে ভীমা দেবী**—হিউন্নেল সাঙের 'সি-যু-কি' থেকে জান। বান্ধ প্রাচীন গান্ধারের এক মহান্ পর্বতে শিবপত্নী ভীমাদেবীর এক ঘননীল-স্বন্ধভূ-প্রস্তরমূর্তি ছিল। সারা ভারতবর্ধ থেকে তীর্থমান্ত্রীরা সেখানে খেত। প্রতের পাদদেশে ছিল মহেশবের মন্দির। গায়ে ভন্মমাখা তীর্থিকরা সেই মন্দিরে পূজা করত।

এই প্রসঙ্গে উল্লেখ করা যায় বৌদ্ধ গ্রন্থ মহামাযুরীতে (খৃষ্টান্দের প্রথম কয়েক শতাব্দীর মধ্যে রচিত) আছে ভারতের উত্তর-পশ্চিমতম প্রান্থে দেবী ভীষণার পূজাস্থান এবং তার পতি শিবভন্ত। কেউ কেউ মনে করেন এই ভীষণা আর ভীমা একই দেবী।

হিউরেন সাঙ আরেক জন দেবীর উল্লেখ করেছেন। পুরুলাবতীর বৌদ্ধ বিহার থেকে মাইল আটেক উত্তর-পশ্চিমে ছিল একটি স্থুণ। দেখানে এক মাতৃদেবতার শ্বান ছিল। চৈনিক পরিব্রালক একে দানবজননী (Mother of Demons) বংগছেন। লিখেছেন ও দেশের লোকের। সন্থানকামনায় এর পূজা করত। বৃদ্ধদেব একে বৌদ্ধ করে নেন (Converted) আর সেই ঘটনারই শ্বারক ঐ স্থুণ।

বোকা বাচ্ছে হিউরেন সাগ্র-বর্ণিত স্থানটি একটি প্রাচীন দেবীস্থান। হিউরেন সাঙের ভারতে আসার আগেই স্থানটিতে বৌদ্ধপ্রাধান্ত স্থাপিত হয়। হিউরেন সাঙ বধন এলেন ভখন প্রাচীন স্থাতিও কাপসা হয়ে বিকৃত হয়ে গেছে। সেইজন্ত বিশেশী বৌদ্ধ পরিপ্রান্ধকের কানে দেবীর সঠিক নামটিও পৌছন্তনি।

**অই হোলে মহিবমর্দিনী**— মইহোলে ( খৃ: ষষ্ঠ বা সন্তম শতক ) মাইভূজা মহিবাস্থর-মর্দিনীর একটি অলম্বন-মূতি পাওয়া গেছে। দেবী মহিবাস্থরের উদ্বন্ধ প্রীবা শ্লবিদ্ধ করছেন। তাঁর বাহন সিংহ পাশে দাড়িয়ে আছে।

<sup>&</sup>gt; SK. P., p. 104 > S. I., p. 385 > E. I., XVIII, pp. 125-26.

<sup>8</sup> O. Y. C. T. I., Vol. I. p. 221 4 2: D. H. I., p. 495

<sup>•</sup> O. Y. C. T. I. Vol. I, p. 215 • D. H. I., p. 499

এই স্থানে (Aihol-এ) একটি ত্বৰ্গামন্দিরও প্রতিষ্ঠিত হয় স্বাহুমানিক ষষ্ঠ খৃঃ শতাব্দীতে। কানো এক প্রথম দিক্কার চালুক্য-নরপতি মন্দিরটি নির্মাণ করান বলে স্বহুমান করা হয়।

মহাবলিপুরমে দেবীমুর্তি মামলপুরমের (মহাবলিপুরমের) প্রধান পাহাড়ের নানা ছানে মোট দশটি মণ্ডপ আছে। এইগুলি সপ্তম থেকে একাদশ খৃষ্ট শতকের মধ্যে তৈরি হয়। মণ্ডপ গুলির বিভিন্ন নাম আছে। যেমন একটির নাম বরাহমণ্ডপ, আরেকটির নাম মহিবাহ্রমণ্ডপ, এমনি। মণ্ডপে বড় বড় স্বস্থ আছে আর স্কল্পের গায়ে নানা অলম্বরণ ম্তি খোদাই করা আছে। বরাহমণ্ডপের স্বস্থের গায়ে আছে মহিবাহ্রের সঙ্গে মহিব-মর্দিনীর যুক্তের দৃশ্র।

এই মহিবমর্নিনীর মূর্তিটি পল্লবদের স্ক্রমার ও তেজস্বী ভঙ্গীতে নির্মিত। এটিকে সংযম শতাস্বীর মৃতি মনে করা হয়।

স্বাণীষ্তি — ত্রিপুরা জেলার চৌশগ্রাম পানার দেউলবাড়ী গ্রামে অষ্টধাতুনির্মিত অষ্টভূজা একটি দেবীষ্টি পাওয়া গেছে। মৃতিটির পাদপীঠে উৎকীর্গলিপি থেকে জানা বায় দেবীর নাম স্বাণী। রাজা দেবখাজার মহিবী প্রভাবতী অর্ণপ্রসহ এই মৃতিটি দান করেন। দেবখাজা খৃঃ স্থম শতকের শেবভাগে প্রভারতে রাজত্ব করতেন। প্র

দেবী সর্বাণী আর তুর্গা, ভল্লকারী, অধিক। ইতাদি নামে যিনি পরিচিতা তিনি অভিন।

মালক্ষাতে প্রাপ্ত সিলে দেবীমুর্তি—নালক্ষাতে অনেক সিল পাওয়া গেছে। এই সিলগুলির মধ্যে নরসিংহগুর, কুমারগুর প্রভৃতি গুপুনুপতিদের সিলও আছে। এঁরা পর্পম-বর্দ্ধ ধা শতকে বিজ্ঞান ছিলেন। খু গাঁর চতুর্থ শতকের পর থেকেই বিজ্ঞাচর্চার অক্ততম কেন্দ্র হিসাবে নালক্ষার খ্যাতি ছড়িয়ে পড়ে। খা যাই থেকে নবম শতক নালক্ষার চরম গৌরবের যুগ। অবক্তা, বৌদ্ধান্তচর্চার কেন্দ্রন্তপে নালক্ষার খ্যাতি মুসল্মান অধিকারের পূর্ব পর্বত্ব কন্ধান্ত ছিল। প্

নাগন্দাতে বিভিন্ন সময়ের সিল পাওয়া গেছে। সময়টা খৃঃ পঞ্চম থেকে খাদশ শতক পর্যন্ত বিস্তৃত। এই সব সিলের অনেকগুলিতে দেবীমূর্তি উৎকীর্ণ আছে। এখানে কয়েকটির বিবরণ দেওয়া গেল। স্থা—

<sup>&</sup>gt; H. S. I., p. 431 & S. C. S. I., C. Hor. I., Vol. IV, p. 368

<sup>9</sup> H. S. I., pp. 453-440. 8 M. S. I. A. C., pp. 191-92.

<sup>4</sup> I. B. Br. S. D. M., pp. 208-204 4 Ibid. p. 198 4 A. H. I., p. 151

N. E. M., M. A. S. I., No : 66, pp. 19-90

একটি কৃত সিলের এক পিঠে আছে সিংহপৃঠে পদ্মাসনা চতুত্ব লা দেবীমৃতি, অন্ত পিঠে নালকা বিহারের নাম ও প্রতীক। সিলটিতেই লেখা আছে দেবী প্রীমদ্দেবেশরী। অনুষান করা হয় ইনি সিংহবাহিনী ছুর্গা।

একটি সিলে এক চতুর্কা দেবীষ্ডি উৎকীর্ণ হয়েছে। দেবীর হাতে গদা, খড়গ এবং পদ্ম লক্ষ্য করা বায়। দেবীর নীচে বে-জন্তটি উৎকীর্ণ তাকে মহিবের মতো মনে হয়। সপ্তমাতৃকার অন্ততমা বারাহীর বাহন মহিব। ইনি মাতৃকা বারাহী হতে পারেন। তবে কেউ কেউ বলেন এঁকে বারাহীর মতো দেখায় না।

অন্ত একটি কৃত্ৰ সিলেও এক চতু হূ জা মহিববাহনা দেবীকে দেখতে পাওয়া ধায়। দেবীর উপরের তুই হাতে ধড়া এবং চক্র; নীচের এক হাতে ত্রিশূল, অন্ত হাতে কি আছে বুকা বায় না। ইনিও সম্ভবতঃ মাতৃকা বারাহী। তবে কেউ কেউ এঁকে বারাহী বলতে চান না।

একটি সিলে আছে এক অষ্ট্ৰজা সিংহ্বাহিনী দেবীষ্তি। দেবীর হাতে অসি, পদ্ম ঘন্টা ও পাশ লক্ষ্য করা যায়; চুই হাতে বর ও অভয় মূলাও নজরে পড়ে। ইনি দেবী দুর্গা।

চণ্ডেকয়-গ্রামজনপদের একটি সিলে এক চতুর্জা দেবীম্তি লক্ষা করা বায়। দেবীর বাহনটি বেন সিংহই মনে হয়।

দিকারি-গ্রামের বৃত্তাকার একটি মাটির সিলে একটি দাড়ান মহিবাহরমর্দিনীম্তি আছে। মৃতিটি চতুভূজা। দেবীর হাতে আছে অসি, ত্রিশ্ল, চর্ম এবং ঘন্টা।

অলীকপৃষ্ঠ-গ্রামের একটি সিলে আছে এক নির্মাণে কন্বালসার চতুর্ভ ছা দেবীমৃতি। হীরানন্দ শাস্ত্রী মনে করেন মৃতিটি মহাকালীর কিন্ত। ভট্টর জিতেক্সনাথ বন্দ্যোপাখ্যান্ত্রের মতে মৃতিটি চামুগ্রার।

একটি ভাঙ্গা সিলে এক বড়্ভুজা বৃবভবাহনা দেবীমূঠি লক্ষা করা বায়। ইনি সম্ভবতঃ মাতৃকা মহেশ্রী। ইবানন্দ শাস্ত্রী এঁকে বলেছেন তুৰ্গা। ১০

পোড়া লাল মাটির একটি কৃত্র দিলে আছে এক চতুর্কুছা আদীনা দেবীষ্ঠি। দেবীর হাতে আছে পাল, ত্রিশূল, পদ্মকোরক এবং কমগুলু। দিলে লেখা আছে ব্রাহ্মী-গ্রামজনপদক্ত। দেবীটি মাতৃকা ব্রহাণী হতে পারেন। ১১

ঘনাঞ্চন গ্রামজনপদের লখা ধরণের ভিমের আকারের একটি ছোট সিলে দেখা খাছ সিংহের

<sup>&</sup>gt; D. H. I., p. 165 € Ibid, pp. 185-186 • D. H. I., p. 186 • Ibid.

e N. E. M., M. A. S. I., No: 66, p. 48 • Ibid, p. 54 • Ibid, p. 48

v D. H. I., pp. 186-187 > Ibid, p. 186

<sup>&</sup>gt; N. E. M., M. A. S. I., No: 66, p. 48 >> D. H. I., p. 186

পিঠে বসে আছেন এক অইকুআ দেবী। দেবীর হাতে চক্র, ধছ এবং জিশ্ল চিনতে পারা যায়। অভ্যান করা হয় ইনি দেবী তুর্গা।

একটি সিলে এক চতুর্জা দেবীম্তি লক্ষ্য করা বার। দেবীর বাহনটি মনে হয় কুমীর। সিলটিতে লেখা আছে কালিগ্রামকীয় জনপদ।

আবেকটি সিলেও এক চতুর্জা দেবীমূর্তি আছে। মনে হর দেবীর বাহনটি মকর। 

একটি সিলে গল্পন্থীর মূর্তি আছে। দেখা বার একটি হাতী ওঁড় দিয়ে একটি পদ্মফুল
ধরে দেবীর পাশে দাঁড়িয়ে আছে।

কুমারামাত্যাধিকরণের একটি সিলে উপবিষ্টা গঙ্গলন্দ্রীর মূর্তি লক্ষ্য করা যায়। এ ছাড়া আরও কয়েকটি সিলেও গঙ্গলন্দ্রীর মূর্তি পাওয়া গেছে।

নালন্দার প্রাপ্ত কেবমূর্তি—নালন্দার ধ্বংসাবলেবের মধ্যে শিবপার্বতীর হটি যুগলমূর্তি পাওয়া গেছে। মৃতিহটি পাধরের। একটি চমৎকার চণ্ডিকামূর্তিও পাওয়া গেছে।

এ ছাড়া একটি দাড়ান পার্বতীমূর্তিও পাওয়া গেছে। তাঁর ভান ধারে শিবলিঙ্ক এবং মাধার বা ধারে চক্রকলা।

নালন্দার ধ্বংশাবশেষের মধ্যে প্রাপ্ত একখণ্ড ক্লেটপাধরের উপর উৎকীর্ণ সপ্তমাতৃকার মৃতি পাওয়া গেছে। এটি এখন লক্নৌ মিউঞ্জিয়ামে রক্ষিত আছে।

মানদেবের প্রাক্তালিতে দেবীমন্দিরের উল্লেখ— চঙ্গু-নারায়ণ-মন্দির-স্কন্তগাত্তে উংকীর্ণ ক্ষরংশীর লিচ্ছবি-রাজ মানদেবের প্রছলিপি থেকে জানা বায় সপ্তম শতান্ধীর মাঝামাঝি সমরের মধোই নেপালে বৈক্ষর, শৈব এবং শাক্ত মন্দিরগুলি প্রসিদ্ধি লাভ করে। • মন্দিরগুলি কোন দেবতার পূজা হত তার উল্লেখ না থাকলেও সপ্তম শতান্ধীতে যে নেপালে শিব, বিষ্ণু ও দেবীর কোনো না কোনো রূপের পূজা হত এ বিষয়ে প্রছলিপির সাক্ষ্য স্থানিভিত।

দেবী লক্ষণা—চন্ধার রাজা মেকবর্মনের সময়কার (৮ম খঃ শতক) একটি চমৎকার চতুর্ভা মহিবান্থরমর্দিনীমূর্তি পাওয়া গেছে। মূর্তিটি পিতলের। মূর্তিটির পাদপীঠে উৎকীর্ণলিপিতে দেবীকে বলা হয়েছে লক্ষণা। মহিবান্থরের সঙ্গে বুদ্ধরত দেবী সম্বন্ধে হুর্গাসপ্রশতীতে (ছু স ৩৩৭) বলা হয়েছে দেবী "মহিবান্থরের কণ্ঠদেশ পদ্ধারা

<sup>&</sup>gt; D. H. I., p. 186; N. E. M., M. A. S. I., No : 66, p. 46. Pl. 1V, j.

N. E. M., M. A. S. I., No : 66, p. 47

Ibid a Ibid, p. 58
 4 Ibid, pp. 51, 52,49

<sup>•</sup> Ibid, p. 116 • Ibid, Pl. XII, • F Ibid, p. 116

<sup>&</sup>quot; Ibid, p. 115 > Kirata-jena-krti, p. 39

নিপীড়ন কবিয়া তাহার বক্ষে শ্লাঘাত করিলেন।" এই বর্ণনার সঙ্গে আলোচা মৃতিটি হবছ
মিলে যায়।

ইলোরা ও এলিফেণ্টায়—ইলোর: গুহার রাবণ কী থোহ নামক অংশে একটি একশিলাস্তম্ভ-প্রকোষ্ঠ আছে। এই প্রকোষ্ঠের প্রবেশমুখের ছ্ধারে গুহার গায়ে অনেকগুলি মুর্জি থোদিত আছে। এই গুলির মধ্যে একটি ভগ্ন ছগামুর্জি লক্ষ্য করা যায়।

ইলোরার বিশ্ববিখ্যাত কৈলাসমন্দিরে ( অষ্টম খৃ: শতকের শেষার্ধ ) হরগোরীর একটি অলম্বরণমূর্তি পাওয়া গেছে। কৈলাস-শিধরে হরগোরী আসীন। তাদের আসনের নিয়ভাগে আছে বন্দী রাবণ।

এলিফেন্টা গুহায় আছে অন্ধনারীশরমৃতি এবং শিব ও পার্বতীর মৃতি।

বরাহ্ ভাষ্ণাসনে— ওর্জর-প্রতিহার-বংশীয় রাজা ভোজদেবের বরাহ্ ( Barah ) তাম্রশাসনে (৮১৬ খৃঃ) মহারাজ বংসরাজের পুত্র মহারাজ শ্রনাগভট্টদেবকে পরম ভগবতীভক্ত বলা হয়েছে। সহজেই অসুমান করা ধায় দেবীভক্ত এই রাজার রাজো দেবীপূজার বিশেষ আদর ও প্রচন্ন ছিল।

বিভিন্ন তাজলিপিতে অস্তেশ্বরী—ভল্কী-বংশীয় সমস্তমহাসামস্থাধিপতি রণস্তন্তদেবের চেনকানল তামলিপিতে আছে স্তম্ভেশ্বরী ভল্কী-বংশের কুল্লেবী।\*

মহারাজ জয়স্তস্থদেরের তেনকানল তাম্রলিপিতেও বলা হয়েছে গুলকী-বংশীয় কুলন্তস্ত দেবী স্তম্পেরীর বর লাভ করেন।

মহারাজ রণস্তস্থকুলন্তস্থদেবের ভীমনগরীগড় ভাষ্তিপিতে দেখা বায় ভুস্কী-বংশীয় বিক্রমাদিতা দেবী অস্তেখরীর বরলাভ করেছিলেন।\*

উড়িয়ার ভঞ্চ-বংশীয় : ভঞ্চনের সময় আতুমানিক ৯ম-১০ম শতক। প্র: H. O., p. 154. ) মহাসামস্থ রাণক রণভঞ্চনেবের বিহা ( Binka) তাম্রলিপিতে দেখা বার এই বিফুভক রাজ। দেবী স্তম্ভেবরীর কাছে বরলাভ করেছিলন।

ভারশাসনে মহাগোরী—কামরপরাজ বনমাকের (নবম খৃ: শতক) ভাষশাসনে দেবী মহাগোরীর উল্লেখ আছে। ১০

- D. H. I., p. 493 R. H. S. I., p. 434 M. S. I. A. C., pp. 197-198.
- 8 H. S. I, p. 485 4 E. I., Vol. XIX, p. 18.
- Bhandarkar: List No: 1697; E. I., Vol. XX, p. 289; ক্রান্তভের সময় আনুষানিক ন্য বৃঃ
  শতক !—আ: H. O., p. 149.
  - 9 Bhandarkar : List No : 1700 ; E. I., Vol. XX, p. 233 v Ibid, List No : 1698, Ibid
  - Ibid, List No: 1493, Ibid p. 204 > কাম্ত্রপাসবাকা, পু: ১০

কামরপরাক ইব্রপালের (একাদশ খৃ: শতক) ভাষ্ণাসনেও ভট্টারিকা মহাগৌরীর উল্লেখ পাওয়া বায়।

বাংলাদেশে পালপর্বের (খৃ: অষ্টম থেকে ছাদশ শতকের প্রথমার্ধ) বিভিন্ন দেবীমূর্তি পাওয়া গেছে। বিশেষক্ষ ব্যক্তিদের মতে এই দেবীদের মধ্যে চামূঙা বা চামূঙীই ছিলেন বালালীর প্রিয়। দেবীর সিদ্ধবোগেশ্রী, দন্ধরা, রূপবিদ্যা, ক্ষমা, রুপ্রচর্চিকা রুপ্রচামূঙা, পিছচামূঙা প্রভৃতি বিভিন্ন রূপের মূর্তি বাংলার নানা স্থানে পাওয়া গেছে।

তবে অক্সান্ত দেবীর বা মহাদেবীর অক্সান্ত রূপের পূজাও বাংলাদেশে প্রচলিত ছিল।
তার ঐতিহাসিক নিদর্শনও আছে। দৃষ্টাস্তবন্ধ পূর্বোক্ত সর্বাণীমৃতির উল্লেখ করা বায়।
আরেকটি নিদর্শন পাওয়া বাচেছ রাজা দহজমর্দনদেবের একটি রৌপ্যমূলায় (খৃ: ১৪১৬-১৪১৮)। মূলার এক পিঠে লেখা আছে রাজার নাম এবং অন্ত পিঠে জীচপ্রীচরণপরায়ণ।
বোঝা বাচেছ দহজমর্দনের সময় বাংলাদেশে চণ্ডীপূজার বিশেষ প্রচলন ছিল।

স্থান্তির দেশে দেবী স্থার্থনার ধারা প্রাগৈতিহাসিক যুগ থেকে স্থারস্ক করে বরাবর চলে এসেছে। গ্রন্থান্তির প্রমাণ স্থালোচনা করে এই যে সিন্ধান্তে উপনীত হওয়া গিয়েছিল দেখা গেল ইতিহাসের সাক্ষাও তার সমর্থন করছে।

# (গ) ঐতিহাসিক প্রামাণ্য নিদর্শনে : রুহত্তর ভারতে।

শুধু ভারতে নর ভারতের <u>বাইবে বৃহত্তর ভারতেও মহাদেরী সম্পর্কে ঐতিহাসিক নিদর্শন</u> পাওয়া যায়।

চল্পার নাজ। ভলবর্ষনের মাইসন (Myson) প্রত্নলিপিতে (খৃঃ প্রুম শতক)
মহেশবের সঙ্গে উমাকে প্রথম জানান হয়েছে।

ক্ষোত্তে—কথোজের পনহিয়া হোর (Ponhea Hor) প্রছলিপির ( খৃ: ষষ্ঠ শতকের মাঝামাঝি ) সংস্কৃত অংশে আছে প্রেক্সগতি নামে এক রাজকর্মচারী শিবলিক্ষ, চুর্গামৃতি, শত্ব-বিষ্ণু-মৃতি এবং জৈলোকাসার বিষ্ণুমৃতি প্রতিষ্ঠিত করেন। এই লিপিরই পরবর্তী অংশে পদ্মামৃতির কথা আছে।

স্থা পোল (Snay Pol) প্রান্তলিপিতে ( বর্চ বা সপ্তম ধৃ: শতক ) দেবী ভগবতীকে
আশিলন ক্রীভদাস ও ক্রীভদাসী গানের ঘোষণা পাওয়া যায়।

<sup>)</sup> कावसभावात्रवादणी पू: ১०৯ २ वा है, पू: ०२० ७ Kirata-Jana-kṛti, p. 62

<sup>8</sup> जिल्हा महत्रा बहरूपत केंबाक दा--- I-A. I. O F. E. Vol I, Buok III, p. 5

<sup>1.</sup> K., A. S. M. S., Vol. VIII. p. 13 . I.K., A. S. M. S., Vol. VIII, p. 50

কংখাজের কণ্ডোলন্টাঙ্গ (Kandol-Stung) প্রদেশে ছিল শিবপার্বতীর একটি বিখ্যাত মন্দির। নাম বট বিহার জাণ ('Vat Vihar Tarn)। এই মন্দিরে ছিল শিবপার্বতীর চমৎকার মূর্তি। দেবী শিবের বাম উক্লর উপর আসীনা। প্রত্মলিপির প্রমাণ অন্ত্সারে মন্দিরটি দপ্তম শতান্দীর।'

কম্বোজরাজ ইন্দ্রবর্মনের প্রাহ্ কো ( Prah Ko ) প্রস্থালিপি ( খৃ: ৮৭৯ ) থেকে জানা যায় তিনি তিনটি শিববিগ্রহ এবং তিনটি দেবীবিগ্রহ প্রতিষ্ঠিত করেন।

ইন্দ্রবর্মনের বেকক (Bakong) প্রত্বলিণিতে আছে বিষ্ণুলোকপ্রাপ্ত তৃতীয় জয়বর্মনের কল্যাণের জন্ত শিব, গঙ্গা, উমা এবং বিষ্ণুশ্বামী নামক বিষ্ণুমূর্তি প্রতিষ্ঠিত করা হয়। এ ছাড়া, হরিহর, ইন্দ্রাণী এবং মহিধাস্থরমর্দিনীর মূর্তিপ্রতিষ্ঠার কথাও এতে আছে।

প্রথম হরিবর্মনের পো নগর মন্দিরলিপিতে (খৃ:৮১৭) দেখা যায় 'কোঠারে' ভগবতীর জগৎপ্রসিদ্ধ মৃতিটির স্থান দীর্ঘকাল শৃক্ত পড়ে থাকায় আবার তাঁর এক শিলাময়ী প্রতিমানির্মাণ করান হয়।

কম্বোজের ললেই (Loley) নামক স্থানে ছিল চারটি মন্দির। তার মধ্যে একটি ভবানীর। এই মন্দিরের ম্বারস্তম্ভে উৎকীর্ণ লিপিতে আছে 'প্রীয়শোবর্ম-নরেক্সবর্ধ' ভবানীর প্রতি ভক্তিবশতঃ মন্দিরের জন্ত কিম্বরাদির ব্যবস্থা করেছেন।

এই ধশোবর্মনের এক প্রস্থলিপির ( Phnom Sandak Stele Inscription, 895 A. D.) এক পিঠে আছে ত্রিমৃতি, গৌরী এবং সরস্বতীর বন্দনা আর ধশোবর্মনের প্রশক্তি। অন্ত পিঠে আছে ত্রিমৃতি এবং দেবী অপর্ণার বন্দনা আর রাজা জয়বর্মনের প্রশক্তি।

দিতীয় ঈশান বর্মনের বট পিপন্তি ( Vat Thipadi ) প্রন্থালিপিতে ( ১১ খৃঃ ) শিব, বিষ্ণু, বন্ধা এবং উমার বন্ধনা করা হয়েছে।

তৃতীর ইন্দ্রবর্ধনের পো নগর ফলকলিপিতে (১১৮ খৃ:) আছে ইন্দ্রবর্মন্ জগতে বশোলাভের জন্ত দেবী ভগবতীর স্বর্ণমন্ত্রী প্রতিমা প্রতিষ্ঠিত করেন। প

রাজেন্রবর্মনের প্রাশং প্রাম ( Prasat Pram ) লিপিতে ( > १ प्: ) পাওয়া বার ইক্রবর্মনের স্থনামধন্ত গুরু শিবসোমের শিক্ত এবং রাজেন্ত্রবর্মনের স্থাচার্য ক্রচার্য তৃটি শিবলিক্ষ এবং একটি দেবীপ্রতিমা প্রতিষ্ঠিত করেন।

<sup>)</sup> I. K., A. S. M. S., Vol. VIII p. 8 2 1bid., p. 61 6 1bid., pp. 66-67

<sup>8</sup> A. I. C. F. E., Vol. I, Book III, pp. 62-64

<sup>4</sup> I. K., A. S. M. S., Vol. VIII, p. 140

<sup>•</sup> L. K., A. S. M. S., Vol. VIII, p. 161 9 Ibid, p. 161

A. I. C. F. E., Vol. I, Book III, p. 189 . I. K., A. S. M. S., Vol. VIII, p. 180

এই রাজার বেবন (Mébon) প্রস্থানীপি ( > <> বৃঃ ) বেকে জানা বার বে ভিনি নির্দ্ধি শিবপুরে শিবনিঙ্কা এবং ছটি পার্বভীষ্তির প্রভিন্ধা করেন। >

রাজেন্ত্রবর্ধনের করেন্টি প্রাক্তিশি পাওয়া গেছে। তীর প্রি রূপ (Pre Rup) অর্থাৎ মন্দির-নিশিতে (খৃঃ ১৬১) আছে তিনি নিক রাজেন্ত্রতন্ত্রেরর মূল মন্দিরের সর্বে আরও চারটি মন্দির নির্মাণ করিরে তার ছটিতে ছটি নিব্যুতি, একটিতে উমামুতি এবং অক্টিভে বিকৃষ্তি প্রতিষ্ঠিত করেন।

বাটাই প্রেই (Bantay Stei) নামক স্থানে পশ্ম জন্তবর্ধনের সমন্ত্রকার (দশম পৃঃ
শতকের শেব দিক) করেকটি প্রস্থানিপি পাওরা গেছে। এর মধ্যে চারটি উৎস্থানিপি।
এই-স্ব লিপি থেকে জানা বার রাজা জন্তবর্ধনের গুরু বঞ্জবরাহ, উমা এবং মহেশরের মৃতি
প্রতিষ্ঠিত করেন।

চ**ল্পার অন্তর্গন্ত প্রাক্তিপিতিভ**্যাতা প্রথম তারপরমেগর্গবর্মনের পো নগর (Po Nagar) মন্দির-সিপিতে দেবী 'বাপু নগরকে' রাজার দানের কথা আছে।

প্রসক্তমে বলা বার পো নগর বা বাপু নগর কথাটার অর্থ নগরের অবিষ্ঠারী দেবী।
চন্দার কৌঠার অঞ্চল দেবীপুলার ব্যাপক প্রচলন ছিল। এইজন্ত দেবী পো নগরকে
সংস্কৃতে বলা হত ভগবতী কৌঠারেবরী। নৃহ ত্রঙ্ (Nha Trang) নার্ক স্থানে ছিল
দেবীর বিশ্বাভি মন্দির। এই স্থানকে দেবীর নাম অঞ্সারে পো নগর বলা হত। পো নগর
চন্দাবাসীদের জাতীয় দেবস্থান হরে উঠে।

কেউ কেউ বনে করেন হিন্দুদের উপনিবেশ স্থাপনের পূর্ব থেকেই নৃহ এঙে স্থানীর দেবীর পূজা হত। হিন্দুদের হাতে পড়ে ইনিই ভগবতী হরে বান।

ন্হ এতের ভগবতীম্তিটি কাল পাধরের। অতি চমৎকার মৃতি। দেবী পদাসন করে বলে আছেন। তিনি পীনোমতপরোধরা, তার উদর বলরান্বিত। এই গুলি মাতৃত্বের নিদর্শক। মৃতিটি দলভূজা। দেবীর আট হাতে আছে অসি, শ্ল, ধহু, বান, অঙ্কুল, চর্ম, চক্র এবং শখা। বাকী ঘুই হাত ঘুই ইট্রা উপর লাভা। দেবীর হাতে কম্বন, গলার হার। দৌরা মৃতি। কেউ কেউ মনে করেন ১৬৫ প্রাক্তে ইজবর্মন্ মৃতিটির প্রতিষ্ঠা করেন। আবার কারো কারো মতে মৃতিটির প্রতিষ্ঠা করেন রাজক্মারী প্র্যেক্তি

कर्रवारकां अवन क्रविनामा ( बाक्किनां वृ: > • • > — > • ह ) आण्डे त्यान ( Prasat

<sup>&</sup>gt; I. K., A. S. M. S., Vol. VIII pp. 198-194 2 Ibid, p. 284 9 Ibid, pp. 281-282

<sup>\*</sup> H. B., Vol. III, p. 165 \* 4. I. Q. F. E., Vol. I, Book II, pp. 189-90

khtom ) লিপিতে দেখা বায় প্রথমেই আছে তিনটি মন্দিরের সম্পত্তি ও ক্রীতদাসদাসীর তালিকা। মন্দির তিনটির একটি শিবের, একটি ভগবতীর, অপরটি পরমেশ্রীর।

উদয়াদিত্যবর্মনের স্ভক্ কক্ থম্ (Sdok kak Thom) ফলকলিপিতে (১০৫২ খৃঃ)
অক্সান্ত বিষয়ের সঙ্গে আছে রাজা ধশোবর্মন্ (১ম খৃঃ শতক) তাঁর গুরু বামশিবকে ভত্রপত্তনে
একটি শিবলিক এবং ভগবতীর একটি প্রতিমা প্রতিষ্ঠিত করতে দেন।

একটি কুক্ ত্রপান শুক্ (Kuk Trapan Srak) ফলকলিপিতে (১০৭৩ খৃ:)
আছে বিন্দুদেব নামে এক ব্যক্তি সোমালয় নামে একটি গ্রাম বসান এবং সেখানে শিবলিক,
আর বিষ্ণু ও ভগবতীর প্রতিমা প্রতিষ্ঠিত করেন।

অন্ত একটি কুক্ ত্রপান শ্রক্ ফলকলিপিতে দেখা বায় শ্রীকবীশ্বর পণ্ডিতের প্রাতৃস্ত্র গোবিন্দ ব্রোঞ্চের তৈরি এক চণ্ডীমৃতি প্রতিষ্ঠিত করেন।

আরেকটি কুক্ ত্রপান্ শ্রক্ ফলকলিপি থেকে জানা যায় কবীশ্বর পণ্ডিতের সহোদর ভাই শ্রীকণ্ঠ পণ্ডিত রাজার কাছ থেকে ভূমিদান পেয়ে বারথানা গ্রাম বদান আর শিবলিঙ্ক ও ভগবতীর মূর্তি প্রতিষ্ঠিত করেন। প্র

প্রথম জন্মহরিবর্মনের পো নগর মন্দিরলিপি ( ১১৬০ খৃঃ ) থেকে জানা বায় তিনি প্রথমে বাপু নগর নামক দেবতার সেবং প্রভূত ধনৈশ্ব দিয়ে করেছিলেন।

চতুর্থ জন্নইন্দ্রবর্মনের পো নগর মন্দির লিপিতে (১১৬৭ খৃঃ) রাজা জন্মইন্দ্রবর্মন্, তাঁর রাণী এবং পুত্রককারা ভগবতী কোঠারেশ্রীকে খে-দান করেছিলেন তার বিবরণ আছে।

রাজকুমারী হুর্বদেবীর পো-নগর মন্দিরলিপিতে (১২৫৮ খৃঃ) মাছে তিনি ভগবতী মাত্লিক্ষেরীর মূর্তি প্রতিষ্ঠিত করেন।

চম্পার একটি প্রবুলিপিতে দেবীকে মহাভগবতী গোরী বলা হয়েছে। স্বাবেকটিতে বলা হয়েছে মহাদেবী। ১০

চম্পাতে দেবীসম্পর্কিত প্রব্রলিপি যত পাওরা গেছে তার তুপনায় মৃতি পাওরা পেছে আনক কম। কয়েকটি মাত্র মৃতি পাওরা গেছে। এই সব প্রব্রলিপি ও মৃতির বিবরণ আলোচনা কয়লে লক্ষা কয়া য়য় শিব এবং দেবীর মধ্যে ভেদ নেই। দেবী শিবেরই স্থীরূপ। শিবের বে-সব লক্ষণ-লাজন দেবীরও তাই। শিবের বাহন নক্ষী রা বৃষত, দেবীরও তাই। দেবীর চতুর্ভু থেকে দশভূজা পর্যন্ত বিভিন্ন মৃতি, শিবেরও চতুর্ভু থেকে দশভূজ পর্যন্ত বিভিন্ন মৃতি, শিবেরও চতুর্ভু থেকে দশভূজ পর্যন্ত বিভিন্ন মৃতি, শিবেরও চতুর্ভু ভাবেক দশভূজ পর্যন্ত বিভিন্ন বিগ্রহণ আছে। ১১

<sup>3</sup> I. K., A. S. M. S., Vol. VIII, p. 614. 2 Ibid, p. 386 4 Ibid, p. 621

<sup>8</sup> Ibid, p. 628 4 I. K., A. S. M. S., Vel. VIII, p. 622

A. I. C. F. E., Vol. I, Book III, pp. 194-195
 1 bid, p. 198
 Ibid, p. 218

<sup>&</sup>gt; Inscription No: 26, A. I. C. F. E., Vol. I, Bock III, p. 68

<sup>&</sup>gt; Ibid No: 89, Ibid, P. 89 >> A. I. O. F. E., Vol. I, Book II, pp. 189-90; 189

**ষবৰীপে**— ষবৰীপে-আন্ধণ্য দেবতাদের মধ্যে শিবেরই প্রাধান্ত ছিল। প্রাচীন হিন্দু মন্দিরগুলির অধিকাংশই শিবমন্দির। দেবদেবীর বে-সব প্রাচীন মূর্তি পাওয়া গেছে তাদেরও অধিকাংশ শিব এবং তাঁর পরিবার-দেবতাদের।

তবে বিষ্ণু এবং তাঁর শক্তি বী বা লন্ধীর এবং ব্রহ্মাও তাঁর শক্তি সরস্বতীর পূজাও প্রচলিত ছিল। অবস্তা, শিবের পরেই বিষ্ণুর পূজা অধিক প্রচলিত ছিল। বিষ্ণুশক্তি বী বা লন্ধী চতুরু জা। তাঁর চার হাতে পদ্ম, শক্তনীর্ব, চামর এবং অক্ষমালা। ব্রহ্মার শক্তি সরস্বতী বিরুদ্ধা বা চতুরু জা এবং মযুরবাহনা।

শিবের ছুই রূপ—ববদীপে শিবের শাস্ত এবং উগ্র ছই রূপেরই পূজা হত। শাস্তরপের নাম ছিল মহাদেব এবং উগ্রহ্গপের নাম মহাকাল বা ভৈরব। উভয় রূপেরই প্রাচীন মূর্তি পাওয়া গেছে।

শক্তির তুই রূপ—শিবের শক্তিরও তেমনি হই রূপ দেখা বার। মহাদেবের শক্তি দেবী, মহাদেবী, পাবতী বা হৈমবতী উমা। এটি শক্তির শান্তরূপ। দেবী চতুর্জু। এই শান্তরপেরই প্রকারভেদ হুগা বা মহিবাস্থরমর্দিনী। মহিবাস্থরমর্দিনীর মূর্তি বড়্ড্জা, অই ভূজা, দশ ভূজা এবং বাদশ ভূজা। বা তাবিরা মিউজিয়ামে কতকগুলি স্কলর মহিবমর্দিনী মূর্তি রক্ষিত হয়েছে।

**মহাকালী**—মহাকাল বা ভৈরবের শক্তি মহাকালী বা ভৈরবী। এটি শক্তির উগ্রহণ।
মহাকালীব মৃতি শবের উপর আসীনা। দেবীর কঠন্বণ ও শিরোন্ধণ নুমূও এবং তাঁর
গ্লায় নুমূত্রের উপবীত। দেবী বিন্ধা। তাঁর একহাতে ত্রিশ্ল, অন্ত হাতে একটি ক্ষ
পাত্র। দেবীর আরও ভয়ম্বরী মৃতিও আছে।

আক্তান্ত সুষ্ঠি—ববৰীপে লিবছুৰ্গার অর্ধনারীশ্বর্ম্তিও পাওয়া গেছে। মধ্য-ববৰীপের ভিয়েত্ব মালভূমিতে অনেক হিন্দুমন্দির ছিল। সেধানে বে-সব মৃতি পাওয়া গেছে তার মধ্যে আছে লিব, ছুর্গা ও গ্পেলের মৃতি। প

জিভন্গ-সঙ্গ (Gedong-Sanga) নামক স্থানের মন্দিরে এক নৃতন ধরণের তুর্গামৃতি পাওয়া গেছে। দেবী অন্তরের ছাড় ধরে বুবের উপর বসে আছেন।

এ ছাঁড়া স্বাসীন শিব ও উমার মূর্তি পাওয়া গেছে। বাতাবিরার মিউলিয়ামে এমনি ক্ষেকটি চমংকার মূর্তি রক্ষিত হরেছে। > °

- > A. I. C. F. E. Vol. II, Part II, p. 101 2 Ibid, p. 104
- Ibid, p. 101
   a Ibid, p. 102
   e दीन्य कांबक, गृ2 >००
- A. I. C. F. E., Vol. II, Part II, pp. 102-108 . Ibid, p. 108
- " Ibid, p. 176 " Ibid, p. 178 " । वीलवह कांबक, शू: ১६৮

পূর্ব-ববদীপের চণ্ডি কিদল (Candi Kidal) চিতালালা-মজিরে ছর্মা, গণেল, নজীখর এবং মহাকালের মূর্তি পাওয়া গেছে। মূর্তিগুলি এখন লাইছেন মিউক্লিরামে স্লাছে। স্বালোচ্য মন্দিরটি এয়োদল খৃষ্টীয় শতালীতে নির্মিত হয়েছিল মনে করা হয়।

প্রধানন উপত্যকায় বরা জঙ্গরন্ধ (Lara-Jongrang) মন্দির-শ্রেণীর একটি ছোট মন্দিরে শিলামনী ছুর্গামূর্তি ছিল। এঁর নাম লরা জঙ্গরন্ধ। প্রবাদ লরা জঙ্গরন্ধ আনন্দরন্ধ একজন রাজকলা ছিলেন। তার এক পাণিপ্রাধীর অভিশাপে পাষাণী হয়ে বান। পরে লোকের কাছে এই পাবাণীমূর্তি ছুর্গামূর্তি বলে গণ্য হয়।

মানবীর দেবীত্বপ্রাপ্তির অনেক কাহিনী আমাদের দক্ষিণভারতেও প্রচলিত আছে।

ষবৰীপে বে-সব মূর্তি পাওয়া গেছে সেগুলি বি্ছিন্ন সময়ের। খৃষ্টীয় ছাইম শতকের গোড়ার দিকেই বে ষবৰীপে আন্ধণ্যধর্মের প্রচলন ছিল তার প্রমাণ পাওয়া বায় ফা হিয়েনের জ্বমণ বৃত্তান্ত থেকে।

খৃ: অন্তম শতকের গোড়ার দিকেই এই শীপে রাহ্মণ্যধর্ম স্থপ্রতিষ্ঠিত হয়ে বায়। এই সময় থেকে আরম্ভ করে পঞ্চল-বোড়ল শতাস্থীতে হিন্দুরাক্ষত্বের অবসান পর্যন্ত সময়ের মধ্যে পূর্বোক্ত মৃতিগুলি নির্মিত হয়েছে।

রবদ্বীপে দেবীর প্রতিষ্ঠা শিবের শক্তি হিসাবে। তার স্বতম্ব প্রতিষ্ঠার কোনো নিয়র্শন পাওয়া বায় নি।

বলিছীপে—বলিছীপে খৃঃ বঠ শতকে প্রথম বৌদ্ধর্ম প্রবর্তিত হয়। কিছু ক্রমশঃ পৌলাপিক-বান্ধণ্যধর্মও সেধানে প্রতিষ্ঠা লাভ করে।

ব্রাহ্মণ্য দেবতাদের মধ্যে এখানেও শিবের প্রাধান্ত লক্ষ্য করা যায়। শিবই পরম দেবতা। ব্রহা ও বিষ্ণু তাঁরই স্কপতেদ।

শিবের শক্তি উমা বা পার্বতী, কালী এবং ছুর্গা। শাস্তমূর্তি শিবের শক্তি পার্বতী বা উমা আর উগ্রমূর্তি শিবের বা মহাকালের শক্তি কালী, ছুর্মা। বিষ্ণুর শক্তি জী বা লক্ষ্মী এবং বন্ধার শক্তি সরস্বতীরও এখানে অধিষ্ঠান ছিল।

এই বীপেও একাধিক মহিবাস্ত্রমর্দিনীমূর্তি পাওয়া গেছে। কুজি নামক স্থানে বেমূর্তিটি ( গৃঃ দুরম-বাদশ শতক ) পাওয়া গেছে সেটি অতি ক্রমৎকার। মূর্তিটি ভ্রাবস্থার
পাওয়া গেছে।

বলিবীপে সর্বসাধারণের জন্ত বে-সব পূজায়ন্দির ছিল তার মধ্যে এক ধরণের মুন্দিরকে

<sup>&</sup>gt; A. I. C. F. E., Vol. II, Part II, p. 269 2 Ibid, p. 213

<sup>•</sup> H. B., Vol. III, p. 153 . A. I. C. F. E., Vol. II, Part II, p. 99

<sup>4</sup> Ibid, pp. 188-189 6 Ibid, p. 816.

বলা হত পুর ছলেম (Pura Dalem)। শ্বলানে বা শ্বশানের কাছে এই মন্দির তৈরি করে দেবী তুর্গাকে উৎসর্গ করা হত। বাঝাই বাচ্ছে এইগুলি তুর্গামন্দির।

স্থানীপে—স্বৰ্ণৰীপে ( স্থানায় ) পৌরাশিক-বান্ধণা ও বৌদ্ধ ধর্মের কিছু কিছু প্রাচীন নিদর্শন পাওয়া গেছে। ত্রাহ্মণা দেবতাদের মধ্যে শিব, গণেশ, নশী, ক্রমা এবং ত্রিমৃতির পাথরের মৃতি পাওয়া গেছে। গণেশের ব্রোক্ষমৃতিও পাওয়া গেছে।

দেবীর কোনো মূর্তি পাওয়া যায় নি। তবে শিব যখন ছিলেন তখন তাঁর শক্তিও অবশ্য ছিলেন যবধীপ ও বলিধীপের দৃষ্টান্তে তা অন্তমান করা বেতে পারে।

বোর্ণিওতে—বোর্ণিওরীপেও পৌরাণিক-আন্ধণ্য দেবতাদের কতকগুলি মৃতি পাওয়া গেছে। পূর্ব-বোর্ণিওর কোন্দেল গুহায় শিব, গণেশ, কন্স, নন্দী ও মহাকালের মৃতি পাওয়া গেছে। কিন্তু কোনো দেবীমৃতি পাওয়া বায় নি।

তবে দক্ষিণ-বোর্ণিও এবং পৃথ-বোর্ণিওর অক্তাক্ত স্থানে বে-সব মুর্তি পাওয়া গেছে তার মধ্যে একটি পাথরের তুর্গামূতি আছে ।

খুটার পঞ্চম থেকে পঞ্চল শতক— সোটাম্টি এই হাজার বছর ধরে দেখা গেল বৃহত্তর ভারতে শাব্দদের আরাধ্যা মহাদেবী নানারূপে পূজা পেয়েছেন। তবে লক্ষ্য করা যায় দেবী ঐ অঞ্চলে প্রধানতঃ শিবশক্তিরূপেই পূজিতা।

# ( ঘ ) বৌদ্ধ ও জৈন সাহিত্যাদিতে

বৌদ্ধ এবং জৈন ছটি অভি প্রাচীন মবেদপদী ধর্মসম্প্রদায়। শাক্তদের আরাধ্যা মহাদেবীর পরোক্ষ নিদর্শন উক্তয় সম্প্রদায়ের সাহিত্যে, বিশেষ করে, বৌদ্ধ সাহিত্যে পাওয়া যায়।

বৌদ্ধ সাহিত্যে—বৃহদেব বৌদ্ধ প্রমণদের পক্ষে বে-সব ব্যাপার নিবিদ্ধ মনে করতেন দীঘনিকায়ের দীলক্থছবদ্ধে দেইগুলির বিবরণ দেওয়া হয়েছে। অস্তান্ত বহু নিবিদ্ধ ব্যাপারের মধ্যে আছে, 'আদিচ্চুপট্ঠানং' অর্থাৎ আদিত্যপূক্ষা, 'মহ্ছুপট্ঠানং' অর্থাৎ মহাদেবভার পূক্ষা এবং 'সিরিবহানং' সর্থাৎ জীকেবীর আহ্বান।

ताहेश (was found of the state of the state

- > A. I. C. F. E. Vol. II, Part II, p. 141 a Ibid, p 145.
- o Ibid, Part I, p. 198 a Ibid, Part II, P. 151.
- होपनिकात, गीनक्षकरम्प, उक्कानश्कर, गीनव्यकर, २०
- Dialogues of the Buddha, Part I, 1956, p. 94,f. n. 5

বৃদ্ধদেবের নিষেধ থেকেই বৃঝা ষায় তাঁর সময়ে, অস্কৃতঃ স্তুপিটক-সংগ্রাহের সময়ে ত বটেই, খ্রী. ধরিত্রী প্রভৃতি দেবীর পূজা দেশে ব্যাপকভাবে প্রচলিত ছিল।

এই-সব পূজা যে কিরূপ জনপ্রিয় ছিল তার সব চেয়ে বড় প্রমাণ ভগবান্ বৃদ্ধের নিষেধ সন্ত্বেও পরবর্তী কালের বৌদ্ধর্ম একাধিক কারণে এ-সবকে আপনার অন্তর্ভুক্ত করে নেয়।

এই কাজটি হয় মহাধান-বৌদ্ধমতে। মহাধানীরা নব-বান্ধণা দেবমণ্ডলের দেবদেবীর অনেককে আপনাদের ধর্মমতের মধ্যে গ্রহণ না করে পারলেন না। এর অক্ততম কারণ শৈব ও বৈক্ষব ধর্মের প্রবল চাপ।

শুধু তাই নয়, মহাধানীরা আপন মতকে জনপ্রিয় করার উদ্দেশ্তে লোকায়ত স্থানীয় দেবদেবী এমন কি ভূতপ্রেত প্রভৃতিকেও স্থীকার করে নেন। হরপ্রসাদ শাস্ত্রী মহাশয় বলেন "বৌদ্ধর্ম কোথাও বা প্রপৃক্ষের উপাসনার সহিত, কোথাও বা ভূতপ্রেত উপাসনার সহিত মিশিয়া গিয়াছে"।

ভান্তিক বৌদ্ধাতে দেবী—সগ্র শতাকীর মধ্যে তাছিক বৌদ্ধাত প্রতিষ্ঠিত হয়ে বায়। এই মত অনুসারে সলক্রিদেবারাধনা প্রবর্তিত হয়। এই তাছিক বৌদ্ধ দেবমওলেই বত সব ভয়বরী দেবীদের দেখা পাওয়া যায়।

বৌদ্ধ স্থীদেবতাদের মর্যাদা অন্তুসারে তিন শ্রেণীতে ভাগ করা হয়। এক—দেবী, তুই—
শক্তি, তিন—ভাকিনী। দেবীদের আবার তুই শ্রেণী। এক শ্রেণীর দেবীরা বোধিসন্তের
সমপ্র্যায়ের, এঁরা সৌমা। অন্ত শ্রেণীর দেবীরা ধর্মপালের সমপ্র্যায়ের, এঁরা উগ্র।

সাধারণতঃ দেখা যায় শাস্থ দেবীমৃতিগুলি আসীন। বোধিসন্তের অসভারাদি লক্ষ্ণ-লাহ্মন সবই তাদের আছে; মায় পঞ্চপত্র মুক্টটি পর্যস্থ। তারো ক্ষেরাননা। তাদের কুপালের উপর উর্ণা। তাদেয় দীর্ঘ তরঙ্গায়িত কেশরাফি স্থবিক্সয়।

উগ্র দেবীদের কেশরাজি আল্লারিত। তাঁদের তান্ত্রিক **লম্মণ-লান্থন অলম্বার প্রভৃতি।** এই দেবীদের আছে তৃতীয় নেত্ত।\*

শক্তিদের কদাচিং একক দেখা যায়। খিনি খে-দেবের শক্তি তাঁকে সাধারণতঃ সেই দেবের সঙ্গে যুগনন্দ অবস্থায় দেখতে পাওয়া যায়। দেবের প্রকৃতি অভুসারে শক্তি সৌম্য বা উগ্র হরে থাকেন। সাধারণতঃ শক্তিদের পরিধানে থাকে সিংহচর্ম বা ব্যায়চর্ম।

<sup>&</sup>gt; Early Buddhism, H. Ph. E. W., pp. 169-170

२ त्वोदेवर्स, पृष्ट ७-८ . G. N. B., p. 108. 8 Ibid, p. 104 . Ibid.

<sup>•</sup> Ibid • Ibid

ভাকিনীরা মর্বাদার দব স্থাদেবতাদের মধ্যে নীচে। সাধারণতঃ দেখা বার এদের মৃতি
নৃত্যের ভঙ্গীতে দাড়ান। মৃতিগুলি সৌম্য এবং উগ্র উভয়ই হতে পারে।

একটু লক্ষ্য করলেই দেখা বাবে সনাতনধর্মের স্ত্রীদেবতাদের সক্ষে এই বৌদ্ধ স্ত্রীদেবতাদের বিশেষ কোনো পার্থক্য নাই। ওঁরাই বেন একটু বেশ বদল করে বৌদ্ধ দেবমগুলে চুকে পড়েছেন। তবে সাধারণভাবে বলা বার সনাতনধর্মীয় দেবীদের মতো মর্বাদা বৌদ্ধ দেবীদের নেই।

ভারা—বৌদ্ধ দেবীদের মধ্যে সর্বাগ্রগণা <u>তারা।</u> অসমান করা হয় থৃ: বঠ শতালীতে ইনি মহাধানী দেবমগুলে প্রবেশ করেন। হিউমেন সাঙ উত্তরভারতে বহু তারামূর্তি দেখতে পান। অটম থেকে বাদশ খৃষ্টার শতালীর মধ্যে তারার জনপ্রিয়তা চরমে পৌছয়। তারার বহু মন্দির প্রতিষ্ঠিত হয়; তাঁর নামে বহু বিভালয় উৎসর্গ করা হয়। গৃহস্থ ভক্তদের ঘরে ঘরে তারামূর্তি থাকত।

বিভিন্ন ভারা—সপ্তম শতানীতে তারার ছটি রূপভেদ সক্ষ্য করা যায়। পরবর্তীকালে এই রূপভেদ ক্রমশ: সংখ্যায় বাড়তে বাড়তে একুশটিতে গিয়ে ঠেকে।\*

তান্ত্রিক বৌদ্ধাতে তারা ধ্যানী বুদ্ধের শক্তি। পাচন্দ্র ধ্যানী বুদ্ধ। তাঁদের বর্ণ-সিত, ভাম, পীত, লোহিত এবং নীল। সেইজন্ত, এই পাচটি বর্ণের তারাম্তিও দেখতে পাওয়া ধ্যা।

এঁদের মধ্যে সিত এবং স্থাম বর্ণের ভারা সৌমা ; পীত, লোহিত এবং নীল বর্ণের ভারা উগ্রাণ

সিভজারা—সিভতার। পরম পবিজ্ঞতার প্রতিমৃতি। এঁকে বোধিজ্ঞানের প্রতীক মনে করা হয়। ইনি অবলোকিভেশরের শক্তি। সিভতারা সাধারণতঃ জিনয়না। তবে সপ্রনম্বনা মৃতিও দেখা যায়। তখন এঁর হাতের তালুতে ও পায়ের পাতায় চোখ থাকে।

সিততারারই এক ভান্নিক রূপ জানুলীতার।। সাপের বিব নামানর সময় এঁকে আহ্বান করা হয়। জানুলীতারা চতুর্জা। দেবী দুহাতে বীণা বাজাচ্ছেন। তার এক হাতে অভয়-মুলা এবং অপর হাতে একটি সাদা সাপ।

জাপানে সাদা সাপের মৃতিতে সরস্বতীর পূজা করা হত। বীণা সরস্বতীর বিশেষ গাস্থন। আবার সাদা সাপ জানুলীভারার বিশেষ লাখন। কাজেই, মনে হয় জানুলীভারা আর সরস্বতী মূলত: অভিন্ন।

কেউ কেউ জাতুলীভারাকে বাংলার লৌকিক ত্বেতা মনসার আছিত্রপ মনে করেন।

<sup>3</sup> G. N. B., p. 104 2 Ibid, p. 105 4 Ibid, p. 108 8 Ibid, p. 106

s 1bid . 1bid. pp. 107-108 . 1bid, p. 108 . Ibid.

জাঙ্লীতারা বিবিধা—শ্রামবর্ণা এবং পীতবর্ণা। শ্রামবর্ণা দেবী চতুর্ভুজা, পীতবর্ণা বড়ভুজা। বড়ভুজা দেবী ত্রিশিরা।

শ্রীথাভারা—তিন্ধতীদের মতে শ্রীথাতারা আছা তারা। ইনি অবলোকিতেখরের শক্তি। কেবী পদ্মের উপর আসীনা। বোরিসন্তের মতো এঁর পোবাকপরিচ্ছদ, অলছার, পঞ্চপত্র-মৃত্তি।

পীতভারা-পীততারা বা ভূক্টাতারা চতুর্ভা দেবী। ইনি তারার এক উগ্রন্ধ। শ বীলভারা-ভুকুটাতারার বড়ভুজ ত্রিলির রূপের নাম নীলতারা।

বক্সভার। বক্সভারাও পীতভারারই ক্পভেদ। এঁর আট হাত এবং চার মাধা। প্রত্যেক মাধার সঙ্গে তৃতীর নেত্রও আছে।

খাদিরবনীভার। খদিরবনীভারাও পীতভারার একটি বিশেব রূপ। বাংলাদেশে বত বৌদ্ধ তারামূর্তি পাওয়া গেছে তার মধ্যে খদিরবনীভারা, ভূক্টাভারা এবং বছ্রভারার মৃতিই বেশী।

একজটা বা উগ্রভারা—পূর্বোক্ত নীলতারাকে একজটা বা উগ্রতারাও বলা হয়। জতি ভয়ম্বরী মূর্তি। দেবীর দুই রূপ। এক রূপে ইনি স্থামাতারার সহকারিশী। এই রূপে ইনি মিতুলা। এঁর এক হাতে খকা, অন্ত হাতে নরকপাল।

ষন্ত ক্লেপ দেবী একজটা বা উগ্রভারা স্বভন্থ। এই ক্লেপ এঁর চতুর্ভূজা মূর্তি থেকে আরন্ত করে বিংশতিভূজা মূর্তি পর্বন্ধ পাওরা বায়। সাধারণতঃ দেখা বায় ইনি দক্ষিণ পার্বে স্থিত শবের উপর এক পা দিয়ে দাঁড়িয়ে আছেন। দেবী লোলজিহ্বা, ভীবণদংট্রা, অট্টহাসিনী। ইনি রক্তচক্, নৃম্ওমাসিনী, ত্রিনয়না। এঁর পরিধানে ব্যাস্তর্ম। ইনি স্থলাজী, থবিকায়া।

কুকুকুলা দেবী কুকুকুলা চতুর্জা, রক্তবর্ণা, রক্তাখরা, রক্তমুকুটবারিণী, রক্তপদ্মের উপর উপবিষ্টা। কুকুকুলা প্রেমের অধিষ্ঠাত্রী দেবী আবার ধনৈশর্মের দেবীও বটেন। কুকুকুলা প্রতির মনোরম গুলার এঁর বাস। > •

কুকুরার দণ্ডায়মানা এবং নৃমুত্তমালিনী মৃতিও দেখা বায়। >>

চুঙা চ্তাদেবীর মৃতি চতুর্ছা, বোড়শকৃছা এবং জ্ঞাদশকৃছা। চতুর্ছা মৃতি লোহিতবর্ণা। সৌষ্য মৃতি। দেবীর উপরের ছহাতে জপষালা ও পৃঞ্জ, নীচের ছহাতে ধ্যানমূলা ও কমওপু (vase)। ১°

<sup>5</sup> G. N. B. p. 108 f. n. 2 4 Ibid, p. 108 4 Ibid, p. 110 8 Ibid

<sup>4</sup> Ibid 4 Ibid 4 有表, 9: 484 . G. N. B., p. 111

D Ibid, p. 111 > Ibid, p. 112 >> Ibid >2 Ibid, p. 116

শারীচী—দেবী মারীচী শ্করবাহনা। সগুশ্করবাহিত তাঁর রথটি অরিশিথার মতো রশিকালে আর্ত। মনে হয় সপ্তাশবাহিত স্থ্রথের অফুকরণে দেবীর রথের কল্পনা করা হয়েছে। স্থাকে বলা হয় মরীচিমালী। দেবীর নামকরণের মধ্যেও মরীচিমালীর প্রভাব থাকা অসম্ভব নয়।

মা<u>রীচীর প্রাচীন নাম বক্ষবরাহী। ও হুই প্র</u>কারের মারীচীমূর্তি পাওরা বার, সিত আর লোহিত। 'সাধনা' অহুসারে সিতমূর্তির দশ হাত এবং চার পা। তিনি বন্ধা, বিষ্ণু ও শিবকে মাড়িয়ে চলেছেন। লোহিতমূর্তির ছর মাথা এবং বার হাত। মারীচীর অস্ত একটি লোহিত মূর্তিও আছে। এই মূর্তিতে দেবীর বিমৃত, দশবাহ, সুলাক। তিনি হয়গ্রীবের শক্তি।

পর্বশবরী—পর্ণশবরী, তারার অন্থচরী। তার পরিধানে পর্ণ। দেবীকে বলা হয়েছে 'সর্বশবরাণাং ভগবতী' অর্থাৎ সব শবরদের ভগবতী। তার তিনটি মাধা, একটি সিড, একটি পীত, আরেকটি লোহিত। কিন্তু দেবীর গায়ের রং পীত।

হারীভী-বসুবারা— দেবী হারীতী ধনৈশর্ষের দেবী। এঁর অক্তরপকে বলা হয় বস্থারা। বস্থারা কুবেরের শক্তি।

সরস্বতী সরস্বতী মঞ্জীর শক্তি। বৌদ্ধরাও সরস্বতীকে সঙ্গীত ও কাব্যের অধিষ্ঠাত্তী দেবী মনে করেন। সরস্বতীর আরাধনা চীন ও জাপান পর্যন্ত ছড়িয়ে পড়ে। জাপানী দেবী বেনটেনকে ( Benten ) সরস্বতীরই মূর্ডবিগ্রহ মনে করা হয়।

বৌশ্বদের সরস্বতীর হাতেও বীণা। তবে তিব্বতে দেবীর হাতে বন্ধও দেখা বায়। বন্ধহন্তা দেবীর নাম বন্ধসরস্বতী। দেবী স্বেতবর্ণা ও মন্থরবাহনা।

ভিন্নতে বৌদ্ধ তান্ত্ৰিকদের একম্পন তান্ত্ৰিক সরস্বতীও আছেন। তিনি লোহিতবর্ণা, ত্রিমুখী এবং বড় কমা। শ

আক্রান্ত কেবী—বৌদ্দেবমণ্ডলে এ ছাড়া উফীববিজয়া, প্রজ্ঞাপারমিতা প্রভৃতি আরও শব দেবীরা আছেন।

আমরা পূর্বেই লক্ষা করেছি সনাতনধর্মীয় দেবমগুলে সাধারণতঃ দেবীদের বে-মর্বাদার স্থান বৌদ্ধ দেবমগুলের দেবীদের সে রক্ষম মর্বাদার স্থান নাই। বিশেষ করে এঁদের মধ্যে মাতৃরূপিশী কোনো দেবীর কলাচিৎ দেখা মিলে।

**छव् এको कथा अँ एवर विवयन (थरकछ वृक्छ अञ्चित्र) एव मा। जनमाधातरावर प्रश्ना** 

<sup>3</sup> G. N. B., pp. 117-118 2 Ibid, p. 117 9 Ibid, p. 118 9 Ibid, p. 119.

<sup>4</sup> Ibid, p. 115 4 Ibid, p. 118 4 Ibid 4 Ibid

বিভিন্ন দেবীর পূজা প্রচলিত ছিল, সভবতঃ ব্যাপকভাবেই ছিল। বৌদ্ধ স্থাচার্বরঃ একদা বাধ্য হয়েই এঁদের নিজেদের ধর্বসতের মধ্যে স্থান করে ছিরেছিলেন।

আর বৌদরা বাই বনুন না কেন এই-সৰ গণারাধ্যা দেবীরাও শাক্তশান্তরতে শাক্তদের আরাধ্যা মা মহাদেবীরই রূপভেদমাত্ত।

জৈন সাহিত্যাদিতে সারা দেশে বা ছিল ব্যাপক জৈন লাচার্বরাও তাকে সম্পূর্ণভাবে এড়িরে চলতে পারেন নি । বিভিন্ন কেবীর পূজা-আর্চা তাঁদেরও কভকটা বীকার করে নিতে হয়।

জৈনশান্তে আছে পৃথিবীর উপরে এবং নীচে বছ দেবদেবীর বাস। এঁদের পৃথা-আঠা করলে এঁদের বরে সাংসারিক উদ্দেশ্ত সিদ্ধ হতে পারে, বাসনা কামনা পূর্ব হতে পারে। কেতাখর দিস্থর উত্তর সম্প্রদায়েই কেবলমাত্র এইকপেই শক্তি-উপাসনা শীকৃত।

ধিনী, যোগিনী, শাসনদেবী এবং অক্সান্ত দেবীদের পূজা-আচার অনেক প্রকারতেছ জৈন সম্প্রদায়ে প্রচলিত। সাধারণতঃ কোনো মন্দির প্রতিষ্ঠা বা কোনো তপ-জত্মানের প্রারম্ভে এই-সব দেবীদের আবাহন ও পূজা করা হয়।

শাসনদেবী—বৈদ্য চিনিশ্বন তীর্থইরের প্রত্যেকের একজন করে শাসনদেবী আছেন। খেতাখরনতে এঁরা—১। চক্রেইরী ২। অজিভবনা ৩। ছবিভারী ৪। কানিকা ৫। মহাকানী ৬। স্থামা ৭। শালা ৮। আনা ২। হুভারকা ১০। অশোকা ১১। প্রকাশে ১২। চলা ১০। বিজয়া ১৪। অভুশা ১৫। শালা ১৬। নর্বাশী ১৭। বনা ১৮। ধারিদী ১৯। ধারণপ্রিক্তা ২০। নর্বাশী ২২। অহিকা ২৩। পদ্মাবতী প্রবং ২৪। নিজ্ঞিলাভিকা ৮০

লক্ষা করবার বিষয় সনাতনধর্মীর দেবকগুলের যে-সব দেবী অভি পরিচিতা শ্রীদের অনেকের নাম এই তালিকার পাওয়া যাছে। বৌদ্ধ দেবীদের সম্পর্কে ছে-কছবা করা হয়েছে ওঁলের ক্ষেত্রেণ্ড তা প্রবোজা। জনপ্রিয় দেবীকের জৈন আচার্বরাও ক্ষেত্রেণা না কোনোরূপে স্বীকৃতি না দিরে পারেন নি।

সমায়তী—কৈনদের কাছেও বিশেষ গোরবের স্থান নোৰী গরন্ধতীর। কৈনজাব্যেও সময়তীর স্থার বন্ধনা পাওয়া বার। দৃইাভয়রণ বিভসারস্বতাচার্থ জীবালচন্ত্র স্থানির মহাকাব্য 'বসম্ভবিলাস'—এর মঙ্গলাচরণ-লোকে সমস্থানস্থানার উল্লেখ করা স্থায়।

তৰে এ কৰা ঠিক, সনাতন্যনীয় পাছে দেবীলের বে-মাহাম্ম ও দৌৰৰ গল্য করা বায় জৈনমতে সীক্ত দেবীদের তা নেই।

<sup>&</sup>gt; देवन वर्ष (मं निक्रिण्या—क न ख, गू: ६७६ १ क्ष

<sup>🕫</sup> योष देव देवन वर्ष (व निक्र-वेनानवा---क न ख, नृ: es> 🔞 🛊

#### ( ও ) আর্থেডর লোকেদের মধ্যে

ক্ষা করা পেছে দেবীপূলা বেষৰ আর্বনের মধ্যে প্রচলিত ছিল তেমনি ছিল আর্বেডর লোকেদের মধ্যে। মহান্ত্রবীর ভাষস্তিরচনার আর্বেডর উপাদানও কম লাগে নি। এ কথার সমর্থন নালা ক্ষেত্রে পাওলা বার।

स्वाहिश्रुक्कि - रितरार्ग तमा राज्ञ एत्राह एती न्तर, वर्ष ७ श्रृमिक्कि वाजा न्यूक्का राजन । जिनि किताकी।

রঘুনন্দনের তিথিতত্তে একটি ভবিরোত্তরীয়বচন উদ্ধৃত করা হরেছে। ভাতে আছে এইভাবে দেবী নানা ক্রেছদের বাদা এবং সমত সহামের বারা পৃঞ্জিতা হতেন।

এই-সব বচন পর্বালেনা করলে বোঝা বার শুবর, পুলিন্দ, রেচ্ছ, দক্স (পুলিন্দালির মতো কৌম-ঝিশেব) এনের নিজৰ সব দেবী ছিলেন। পরে তারা মহাদেবীর অন্তর্ভুক্ত হয়ে বান।

প্রতিকাশ্রারনাসিরী সহাভারতের অর্ক্রতের দেবীকে বলা হয়েছে কান্তার-বাসিনী। হরিবংশে খুব পাই ভারাতেই দেবীর বাসন্থান নির্দেশ করা হয়েছে ঘার পূর্বত-শিখরে, ওহায়, বনে। বিদ্যাপর্বতকে বলা হয়েছে দেবীর শাসত স্থান।

प्रसीश्रुवारम्थ सारक् पुत्रशिविश्रुटक अवः कलात प्राची निष्ठा वाम करान ।\*

শহমান করা বার পাহাড়ে পর্বতে সাধারণতঃ বাস করত আর্বেডর নানা কৌর এবং ক্রা কেবী নানা নামে ও রূপে তালের কাছে পূজা পেতেন। এইজকুই, দেবীর বাস বনে পর্বতে নির্দেশ করা হয়েছে।

শবরী কিরাকী—সংস্কৃত গ্রহাদিতে দেবীর শবরী ও কিরাজী বা কিরাতিনী নামের বহ প্ররোগ লক্ষা করা ধার। বেমন হরিবংশে দেবীকে কিরাতিনী বলা হরেছে। মহাভারতে কিরাতবেশী শিব ও উমার বিবরণ আছে। বাক্পতিরাজের গৌড়বহকাব্যে দেবী বিদ্যাবাদিনীর জোত্রে ভাঁতে কলা হয়েছে শবরী। বরাহপুরাণে তাঁকে কিরাতিনী বলা হয়েছে। ব

শারদাতিলকে দেবী কৈরাতীর থানে দেওয়া হরেছে। বলা হয়েছে দেবী স্থামা, তাঁর মাথার মহ্মপুঞ্জ, পরিধানে পর্বাংকক, আর গলার ওঞাকলের মালা। বাক্কী প্রমুখ

अरः नानारत्रकृतकेशः शृक्षास्य वर्धनास्त्रिकः.।—विभिक्षत्, वृदर्गाधननतिथि तः।

२ रेनानृत्वपु कुरवास विकार वक कन्यतवानिनि ।--- ए पू, ১९१२०

<sup>·</sup> महा का काक (a-) e श्लीकृष्य, त्यार क- व वहारुगुनान स्थावत

জট্টনাগ তাঁর তাটক, জক্ষ, মেখলা ও নৃপুর হয়েছে। দেবীর হাতে বরাভয়মূতা। দেবী ত্রিনেত্রা।

় কিরাতীর ঐতিহাটি অতি প্রাচীন। অধর্ববেদের একটি মন্ত্রে আছে—পর্বতগুলির সামুদেশে কুমারী কৈরাতিকা একা <u>একা সোনার শাবল দিয়ে ঔষধ খুঁ</u>ড়ছে।

বৈদিক শ্ববি এই বে কিরাত কন্তাটিকে পাহাড়ে পাহাড়ে ঔষধ খুঁ জতে দেখেছেন এইটিই সম্ভবতঃ দেবী কিরাতীর আদিরূপ।

মনে হয় অথববৈদের 'কৈরাতিকা কুমারিকা'টিকেই শারদাতিলকের পূর্বোক্ত ধানে দেখতে পাওয়া ঘাছে।

মানবকন্তা দেবী হয়ে গেছে অথবা মানবকন্তার মধ্যে দেবী রূপপরিগ্রন্থ করেছেন এমনি একটা ঐতিহ্য মঙ্গোলয়েড জনদের মধ্যে বছকাল ধরে প্রচলিতও রয়েছে।

দৃষ্টান্তব্দ্ধপ তিকতের এক ঐতিক্ষের উল্লেখ করা যায়। শ্রোঙ্-চন্-গম্পো (Srong-tsan-gampo) নামে তিকতের এক মহাধার্মিক রাজার ছই রাণী ছিলেন। একজনের নাম ওয়েন্ চেঙ্গ (Wen Cheng)। ইনি চীনের রাজকন্তা। অন্ত রাণী নেপালের রাজকন্তা, নাম ব্রিব্সান (Bribsun)। তিকাতীদের বিশাস ওয়েন্ চেঙ্গ দেবী সিততারা এবং ব্রিব্সান দেরী শ্রামাতারা হয়ে যান।

কামাখ্যা এখনও আসামের কিরাত-জনদের অনেক সাধারণ মান্থবের বিশাস দেবী কামাখ্যা তাদেরই মেয়ে।

কেউ কেউ মনে করেন দেবী কামাখ্যা গোড়ায় ছিলেন থাসিয়া, গারো প্রভৃতির মতো আর্বেতর মাতৃতন্ত্র কোমের দেবী।\*

**অহমদের দেবী**— অহমদের দেবী থা-থম্পা-ফা (Khan-khampa-pha) মা মহাদেবীর সঙ্গে মিশে যান আর জ-চিঙ্গ-ফা (Ja-ching-pha) দেবী সরস্বতীর সঙ্গে এক হয়ে গেছেন।

ভাজেশ্বরী— আসামের একেবারে পূর্বপ্রাস্তে হ্বন্সিরি ও ডিহিং নদীর ধারে এক সময়ে ( আহমানিক থৃ: ত্রয়োদশ শতকে ) রাজত্ব করতেন চুটিয়ারা। তাঁরা ছিলেন দেবীর

- সামাং বহিকলাপশেধরবৃতামাবদ্বপণিংশুকাং শুল্লাহারলসংপরোধরভরামন্টাহিপান্ বিত্রতীয় ।

  তাটবারদমেধলাঞ্জপরপরাল্লীরতাং প্রাতিতান্ কৈরাতীং বরদাভরোভতকরাং দেবীং ত্রিনেত্রাং ভবে ।

  শা তি. ১০1৭
- ২ কৈরাতিকা কুমারিকা সকা ধনতি ভেষজন্। হিলারীভিবলিভিগিরীণাম্প সামুর্।

--- (4 > · ISI) 8

. G. N. B., pp. 105-106 8 M. G. K., p. 17 . Kirata-Jana-Krti, p. 57

উপাসক। অসমীয়া ভাষায় এঁদের দেবীকে বলা হয় কেচাইখাতী বা কাঁচামাংসংখকো। এঁর কাছে নরবলিও দেওয়া হত। এই দেবীকে পরে মা কালীর সঙ্গে এক করে দেওয়া হয়।

চুটিরাদের এই দেবীই তামেশরী। সদিরাতে এঁর সন্দির ছিল।

ড: কাকতি মনে করেন° ইনিই কালিকাপুরাণোক্ত দেবী দিক্করবাসিনী। দিক্কর-বাসিনীর তুইরপ। ইনি তীক্ষকাল্ডা এবং ললিভকাল্ডা। তীক্ষকাল্ডাই ভরংকরী। ইনি কৃষ্ণবর্ণা, ঘটোদরী, একলটা। এঁরই অল্ল নাম উগ্রভারা। দেবীর সহচরী—ভগা, স্বভগা, চাম্তা, করালা, ভীষণা এবং বিকটা। উগ্রমন্থ, মাংস, মোদক, নারকেল এবং ইক্ল্বেরির প্লার লাগত। এঁর কাছে নরবলি হত।

ঠাকুরাণী মান্ত — ভূঁইরারা বিহার অঞ্জের আদিবাসী। এদের আরাধ্যা দেবী 
ঠাকুরাণী মান্ট। ভালটন এঁকে বলেছেন 'রক্তপিপাস্থ দেবী'। এই দেবীকে এখন দুর্গা বা 
কালীর রূপভেদ মনে করা হয়।

**জাবিভূদের দেবী**—আর্ধেতর জনসমূহের বাস সারা ভারতে। এদের মধ্যে সভ্যতা ও সংস্কৃতির দিক্ দিয়ে নানা স্তরভেদ প্রাচীন কাল থেকেই লক্ষ্য করা যায়।

দক্ষিণভারতের আর্ষেতর লোকেদের মধ্যে অগ্রণী প্রাবিড়ভাষী জনগুলি। এদের মধ্যে কোনো কোনো জন প্রাচীল কাল থেকেই উচ্চ সভ্যতা ও সংস্কৃতির অধিকারী।

জাবিড়দের ধর্মে পরম গৌরবের স্থান মান্ত্রনিশী দেবীর।° দক্ষিণের সব স্তরের আর্বেডর লোকেদের মধ্যেই নানা দেবীর পূজা প্রচলিত। কোনো কোনো কোমের লোকের। ত শুধ্ দেবীরই পূজা করত। নিয়ড়িরা এমনি একটি কৌম।

সাধারণভাবে বলা হয় স্ত্রাবিড়দের দেবতারা প্রধানত: স্ত্রীদেবতা।

জাবিড়দের দেবীদের সাধারণতঃ বলা হয় শক্তি। সম্ভবতঃ গোড়ায় এঁদের সক্ষে ব্যবহারিক ক্ষেত্রে ব্রাহ্মণ্য ধর্মের শক্তির কোনো সম্ম ছিল না। পরে এঁদের অধিকাংশকে শিবপদ্মী পার্বতী হুর্গা বা কালীর স্কপবিশেষ বলে গ্রহণ করা হয়। ১০

জাবিড়দের দেবীদের সম্পর্কে দাধারণভাবে বলা বায় এঁরা কলছপ্রিয়া, প্রতিহিংসা-পরায়ণা, ঈর্বাপরায়ণা এবং হিংস্ত। বে কোনো ছলে এঁরা মাছবের অনিষ্ট করে বসেন। ১০

<sup>&</sup>gt; Kirata-Jana-Krti, p. 56; M. G. K., p. 66 2 C. H. A., Vol. I, p. 149

<sup>•</sup> M. G. K., p. 64 • 36 C. H. A., Vol. I., p. 149 • R. R. H., Vol. II, p. 497

D. H. I. C., pp. 46, 58 9 H. R. E. Vol. V, p. 8 W R. I., p. 537

D. G. M. H., p. 18 > Ibid, p. >> Ibid, pp. 40, 146

এঁরা বাতে অনিষ্ট না করেন সেই অন্ত লোকে ভরে ভরে এঁদের পূজা করে। এঁদের পূজার মূলপ্রেরণা ভয়, ভজি বা প্রীভি নর। এই দেবীদের পূজা করলে কোনো বকষ আধ্যাত্মিক উন্নতি হবে এমন প্রত্যাশাও কেউ করে না। এঁদের পূজা করার প্রধান উদ্বেশ্ব কোধের হাত থেকে পরিঝাণ পাওয়। '

<sup>%</sup> এই-সব দেবীরা সবাই গ্রামদেবতা বা স্থানীয় দেবতা। যদি কোনো কারণে কোনো দেবীর বিশেষ খ্যাতি হত আ হলে তাঁর কপাপ্রার্থীদের ভিড় বাড়ত আর দেবীর বাড়ত ধন ও প্রতিপত্তি। তখন স্থানীয় কোনো রাজা বা জমিদার দেবীকে ভূমিদান করতেন । পুরনো দেবস্থানে নতুন মন্দির গড়ে উঠত আর দেবীকে সনাতনধর্মীয় দেবমপ্রলে গ্রহণ করে নতন মর্যাদা দেওয়া হত। <sup>২</sup>

স্বীনাক্ষী—এমন কি মাতুরার বিখ্যাত মন্দিরের শিব ও মীনাক্ষী সমস্কেও এই ধরণের জনশ্রুতি আছে। মাতুরার মন্দির ধেখানে, সেখানে আদিতে ছিলেন চোকলিক্সম নামে এক পুরুষ-দেবতা আর মীনাক্ষী নামক এক দেবী। ছজনেরই অসাধারণ প্রতিপত্তি ছিল। তবে লোকে চোকলিক্সমের চেয়ে মীনাক্ষীকে বেশী ভয় ও সমীহ করত। ব্রাহ্মশরা পরে চোকলিক্সমের শিব এবং মীনাক্ষীকে তাঁর পত্নী বৰে সনাতনধর্মীয় দেবমণ্ডলে গ্রহণ করেন।

এমনিভাবে আর্থেতর দেবমগুলের দেবীরা অনেকে আর্থ দেবমগুলে স্থান পেরেছেন এবং মহাদেবীর রূপভেদ বলে স্বীকৃত হয়েছেন।

এই দেবীদের মধ্যে কেউ কেউ প্রাচীন আবার কেউ কেউ অবাচীন। সাধারণ মান্তবের যুক্তিহীন বিশ্বাস এবং ভয়ের ক্ষেত্রে যখন এঁদের আবির্ভাব তখন সে-আবির্ভাব খে-কোনো সময়েই সম্ভবপর।

শারি-অস্মন্ বেমন, দেশে প্রেগ বা কলেরা বা বসস্ত দেখা দিল। বহু লোক মরতে লাগল। সাধারণ লোকে মনে করল দেবী মারি-অস্মন্ ক্রুছ হরেছেন বলেই এই মড়ক লেগেছে। তারা মনে করে মারি-অস্মন্ মড়কের দেবী। তিনি ক্রুছ না হলে মড়ক হড়ে পারে না।

ক্তি অক্সন্—কতি অহমন্ এই ধরণের আরেকজন দেবী। লোকের বিখাস ইনি শ্বশান বা গোরস্থানের শক্তি। তাঁর আহার শব। এই শক্তি অতি ভয়ংক্রী। এঁর কোধে অগ্নিকাও ঘটে, শিশুমৃত্যু হয়। গোমড়কেও এঁর মহা-আনক।

কলক-মুর্সা-অক্সন্—প্রাচীন দেবীদেরও অনেক ক্ষেত্রে প্রাচীন নাম বছলে গ্রেছে, নৃতন করে বামণ্য নামে তাঁদের পরিচয় হয়েছে। দুটাস্কম্মণ কনক-মুর্গা-অক্সনের ক্ষা বলা বার।

<sup>&</sup>gt; V. G. S. I., p 46 2 E. E. E., Vol. 14, p. 91

D. G. M. H., pp. 84-85 s Ibid, p. 41

র্ত্তর কোনো স্থায়ী মন্দির নাই বা কোনো মূর্তিও নাই। এঁর জন্ত বিশেষ কোনো উৎসকও হয় না। ইনি বিশেষ করে গবাদি পশুর রক্ষাকারিণী জেবতা। যথন গো-মড়ক দেখা দেয় তথন এঁর পূজার কৃষ্ণ পড়ে বায়।

বোৰা যায় এই দেবীটি প্ৰাচীন এবং লোকিক কিছ তাঁয় নামটি লোকিক নয়, বাছপ্ত।

বেজান্তির তুর্লা-অব্যক্ হানীয় লোকিক দেবীকে কেবী ছর্গা করে নেওয়া হয়েছে ভার

আবেকটি দৃষ্টান্ত দেওয়া বেতে পারে। বেলারিতে ছুর্গা-অব্যনন একটি স্থান আছে। গোড়ার

সেখানে ছিল কেবল একটি উইটিবি। পরে পাখরের যদির করে দেওয়া হয়েছে। এক
সময়ে ঐ উইটিবিতে একটা প্রকাশ্ত নাপ থাকত। লোকেয়া কেবীকে ভূধ, ভিম প্রভৃতি

অর্থা দিত আর সাপটি এলে লে-সব খেরে বেত।

শাইই ৰোকা বার এই দেবী ছিলেন আহিতে ছানীর এক আহির রাছবের দেবী। কেন না, এই বকম সাপের বাসা উইটিবি প্রভৃতিতে দেবতার পূজার প্রধা আহিব মাছবের মধ্যে দেখা যায়।

পরে এই দেবী হরে গেলেন হুর্গা-জন্মন্ অর্থাৎ যা হুর্গা। তথন থেকে ধূম করে তার পূঞা হয়। বছরে একবার দেবীর স্থানে বেলা বলে। তথন মোব, মেব, ছাগ ও মোরগ বলি দিয়ে দেবীর পূঞা হয়।

এই দেবীৰ পূজাৰী অত্ৰাহ্মণ ।° দেবী বে গোড়াৰ আৰ্থেতৰ লোকেন্সৰ দেবী ছিলেন এটি তাৰ অকাট্য প্ৰমাণ । কাৰণ, দক্ষিণভাৰতে উত্তৰভাৰত থেকে আগত ব্ৰাহ্মণ ছাড়া আৰ স্বাইকে সাধাৰণত আৰ্থেডৰ হলে কৰা হয় ।

চণ্ডেশ্বরী—ক্রছণ জেলার নক্ষরর নামক ছানের তোগতজাতির আরাধ্যা হেবী চণ্ডেশ্বরী। এই ক্ষেত্রীয় পূজারী রাজ্প। দেবীর খা-পরিচর পাওয়া বায় তাতে মনে হয় ইনিও গোড়ায় ছিলেন গ্রামদেবতা। কোনো কারণে রাজ্ঞপেরা পরে এঁর পূজা করতে আরম্ভ করেন এবং তথন থেকে এঁব রাজ্ঞপ্য নামও চালু হরে বার।

কালী-আন্তৰ্ কালী-আন্তৰ্বা যা কালীকেও নানা আনলে প্ৰায়দেবতা মনে করা হয়। কোনো কোনো অঞ্জে লোকের বিশ্বাস ইনি প্রথমে প্রায়দেবতা ছিলেন না। বহিনাত্ত্ব বধ করার পর প্রায়দেবতাদের মধ্যে স্থান পান।

ভালোর অক্তে কানীকে গ্রাহের রকাকের মনে করা হয়। প্রাথসীয়ানায় এর স্থান। বিচিনপরী, কুজালোর প্রভৃতি অক্তের কোকের বিশ্বাস কানী-অস্তন্ গ্রাহ্বানীদের ভৃতগ্রেত

<sup>&</sup>gt; D. G. M. H., p. 57 a V. G. S. I., pp. 74-75 . Ibid, p. 75

<sup>&</sup>lt;sup>8</sup> D. G. M. H., pp. 118-119 • V. G. S. I., p. 94

এবং বন্ধ জন্তদের কবল থেকে রক্ষা করেন। কোধাও কোধাও কালী-অন্মন্কে বিশেষ-ভাবে ব্যাধদের দেবী মনে করা হয়।

ত্রিচিনপরী জেলার অনেক গ্রামে কালীকে বলা হয় মহুবৈ-কালী-অন্মন্। অনেক গ্রামে মোর বলি দিয়ে দেবীর পূজা হয়। আবার কোনো কোনো গ্রামে দেবীর কাছে কোনো পশুবলিই হয় না। পশুবলি হয় কোথাও দেবীর সহচর মহুবৈ-বীয়ন্ বা করুষানের কাছে, কোথাও বা পেরিজয়া-স্থামীর কাছে।

উজিনিহওকালী—এই জেলার মহাকালীকৃতি নামক গ্রামের প্রধান দেবী উজিনিহওকালী বা মহাকালী। এই দেবীর চারজন সহচরী—এলি-অন্ধন্, প্রথল-অন্ধন্, বিশলন্ধী-অন্ধ এবং অন্ধন-অন্ধন্। আর সহচর তিনজন—মহুরৈ-বীরন্, বতলম এবং অন্ধানার। প্রথমে দেবীর পূজারীরা ছিলেন অব্রাহ্মণ । পরে ব্রাহ্মণরাও দেবীর পূজা করতে আরম্ভ করেন। এইজন্ম, দেবীর মন্দিরে ব্রাহ্মণ অব্রাহ্মণ ত্রকম পূজারীই আছেন।

কোনো কোনো অঞ্চলে মহাকালীকে গ্রামদেবী মারি-অন্মনের এক রূপবিশেষ মনে করা হয়। অতি কোপনন্থভাব এই দেবীর। এঁর ক্রোধে কলেরা মহামারী আকারে দেখা দেয়। এঁকে বীরমহাকালী বা উগ্রমহাকালীও বলা হয়। গোকে কলেরার হাত থেকে বাঁচবার জন্ত এঁর পূজা করে।

মনে পড়ে বার বাংলা দেশের রক্ষাকালীর পূজার কথা। বধন কলেরা প্রকৃতি কোনো রোগ মহামারীর আকারে দেখা দের তখন গ্রামের লোকেরা রক্ষাকালীর পূজা করে। তা ছাড়া, অকল্যাণ পরিহার করার উদ্দেক্তে এবং কল্যাণলাভের আশায় বিবাহ প্রভৃতি অষ্ঠানের সময়ও কোথাও কোথাও রক্ষাকালীর পূজা করা হয়।

তামিল দেশে কালী-ক্ষমনের কোনো উৎসব নাই। এর খেকে বোঝা বার ওখানে কালীর বিশেষ গৌরবের স্থান নাই।

কালী কেরলে—অতি প্রাচীন কাল থেকে কেরলে কালীপুলা প্রচনিত। তথন খোলা জারগার গাছের তলার থাকত দেবছান। এই দেবছানের নাম কাব্ (Kavu)।° কালী, অব্যানন্ (Ayappan) এবং সর্পদেবতার দান কাব্। লিব, বিষ্ণু প্রভৃতি দেবতাদের কাবুতে রাখা হর না।°

এর থেকে বোঝা যায় কাবু আর্বেডর দেবতার স্থান এবং কালী আর্বেডর লোকেদের দেবী। এই সিদ্ধান্তের অক্ত রক্তম সমর্থনও পাওয়া যায়।

<sup>&</sup>gt; V. G. S. I., p. 82 a Ibid, pp. 107-108 a 1bid, pp. 104-105

<sup>8</sup> Ibid, p. 80. 4 Ibid, p. 92 4 K. W. K., p. 7 9 Ibid, p. 8

আদিবাসীদের দেবী—কেরলের প্রচলিত ঐতিক্ সন্থারে কেরলে প্রথমে কালীপূলা করত চেক্রিরা। চেক্রি বুলতে বুঝার আদিবাসী মেরে। তারা কালীর পূজা করত পাধরে। এই পাধরে পূজা করা সম্বন্ধ একটি কাহিনী প্রচলিত আছে। একদিন করেকজন চেক্রি গিরেছিল ধান কাটতে। ক্ষেতের ধারে অনেক পাধর পড়েছিল। একটি চেক্রমি একখণ্ড পাধরের উপর কাল্ডে ধার দিছিল। হঠাৎ লে দেখল পাধর থেকে রক্ত বেক্লছে। তরে লে চীৎক্রার করে উঠল। চীৎকার তনে কাছাকাছি বারা ছিল স্বাই ছুটে এল। প্রবীপরা বুঝল এই পাধরে কালী আছেন। তথন থেকে ঐ পাধ্যে কালীর পূলা হছে। অবশ্ব, এ রক্ষ কালীর পাধর কেরলের অনেক জায়গাতেই আছে।

প্রথমে কালীপূজা চেকমিদের মধ্যে প্রচলিত হলেও পরে উচ্চ শ্রেণীর লোকেরাও কালী-পূজা জারস্ক করেন এবং প্রাচীন কালীস্থানগুলি দুখল করে নেন। তবে তাঁরা জনেক ক্ষেত্রে দেবীর আদি-প্রস্করপ্রতীকের কাছে মৃতিপ্রতিষ্ঠা করেন এবং মন্দির নির্মাণ করেন। লোকে কিন্তু আদি-প্রস্করপ্রতীককেই বিশেষ জাগ্রত বিগ্রন্থ মনে করে।

এই প্রসঙ্গে শরণ হয় প্রাচীন শক্তি-শীঠগুলিতে এমনি শ্বয়স্থ প্রস্তরই দেবীর প্রতীকরণে পুঞ্জিত হত।

খারেকটা কথা, এই যে কালী প্রথমে নিরপ্রেণীর কাছে এবং পরে ক্রমে উচ্চপ্রেণীর লোকের কাছে পূজা পেলেন ভার অন্তর্জন দৃষ্টান্ত বাংলা দেশেও পাওরা বার; কালী সম্পর্কে নয়, অন্ত একাধিক দেবী সম্পর্কে। বাংলা চণ্ডীমঙ্গল ও মনসামঙ্গল কাব্যে দেখা বার স্বা চণ্ডী প্রথমে ব্যাধের ছরে পূজা পান এবং মা মনসা জেলেকের ছরে। পরে ক্রমে উচ্চ শ্রেণীর লোকেদের মধ্যে তাঁকের পূজার প্রচার ছর।

ক্ষম-কালী প্রাচীন কেরলে কালী, ক্ষম-কালী, করিম-কালী, ক্রমণা ( অভাজ 'তীয়ন্'দের দারা প্রিভা ) প্রভৃতি বিভিন্ন কালীর পূজা হত। সব কালীরাই রং কাল। মালরালর ভাষায় কালল অর্থ ভন্নংকর। কেউ কেউ মনে করেন এই কালল শব্দের থেকে কালী শব্দের উত্তব হরেছে। যিনি ভন্নংকরী তিনিই কালী।

চুটল ভক্তকালী—কেরলের সাধারণ লোকে মনে করে শ্বশানে থাকেন ভক্তকালী।
তারা শ্বশানকে বলে চুটল। সেইজন্ত, ভক্তকালীকে বলে চুটল-ভক্তকালী। তাদের
বিধান গভীর রাভে চুটল-ভক্তকালী দক্ষিনীদের নিম্নে নেচে বেড়ান আর মড়ার হাড়গোড়
চিবিয়ে থান।

প্ৰেই বলা হয়েছে প্ৰাচীন কেবলে কালীপৃষ্ণা হত কাব্-তে। গোড়ায় কাব্ ছিল

<sup>&</sup>gt; K. W. K., pp, 29-80. 2 Ibid. 4 Ibid, pp. 1-2 8 K. W. K., P. 71

আদিম লোকদের পূজার স্থান। পরে নায়াররা কাবুগুলি অধিকার করেন। নায়াররা কোনো কাজে ব্রতী হওয়ার আগে কালীর পূজা করে তাঁকে তুই করতেন। ব্রাজারাও তাই করতেন। এখনও কেরলের রাজপরিবারে কালীপূজা হয়। কালীপূজা করার বিশেষ অধিকার নায়ারদের। পরে ব্রাহ্মণরাও কালীপূজা স্থক করেন এবং কোনো কোনো কাবু দুখল করে নেন। তবে ব্রাহ্মণের পূজায় পশুবলি হয় না।

নায়াররাই কিন্তু সাধারণত: কালীর পূজারী হয়ে থাকেন। কালীমন্দিরের দৈনন্দিন পূজা তারাই করেন। অবশু কোনো কোনো মন্দিরে ব্রাহ্মণরাও করেন। আর বেখানে অক্ত সময়ে নায়ার পূজা করেন সেখানেও বংসরে অস্তত: একচলিশ দিন ব্রাহ্মণকে পূজা করতে হয়।

এখানে উল্লেখ করা যায় দক্ষিণভারতের নায়ারদের মর্যাদা উত্তর ভারতের ক্ষত্রিয়দের তুল্য।

পুরম্ কেরলে যে কালীর বিশেষ গৌরবের স্থান আছে তার অক্ততম প্রমাণ 'পূরম্' উৎসব। এটি কালীপূজার উৎসব। অনেক দিন ধরে এই উৎসবটি চলে। এই সমরে খুব ঘটা করে কালীপূজা হয়।

'প্রম্' উৎসবের সময় প্জার স্থানটি লাল কাপড় ইত্যাদি দিয়ে সাজান হয়; চালের গুড়ি দিয়ে প্জাস্থানে আলপনা দেওয়া হয়। সারারাত ধরে দাকক-অস্ব-বধের অভিনয় চলে।

উৎসবের শেব দিনে মেয়েরা তামার সরায় চাল ভর্তি করে তার উপর প্রদীপ সাঞ্চায়।
সন্ধ্যার আগে তারা এই সব সরা নিয়ে দল বেঁধে কাবু প্রদক্ষিণ করে। সন্ধ্যায় কাবুতে
আলোকসক্ষা করে। ৺ এই প্রসঙ্গে উল্লেখ করা বার মালয়ালম ভাবার কালীবিষয়ক
বহু গান প্রচলিত আছে।

'প্রম্' উৎসব উপলক্ষ্যে দেবীকে খুলী করবার জন্ত একদিন জন্ত্রীল গান করা হয়।' শাবরোৎসব এই প্রসঙ্গে উল্লেখ করা যায় দেবীপুদা উপলক্ষ্যে জন্ত্রীল গান প্রস্থৃতির বিধান ব্রান্থপা লাগ্রেও আছে। ব্যাপারটি শাবরোৎসব নামে পরিচিত। বুলিপানিক তুর্গোৎসববিবেকে দেখা যায় তুর্গাপুদার সময় দলমীতে এই উৎসবের জন্ত্রীন করতে হয়।
দীস্তবাহনের কালবিবেকে এবং রিঘুনন্দনের জাইাবিংশতিতত্ত্বও শাবরোৎসবের বিধান

<sup>5</sup> K. W. K., pp. 38-35 2 1bid, pp. 1-4 1bid, p. 26 8 1bid

<sup>\*</sup> Ibid • Ibid, pp. 58-59 • Ibid, p. 61 • Ibid, p. 68

<sup>&</sup>gt; 35 ' Ibid, Part I, Ch. 17 > Ibid, p. 89

আছে। প্রভর্ষার্গবে<sup>3</sup> শক্তিসক্ষতন্ত থেকে শাবরোৎসবের বিবরণ উদ্ধৃত করা হয়েছে। এই বিবরণে অ<u>দ্বীলভাষণাদির একটা ব্যাখ্যাও দেওয়া হয়েছে</u>। কালিকাপ্রাণেও শাবরোৎসবের বর্ণনা আছে।

নামের থেকেই অভ্যান করা বায় শাবরোৎসব শবরদের উৎসব। শবররা তাদের আরাধ্যা দেবীর পূজার সময় হয়ত পূজার অঙ্গহিসাবেই এই উৎসবের অভ্ঠান করত। তারপর কোনো এক সময়ে শবরারাধ্যা দেবীর সঙ্গে তার পূজার এই অভ্ঠানটিকেও সনাতন-ধর্মের মধ্যে গ্রহণ করা হয়।

দক্ষিণভারতের আর্যেতর লোকেদের পৃষ্ধিতা দ্বেরীদের পরবর্তী কালে ব্রাহ্মণ্যপ্রভাবের জন্ত মা মহাদেবী বা লিবলজ্ঞি দুর্গার স্থপভেদ বলে মেনে নেওয়া হয় এবং অনেক ক্ষেত্রে তাঁরা অনেকে ব্রাহ্মণ্য নামেও পরিচিতা হয়েছেন। কিন্তু অনেকেরই দ্রাবিড় নাম বদলায় নি এবং তাদের পূজা-আর্চাও হয় প্রাচীন প্রধায়।

কোটুবৈ ( কোর্রবৈ )—প্রাচীন তামিলদের প্রধান আরাধ্যা দেবী ছিলেন কোটুবৈ ( কোর্থবৈ )। কোটুবৈ ( কোর্ববৈ ) অর্থ বিজ্ঞানী। এলিয়ট লিখেছেন পর্বর-পর্কল বেণবা-মালৈ ( Purra-porul Venba-Malai ) নামক প্রাচীন তামিল কবিতার এই দেবী এবং তার পুত্র মুক্তবন্কে ( কোর্ববন্ ) তামিলদের প্রধান আরাধ্য দেবতা বলা হয়েছে।

এল্লাক্সন্ এরামন্ তামিলদের পৃঞ্জিতা আরেকজন দেবী। এলামন্ অর্থ সর্বজননী। এঁর পূজায় চড়ক-অফুটান হয়।

সাত বোন মারি—মহীশ্রে সাত বোন মারির পূজা হয়। করড় ভাষার মারি অর্থ শক্তি। মারিদের শিবপত্তী মনে করা হয়। এঁরা গ্রামদেবতা। মহীশ্র অঞ্চলে এঁদের করণামরী বলে খ্যাতি আছে। সব রকমের আপদ্বিপদ্ থেকে এঁরা গ্রামকে রক্ষা করেন।

তাক্ষার জেলাতেও দেখা যায় গ্রামদেবতাদের মধ্যে প্রধান স্থান সাত বোন শক্তির। এখানেও এঁদের শিবপত্নী মনে করা হয়।

ভৃধু মহীশ্র বা তাঞোরে নয় দক্ষিণভারতের সর্বত্রই এই সাত বোন দেবীর বিশেষ প্রতিষ্ঠা লক্ষা করা যায়। এঁদের একটি ভাইও আছেন। তাঁর নাম পটু রাজু। ভাইটির নাম সব জারগাভেই এক। কিন্তু বোনদের নাম স্থানভেদে ভির হয়ে যায়।°

ን ሚ 5, ሜ >>, ማ፣ >>২>>২২ ২ ሞነ ሚ, ቀን|>٩-২২ ው H. B., Vol. II. p. 918

<sup>8</sup> E. R. E., Vol. VI, p. 706 e V. G. S. I., pp. 29, 82 e Ibid, p. 194

<sup>1</sup> D. G. M. H., p. 19

নেরোর জেলায় সাত বোনের প্রচলিত নাম পলেরম, অভম, ম্থ্যলম, দিলি পোলনি, বঙ্গরম, মথম এবং রেণুকা।

এই প্রসঙ্গে শ্বরণ করা যায় বিহার এবং উত্তর প্রদেশের কোনো কোনো অঞ্লে সাভ বহিন কালীর পূজা হয়।

কাজেই অনুমান করা বার এক সমরে ভারতের উত্তর দক্ষিণ উভয় অংশেই সাধারণ লোকেদের মধ্যে সাত বোন দেবীদের পূজার প্রচলন ছিল।

লক্ষা করা গেছে খৃ: পঞ্চম শতাব্দীর প্রত্নলিপিতে সপ্তমাতৃকার মন্দিরপ্রতিষ্ঠার উল্লেখ আছে। কান্দেই পঞ্চম শতাব্দীতে অভিকাতদের মধ্যেও সপ্তমাতৃকার পূজা যে প্রচলিত ছিল এ বিষয়ে কোনো সন্দেহ নাই।

মনে হয় এই সাত বোন দেবী আর সপ্তমাতৃকা অভিন্ন। অন্ত ক্ষেত্রে বেমন হয়েছে এ ক্ষেত্রেও তেমনি লোকায়ত্ত দেবীরা ক্রমে শাস্ত্রীয় মর্বাদ। লাভ করেছেন। তথন তাঁছের ধ্যান-ধারণাও বদলে গেছে। অবশু এ ক্ষেত্রে বিপরীত ঘটনা ঘটাও সম্ভব। সপ্তমাতৃকাই সাধারণ লোকের কাছে সাত বোন দেবী হয়ে বেতে পারেন। উপযুক্ত প্রমাণের অভাবে এ সম্বন্ধে নিশ্চয় করে কিছু বলা বায় না।

মাতৃদেবতা— দাবিড়দের দেবীদের একটি বিশেষৰ লক্ষ্য করা বায়। এঁদের বেশীর ভাগেরই নামের সঙ্গে মাতৃবাচক অন্ধন্ বা অন্ধ শব্দ যুক্ত রয়েছে। এ থেকে পাইই বোঝা বায় এঁদের রূপ এবং ক্রিয়াকলাপ বাই হোক না কেন এঁরা মাসনে মাতৃদেবতা। কামেই, এঁদের যা মহাদেবীর রূপভেদ বলে গ্রহণ করা কঠিন হয় নি।

এই দেবীদের পূজা সম্পর্কেও ছটি বিশেষত্ব চোখে পড়ে। এক—এঁদের পূজারীরা সাধারণতঃ অব্রাহ্মণ ; ছই—পশুবলি পূজার অপরিহার্য অঙ্গ।

পশুবলি: মহিববলি—মেব, মোব, ছাগ, মোরগ প্রভৃতি দেবীদের কাছে বলি দেওয়া হত। তবে সব চেরে গৌরব মহিববনির। বলির বে-বিবরণ পাওয়া যার ভাতে দেখা যার বলি দেবার আগে মহিবকে মালা পরিয়ে দেওয়া হত, তাকে পূজা করা হত। বলির সমর খ্ব জোরে ঢাকঢোল বাজান হত। কয়েকজন লোক যোবটাকে মালিতে পেড়ে দেলে চেপে বরত। বলি দিত অস্তাজপ্রেণীর কোনো লোক। পূজারী খড়েশার পূজা করে ভা বলিয়ানকারীর হাতে দিতেন। সেও আবার খড়েশার পূজা করত এবং মালিতে লুটিয়ে ভাতে প্রধাম করত। তারপর এক কোপে মহিবের ম্ওছেম্ব করত। এবার কাটা ম্ওটিকে আর্থায়পে দেবীর সামনে রাখা হত। আর মোবের ত্থানা পা হাটু পর্যন্ত কেটে নিয়ে আড়াআড়ি করে ম্ওটির মৃথের কাছে রাখা হত এবং মৃওটির উপর একটি প্রদীপ জালিয়ে দেওয়া হত।

D. G. M. H., p. 19 & V. G. S. I., p. 18 . D. G. M. H., pp. 28, 128

বাংলাদেশেও শাস্ত্রীয় তুর্গাপুলা বা কালীপুলায় প্রায় এমনিভাবেই মহিববলি দিতে আমরা দেখেছি। তবে এথানে অস্তাক্ষপ্রেশীর লোকেরা বলি দিত না বা কাটামূত্তের কাছে মোবের কাটা পা-ও রাথতে দেখিনি। অস্তু সব অফুঠান একই বকম।

দেখা বাচ্ছে দক্ষিণ ভারতে আর্বেতর লোকদের পৃঞ্জিতা দেবীদের পৃক্ষার বেমন করে মোববলি দেওরা হর উত্তরপূর্ব-ভারতে ব্রাহ্মণা দেবীদের পূজাতেও তেমনি করেই হত। এর থেকে বোকা বার দেবীপৃক্ষার অনুষ্ঠানেও আর্ব ও আর্বেতর উপাদানের সংমিশ্রণ হয়েছে।

সব দেবীই বহাদেবীর রূপভেদ—বৈদিক সাহিত্যে, বেদপর্বর্তী সংস্কৃত সাহিত্যাদিতে, ভারতের ও বৃহত্তর-ভারতের ঐতিহাসিক নিদর্শনে এবং আর্ষেতর লোকেদের মধ্যে
বিভিন্ন দেবীর সন্ধান পাওয়া গেল। এঁরা স্বাই মিলে শাক্তদের আরাধ্যা মা মহাদেবীর
ভাবরূপ রচনা করেছেন।

এ বিবরে শান্তের সমর্থনও আছে। স্বন্ধপুরাণে দেখা বার মহাদেবী বলছেন— সমস্ত দেবীই আমার রূপ বলে জানবে, এর কোনো অন্তথা নাই।

নারদ পঞ্চরাত্রে বলা হরেছে—দেই হুর্গতিনাশিনী হুর্গা সর্বশক্তিশ্বরূপা, পরমান্ত্রা কুঞ্চের তিনি পরমা বৃদ্ধিশ্বরূপিনী, বর্গে দেবরাজের নিকেতনে তিনি সম্পদ্রূপা, তিনি বর্গলন্ত্রীবরূপিনী। মর্ত্যে রাজপৃত্তে তিনি রাজলন্ত্রী, প্রতিগৃত্তে তিনি গৃহলন্ত্রী আর সর্বত্র গ্রামে গ্রামে পৃথক্ প্রামদেবতা।

<sup>&</sup>gt; तथा : नर्गन्त मधनः निक्य व्यवस्कारकार्यः।।

<sup>-</sup>क्यमुतान, बार्ड्यत्ववावार्कक कृतादिका वक, क्यांव वर, टार्क ३२१

সর্বশক্তিবল্পনা লা ছুর্লা ছুর্লভিনালিনী। বু ছিবরপা পরমা কুক্ত পরমাজকঃ।
 সম্পদ্ধপ্রেলেহে সা বর্গলক্ষীক্ষলিক। বত্যে কর্মী রাজকেহে গৃহলক্ষীর্কেহে কেহে।
 পৃথক্ পৃথক্ চ সর্বত্র প্রাবহের প্রাক্ষেরতা।—নারবর্গকরাত্র, ২০০২০-২২

# ষষ্ঠ অধ্যায়

# দেবীপূজার ব্যাপকতা

দেখা গেল অতি প্রাচীনকাল থেকেই ভারতে এবং ভারতের বাইরেও নানা স্থানে বিভিন্ন দেবীর পূজা প্রচলিত ছিল। আর তত্ত্বদৃষ্টিতে এই-সব দেবী যে একই মহাদেবীর রূপভেদ-মাত্র তাও লক্ষ্য করা গেল।

দেবীস্থান ও শাক্তভীর্থ—সারা ভারতে ছড়িয়ে আছে দেবীয়ান ও শাক্তভীর্থ। শাক্তভীর্থমাত্রই অবশ্র দেবীয়ান কিন্তু এমন অনেক দেবীয়ান আছে বেওলি তীর্থ বলে সাধারণত: গণ্য হয় না। কিন্তু সব দেবীয়ান এবং শাক্তভীর্থই দেবীপূজার ব্যাপকতার সাক্ষ্য দিছে।

মহাভারতে—মহাভারতের বনপর্বে? দেখা যায় মহর্ষি পুলস্তা ভীমকে বহু তীর্ষের বিবরণ ভনিয়েছেন। এই-সব তীর্ষের মধ্যে শাক্তভীর্থ বা দেবীতীর্ষণ্ড আছে।

ভীমান্থান—ভীমান্থানকে একটি তীর্থ বলে বর্ণনা করা হয়েছে। বলা হয়েছে ভীমাদেবীর উত্তম স্থানে তীর্থসেবীর বাওয়া উচিত। সেখানে বোনিকৃতে স্থান করলে মাছ্ব
ন্থানিকৃত্তলধারী দেবীপুত্র হবে এবং শতসহত্রগোদানের ফল লাভ করবে। এই ভীমান্থানই
হিউরেন সাঙ্গ বর্ণিত প্রাচীন গান্ধারের ভীমান্থান মনে হয়।

শবিনীতীর্থ—শথিনীতীর্থ একটি দেবীতীর্থ। বলা হয়েছে তীর্থসেবী শথিনীতীর্থে গিয়ে সান করলে উত্তম রূপ লাভ করবে।°

ৰাতৃতীর্থ—মাতৃতীর্থ বলে একটি তীর্থের উল্লেখ করা হয়েছে। বলা হলেছে এখানে গিল্লে স্থান করলে প্রজাবৃদ্ধি হয় স্থার বিপুল শ্রীলাভ হয়।

মধুবটী—মধুবটী নামে একটি দেবীতীর্থের বিষয়ে বলা হয়েছে দেখানে গিয়ে ভীর্থজনে দান করে পবিত্র হয়ে দেবতা ও পিতৃগণের তর্পণ করলে দেবীর আজ্ঞার সহস্রগোদানের ফললাভ হয়।

- > মহাভারতের সময় সথকে পণ্ডিতেরা একমত নন। তবে তার মূলমণ্ট বঃ চতুর্ব শতকের পূর্বেই রচিত হরেছে বলে পশ্চিত্যে পণ্ডিতেরাও মনে করেন। আমাদের আলোচা বনপর্বের তীর্ববারো-আশেও ঐ সময়ে রচিত হয়েছে মনে করা বার। তঃ ঠk. P., p. 8
  - २ वहां छा, ( छाखांत्रकत थाहा-ऋरवर्गा-थाहितीन मः ) ७४०।३००-३०३
  - estrato e setrato e a celcato e

শাকস্থরী ছাল শাকস্থরী ছানের বর্ণনা করতে গিয়ে দেবীর নাম কি করে শাকস্থরী হল তার বাাখা। দেওয়া হয়েছে। দেবী সহস্র দিবা বংসর ধরে মাসে মাত্র একবার করে শাক আহার করে অবস্থান করেন এবং দেবীস্থানে অভ্যাগত তপোধন স্থবিদের ওধু শাকের ছারাই অতিথিসংকার করেন। এইজস্তই দেবীর নাম হয়েছে শাকস্থরী। শাকস্থরীস্থানে তীর্থসেবীকে তিন রাত্রি ব্রহ্মচর্ষ পালন করে বাস করতে হয় ও ওধু শাক আহার করতে হয়। এতে দেবীর আজায় তার বার বংসর কেবলমাত্র শাকাহার করে তপস্থার ফললাভ হয়।

হুর্গাসপ্তশতীর দীকা গুপ্তবতী অন্থসারে কৃষ্ণাবেণী ও তুক্তপ্রা এই ছুই নদীর মধ্যভাগে সন্থান্তির কিঞ্চিৎ পূর্বে শতাক্ষী, শাকস্করী প্রভৃতি দেবীর স্থান প্রসিদ্ধ।\*

শুমাবতী স্থান শ্যাবতী স্থান আরেকটি দেবীতীর্থ। দেখানে গিয়ে তিন রাত্রি উপোস করে থাকলে সমস্ত মনস্থামনা পূর্ণ হয়। শুমাবতী দুল্মহাবিদ্যার অক্সতমা বিদ্যা। এ শুপুদাদিও সচরাচর হয় না। মহাভারতে এই দেবী স্থানের উল্লেখ তাংপর্যপূর্ণ। মহাভারতের এই অংশ প্রক্রিয় বলে প্রমাণিত না হওয়া পর্যন্ত এ কথা বলা যায় বে ধ্যাবতী একজন প্রাচীন দেবী। তার পূজা গৃঃ চতুর্থ শতকের পূর্ব থেকে প্রচলিত। অবশ্র এই ধ্যাবতী আর বিদ্যাধ্যাবতী এক কিনা নিশ্চয় করে বলা যায় না। কেন না, মহাভারতে ধ্যাবতীর কোনো পরিচয় দেওয়া হয়নি।

উত্তৎ-পর্বস্ত — উত্তৎ-পর্বত দেবী সাবিত্রীর স্থান। এই স্থানে আছে সাবিত্রীর পদচিহ্ন। ব্রাহ্মণ বদি এখানে ষধাশাস্থা দুর্চনিয়মপরায়ন হয়ে একবার সন্ধ্যা-আহ্নিক করেন তা হলে তার বার বছর সন্ধ্যা-আহ্নিক করা হয়ে বায়। এখানেই বিখ্যাত ব্যানিষারতীর্থ অবস্থিত। শেই বোনিষারে গেলে মাসুবের আর জন্ম হয় না।

ভরতাশ্রম ভরতাশ্রম পোঠাম্বর কৃশিকাশ্রম) একটি দেবীতীর্থ। সেখানে গিয়ে মহাপাতকনাশিনী দেবী কৌশিকীর সেবা করলে লোকে রাজস্ম-যক্ষের ফল পার।

সৌরীশিশর—মহাদেবী গৌরীর শিখরকে ত্রিলোকবিশ্রুত তীর্থ বলা হয়েছে। সেখানে অনক্তে সান করে পিতৃগণের ও দেবগণের অর্চনা করার ফলে মান্ত্র্য অখ্যেধের ফল পায় এবং দেহাত্তে ইন্সলোকে বায়। পীঠনির্গরে কামরূপের এক গৌরীশিখরের কথা আছে। এটি সম্ভবতঃ সেই গৌরীশিখর।

ক্**ত্রাতীর্থ**—সমূত্রতীরে কল্পাতীর্থ। কল্পাতীর্থে গিয়ে সেধানকার তীর্থসলিল শর্ম করলেই মাজুব সর্বপাসমুক্ত হয়। শুটুই বোঝা বায় এই তীর্থ কল্পাকুমারী।

<sup>&</sup>gt; महा खा ( खाखाइकत आछा-मारवना-आण्डिंग गर ) वापरा>>->ध २ हू म, >>।६७, वर्धवडी

० वहा छ। ( छात्रावका आहा-नावक्नी-अधिकान मः ) कार्यर- क वे, कार्याण्ड-००

<sup>4 3, 0|12|300 4 3, 0|12|303-02 9 3:</sup> SE. P., p. 49

नरा चा ( चावातकत्र आहा-मध्यक्ती-अधिकान गर ) थान्था२ )

শৈৰতীর্থে দেবী— মহাভারতবিবৃত এই তালিকার অনেক শৈৰতীর্থের উল্লেখ আছে। কিন্তু গুরেকটি? তীর্থ ছাড়া অক্সপ্তলিতে দেবীসহ মহাদেবের উল্লেখ নাই। এটি লক্ষ্য করার মতো। কেন না পরবর্তীকালে দেখা যার সাধারণতঃ শৈবতীর্থ মাত্রেই দেবী আছেন আর শাক্তবীর্থমাত্রেই শিব আছেন।

প্রাক্তিপীঠ ও দেবীর অক্স — দেখা বাজে ভীমাস্থান, উত্থং-পর্বতের সাবিত্রীস্থান এবং গৌরীশিখর এই তিনটি দেবীতার্থের সঙ্গে দেবীর অঙ্গবিশেষ ব্রুড থাকার এই ধারণাটির ব্যাপক প্ররোগ দেখা যার শাক্তপীঠের ক্ষেত্রে। সাধারণভাবে বঙ্গা বায় শাক্তপীঠমাত্রেই দেবীর কোনো না কোনো অঙ্গ আছে মনে করা হয়।

পীঠ শক্তের ব্যাখ্যা—পীঠ বর্ধ আস্ত্র। বে স্থানে দেবীর আসন রয়েছে তাই পীঠ। অথবা ব্যাপারটির অক্তভাবেও ব্যাখ্যা করা বেতে পারে। কোনো দেবীয়ানে কোনো সাধক সাধন-আসন রচনা করলেন এবং সেই আসনে সিছিলাত করলেন। তথন লোকে সেই দেবীয়ানকে সেই সিছপুরুবের আসনহান বা পীঠছান বলতে লাগল। পরে ক্রমে সিছপুরুবের পীঠছানের পরিবর্তে ওধু সিছপীঠ কথাটা চালু হয়ে গেল। সিছপীঠের সংখ্যাও নিজান্ত নগণ্য নয়। বে-সব দেবীয়ানে কোনো সাধকের সিছিলাতের কথা লোকের জানা নেই, অক্তমান করা হার সেইগুলিকে তারা সিছপীঠ না বলে ওধু পীঠ বলতে থাকে। তারা ভাবতে পারে বে-দেবীয়ানে সিছিলাত ছয়েছে তা যথন সিছপীঠ তথন বে-দেবীয়ানে সিছিলাত হয়েছে বা যথন সিছপীঠ তথন বে-দেবীয়ানে সিছিলাত হয়েছে বা বার সাধন-আসন রচনা করে সাধনা করেছেন তা ওধু পীঠ। প্রাচীন দেবীয়ানের পীঠ নাম এই তাবে চালু হতে পারে।

পূর্বেই বলা হয়েছে শাক্তশীঠমাত্রেই দেবীর কোনো অন্ন আছে নাধাণতা এই ধারণা প্রচলিত। তবে কোনো সাধকের সিছিলাতের স্থান হলে সেখানে দেবীর অন্ধ না থাকলেছ সেই দেবীস্থান শীঠ বলে গণ্য হয়ে থাকে। সর্থানন্দতরিদ্যীতে ত্রিপুরা জেলার বেহারকে শীঠস্থান বলা হয়েছে। কারণ এখানে সাধক সর্থানন্দ সিছিলাত করেন। প্রত্যায়ে দেবীর কোনো অন্ধ নেই।

দেবীভাগৰতে একশ আটটি পীঠের বিবরণ দেওরা হরেছে। তার মধ্যে অনেকঞ্জির সঙ্গে দেবীর কোনো অনের বোগ বণিত হয়নি।

পীঠোৎপত্তির পৌরাশিক কাছিনী—কিভাবে শাক্রণীঠন্থলির উত্তব হল কালিকা-পুরাণ দেবীভাগবত প্রভৃতিতে তার কাহিনী বর্ণিত হয়েছে। এই কাছিনী অন্থলারে

<sup>)</sup> तः वहा छो, olusioos-oo; olusios-२० २ (प्रवासिककिविविधि निर्मा ।—तः सम्बद्धानाः ।

<sup>\*</sup> SK. P., p. 8. note 1. \* 여행, 아이 \* 제기, 백 >> \* 여행, 아이

দেখা বার দক্ষরজ্ঞে সভীর প্রাণভ্যানের পর সভীদেহ কাঁথে (মভান্তরে মাবার) নিরে নিব উলাদের মতো পৃথিবীসর নৃত্য করে বেড়াতে লাগলেন। এতে স্টি রলাভলে বাবার উপক্রম হল। তথন দেবভারা এই অবস্থার প্রতিকারের ব্যবহা করলেন। ত্রন্থা, বিঞ্ এবং শনি গভীদেহে প্রবেশ করে তাকে টুকরো টুকরো করে কাটভে লাগলেন। সেই সব টুকরো ছিটকে পড়তে লাগল। বেখানে বেখানে এমনি টুকরো পড়স ভাই হল পীঠ। পীঠন্তলে দেবী ভৈয়বসহ নিত্য বিরাজ করেন। এই কাহিনীর শেব বিক্টার একটু রূপান্তরও আছে। ভাতে আছে বিঞ্ বাণ মেরে বেরে বা অবর্শন চক্র বিরে আঘাত করে করে সভীদেহ কেটে খান খান করেন।

ক্ষমজ্যের কাহিনী—দক্ষক-নাশের কাহিনীটি প্রাচীন। চতুর্ব খৃং শতকে ওপ্তদের অনুখোনের পূর্বেই কাহিনীটি চালু হরে বার। বতটা জানা বার দক্ষকের কাহিনীটি প্রথম বর্ণিত হর মহাভারতে। এই কাহিনী সংক্ষিপ্ত এবং এতে শিবপদ্ধী উমা দক্ষকা নন এবং তিনি সক্ষকে প্রাণত্যাগও করেন নি।

ব্ৰহ্ণপুৱাণেও° কাহিনীটি এই আকারেই পাওরা ঘার। বংশুপুরাণ,° পদ্ধপুরাণ,° কুর্মপুরাণ,° অন্ধপুরাণ,° ব্রহ্ণপুরাণ,° ব্রহ্ণপুরাণ,° ব্রহ্ণপুরাণ,° ব্রহ্ণপুরাণ,° ব্রহ্ণপুরাণ,° ব্রহ্ণপুরাণ,° ব্রহ্ণপুরাণ,° করেন।
এবার দেখা ঘার শিবপদ্ধী দক্ষকভা হরেছেন এবং দক্ষকভো তিনি প্রাণত্যাগও করেন।
কিন্তু তার দেহ খণ্ড খণ্ড করার কথা এ-সব পুরাণেও নেই।

কাহিনীটির আবার রূপান্তর ঘটল দেবী ভাগবভ, কালিকাপুরাণ গ্রন্থতি পুরাণে।
এটি হরেছে সম্ভবভঃ মধ্যমূলের প্রথম দিকে। ১১ কালিকাপুরাণকে একাদশ শভকের
পূর্ববর্তী মনে করা হয়। কালেই থণ্ডিত সতীদেহ থেকে পীঠোৎপত্তির কাহিনী এই
সময়কার।

পীঠোৎপত্তির কাহিনীয় ভাৎপর্য-দেশের নানা হানে ছিল নানা দেশীর হান।

<sup>5</sup> SR. P., pp. 6-7

২ কেই কেই বলে করেন ক্ষরতার এই কাহিনীর মধ্য কগ্রেষ (১০০১)৫-৭) প্রচিত এবং শতপথ-নামান (মার্যানিন, ১৮৪০)১-৮), ঐতরের-ভারান (৩০০২-১০), ভার্তা-মহাত্রামান (৮০২১০) প্রভৃতিতে বর্ণিত এলাগতির কলাগ্রমের কাহিনী আর খোগধ-রাম্বনে (২০১২-৪) বর্ণিত ক্ষরতে বজনাস নিতে প্রথাপতির মার্যাক্তির কাহিনী প্রকীভূত হরেছে। (এ: Śk. P., p. 5)

<sup>•</sup> ák. P., p. 5 । वहां का अशरूर-२०० । जन्मन्तान, वा क । वरक्रन्तान, वा अ

१ गमगुत्रान, शक्तिक, का ब ( का SK. P., p. 5 ) । कूर्वभूतान, भूर्वकान, का ३६

<sup>»</sup> चन्त्रान, बार्ड्यक्थकाकर्न्छ रक्शन्त्रक, च्यः >-»

<sup>&</sup>gt; বশাধপুরাণ, ব: ৩১ ( আর্রা. P., p. 5 ) >> র্রা. P., p. 6

মনে হয় তারই কতকগুলির সঙ্গে দেবীদেহের থণ্ডিত অংশের বোগ কল্পনা করা হয়।
পূর্বোক্ত কাহিনী তারই পরিচায়ক। যে ভাব-চিক্তা শক্তি-আরাধনাকে অবৈততত্ত্বর
দার্শনিক ভিত্তির উপর প্রতিষ্ঠিত করেছে কাহিনীটির মধ্যে তারই এক লোকায়ত্ত প্রয়াস
লক্ষ্য করা বায়। তত্ত্ত: সকল দেবীই বেমন একই ব্রহ্মময়ী মহাদেবীর রূপভেদ তেমনি
সকল দেবীস্থান একই দেবীর স্থান।

পীঠের নাম ও সংখ্যা—প্রত্যেক পীঠের দেবীর নাম পৃথক্। তা ছাড়া, পীঠের তালিকা এবং দেই তালিকাভুক্ত পীঠের সংখ্যা ভিন্ন গ্রন্থে ভিন্ন ভিন্ন রকমে দেওয়া ছয়েছে। এই-সব তালিকার পরস্পরের মধ্যে মিল বেমন আছে তেমনি অমিলও কম নেই।

লেখকর। অনেক সময় নিজ নিজ কল্পনা অস্থ্যারে কোনো দেবীস্থান বা তীর্থের সঙ্গে দেবীর অঙ্গবিশেষের সম্পর্ক স্থাপন করেছেন এবং দেবীর ও ভৈরবের নাম করেছেন।

মনে হয় দেবীভক্ত এই-সব লেখকদের একচিমাত্র লক্ষ্য ছিল। বিভিন্ন দেবী তত্ততঃ বে একই দেবী এবং বিভিন্ন দেবীস্থান যে একই দেবীর স্থান তাই তাঁরা দেখাতে চেয়েছেন। সেইজন্ত, যে-কোনো দেবীস্থানের সঙ্গে দেবীর যে-কোনো অঙ্গের সম্পর্কের কথা বলেছেন এবং এমনি পীঠের অধিষ্ঠাত্তী দেবীর নাম দিয়েছেন মহাদেবীর যে-কোনো নামে। তবে বে-স্থানে আগে থেকেই দেবীর কোনো নাম প্রচলিত ছিল সেখানে তাঁরা সাধারণতঃ সেই নামই গ্রহণ করেছেন মনে হয়।

**দেবীস্থানের সজে দেবী-অজের যোগাযোগ-কল্পনার উৎস**— দেবীস্থান বা শাক্ততীর্থের সঙ্গে দেবীর অঙ্গের এ রকম যোগাযোগের কল্পনার উদ্ভব কি করে হল তা নিয়েও নানা কল্পনা কল্পনা করা হয়েছে।

বৌদ্রা বৃদ্ধদেবের তিরোভাবের পর তার নখ, কেশ, অস্থি, দাঁত প্রকৃতি দেহাংশের পূজা আরম্ভ করেন এবং নানা স্থানে এই-সবের এক একটির প্রতিষ্ঠা করে তার উপ্র স্থপ রচনা করেন। ত্র বে স্থানে সেই-সব ভূপ নির্মিত হয়্ কালে সেগুলি বৌদ্ধতীর্থে প্রিণত হয়। শাকুদের পীঠকরনার সঙ্গে এই ব্যাপারের একটা হোগাহোগ থাকা সম্ভবপর।

হিউয়েন সাঙ উত্তর-পশ্চিম ভারতের কয়েকটি পৰিত্র তীর্ষস্থানের কথা লিখেছেন। এই-সব স্থানে বৃদ্ধ কোনো কোনো পূর্বজন্ম স্থাপন দেহ খণ্ড খণ্ড করে খাইরে দিয়ে পরের উপকার করেছিলেন বলে কাহিনী প্রচলিত। এই কাহিনী শাক্ষণীঠের কাহিনীর প্রেরণা বোগাতে পারে।

বিশরীয় কাহিনী শাক্রণীঠের উত্তব-কাহিনীর অভ্যন্ত একটি কাহিনী প্রচলিত ছিল মিশরে। এই মিশরীয় কাহিনীতে দেখা বায় ওলাইরিসের ভাই সেট্ ওলাইরিসের

<sup>3</sup> K. P., p. 82 3 Ibid, p. 7 . O. Y. C., Vol. I. Ch. VII

অন্থিতালি দেশের দ্র দ্রান্তরে ছড়িয়ে দেয়। পরবর্তী কালে মিশরের মন্দিরগুলিতে ভক্তদের ওসাইরিসের যে-সব দেহাবশেব দেখান হত, বলা হত এইগুলিই সেই অন্নি।

আদিম মানবের ধারণা—মনে হর উভর দেশের কাহিনী স্বতম্বভাবে গড়ে উঠেছে।
সম্ভবত: এই ধরণের কাহিনীর মৃলে আছে আদিম মান্তবের একটি অভি প্রাচীন ধারণা—
কোনো দেবতা বা তাঁর মানব-প্রতিনিধিকে টুকরো টুকরো করে কেটে জমিতে ছড়িয়ে
দিলে জমির উর্বরতা বৃদ্ধি পায়।

দেবীদেহকে টুকরো টুকরো করে দেশের নানা স্থানে ছড়িয়ে দেবার কল্পনার মূলে এই আদ্মধারণা যুক্ত থাকাটাও অসম্ভব নয়।

চতুস্পীঠ—প্রাচীন তমগ্রেশ চারটিমাত্র পীঠের উল্লেখ পাওয়া বায়। বথা—<u>দালম্বর,</u> উদ্দীয়ান বা ওডিয়ান, পূর্ণনিরি বা পূর্ণশৈল এবং কা<u>মরূপ</u>।

বৌশ্বতম্মেও° এই চার পীঠের উল্লেখ আছে। তবে কোনো কোনো বৌশ্বগ্রন্থেৎ জালন্ধরের পরিবর্তে শ্রীহট্ট বা সিরিহট্টের উল্লেখ করা হয়েছে।

ত বৃদারের ° একটি বচনে পীঠদংখা। দেখা যায় পাচ। বধা উডিডয়ান, জালদ্ধর, কামরূপ, পূর্ণগ্রীব ( পূর্ণগিরি ) এবং জ্রীহট্ট।

তারপর বিভিন্ন তারে পীঠের ক্রমবর্দ্ধিত সংখ্যা লক্ষ্য করা যায়। কৃত্তিকাতন্ত্রমতে<sup>ক</sup> পীঠসংখ্যা ১২, জ্ঞানার্শবিতম্মতে<sup>ক</sup> ৫০ তম্বার অন্ত্র্সারে ৫০, পীঠনির্ণয় অন্ত্র্সারে ৫০ ইত্যাদি। এ ছাড়া, দেবীভাগবত, কালিকাপুরাণ, মংস্তপুরাণ প্রভৃতি পুরাণেও পীঠতালিকা দেওয়া হয়েছে। পীঠের সংখ্যা ও নাম সহচ্ছে এ-সব তালিকার মধ্যে অনেক গ্রমিল আছে। আমরা আগেও এ বিষয়ের উল্লেখ করেছি।

উত্তর-পশ্চিম সীমান্ত—আমর। পূর্বেই বলেছি দেবীস্থান তথা <u>শাক্ষতীর্থ ভারতের?</u> পূর্বত্র ছড়ি<u>রে আছে।</u> এবার বিভিন্ন অঞ্চলের দেবীস্থান তথা শাক্ষতীর্থ তথা পীঠস্থানের একটা মোটান্টি বিবরণ দেওয়া বাক। এই বিবরণ থেকে দেবীপূজার ব্যাপকতা সম্বন্ধে একটা সম্প্র ধারণা করা বাবে।

Cambridge Ancient History, Vol. I. p. 382

<sup>3</sup> G. B., Part V. Spirits of the Corn, Vol I., pp. 245-49

<sup>े</sup> ज: शा त्जा, का १, भित ६, द म:, भू: ६६४ ; SK. P., p. 11

<sup>&</sup>lt;sup>8</sup> (रवश्राच्या, ( वस श्रीम ) Quoted in S. T., I. p. 88

नावनवाना, G. O. S., Vol. II, p. 458
 क का का एका, का क >, श्रीब €, व गर, गृर 8+

१ SK. P. p., 19 ₩ Ibid, pp. 90-91 > वृष्ट जा, ३०व गर, कु: २१८-१७

<sup>&</sup>gt; এই জালোচনার অবিভক্ত ভারতকে বরা হরেছে। অর্থাৎ এবানে ভারত বর্গতে বর্তনান ভারত-পাকিতান বুবতে হবে।

হিংলাজ উত্তর-পশ্চিম-সীমান্ত অঞ্চল থেকে আরম্ভ করা বাক। এফিক্কার সব চেয়ে বিখ্যাত শাক্তপীঠ মকতীর্থ হিংলাজ। একে হিছুলা বা হিছুলাটও বলা হয়। এখানে পড়েছিল বেবীর নান্তি, মৃতান্তরে ব্রহ্মরন্ত্র। দেবীর নাম কোইরী, কোইবী ফুইবী বা কোইরীলা। ভৈরব ভীমলোচন। হিংলাজ বেলুচিভানে। বর্তমানে এখানকার লোকেরা সব মুমলমান। তারা দেবীকে বলেন নামী বিবি) আর হিংলাজকে বলেননানী কী হক্ত হিংলাজ পীঠের কাছে অন্যোর-নদী। সে-নদী পেরিয়ে পীঠনানে তারা কখনো বান না অভতঃ পাকিস্তান হবার আগ পর্বন্ত বেতেন না। কেউ কেউ হিলু যাত্রীদের হাত দিয়ে নানী কী হক্তে চড়াবার জন্ত মেওয়া, মোমবাতি প্রভৃতি পাঠিয়ে দিতেন। শ

বেল্চিস্তানে একদা যে মাতৃদেৰভাৰ পূজার প্রচলন ছিল হিংলাক্ষ ভারই শ্বভি বছন করছে। এখানে দেবীর কোনো মূর্ভি নাই। এই প্রদক্ষে উল্লেখ করা বার প্রাচীন কোনো পীঠে বা দেবীরানে দেবীর কোনো মূর্ভি নাই। বেশীর ভাগ ক্ষেত্রেই কোনো ব্যন্থ প্রস্তর্থও বেবীর প্রতীক।

উভিডয়ান—প্রাচীন চতুপীঠের অক্তম পীঠ উভিডয়ান বা উভিয়ান বা উভিয়ান। উদ্ভব-পশ্চিম সীমান্ত এলাকার সওয়াট (Swat) নামক স্থানে এই পীঠের অবস্থান নির্দেশ করা হয়। তবে এ বিবরে মততেদ আছে। মঁশিকে দিলভা গেভি (Sylvan Levy) মনে করেন উভিজয়ান ছিল কাশগড়ের কোনো স্থানে আর হরপ্রসাদ শাস্ত্রী মহাশয় মনে করেন উভিজয় । আবার কেউ কেউ মনে করেন এটি ছিল কাশীবের উত্তর-পশ্চিমে দর্দিস্তানে। এখানে পড়েছিল দেবীর উক্তম। পীঠাবিঠানী দেবী কাভ্যারনী।

কাশ্মীর— জ্ঞানার্গবড্যাদি গ্রন্থে কাশ্মীরকে পীঠ কলা হয়েছে। ভিন্ন ভিন্ন প্রাক্ত পীঠাবিচালী দেবীর ভিন্ন ভিন্ন নাম পাওয়া বার। কথা—নেধা, সরস্বতী (সারজা), মহালায়া এবং ত্রিসভা। <sup>1</sup>

সারদান্ধান বা সারদাপীঠ-বাছতরদিনী প্রভৃতি গ্রাহে কান্ধীবের সারদানেবী

<sup>&</sup>gt; गीठवाननिर्वापि वार्शाद এই बारणांच्याव ध्यवस्थ उत्तेत्र शीरमण्डल महकारका निवक "The finhte Pithes"-এর অপুসরণ করা হবেছে।

र SK. P., p. 85 √ जः मलटीर दिलाक कु: २००

<sup>8</sup> Introduction to Sadhanmala, Vol. 11, p. XXXVII

Ibid
 Introduction to G. N. B., p. XXX

<sup>9 3:</sup> SK. P. p. 88 ৮ রাজতরশ্বিদী, ৮৯৫৫৬, ২৭০৬

(শারদাদেবী) এবং তাঁর মন্দিরের উল্লেখ আছে। আলবেরুণিও সারদাদেবীর কথা লিখেছেন।

কিবেণগঞ্চা ও মধুমতী-নদীর সক্ষমন্থলে পাহাড়ের উপর ছিল প্রাচীন সারদান্থান। ওই স্থানের আধুনিক নাম সার্দি। মহানীপতমাদিতে এই স্থানকেই সারদাপীঠ বলা হরেছে। পরে গুসাতে (প্রাচীন ঘোষ) সারদাদেবীর নৃতন মন্দির তৈরী হয়। ও

প্ৰবৃত্ত শহৰ্ষণ একটি প্ৰশিদ্ধ দেবীয়ান। জায়গাটি জীনগার থেকে মাইল পনের উত্তরে। এবই কাছে জীবভবানী বা যোগমায়ার বিখ্যাত মন্দির।

উত্তর-মালস — হরম্থ পর্বতের পাদদেশে অবস্থিত গঙ্গান্তৰ তীর্থ। এখানে আছেন দেবী নীলা।

আন্তেছাদ — অচ্ছোদ নামে একটি দেবীস্থানের উল্লেখ কোনো কোনো প্রস্থে পাওরা বার। দেবীর বিভিন্ন নাম। বধা—শিবকারিণী, শিবধারিণী, সিজিদারিনী এবং শক্তিধারিণী। স্থানটি কান্ত্রীরের আধুনিক শক্তাবট।

## जिक्दलन-

করবীর—তহুচ্ছামনি প্রস্তৃতিতে যে করবীরপীঠের উল্লেখ আছে, কেউ কেউ বনে করেন এটি সিদ্ধান্দের শর্করার (আধুনিক স্কৃত্র)। কালিকাপুরাণ-মতে (আ: ৩৮-৩২) অবশ করবীরপুর (করবীর আর করবীরপুর একই) ছিল ব্রছাবতের (বর্তমান পূর্ব-পাঞার) রাজধানী। স্থানটি ছিল দৃষ্ধতী-নদীর তীরে। কিন্তু সাধারণতা বোঘাই রাজ্যের কোল্ছাপুরকে (স্থানীয় নাম কর্বীর) করবীরপীঠ সনে করা হয়।

করবীরপীঠের অধিষ্ঠাত্তী দেবী ষহিষমর্দিনী, মডান্ডরে মহালন্ধী। এখানে দেবীর জিনেত্র পড়েছিল।

#### 이빨14-

আলছর—আলছর প্রাচীন চতুশীঠের মন্ততম। কাংড়া জেলার আলাম্থীর কাছে এই তীর্থ। আধুনিক জালছর সহরের সঙ্গে এর কোনো বোগ নেই।

এখানে দেবীর তন পড়েছিল। এখানকার হেবীর নাম বিষম্থী বা ত্রিপুরনাশিনী বা ত্রিপুরমাশিনী। মভাতরে এই পীঠের অধিষ্ঠাত্রী দেবী অঞ্চেশরী। এঁকে বিভারাজীও বলা হয়। তারার কেউ কেউ বিভেগরীও বলেন।

**আলামুখী**— এটও <u>একটি পীঠছান।</u> এখানকার দেবী সিদ্ধিদা বা অধিকা।

<sup>&</sup>gt; Alberuni's India, Vol. I, p. 117 a REjetarangini ( trans. ), p. 10

<sup>&</sup>lt;sup>6</sup> Ibid. s 本司吸, pp. 668. P, p. 64, f. m. 1 · 本司可, pp. 646

ভৈরবের নাম উন্মন্ত। এখানে পড়েছিল দেবীর জিহবা। স্থানীয় লোকেরা দেবীকে বলে জালাজী। দেবীর মন্দির আছে কিন্তু মন্দিরে কোনো মূর্তি নেই।

চিন্তপূর্ণা—চিন্তপূর্ণী কাংড়ার একটি বিখ্যাত দেবীস্থান। স্থানীয় লোকেরা একে সিন্ধপীঠ মনে করেন। জালন্ধর ও জালাম্থীর মত এখানেও প্রতিবংসর হাজার হাজার যাত্রী আসে।

কাংড়ার আরেকটি পীঠ কাংড়া রেলষ্টেশনের কাছে একটি দেবীস্থান আছে। স্থানীয় লোকেরা একে একটি প্রধান পীঠ বলে মনে করেন। এথানে নাকি দেবীর মৃগু পড়েছিল। এই স্থানে ভগবতী বিশ্বেশ্বরীর একটি প্রাচীন মন্দির আছে। এঁকে নগর-কোটের দেবীও বলা হয়। এখানে দেবীর শুধু মুণ্ডেরই মূর্তি আছে।

নগরকোটের দেবীস্থান, জ্ঞালামুখী এবং চিম্বপূর্ণী এই তিন পীঠকে নিয়ে কাংড়াতে একটি শক্তিত্রিকোন সৃষ্টি হয়েছে।

পাঠানকোট—পাঠানকোটে প্রাচীন হিন্দু রাজাদের এক ফুর্গের ধ্বংসাবশেষ আছে।
ওরই মধ্যে আছে এক অতি প্রাচীন দেবীয়ান। স্থানীয় লোকের ধারণা ত্রিগত-রাজ্যের
্ষারদেশে অধিষ্ঠিতা এই দেবীর আরাধনা অনস্তকাল ধরে চলে আসছে।

পৃথুদক — কর্ণাল জেলার আধুনিক পেহোয়াতে ছিল প্রাচীন দেবীম্বান পৃথুদক।
দেবীর নাম মহাবেগা। এটি ছিল প্রাচীন কুকক্ষেত্রের দীমার মধ্যে।

কপালমোচন—কোনো কোনো পুরাণে কপালমোচন নামে তীর্ষের উল্লেখ আছে। অনেকে পূর্বোক্ত পেহোয়া গ্রামের কাছে তার স্থান নির্দেশ করেন। অবস্থ ভারতের অক্তঞ্জ কপালমোচন নামে স্থান আছে। কপালমোচনের দেবীর নাম ভ্রমি।

কুরুকেন্দ্র— মহাভারতে বর্ণিত কুরুকেন্দ্রপ্ত শাক্তপীঠ। এখানে পড়েছিল দেবীর দক্ষিণ গুল্ফ। পীঠাধিষ্ঠাত্রী দেবীর নাম নিয়ে মতভেদ আছে। কোনো মতামুসারে সাবিত্রী; অন্তমতে সম্বরী বা বিমলা; মতান্তরে শিবা; আবার অন্ত একটি মতে অরুপেক্ষণা। পূর্ব-পাঞ্চাবের কর্ণাল অঞ্চলে প্রাচীন কুরুকেন্দ্রের স্থান নির্দেশ করা হয়।

খানেশ্বর—থানেশ্বরও একটি দেবীস্থান। স্থানটির প্রাচীন নাম স্থানীশ্বর বা স্থানেশ্বর। প্রাচীন কুকক্ষেত্রের মধ্যভাগে প্রাচীন স্থানেশরের স্থান নির্দিষ্ট হয়। এখানকার দেবীর নাম ভবানী।

১ ভার, পৃঃ ৮৭ ; ŚK. P., p. 86 ২ ক শ অ, পৃঃ ৩০০

७ वे, मु: ७०० ६ वे, मु: ०६० ६ वे, मृ: ०६०

<sup>•</sup> KK. P., p. 94; 町里, 町 2, 9; 000 9 KK. P., p. 88; 町里, 9; 000-08

৮ ấK. P., p. 89 > जाब्र, गृ: ७६३, व म व गृ: ७३७

ক্লেকেটি ক্লেক্তের সীমানার মধ্যে আরেকটি দেবীতীর্থের কথা পাওরা বার। তীর্থের নাম কলকোটা। দেবী কলাণী, মতান্তরে কল্যাণী। নর্মদানদীর উৎসের কাছেও কল্লকোটাতীর্থ আছে।

ব্রক্ষাবর্ত সাধুনিক পূর্বপাঞ্চাবের প্রাচীন নাম ব্রক্ষাবর্ত। ব্রক্ষাবর্তও দেবীস্থান বলে গণ্য। এখানকার দেবীর নাম ব্রক্ষেরী।

ৰিভিন্ন দেবীমন্দির—এই অঞ্লে বিভিন্ন দেবীমন্দিরও আছে। দৃষ্টান্তবরূপ কয়েকটির উল্লেখ করা গেল।

দিল্লীতে—দিলীর কুত্ব মীনারের কাছে বোগমায়ার একটি মন্দির আছে। জনশ্রতি অনুসারে এই বোগমায়া ছিলেন পৃথীরাজের ইউদেবী। মন্দিরে কোনো মূর্তি নাই। কামাখ্যা-পীঠের মতো এখানেও বোনিরূপা দেবী অধিষ্ঠিতা। এর থেকে অনুসান হয় দেবীয়ানটি প্রাচীন। তবে বর্তমান মন্দিরটি অর্বাচীন।

দিল্লী থেকে সাতমাইল দ্বে এক প্রাচীন কালিকামন্দির আছে। লোকপ্রসিদ্ধি কৃকক্ষেত্রযুদ্ধের সময় শ্রীকৃক্ষের উপদেশে অজুন ভগবতীর স্তব করলে দেবী কালিকামূর্তিতে তাকে দর্শন দেন। আর বিজয়ী পাণ্ডবেরাই এখানে দেবীমন্দির নির্মাণ করিয়ে দেন। এই কিংবদন্তী থেকে এইটুকু বোঝা যায় দেবীস্থানটিকে লোকে অতি প্রাচীন বলে মনে করে। বর্তমান মন্দিরটি অবশ্র ১৭৬৪ খৃষ্টাব্দে তৈরি হয়। মন্দিরে দিনরাত অথণ্ড দীপশিখা জলে।

**মূলভানে**—মূলভান সহরের যোগমায়ার মন্দিরটি এ অঞ্চলে বিশেষ বিখ্যাত ছিল। পাকিস্তান হবার পূর্ব পর্যন্ত এই মন্দিরে দিনরাত অথও দীপশিখা জনত। বত্মান অবস্থা আমাদের জানা নেই।

রোটকে—রোটক (রোহতক) জেলার বেরীতে একটি প্রাচীন দেবীমন্দির স্মাছে। মন্দিরে দিনরাত স্থিয়ের বাতি জলে। স্মার্থিন এবং চৈত্রের শুক্লা সপ্তমী এবং স্কার্থী তিথিতে প্রতিবছর এখানে মেলা বলে। তথন হাজার হাজার দর্শকের ভিড় জমে।

শিমলাতে—শিমলাতে তিনটি দেবীস্থান আছে। রাজভবনের কাছে কোটিকীদেবীর স্থান; তারাদেবী টেশনের কাছে তারাদেবীর প্রাচীন স্থান আর কণ্ডাম্বাট টেশনের কাছে আরেকটি প্রাচীন দেবীস্থান আছে। শু

<sup>&</sup>gt; 설명. P., p 95 국 Ibid, p. 88 · 무박백 명: \*\*> \* 결, 명: \*\*

वे, गृः ००० ० छ। ज, गृः ३२० १ कम च, गृः ०४० ४ वे, गृः ०४०

#### **উत्तर** श्राटम

কানী—মৃক্তিপুরী কানী বা বারানসী। দেবী ছুর্গা রাজা স্থবাহকে বন দিরেছিলেন মৃত্যদিন পৃথিবী থাকবে ততদিন তিনি সর্বলোকের রকার জন্ত কানীতে অবস্থান করবেন। ই

পীঠনির্ণর অন্থসারে বারানসীর পীঠ মণিকর্ণিকা। এখানে পড়েছিল দেবীর কুণ্ডল। পীঠাধির্চাত্রী দেবী বিশালাকী; ভৈরব কালভৈরব। মভাস্করে এই পীঠের দেবী অরপূর্ণ। আর ভৈরব বিশেশর।

কাশীতে একটি শক্তিত্রিকোণ আছে। তার এক কোণে হুর্গা (মহাকালী), এক কোণে মহালন্ধী এবং আরেক কোণে বাসীবরী (মহালরস্বতী)। কাশীখণ্ডে দেখা বায় এই তিন দেবীস্থানের সংলয় তিনটি কুগু ছিল। ছুর্গাকুগু এবং লন্ধীকুগু এখনও আছে কিছু বাসীবরীকুগু লোপ পেয়ে গেছে। আলোচ্য তিন দেবীস্থান শক্তিপীঠ বলে গণা।

কাশী বিশেষরের স্থান। এখানকার প্রধানা দেবী বিশেষরী অন্তর্পা। ইনি মহাসৌরী নামেও প্রসিদ্ধ। সমস্ত কাশীময় ছড়িয়ে আছে মারও নানা দেবীস্থান। নবছুর্গা, চতুংবাই যোগিনী, ললিতা, কালী, রাজরাজেখনী, বারাহী, বিশুপুরা, মঙ্গলা গোরী, সংকটা, গান্ধত্তী, তারা, পীতাম্বরা, যোগেখরী প্রভৃতি দেবীর স্থান কাশীতে আছে। এই-সব দেবীদের মন্দির ও মুর্তি আছে।

বিদ্যাচল স্বিধ্যাত দেবীয়ান বিদ্যাচন কানী থেকে খ্ব বেনী দ্বে নয়। এখানকার দ্বী বিদ্যাবিদ্যা । - ভৈরবের নাম প্ণাভালন।

বিদ্যাচলেও একটি শক্তি-ত্রিকোণ আছে। এক কোণে বিদ্যাবাসিনী, এক কোণে কালীগুহার কালী এবং অক্ত কোণে অন্তভূচা বোগমার।। এই ড্রিকোণ ঘূরতে মাইল পাঁচেক হাঁটা পড়ে।

বিদ্বাপর্বতের এক উচ্চশিখরে বিদ্বাবাসিনীর প্রাচীন মন্দির। বিদ্বাচন ট্রেশন খেকে

श्रीकन् সলা নিবাসো নে মৃক্তিপুর্বাং তবিভতি
 রকার্বং সর্বলোকারাং বাবং তিঠতি বেধিনী।

--(व छो, भरहा))

२ कम च, गृः ७००

শৈলপুত্রী, ব্য়চারিবী, চল্লঘণ্টা, ক্মাণ্ডা, ফলবাতা, কাত্যাহ্বী, কালরাত্রি, মহাথোরী এবং সিছিলাত্রী
এই নবছুর্বা।—তঃ বাচশাত্য। সভান্তরে ক্মারিকা, তিমুতি, কল্যাবী, রোহিবী, ফালী, চছিকা, শান্তবী, হুর্বা
এবং তল্লা এই নবছুর্বা।—তঃ শক্ষরজন্ম। নবগত্তিকাকেও নবছুর্বা বলা হয়।

s SK. P., p. 99 व कम ख, गृ: ७३०

এটি নাইল বেড়েক দ্ব। বিদ্যাচল-টেশনের গারেই বিদ্যাবালিনীর আরেকটি মন্দির আছে।
মন্দিরে অটকুলা দেবীমূর্ডি অধিটিতা। লোকে বলে বিদ্যাবালিনীর তুই মূর্ডি—বোগনারা
আর ভোগনারা। টেশনের কাছের মন্দিরে আছেন ভোগনারা আর পর্বতশিধরের মন্দিরে
আছেন বোগনারা। বোগনারাকেই কংস আছড়ে মারতে গিরেছিল। তুর্গম পর্বতশিধরে
ভক্তদের বেতে কট হত বলে বেবী কুপা করে সমতল ক্ষেত্রে নেমে এসে ভোগনারারূপে
অবস্থান করছেন।

যোগমায়ার মন্দিরে পাথরের উপর ক্লোদিত অইকুলা মহিবমর্দিনী মৃষ্ঠি আছে। এই মন্দিরেরই কাছে কালীখোহ বা কালীগুহা-মন্দির। মন্দিরের ভিতরে আছে পাথরের টালির উপর কোদিত কালীমৃষ্ঠি। জনপ্রবাদ ঠুনীরা এই কালীর পূলা করত।

বিশ্ব্যক্ষর—বিশ্বাচন থেকে পৃথক্ আরেকটি দেবীস্থান বিশ্বাকশ্বর। এখানকার দেবীর নাম অমৃতা, নিতখা বা মৃশী।

চুলার—চুনার-রেলট্রেশন থেকে আধমাইল দক্ষিণে ছুর্গাকৃত নামে একটি পার্বভাকৃত আছে। এরই কিছু দূরে কামাকীদেবীর মন্দির।

এই মন্দির পেকে আরও শানিকটা দূরে একটি গুহা-মন্দির আছে। স্থানীর লোকেরা একে বলে দুর্গাপোহ। মন্দিরে মহিবমর্দিনীমূর্তি বিরাজিতা। লোকে এঁকে জাগ্রতদেবী মনে করে। বিভাবাসিনীর মতো এঁরও ব্ব খ্যাতি। প্রতিবংসর নবরাত্তির পর এখানে প্রকাণ্ড মেলা বসে।

মনীয়রে আভাশক্তি বালিয়া জেলার মনীয়র নামক গ্রামে একটি প্রাচীন দ্বীশ্বান লাছে। শ্বানটি সরস্বদীর তীরে। এখানে দেবীর প্রাচীন মূর্তি আছে, মন্দিরও আছে। কমলাসনের উপর চতুর্ভা দেবীমূর্তি উপবিষ্টা। দেবীর হাতে শৃল, অমৃতভাও, ধর্পর এবং অভয়মূরা। দেবীকে মহাদেবী আভাশক্তি কলা হয়। লোকের বিশাল এখানেই রাজা ক্ষণ এবং সমাধি বৈশ্ব মুম্মরী মৃষ্টি নির্মাণ করে দেবীর পূজা করেছিলেন।

**ভৃতপুরী—আনার্ণবত**ছাদিতে ভ্রু বা ভ্রুপুরী নামে এক দেবীতীর্থের উল্লেখ আছে।
আধুনিক বালিয়াকে সেই ভ্রুপুরী মনে করা হয়। ভ্রুপুরীর দেবী রজেশরী।

**অবোধ্যা**—রামের জরভূমি অবোধ্যাও একটি দেবীপীঠ। স্থানটি আধুনিক করজাবাদ দেলায়। এথানকার দেবী তবানী, মুভান্তরে জরপূর্ণা।

প্রিমাপ এলাহাবাদের কাছে গলাবমূনার সভারত্ব প্রয়াস বা বৃক্তবিবেদী একটি প্রসিদ্ধ দেবীপীঠ। এখানকার দেবী ললিতা, ভৈরব ভব; মভাত্তরে দেবী কমলা, ভৈরব বেণীমাধব। এখানে দেবীর হাতের আত্বল পড়েছিল।

<sup>&</sup>gt; वा व, गृ: ७१२-१० १ वे, गृ: ७०२-०० ७ वन थ, गृ: ००२-००

এই স্থানে একটি দেবীমন্দির আছে। মন্দিরটিকে বলা হয় আলোপীমাতার মন্দির। মন্দিরে কোনো মূর্তি নেই। মন্দিরের মারখানে একটি মর্মরবেদী আছে। বেদীর মারখানে একটি চারকোণা গত এবং গতে র মধ্যে দেবীয়া কোদিত আছে। এই গর্তটিকে দেবীপীঠ মনে করা হয়।

ককোটা—এলাহাবাদ থেকে মাইল চল্লিশ উত্তর-পশ্চিমে একটি দেবীস্থান আছে। স্থানটির প্রাচীন নাম কর্কোটা, আধুনিক নাম কর্রা। স্থানীয় লোকে মনে করে এখানে দেবীর হাত পড়েছিল।

কাজুকুজ কাজুকু বা কনৌজ একটি প্রাচীন দেবীস্থান। স্থানটি বর্তমান ফরুকুথাবাদ জেলায়। এথানকার দেবীর নাম গৌরী, মতাস্করে ব্রহ্মাণী।

এই জায়গায় অনেকগুলি দেবীমন্দির আছে। জনপ্রবাদ এখানকার ক্ষেমকালীর স্থানটি জয়চক্রের সময়কার।

ললিভাপুর—কোনে। কোনো গ্রন্থে ললিভা বা ললিভাপুর নামে দেবীয়ানের উল্লেখ পাওয়া বায়। অহমান করা হয় এই মানটি কাঁসি জেলার আধুনিক ললিভপুরা। দেবী ললিভা।

নৈমিবারণ্য—দীতাপুর জেলার বর্তমান নিমধার (নিমদার) এবং মিপ্রিধ এলাকাই প্রাচীন নৈমিবারণা বলে অকুমান করা হয়। এথানকার দেবী প্রক্ষা বা লিক্ষারিণী।

ছন্তিনাপুর— পাণ্ডবদের প্রাচীন হন্তিনাপুরও একটি দেবীদ্বান। এখানকার দেবী জয়ন্তী; মতান্তরে রাজেবরী বা মহালন্দ্রী। হন্তিনাপুর ছিল আধুনিক মীরাট জেলার।

মধুরা—মধ্রা বা মধুরা বা মধুপ্রীকেও দেবীম্বান বলা হয়। এখানকার দেবী দেবকী, মতান্তরে মাধবী।

মণ্রাতে 'কংকালী টালা' নামে একটি প্রাচীন স্থান আছে। এক সময়ে এখানে বেছি এবং জৈনদের বিহার ছিল। এই স্থানে একটি প্রাচীন দেবীমন্দির আছে। দেবীর নাম কংকালী। দেবী কংকালমালিনী, সিংহ্বাহিনী এবং ভীষণ-উগ্রদর্শনা। লোকপ্রাসিদি ইনিই সেই বংশাদা-গর্ভসম্ভূতা যোগমায়া। এই স্থানেই কংস এঁকে পাধরের উপর আছড়ে মারতে বায়। ইনি আসলে কংসকালী। কংকালমালিনী কংসকালীই লোকস্থে কংকালী হয়ে গেছেন।

ষধ্বার একটি উচ্ টিলার উপর মহাবিভার একটি প্রাচীন মন্দির আছে। মন্দিরে ভগবতীর বিশাল মূর্তি প্রতিষ্ঠিত। লোকে এই স্থানটিকেও পীঠস্থান মনে করে।

<sup>&</sup>gt; छा ब, गृः ७४० २ कन च, गृः ०४० ७ ३, गृः ०४२

মণ্যার কাছে আরেকটি প্রাচীন দেবীখান মহাবন। একে প্রানো গোকুলও বলা হয়। এখানকার দেবী ভন্তা বা ভন্তকালী বা ভন্তেশরী।

বৃক্ষাবন বৈশ্ববের পরম তীর্থ বৃক্ষাবন। কিছ এ ছান শক্তিপীঠও বটে। এখানে পড়েছিল দেবীর কেশ। এখানকার দেবীর নাম উমা, ভৈরবের নাম ভ্তেশ। স্থানীর লোকেরা দেবীকে বলে চামরী। এই পীঠকে উমাবনও বলা হয়।

মহানীপতত্তে আছে অধিলাখিক। মহাদেবী কাত্যায়নী গোবর্ধনে বিরাজ করছেন। বোঝা বাচ্ছে এথানে গিরিগোবর্ধনের কাত্যায়নীভানের উল্লেখ করা হয়েছে। বৃর্তমানে বৃন্দাবনেই কাত্যায়নীমন্দির আছে।

কালাপ্তর—মহানীগতহাদিতে কালগ্রন নামক বে-দেবীস্থানের উল্লেখ আছে আধুনিক বাদা জেলায় তার স্থান নির্দেশ করা হয়। এখানকার দেবী কালী।

শাকস্থরী পীঠ — দাহারাণপুর সহর থেকে করেক মাইল উত্তরে একটি দেবীস্থান আছে। একে লাকস্থরীপীঠ বলা হয়। স্থানীয় লোকেরা এই পীঠকে সিম্বপীঠ বলে মনে করেন। ছই পাহাড়ের মাকথানে একটি কর্ণার ধারে দেবী লাকস্থরীর মন্দির।

প্রতিবংসর আবিনের ভরা চতুর্দশীতে এখানে মেলা বলে। দ্রদ্রান্তর থেকে হাজার হাজার বাজী এসে ভিড় করে। তিন চারদিন ধরে ধুব ধুমধাম হয়।

তুর্গাপীঠ— শাকস্বরীপীঠ থেকে করেক মাইল দ্বে দেওবন্দে একটি দেবীস্থান আছে। লোকে একে ছর্গাপীঠ বলে। স্থানটিকে খুব প্রাচীন মনে করা হয়। লোকপ্রসিদ্ধি হাজার হাজার বছর আবো এখানে ছিল এক গভীর বন। তার নাম দেবীবন। কালে বন নিশ্চিক্ষ্যের যায় কিন্তু স্থানের নামটি দেবীবনই খেকে বায়। ম্সলমান আমলে নামটি বদলে যায়, নুতন নাম হয় দেওবন্দ্। এখানে দেবী দুর্গার মন্দির আছে। চৈত্র-শুক্লীতে এখানে প্রবাত মেধা বলে।

**হিমালর** — দেবতাত্মা হিমালর। বেদের সময় থেকে দেখা বার লোকে বিবাস করেছে িমালয়ে উমা এবং মহেশর বাস করেন।

কোনো কোনো প্রন্থে হিমালয়, হিমবান বা হিমাজিকেই দেবীপীঠ বলা হয়েছে। দেবীর নাম কোখাও পার্বতী, কোখাও নন্দা এবং কোখাও ভীমা দেওয়া হয়েছে।

(मेरी नम्माद चान नम्मादम्बीनृष्ट । अष्टि गार्फाद्यान रक्षणात्र मर्था १८७।

ভীমান্বান বর্তমান পেশোরারের কাছে ছিল। এ কথা পূর্বেই বলা হরেছে।

হরিষার-ছিয়ালয়ের নানা স্থানে আছে দেবীস্থান। হরিষার একটি বিখ্যাত তীর্থ।

३ सम्बाह्य ७०० १ वे. गूर ०००

আটি একটি দেবীস্থানও বটে। এখানকার দেবী ভৈরবী; মতান্তরে নারান্থণী বা বৈশ্ববী। হরিষারে একটি শক্তি-ত্রিকোণ আছে। এক কোণে নীলপর্বতস্থিতা চণ্ডী ( স্থানটি গঙ্গার অপর পারে কনখলে), এক কোণে সক্ষেশ্বরে অধিষ্ঠিতা পার্বতী এবং অপর কোণে বিশ্বপর্বত-বাদিনী মনসা বিরাজ করছেন।

এখানকার আরেকটি দেবীস্থান মায়াপুরী, মায়াপুর বা মায়াবতী। দেবী কুমারী। ইনি মায়াদেবী নামেই বিখ্যাত। শিবালিকপর্বতের কাছে মায়াদেবীর মন্দিরটি প্রাসিদ্ধ। ছরিছারেরও অপর নাম মায়াপুরী।

ক্ষম্পল—কন্থনও একটি দেবীস্থান। এখানকার দেবী শ্রন্থা, মতান্তরে শিবোগ্রা। কৈরবের নাম উগ্র।

উত্তরকুক উত্তরকুক একটি দেবীস্থান। একে আধুনিক গাড়োরাল জেলার উত্তর অঞ্চলের অস্তর্ভুক্ত মনে করা হয়। এখানকার দেবীর নাম গুষধী বা ঔষধী।

**্রেমকুট**— হেমকুট হিমালরের অংশবিশেষ। এটিও একটি দেবীস্থান। হেমকুটের দেবী সর্মাণা।

বদরিকাশ্রেস—বিখ্যাত তীর্থ বদরিকাশ্রমকেও দেবীস্থান মনে করা হয়। এখালকার দেবীর নাম শ্রীবিভা; মতাস্করে উর্বশী।

গছৰাখন বদ্যিকাপ্ৰমের কাছে গছমাদনপর্বত একটি দেবীখান। এই খানের দেবী কামাকী বা কাম্কী বা কাম্কা।

কেছার—হুপ্রসিদ্ধ শৈব তীর্থ কেদার বা কেদারনাথও দেবীখান বলে গণা। দ্বী মার্গদায়িনী বা সমার্গদায়িনী।

কালীকেন্দ্র—কেদারনাথপর্বতে মন্দাকিনীর তীরে কালীকেন্দ্র বা কালীমঠ। লোকে এ স্থানকে একটি প্রধান সিদ্ধানি মনে করে। এখানে মহাকালী, মহালন্ধী এবং মহাসরন্ধতীর তিনটি বিশাল মন্দির আছে। আর আছে একটি কুও। কুওের মৃথ সারা বছর একখণ্ড প্রকাণ্ড পাখর দিয়ে ঢাকা থাকে। তথু শারদীয়া এবং বাসন্ধী নবরাত্রির সময় ঢাকনা সরিয়ে দেওরা হয়। তখন হাজার হাজার যাত্রী এখানে আন করে। এ সুময়ে খুব ধুমধাম করে দেবীপূলা হয়। অইমীতে প্রকাণ্ড মেলা বসে। লোকের বিশাস এখানে মহামায়া কালিকারণে দেবতাদের দর্শন দিয়েছিলেন।

এখান খেকে মাইল চারেক দূরে রাসী নামক স্থানে কেবী সাক্ষেম্বীর এক বিশাস মন্দির আছে।\*

३ वे, मृत्वा २ कन व, मृत्वा क व

কালীমঠ থেকে মাইল দুই দুরে দেবী কোটিমাহেশ্বরীর স্থান। কেদার্থাজীরা এই স্থানে প্রান্তর্গণাদি করেন।

ললিভান্থান— কেদারের পথে গুপ্তকানী ছাড়িরে মাইল খানেক এগিরে গেলে পাওয়া যার নালা নামে একটি প্রাম। এই প্রামে ললিভাদেবীর একটি মন্দির আছে। কিংবদন্তী এখানে রাজা নল বনবাসকালে দেবী ললিভার পূজা করে হারান রাজা, স্বীপুত্রাদি ফিরে পেয়েছিলেন।

ৰাসস্থা—বামস্থ একটি দেবীস্থান। আন্নগাটি কেদারের পথেই পড়ে। এখানে দেবী 
হুর্গার এক বিশাল সন্দির আছে। হরিষারে পূর্ণকুল্কের বংসর এখানে শরং ও বসস্ত কালে
বিরাট উৎসব হয়। আর অন্ধকুল্কের বংসর সাধারণভাবে উৎসব হয়।

মৈখচন্ত্রী—এই কেদারের পথেই মৈখচন্ত্রী বলে একটি দেবীস্থান আছে। এখানে মহিবমর্দিনীর বিশাল মন্দির আছে। লোকপ্রসিদ্ধি এখানেই দেবী মহিবাস্থর বধ করেছিলেন এবং তার কেহ খণ্ড খণ্ড করে এখানকার পর্বতের উপর ছড়িয়ে দিরেছিলেন। সেইজন্ত, পর্বতের নাম হয়েছে মহিবখণ্ড।

্ পূর্ব গিরি—কেউ কেউ নৈনিভাল জেলার এক ছর্গম পর্বতের উপর প্রাচীন চতুলীঠের অক্তম পীঠ পূর্বগিরির স্থান নির্দেশ করেন। পীঠস্থানে মন্দির, মূর্ভি কিছুই নাই। পীঠাধিকাত্রী ধেবী পূর্বেররী। এখানে দেবীর গ্রীবা পড়েছিল। সাধারণতঃ বাসন্তী নবরাবিতে স্বাত্রীরা এখানে তীর্থ করতে স্থাসে।

কৈনিভাগ—নৈনিভাগ শহরে পাহাড়ের উপর এক প্রকাণ্ড বিল আছে। এই বিল বা সরোবরের ধারে আছে নরনাদেবীর এক মন্দির। পাহাড় ফেটে বাওরার প্রাচীন মন্দিরটি ১৮৮০ খৃঃ মাটির নীচে চলে বার। পরে আবার ন্তন মন্দির নির্মিত হরেছে। কুমারুন অঞ্জে এই নরনাদেবীর বড় মান।

কৌৰিকী ছান— আগমোড়ার কাবায়পর্বতের উপর কৌবিকীদেবীর ছান। এই 
ভানটিকে শিশ্বান মনে করা হয়। দেবীর ভক্তরা দ্রদ্রাম্বর থেকে এসে এখানে
প্রশ্বপাদি করেন।

কার্ডিকের—কোনো কোনো প্রাণে কার্ডিকের বলে একটি দেবীখানের উল্লেখ আছে। এখানকার দেবী ঘণভারী, শভরী বা অভিশভরী। অহমান করা হয় এই খানটি আল্যোড়ার কাছে আধুনিক বৈজনাথ।

<sup>&</sup>gt; बेर्युः ०१० - २ वेर् युः ०१० - ० वन वर् युः ०१० - व

<sup>&</sup>lt;sup>६</sup> ते, प्रैंक्क्रार ७ ते, प्राच्छा १ ते, प्राच्या

কৈলাস ও মানসসরোবর—হিমালয়ের ছটি হুপ্রসিদ্ধ তীর্থ কৈলাস ও মানসসরোবর রয়েছে ভারতের রাষ্ট্রসীমার বাইরে তিব্বতে। ছটি তীর্থকেই দেবীস্থান মনে করা হয়। কৈলাসে দেবী ভূবনেশ্বরী।

মানস্পরোব্রের দেবীর নাম কুম্দা, মতাস্তরে গোরী, মতাস্তরে দাক্ষায়ণী। এখানে পড়েছিল দেবীর দক্ষিণহস্ত বা দক্ষিণহস্তার্ছ, মতাস্তরে বামহস্ত।

দেবীমন্দির—উত্তরপ্রদেশের নানা স্থানে আছে বিখ্যাত দেবীমন্দির। এই-সব মন্দিরে রীতিমত পূজার্চনা হয়। দৃষ্টান্তস্বরূপ কাশীর রামনগরের তুর্গামন্দির, উরাও জেলার বাগরমউ নামক স্থানের শ্রীশীরাজরাজেশরী শ্রীবিভামন্দির, হোশংগাবাদের বগলাম্খীমন্দির, ফর্কখাবাদ জেলার তিরওয়ার মহাত্রিপুরস্কন্দরীর মন্দির (স্থানীয় লোকেরা বলেন অরপ্র্ণা-মন্দির), বাদার মাহেশ্রীমন্দির প্রভৃতির উল্লেখ করা যায়।

**রেপাল**—হিমানয়ের অগুতম স্বাধীন রাজা নেপান ভারতের রাই্দীমার বাইরে কিছ
একে ভারতের সাংস্কৃতিক সীমার অন্ত ভূকে অবক্রই বলা বায়। কুলিকাতর, জ্ঞানার্থবতর
প্রভৃতিতে নেপালকে পীঠস্থান বলা হয়েছে। এখানে পড়েছিল দেবীর জাল, মতান্তরে
দক্ষিণজ্জা। পীঠাধিঠাত্রী দেবীর নাম পুণ্যদা, মতান্তরে মহামায়া বা নবহুর্গা।

কাটমাণ্ড থেকে অন্নদ্রে বাগমতীর তীরে একটি পীঠস্থান আছে। এথানে মন্দিরও আছে। মন্দিরটি গুছেশ্বরীর মন্দির বলে পরিচিত। মন্দিরে মৃতি নাই, আছে প্রস্তরখণ্ড। এটি দেবীর প্রতীক। স্থানীয় লোকে এই পীঠকে মহাপীঠ মনে করেন। তাঁদের ধারণা এখানে দেবীর গুছস্থান পড়েছিল। সম্ভবতঃ এই পীঠই তম্বর্ণিত নেপালের পীঠ।

মিৰিলা— মিৰিলা একটি দেবীপীঠ। নেপাল তরাইয়ের **সাধুনিক জনকপুরকেঁ** প্রাচীন মিৰিলাপীঠ মনে করা হয়। এখানে দেবীর বাসক্ত পড়েছিল। পীঠাৰিটাত্রী দেবী উমা, মতান্তরে মহাদেবী।

**जनकश्रुत जानकी (** जवी त अस्मित आहि ।

কোকাৰুখ—শিবচরিতে কোকাম্থ নামে একটি মহাপীঠের উল্লেখ আছে। দেবী কোক বা কৃষ্ণি বা কোকেখরী। নেপালের আধুনিক বরাহচ্ছত্ত বা বরাহচ্ছেত্র সেই পীঠের স্থান নির্দেশ করা হয়।

কুলকুল্যান্থান কুলীনগর থেকে মাইল ছয়েক দূরে আছে এক প্রাচীন বন। সেই বনের মাঝখানে কুল্যানদীর তীরে আছে একটি দেবীশ্বান। এটকে ছুর্গান্থেরীর শ্বান্

<sup>&</sup>gt; कम था, गृर क्षेत्र-१२ २ वे. गृर क्ष-१० ० वे, गृर क्ष्म । अ वे, गृर क्ष्म ।

विश्वामा हिमानम, त्रण, २२८ण त्यांचे, ১৬०১, गु : ७६१-६०

মনে করা হয়। লোকের ধারণা কুলান্দীর কুলে এই দেবীস্থান থাকার জক্ত দেবীর নাম হয়েছে কুলকুল্যা। দেবীর কোনো যদ্দির নাই, মুর্ভিও নাই। তবে চার্হিকে কেওরাল গেঁথে দেবীস্থানটিকে দিরে দেওরা হয়েছে।

মনে হয় দেবী কুক্তুলা ক্লকুলা বা তু<u>ৰ্গাদেবীতে রূপান্তরিত হয়েছেন। কুক্তুলাও সন্তব্ত: '</u>কোনো স্থানীয় দেবী বা কোনো কোমের দেবী। বৌদ্ধরা প্রথমে তাঁকে দেবমগুলে গ্রহণ করেন ।

ক্রেমিন্দির— নেপাপে করেকটি প্রসিদ্ধ দেবীমন্দিরও আছে। সবচেরে প্রসিদ্ধ ক্রীরভবানীর মন্দির।

দেবীপাটনে আছে পটেশরীর মন্দির। জনপ্রবাদ মহাভারতের যুগে কর্ণ এই দেবীর প্রতিষ্ঠা করেন এবং বিক্রমাণিতা পরে দ্বেবীর মন্দির করিয়ে দেন। মন্দিরটি এক টিলার উপর নির্মিত। পালেই আছে কুগু। বাসন্তী নবরাত্রির সমন্ন এখানে খুব বড় মেলা হয়। এ জান্নগাটা কানন্দাটা বোশীদের একটি বড় কেন্দ্র।

এই প্রসঙ্গে উল্লেখ করা বায় পটেশরী বাংলাদেশেও একেবারে অপরিচিতা নন।
শাস্তিপুরে কার্তিকমাসে রাসের সময় বে-শোভাবাত্রা বেরোর তাতে কৃষ্ণমূর্তির সঙ্গে পটে
অহিত এক দেবীমূর্তি বের করা হয়। দেবীকে বলা হয় পটেশরী। শাস্তিপুরের রামনগরপাড়াকে পটেশরীতলা বা পটেশরীপাড়া বলা হয়।

### বিহার

স্বাস্থ — দক্ষিণবিহারের পাটনা-গয়। অঞ্জলের প্রাচীন নাম মগধ। মগধ একটি দেবীপীঠ। এখানে দেবীর দক্ষিণজ্জা পড়েছিল। পীঠাধিচাত্রী দেবী স্বানক্ষমন্ত্রী।

গল্পা—স্বিধ্যাত তীর্থ গলা। এটিও একটি দেবীস্থান। দেবী গল্পেরী, সভাস্তরে মাললাকোটিকা।

বোষপন্না—গন্ধার কাছেই বোধগন্ব। ভগবান্ বৃদ্ধের বোধিলাভের স্থান। মহানীলভন্তাদি গ্রন্থে এই স্থানকে মহাবোধি নামক দেবীস্থান বলা হরেছে। দেবীর নাম মহাবৃদ্ধি।

শাভলাঞ্জন বোধগরার পাল দিয়ে বরে চলেছে কন্ধনদী। নদীর এপারে বোধগরা, ওপারে মাভলাঞ্জম। মহানীলভয়াদিতে বে-মাভল (মাভলবাপী) বলে দেবীয়ানের উল্লেখ আছে তা এই মাভলাঞ্জম। আরগাটির আধুনিক নাম বকরোর। এখানকার দেবী মাভলী।

मन्यांत्र-কোনো কোনো প্রাবে সন্দার নামক দেবীখানের উল্লেখ আছে। ভাগলপুর

क ने ब्यू, गृरं ७०० 💎 २ अ: माखिगुन-गतिहत्व, २व कांग, ३व गर, ३७०० बाँर, गृरं ३४०

জেলার মন্দারপাহাড় সেই স্থান হতে পারে। মন্দারের দেবী কামচারিণী, মতাভবে ভূবনেশ্রী।

উপ্রভারাপীঠ—ভাগলপুর জেলার একটি গ্রাম মহিবী। স্থানীয় লোকে একে উপ্রভারাস্থান বলে জানেন এবং একে প্রাচীন পীঠস্থান মনে করেন। তাঁদের বিখাস এখানে পড়েছিল
দেবীর নেজ। তান্ত্রিকরা বলেন এখানে বশিষ্ঠ তারাদেবীর সাধনা করে স্বভীই লাভ
করেছিলেন। এখানে তারা, একজটা এবং নীলসরস্বভীর মূর্তি আছে। তারাদেবীর
মাধার কাছে আছে 'অক্ষোভ্য-শুক'র মূর্তি।

শ্বার্ট বোঝা বাচ্ছে দেবী বৌদ্ধ তারা। পরে হিন্দু তান্ত্রিকদের **হাতে পঞ্চে ইনি** বিভীয়া মহাবিদ্যা হয়ে পড়েছেন।

এখানে মহিবমর্দিনী ছুর্গা, কালী, ত্রিপুরস্ক্রমরী এবং ভারানাথ শিবের **মৃষ্ঠিও** আছে।

এই স্থানে আগে কোনো মন্দির ছিল না। প্রায় পৌনে-ছুশ বছর **স্থাগে ধারভালার** এক মহারানী এখানে মন্দির করিয়ে দেন।

চন্ত্রী ও কান্ত্যায়নীর স্থান —এখান থেকে মাইল পচিল দ্বে প্রদিকে বরাহপুর নামক গ্রামে চণ্ডীদেবীর অতি প্রাচীন মন্দির আছে আর মাইল ত্রিলেক দক্ষিণে ধমারঘাট-রেল্টেশনের কাছে আছে কাত্যায়নীর মন্দির। এই ছটি দেবীশ্বানই জাগ্রন্থ বলে লোকে মনে করে।

শোণদীঠ— দীঠনির্নাদি প্রান্ধ শোণদীঠের উরেখ পাওয়া বায়। এখানকার দেবী নর্মদা, মভাস্করে তল্ঞা, মভাস্করে কণকেশরী। এখানে পড়েছিল দেবীর নিতর, মভাস্করে নিতরাংশ। শোণনদী পাটনার কাছে গলার সঙ্গে মিলিত হয়েছে। শোণদীঠ বলতে শোণনদী চিকেই ব্রান হয়েছে, না নদীর সক্ষমস্থলকে ব্রান হয়েছে কিংবা নদীর ধারে কোনো স্থানকে ব্রান হয়েছে বলা বায় না। আলোচা গ্রহাদিতে অনেক সময় গোটা নদীকেই পীঠ বলা হয়েছে। তবে কোনো কোনো প্রাণে শোণসক্ষ নামক দেবীয়ানের উয়েশ আছে আর দেবীর নাম দেওয়া হয়েছে ক্তপ্রা। এতে অভ্যান হয় শোণ আর শোণসক্ষ একই দেবীয়ান।

বটপ বিভিক। নহানীলভয়দিতে বটপর্বভিকা বলে একটি দেবীয়ানের কথা পাওয়া বায়। পাটনা জেলার পাথরঘাটার কাচে বটেবরপর্বভকে বটপর্বভিকা রলে করা হয়। এথানকার দেবী পঞ্চর্যা।

<sup>&</sup>gt; दमका, प्राच्चा २ के च के, व के, प्राच्चा

क्षिक्रक- निवहतिएक जिल्ल-महाशीर्क्षत्र केंद्रिय चारह । পীঠারিঠাতী দেনী অমরী। এখানে দেবীর বামণদ পঁড়েছিল। স্থানটির প্রাচীন নাম তীরভূক্তি।

বৈজ্ঞনাথবাম— বৈজনাথধাম বিখ্যাত শৈব তীর্থ। এটি শাক্তণীঠও বটে। এথানে পড়েছিল দেবীর ক্ষম। দেবীর নাম অবোগা বা আবোগ্যা, মতান্তরে ক্ষমনূর্যা বা নামুর্যা। আনাম

কামরূপ— গোহাটী সহবের অনতিদ্বে ত্রন্ধপ্ত নদীর ধারে পাহাড়ের উপর কামাগা। বহাপীঠ। এইটিই প্রাচীন চতুপীঠের অক্তম কামরূপণীঠ। একাধিক ত্রে এবং প্রাণে এই বহাপীঠের গোরর ঘোরণা করা হয়েছে। একে কামন্ত্রপ-কামাগাও নলা হয়। পীঠনির্পরে এই পীঠের নাম দেওরা হয়েছে কামগিরি। এগানে পড়েছিল দেবীর স্চান্ত্রা বা বোনি। বিভিন্ন ত্রবে পীঠাধিচাতী দেবীর এই নামগুলি পাওরা বার—কামাগা।, নীলপার্থতী, কামেশ্রী, কালী। ভৈরবের নাম উমানন্দ, রাবানন্দ, রামানন্দ, শিবানন্দ, কামেশ্র।

সমগ্র কামাখ্যাপাহাড়টিই পীঠস্থান। তবে পাহাড়ের বে-অংশে <u>বোরিপীঠ রুমেছে</u> ভার <u>নাম নীপুশ্বক বা নীলকুট। এইটিই কামগিরি।</u> তমচুড়ামণি-মতে কাম্বানিরিতে মাতকী, বগৰা, কমলা প্রভৃতি দেবীদেরও পীঠ আছে।

পীঠনির্ণরে বে-পীঠকে গোরীলিখর এবং লিবচরিতে গোরীলেখর বলা হয়েছে, অন্তর্জার করা হয়, সেটি কামাখ্যা পাস্থাড়েরই অংশবিলেব। কামাখ্যাতে দশমহাবিভার মঞ্জির আছে।

জয়ন্ত্রীক ইংকে আমলের বীহট কেলার কণজোর-বাউর্ভোগ জয়ন্ত্রীপীঠ বা জয়ন্তাপীঠের ছান। এই ছানটি বর্তমানে পাকিস্তানের অন্তর্ভুক্ত। এখানে পড়েছিল দেবীর বারজ্জা। শীঠাথিঠানী দেবী কয়ন্ত্রী।

শহালক্ষী আল — উহট সহরেও (পূর্বপাকিস্তান) কাছে স্থানদীর লপর পারে একটি বেবীপীঠ আছে। এখানে পড়েছিল বেবীর গ্রীবা। পীঠাবিদালী দেবী সহালক্ষী। তৈরব সর্বানন্দ।

#### TRAN

চন্ত্রাকার চন্ত্রনাথ কর্মার কর্মার

উদয়পুর—ত্রিপ্রারাজ্যের উদয়পুরে আছে একটি প্রাচীন পীঠ। এগানে পড়েছিল দেবীর বৃদ্ধিপদ। এথানকার দেনী ত্রিপুরা বা ত্রিপুরস্কারী। ১৫০১ খুঃ মহারাজ ধর্মমাণিক্য এথানে দেবীর একটি সন্ধির নির্মাণ করান। স্থাকাপীঠ — শিবচরিতে স্থাকা-মহাপীঠের উল্লেখ পাওয়া যায়। এখানে পড়েছিল দেবীর নাসিকা। দেবী স্থাকা। স্থানটি বরিশাল (পূর্বপাকিস্তান) জেলার বর্তমান শিকারপুর।

ষশোরেশরীপীঠ— পীঠনির্ণয়ে আছে মশোরে পড়েছিল দেবীর পাণিপশ্ন। এই পীঠের অধিষ্ঠাত্তী দেবী মশোরেশরী। বর্তমান খুলনা (পূর্বপাকিস্তান) জেলার ঈশরীপুরে এই পীঠের স্থান নির্ণয় করা হয়।

পুশু—শিবচরিতে পৃশু নামে একটি উপপীঠের উল্লেখ পাওয়া বায়। এখানে পড়েছিল দৈবীর লোম। পীঠাধিষ্ঠাত্রী দেবী সর্বাক্ষিণী। কোনো কোনো প্রাবে পৃশুবর্ধন নামে দেবীস্থানের উল্লেখ পাওয়া যায়। পৃশু আর পৃশুবর্ধন একই। স্থানটি আধুনিক বশুড়া (পূর্বপাকিস্তান) ক্ষেলার মহাস্থানগড়।

করতোরাতট করতোয়াতট একটি পীঠস্থান। এখানে পড়েছিল দেবীর বামকর্ণ। এখানকার দেবী অপর্ণা। করতোয়ানদীর তীরে বগুড়া জেলার ভবানীপুর গ্রামে এই পীঠের স্থান নির্ণয় করা হয়।

**দেবীকোট্ট** একাধিক গ্রন্থে দেবীকোট্ট নামে একটি পীঠের উল্লেখ আছে। এই পীঠের দেবী মহাভাগা, মতান্তরে অধিলেখরী। দিনাত্রপুর জেলার-বাণগড়কে এই পীঠস্থান মনে করা হয়।

**জপ্যেশরপীঠ**— মহানীলতন্ত্রাদিতে জপ্যেশরপীঠের উরেশ আছে। এখানকার দেবী ত্রিশ্লিনী। অসুমান করা হয় এই জপ্যেশর আর জলপাইগুড়ির জরেশর একই শ্লি।

কিরীটকোণাপীঠ—মূর্নিদাবাদ জেলার লালবাগের কাছে বটনগরে একটি পীঠস্থান আছে। একে বলা হয় কিরীটপীঠ বা কিরীটকোণাপীঠ। এখানে পড়েছিল দেবীর কিরীট। পীঠের অধিষ্ঠাত্রী দেবীর নানা নাম পাওয়া বায়; ববা— ভূবনেশী, বিমলা, নি কিরীটেবরী।

আইহাসপীঠ বীরভূম জেলার আহমদপুর-কাটোয়া রেলপথের পচতি-টেশন থেকে মাইল কয়েক দূরে অট্টহাসপীঠ। এখানে পড়েছিল দেবীর ওঠ। পীঠের অধিঠাতী শেবী চামুঙা, মভান্তরে মহানন্দা, মভান্তরে ফুলরা।

बनी পুর পীঠ— পূর্ব-রেলপথের দুপলাইনের সাঁই থিয়া-ট্রেলনের কাছে নদীপুরপীঠ। এখানে পড়েছিল দেবীর হার। এখানকার দেবী নন্ধিনী।

কংকালীপ্রিঠ উক্ত রেলপথের বোলপুর-শান্তিনিকেতন-টেশন খেকে মাইল

পাঁচেক দ্বে কংকালীপীঠ। এখানে দেবীর কছাল পড়েছিল মনে করা হয়। পীঠের অধিষ্ঠাত্রী দেবী বেদগর্ভা বা দেবগর্ভা। বাংলাদেশে রচিত কোনো কোনো প্রান্থে এই স্থানটিকেই মনে হয় কাম্পী বলে বর্ণনা করা হয়েছে।

ভারাপীঠ বীরভ্ষের দব চেরে বিখ্যাভ পীঠ তারাপীঠ। এটি দিছ পীঠ। এ কালে বামা কেপার মতো দিছ মহাপুক্ষের দাধনভূমি বলে এই পীঠের নাম বিশেষভাবে ছড়িয়েছে। রামপুরহাট থেকে করেক মাইল দ্বে তারাপুর গ্রামে এই পীঠস্থান। এখানে পড়েছিল দেবীর 'নেত্রাংশতারা'। এখানকার দেবী তারা বা তারিশী।

বক্তেশর পীঠ হুণ্বরাজপুর-রেলটেশন বেকে পাঁচ ছ মাইল দূরে বক্তেশরপীঠ। এখানে পড়েছিল দেবীর মন (পাঠান্তর মৃগু); মতান্তরে দক্ষিণবাহ। এখানকার দেবী মহিষমর্দিনী, মতান্তরে বক্তেশরী।

বছলাপীঠ— বর্ধ থান জেলার কাটোয়ার কাছে কেতৃগ্রামে একটি পীঠন্থান আছে, নাম বহলাপীঠ বা বাহলাপীঠ। এখানে পড়েছিল দেবীর বামবাহ। পীঠাধিচাত্রী দেবী বহলা বা বাহলা।

বোগাভাপীঠ কাটোয়ার কাছে ক্ষীরগ্রামে যোগাভাপীঠ অবস্থিত। এখানে পড়েছিল দেবীর প্রঠ, মতান্থরে পাদার্ছ। এখানকার দেবী যোগাভা।

ভত্তেশব্র—মহানীলভয়াদিতে দেবীয়ান ভত্তেশরের উল্লেখ আছে। এখানকার দেবী রমা, মতাস্করে ভন্তা বা ভত্তেশরী। সম্ভবতঃ হগলী জেলার ভত্তেশর এই পীঠস্থান।

রাজবোলহাট — মৃত্রুরামের চণ্ডীমঙ্গলে হগলী জেলার তৃটিৎ পীঠস্থানের উল্লেখ পাওরা যায়; রাজবোলহাট আর <u>বালিভালা</u>। রাজবোলহাটে পড়েছিল দেবীর বামহস্ত। দেবীর নাম বিশাললোচনী। জারগাটা প্রীরামপুরের কাছে।

- ১ গেবীদেহ বঙ বঙ হঙে ছড়িছে গড়লে আছ কথাল বাকতে পারে না। বাঁরা কথালের কথা বলেচেন মনে হর এদিকে জাঁবের নজর পড়ে নি। তবে বাংলা ভাবার কথাল শল কাকাল অর্থেও ব্যবহৃত হরেছে। সেই অর্থ এহণ করলে অবস্ত কলনার কোনো অসঙ্গতি থাকে না। তবে আমা্বের মনে হর কংকালমালিনী, পেবীর ছান বলে এর বাল হয়েছে কংকালীপীঠ।
- এই পীঠ ছুটৰ উল্লেখ সংকৃত ভৱাবিতে চোখে পড়ে বি। জনসাধারণের কাছে একচা পীঠের বিশেষ গোরব ছিল। এইবাছ ছানীর প্রসিদ্ধ বেবীছাবকেও পীঠ বলে প্রচার করার প্রকটা ইন্ছা বেবীভক্তবের মনে থাকাটা খ্বই বাজাবিক। বোল্লন লভকের বাংলা মরলকান্য বেকে বে-ছুট পীঠের উল্লেখ করা গোল সে-ছুটকে এই ইন্ছার সাক্ষ্যার মুটার মনে করা বেকে পারে। অবক্ত, সংকৃত ভ্রোফিতে বর্ণিক অনেক পীঠেরও এই একই ভিরবকাহিনী অসুনান করা বার।

বালিভাল। বালিভালায় পড়েছিল দেবীর দক্ষিণহস্ত। এখানকার দেবী রাজেখরী। কালীঘাট— দক্ষিণ-কলিকাভার কালীঘাট বিখ্যাত পীঠস্থান। এখানে পড়েছিল দেবীর দক্ষিণদালুলি। পীঠের অধিষ্ঠাতী দেবী কালী।

সাগরসক্ষ্য মহানীসভত্তে সাগরসক্ষকেও দেবীস্থান বলা হয়েছে। এশাসকার দৈবী বাহা।

উমোলিও মেদিনীপুর জেলার তমলুকের প্রাচীন নাম তাম্রলিপ্তি, তাম্রলিপ্ত বা তমোলিপ্ত। মহানীলতমাদির মতে ত্মোলিপ্ত একটি দেবীস্থান। এখানকার দেবী তমোমী।

বিভাসপীঠ—তমলুক সহরের কাছে আছে একটি পীঠ—বিভাসপীঠ। এখানে দেবীর বামগুলফ পড়েছিল। পীঠের অধিষ্ঠাত্রী দেবীর নাম ভীমরূপা।

বাংলাদেশে দেবীপূজার ব্যাপক প্রচলন। এই অঞ্চলে দেবীস্থানও অনেক। এখানে প্রধানত: তন্ত্র-পুরাণাদিতে নির্দিষ্ট দেবীস্থানগুলিরই ভধু উল্লেখ করা গেল।

## উড়িকা

পুরী— উড়িক্সার সব চেয়ে বিখ্যাত তীর্থ পুরী বা জগরাখকের। এর প্রাচীন নাম নীলাচল, পুরুষোত্তম। এটিও একটি দেবীপীঠ। এখানকার দেবী বিমলা; ভৈরব জগরাখ।

জগরাথ-মন্দিরের হাতার মধ্যেই বিমলাদেবীর মন্দির। প্রসক্ষক্রমে বঁলা খার শার্মীরা ইুর্গাপুজার সময় মহাইমীর দিন গভীর রাত্রে বিমলার কাছে ছাগবলি হয়। পুরীর আর কোনো দেবালয়ে পশুবলি হয় না।

বিমলামন্দির থেকে কিছু দূরে নীলমাধবের মন্দিরের কাছে লখীমন্দির। ভার পশ্চিম দিকে সর্বমঙ্গলা কালীর মন্দির। এই মন্দিরগুলিতে বিগ্রন্থ প্রভিত্তিত।

বিরজাক্তের—বিরজ, বিরজপুর, বিরজা বা বিরজাক্তের একটি পীঠছান। খানটি কটক কোলার বর্তমান যাজপুর। নাভিক্তের, নাভিগরা, যাজপুর, যাগপুরী প্রভৃতি নামেও এই তীর্থস্থানটির উল্লেখ পাওয়া যায়। এখানকার দেবীর নাম বিষ্ণা বা বিজ্ঞা। এখানে দেবীর নাম বিষ্ণা বা বিজ্ঞা। এখানে দেবীর নাভি পড়েছিল।

বৈতরণীর দশাখনেধঘাট থেকে মাইল আড়াই দূরে সন্তরের দক্ষিণ ক্লিকে বিরক্ষাদেবীর মাধিব। এটিকেই পীঠহান মনে করা হয়। মন্দিরে আছে নেবীর অন্তাহশ-অনুনিশ্রিমিতা পাশাশমরী মৃতি।

বৈশুরণীর তীরে অব্যাত্কার মধ্যে। মধ্যে আছে নীলপাধরের তৈরী মাতৃকাম্তি। মৃতিগুলি পূর্ণবয়ক মান্তবের চেয়েও উচ্। এ ছাড়া, নদীর ধারে কালী, শচী, বিমলা, লন্ধী, সাবিত্রী, পার্বতী প্রভৃতির বহু মৃতি দেখা যায়।

্ **একান্ত নিত্ত ক্রিকে ভ্**ৰনেশ্ব প্রাচীন একামণীঠ। এথানকার দেবী কীর্তিমতী, মভান্তরে একা।

ভূবনেশরে অনেক প্রাচীন দেবীমন্দির আছে। পাদহরা-সরোবরভীরে আছে একশ আচিট যোগিনীর মন্দির।

পাদহরা থেকে একটু দূরে পার্বতীমন্দির। কারুকার্যের দিক্ দিরে এটি ভূবনেশ্বরের অক্সক্তম আঠ মন্দির।

ক্টক কটকের কটকচণ্ডীর মন্দির প্রসিদ্ধ। কটকচণ্ডীকে কটকের অধিঠাত্রী দেবী মনে করা হয়।

ভক্তক — ভত্রক সহরের ভত্রকালীর মন্দিরটি এ অঞ্জে বিখ্যাত। বলা হয় ভত্তকালীর সাম থেকেই স্থানের নাম হয়েছে ভত্তক।

#### यगुआदम् न

**অমরকণ্টক**—মধ্য প্রদেশে শোন এবং নর্মদা নদীর উৎপত্তিস্থলে দেবীস্থান অমর-কন্টক অবস্থিত। এখানকার দেবী চণ্ডী, মতাস্তরে অমরেশী।

**অমরেশপীঠ**—নিমার জেলার খাণ্ডোরার উত্তর-পশ্চিমে নর্মদানদীর তীরে অমরেশ-পীঠ। এখানকার দেবী চণ্ডী বা মহেশরী।

ক্ষবভীপীঠ -- বহানীগভয়ে অবভীপীঠের উরেধ আছে। এই পীঠের দেবী অভিপাবনী।
কিন্তু শক্তিদক্ষতাকে অবভীকে কালিকার স্থান বলা হরেছে। সভবভঃ এই উভয়মতে
বিরোধ নেই। দেবী কালিকার বিশেষণ অভিপাবনী হতে পারে। কাজেই, মহানীলভয়ে
কালিকাকেই অভিপাবনী বলে উল্লেখ করা সভবপর। অথবা ব্যাবহারিক ক্ষেত্রে উভর
দেবী পৃথক্ও হতে পারেন। বভামান ইন্দোর-ভূপাল-গোরালিয়র অঞ্চলে প্রাচীন অবভী
দেশের অবভান নির্দেশ করা হয়।

উজ্জায়িনী সিঠ— অবস্থার রাজধানী উজ্জানী একটি পীঠস্থান। এখানে পড়েছিল দেবীর কুর্পর। পীঠাবিঠানী মঙ্গলচণ্ডী, মডান্তরে মহাকালী। আধুনিক উজ্জানী এবং প্রাচীন উজ্জানী একই স্থান।

<sup>)</sup> जाय, गुर ००४ । स म म मुह ००३

৩ পৰবীসংক্ষকো দেশঃ কালিকা কন্ত ডিউডি ৷—সুসৰীগত, ৭)৬২

ভৈরবনীঠ— মহানীলতমে ভৈরব নামে একটি পীঠের উল্লেখ আছে। পীঠাধিঠাত্রী দেবীর নাম ভৈরবী; ভৈরবের নাম ভৈরব। অস্থমান করা হয় উচ্চায়িনীর প্রসিদ্ধ মহাকাল বা কালভিরবের স্থানই এই ভৈরবপীঠ।

উজ্জ্বস্থিনীর দেবীয়ন্দির— উজ্ব্বিনী সহরে কন্দ্রশাগর নামক দীঘির ধারে হরসিছি-দেবীর বিখ্যাত মন্দির। লোকপ্রসিদ্ধি ইনি বিক্রমাদিত্যের আরাধাা দেবী। লোকের এই ধারণা সভ্য কিনা ঘাচাই করার উপায় নেই। তবে ইনি পরমারবংশীয় রাজাদের কুলদেবী বটেন। স্থানীয় লোকেরা মনে করে হরসিদ্ধি জাগ্রতদেবী। ইনি বৈশ্ববী। এঁর কাছে পশুবলি হয় না।

সহর থেকে মাইল থানেক দ্রে গড়ের কালিকাদেবীর স্থান। এথানে দেবীর মন্দির আছে। মন্দিরে আছে বিরাট মৃতি। দেবীকে লোকে বলে গড়ের কালী, মহাকালীও বলে। লোকের বিশাস ইনিই মহাকবি কালিদাসের আরাধ্যা দেবী। এথানে নবরাত্তির সময় খুব ধুমধাম করে পূজা হয়।

সহর থেকে মাইল ছই দূরে শিপ্রানদীর তীরে আরেকটি কালীমন্দির আছে। মন্দিরের অদ্বে মহাশ্রশান। লোকে বলে এই স্থানে বিক্রমাদিতা বীরাচারে কালিকার সাধনা করে সিদ্ধিলাভ করেছিলেন।

উচ্জন্বিনীতে এ ছাড়া চাম্ণ্ডামন্দির, সরস্বতীমন্দির প্রভৃতি আরও দেবীমন্দির আছে। সরস্বতীমন্দিরটি থুব প্রাচীন। এই মন্দিরে অনেকগুলি মাতৃকাম্তি আছে। জনপ্রবাদ বিক্রমাদিত্য এই মন্দিরে এসে পৃজা দিতেন।

কনকাবতীর মন্দির— গড়ের কালীর মন্দির থেকে মাইল বার দ্রে করেছী গ্রামে অন্তর্ভুজা দেবী কনকাবতী বা করেছীমাতার প্রাচীন মন্দির। জনশ্রতি মহার্রাজ শিবাজী এখানে এসে দেবীদর্শন করেছিলেন।

ভগবতীয়ন্দির—দেওয়াসের ভগবতীমন্দির এ অঞ্লে বিখ্যাত। কনকাবতীর মন্দির থেকে এই মন্দির বেশী দূর নয়।

কালী, কনকাবতী আর ভগবতী এই তিন দেবীর স্থান নিয়ে একটি শক্তি-ত্রিকোণ ছয়েছে। অনেক যাত্রী এই ত্রিকোণ ঘুরে দেবীদর্শন করেন।

মহেশরপুর—মহেশরপুর একটি প্রাচীন দেবীস্থান। এই স্থানের অন্ত প্রাচীন নাম মাহেশরীপুরী, মাহেশরপুর এবং মাহিমতী। এথানকার দেবী স্বাহা। জারগাটি ইন্দোরে।

<sup>)</sup> कम ख, शु: ७१७-७११ २ क म ख, शु: ७११ ७ छा ख, शु: ७।४४-७४४

ड के, शृः ७४० द क म ख, शृः ७१४

চিত্রকৃট — ব্লেশথণ্ডের চিত্রকৃট একটি প্রাচীন দেবীস্থান। এখানকার দেবী সীতা।
ভেজাঘাট — অব্দশপুর সহর থেকে মাইল বার দ্বে ভেড়াঘাট অলপ্রপাত। এখানে
মর্মরপাথরের পাহাড়ের উপর গোরীশহরের মন্দির। এই মন্দিরে আছে চৌবটি বোগিনীর
মান্তবপ্রমাণ মৃতি। মৃতিগুলির ভর্মশা। এখানে বহু বাত্রীর সমাগ্র হয়।

রামগিরিপীঠ— কুজিকাওয়াদিতে রামগিরি নামে দেবীয়ানের উল্লেখ আছে। রামগিরি একটি পীঠয়ান। এখানে পড়েছিল দেবীর তন। এই পীঠের দেবী শিবানী, মতাস্করে ত্রিসন্থা। নাগপুরের নিকটবর্তী রামটেককে রামগিরিপীঠ মনে করা হয়।

**শ্রিপুর**—মহানীলতত্তে শ্রীপুর নামে একটি দেবীস্থানের উল্লেখ আছে। অহুমান করা হয় রায়পুর জেলার শিরপুরই সেই শ্রীপুর।

## দাব্দিণাত্য

মহেন্দ্রপুর— জানার্ণবভয়ে মহেন্দ্র বা মহেন্দ্রপুর নামক দেবীস্থানের কথা আছে। গঞ্চাম জেলার বিখ্যাত মহেন্দ্রপর্বতকে এই মহেন্দ্রপুর মনে করা হয়। এখানকার দেবী মহাস্তকা, মতাস্করে জগদীশ্বী।

পীঠপুরম্—গোলাবরী জেলার পীঠপুরমে আছে কুক্টেশর মহাদেবের মন্দির এবং তারই পাশে পার্বতীমন্দির।

এই প্রসঙ্গে দক্ষিণভারতের একটি বৈশিষ্ট্যের উল্লেখ করা যায়। যেখানে কোনো প্রসিদ্ধ শিবমন্দির থাকে সেখানেই তার পাশে পার্বতীমন্দিরও থাকে।

শাঙাপুর— অন্ধের আদিলাবাদের কাছে মাছর-এর প্রাচীন নাম মাতাপুর।
এটি মহারাষ্ট্রপ্রান্তের একটি প্রাচীন দেবীস্থান। এখানকার দেবী রেণুকা, একবীরা এবং
বমাদ নামে প্রসিদ্ধ। ইনি বিখ্যাত মহারাষ্ট্রীয় সাধক একনাথের কুলদেবী।

কালছন্তী— নেলোর জেলায় নাগোরী-পর্বতমালার পাদদেশে স্থবর্ণম্থীনদীর তীরে বিখ্যাত শৈবতীর্থ কালহন্তী। এখানে কালহন্তীখরের মূলমন্দিরের কাছেই পার্বতী এবং 'তুর্গাক্ষা' ( তুর্গাখ্যা ? ) দেবীর পৃথক্ পৃথক্ মন্দির আছে।

<sup>6)</sup> कम च, शुः ०६० २ छा ज, शुः ०२०

<sup>🌞</sup> कम थ, गृ: ३১१ 🔞 ४ छा छी, गृ: ०१

স্থান্ত নাত্রাজ সহরে একটি বিখ্যাত দেবীয়ন্দির আছে। সন্দির্গটি দেবী সাতাকুড়ির। দেবীর প্রতি স্থানীয় লোকেদের অগাধ প্রজাতক্তি।

আহাবলিপুরম্— চিকলিপুট জেলায় সম্ত্রের ধারে প্রাচীন দেবছান সহাবলিপুরস্। এখানে আছে অনেকগুলি দেবমন্দির—বেশীর ভাগ শিব ও বিক্ষুর মন্দির। একটি মুর্গামন্দিরও আছে। একটি মন্দিরে আছে শিবপার্বতীর বিগ্রহ। মহানীলভত্রে বে-বলিপুরের উল্লেখ আছে কেউ কেউ অহুমান করেন সেটি সম্ভবতঃ এই মহাবলিপুরম্।

কাঞ্চী—কাঞ্চী একটি প্রাচীন পীঠ। পীঠদেবীর নাম কনককাঞ্চী, বেবগর্জ। বা বেদগর্জা। কাঞ্চীকে দক্ষিণভারতের কান্দী বল। হয়। কাঞ্চী বর্তমান কাঞ্চীভরম্।

কাঞ্জীভরমের কামাক্ষীদেবীর মন্দির প্রসিদ্ধ। দেবীমূর্তিটিও বড় স্থান্দর। দক্ষিও এই দেবীমন্দিরকে বলে কামকোটিতীর্থ। কিংবদন্ধী আচার্য শহর এই মন্দিরে জ্বীবন্ধ প্রতিষ্ঠিত করেন।

পঞ্চীর্থ— চিফলেপুট সহর থেকে কিছু দূরে পঞ্চীর্থ বা পন্দীতীর্থ। এথানে জিপুরস্কারী, 'চক্নাইকি মাতা' প্রভৃতি দেবীরা আছেন। সহানীলভবাদিতে পঞ্চীর্থ নামে বে-দেবীস্থানের উল্লেখ আছে তা এই স্থান হতে পাবে। অবস্থ হরিষারেও একটি পঞ্চীর্থ আছে।

শ্রীপর্বন্ত উত্তর-আর্কট কেলার তিবলতির কাছে তিকমদর। তারিদ ছাবার তিক অর্থ শ্রী আর মলয় অর্থ পর্বত। কাছেই তিকমদর অর্থ শ্রীপর্বত বা শ্রীশেল। পীঠনির্ণয়াদি গ্রন্থে বর্ণিত শ্রীপর্বত এই তিকমনয় হতে পারে। শ্রীপর্বতপীঠেয় দেবী কুম্মরী।

**অক্লপাচল**—এই জেলার তিরুবারামলয় বা ব্রীমরুণাচল একটি বিশা**া জীর্ব।** এখানে আছে তেজোলিঙ্গ-মহাদেবের মন্দির। এই মন্দিরের কা**ছে পার্বভীমেবীরও একট** স্থাব মন্দির আছে।

⊴

চিক্ষরন্— দক্ষিণ-আর্কটের চিদ্ধরম্ আবেকটি ক্রাসিছ তীর্ষ। এখানে আছে ব্যোমলিক-মহাদেবের বিখ্যাত মন্দির। মহাদেবের মৃগমন্দিরে তিনটি প্রকোষ্ঠ আছে। ক্যা-প্রকোঠে চতুত্ব নটরাজন্তি, ভানদিকের প্রকোঠে চিদ্ধরনিক (ব্যোমনিক) আর বাদিকের প্রকোঠে বিভূজা দেবীমূর্তি অধিষ্ঠিত। এ ছাড়া, মৃল্যমন্ত্রের ভ্রাত্তে পার্বজী-দেবীর একটি বৃহৎ মন্দিরও আছে।

<sup>&</sup>gt; 平川町, ヴ +82 ~ ミ É C. S. I, C. H. 1, Vol. IV, p. 458

० छा स, पृ: १६६-१६१ । इ छा छो, पृ: ४२-४५ । से, बु: ४०-४)

শ্রীরক্ষ্—বিভিন্পরীর কাছে জীবদন্। এখানে বন্ধনাথকীর বিখ্যাত দলিবের সংক্রে আছে ক্ষ্তেশবের অভ্রপ বিখ্যাত মন্দির। ক্ষ্তেশর দৃশ্দিশতারতের স্থানিত পঞ্চিকের অন্যতম লিক অপ্লিক। অস্তেশরের মন্দিরের কাছে পার্বতীর পৃথক্ কৃষ্ণির আছে।

**কুডকোপন্—কুডকোপনে আছে কুডেবর শিবের প্রাসিত বন্দির। সন্দিরে শিবনিজের** সঙ্গে পার্বতীমূর্তি অধিষ্ঠিত।

ভাজ্যের—ভাজ্যের জেলার আরাটাজি থেকে আট মাইল দূরে অবভারকরেল ( Avadyarkoil ) নামক একটি গ্রামে আছে একটি বিখ্যাত প্রাচীন যজির। "এই মন্দিরে শিব বা পার্বতীর মূর্ডি নাই, কেবগ দেবীর স্থবর্গময় পাদপদ্ম নিরাজ্যান আম মহাদেবের চিক্তরূপ নাগের মন্তকোপরি একটি সোনার বাটি আছে।" কেবীর পাদপদ্ম বিশ্বরের উপর আপিত।"

প্রতেশ্র পরকোট (পুছকোটেই) ভূতপূর্ব দেশীর রাজ্য পদ্মকোটের রাজধানী ছিল। সংবের উপকর্তে রাজবংশের ক্লদেবতা তিক্লগোকর্ণের এবং বৃহদ্যার মন্দির প্রথাতি মহাপ্রকৃত্তি এখানে এগেছিলেন এবং দেবীর স্বতি করেছিলেন।

মাতুর।—মাত্রার স্থাছে বীনাকীবেবীর মন্দির। এইটিই সম্ভবতঃ দক্ষিণভারতের সূত্র চেয়ে বিখ্যাত মন্দির।

রাদেশর— রামনাধ জেলার দেতৃবন্ধ-রামেশর প্রাচীন ভীর্থ। রহানীলভার্ত্তিতে রামেশরকে দেবীপাঁঠ বলে বর্ণনা করা হয়েছে। দেবীর নাম প্রভা বা অহানিদ্ধি বা মহাবৃদ্ধি।

রাষেশ্বরে আছে রাষেশ্বর শিবের মন্দির এবং তারই কাছে পার্বতীকেবীর মন্দির। প্রতিক্তকবার লাজে জাঁকজমক করে পার্বতীকেবীর শোভাষাত্রা বের করা হয়।

ভিলেনেরী—ভিরেবেরী জেলার প্রধান সহর ভিরেবেরীতে একটি চল্লংকার দেবালয় আছে। এর অধেকি নিবমন্দির আর অধেকি পার্বভীমন্দির।\*

এই জেলাতেই কোইন্নম নামক হানে আছে চিন্তরনদীর একটি জলপ্রাপান্ত। একে বলা হয় আকালগলা। এটিকে পরম পবিত্র তীর্থ মনে করা হয়। আকাশগলার ধারে নিবদন্দির ও পার্বতীমন্দির। একটি সরস্বতীমন্দিরও আছে।

ক্তাৰুমান্ত্ৰী-বলোপনাগর, ভারতমহানাগর এবং আরবনাগরের সন্ধিত্বলে প্রাচীন

<sup>&</sup>gt; 4 11 18 72 3 ... 2 3, 72 3 .. 4 8. 0. 8. 1, 0, H. 1, Vol. IV. p. 256

ভীর্থ কন্তাকুমারী। মনে হর মহানীলতন্তাদিতে একেই কুমারপীঠ বলা হয়েছে। পীঠাথিঠাত্তী দেবী কুমারী বা কোমারী। সমূত্রের কোল ঘেঁবে দেবীর স্থন্দর একটি মন্দির আছে।

মকলোর—কেরলরাজ্যের মঙ্গলোর বা ম্যাঙ্গোলোরে মঙ্গলাদেবীর একটি প্রাচীন মন্দির আছে। লোকে বলে দেবীর নীম অনুসারে সহরের নাম হয় মঙ্গলপুর। ভার থেকে মঙ্গলোর বা ম্যাঙ্গোলোর হয়েছে।

মলম্ব—কোনো কোনো প্রাণে মলমকে দেবীস্থান বলা হয়েছে এবং এখানকার দেবীকে বলা হয়েছে রস্তা। নীলগিরির দক্ষিণদিকে পশ্চিমঘাট-পর্বতমালার দক্ষিণাংশকে মলম বলে সনাক্ত করা হয়েছে।

মহীশুর— মহীশ্র নগরের ললিতান্ত্রি উপর আছে চাম্গুদেবীর বিরাট মন্দির। জনপ্রবাদ এখানেই মহিষাস্থরের সঙ্গে দেবী চাম্গ্রার যুদ্ধ হয়েছিল। মন্দিরে আছেন আইভূজা মহিবাস্থরমর্দিনী চাম্গ্রা। এখানে তুর্গাপ্তার সময় বিজয়াদশমীর দিন বে-শোভাষাত্রা বের হয় তার খ্যাতি ভারতব্যাপী।

শৃলেরীমঠ— শহরাচার্যপ্রতিষ্ঠিত শৃলেরীমঠে শ্রীবছের উপর সর্ববেদান্তপ্রকাশিনী বন্ধবিদ্যা শারদার মূর্তি প্রতিষ্ঠিত। ইনি মঠের অধিষ্ঠাত্রী দেবী।

এই প্রসঙ্গে উল্লেখ করা যায় শহরাচার্য এবং তার শিক্সদের যারা প্রতিষ্ঠিত দক্ষিণের সব ক'টি অবৈতমঠেই শ্রীয়া প্রতিষ্ঠিত এবং তার নিয়মিত পূঞাও হয়।"

কি**ডিজ্যাপর্বন্ত**—কোনো কোনো প্রাণে কিছিদ্যাপর্বতকে দেবীয়ান বলা হয়েছে। এখানকার দেবী তারা। তৃঙ্গতপ্রার উত্তরপারে ভৃতপূর্ব নি**জামরাজ্যের একটি বিজী**র্ণ পার্বতা অঞ্চলকে কিছিদ্যা বলা হয়।

দেবীপুরাণমতে ত সব পর্বতেই কালিকা তথা তারা এবং উমা অধিষ্ঠিতা।

পশাসরোবর—বেলারি ছেলার হান্দি নামক স্থানের কাছে ছিল পশাসরোবর। এখন পশাসরোবর ছোট পুকুরের মত হয়ে গেছে। প্রাণতোবনী প্রভৃতি কোনো কোনো গ্রেছে পশাসরোবরকে দেবীস্থান বলা হয়েছে। দেবীর নাম সারস্থা।

বিভাপুর—হাম্পির অন্ত নাম বিজয়নগর বা বিভানগর। মহানীলতয়াদিতে বিভাপুর নামে বে-দেবীয়ানের উল্লেখ আছে তা সম্ভবতঃ এই স্থান।

১ দভাতী, পু: ২১৬-২১০ ২ ấ. C. S. I, C H. I., Vol. IV, p. 256

o Ibid. 8 म का छी, शृ: २००

কালিকাখ্যা তথা তারা উমা সর্বনগের চ—বে পু ০৮/০

## मरात्राहे-छजतार्व जकन

গোর্ব ধনপাঠ— কৃষিকাভরাদিতে গোবর্ধনপীঠের উল্লেখ আছে। পীঠের অধিঠাত্তী দেবী অধিকা। নাসিকের কাছে এই পীঠের স্থান নির্দেশ করা হয়।

জগন্ত্যাশ্রম—প্রাণতোবণী প্রভৃতি গ্রন্থে অগন্ত্যাশ্রম নামে দেবীদ্বানের উল্লেখ পাওরা বাষ। এখানকার দেবী মহাবিদ্যা বা মন্তমেধা। নাসিকের কাছে অগন্তিপুর বলে একটি জায়গা আছে। অনুমান করা হয় এইটিই প্রাচীন অগন্ত্যাশ্রম।

নাসিক অঞ্চলের প্রাচীন নাম জনস্থান। জুনস্থান একটি পীঠ। এখানে পড়েছিল দেবীর চিবুক। পীঠের অধিষ্ঠাত্তী দেবী প্রামরী।

পঞ্চবটী— মহানীগতন্তাদিতে দেবীদান পঞ্চবটার উল্লেখ আছে। এখানকার দেবী তপম্বিনী। নাসিক সহরের কাছে গোদাবরীর অপর পারে পঞ্চবটাতীর্থ হৈ সেই পঞ্চবটা।

সিদ্ধপুর —কোনো কোনো পুরাণে দিন্ধপুর বা দিন্ধবট নামে দেবীস্থানের উল্লেখ আছে।
এখানকার দেবী মাতালন্দ্রী বা উমালন্দ্রী। আহমদাবাদ থেকে মাইল চৌবটি দূরে দিধপুর
নামে একটি স্থান আছে। অহমান করা হয় এইটিই প্রাচীন দিন্ধপুর।

কায়াবরোহণ—পুরাণাদিতে কায়াবরোহণ নামে দেবীস্থানের উল্লেখ পাওয়া বায়।
পুরাণমতে দেবীর নাম মাতা। বড়োদার কারওয়াকে কায়াবরোহণ মনে করা হয়।

শবোদার— শথোদার প্রাণবর্ণিত একটি দেবীস্থান। এখানকার দেবী ধানি বাধারা। কছে-উপদাগরের দক্ষিণ-পশ্চিম প্রান্থে বটাদীপ নামে একটি দ্বীপ আছে। বলা হয় এই দ্বীপই শথোদার।

ভারাবভী—মহানীলভয়াদি গ্রবে বারাবভীকে দেবীস্থান বলা হয়েছে। দেবী কৃষ্ণিনী। তারকাই বারাবভী।

প্রভাস—নানা এবে প্রভাসকে দেবীদান বলা হয়েছে। এটি একটি পীঠ। এখানে প্রচ্ছিল দেবীর অধর। এখানকার দেবীর বিভিন্ন নাম বিভিন্ন প্রবেছ দেওয়া হয়েছে। মধ্য—পুরুরাবতী, ঈশ্বী, স্বরপৃঞ্জিতা, পুরুরেকণা এবং চন্দ্রভাগা।

কাথিয়াওয়াডের সোমনাথ প্রাচীন প্রভাস।

সোমেশ্বর—কোনো কোনো গ্রন্থে সোমেশ্বর নামে দেবীস্থানের উল্লেখ পাওয়া বার।
দেবীর নাম বরারোহা। প্রকোস স্থার সোমেশ্বর একই তীর্থ হতে পারে।

রামতীর্থ-শুর্ণারকে ছিল প্রাচীন দেবীস্থান রামতীর্থ। রামতীর্থের দেবী রমণা। ধানা জেলার লোপারই স্থুপারক।

করবীর—কোলাপুরের হানীর নাম করবীর। অনেকে মনে করেন পীঠনির্ণর প্রভৃতি গ্রহে বে করবীর বা করবীরপুর নামে কেবীহানের উল্লেখ আছে ভা এই করবীর বা কোলাপুর। পীঠনির্ণর অন্থসারে এখানে দেবীর ত্রিনেত্র পড়েছিল। **এখানকার দেবী** বহিষমর্থিনী। মংক্রপুরাণাদির মতে দেবী মহালন্ধী। জানার্থতত্তে মহালন্ধী বলে বে-দেবীস্থানের উল্লেখ আছে ভাও সম্ভবতঃ এই কোলাপুর।

কোলাপুরে এখনও মহালন্ধীর বিরাট মন্দির আছে। এটি মহারাষ্ট্রের অক্তম মুখ্য ক্রীস্থান। মহারাষ্ট্রীরেরা একে জাগ্রত পীঠ মনে করেন।

গোকর্ম—গোরার ভৌগলিক এবং লাংশ্বৃতিক অবস্থান মহারাট্ট অঞ্চলে। আনার্থভারাহিতে গোকর্ণ নামে বে-দেবীয়ানের উল্লেখ আছে গোরার গেণ্ডিরা (Gandia) সেই
স্থান। বিভিন্ন গ্রন্থে গোকর্ণের দেবীর বিভিন্ন নাম পাওরা বায়। বথা—ভক্তকর্দিকা,
কালিকা, ভক্রা, মহাবলা এবং দব্যক্ষলা।

**দেবীর্নন্দির**—মহারাষ্ট্র অঞ্চলে অনেক দেবীমন্দির আছে। তার মধ্যে থেকে করেঞ্চি মন্দিরের উল্লেখ করা গেল।

বোখাই সহরে—খাস বোখাই সহরে আছে তিনটি প্রসিদ্ধ দেবীয়ন্দির—একটি
মুখাদেবীর, একটি কালবাদেবীর এবং অপরটি মহালন্দ্রীর। লোকে বলে মুখাদেবীর
নাম থেকেই সহরের নাম হয়েছে মুখাই বা বোখাই। কালবাদেবীর মূর্ভিটি প্রাচীন।

পুনার-প্না সহরে আছে পার্বভীর সন্দির। এই সন্দিরের-খ্যাতি ও গৌরব সমগ্র মহারাট্ট অঞ্চলে বিশ্বত।

পুনা জেলার প্রভাপগড়ে আছে শিবাজী মহারাজের ইউদেবী ভবানীর প্রাচীন মন্দির।

পশ্চরপুরে— পশ্চরপুরের বিঠোবামন্দিরের খ্যাতি বছদ্র বিশ্বত। এই সন্দিরের সঙ্গে আছে কন্মিনী, সত্যভাষা এবং মহালন্দীর মন্দির।

সন্ধানিশর্বতে— নাসিক জেলার হিরোরী এবং কলবণ তালুকের দীমার সন্ধানিপর্বত্যালার এক অংশের স্থানীয় নাম 'দপ্তশৃদী গড়'। এই সপ্তশৃদীপর্বতের উপর দেবী
সপ্তশৃদীর প্রাচীন স্থান। একে জাগ্রত দেবীশ্বান মনে করা হয়। এখানে দেবীয় মৃতি
এবং মন্দিরও আছে। চৈত্রের গুলা পক্ষীতে সপ্তশৃদীর প্রকাশ্ত মেলা বলে। তথন
কৃতিন লাখ বাত্রীর সমাগম হয়। আধিনমানেও আরেকবার মেলা বলে।

कूनकाशूद्रत—अगमानावाद्यः कार्ड जुनकाशूद्र चार्ड अर्थ सामहाम ७ इत्रणि निवाकीत स्नद्रवी ज्वानीत विशाज मिन्द्र। द्वती कूनकाज्यानी नार्ष द्वनिष् । देनि चहेन्का, वाजवादना, महिवाक्तमहिनी।

<sup>&</sup>gt; मनम, पृत्र करक १ जे, पृत्र कात्र-कार क जे, पृत्र कार

শহারাট্রে শক্তিপূজা—এখানে উরেখ করা অপ্রাসন্থিক হবে না বে মহারাট্রে মহাদেবীর লোকপ্রির নাম তবানী। এই অঞ্চলে শক্তিপূজার ব্যাপক প্রচলন লক্ষ্য করা যায়।
খ্টার ঘাদশ শতাখীর পূর্বে ত শিবপার্বতীর পূজার প্রচলনই ছিল সব চেয়ে বেশী। মহারাট্রের
প্রাচীন মন্দিরগুলি প্রায় সবই শিবপার্বতীর। ত্রেরোদশ শতাখী থেকে এই অঞ্চলে
বৈক্রব ধর্ম প্রবল হয়। তরু মহারাট্রে কুলধর্মরূপে শক্তি-উপাসনা সর্বত্র প্রচলিত।

গুৰু রামদাস আপন কুগদেবী ভবানীর সাত আটটি অতি চমৎকার ভোত্ত রচনা করেন। এই ভোত্তপি পুরুই জনপ্রির, একদা ঘরে ঘরে গান করা হত, এখনও ব্যাপকভাবেই হয়।

শুক রামদাসের আগে সন্ধ একনাথ আপন ক্লদেবীর সম্বন্ধে বহু কবিতা রচনা করেন। এইসব কবিতা খ্বই জনপ্রিয়। তার আদিমায়া সহালন্ত্রীর বীররসাত্মক স্কোত্র প্রসিদ্ধ। যহারাষ্ট্রীরেরা অনেকে বিশ্বাস করেন শিবাজীর মতো বীর পুরুষ যে ভারতের অন্ত প্রান্তের পরিবর্তে মহারাষ্ট্রে জন্মালেন ভার কারণ মহারাষ্ট্রে দেবীর উপাসনা ব্যাপকভাবে চলছিল এবং মহালন্ত্রির বীর সন্ধানের আবিভাবের উপযোগী ক্ষেত্র প্রস্তুত ছিল।

আদিমায়।, ভৈরবী, ভূবনেশ্বরী, তবানী প্রভৃতি মহাদেবীর বিভিন্ন রূপের বহু জোজ মহারাট্টে রচিড হরেছে।

ভজরাট অঞ্চলের মন্দির।জি-এবার ভজরাট অঞ্চলের কয়েকটি মন্দির ও দেবীস্থানের উল্লেখ করা যাক।

ৰড়োলা সহরে আছে অখামন্দির। স্থানীয় লোকেরা দেবীকে বলেন অখায়াতা। দেবীর মৃতিটি পুর স্কর।

এই সহর থেকে মাইল ত্রিশেক দূরে ঈশান কোণে পাওয়াগড় নামক পাহাড়। সেই পাহাড়ের চুড়ায় মহাকালীর প্রসিদ্ধ মন্দির। এথানে আঘিনের ওক্লা প্রতিপদ থেকে দশমী পর্যস্ত খুব বড় মেলা হয়। দেবীর নিতাপুদ্ধাদির ব্যবস্থাও আছে।

ভূতপূৰ্ব বড়োলা রাজ্যের সীমার চুওয়াড় নামক স্থানে আছে দেবী বালা বহুচরার মন্দির।
এই স্থানটিকে পূবই প্রাচীন মনে করা হয়। দেবী বহুচরা কুল্টবাহনা। মন্দিরে দেবীর
মৃতি আছে আবার বছও আছে। বতে পূজা হয়। হৈত্র, আবাচ় এবং আবিনের
প্রিমার এখানে বড় মেলা বসে। বহু পূর্যভ্তর থেকে হাজার হাজার বাত্রী দেবীর্দনি
আসেন। এই অঞ্চলে দেবী বহুচরার এমনি প্রভাব বে প্রত্যেক প্রাচন দেবীস্থান আছে,
সহরেও আছে, বনে পর্বত্তেও আছে। এক আহ্মহাবাহ সহরেই দেবীর কুড়িটির বেশী
মন্দির। গ্রাবহুচরাকে শ্রীকুলের দেবী ত্রিপুরস্ক্ষরী মনে করা হয়।

<sup>&</sup>gt; मन्या, तृर ७३९ ६ वे ० वे, तृर ७३४-७३० ७ वे, तृर ७३९ ९ वे, तृर ७१३

० वे, पृ: बंदर-५६० । वे, पृ: ब्दर-ब्दर । वे, पृ: द्रर

সমুদ্রের ধারে ভরোচ বা ব্রোচ। এইটিই প্রাচীন ভক্কচ্ছ। এখানকার অবাজী মাতা এবং বহুচরাদেবীর মন্দির বিখ্যাত।

কাধিওয়াড়ে গোগুল নামে একটি ক্ষ রাজা ছিল। এই রাজ্যের মহালগাম-পাটনওয়াড় নামক স্থানের কাছে ওসমপাহাড়। এই পাহাড়ের এক গুহায় আছে একটি প্রাচীন দেবীস্থান। দেবীকে বলা হয় ওসমমাতা। প্রায় আড়াইশ বছর আগে এই জায়গায় দেবীর মন্দির তৈরি হয়েছে। গুজরাটে ওসমমাতার খুবই প্রতিষ্ঠা।

কাথিওয়াড়ের মোর্ভি সহর যথন ছোট ছিল তখন সহরের বাইরে পশ্চিম দিকে গ্রাম-দেবতা বাল। বহুচরার একটি মন্দির ছিল। পরে এই মন্দিরের কাছে দেবীর এক বিরাট-মন্দির তৈরি হয় এবং তার মধ্যে শ্রীষন্ধ স্থাপন করা হয়। দেবীর কোনো মূর্ভি নেই। যত্ত্রেই পূজা হয়। তবে মন্দিরে দশমহাবিদ্যা, মহালন্দ্রী, মহাসরস্বতী, মহাকালী—এঁদের চিত্র আছে।

রাজস্বানের সীমানায় আবুপাহাড়। এই পাহাড়ের একটি শিখরের নাম আরাহ্মর বা আরাসন। এখানে আছে একটি প্রাচীন দেবীস্থান। অনেকে মনে করেন এইটিই তন্ত্রাদিতে বর্ণিত অবুদ্পীঠ। অবুদ্পীঠের দেবী কাত্যায়নী।

ব'তমানে কিন্তু এখানকার দেবীকে বলা হয় আরাস্থরী অধিকা; আবৃদাদেবীও বলা হয়। স্থানীয় লোকেরা বলেন 'ধোলা গড়ওয়ালী মাতা'। এ দের বিশাস এই জারগায় দেবীর হৃদয়ের একাংশ পড়েছিল। এখানে এখন মাবেল-পাধরের দেবীমন্দির এবং অনেক ধর্মশালা তৈরি হয়েছে। শুজরাট অঞ্চলে এই দেবীস্থানের প্রভূত মাহান্ত্রা এবং প্রতিপত্তি লক্ষিত হয়।

তবে গুল্পরাটে সাধারণতঃ অধিকা, কালিকা এবং বালা বহুচরা এই তিন দেবীর স্থানই
মুখ্য বলে গণ্য হয়। অক্যান্ত দেবীয়ানের মধ্যে কছের মাশাপুরা দেবীর স্থান, বারকার
কাছে অভ্যামাতার স্থান, হড়ওয়াদেব কাছে কুল্পরীদেবীর স্থান, বউওয়ানে বুটমাতার স্থান,
পেটলাদের কাছে মাশাপুরীদেবীর স্থান এবং ঘোষার কাছে খোভিয়ারমাতার স্থান
বিখ্যাত।

শুজরাট অঞ্চলে শক্তিপূজার সাহিত্যিক নিম্পান গুলরাট অঞ্চল শক্তিপূজার বাাপকতার অন্ত নিদর্শনও আছে। গুলরাট সাহিত্যে তগবতীর বিবিধ রূপের অনেক তব পাওরা বার। তগবতী বিভিন্ন রূপ ধারণ করে ক্রুকর্মা দৈতাদের নিধন করছেন, ডক্তকে রক্ষা করেছেন এই-সব বিষয় এই সাহিত্যে যথেই আছে।

३ मन्य, मृ: ००४-०० १ ते, मृ: ०३४

७ वे, गृ: ७६१ । वे, गृ: ६२)

'শুলবাটা সাহিত্যে ভক্তিধারার মুখ্য আলম্বন তিনজন দেবতা-শ্রীকৃষ্ণ, শিব এবং শক্তি বা দেবী। শক্তিকে এখানে পরাশক্তিরূপে দেখা হয়েছে।

গারবা—গুদ্দরাটের গরবাগান বহুকাল থেকে চলে আসছে। গুদ্দরাটা মেরেরা এই গান করেন এবং রচনাও প্রধানতঃ তারাই করেন। শক্তির আবাহন করে তারা 'চৌমুখী দীপশিখা'র পূজা করেন এবং দেবীর স্তবগান করতে করতে তার পরিক্রমা করেন। একের পর এক মেয়ে নৃত্ন গান ধরেন আর অক্সরা হন দোহার। এমনি কর্মে গানে গানে রাভ ভোর হয়ে বায়। (নবরাত্রির সময় এমনি করে পর পর নয় রাভ ধরে গান হয়।) মেরেরা শৈব বা বৈক্ষব বে-সম্প্রদারেরই হউন না কেন গরবা গান বিধেন হুগা, অলা, কালী, ভবানী, রাধা, সীতা, গৌরী—পরাশক্তির এই-সব বিভিন্ন নাম এবং রূপ নিয়ে।

**শক্তিসম্বন্ধী সাহিত্য-রচয়িত্তা—খঃ** পঞ্চদশ শতান্ধীতে কবি ভালৰ তাঁর বিখ্যাত এছ 'চণ্ডী মাখ্যান' রচনা করেন। জুনাগড়েব দেওয়ান রণছোড়ন্তীও একই বিষয় নিম্নে তাঁর কাব্য 'চণ্ডীপাঠ' রচনা করেন।

ঐ শতাব্দীতে কবি সোমেশ্বরদেব দেবীবিষয়ক কাব্য 'হুরপোংসব' রচনা করেন।\*
বোড়শ শতাব্দীর গোড়ার দিকে শ্রীধর রচনা করেন গৌরীচরিত্র।\*

গুলরাটের কবিসম্রাট্ ভট্ট প্রেমানন্দ তুলসীদাসের সমসাময়িক। তিনি দেবীচরিত্র বর্ণনা করে দেবীর প্রতি আপনার প্রেমভক্তি নিবেদন করেছেন।

ঐ সমরেই প্রসিদ্ধ শক্তি-উপাদক নাখভওয়ানের জন্ম হয়। এঁর ইইদেবী ছিলেন জ্নাগড়ের দেবী বাবেশরী। কিংবদন্তী এঁর ভক্তিতে তুই হয়ে দেবী বাবেশরী এঁকে দেখা দেন। তখন ইনি একটি গরবা রচনা করে দেবীর স্তব করেন। এই নাখভওয়ানই পরে অফ্রতানন্দ সরবাতী নামে প্রসিদ্ধ হন। এঁর রচিত গরবা এবং গরবী খুব প্রসিদ্ধ, ঘরে ঘরে গান করা হয়।

আইনিশ শতাবীতে গুলবাটে মীঠু মহারাজ নামে একজন বিখাতি সামরক্রবাদী তাত্ত্বিক জন্মান। তিনি বাসরস' নামক এছে অর্থনারীশ্বতত্ত্ব মনে রেখে জীচক্রের পদ্ধতি অসুসারে বাসক্রীভার বর্ণনা করেন। এ ছাড়া, ইনি শক্তিবিলাসলহরী এবং জীলহরী নামে শক্তিবিব্যক আরও ছুখানি এছ রচনা করেন।

উনবিংশ শতাৰীর বিখ্যাত কবি বালাশধরলী গুলহাটী ভাষার সৌন্দর্যলহরীর প্রভাহবাদ করেন। > •

<sup>&</sup>gt; कम चा भू: बर्ट र जे, भू: बर्ट + जे, भू: बर्ट-बर्थ : जे, भू: बर्ट

<sup>·</sup> 海 · 海 · 海 · 海 · 海 › 南野 ste-sts

শাগর-প্রাক্ষণ—গুলরাটপ্রান্তে একদা নাগর-প্রাক্ষণদের বিশেষ গৌরব ও প্রতিষ্ঠা র্ছিল।
এঁদের কুলদেবী শক্তি। দেবীর পূজা এঁদের অবক্ত কর্তব্য। কাশীতে বহুকাল থেকে অলেক
লাগর-প্রাক্ষণের বাস। এঁদের মেরেরা দেবীবিষরক বহু গরবা এবং গরবী রচনা করেছেন।
এই লব সংগ্রহ করে প্রকাশ করাও হয়েছে। নাগর-প্রাক্ষণদের আত্মীয়দের মধ্যেও
বিপ্রা, বালা, শ্রীবিদ্ধা, বগলা, তারা, ললিতা প্রভৃতি মহাদেবীর বিভিন্ন রূপের পূজা প্রচলিত
আছে।

শুক্রাটা ভারিক—গুলরাটাদের মধ্যে অনেক তান্ত্রিক লাধক ও পণ্ডিত জরেছেন।
এঁরা সংস্কৃতে শক্তিবিবরক গ্রন্থও রচনা করেছেন। দৃটাস্বস্কৃপ কাশীবাদী বিখ্যাত
মন্ত্রশাস্ত্রী বামনতত্র পাঠক, বড়োলানিবাদী পণ্ডিতশিরোমনি মন্ত্রশাস্ত্রী কটাশহর পাঠক, আচার্ব
পৌরীশহর, আচার্ব লন্ত্রীশহর এবং প্রাতঃশ্বরণীয় আচার্ব বটুকনাথের নাম করা বাহ ।

কালীপুলা— গুলরাট অঞ্লে সর্বত্র কালিকাদেবীর পূজা হয়। তবে এই কালী দক্ষিণাকালী। লোকে এঁকে ভদ্রকালী বলে পূজা করে।

বালা ত্রিপুরস্করীর উপাসকও ওজরাট অঞ্চল অনেক আছেন।

রাজপুতানার দেবীস্থান ও দেবী নন্দির—ওলরাটের মতে। রাজপুতানারও দেবীস্থান ও দেবীমন্দির অনেক। এথানে করেকটির বিবরণ দেওয়া গেল।

चचत्र—কোনো কোনো প্রাণে বছর নামে দেবীস্থানের উরেশ আছে। প্রাণে দেবীর নাম দেওরা হয়েছে বিশ্বকায়া বা বিশ্বমারা। জয়পুরের বছরকেই পুরাণোভ বছর মনে করা হর।

শবরের শিলাদেবীর মন্দিরটি বিখ্যাত। অটকুছা মহিবমর্দিনী এই দেবী বাংলার বারক্টরার অক্তম চান্তরার ও কেনাররারের ইউদেবী ছিলেন। মহারাজ মানলিছে এঁকে অধ্যে এনে প্রতিষ্ঠিত করেন।

শাভালী স্থান — লয়পুরের সহরহদের ধারে লবণের কারখানার কাছে পাছে এক প্রাচীন দেবীয়ন্দির। স্থানীয় পোকেরা দেবীকে বলেন মাভালী। স্থালপুতানায় এই দেবীস্থানটির খ্যাতি ব্যাপক।\*

হারীত— মহানীলতহাদিতে হারীত নামে দেবীশ্বানের উল্লেখ আছে। এখানকার দেবী হরিণাকী। অঞ্মান করা হয় উদয়পুরের নিকটবর্তী হারীভাশ্বর অনুবৃধিত হারীভা।

চিত্রের - চিত্রের ঐতিহাদিক তুর্গের মধ্যে একটি প্রাচীন কালীয়ন্দির আছে।
আর আছে ভবানী ও অরপূর্ণার মন্দির।

<sup>&</sup>gt; मनवा, कृष्ट १ में, कृष्ट > • में, कृष्ट । में

६ साञ् गृह ३०६ ७ समस् गृह ०३० १ जे. गृह ०३६

পুকর-প্রাচীন ভীর্থ পুকরও একটি দেবীদান। পুরাণাদিতে এখানকার দেবীকে বলা হরেছে পুরুত্বতা। দ্বানটি আজমীর সহর থেকে মাইল সাতেক দ্রে। এখানে সাবিত্রী-পাহাড়ের উপর আছে সাবিত্রী ও সরস্বতীর শৃষ্ঠি ও মন্দির।

সব স্থানই দেবীস্থান— ভারতে দেবীস্থান অনেক। তবের দিক্ দিরে দেখলে ত সব স্থানই দেবীস্থান। দেবীভাগবড়ে দেবী শিষ্ট ভাষাতেই বলেছেন—সব স্থানই আমার স্থান, সব কালই বভের কাল, সব সময়ই উৎসবের সময়, কারণ আমি সর্বন্ধশিশী।

এখানে দেবীস্থানের মোটাম্টি একটা বিবরণ শেওরা হরেছে। সব দেবীস্থানের বিবরণ জালা যার না, শেওরাও সভবপর নর।

**শৃক্ষীর বিবর**—এই বিবরণের থেকে একটি জিনিস শট হয়েছে— গেঁবীস্থান খেশের সর্বত্র ছড়ান থাকলেও সব অঞ্চল সংখ্যার সমান নয়। কোনো কোনো অঞ্চল দেবীস্থানের সংখ্যা অপেকারুত কবিক, কোনো কোনো অঞ্চলে অপেকারুত কম।

সাধারণকঃ লোকের ধারণা একরাত্র বাংগাদেশে এবং বাঙ্গালীর মধেরি দেবীপুত্রা প্রচুলিত। উপরের বিবরণ থেকে কেখা গেল <u>সে-ধারণা আরু। দেবীপুত্রা ভারতের সব</u> প্রান্তের লোকেকের মধ্যেই প্রচুলিত।

নার কথা, বৈশিকবৃদ্দারও আগে থেকে আমাদের দেশে মাহুব নানাভাবে নানা ছানে দেবীর পূজা করে আসছে; আজও সে-পূজা সমানে চলছে। কালে কালে পূজার রূপ নদেহেছে কিন্তু ভার বিরভি থটোনি কথনো।

नर्रः कुछर यह स्थित नार्षं कीलों अस्तिनेकी: । विर्मानी नर्वकीत्वर्ष् वेदस्थित नर्वितिकी ।
 —दा स्थानिकाल

## সপ্তম অধ্যায়

## শিব

শিবশক্তি অভিন্ন শাস্ত্রমতে পরমা দেবী শিবছরী; শিবের থেকে অভিন্ন। শাস্ত্র করে বলা হয়েছে—শিব যিনি তিনি দেবী, দেবী যিনি তিনি শিব। এই উভয়ের অভেদবুদ্ধিতেই দেবীকে শিবা বলা হয়।

আমরা এ ধাবং সাধারণভাবে জগদস্থা মহাদেবীর বিষয় আলোচনা করে এসেছি। দেবীর থেকে বিনি অভিন্ন সেই মহাদেব শিবেরও মোটাম্টি একটা পরিচয় না পেলে দেবীর পরিচয় অসম্পূর্ণ থেকে ধাবে।

বৈদিক ক্লেম্ন শিবে ক্লপান্তরিত আমরা দেখেছি বাদ্দানেরিসংহিতার <u>অধিকাকে</u> ক্লের ভগিনী বলা হয়েছে আর তৈত্তিরীয়-আরণাকে অধিকা হয়ে গেছেন ক্লের পদী। আরও দেখা গেছে এই অধিকা মান্তরপিণী মহাদেবী অর্থাং মহাদেবী জগদদা। উক্ত আরণাকেই দেখা গেছে কম্রকে উমাপতি ও পশুপতি বলে নমন্বার করা হয়েছে।

আর অম্বিকা, উমা, পাবতী এ-সব একই মহাদেবীর বিভিন্ন নাম তাও লক্ষ্য করা গেছে।

বেদপরবর্তী সংস্কৃত সাহিত্যে দেখা বায় মহাদেব মহেশর শিবের পদ্ধী মহাদেবী হুর্গা বা হৈমবতী উমা বা পার্বতী।

শিবের ভাবরূপের উপাদান—কাজেই, বলা বার প্রধানত: বৈদিক কর্জই শিব হরেছেন। তবে শিবের ভাবমূর্তি বচনায় মন্ত্রান্ত দেবতাও উপাদান স্থাপিরেছেন।

প্রাকৃতির ছুইরূপ সক্ষ্য করা গেছে অনেকের মতে বেদের প্রধান প্রধান দেবতারা বহিঃপ্রকৃতির বিভিন্ন শক্তির রূপকরনা। প্রকৃতির এক রূপ শাস্ক্য, কাশ্যাশকর, প্রাণপ্রদ; অন্যরূপ উগ্র, ভরহর, ধ্বংসাস্থাক এবং জীবননাশক। স্বগ্ন বেদাদি বেদসংছিতায় তার পরিচয় আছে।

वररगाञ्चक क्रथ-का ्दरमंत्र ममरत्र श्राकृतित धरनाञ्चक सर्गत्र अकृति श्राकान रम्धा

- > সা দেবী প্রমানেবী শিবাভিন্না শিবকরী। শিবাভিন্না ভলা হীনাঃ শিবোহণি হি নির্বেক্স।
  শহুসংহিত্যক্ষম, Quoted in O. B. C., p. 886, p
- ২ বৰা শিবতৰা দেবী বৰা দেবী তথা শিবঃ। তলাগতেৰে ডুক্তৰ শিবেতি কৰমজ্ঞানাৰ্ । সৌভান্যভাতমনুত নিজপুৱাৰকৰ, বাং কৌ য়, পুঃ >

ৰেত ভীৰৰ ৰড়ের আকারে। বড় বে কী ভীৰণ, কি মারাম্মক হতে পারে তার পরিচয় এ যুগেও পাওয়া বায় সাইক্লোন, টর্কেডা, টাইমুন প্রভৃতি প্রচণ্ড বড়ের মধ্যে।

ক্ষাত্রেশ বজা—একটা ভীবণ ক্ষা উন্নত্ত শক্তি প্রবাহ মৃহুর্তের মধ্যে সব লগুভগু করে দের; গাছপালা ঘরবাড়ী ধূলিনাৎ হয়। পশু মরে, মাহুব মরে। বড়ের সঙ্গে বিদ্যুৎ চমকার আকাশের এক প্রাপ্ত থেকে অপর প্রাপ্ত পর্যন্ত গড়ে। তাতেও পশু মরে, মাহুব মরে। বৈদিক খবিরা এই বড়েও বছ্রপাতের মধ্যে প্রত্যক্ষ ক্রতেন ক্ষা দ্বেতাকে।

ক্লান্তের আন্ত্র— ঐ বে মাকাশের এক প্রান্ত থেকে আরেক প্রান্ত পর্যন্ত বিদ্যুৎ চমকাত, কড় কড় করে বাজ পড়ত, ঋষিরা মনে করতেন এ হল কল্লের অস্ত্র বা বাব। ।

**দক্র-ছেব্ন পিডা**—খগ্বেদে দেখা যায় কড়বৃষ্টির দেবতা মকং। মকতের সংখ্যা উনপঞ্চাব। মকদ্যুণকে ক্রুগ্র কিন্তিয়া, ক্রিয়াসা, ক্রুয়া: ) বলা হয়েছে। ক্রু মকংদের পিতা।

কৃত ধবং লের দেবতা—প্রকৃতির আবেকটি ভর্মর রূপের প্রকাশ মহামারীর আকারে।
মহামারীর প্রবল আক্রমণে কত মান্তব মরে বেত। বৈদিক ঋবিরা এর মধ্যেও করের
হাত দেখতে পেতেন। মোটকখা, ঝড়বঞ্চা, বক্সপাত, মহামারী, সর্পাঘাত, সাধারণ রোগ,
বিষ প্রভৃতি বা কিছু মান্তবের অনিষ্টকর ও প্রাণনাশক তাই তাঁরা করের সঙ্গে যুক্ত মনে
করতেন। তাঁদের ধারণা ছিল করের বাণাঘাতে রোগ হর, মৃত্যু ঘটে।

ক্রম ভরত্বর করের বাণকে স্বাই ভর করতেন, করকে ভর করতেন, ভর করতেন এর ক্রোধকে। ও এইজন্য স্পষ্ট করে এর নাম উচ্চারণ করতেও তারা সাহস পেতেন

তাই কস্তকে তাঁর। দূরে রাখতে চাইতেন। বন্ধুর্বেদে একটি মন্ত্রে ত ধবি সরলভাবে বংগই দিয়েছেন—

প্ৰগোকত, এই বইল ভোষার 'অবসম্' অৰ্থাং কি না পথা ভোজা। এইটি নিম্নে ইমি বাপু, মৃত্যবান পৰ্বতে চলে বাও।

<sup>&</sup>gt; 4 CT 4|80|0 2 4 CT 3|86|32 , 2|06|3, 2

o desit ' electic ' 26 'kieelt ' bieelt b.

<sup>8</sup> V. S. M. B. S., pp. 109-106

वर्ग (वरत ( )।>>६।>० ) क्टबान 'त्वान' ७ 'गूक्नम' कांब्र्स क्यां कांट्स ।

<sup>•</sup> व (व sissie , eleele • वामची पुः ३० । वा गर ०।०३

স্কৃত্ত বিষয়ে ব্যাখ্যা—এই ভয়ৎর দেবতাটিকে কেন কন্ত বলা হত আজকের দিলে তা নিশ্চয় করে বলা কঠিন। কন্তশব্দের নানা ব্যাখ্যা প্রচলিত।

বাজসনেয়িসংহিতায় কল্সকে বলা হয়েছে—উঠুচ্চ: ঘোন: শর্পাৎ মহাশক্ষণী। অভত বলা হয়েছে 'প্রব' এবং 'প্রতিপ্রব' অর্থাৎ শব্দ এবং প্রতিশব্দ। এর থেকে অন্ত্যান হয় কছের প্রচণ্ড গর্জন ভনে লোকে তার দেবতাকে কল্র নাম দিয়েছিল।

বার করশবের বে-ব্যাখা দিয়েছেন তাতে এই অন্ত্যানের সমর্থন পাওয়া বায়। তিনি বলেছেন বি<u>নি গর্জন</u> করেন তিনি কন্ত্রা

শাচার্ব সায়ণ করণানের বিভিন্ন ব্যাখ্য। দিয়েছেন। যথা— যিনি অন্তকালে স্বাইকে কাদান ভিনি কর । বিনি শক্রদের কাদান ভিনি কর । বিনি সংসার নামক ছংখ গলিমে দেন, দ্র করেন বা বিনাশ করেন ভিনি কর । কং অর্থাং শক্ষপ উপনিবং, ভার ছারা মিনি প্রভিপান্ত ভিনি কর । কং অর্থ শক্ষান্মিকা বাণী অথবা ভার ছারা প্রতিপান্ত আত্মবিদ্যা। মিনি উপাসকদের এই আত্মবিদ্যা দান করেন ভিনি কর । বা আবৃত করে ভা কং। কং অন্ধকারাদি। ভা মিনি বিদারণ করেন ভিনি কর ।

ৰজুৰ্বেদের ভাল্তে মহীধর বলেছেন কং অর্থ জ্ঞান, তা বিনি দেন তিনি কন্ত। অথবা বিনি গানীদের ছংখভোগের যার। কাঁদান তিনি কন্ত। ১০

ক্রমানের উৎপত্তি-কাহিনী —ক্ত্নামের উৎপত্তি সহছে একটি কাহিনীও আছে। একবার দেবাস্থরসংগ্রামের সময় দেবভারা সব ধন ফেলে রেখে মৃত্ব করতে যান। অগ্নাত্মক

- ३ बाजर २०।२० २ खे २०।०३
- 🗢 ব্লৱো রোতীতি সতঃ 1—নিব্লক্ত ১০।
- त्रापत्रिक मर्गमळकाल देखि क्रजः । ६ (१ )।३०), छात्र ।
- রোলয়তি শক্রন্ ইতি কর। অ বে ৭।৯২ (৮৭)।>, ভারা।
- কুং সংসারাধাং দুবেং তং ক্রাবহতি অপপবহৃতি বিনালহতি ইতি কুঞা।

—**4 (4** 5155015), **₩19** 

- कटः नवक्रमाः वेगनिकाः । ठावि क्रबाट नवारव अविनायक देवि क्रबा ।
  - -4 (4 3)336)3, WHE !
- क्र नगविका रावे उध्धितिगांड! वावरिका रा । छात्रगामस्करका वाकि क्वांकि देखि सक्य ।

-4 (4 speeds, 019 t

- প্ৰাভি আবৃলাতি ইতি কং অভকারাদি। তং দৃশাতি বিশাররতি ইতি ছক্তঃ।
  - -4 (4 313341), **414**
- प्रवार प्रत्य कांगर गाँछ वंशांकि प्रयाः । व्यवता शांत्रिका महान् प्रश्नेवाकारम्य स्वावताक प्रयाः ।
   व्यविकारिक प्रयाः ।

ক্ষা সেই ধন নিয়ে সৰে পড়েন। যুদ্ধ ক্ষয় করে দেবতারা ক্ষিত্রে এসে তাঁকে খুঁজে বের করেন আর সৰ ধন কেড়ে নেন। তথন ইনি কার্ডে থাকেন। তার থেকেই এঁর নাম হল ক্ষা।

এই কাহিনীতে কত্ৰেৰ প্ৰতি শ্ৰদ্ধাৰ ভাব বে প্ৰকাশ পান্ন নি তা শষ্টই বোৰা বাছে।

ক্লজের ভর —কল্পনামের ব্যাখ্যা খাই হক না কেন এবং এর উৎপত্তি-কাহিনী হাই হক না কেন বেংসংহিতার সময় গোকে বে কল্পকে ভয় করত এ বিবরে কোনো সন্দেহ নেই।

আদিম মাহুবের বেলা দেখা গেছে তারা বাকে ভর করত তাকে স্কবন্ততি করে নানা উপহার দিয়ে পূজা করে খুণী করবার চেষ্টা করত। বেদপদী স্থসতা মাহুবও করে সভার্কে তাই করেছেন। এটি মানুবের একটি সহজ্ঞাত সংস্কার বলা বার।

বেকে ক্লান্ত্ৰিভি খণ বেদের তিনটি সম্পূৰ্ণ হকে কলের খতি করা হয়েছে। আরেকটি হকের প্রথম পার্চটি খকে আছে কলের খতি। এই-সব খতির মধ্যে কলের তরংকরস্তির বেমন ইন্সিভ আছে তেমনি পরিচয় আছে তার প্রসরম্ভির। এর খেকেই পরবর্তী কল্যাপময় শিবের বিকাশ হয়েছে।

ক্ষা কল্যাৰকারী— কল্প মীড্ৰইন° অৰ্থাৎ অজীইকামবৰ্ষী। তিনি উপাসকদের অভীইকামনা পূৰ্ণ করেন। কল্প তগুরোগ ছড়ান না, রোগীর আরোগ্যবিধানও করেন। তার কাছে আছে উবধ। তিনি ভিষক্লোই। তথু ভাই নয় তিনি 'লুলাযভেষ্ক' অর্থাৎ কি না তার মন্ত্রপড়া-কল্প ঔবধ। অপ্রবিদেও কল্পকে 'জুলাযভেষ্ক' বলা হয়েছে।

কত্র অবকারীদের ধনৈবর্ণ, আর, গৃহ, ক্রথ, আরু, বল, প্রপৌতাদি দান করেন ; তাদের শক্রদের বিনাশ করেন। ১০

ক্ষা ক্ষাৰ খগ্ৰেদ কলের একটি ক্ষার ছবি ক্টে উঠেছে। তিনি কপদী, ১০ মীচ্ ১৭ অর্থাৎ নিভাজকন, বরাহ ১০ অর্থাৎ ব্যাহের মতো দ্চাল। তিনি কবি, ১০ বছ, ১৫ অজর, ১০ ক্ষুহ ১৭ অর্থাৎ শোভন ক্থ- ও ওপবিশিষ্ট। ওগ্রেদের অধিদের কাছে কলের মৃতিটি ছিল ক্ষার। ভাই তারা কলকে বলেছেন গল ১৮ অর্থাৎ ক্লীয়।

- > व (व ১)১১৪१১, मालनेवांत्र । २ व (व ১)১১৪, २)००, १।४० ० हे ১)४०
- cistals # 25 comple : celesia : a secole : alacele & . . . . . . . . . .
- व दा २१००१६ में में २०१६ व व व २१२१ में १ ३१००१६ में
- » व (व राक्का), र. ह. », ३२ ; अ- अ- ३१३३वा३+ ; राक्का>>
- njeceje & ne sinceje & oc opoceje & se einecje & ce
- >६ जे। नवको कारमञ्ज बरमका निरंदर पून मक्का क्वारन।
- & uc & econo so & oc

ক্লাক্র ব্লক্ষাকারী— করের প্রধান অন্ত ধন্ত্রাণ। একাধিক ঋকে ও তাঁকে ক্র্ধনা, বিষ্ (শোভনবাণ), স্থিরধন্ধা, ক্লিপ্রেষ্ ( বার বাণ ক্লিপ্রগামী ) বলা হয়েছে। কন্ত ধন্ত এবং সায়ক নিয়ে জগৎ বক্ষা করছেন। ব

ক্রেছে বৃহৎ কন্ত । অকটি তেওঁ দেখা যায় তিনি ভূবনের পিতা।

ক্লজের মুর্তি—একটি ঋকে বলা হয়েছে—দৃঢ়-অবয়বযুক্ত ক্লের বছরপ। তিনি উগ্র (উগ্র=তেজন্বী,—সায়ণ); তিনি ভর্তা। দীপ্রস্বর্ণাল্ডারে তিনি শোভা পাছেল। তিনি দিশান (দিশান—দিশর,—সায়ণ) এবং ভ্রনের ভর্তা। তার পেকে সকল প্রাণীর বল। এই বল থেকে আমরা যেন বিচ্যুত না হই।

খগ্বেদের কন্ত্রম্তিটি যে ইন্দ্রিয়গ্রাহ্ম ছিল অর্থাং ঋগ্বেদের ঋষিদের কাছে তিনি বে শরীরী সন্তা ছিলেন এখানে তার শান্ত নিদর্শন পাওয়া বাছে। অবশু নিদর্শন অক্তরও আছে। বেমন এক ভায়গায় বলা হয়েছে— কন্ত পৃদ্ধনীয় বহুবিধরপম্ভ হার ধারণ করেছেন।

কেউ কেউ মনে করেন এই বহবিধরপযুক্ত হার (বিশ্বরূপ: নিষ্ম্) পরবর্তী কালে মুগুমালা কল্পনার আদি উৎস।

করের যে বহু রূপ অর্থাৎ বহুদেবতা যে করের মধ্যে মিশেছেন আলোচা ক্ষকে ভারও স্থান্ত ইঙ্গিত আছে। লক্ষ্য করা গেছে ওগ্ বেদেই অগ্নিও কর বে এক এবং ইশ্রও বে করের সঙ্গে মিশে গেছেন তার পাই নিদর্শন আছে।

ক্রন্ত ও বৃষক্ত একাধিক ছকে কুলকে ক্র্যা হরেছে বৃষক্ত। স্বানেকে মনে করেন ১৫ এ ক্রেরে ক্রের বৃষক্ত বা ষওরপের কথাই স্বচিত হরেছে। দেবতার পভরণ-কর্মনা সে-মুগে প্রচলিত ছিল। বৃষক্ত পরবর্তী কালে হয়েছে শিবের লাহন ও বাহন।

- 2 4 4182125; 418612 2 3 3 10015.
- ছিরেভিরলৈঃ পুরুরপ উল্লোবকঃ ক্রক্রেভিঃ পিলিলে হিরলৈঃ
  ইপানাকত ভূবনত ভূবেন বা উ বোষফ্রাকর্ক্বর ।—বা বে ২।০০০
- १ वर्षन् विक्रवि मात्रकानि स्वार्वितकः बळाठः विस्त्रभन् ।-- व ८व २१००१) -
- ₩ R. S., p. 19 > 4 (4 2)00|8, 4, 4, ₩, 32
- 3. B. S., p. 31

ক্রান্তের কাছে প্রার্থনা— আমরা আগেই বলেছি ক্রান্তের স্তবন্ধতির মধ্যেই তাঁর ভীষণরপের পরিচর আছে। ক্রান্তের হাতে আছে 'পুক্ষর' এবং 'গোদ্ধ' আর্ধ। সেইজন্ত স্তব্কারীরা
ক্রান্তের কাছে প্রার্থনা করেছেন এ-সব বেন তাঁদের থেকে দ্বে থাকে।' প্রার্থনা করেছেন—
আমাদের বৃদ্ধ, বৃবক, বালক, গর্ভহ সন্তান, আমাদের পিতা, মাতা, আমাদের শরীর এ-সবের
বিনাশ করো না। আমাদের পুরুপোত্ত, অন্ত আন্ত্রীয়ন্ত্রজন, গো, অন্থ এদের বিনাশ
করো না।

সে-যুগের লোকের ধারণা ছিল ছুর্মতিও ক্রন্তের দান। তাই স্থবকারীরা প্রার্থনা করেছেন ক্রন্ত খেন এটি তাঁদের না দিয়ে দূরে চলে খান।\*

তবে স্থমতিও বে ৰুদ্ৰের দান তাও তাঁরা বিশাস করতেন। ওধু তাই নয়, তাঁরা বিশাস করতেন কন্দ্র মৃক্তিদাতা। তাই শ্ববি প্রার্থনা করেছেন—

উর্বারক অর্থাৎ কর্কটীফলকে ঘেষন বন্ধন থেকে মৃক্ত করা হয় তেমনি আমাকে মৃত্যু বা সংগারবন্ধন থেকে মৃক্ত কর।

কৃত্র আর্থনৈকত। খগ্বেদের কন্স বজবিরোধী নন। তাঁকে 'মেধপতি' অর্থাৎ বজ্ঞপালক এবং 'বজ্ঞসাধ' অর্থাৎ বজ্ঞসাধ্যিত। বা বজ্ঞকার্য্নিতা বলা হয়েছে। খগ্বেদের খবিরা কন্তের তথু অবস্থৃতি করতেন না হবি, চকু, প্রোডালাদি তাঁর উদ্দেশে আহতি দিয়ে তার প্রিচর্বা। করতেন। কাজেই খগ্বেদের কন্ত খাঁচি আর্থাদ্বতা।

ক্রম্ম পিছুকেবঙা—সম্পা করা গেছে একাধিক ঋকে ক্রমকে মরুদ্গণের বা ক্রমণণের পিতা বলা হয়েছে, ভ্রনের পিতা বলা হয়েছে। পরবর্তী কালে ম্বগংপিতা বা পিতৃতত্ত্বরূপে শিবের বে-পরিচয় পাওয়া বার পিতৃদেবতারূপে ক্রমের এই পরিচয়ের মধ্যে তার স্চনী হয়েছে বলা বেতে পারে।

সকল্যণ বৃষ্টির দেবতা। কৃষি নির্ভর করে বৃষ্টির উপর। কাজেই, এদিক্ দিয়ে সকল্যণের পিতা কন্দ্র কৃষির সঙ্গে যুক্ত। কন্দ্র বে কৃষির দেবতা তা বন্ধুর্বেদে? স্পাই করেই বলা হয়েছে। ক্লম্মে ধ্বংস ও স্থান্টির দেবতা—প্রাচীনকালে কৃষি ও প্রজননের দেবতাকে জনেক

<sup>&</sup>gt; बाद ११०७८१० र अहेबा बाद ११००८१०,४, ११८०१०, ६, १०१०००१०

o क (स राक्कां)क क औ, अ))अवाक

विशिक्तिय वक्ष्मांम् छ्या पूजीव मानुकार।—व व ११४२।>२

e et ta sieele a 🕏 sissele

w 4 (4 sissels, e; sleeis

<sup>॰</sup> वां नर २०।२४, २०, ७० हेसाहि

ব্দেরে একই দেবতা মনে করা হত। স্বাবার কোনো কোনো ক্লেন্তে প্রথমন বা স্বাচ্চ এবং ক্লেন্সেও একই দেবতা করানা করা হত।

কল্প বে ধবলের দেবতা তা লক্ষ্য করা গেছে। গুগ্রেকে দেখা যায় করের কাছে পূর্বলাভের জন্ম প্রার্থনা করা হচ্ছে। কল্প যে প্রস্থানেরও দেবতা এতে খেন তার ইঞ্চিত আছে। উপনিবদে কল্পকে শাইই 'দেবানাং প্রভবং' অর্থাৎ দেবতাদের উৎপত্তিস্থল কলা হয়েছে; বলা হয়েছে কল্প বিশ্বত্বন সৃষ্টি করেন।

প্রকাধিক কারণে প্রজননের দক্ষে কুক্ত ইন্ধেছেন। পিতৃপক্তি ও মাতৃপক্তির মিলনে প্রজনন। সম্ভবতঃ এই কারণেই পিতৃদেবতা কন্ত মাতৃদেবতা অধিকার পতি বলে পণ্য হরেছেন।

শগ্বেদের সময়ে বে হয়েছেন তার কোনো প্রত্যক্ষ নিম্প্র অবস্থ নেই, তবে পরাক্ষ নিম্প্র আছে।

আমরা দেখেছি অদিতি মা মহাদেবীর অন্ততম আদিরূপ। আর কগ্বেদেই অদিতিকে ক্রেদের মাতা বলা হয়েছে। এ দিকে করকে বলা হয়েছে করদের পিতা। কাঁজেই, জনদ্বা আদিতির সঙ্গে করের সংশ্বটির কথা পাই করে বলা না হলেও ক্ষাদের অ্ক্রাভ ছিল মনে হয় না।

খগ্বেদের সময়েই যে কছকে মা মহাদেবীর পতি মনে করা হত **অক্সন্ত তার ইঞ্চিত** আছে। একটি থকে কছকে বলা হয়েছে 'গাৰ্থপতি'। <sup>৯</sup> নিষ্ট অহুসারে পাখা বাক্-এর নাম। <sup>৯</sup> আর বাক্ মহাদেবীর অক্সতম রূপ।

কার্জেই দেখা যাচ্ছে কন্দ্র যে লগংশিতা এবং লগদখার পতি এ ধারণা গণ্বেদের সমন্ত্র অপরিচিত ছিল না।

বিশ্বের ক্রা করের পরিচয় বিশ্বতভাবে পাওয়া হার বশ্বের বাজসনেন্তিক্রেডিয়া এই গ্রন্থের বোড়শ অধ্যারের বহুগুলিকে বলা হয় শিক্সমিন্ত পদ্মবর্তী কালে
শিবের বে-সব নাম, উপাধি, গুণাগুণ, কার্যকলাপ ইত্যাধি বর্ণিত হয়েছে তাদের অনেকগুলিই
এই-সব মন্ত্রের মধ্যে পাওয়া বার।

প্রথমেই ক্ষের মহা এবং ইযুকে নমন্বার করা হয়েছে। বাশবীরা ক্ষের ক্রোধ এবং বাশকে বে ভীবণ ভয় করতেন এটিকে তার নিদর্শন বলা বায়। **অবস্ত অভ্যান্ত মন্ত্রেও** এ

H. B., Vol. I, pp. lxxxvi-lxxxvil

२ व (व २)०८।) ७ (व हैन ०।३ । ३ ०।२

s क (व )isois o निवर्षे ३१३३ व वा मा ३०१३

আৰোর—কল ভয়ংকর কিন্ত তার শরীরকে বলা হরেছে আঘার অর্থাং সৌমা এবং শস্তম অর্থাং অভিশর স্থাকর। পরবর্তী কালে কল্যাণস্থলর বে-লিবম্র্তির দর্শন মিলে এখানে তার প্রাভাস পাওয়া গেল।

**নীলগ্রীৰ**—কল্ম তাষ্ত্রবর্ণ, রক্তবর্ণ এবং কপিলবর্ণ স্বার তিনি স্থাক্ষণ। <sup>8</sup> তিনি নীলগ্রীব,° বিলোহিড° স্বর্থাৎ বিশেষরূপে রক্তবর্ণ। এই নীলগ্রীব কল্পই পরে নীলকণ্ঠ শিবরূপে দেখা দিয়েছেন।

নীললোহিড কর শশিক্ষর অর্থাৎ পীতবর্ণ এবং হরিকেশ অর্থাৎ তাঁর কেশ লোহিতবর্ণ বা নীলবর্ণ। তিনি তাম এবং অরুণ অর্থাৎ ইবং-রক্কবর্ণ। কর নীললোহিত, তিনি শিতিক । । •

বিবিধ রূপ — লক্ষ্য করা গেছে ঋগ্রেদেই ক্লের বিবিধ রূপের ধারণা প্রকাশ পেরেছে। যজুর্বদে এই ধারণাটি মারও বিশদভাবে ব্যক্ত হরেছে।

কন্দ্র মাদিতা, ' তিনি সহস্রাক্ষ, ' সোম, ' স্থ্, ' তিনি শিপিবিষ্ট। ' শিপিবিষ্ট অর্থ বিষ্ণু, অথবা পঞ্চর মধ্যে অন্তর্গামিরপে প্রবিষ্ট, অথবা যজের মধিদেবতা, অথবা আদিতামগুলের অধিষ্ঠাত্রী দেবতা। কন্দ্র তব, শর্ব। ' \*

আশাসর সাধারণের দেবতা— কন্ন জগংপতি। ' তিনি সকল শ্রেণীর মান্ত্রের দেবতা। তাই একদিকে তিনি প্রানাং পতিং ' অর্থাং গুণী মান্ত্রদের পালক, সদ্দাং পতিং ' অর্থাং শরণাগত প্রাণীদের পালক মাবার মন্তরিকে ন্তেনানাং পতিং ' অর্থাং চোরদের পালক। তিনি নিচেক ' অর্থাং অপ্রবণকরার বৃদ্ধিতে বারা সর্বলা বৃদ্ধে বেড়ায় তাদের দেবতা, বক্ষন অর্থাং বক্ষকদের দেবতা, আর্দের মর্থাং বাদের হাতটান আছে তাদের দেবতা, ত্ররদের দেবতা, মৃক্ষদের পতি মর্থাং বারা ক্ষেতের পেকে ধান চরি করে তাদের দেবতা, নিক লানাং পতিং ' অর্থাং বারাজানদের দেবতা এবং কৃল্ঞানাং পতিং ' অর্থাং বারা লোকের ম্বরাড়ী কেড়ে নের তাদের দেবতা। কাজেই দেখা বাছে চোর ভারাত সবার দেবতা করা।

<sup>)</sup> जा वा ता अवाय-३ के बावि के के अवाय के अवाय के अवाय के अवाय

esiech a aciech e eiech e viech a dische

३० वे ३०१२४ ३३ वे ३०१०, १ ( वह बृदे मध्य चाविकावरण सदात वय कर्ता स्टारह )

is a solicite so a solon se a soles so a soles so a solen

<sup>34 4 3017</sup>n 3n 4 30134 30 4 3016. 4. 4 43 4

२२ के २०१२) १७ के २०१२

একটি মন্ত্রেণ কলকে বলা হয়েছে ভক্ষণ, রথকায়, কুলাল অর্থাৎ কুন্তকার, কর্মার অর্থাৎ কামার, নিবাদ, প্রিষ্ঠ অর্থাৎ পক্ষিঘাতক, খনী অর্থাৎ কুক্রের গলায়-বাধা দড়ি ধরে বে চলে এবং মৃগদ্ অর্থাৎ ল্বক। অন্ত একটি মত্রে তাকে ইযুক্তং ও ধছক্ষং বলা হয়েছে। আবার তাঁকে স্থাতিও বলা হয়েছে। এর অর্থ কন্ত ছিলেন এই-স্ব বিভিন্ন বৃত্তিজীবী লোকেদের দ্বতা। পরবর্তী কালের কিরাতরূপী, বাাধরূপী শিবের পূর্বাভাস এখানে পাওয় বাজে।

কল্র শুধু বিভিন্ন বৃত্তিজীবীদের বা তথাকথিত নিরশ্রেণীর লোকেদের দেবতা নন, তিনি উচ্চশ্রেণীর থিজনেরও দেবতা। সেইজন্ত, তাঁকে বলা হয়েছে উপবীতী শর্থাৎ বিজ্ঞানবীতধারী, মন্ত্রী অর্থাৎ মন্ত্রদাকিত এবং বাণিজ্ঞ অর্থাৎ বাণিজ্ঞানী বৈশ্র। কল্ত স্নোক্য অর্থাৎ বেদমন্ত্রাদিতে বিভ্যান এবং অবসান্ত অর্থাৎ বেদান্তে বিভ্যান। তিনি প্রমুশ অর্থাৎ পণ্ডিত এবং য়য়্মুশ অর্থাৎ প্রগল্ভ। বেদ, পুরাণ, ইতিহাস প্রভৃতি সবই বে কল্তের অনুসরণ করে তা অথববৈদেশ শাষ্ট করেই বলা হয়েছে।

ক্লজের নানা বেশ ও অবস্থা—বজুর্বেদে কল্ডের নানা বেশ ও অবস্থার পরিচয় পাওয়া বায়। তিনি কপর্দী এবং ব্যপ্তকেশ <sup>১০</sup> অর্থাং মৃত্তিতমন্তক, উন্থামী, <sup>১১</sup> কৃত্তিবাদ। <sup>১৬</sup> তিনি ব্রস্থ, বামন, বৃহং, বৃদ্ধ, বর্ষীয়ানু, অগ্রা এবং প্রথম। <sup>১৬</sup>

কলের স্থ, জাগ্রত, শয়ান, আসীন, অবস্থিত, ধাবমান তথানি নানা অবস্থার উল্লেখ আছে। আবার বয়সাদি-ভেদে তাঁর বিভিন্ন অবস্থা বা রূপেরও উল্লেখ করা হয়েছে। তিনি জ্যেষ্ঠ, কনিষ্ঠ, পূর্বজ অর্থাৎ জগতের আদিতে হিরণ্যগর্ভরূপে উৎপন্ন, অপরক অর্থাৎ প্রসারের কালারিরপে জাত, মধ্যম অর্থাৎ স্ক্রেসংহারের মধ্যে দেবতির্থকাদিরপে জাত, অপগন্ত (অব্যুৎপন্নেন্দ্রির), জঘতা (গবাদির পশ্চাদ্ভাগ জঘন, তাতে জাত), বুল অর্থাৎ কুকাদির মূলে জাত। ত

প্রকাষারে ছুই রূপ—কন্ন একাধারে সভা এবং সভাপতি, আৰ এবং অবপতি, বা ও বণতি, গণ এবং গণপতি, ব্রাত (উবট ব্রাত শব্দের অর্থ করেছেন গণবিশেব। ব্রাত বনে হয় 'জন' বা tribe) এবং ব্রাতপতি, গৃংস (মেধাবী বা বিষয়লভাট) এবং গৃংসপতি, বিরূপ এবং বিশ্বরূপ, ১০ সেনা এবং সেনানী, রথী এবং অরথী, কন্তা আর্থাৎ রথাবিষ্ঠাতা এবং সংগ্রহীতা আর্থাৎ সারথি। তিনি মহান্ এবং অর্ভক। ১৭

o बाजर seles र वे seles क वे seles ह वे seles ह वे seles

<sup>•</sup> के 20100 न के प्ये 20100 के मादा 2612-36 मात्रा 2012 के

<sup>&</sup>gt;> 4 >0165 >5 4 010> >0 4 30100 >6 4 30100 >6 4 30100

আর্ল্য পর্বভাজির সজে বোগ—গাছপালা, অরণ্য পর্বভালির সজে কল্রের বিশেষ বোগ। তিনি হরিংপর্ব-বৃক্তরপী, তিনি ওবধিপতি, বনসমূহের অধীশর, অরণ্যসমূহের অধীশর, শশ্যা, অর্থাৎ শশ্যে বিশ্বমান, উলপ্য, অর্থাৎ বস্ক্রাদি তৃণবিশেষে বিভ্যমান, তিনি পর্ব।

একাধিক ময়ে<sup>ছ</sup> कप्रक गितिनस्, निविन, गिविज वना श्राह ।

**খন আকাশ প্রেকৃতির সলে যোগ—** জলের সঙ্গেও ক্ষের বোগ আছে। একটি ময়ে তাকে বলা হয়েছে কুলা। মহীধর কুলা শব্দের ব্যাখ্যার বলেছেন কুলা। অর্থ কৃত্রিম সরিৎ তাতে বিশ্বমান বিনি তিনি কুলা অথবা কুল অর্থ দেহ, তাতে অস্থর্যামির্নপে বিশ্বমান বিনি তিনি কুলা। ঐ মন্তেই করকে সরক্ত অর্থাৎ সরসীতে বিশ্বমান, বৈশন্ত অর্থাৎ তড়াগে বিশ্বমান এবং কুলা অর্থাৎ কুপে বিশ্বমান বলা হয়েছে। অন্তত্ত্ব তাকে সিকতা অর্থাৎ সিকতার বিশ্বমান, প্রবাহ্ব শ্বথাহে বিশ্বমান, কর্মণ অর্থাৎ স্থিত্ত্ব বিশ্বমান, বিশ্বমান, বিশ্বমান, কর্মণ অর্থাৎ ক্ষেত্র বিশ্বমান, বিশ্বমান বলা হয়েছে।

একটি ময়ে কছকে বীদ্রা অর্থাং নির্মণ শরদত্তে বিভয়ান, আতপা অর্থাং আতপে বিভয়ান, মেঘা অর্থাং বেছে বিভয়ান, বিহাতা অর্থাং বিহাতে বিভয়ান, বর্গ অর্থাং বৃষ্টিতে বিভয়ান, অর্থা অর্থাং অর্থাং বিভয়ান বলা হয়েছে। অন্তর্গ বলা হয়েছে তিনি বাতা অর্থাং বাতালে বিভয়ান।

ক্ষুত্র ও কৃষি কৃষির সংক্ষণ্ড ক্ষু যুক্ত। একটি মন্ত্রেণ তাঁকে বলা হয়েছে <u>অন্নানাং</u>
পৃত্তিঃ অর্থাং <u>অন্নসমূহের অধীবর</u> এবং ক্ষেত্রাণাং পতিঃ অর্থাৎ ক্ষেত্রসমূহের অধীবর। মনে
হয় এই <u>অন্নানং পতিঃই পরবর্তীকালে অন্নপূর্ণাপতি শিবে রূপান্তরিত হয়েছেন</u>। অন্ত একটি
মন্ত্রেণ্ড ক্ষুত্রকে উবর্ঘ অর্থাং উবর ভূমিতে জাত ধান্তাদিতে বর্তমান এবং খলা অর্থাং খল বা
খলাধানে বিশ্বমান বলা হয়েছে।

ক্লা ও পাশ্ত-পশুর সঙ্গে বিশেষ করে গরুর সঙ্গে কন্দের বিশেষ যোগ লক্ষ্য করা যায়।
ক্লাকে বলা হয়েছে শংশু। ১৯ উবট শংশুশব্দের অর্থ করেছেন বিনি গরুগুলির হুখ বিধান
করেন তিনি শংশু। ক্লা ব্রদ্ধারণ অর্থাৎ গোসমূহে বিশ্বমান এবং গোষ্ঠাৎ অর্থাৎ গোষ্ঠে
বিশ্বমান। ক্লাপশুপতি। ৭৭

select a siect a relect o eclect a pois-

a polec a 2 polec a 2 pols a 2 pols a 2 polec p a 2 polec

Topic & selec & selec & ec celec & se & selec

१३ वे ११ वे ३०।३१,१४,६०

প্ৰের দেবতা ক্রের সঙ্গে পথের একটা বোগাবোগ আছে। ক্রুত্র পথের দেবতা।
তিনি পথীনাং পতিঃ অর্থাৎ পথের অধীশর। একটি মত্রে আছে তিনি ক্রত্য অর্থাৎ ক্তুত্র
পথে বিভ্যমান, পথা অর্থাৎ রথাদিবোগ্য পথে বিভ্যমান, কাট্য অর্থাৎ বিষম পথে বিভ্যমান।
অক্তর আছে তিনি প্রপথাত অর্থাৎ প্রকৃষ্ট পথে বিভ্যমান।

ক্লজের ভীষণ যোদ্ মূর্তি— কিন্ত ক্লজের অন্তত্ম প্রধান পরিচয় তিনি ভীষণ।
একাধিক মত্ত্বে তাঁর বোদ্ধরপের পরিচয় পাওয়া বাষ। তিনি বিদ্যী অর্থাৎ শিরস্পাণবানী,
ক্বচী, ব্যা, নিষকী অর্থাৎ প্রসাধারী, তীক্ষেয়ু, আযুধী, আতর্থ, শুর, শতধনা, সেনানী।

একাষিক মশ্রে° ক্রন্থের ভীষণব্ধপ স্থাচিত হয়েছে। তিনি উগ্র, ভীম, অগ্রেবধ অর্থাৎ দামনে বারা আছে তাদের বধকারী, দ্রেবধ অর্থাৎ দ্রে বারা আছে তাদের বধকারী, হস্তা, হনীয়ান্ অর্থাৎ অতিশয় হস্তা, অভিমন্ অর্থাৎ শক্রম্বাতী, অধিদন্ অর্থাৎ অভক্রদের দৈক্তবিধানকারী এবং রেম্য অর্থাৎ প্রশ্যকালে বিশ্বমান।

ক্রন্তে সকলসন্ধ কর ওধু ভীবন নন সকলসন্ধও বটেন। তাই তাকে বলা হয়েছে ক্রেমাণ অর্থাং সমস্ত কুশলের মধ্যে বিশ্বমান। তিনি 'তার'। বিউট তারশব্দের অর্থ ব্যাখ্যা করতে গিয়ে বলেছেন কন্দ্র সংসার থেকে ভরিয়ে দেন তাই তিনি তার। সহীধরও এই ব্যাখ্যাই করেছেন।

মহাদেবীর অক্তম নাম তারা, তিনি ত্রাণকারিণী। খিনি ত্রাণ করেন তাঁকে পুক্ষরূপে ভাবলে তিনি তার আর স্ত্রীরূপে ভাবলে তারা। তহমতে শিবশক্তি অভিনা। কাজেই, 'তার'ই তারা-ভাবের আদি উৎস হতে পারেন।

কৃত্র শিব কুলান্ত, ক্থকর। একটি মরেশ উাকে শংকর, ব্যান্তব, শংকর এবং মুম্বর বলা হয়েছে। মহীধরের ভান্ত অভুসারে করের থেকে ক্থ হয় ভাই ভিনি শংকর। ময়োভব অর্থ সংসারক্থ-প্রদানকারী, শংকর অর্থ গৌকিকক্থ-বিধানকারী আর বয়বব অর্থ বিনি মোকক্থ প্রদান করেন। এ সয়েই কুলুকে বল্। হয়েছে শিব এবং শিবভর।

বেদসংহিতার এই প্রথম কলের শিব ও শংকর নাম বাবস্তুত হল।

শিবশব্দের ব্যাখ্যা— উবট শিবশব্দের ব্যাখ্যার বলেছেন শিব শান্ত নির্বিকার।

- ) बीजर २वी २वावन व के २वावन व के 2वावन व के 2वावन २व, १व, १व, १व, १व, १व, १व, १व,
- 4 2 30100, 80, 80, 8V 0 2 30100 4 2 30180
- নম শভেবার চ মরোভবার চ নম শভেরার চ
  মরভরার ক্লন্ম শিবার চ শিবতরার চ।

<del>--</del>취 자 >이6>

শিক শালো নিৰ্বিকার: ৷—বা সং ১৬াব্যক্ত, জান্ত

মহীধর বলেছেন শিব কল্যাণদ্ধপ নিম্পাপ। তান্তকারেরা শিবশব্দের অর্থ করেছেন কিন্ত ব্যুৎপত্তিনির্ণন্ধ করেন নি। বন্ধুর্বেদের সময়কার কোনো ব্যুৎপত্তিনির্ণন্ধ পাওরা বার না। বা পাওরা গেছে তা অনেক পরবর্তী। 'বশ কাস্তো' এই অর্থে কেউ কেউ ্প্রশ্ ধাতৃ থেকে শিব শব্দ নিম্পন্ন করেছেন। এঁদের মতে বর্ণব্যভারত্তেতৃ বশ্ ধাতৃ থেকে শিবশব্দ নিম্পন্ন হরেছে। আবার অক্তেরা পশ্লী ধাতৃ থেকে শিবশব্দ নিম্পন্ন করেছেন।

কিছ কেউ কেউ এই ধরণের বৃংপত্তি তেমন বৃক্তিযুক্ত মনে করেন না। তাঁদের মতে নিবশক্ষি এসেছে আর্বেভর ভাষা থেকে। তামিল নিবগ্নু- বা নিবন্-শক্ষের অর্থ রক্তবর্ণ। কল্ল রক্তবর্ণ। তাই কল্লকে বলা হল নিব।

এ সহত্বে নিশ্চর করে কিছু বলা কঠিন। কেন না, বন্ধ্রেদের সময়ে তামিল শিবপ্প<sub>ন্</sub> বা শিবন্ শব্দ বে প্রচলিত ছিল তার কোনো লাহিত্যিক বা অক্তবিধ প্রমাণ আছে বলে জানা বায় না। তবে এমনও হতে পারে বন্ধ্রেদের সময় শিবশব্দটি আর্থ এবং আর্থ্ডের উভন্ন ভাষাতেই বাবস্থত হত কিছু ভিছু অর্থে। আর্থভাষায় ব্যবস্থত হত কল্যাণক্রপ অর্থে আরু আর্থ্ডের ভাষায় রক্তবর্ণ অর্থে।

কেন না, বে-মন্ত্রটিতে শিবশব্দ ব্যবস্থাত হয়েছে তার অক্স স্ব-কটি শব্দই সুখ এবং কল্যাণবাচক, একটিও বর্ণবাচক নয়। এই অবস্থায় ভধু শিবশব্দটি তামিল বর্ণবাচক শিবন্-শব্দ থেকে এসেছে এক্সপ অস্থ্যানের সপক্ষে বিশেষ কোনো যুক্তি আছে মনে হয় না।

শক্ত একটি মত্নে<sup>®</sup> কত্ৰকে বলা হয়েছে—অহিংসন্ধ: শিবোহতীহি। মহীধর এর ভাক্ত করেছেন—আমাদের হিংসা না করে আমাদের পূজা ছারা শিবু অর্থাৎ সম্ভষ্ট ও কোপরহিত হয়ে পর্বত ভিত্তিরে চলে যাও।

এথানেও দেখা থাছে বিব শব্দ কল্যাপবাচক, বর্ণের সঙ্গে তার কোনো যোগ নেই। এতেও আমাদের পূর্ব অভুমানের সমর্থন পাওয়া যাছে।

শিব-'জন'এর কেবড়া শিব—এই প্রসঙ্গে উল্লেখ করা বায় গুগ্রেদে শিব<sup>4</sup> নামে একটি 'জন'-এর উল্লেখ পাওয়া বায়। রাজ্ঞা হুদাস পক্থ, ভলান, বিবাদী প্রভৃতি বে-সব

- > नियः क्लानिक्रमा विच्लानाः ।—या मः २७।३०, काङ
- হিসিধাভোগিসহেশবেরা কাকান্তে। শিবস্থতঃ।
   বর্ণবাভারতসিসভোগ পঞ্জকঃ ক্ষপো বধা ।——য়: সৌশর্কাহরীর ১২ জোকের নানীধরকৃত চিকা।
- ७ वा मर अ०३
- না অসান্ আহিসেন্ হিসোনসূর্বন্ শিবা অস্ত্রীরপুলরা সভটা কোপরহিতো ভূকা স্কুটাইি পর্বভনতিক্রবা
  পক্ষ ৷—ই, ভার
- רושכור דו ד

'জুন'দের দাশরাক্ষ যুদ্ধে পরাভূত করেন শিব তাদের অক্সতম 'জন'। ঐতিহাসিক যুগে (মোর্থশাসনের অবাবহিত পূর্বে) শিবি বলে একটি জনের কথা জানা বার। বাং জেলার দিক্ষিণ-জংশ এবং রাবিনদীর নিম-উপতাকা এই শিবিদের এবং মালুবদের অধিকারে ছিক্ষা। স্বান্ধবতঃ এরাই ঋগুবেদোক্ত শিব-জন কেন না, দেখা বার ঐ সময়ে ঋগুবেদোক্ত প্রি-জন্ধী তক্ষশীলার দক্ষিণ-পূর্ব অঞ্চলে রাজ্য করছে।

এই 'জন' আর্থ কি আর্থেডর বলা বায় না। আমাদের মনে হয় শিব ছিলেন এই শিব-'জন'-এর আরাধা দেবতা (tribal god)। জনের নামে দেবতার নাম হয়েছে অথবা দেবতার নামেও জনের নাম হতে পারে। অহুমান করা বায় শিব-'জন'-এর শিব ছিলেন প্রেয়া কল্যাণ্ময় দেবতা। বজুর্বেদের সময় ইনি কুলের সঙ্গে একীভূত হয়ে গেছেন এবং সেই থেকে কুলুকেও শিব বা কল্যাণ্ময় বলা হছে।

আধ্যাত্মিক ক্ষেত্র ক্লক্স—এবার পূর্বকথার ফিরে আসা বাক। আধ্যাত্মিক ক্ষেত্রেও ক্লক্রের অধিকার স্বণ্ট। একটি ময়েত বলা হয়েছে কন্ত্র পার্য অর্থাৎ সংসারসমূদ্রের পারে জীবস্কুকরণে বিরাজমান, অবার্য অর্থাৎ সংসারের মধ্যে সংসারিত্বে বিশ্বমান, উত্তরণ অর্থাৎ উৎকৃষ্ট তত্মজানের বারা সংসার উত্তরণের হেতৃ। অন্তরে তাকে বলা হয়েছে ভবক্ত হেতিং অর্থাৎ সংসারনিবর্তক।

কুদ্র পাপীদের দওবিধান করেন। সেইজন্ম তাঁকে বলা হয়েছে ত্রাপি° **অর্থাৎ** তিনি পাপীদের কুৎসিংগতি বিধান করেন। তিনি যাম্য° অর্থাৎ পাপীদের নরকার্তিসাতা।

কুজের অবস্থান —সব অভূত অভূত স্থানে ক্ষের অবস্থান নির্দেশ করা হয়েছে। তিনি কিংশিল অর্থাং বে-সব জায়গায় ছোট ছোট পাধবের টুকরো বা কাঁকড় আছে সেই-সব জারগায় থাকেন, ইরিণাপ অর্থাং উবর ভূমিতে বিরাজস্থান, গজবরেষ্ঠ অর্থাং গিরিওহাছিতে বিরাজমান, অবটা ১০ অর্থাং গর্ভে বিরাজমান।

একটি মত্ত্রে ওক্ত অর্থাং উক্ত কাঠে বিরাজমান, হরিভা অর্থাং আর্ক্স কাঠে বিভ্যান, পাংসবা অর্থাং ব্লিভে বিভ্যান, রক্ত অর্থাং পরাপে বিভ্যান, লোপা অর্থাং অগ্যা প্রদেশে বিভ্যান এবং উর্বা অর্থাং বড়বারিতে বিভ্যান বলা হরেছে।

কল বাস্তব্য<sup>১১</sup> অর্থাৎ বাস্ততে বিরাজমান, বাস্তপ<sup>১০</sup> অর্থাৎ বাস্তর পালক। তিনি গেছ এবং তল্প<sup>১৪</sup> অর্থাৎ ঘরেও তিনি এবং শব্যায়ও তিনি বিরাজমান।

<sup>3</sup> A.H.Igp.65 2 Ibid ● 智界 ejet ■ 3 2012 年 第 20129

<sup>·</sup> 写 Jelso · 爱 Jelso · 爱 · 爱 Jelse · · 罗 Jelse

<sup>27 %</sup> Joine 75 % Joine De & 28 % Joine

একটি মন্ত্রেক করকে বলা হরেছে বিক্রিক তিনি বরিক্রের দেবতা। এই প্রসঙ্গে শ্বরণ করা বায় বাংলা মঙ্গুকাব্যাদিতেও শি<u>রকে বরিক্রমণে চিত্রিত করা হরেছে।</u>

ক্ষুত্র অনেক কর এক আবার অনেক। বৰুবেদে বলা হরেছে পৃথিবীতে অসংখ্য সহস্র কর বিভ্যান; অন্তর্নী এঁদের বাণ। অন্তরিকেও অনেক কর আছেন; বার্রণী এঁদের বাণ। নীলগ্রীর শিতিকঠ করেরা আছেন ছালোকে; বৃষ্টিরূপী এঁদের বাণ। নীলগ্রীর শিতিকঠ করেরা আছেন ছালোকে; বৃষ্টিরূপী এঁদের বাণ। গ্রন্থী নিলগ্রীর হরিদ্বর্ণ করেদের অবস্থান বৃক্ষে। গ্রুত্বপৃত্তি, মৃত্তিত্বপুত্র এবং অটাছট্থারী সব কর। গ্রুত্ব। পথের অধিপতি, পথের বক্ষক, এবং অন্তের ঘারা প্রাণীদের পোষণকারী সব কর । গ্রুত্বাহন্ত অক্ষাহন্ত অক্ষাহিত বিশ্বানা বিশ্ব করেরা সব করে তীর্থাদিতে ঘুরে বেড়ান। গ্রুত্বানা বিশ্ব করেরা সব করেরা সব করেরা সব করেরা সব করেরা বিশ্ব আরের করে আছেন। গ্রুত্বানা বিশ্ব করেরা সব করেরা সব করেরা সব করেরা সব

দেখা বাচ্ছে পরবর্তী কালের পরবন্ধ পরশিব মহেশরের ভাবটি বন্ধুর্বেচ্ছে দানা ব্যৈছে।

ক্লানের কাছে প্রার্থনা— খগ্বেদের মতো বন্ধ্বিদেও কলের কাছে প্রার্থনা করা হয়েছে। একই ধরণের প্রার্থনা। বেষন—বাতে আমাদের বিপদ ও চতুপদের ক্ষ হয়, সবপ্রকার সমৃত্তি হয়, আমাদের গ্রাম আপদশ্ভ হয় সেইজন্ত কতকে শ্বরণ করি। ১৭

হে কল্প, তোমার শান্ত তন্ত্র আমাদের ক্ষমে বাঁচিরে রাধ্ক, সবদ। আমাদের কল্যাণকারী উষধরণে ব্যাধি দুর ককক। ১৮

बामारम्ब भूबरभोब, बाबू, श्रा, बन, कृष्ण-अरम्ब विनाम करहा ना। "

শামাদের প্রপৌত্র ও পতকে কর করো না, ভর দেখিও না।<sup>৫</sup> বজমানদের ভর নির্ভির জন্ত তোমার বহু জ্যাযুক্ত কর, তাদের পুরপৌত্রদের হুখে রাখ।<sup>৫১</sup> ইত্যাদি।

তবে নৃতন ধরণের একটি প্রার্থনাও পাওয়া বাচ্ছে। বধা—রাক্ষসীদের আমাদের থেকে দূর করে হাও, সর রক্ষের সাপ বিনাশ কর।<sup>২২</sup>

শৃত্কজিরের ক্জের সঙ্গে শাক্তরের আরাধ্যা মহাদেবীর নানা বিষয়ে মিল লক্ষ্য করা যায়। বেমন—

- > बाजर अन्दर, ६० १ वे अन्दर वे अन्दर १ वे अन्दर-२०, ६६-०० हेलाबि
- e g selec e a selec e e selec e g selec e g selec
- > 4 roles 22 4 roles 25 4 roles 70 41 1/2 roles 28 4 roles
- at a select of s
- s. goolee es goolee es goole

- ১ উভয়েই সকল শ্রেণীর সকল স্তরের মাত্মধের দেবতা।
- ২ উভয়েরই ছটিরূপ—উগ্র, ভরংকর আর সোমা, কল্যাণকর।
- ভ কুলু চোর, ভাকাভ প্রভৃতির দেবতা ; <u>মা কানীও চোর ডাকাত প্রভৃতির দেবতা।</u>
- ৪ কন্ত কৃষির সঙ্গে যুক্ত ; দেবীও একাধিকরূপে কৃষির সঙ্গে যুক্ত ৷
- কল্রের সঙ্গে জলের বিশেষ যোগ; তেমনি দেবীরও জলের সঙ্গে বিশেষ বোগ।
   পীঠস্থানের আলোচনার সময় তা লক্ষ্য করা গেছে।
- 🤞 রুজ ক্বতিবাদ ; মৃগচর্মপরিহিতা দেবীরও দর্শন মিলে।
- ৭ ক<u>লু বোদ্ধা, দেবীও রণরঙ্গিণী</u>। দেবীর আযুধগুলির মধ্যে কল্ডের আযুধ লক্ষ্য করা যায়।
- ৮ क्य ভগবান্, अस्रवामी ; দেবী ভগবতী, अस्रवामिनी।
- কুছু ত্রাণ করেন তাই তিনি তার; দেবীও ত্রাণ করেন তাই তিনি তারা।
   অবশ্ব, দেবী বেখানে কন্দ্রের শক্তি কন্দ্রাণী সেখানে কন্দ্রের সঙ্গে তাঁর কোনো ভেদই
   নেই। কেন না, দেবের বে-রুণ, বে-গুণ, বে-কর্ম, বে-আযুধ, বে-বাহন, দেবীরও তাই।

অথববৈদে ক্লেন্স-অথ্রবিদে করের পরিচর আরও ব্যাপক। নানা দেবতা করের সঙ্গে একীকৃত হয়েছেন এরপ নিদর্শনও পাওয়া বায়। একটি দৃষ্টান্ত দেওয়া বায়। তব, শর্ব, করে, ঈশান, মহাদেব, উগ্র, পশুপতি এঁদের অথববৈদেও পৃথক দেবতা বলা হয়েছে। বহুবেদেও দেখা বায় তব, শর্ব, মহাদেব, পশুপতি, উগ্র, করে, ভীম এঁরা পৃথক দেবতা।ও তব এবং শর্ব বে পৃথক্ দেবতা শতপথ-ব্রাহ্মণেও তার ইক্লিত আছে। তাতেও দেখা বায় প্রাচ্চদেশীয়েরা করুকে বলতেন শর্বও আরে পশ্চিমের বাহিকেরা বলতেন তব।ও

আবার ভব এবং শর্ব বে কল্লের সঙ্গে একীভূত হয়ে বাচ্ছিলেন তায় নিয়র্শনও অথবঁবেকেই আছে। উক্তসংহিতায় ভবাশবী পদের ব্যবহার লক্ষ্য করা বায়। খগুবেকাকিতে

- ১ পুরাপার্বণ, পৃ: ৯৭ ২ জ বে ১১৷২৷১৪, ১৬; ১৫।৫ ও **বা সং ৩৯৷৭-৯** ভবে উক্ত সংহিত্যতেই (১৬৷২৮, ৪০) বেবা বার তব পর্বাদি বেবতা **রংজন কলি করিছত হরেছেন।**
- 8 4 31 319101v
- শর্ব বে পূর্বাঞ্লের দেবতা তার একটি পরোক্ষ নিশ্বিও আছে। শর্বের শ্লীয়ণ পর্বায়য় প্রভারতে একদাবে দেবী বর্বায়ীর প্রাম প্রচলিত ছিল ত্রিপুরা রেলার (পূর্বাফিভার) দেউল্লাফি প্রামে প্রায়ে বর্বায় পতালীর অইভ্রা সর্বাশীর্তি তার একট ঐতিহাসিক প্রমাণ। এই মৃতি সক্তে পূর্বেই আলোচনা করা হরেছে।
- তব সম্পর্কেও অনুরূপ পরোক্ষ নিবর্ণন আছে। তবের রীক্ষণ তথানী। লক্ষ্য ভরা বেছে গুলিনতারতের নহারাই অকলে তথানী বা অবা-তবানীর প্রভাবপ্রতিপত্তি পুর বেছি। ব অ বে ১১ার

ক্ষত্রের কাছে বে-সব প্রার্থনা করা হরেছে অর্থবিবেদে ভবশর্বের কাছে সেই সব প্রার্থনাই করা হরেছে। ১ একটি মন্ত্রে ভবকে সহস্রাক্ষ কল্ল বলা হরেছে। ১

অসিত ক্লা স্থাবিবেদে কলকে বলা হয়েছে। ক্লা অসিত। <u>চয়ত বা এই স্পিত</u> কৃষ্ণ কলেবই স্থান্ধ কালী।

মাছৰ দে-ৰূগে অন্ধনারকে ভীৰণ ভয় করত। অন্ধনারের মধ্য থেকে অন্তর্কিতে আক্রমণ করে বদে মৃত্যু। তাই এত ভয়। দেইজন্ত বে-দেবতা ভয়ংকর, বিনি মৃত্যু ঘটান, তারা তাঁকে কালো করন। করেছে। তাই কন্ত অনুসিত, কৃষ্ণ; কালী অসিতা, কৃষ্ণবর্ণা।

কল্ম কালো, শতএব, তিনি শার্ষেতর লোকেদের দেবতা, কেউ কেউ এমন কথা মনে করতে পারেন। কিছু এরপ মনে করার হেতু নাই। কেন না, শা<u>র্ষদের মধ্যেও কালো</u> লোকের <u>দেখা পাওয়া বার।</u> কু<u>রুরা বেদমার্গী আন্</u>রুব। এঁ<u>রা শ্বেশ্রই শার্ষ। কিছু</u> শগ্রেদে<sup>©</sup> এঁদের স্থাব শর্মাং কুন্ধুবর্শ বলা হরেছে।

ক্লু ও স্বৃত্যু কল কালো, মৃত্যুও কালো। আব কল বে দিপদ চতুপদ স্বার মৃত্যু ঘটান বেদসংহিতাতে এ কথা অনেকবার বলা হয়েছে। কাজেই, ক্লের সঙ্গে মৃত্যুর ও মুমের একটা বোগাবোগ বেদসংহিতার সময় থেকেই দেখা বায়।

তৈ বিধীয়সংহিতাতে আছে কন্স যামা; অর্থাৎ তিনি বমলোকে পাপিলিক্ষকরপে অবস্থান করেন। অধর্ববৈধ্বের একটি মন্ত্রে বন, মৃত্যু ও শর্বকে শত্রুবেধ করতে বলা হয়েছে। অন্ত একটি মন্ত্রেশ বমন্ত এবং মৃত্যুদ্তদের বলা হয়েছে শত্রুদের মৃত্যুর কবলে নিয়ে যেতে। অন্তর্জ আছে ক্রেরে পুত্র মকন্থান মৃত্যুক বমলোকে বহন করে নিয়ে যান।

বালসনেম্বিসংহিতার করকে বলা হয়েছে কুকুর। । অথববৈদের একটি মত্রে প্রকাণ্ডম্থ কুকুরদের কথা আছে। আবার ক্ষাবেদের ১৭ ও অথববৈদের ১০ মত্রে বমের ছটি ককুরের উল্লেখ আছে।

পরবর্তী কালে দেখা বার ভৈরবন্ধণী শিবের বাহন কুকুর। <u>ম্ধার্ণে নির্মিত কুকুর</u>নহ ভৈরব<u>ষ্</u>তি <u>পাওয়া গেছে</u>। ১ \*

কাজেই দেখা বাজে মৃত্যু বা ব্যের সঙ্গে কজের নানাভাবে বোগ রয়েছে। পরবর্তী কালে শিব হয়েছেন মৃত্যুক্তম ।

रहारकी र में अर्गित के मार्गित के अर्थ अर्थ अर्थ अर्थ अर्थ

e dalig mat 1-a al seletion o ge at eletete d at de electo n a la cindo

अर्थितान्त के अर्थित के विकास प्रमाणिक प्रमाणिक कर विवास

<sup>&</sup>gt;0 年(7 ) PRINE >8 D. H. I., p. 482

ক্লান্ত ও কাল—ক্ষত্রের সঙ্গে কালেরও একটা বোগ লক্ষ্য করা বার। দেখা গেছে ক্রা একাধারে সংহার এবং স্পষ্টির দেবতা। কালও তাই। অথর্ববেদেই কালের প্রস্তাৱন প্রকাশ পেয়েছে। পরবর্তী কালে বিশেষ করে কালের প্রস্তাৱন ও সংহারকরণ উভয়ই প্রকৃতিত হয়েছে।

বিদ্ধান বিষয় বিষয় বিষয় করা হার বিদ্ধান বিষয় বিষয় বিশ্ব বিষয় করা বার বিশ্ব বিষয় করা বিষয় বিশ্ব বিশ্

পশুপতি—মন্বেদ ও অথববেদের একাধিক ময়ে কুদ্রকে বলা হয়েছে প্রপৃতি। এই পশু কারা অথববিদের একটি ময়ে তা পরিষ্কার করে বলা হয়েছে। তাতে কন্সকে বলা হয়েছে, তোমার পশুগুলি পাঁচভাগে বিভক্ত—গো, অনু, মানুষ, মেনু এবং ছাগ।

তিছুশান্ত অভুসারে সাধারণ <u>মাহত প্রক্রু</u> এই তাদ্রিক মতের শ্রোত সমর্থন এখানে পাওয়া বাচ্ছে।

ভ্রাত্য অপর্ববেদের সমগ্র পঞ্চদশকাও ভূড়ে ব্রাত্যের স্তবগান ও মহিমা প্রচার করা হয়েছে। এই ব্রাত্য কন্ত্র। উক্ত কাণ্ডের স্কেগুলিতে ব্রাত্যের যে-রূপ চিত্রিত হয়েছে তাতে দেখা বায় তিনি উপনিবদের ব্রহ্মের মতোই পরম দেবতা বা সর্বোচ্চ দেবতর হয়ে পড়েছেন। শ্লিকোপনিবদের মতে অথর্ববেদবর্ণিত ব্রহ্মের নানা রূপের অক্ততম রূপ ব্রাত্য।

বলা যায় অথববিদের সময়েই রুজুশিব শৈব এবং শাক্ত দর্শনে বর্ণিত পরম্পিৰ হয়ে গেছেন।

**ধ্বংসকারী ক্লপ**—তবে ঋগ্বেদ ও ষ্চুর্বেদের মতো অথববৈদেও রুদ্রের ধ্বংসকারী ক্লপ বাস্ত হয়েছে। আন্ধান-ও স্ত্র-গ্রহাদিতেও ক্রের ধ্বংকারী ক্লপের দর্শন পাওয়া বার।

ব্রাহ্মণগ্রন্থাদিতে ক্লব্রের উত্তবকাহিনী—ব্রাহ্মণগ্রন্থে ক্রের একটি উত্তবকাহিনীও পাওয়া বায়। প্রকাপতি পশুরূপে স্বীয় কন্তাগমনের পাপে নিশু হলে সব দেবভারা অভ্যন্ত কৃষ হয়ে উঠেন। তাঁদের স্মিনিত ক্রোধই কল্তরূপে আবিভৃতি হয়। কল্প বাণাবাতে প্রকাপতিকে বধ করেন।

- ১ ज त्व ऽअंदर्श ; ऽअंदर्श २ तः महा छा ।।।२८१-२८०
- ৩ স কাল: সোহস্তকো মৃত্যু: স বম: ৷—মহা ভা ৭৷২-১৷১-৪
- क महा छ। ३२।२४८।४१
- छत्वात्र श्रक् श्रनंत्वा विकला शात्वा चयाः शृक्ष्या चळावतः । च त्व ১১१२।»
- Vide H. O. S., Vol. VIII, p. 769
- ৭ আ: ঐ বা তাতা» ; শ বা সাণালাস-৪

পরবর্তী কালে কাহিনীর রূপ বছলে যায়। শিবের ক্রোধের থেকে উত্তব হয় বীরভয়ের আর তাঁর হাতে দক্ষ প্রজাপতির ম্থাছেদ হয়।

চণ্ডিকার উত্তবকাহিনীর উপরও করের উত্তবকাহিনীর প্রভাব পড়েছে। চণ্ডিকার উত্তব-কাহিনীতে দেখা বার কৃত্ত দেবভাদের শরীর থেকে নির্গত তেজোরাশি চণ্ডিকার্ছি ধার্থ করে।

ক্রন্তে ব্রহ্ম আমরা দেখেছি শৈব ও শাক্ত দর্শনে ব্যাখ্যাত পরমশিবের পূর্বন্ধণ স্থাব-বেদের মধ্যে বাক্ত হয়েছে। আরণ্যকেও কল্ডের ব্রহ্মরূপের পরিচয় আছে। তৈত্তিরীয়-আরণ্যকে বলা হয়েছে—কত্তই সব। তিনি সর্বভূতাস্থরাত্মা। তিনি বিশাত্মক এবং বিশোতীর্ণ। জাত এবং জায়মান, চিদাত্মক এবং জড়াত্মক সবই তিনি।

ক্রন্ত উপনিষ্কে উপনিষ্কের যুগে ক্রি সাকাৎ ব্রন্ধ। বেতাপ্তর-উপনিষ্কে শাষ্ট করেই ক্রন্তে ব্রন্ধ বলা হয়েছে। ব্রন্ধ সহন্ধে আলোচনা প্রসঙ্গে ঋষি বলছেন—

তৃমি জনাদিবিহীন। এইজঞ, বে জন্মাদিতে ভন্ন পান্ন সে ভোমান শরণ সর। হে কন্ত, তোমার বে প্রসন্ন মুখ তার বারা নিত্য নির্ত আমাদের রক্ষা কর। ত

অক্ত একটি মন্তে ব্ৰহ্মের স্থলে কল্পস্থাটিই ব্যবহার করা হয়েছে। বলা হয়েছে—কল্প একই, বিতীয়ের জন্ত অবস্থান করেন নি অর্থাৎ কল্প অবিতীয় ব্রহ্ম। ইনি স্থীয় শক্তিসমূহের প্রভাবে এই-সব লোক নিয়মিত করেন।

এই কর বে বেদসংহিতার বর্ণিত কর তার প্রমাণ মাছে। বস্কুর্বেদে বিবৃত চ্টি করমর মালাচ্য উপনিবদে ব্রহ্ম সহছে ব্যবহৃত হয়েছে। এ ছাড়া, এই উপনিবদে করের কাছে বে প্রার্থনা করা হয়েছে তা অবিকল বেদসংহিতার বিবৃত প্রার্থনা। প্রার্থনাট এই ——
"হে কর, তুমি কুছ হয়ে আমাদের পুত্রপৌত্র, আমাদের জীবন, গো, অম, বিনাপ করে।

১ দুস, হাদ-১২ ২ তৈ আ ১-।১৬

৩ অজাত ইত্যেবং কশ্চিত্তীয়ং প্রপদ্ধতে। ক্সম বতে বন্ধিশং মুখং তেন মাং পাহি নিভাম ্। বে উপ ৪।২১

अत्वा हि कट्यां न विछोत्रात छत्र्यं हेमाँ ह्यां कान् केनल केननीकिः ।—य शर

<sup>(</sup>ii) বামিবৃং গিরিশন্ত হতে বিক্রবান্তবে। শিবাং গিরিত্র তাং কুক্ত লা হিংলীঃ পুরুবং জ্বাং

ত ঐ ১৬০০, ঐ ৩০০

শা নতোকে তনয়ে লা ল আর্বি লা নো লোবু বা লো আবেরু রীরিবঃ।
 বীরান লা নো কয় ভানিতোহববীইবিছয়ঃ সহমিং ছা হবায়য়ে। বে উপ এইং

না, আমাছের বীর ভূত্যদের বধ করো না। আমরা হবিগুক্ত হয়ে সর্বদা ভোমাকে আহ্বান করি অর্থাৎ তোমাকে আহ্বান করে হবি প্রদান করে যক্ত করি।

একাধিক মত্ত্বে বৃদ্ধকে শিব বলা হয়েছে। আরও করেকটি মত্ত্বে উাকে বলা হয়েছে 

केশান। এই সব মত্ত্বে অবশ্র শিব- ও ঈশান-শব্দ ব্রন্ধের উপাধিরূপে ব্যবহৃত হয়েছে। তবে
এই শিবোপাধিক এবং ঈশানোপাধিক ব্রন্ধ যে রুদ্রশিবের থেকে অভিন্ন তা উপরের
আলোচনা থেকে স্পষ্ট বোকা বায়।

একটি মন্ত্ৰে দেখা যায় ব্ৰদ্ধস্থলে শিবশব্দই ব্যবহৃত হয়েছে। মন্ত্ৰটিতে আছে— যথন আতম অৰ্থাৎ অবিষ্যা থাকে না, তথন দিন থাকে না, রাত্রি থাকে না, সং থাকে না, অসং থাকে না, কেবলমাত্র ভদ্ধ শিবই থাকেন।\*

অতএব, দেখা যাচ্ছে খেতাখতর-উপনিষদে কন্তশিবই ব্ৰশ্বৰূপে বৰ্ণিত হয়েছেন।

তন্ত্রশান্ত্রেও এই ভাবধারা অমুসত হয়েছে। সেখানেও শিব ব্রন্ধ। ব্রন্ধ সপ্তব এবং নিশুর্প। তন্ত্রেও আছে—সনাতন শিব সপ্তব এবং নিশুর্প।

উপনিষদের ব্রহ্ম সাধারণতঃ নৈর্ব্যক্তিক কিন্তু বেতাশ্বতর-উপনিষদের ব্রহ্ম কন্দ্রশিব বৈয়ক্তিকও বটেন। আমাদের মনে হয় ঋষি শ্বেতাশ্বতর কন্দ্রশিবের উপাসক ছিলেন। আপন আরাধ্যকেই তিনি ব্রহ্মরূপে জেনেছেন ও প্রকাশ করেছেন। উপনিষ্টেই তার ইঙ্গিত আছে। একটি মশ্রেণ বলা হয়েছে—

তপস্থার প্রভাবে আর দেবতার অসূত্রহে ত্রন্ধকে জেনে এবং ধ্বিসংখের ধারা সেবিভ হয়ে খেতাখতর এই পরম পবিত্র ত্রন্ধতন্ত সর্যাসীদের কাছে বলেন।

বেতাৰতর বে-দেবতার অমূগ্রহ লাভ করেছিলেন অমুমান করা <mark>ৰান্ন ভিনি তাঁর আরাধা</mark> কন্তশিব।

শেতাশতর-উপনিষদে বর্ণিত ব্রন্ধ কন্দ্রশিব পরাংপর পরমেশর**রূপে প্রতি-পরবর্তী** শাস্ত্রাদি এবং সংস্কৃত সাহিত্যেও বর্ণিত হয়েছেন। তবে এই-সব প্রশ্নে তীর কর্মনাবের চেম্নে শিব, পশুপতি, মহাদেব, শহর প্রাকৃতি নামের প্রচলন অধিক।

শিব গণ্ডেবভা লক্ষ্য করা গেছে রুতু <u>আর্থ-আর্থেতর নানা 'জন'-এর নানা ভরের</u>

- > (व हैन ७१२२ ; ६१२६, २५, २४ र वे ७१२२, ३६, ३१ ; हा३३
- বছাহতনতর দিবা ন রাজিন নর চাসন্থিব এব কেবল:। বে উল ১/১৮
- সন্তশা নির্ভণক্তেতি শিবো জেয়: সনাতন: ৷—উব্যৃত, কৌলবার্গরক্তের ভূমিকা, পুর ।•
- তপ্রপ্রতাবেরর সাহাচ বুর হ বেতাবতরোহর বিশ্বান্।
   শত্যাপ্রবিদ্যা পরবং পরিবং প্রোবাচ সরাস্থিসংবস্কৃত ।—বে উপ ভাব>

মান্ত্ৰের দেবতা। তিনি জনসাধারণের দেবতা, গণদেবতা। শিবরূপেও তাঁর এই বিশেষস্থ লক্ষ্য করা বায়।

অন্ত্রান করা বার বেতাশতর-উপনিবদ্ রচনার স্মরে ক্রের তথা শিবের পূজার বিশেষ প্রচলন ছিল। ক্রেশিব তথন প্রতিপত্তিশালী জনপ্রির দেবতা। উপনিবদের নৈর্ব্যক্তিক ব্রশ্বতব্বকে লোকের বোধগম্য করার জন্ম শিবকে সেই তত্ত্বের সঙ্গে বৃক্ত করা হয়। তার স্ববোগও ছিল। কেন না, অথব্বেদেই দেখা গেছে, ক্রেশিবের মধ্যে প্রার উপনিবদোক্ত ব্রশ্বতাবই অভিবাক্ত হ্রেছে।

মহাভারতের শিব—মহাভারতের যুগে কঐশিব দনাতন দেবমগুলের অন্ততম প্রধান দেবতা। মহাভারতের® নানা স্থানে তাঁর কথা আছে, তাঁর মাহাস্থ্য কীর্তন করা হয়েছে। বেদসংহিতাদিতে কল্পের বে বে নাম পাওরা বায়, তাঁর বে-পরিচয় পাওরা বায়, মহাভারতে দে-দব শিবের অস্তর্ভুক্ত হয়েছে। অর্থাৎ এই দময়ে কম্ম শিবে রূপান্তরিত হয়েছেন।

এ কথার প্রমাণ আছে মহাভারতেই। স্তোগপর্বের ছটি অধ্যায়ে (২০০ এবং ২০১)
বিবের মাহায়া বর্ণনা করা হরেছে। এতে শতকপ্রিরেরই অমুসরণ ও ব্যাখ্যা করা হয়েছে।
এ সম্বন্ধে মহাভারতকার স্বয়ং সাক্ষ্য বিচ্ছেন—পার্থ, কেবলেবের ধক্ত, ম্ল- ও আয়ু-বর্ধক,
পুণা, বেদসম্মত শতকস্থির বর্ণনা করলাম।

শিবের বেদগ্রাভ ও বেদবাভ রূপ—পূর্বেই লক্ষ্য করা গেছে, বৈদিক কন্দ্র নানা স্বাহ্মবের দেবভা। তিনি গণদেবতা। মহাভারতের শিবও তাই। মহাভারতে দেখা বায় শিবের এক রূপ বেদগ্রাভ, স্বারেক রূপ বেদবাভ্য বা লৌকিক।

বেষপ্রাভ ক্লপ — উপনিবদ পর্যন্ত কল্প তথা শিবের বেদগ্রাফ রূপের পরিচয় পাওয়া গেছে। মহাভারতে এই রূপ আরও লাই হরেছে। তিনি পরাংপর মহেশ্বর, নিফল এবং সকল ব্রহ্ম, অক্ষর পরমন্ত্রহ্ম, আমার আরা, বিশ্বমূর্তি। তাঁকে বলা হরেছে তোমার মধ্যে সমস্ত প্রাণী এবং সমস্ত প্রাণীর মধ্যে তুমি অবস্থিত। তাঁকে বলা হরেছে তোমার মধ্যে সমস্ত প্রাণী এবং সমস্ত প্রাণীর মধ্যে তুমি অবস্থিত। তাঁক

- > বেতাগতর-উপনিবদ্ রচনার সঠিক সমর জানা বার না। তবে জনুমান করা হয় বঃ পৃঃ ভূতীর শতকের আগেই উপনিবদ্ধানা রচিত হরেছে। সঃ ŚK. P., p. 102
- ২ অনেক প্রবর্তী কালে রচিত অধর্ণনিরস্-উপনিবদে রঞ্জনিবের তক্ ও মাহাত্ম বিশেবভাবে প্রচারিত হরেছে। উপনিবস্থানা পাশুপত্তকের রচনা ।—সং V.~8.~M.~B.~8, pp. 111-112
  - a dai ai aian eo f aldrada soorsoo ! pola d' pa-pa ! psistes-sae ! polye' poe-pop
  - रकः वनक्रमाङ्कः भूताः (बोदन्क मन्त्रिक्) । (स्वात्यक एक नार्च साथाकः नक्कित्रम् ।

- महा का नानमावक ; नार-जाबर ; जनानान, उक्त , अरारमवादर ; अलाअवाद ; अलाअवाद हेलापि वहेचा ।
- थे १।२-১)১७, ১०)১०-१६२
   १ पवि नर्गानि क्छानि नर्गक्छम् छानि देन ।—वे ১-।१।६१

শিব বন্ধা, বিষ্ণু এবং স্থানেশের স্নষ্টা এবং প্রাকৃ । তিনি ধাডা, বিধাডা, বিশান্ধা, বিশান্ধা, বিশান্ধার্ক্ত । তিনি স্বন্ধাং বপুহীন কিন্তু সমস্ত দেবতাদের বপু ধারণ করান। সমস্ত দেবতা তাঁর স্তব্য করেন। তিনি এক, বহু শতসহস্র প্রকারে স্বাভিব্যক্ত।

হে ভারত, তিনিই সমস্ত প্রাণীর আদি, মধ্য এবং অস্ত । তাঁর কর্মের ছারাই সমগ্র জগৎ কর্মচেট্রা করে স্বর্থাং জগতের সব কর্মই তাঁর অধীন।

বেদ, বেদাক, উপনিষদ্সমূহ, পুরাণ, অধ্যাত্ম সিছান্তসমূহ, প্রমপ্তত্ত সবই দেব মহেশর।

এই ব্রহ্মণা, ব্যাহ্মণপ্রিয় শিবকে মনশ্চক্ষে দর্শন করতে পারেন ব্রাহ্মণেরা। সব ব্রাহ্মণ নয়; বারা সাধ্বন্ত, বীতশোক, বাদের পাপ কয় হয়েছে তারা।

বেদবাছ ক্লপ—কলের তথা শিবের বেদবাছ রূপের ইঙ্গিত আছে দক্ষজ-কাহিনীতে এবং তারও আগেকার দেবতাদের এক ষজ্ঞকাহিনীতে।

দক্ষ প্রজ্ঞাপতি তাঁর যজ্ঞে কন্দ্রশিবকে নিমন্ত্রণ করেন নি। এই জক্ত যজ্ঞ পণ্ড হরে যাবে বলে মহাম্নি দধীচি তাঁকে সতর্ক করে দিলে দক্ষ বলেন — শ্লহন্ত জটাধারী বহু কন্তই ত আমাদের আছেন, তাঁরা একাদশ স্থানে থাকেন তা জানি কিছু কই মহেশ্বরকে ত চিনি নে।

দক্ষের এই উক্তির ছটি ব্যাখ্যা হতে পারে। এক—যক্তকারী আর্বেরা অনেক করকে
চিনতেন কিন্তু করু মহেশ্বর তাদের পরিচিত ছিলেন না। কার্চেই, তিনি অবেদপদীদের
দেবতা। এই অবেদপদীরা অবস্থ আর্বও হতে পারেন আবার আর্বেডরও হতে পারেন।
ছই — বজ্ঞকারীরা একার্বিক করকে জানতেন কিন্তু বে-কন্তু লোকপালদের পরস্বন্ধরের এবং দেবতাদের পরসদেবতা তাকে জানতেন না। সহজ্ঞ কথার কর বে এক এবং
তিনি বে সহেশ্বর এটা তারা জানতেন না।

দক্ষের উক্তির অবস্থ একটি তৃতীয় ব্যাখ্যাও হয়। দক্ষ মোহ্**গ্রন্ত হয়েছিলেন বলে** 

- वृक्षाविक्र्यत्वनांनाः तहा ह अक्रुद्धव ह ।—महा छ। २०।२॥।
- ২ থাতা চ স বিধাতা চ বিধারা বিবক্ষকৃৎ। স্বাসাং দেবতানাক ধারনভাবপূ বিশুঃ।
  সংবিদেবৈস্বতো দেবং সৈক্ধা বহুধা চ সঃ। শত্রা সন্তল্পা চৈৰ কুলঃ শতুসন্তল্পা ।—ই গাং ১১১১ ০৫-১০৬
- আছিরের হি ভূতানাং খ্যাবক্ত তারত। বিচেইতে লগচেবং সর্ববজ্ঞিব কর্মণা।—ই ১০)১৭।>
- विष्याः नारकाशनिवनः शृतांवाशाचिनक्ताः । वद्य शृत्याः कक्षरं न वि विर्वा ऋष्यतः । वे वाद-०३०००
- E . CBIC-SIP & 3
- 🦯 वर शक्कि बाक्नीः नार्वुकाः कील भारत धनना बीखरमाकाः ।—वे वार ००।००
  - ৮ সভি লো বহবো কলা শূলহতাঃ কণজিবঃ। একারপতালগতা লাহ্য বেলি মহেবরব্ ।—ই ১২।২৮০৭২০
  - नेवत्रवायस्वाक मस्वत्र हैिछ चुळा |—यहा का ३७१००।०

মহেশরকে নিমন্ত্রণ করেন নি। তিনি বে মহেশরকে চিনি নে বললেন তারও কারণ ঐ মোহ। মহাভারতে এই ব্যাখ্যাই দেওরা হরেছে। দক্ষরকের কাহিনী শিবমাহাস্থ্য-প্রচারক। কাজেই, এই ব্যাখ্যাও যুক্তিসকত।

ভবে প্রথম ও বিভীয় ব্যাখ্যার সমর্থন পাওয়া বায় দেবতাদের বঞ্চকাহিনীতে। সহাভারতে আছে —

হে রাজন্, দেবভারা করকে বর্ণার্যতঃ অর্থাৎ সরপতঃ জানতেন না, সেই কারণে ভার জন্ম কোনো বঞ্চভাগের ব্যবহা করেন নি।

দেবতারা করেশিবকে ভাল করে চিনতেন না। সম্ভবতঃ তিনি বেদপদীদের দেবতা ছিলেন না। সেইজম্বই ভাল করে চিনতেন না। আর চিনতেন না বলেই তাঁর জন্ত যজ্ঞভাগের ব্যবস্থা করেন নি। আলোচ্য লোকের এরূপ অর্থন্ড করা বেতে পারে।

পাশুপত ধর্ম সহাভারতে পাশুপত এত বা ধর্মের বিবরণ আছে। তাতে দেখা বায় এই ধর্ম বর্ণাপ্রমধর্মের বিপরীত। পাশুপত ধর্ম সর্বতোম্থ অর্থাৎ সকল বর্ণের সকল মাছবের এতে অধিকার আছে। বৈদিক ক্রিয়াকর্মের সঙ্গে পাশুপত ধর্মের কোনো খোগনেই। এইঅন্ত, কেউ কেউ পাশুপতদের আরাধ্য পশুপতিকে বা শিবের পশুপতিক্রপকে বেদবাফ মনে করেন।

কিন্তু শতকজিরমন্ত্রে কন্তকে একাধিকবার পশুপতি বলা হয়েছে। কাজেই বলতে হয় পশুপতি কন্তকে বৈদিকরা নিজেদের দেবতা বলে স্বীকার করতেন। আমাদের মনে হয় পশুপতি ছিলেন লবার দেবতা। বৈদিকরা তাঁদের মতো করে তাঁর আরাখনা করতেন, অন্তরা আবার নিজেদের মত করে করতেন। পশশুপত ধর্ম সেই অন্তদের ধর্ম।

মোটকথা, মহাভারতে কর্মলিবের বেদবার রূপের পরিচয় আছে। <u>উক্ত গ্রছে লিবের</u> এবং লিবা<u>হচরদের বে-রূপবর্ণনা পাওয়া বায় তাতে তাঁর বেদবার্ছ রূপের পরিচয়ও ক্ষতিত</u> হরেছে।

শিবের অসুচর — শিবের অন্তর্গের নানা আকার ও বেশভ্বা। এদের মধ্যে আছে বামন, জটাধারী মাধামোটা (মৃথাঃ), ছাড়খাট, পেটমোটা (মহোদরাঃ), কানলহা, প্রকাণ্ডশরীর, বিশ্রীম্থ এবং বিশ্রীপাদ সব মৃতি। এই-সব মৃতি বিকট, ভরংকর। হাতী, ঘোড়া, উট, গরু, শুকর, ছাগল, বাঘ, ভালুক, শেরাল, কুকুর, সাপ, কচ্ছপ, কুমীর, ভভক, তিমি কাক, বাদ, ভরু, হান, পাররা, প্রভৃতি স্থলচর, জলচর এবং নভচর জীবজন্তর মৃথের মডো

३ महाका ३०।३४

२ ए। देन स्वयनवामस्त्रा नवास्त्रवाम स्वयक्तः । नाकसम्ब स्वयक्त द्वारनार्वामः सर्वावित । —-वे >०१>४१०

० वे भ्रारण्डाभ्रर-भ्रद ह वे नार-भाग-र-

শিবের গণদের মৃথ। এরা কেউ বেঁটে, কেউ লম্বা, কারও রং নীল, কারও কপিল। কুৎসিত এদের আহার। এরা মেদ, মাংস, রক্ত, নাড়ীভূঁড়ি এ সব খায়।

তবে শিবের হৃদ্দর, হ্রবেশ, অহ্চরও আছে। তারা সাদা কাপড় পরে, পাগড়ী মাধার দেয়, নানা অলহার পরে, আবার মাধায় মৃক্টও পরে। এরা বিধান, রাগ্রেহহীন, সর্বদা আনন্দে থাকে।

শিব যে উচ্চ নীচ, সভ্য অসভ্য সব শ্রেণীর লোকের দেবতা তাঁর অস্চরদের বিবরণ থেকেই তা বোঝা যায়।

শিবের উপ্র ও সৌম্য মূর্তি—শিবের অন্তরদের বেমন তেমনি বরং শিবেরও উপ্র ভরংকর এবং সৌমা শাস্ত মূর্তির॰ বিবরণ মহাভারতে আছে। শিবের উপ্রমূর্তি দেখেছিলেন অবখামা। গভীর নিশীথে অবখামা উপস্থিত হয়েছেন পাণ্ডবদের শিবিরখারে। উদ্বেশ্ব পণ্ডবদের নিধন। তিনি দেখলেন শিবিরখারে টাড়িয়ে এক অতিকায় প্রাণী। চন্ত্রার্কের মতো তার দীপ্তি। তার পরিধানে মহাক্রধিরাক্ত ব্যাঘ্রচর্ম, উত্তরাক্তে ক্রকাজিন, গলায় নাগবজ্ঞোপবীত। মহাসর্প তার অক্তন। সেই সর্পের মূথে অগ্রিজ্ঞালা। তিনি মুখব্যাদন করে আছেন। ভয়ানক সে-মূথ, তাতে করাল দংট্রা। সেই অভিকার পূক্র সহত্রচকু। তার সেই-সব চক্, কর্ণ, নাসিকা এবং মূথ থেকে অগ্রিশিয়া নির্গত হচ্ছে। তার দেহের তেজোদীপ্রি থেকে শতসহত্র শঙ্চক্রগদাপদ্যধারী প্রান্তর্কুত হচ্ছেন।

শিবের সৌমাষ্তির বর্ণনায়° বলা হয়েছে শিব প্রশাস্ত, চীরবাদ, ষ্থবাদ, স্থবাদ, উন্ধানী, স্বক্ত্র, হিরণ্যবাহ, স্বত, স্থবী, বর্ণকেশ। তিনি চক্রমৌলী। আবার বলা হয়েছে তিনি জটাধারী, গৌরবর্ণ, বছল এবং মৃগচর্ম তার বস্ত্র।°

শিবের আয়ুধ—মহাভারতে শিবের নানা আয়ুধেরও উল্লেখ আছে। খগৰেদে দেখা বার কলের আয়ুধ ধলুবান। শতকলিয়ের মধ্যে ধলুবাপের সঙ্গে বজ্ঞাও মুক্ত হরেছে—ধলুবাপ, বল্ল, শ্রাভ, গলা, মুবল, পরিঘ, দণ্ড, ত্রিশূল, ৬ উল্লেখ এবং পাশ। ১০

লক্ষ্য করার বিষয় এই-সব আয়ুধ দেবীরও আযুধ।

- > महाणा>।। २ वे
- বে তন্ তক্ত দেবত বেদজা রাজ্পা বিহঃ। বোরা চালা শিবা চালা তে তন্ বহুধা পুনঃ।
   —ঐ বাং-১)>•৭
- colendist & a distribit of a colendist of g selention
- > व >७।३८।२१०

শিব ও দেবী—সহাভারতে শিবের এমন-সব বর্ণনা পাওরা বার বা দেবীর কথা শরণ করিরে দের। বেমন, শিবকে বলা হরেছে রক্তমাল্যাখরধর। শাবার বলা হরেছে তিনি প্রারমাংসল্ব। শ্রক ভারগার শিবকে দশবাহশ বলে নমবার করা হরেছে। দেবী দশকুলা। অন্তর্র শিবকে ভারণশকুল বলা হরেছে। অটাদশকুলা দেবীমূর্ভিও আছে।

এই প্রসঙ্গে একটি বিষয় লক্ষ্য করা বার। বহাভারতের শিব সশক্তি শিব। বেখানে বেখানে শিবের উল্লেখ আছে সে-সব হলে তাঁর সঙ্গে দেবীরও উল্লেখ প্রায় সব ক্ষেত্রেই আছে। শিবকে বলা হয়েছে উমাপতি, গোরীফ্রন্থবন্ধত ইত্যাদি; অথবা বলা হয়েছে তিনি পার্বতীর সহিত বিয়াজ্মান।

শিবু ব্রশ্বচারী; পদেবী কৌষারী অন্ধচারিণী ; শিব অস্বরর, দেবী অস্বরনাশিনী।
শিব মহিবর, পদেবী মহিবমর্দিনী।

শিব শ্বশানবাসী। ) ওক জারগার শিবের বিষয়ে বলা হল্লেছে—এই দেবতা শ্বশানে শ্বশানে নিত্য বাস করেন। সেধানে সেই বীরস্থানে লোকেরা এই ঈশ্বরকে পূজা করে। ১১

ষস্তর তাঁকে প্রণাম করা হরেছে এই বলে—কপালহন্ত, চিতিভদ্মপ্রির, বিভীবন, ভীষ, ভীমরতকে নমন্বার।<sup>১৭</sup>

আমরা ক্ষের লক্ষে মৃত্যুর বোগাবোগ লক্ষ্য করেছি আর দেখেছি কন্ত আর অরি এক। অরির এক রূপ ক্রবাদ বা চিতারি। মনে হর এইতাবে শ্বশানের সঙ্গে যুক্ত হয়েছেন কন্তশিব। দেবীর সঙ্গে ক্রবাদ বা চিতারির বোগাবোগের বিষয় আগেই আলোচনা করা হয়েছে। শিব শ্বশানচারী। দেবীও শ্বশানচারিশী।

শিব ত্রিপুরারি—শিব ত্রিপুরারি, ত্রিপুরঘাতী। এই ত্রিপুরধ্বংদের কাহিনী আছে মহাভারতে। কাহিনীটির স্চনা আরও প্রাচীন। বগ্রেদে আছে অরি চুর্স ধ্বংস করেন। ভারতারের মতে এতে অক্রদের ত্রিপুরধ্বংস স্চিত হয়েছে।

যক্রেদের একটি ময়ে<sup>১৫</sup> অন্তির অরশন্তা অর্থাৎ লোহমন্ত্রী, রজ্ঞাশরা অর্থাৎ রজতমন্ত্রী এবং হরিশরা অর্থাৎ হিরশ্যমন্ত্রী ভক্তর উল্লেখ আছে।

<sup>&</sup>gt; AEI @ >5/Enelde & & >5/Enelde @ \$ 56/Enelde # \$ 30/5/Ene

वा के नानभाव : नारकान : नारकारन, कर, >००; >०।नाव : >वाशवाह क, २०० हेंचावि ।

eleist de scoleciot e esteciot e elois e o maineie e o

<sup>&</sup>gt;> এर टेरर जनारमपु रास्ता रम्फि निकानः। रबरकानर बनाकन रीवदान रेकीस्वर् ।

<sup>- # 4|2&</sup>gt;>|>>9

<sup>&</sup>lt;sup>>२</sup> नमः क्लालर्खात विकिक्यविद्यात ह ! विक्रीत्मात क्रीयात क्रीयवक्यतात ह !

<sup>-</sup> Jakesise

no g sis-placend so d Cd alpales se disk ein

শতপথ-আছৰে আছে—'তারপর অহ্নরেরা এই তিন লোকে পুর নির্মাণ করল; পৃথিবীতে গোহমন্ব, অন্তরিকে রঞ্জমন্ন এবং অর্গে স্বর্ণমন্ন'। । এই বচনের সাহাব্যে পূর্বোক্ত বন্ধুর্বেদের মজের অর্থ বোঝা বান।

মহীধর আলোচ্য বন্ধুর্বেদীর মন্ত্রটির ভাব্তে শতপধ-ব্রাহ্মণের স্তর অবলম্বন করে একটি আবাারিকা দিয়েছেন। তাতে দেখা যার দেবতাদের মারা পরাজিত অস্থরেরা তপস্তা করে তিন লোকে তিনটি পুর নির্মাণ করে; পৃথিবীতে লোহমর, অন্তরিক্ষে রক্ষতময় এবং স্বর্গে ম্বর্পয়য়। তথন দেবতারা সেই পুর দম্ম করার জক্ত উপসদ-অরির আরাধনা করেন। আরাধনার তৃষ্ট উপসদ-অরি যথন সেই পুরব্রেয়ে প্রবেশ করলেন তথন পুর তিনটি অরিতস্থ হয়ে গেল।

শতপথ-ব্রাহ্মণে ( ১।৪।৪।৩-১৪ ) কিন্তু আখ্যায়িকার উপসংহার করা হরেছে অক্সভাবে। সেখানে আছে দেবতারা উপসদ-অন্তর্ভান করে বছ নিক্ষেপ করেন এবং তাতে ত্রিপুর ধ্বংস হয়। এই বক্সের হাতল অগ্নি, শলা অর্থাৎ ফলকণ্ড অগ্নি এবং ফলকাগ্র বিষ্ণু।

তৈত্তিরীরসংহিতাতেও তিনটি ছর্গের উল্লেখ করা হয়েছে। সকলের নীচে **আরস,** তার উপরে রাজত, সকলের উপরে হিরণা। দেবতারা এই ছর্গ জয় করার উ**ল্লেখ্য একটি** বাণ নির্মাণ করলেন। অগ্নি তার মৃশ, সোম শলা এবং বিষ্ণু তেজন বা ফলকাগ্র। তারা এই বাণ নিক্ষেপ করার ভার দিলেন ক্রেমের উপর।

ঐতরেম্ব-রান্ধণে কিঞ্চিং পরিবর্তিত আকারে আখ্যাম্বিকাটি আছে। তবে এখানেও দেখা বায় অগ্নি, সোম এবং বিষ্ণুকে নিয়ে সায়ক করা হয়েছে, এঁদের সঙ্গে বোগ করা হয়েছে বক্ষণকে। তিনি শরের পালক।

ত্তিপুরের আখ্যায়িকার মধ্যে বিশ্বত ঐতিহাসিক তথাের ইক্সিড আছে মনে হয়।
নগরবাসী শক্রদের সঙ্গে বেদপদী আর্থদের সংঘর্ষ হয়েছিল সেই ইক্সিড। এই শক্ত কায়া?
বারা মহেক্ষোদড়ােকে আর্বেডর লােকেদের কীর্তি মনে করেন তাঁদের মতে মহেক্ষোকড়াের
মতে। নগরের অধিবাসীরা এই শক্ত।

ঐতিহাসিক ইসিত থাকুক আর নাই থাকুক শ্রুতিতে কিন্তু ত্রিপুরের আধ্যান্ত্রিক অর্থ ই লক্ষ্য করা হয়েছে। মহাভারতে সে-অর্থ আরও পরিকৃট হয়েছে। ত্রিপুরন্থ অন্তর্গের নাশ করার জন্ত করের সাজসক্ষার বে-বর্ণনা পাওয়া হায়, বুক্তে অন্তরিধা হয় না ভা রূপক। রূপক বে ভা আরও পরিষার বোঝা হায় ত্রিপুরধ্যংসের পর করের বালরূপ থারণ করার বিবরণ থেকে। সংস্ট সোকের টীকায় নীসকঠ এই রূপকের ভাৎপর্য বাশ্যা করেছেন। ভার মতে ত্রিপুর স্থান, স্ক্ষা এবং কারণ এই ত্রিবিধ শরীর।

<sup>&</sup>gt; 4 31 oleielo s ge ac oleie e e al 3 ielen > ani al ele-blowe

এই প্রদক্ষে শ্বরণ হয় দেবী ত্রিপুরস্কারীর কথা। তর্মান্মে তাঁর মাহান্ম্য ও সাধনার বিষয় বিশেষভাবে বর্ণিত হয়েছে।

শিব ও ডিক্স-মহাভারতে বাছে শিব ভজাত্তকলী ভগবান। প্রসন্ধ হরে ভজ্জবের তিনি বাছিত বর দেন, তাঁদের লার্, আরোগ্য, ঐশর্য দেন, তাঁদের সকল কামনা পূর্ণ করেন। বে-সব ভজ্জ অনক্সভাবে উমাপতি ক্সাশিবের উপাসনা করেন তাঁরা ইহলোকে ক্থ পান আর অস্তে পান পরমা গতি। শিবভক্ত উপমন্থ্য শিবের কাছে প্রার্থনা করেছেন—হে দেব ক্রেশ্বর, তোমার প্রতি আমার ভক্তি নিত্য হোক।

শিব ও জ্ঞান—খাবার শিব জানাত্মা, জানগরা, জানপ্রেষ্ঠ, স্থাবিদ। তীকার নীলকণ্ঠ বলেছেন জানাত্মা অর্থ জানত্তরপ, জানগমা অর্থ পরাবিদ্যাপ্রাণ্য, জানপ্রেষ্ঠ অর্থ চিক্লাজরূপে প্রশক্তম অর্থাৎ প্রশংসনীরদের মধ্যে জ্লেষ্ঠ আর স্থাবিদ অর্থ ছ্জের।

শিবের এই জ্ঞানস্তির সঙ্গে তার আরেকটি রূপ প্রকাশিত হয়েছে। তিনি চরাচরগুরু, স্রাস্বগুরু। তর্শান্তেও প্রধানত: শিবের এই জ্ঞানস্তি ও গুরুষ্তির দর্শন পাওয়া বার।

শিবমুক্তি—মহাভারতে শিবম্ভি-পূজার কথা আছে। অশ্বাসাকে ব্যাসদেৰ বলছেন<sup>৫</sup>— তারা ত্লন (নরনারাম্ণ) যুগে বুগে লিকে দেব মহেশরের অর্চনা করেছেন আর তৃষি করেছ অর্চাতে অর্থাৎ প্রতিমাতে।

কাহিনীটি এই—অপথামার অমোধ ব্রহান্ত কৃষ্ণার্কুনের কাছে বার্থ হরে গেলে তিনি বাসদেবের কাছে গিরে তার কারণ বিজ্ঞাসা করলেন। বাস বললেন অরাস্তরে কৃষ্ণ ছিলেন ক্ষি নারারণ। তিনি কঠোর তপকার মহাদেবকে তৃষ্ট করে বরলাভ করেন। মহাদেব বর দেন কোনো অন্ত তাঁকে আঘাত করতে পারবে না; তিনি সমরে অজের হবেন। ধবি নারায়ণের তপতার ফলে জন্মালেন ধবি নর। ইনি নারায়ণত্ল্য। ইনিই অর্জুন। এই নরনারায়ণ বা কৃষ্ণার্কুন মহাদেবের বর লাভ করেছিলেন বলে এঁদের কাছে তোমার বন্ধান্ত বার্থ হয়েছে। তবে ব্যাস একথাও বললেন বে অথখামাও জন্মান্তরে কঠোর তপতার বারা শিবকে তৃষ্ট করে তাঁর কাছে বর লাভ করেছিলেন। কিন্ত নরনারায়ণ লিকে শিবার্চনা করতেন আর অথখামা প্রতিমায় শিবার্চনা করতেন বলে তাঁর 'জন্মকর্মতণবোগ' তাঁদের মতো হলেও তিনি তাঁদের সমান কল পেলেন না।

<sup>&</sup>gt; नहीं को नानमान्द्र , नार-आअ, २न, अअर

२ क्विक्निकृत्व निकार वृत्ति तान वृत्तवतः।—वे ১०।১०।००२

عدر الاحداد في عداد الله الله عداد الله الله

छाणाः निरम्बर्डिट्डा स्वयुद्धार्थास वृत्व वृत्व ।—वर्ष ण १११००।॥१

লিজে শিবার্চনা কাহিনীটিতে লিজে শিবার্চনার মাহাদ্মা প্রচার করা হরেছে।
প্রতিষার শিবার্চনার চেয়ে লিজে শিবার্চনা বে অধিক ফলপ্রাহ তা ছটি লোকে আরও পরিকার
করে বলা হয়েছে। একটিতে আছে ভবকে সর্বরূপ অর্থাং স্কল রূপই ভবের রূপ এই জেনে
বিনি লিজে প্রভূর অর্চনা করেন তার মধ্যে আদ্মধোগ এবং শাস্তবোগ শাস্ত হর অর্থাং
লীব-ব্রন্ধ এক এই আদ্মজ্ঞান এবং তার সহায়ক শাস্তজ্ঞান তার সর্বহা থাকে, তিনি জীবব্রন্ধের
ঐক্য অন্নভবও করেন।

আন্ত প্লোকে আছে সকল প্রাণীকে শিবরূপ জেনে বিনি লিক্ষের অর্চনা করেন অথবা লিঙ্গকে সকল প্রাণীর উত্তব জেনে বিনি লিক্ষের অর্চনা করেন তাঁর প্রতি বৃষভধক অধিক প্রীত হন।

লোকছটি পর্বালোচনা করলে দেখা বার <u>শিব 'সর্বন্ধপ' এবং 'সর্বভৃতভব' এই আন বার</u> আছে তিনিই <u>লিকপ্রার বর্ণার্থ অধিকারী</u> এবং পূজার বাণার্<u>থ কল তিনি পান। এর অর্থ এ রকম জ্ঞান বার নেই তেমন ব্যক্তির পক্ষে লিকপ্রা বিহিত নয়। নরনারায়ণ ও অধ্যামার পূর্বোক্ত কাহিনীতেও এই ব্যাপারটি লক্ষ্য করা বায়। অধ্যামা নরনারায়ণের মতো উচ্চাধিকারী ছিলেন না। তাই, তিনি প্রতিমার শিবপ্রা করেন।</u>

এই यে नित्र निर्दार्धना कतात्र कथा रन এই नित्र कि ?

আলোচা প্রথম স্নোকের চীকার নীলকণ্ঠ বলেছেন (নিম্নে অর্থ ক্ষেম্মনীরে এবং (মচিতে)

মূর্ব প্রতিমাতে। তারপর তিনি নিকে এবং প্রতিমাতে মর্চনার ফলপার্থক্যের হেডু ব্যাখ্যা
করতে গিরে দক্ষসংহিতার একটি বচন উদ্ধৃত করেছেন। তাতে মাছে —

চারের সারিধ্যে যে-ফল তা অশাখত, তৃইরের সারিধ্যে শাখত পদ পাওরা বার। টীকাকার বলেছেন প্রতিমায় লিবার্চকের 'আয়মনইজিম্ববিষয়' এই চারের সারিধ্য হয় আর লিকে শিবার্চকের হয় 'আয়মন' এই তৃইরের সারিধা।

বোকা বাচ্ছে নীলকঠের মতে লিক্ষে লিবার্চক ইন্সিম্ন ও বিবন্ধ থেকে মন প্রাজ্ঞাহার করে বন্ধন্বরূপ লিবে নিবিষ্ট করেন এবং এইভাবে মন ভরার হয়ে গোলে সমাবিবোগে বন্ধোপলন্ধি করেন। ফলে তার লাখত বন্ধজ্ঞান লাভ হয়। এমনি উপাসকের প্রভি বে লিবের অধিক প্রীতি হবে তা সহজ্ঞেই বোকা বার।

- সর্বরণং তবং আছা নিজে বাহর্চরতি প্রভূষ্। আরুবোরাক ছক্ষিব্ বৈ লাক্সবারাক লাক্সাই।
- र्मक्टकर काचा निजयर्गित रः वाकाः । छत्रिक्रकाविकार व्यक्तिः करवंति वृत्रकरातः ।

-----

- ০ বিজে প্ৰদাৰীৰে আগৰাৰ প্ৰতিমানাৰ ৷—ই গাং ০০/১২, ইকা

বলা বাহল্য, এই ধরণের আরাধনা অর্থাৎ শিবের লিক বা স্ক্রম্তির অর্চনা অতি উচ্চাধিকারী ব্যক্তির প্রত্যে সম্প্রতার । এ কথার সমর্থন আছে মহাভারতেই। দক্ষ প্রভাগতির মতো ব্যক্তিও শিবকে বলছেন<sup>3</sup>— তোমার বে-সব ক্ষুক্ত মূর্তি তাদের আমি দর্শন পাই নে। কাজেই, সিদ্ধান্ত হর মহাভারতের সমরে শাস্ত্রপদীদের মধ্যে বারা অতি উচ্চাধিকারী ছিলেন তারাই লিকে শিবার্চনা করতেন।

কথা উঠতে পারে নীলকণ্ঠ ত মহাভারতের সময়কার লোক নন। তিনি লিক্লের বে অর্থ করেছেন লেই অর্থেই শব্দি মহাভারতে বে বাবহৃত হরেছে তার নিশ্চয়তা কোথার? নিশ্চয়তা আছে এইবার বে এ ছাড়া আলোচা প্লোকগুলির কোনো বৃদ্ধিসক্ত অর্থ করা বায় না। কেখা গোল মহাভারতেই শিবের ক্রম্ম মূর্তির উরেখ আছে। উপনিবদেও দেখা বায় স্মাণরীর কে লিকশবীর বা হরেছে। কাজেই, নীলকণ্ঠ বে লিক্স অর্থ করেছেন ক্রমণরীর তা তাঁর স্বকণোলকল্লিত নয়। বিশেব করে আমাদের ধর্মগ্রহের প্রাক্-আধুনিক মূলের টাকাকারদের একটা বিশেবছ এই বে এ রা প্রাচীন পরম্পরারই অনুসরণ করেছেন বলা বেতে পারে।

নিক বদি শিবের স্ক্রশরীর বা স্ক্রম্তি হয় তাহলে সে-মৃতি কি ধ্যানগয়া যানস মৃতিমাত্র, না তার বাহা প্রতীকও কিছু ছিল এই প্রশ্নটি থেকে বায়।

মহাভারত থেকে উদ্ধৃত স্নোকে দেখা হার নিক ও অর্চাকে পূজার আধার বল। হয়েছে। আধার মানসও হতে পারে আবার বাহাও হতে পারে।

অন্তশাসনপর্বে আছে উপসন্থা ইন্সকে বগছেন 'দেবেন্দ্র, এখানে ভগান্বিত প্রত্যক্ষ নিক্ষ দর্শন কর।' এর থেকে মনে হতে পারে উপসন্থার সামনে শিবলিক ছিল এবং তিনি ইন্দ্রকে তাই দেখিনে দিরেছেন। কিন্তু প্রসক্ষ আলোচনা করলে তা মনে হয় না। উপসন্থা শিবের ভপজার রভ ছিলেন। তার কঠোর ভপজার তৃষ্ট হয়ে শিব ইন্দ্রন্ধ ধরে তার সামনে এলেন। তথন অক্ত কথা প্রসক্ষে তিনি পূর্বোক্ত কথাগুলি বলেছিলেন। উপসন্থা বে লিকে শিবার্চনা করছিলেন ভার কোনো উল্লেখ কোখাও নাই। কাজেই মনে হয় ইন্দ্র ধ্যানদৃষ্টির সামনে আবিভূতি হয়েছিলেন আর তিনি বে প্রত্যক্ষ লিকের কথা বলেছেন তা তার ধ্যানদৃষ্টির সামনে প্রত্যক্ষ ছিল। কেন না, দেখা বাদ্ধ উপসন্থা এই শিবলিকের

<sup>&</sup>gt; वा व्राम्यादक व वक्ष वाकि वर्णवन् ।-वहां का प्रश्रमका

व्यक्तिमा व्यक्तिमा विकास विकास विकास ।—(व केन ३)>०

वास्त्रकारिक प्रतिकार विकार स्थापिकम् ।—महा का २०१२६१११

কথা এবং শিবের অক্তান্ত রূপাদির কথা বলে বলছেন—কৃষ্ণ, সমাধি থারা আমি এইরূপে দেবদেবকে দর্শন করেছিলাম।

কাব্দেই মহাভারতে শিবলিক্ষের বাহ্য প্রতীক বা বাহ্য শিবলিক্ষের উল্লেখ আছে কি না নিশ্চয় করে বলা কঠিন।

লিলের **অর্থ**— তবে আমাদের মনে হয় শিবের স্ক্রম্তির অর্থাৎ শিবলিক্ষের বে একটা বাহা প্রতীকও ছিল লিঙ্গশন্টির ব্যবহারেই তা স্থচিত হচ্ছে। লি<u>ঙ্গশন্দের অক্সতম</u> অর্থ চিহ্ন। এই অর্থে শন্টি মহাভারতেওং ব্যবহৃত হয়েছে।

প্রাক্তমে বলা বার শৈব পাশুপতরাও এই চিহ্ন অর্থে লিক্স্সটের ব্যবহার করেছেন। পাশুপতস্ত্রের একটি স্ত্র—লিক্স্পারী। ভালে কৌণ্ডিক্স বলেছেন সম্ভ বর্ণাশ্রমীদের আশ্রমপরিচায়ক বিভিন্ন লিক্স থাকে; বেমন ব্রহ্মচারীদের লিক্স দণ্ড, কমণ্ডপু, মৌকী, মেখলা, মজ্যোপরীত প্রভৃতি; তেমনি পাশুপতদেরও শরীরে ভশ্মলেপন, নির্মাল্যধারণ প্রভৃতি লিক্স। ভগরন্দ্রীতা, মহুসংহিতা প্রভৃতিতেও চিহ্ন বা লক্ষ্মণ অর্থে লিক্সন্ত্রের ব্যবহার আছে।

ৰে বিশেষ চিহ্নটি শিবের চিহ্ন বলে মনে করা হত তাই শি<u>ৰ্চিহ্ন বা শিবলিক। এটি</u> শিবের প্রতীক। আরাধকদের দৃষ্টিতে প্রতীক আর প্রতীকী অভিন্ন। তাই, শিবলিক স্বায়ং শিব।

শিবলিকের আকার—লিক্ম্তির বে-আকার বছল প্রচলিত এবং বে-আকারের দর্শন পাওয়া বায় বিতীয়-তৃতীয় খৃষ্টপ্র্বাবের মৃত্রায় ও গুপ্তয়্বের সিলে আর সেই প্রাচীনকাল থেকে আরু পর্যন্ত সারা ভারতবর্ধ হুড়ে বে-আকারের লিক্স্তির পূজা হচ্ছে তা মোটাম্টি ভন্ত বা নলের আকারের, ইংরেজিতে বাকে বলে cylindrical. তবে অন্ত আকারের শিবলিকও আছে। শ্বিজ্ঞাক বলে পুলিত লিক্ক অধিকাংশ কেত্রেই ক্ষম্র পর্যন্ত বা পূর্বতশূক্ক অথবা তান্ত বা তৃপাকৃতি প্রস্তর্যগুত্ত। খৃষ্টপ্রাব্বের মৃত্রায় তিনটি পর্বতশৃক্কের মাধার উপরে চক্রকলা উৎকীর্ণ আছে দেখা যায়। অভিজ্ঞ ব্যক্তিরা মনে করেন এ শিবের প্রতীক। কাজেই, বোঝা যাছে আলোচ্য মৃত্রায় বয়য়ভূলিক উৎকীর্ণ হয়েছে।

- > এवा पृष्टी मद्यो कुक एक्टान यः नमाधिना।—महा छ। ১०।১॥०७॥
- २ (यन निरक्तन (या म्हरून) युक्तः मयूर्णनकारः । एउटेनव नामा उर एक्नर बाह्यमार बनीवियाः ।

-वे अश्राव

- ৩ পারপত হত্র ১া৬
- B कोखिन निक्र भारत्व वार्षात्र वरणस्त्र--'नीत्रमाहिन्दमाक निक्रम् ।---मे, जान
- e ভগবদ্গীতা ১৪।২১ ৬ মৃত্ ৮।২৫, ২৫২ ৭ D. H. I., p. 114
- ▶ Swami Sankarananda : Is Sivalinga A Phallus? Ch. V. D. H. I., p. 109.

প্রচলিত আকার কেল ?—শিবলিলের বে বিশেব আকারটি প্রচলিত সেইটিই কেন প্রচলিত হল এ সহছে নানা মূনির নানা মত। কাঁরো কাঁরো মতে বেছিদের পূজাবল তুপ, বিশেষ করে ক্স ক্ষ তুপ শিবলিলের আকারনির্ণরে সহায়তা করেছে এবং এই ব্যাপারে বিশ্বর প্রীত্যর্থে স্থাপিত তত্তের (সক্জ্মজের) প্রতাবও অন্ত্রমান করা হর।

তত্ত্ব বে শিবলিকের আকারনির্ণয়ের অক্তম কারণ তার প্রস্থতাত্ত্বিক নির্দর্শন পাওয়া গেছে। কুমারখামী কুশানযুগের শেবের দিক্কার একটি শিবমূর্তির বিবরণ দিয়েছেন। মূর্তিটি চতুর্ভুল, দগুরমান। একটি অস্তসদৃশ প্রতীকের গারে উৎকীর্ণ। পূ এই তত্তকে শিবলিকের আদিরূপ বলা বার।

এ কথার পৌরাণিক সমর্থনও আছে। শিবপুরাণাদিতে শিবলিকের আবির্ভাব-কাহিনীতে দেখা বায় শিবের স্তম্ভূতিই শিবলিকের আদিরূপ। কাহিনীটির সংস্ট্র অংশ সংক্রেপে এই ত্রুলা ও বিষ্ণুর মধ্যে কে প্রেষ্ঠ এই নিয়ে একবার বিবাদ বাঁধে। কথা কাটাকাটি হতে হতে ভরংকর বৃদ্ধ আরম্ভ হয়ে বায়। তখন তাঁদের মোহ দ্র করার জন্ত পরমেশর শিব নিদ্দা হলেও ভীষণ অনল-স্তম্ভরূপে,উভয়ের মধান্ত্রলে আবির্ভূত হন। এই লোমহর্ষণ স্তম্ভ আঘন্তহীন। বন্ধা এই বিষ্ণুও এর অন্ত ও আদি দর্শন করতে পারলেন না।

এই স্বন্ধ হৈ পূজার আধার শিবলিকের আদিরপ এ কথা শিবপুরাণে স্পষ্ট ভাষার বলা হয়েছে। শিব ব্রন্ধা এবং বিষ্ণুকে বলছেন° জগংবাসীর দর্শন ও পূজনের জন্ত এই আজন্তহীন স্তন্ত ক্ষরণ ধারণ করবে। আবার ভোগাবহ এই লিক একাধারে ভূক্তির ও মৃক্তির সাধন। এঁর দর্শন, স্পর্শ এবং ধ্যানের বারা জীবের জন্মবন্ধন বৃচ্চে বার।

কেউ কেউ মনে করেন বৈদিক বুপই শিবলিক্ষের আদিরূপ। বুপই বৈদিক বজে ব্যবহৃত ব্যবহৃত ব্যবহৃত বুপত আৰু নাৰিক্ষিত বুপত আৰু আবিষ্কৃত ও হয়েছে। আজুমানিক বিতীয় ভূতীয় ধু ইপূৰ্ব শভকের

<sup>&</sup>gt; H. B., Vol. II, pp. 148-144 ? D. H. I., p. 462

৩ শি পু, বিদ্বেদরসংহিতা, ৩২৭-৩১; ১১১

অনাভত্তিকং তত্ত্বপুষাত্তং তবিয়ভি।

পর্শনার্কং বি অগতাং পুজনার্কং বি পুত্রকো

তোগাবহ্তিকং বিজং ভুজি-মুজ্যেকসাধনয়।

পর্শন-শর্শন-খালাজভুলাং জন্মমোচনয়।

<sup>—</sup>শি পু, বিভেষরসংহিতা, ৭।১৯-২০

<sup>4</sup> Swami Sankarananda : Is Sivalinga A Phallus ?

<sup>\*</sup> 계한 명 > i> 812>, 여)>>> \* D. H. I., p. 108

আনুনারনদের এবং বোধেরদের ম্বার বৃপের পাশে দণ্ডায়মান বৃষম্তি উৎকীর্ণ আছে মনে করা হয়। ত তক্টর জিতেজ্ঞনাথ বন্দ্যোপধ্যার এগুলিকে শ্লগব-বজ্ঞের স্থারক মনে করেন। প্রাচীন কালের ভারতীর রাজাদের এমন কি ভারতের বিদেশী শাসকদের কাঁরো কাঁরো ম্বার ব্যভম্তি উৎকীর্ণ হয়েছে। অভিজ্ঞ ব্যক্তিরা বসেন এই বৃষভম্তি শিবের পশুম্তি। পল্কা করা গেছে কুক্তকে বেদসংহিতাতেই বৃষ বলা হয়েছে। এইভাবে বৃপের সঙ্গে বৃষভম্তি থাকার ধারা বৃপকে শিবলিক্ষের আদিরূপ মনে করেন তাঁদের মতের একটা সমর্থন বেন পাওয়া ধার।

আদিম মানবের পূজার আধার—মামরা দেখেছি মাদিম মানব বিশেব বিশেব গাছ, পাধর বা জন্তকে দেবতা বলে পূজা করত। এগুলি ছিল তাদের কাছে পবিত্র পূজার আধার (Fetish things)। জগতের সর্বত্র পূজার আধার পাধর পাগুরা গেছে। এই-সব পাখর বেশীর ভাগ ক্লেত্রেই দেখা যায় লয়াটে ধরণের, গোড়ায় অন্ত পাধর দিয়ে খাড়া করে রাখা হত। এই খাড়া পাধরের মধ্যে অনেকগুলিই নোড়া বা ধাম বা নলের আকারের।

লক্ষ্য করা গেছে বেদ্দংহিতার সময়েই <u>আর্থ অনার্থ নানা 'জন'এর দেবতা কল্পশিবের মুখ্যে মিশে যান</u>। অসমান করা অসকত হবে না এমনি কোনো এক বা একাধিক 'জন'-এর লোকেরা থাড়া লখা পাথরে দেবতার পূজা করত আর সেই দেবতা কল্পশিবের মধ্যে মিশে যান; অর্থাৎ তিনি কদ্রশিব বলে স্বীকৃত হন। এইভাবে এই বিশেষধরণের পাথরকে কল্পশিবের পূজার আধারকপে বেদপখীরাও স্বীকার করে নেন। যা দেবভার পূজার আধার তাই তাঁর প্রতীক হয়ে দাঁড়ায়। হয়ত এমনি করেই থাড়া লখা পাথকা শিবের প্রতীকরূপে গণ্য হয়েছে।

আমাদের অনুমানের ঐতিহাসিক সমর্থনও আছে। বে তিনটি প্রাচীনতৰ মুনার নিবলিক উৎকীর্ণ আছে মনে করা হয়, ভক্টর বন্দ্যোপাধ্যায় সেগুলিকে স্থানীয় বা জনীয় (local or tribal) বলে অভিমত প্রকাশ করেছেন। এর খেকে বোকা বায় শিবের এই বিশেষ আকারের লিক বা মূর্ভি ঐতিহাসিক সময়েও প্রথমে বিশেষ 'জন'-এর মধ্যে অচিত হত।

তবে এ সম্পর্কে একটি কথা আছে। অনুমান হয় অভি প্রাচীন কালে বিভিন্ন 'জন'-এর মধ্যে থাড়া লঘা পাধরে বিভিন্ন দেবতার পূজা হত। এই কারণে পাছে লোকে ভূল করে এই জন্ত পরবর্তী কালেও দেখা যায় প্রথমে প্রথমে শিবলিজের গালে কোখাও কোখাও শিবস্তি উৎকীর্ণ করে দেওয়া হয়েছে; অথবা শিবলিজের পাশে ক্রিশ্ল-পরত কেওয়া হয়েছে।

D. H. I., p. 109 2 Thid. pp. 112, 118 D. H. L., p. 114

वमारत (Basarh) धार्च अकर्षि निरंग निविभित्तमं शार्म अमेनि जिन्ग-नवस स्ट्रेंकीर्ग दिनी श्रीव । र

ব্ৰ-সৰ্ব শিবলিক্ষের গারে শিবসৃতি উৎকীর্ণ আছে সেগুলিকে বলে মুখলিক বিবলিক ব্যান স্বল্পন্তিত হয়ে বায় তথন থেকে মুখলিক্ষের আর প্রয়োজন থাকে না। এই জন্ত অবাচীন কালের কোনো মুখলিক পাওয়া বায় না।

লিবের উর্ছ নে বা হক, বেদপন্থীরা 'জন'-পৃজিত কল্পনিবর প্রতীককে বীকার করে
নিলেন বটে কিছ তার সঙ্গে আপনাদের অতি উচ্চ আব্যান্ত্রিক তন্ত্র বোগ করে দিলেন। শিব
বন্ধ; বর্ণতা নিশুণ, নিজল। তারা বললেন অকপ্রতালহীন নিজম্তি নেই তন্তই প্রকাশ
করছে। কিছু এই গভার তন্ত্র প্রবার বোধগমা হত না। সেইজল বেদপনীদের মধ্যে
আর লোকেই নিকে অর্চনা করত বা করার অধিকারী ছিল। আমরা দেখেছি মহাভারতে
তার স্বশাই ইকিত রয়েছে।

প্রাচীন লিক্স্তির অভাব—মহাভারতের সময়ে উচ্চপ্রেণীর লোকের মধ্যে বে লিক্স্তিনির বিচিনা ব্যাপক ছিল না বরং অর্চার নিবার্চনা অধিকতর প্রচলিত ছিল তার ঐতিহালিক প্রমাণ আছে। বথা—(১) পত্তরলি তার মহাভাষো নিবের প্রতিষ্কৃতির উল্লেখ করেছেন, নিবলিকের করেন নি। (২) বিদেশী শাসক গণ্ডকরেস (Gondophares) এবং ওর্মের কড্মিলেস-এর (Wema kadphises) মৃত্রায় সর্বাবরর নিবম্তি উৎকীর্ণ হরেছে পিনিবলিকের অর্চনা ব্যাপক হলে নিবলিকেই উৎকীর্ণ হত। (৩) গৃষ্টের হলেক শর্তাবী প্রের্ব এবং তার হলেক শ্রাক্রী প্রের্ব এবং তার হলেক শ্রাক্রীয় প্রের্ব করেন মৃত্রায় নিবের স্বাবরর মৃতি পাওয়া গেছে। বিসম্বাবন তিন্তি মাত্র স্থানীয় বা জনীয় মৃত্রায় নিবলিক উৎকীর্ণ হয়েছে বলে মনে কর্মাহর। কিছ এই মৃত্রান্তলি সম্পর্কে পতিতেরা কোনো স্থিরসিদ্ধান্তে পৌছতে পারেন নি এবং মৃত্রাতে উৎকীর্ণ প্রতীকটি নিবলিক কি না সে-সম্বন্ধত তারা এক মত নন।

পোরাশিক বুগে লিক্স্তির প্রচার পরে পোরাশিক বুগে বর্থন শিব প্রথশিক, প্রবন্ধ এই তথ বিশেষভাবে প্রচারিত হল এবং সেই সঙ্গে লিক্সে শিবার্টনার প্রেষ্টর্থ ও গৌরব প্রচারিত হল তথন থেকে লিক্স্তির অর্চনার ব্যাপক প্রচলন হরেছে বলা বার। ঐতিহাসিক বিচারে বলা বার এটি শুপুরুগ থেকে হরেছে। কেন না ঐ সময় থেকেই শিব্লিক অর্চনার স্থানিভিত ঐতিহাসিক নির্দান পাওয়া বাছে। সেই শুপুরুগ থেকে বর্তমান কাল পর্যন্ত ভারতের সর্বত্র লিক্স্তিতেই শিব পৃঞ্জিত হরে আসভ্যেন। শিবের সর্বাবরব

<sup>5</sup> Ibid, p. 179. 2 minist ejejan . D. H. I., pp. 118-126

<sup>8</sup> Ibid, pp. 117-118

মৃতি এ সময়ে খ্ব কমই দেখা বায়। প্রাচীন শিবমন্দির গুলিতেও লক্ষ্য করা বার শিবের
মূল বিগ্রহ লিক। তবে অনেক মন্দিরের গায়ে মানবাকার সর্বাবয়ব শিবমৃতি উৎকীর্ণ
করেই দেখা বায়। মনে হয় সাধারণ লোকেদের দেবতার ধ্যানধারণার সহায়তা করার
করেই এরপ করা হয়েছে।

কিন্ত শিবলিক্ষের এই ইতিবৃত্ত সবাই স্বীকার করেন না। কাঁরো কাঁরো মতে শিববিশ্ব মূলতঃ জননেন্দ্রিয় (phallus)। এঁদের মতে প্রাচীন জগতের সর্বত্ত সকল শ্রেণীর
কাঁহবের মধ্যে স্বীজননেন্দ্রিয় এবং প্রেজননেন্দ্রিয়ের পূজা প্রচলিত ছিল। সভ্য মাহবের মধ্যে
ক্রিনীয়, মিশরী, য়িছদী, রোমক ও শিন্টোধর্মী জাপানী প্রভৃতি লোকেরা এই পূজা
করতেন। রোমক মহিলা এবং কলারা জননেন্দ্রিয়সদৃশ পদক (medal) ও অল্ছার
প্রতেন। তাঁদের বিশাস ছিল এতে তাঁরা সম্ভানবতী হওয়ার সামর্থ্য লাভ করবেন।
শ্রেদের মতে ভারতবর্ষেও ঋগ্রেদের সময় থেকে জননেন্দ্রিয়ের পূজা প্রচলিত ছিল। এঁরা
ঝগ্রেদের মক্রকারীদের শক্রদের সম্পর্কে ব্যবহৃত প্রিয়দেবাং শক্তিকে আপনাদের মতের
সমর্থক প্রমাণ মনে করেন।

শিবলিক সম্বন্ধে অক্স মন্ত আলোচা মতবল্যী অধিকাংশ পণ্ডিতের মতে জননেজ্রিয়ের পূজা আর্থেডর লোকেদের মধ্যে প্রচলিত ছিল। তাঁদের কাছ থেকেই আর্থেরা এটি গ্রহণ করেন, অবশ্র নিজেদের মতো করে। শুলাবদে শিল্পদের নগরবাদী বলা হরেছে। তার থেকে কেউ কেউ অহমান করেন এরা মহেকোদড়োর নির্মাতা আর্থেডর লোক। শুলার জন মার্লেল মহেঞাদড়ো ও হড়প্রার ধ্বংসাবশেবের মধ্যে পূলার আলার প্রজননেজ্রিয় ও স্থীজননেজ্রিয় পাওয়া গেছে বলে অভিমত প্রকাশ করেছেন। বেশ্বর প্রভাগরার্থীয়ক বা বলয় পাওয়া গেছে দেগুলিকে তিনি যোনি মনে করেন। আর অভ্নতঃ ছটি পাথরের লিঙ্গ পাওয়া গেছে বলে দাবি করেন। এই ছটির আকার কমবেনী প্রজননেজ্রিয়ের মতো। এইজন্ত, মার্লেল মনে করেন ভারতে জননেজ্রিয়পুরা প্রাক্ত আর্থানির বিজ্ঞানির ম্বার্থি। উত্তরবেল্ডিভানের মৃথল ঘুরিও নামক স্থানে একটি বান্ধব শিল্পের আকারের প্রস্তর্থনির (লিঙ্গ)

D. H. I, p. 455 R. S. S. W., pp. 383, 884, 387, 395, 448

<sup>•</sup> E. R. E., Vol. IX, p. 822 8 Ibid, p. 819 6 S. S. W., p. 882

<sup>.</sup> R. I., p. 414; Antiquity of Tan'ricism, I, H. Q., Vol. VI. p. 121

والحوادد : عادجاه ع ٩

Bace Movements and Pre-historic Culture, V. A., p. 168; R. Ph. V. U. p. 682, f. n. 8; V. S. M. R. S., p. 115

Pre-Indian Element in Indian Culture, I. R. Q., Vol X, pp. 19-20

এবং পেরিয়ানো যুঠিও নামক স্থানে একটি বাস্তব বোনির আকারের প্রস্তরবোনি স্থার ওরেল টাইন আবিষ্কার করেন। এগুলিকে মহেঞাদড়োরও পূর্ববর্তী মনে করা হয়। মার্লেল মনে করেন এই আবিষ্কারে তাঁর মতের সমর্থন পাওয়া বাচ্ছে।

মান্ত্রান্ধের লালের জেলার লেবরর (Shevoroy hill) পাহাড়ে একটি জননেব্রিরের আকারের পাথর পাওয়া গেছে। একে পূজার আধার জননেব্রির মনে করা হয়। এছাড়া, বড়োদা রাজ্যে নবপ্রস্তর-যুগের (neolithic times) একটি পূজার আধার সুনার জননেব্রির পাওয়া গেছে বলে ছাত্রি করা হয়।

শিবলিকপৃষ্ণা বে মূলতঃ আর্বেতর জননেন্দ্রিয়পৃষ্ণা তার সমর্থনে বলা হয় জননেন্দ্রিয়বাচক নিদ্ধ শুক্তিই মূলতঃ প্রোটো-অইলয়েড বা আদি-অট্টেনীয় ভাষার শব্দ। শ্বাচি প্রে আর্বভাষায় গৃহীত হয় এবং সেই সঙ্গে নিক্লপুদ্ধা আর্বসমান্দে গৃহীত হয়।

এই মতের সমর্থক সব চেয়ে জোরাল প্রমাণ হিসারে অজ্ররাজ্যের গুভিমল্লমের লিবলিক্ষের উল্লেখ করা হয়। সাধারণতঃ এটি খুইপূর্ব প্রথম বা বিতীয় লতান্দীর তৈরী বলে মনে করা হয়। লিক্ষের লিরোভাগ বাস্তব জননেজ্জিয়ের মৃখের মতো। লিক্ষের গায়ে লিব্যুর্তি খোদাই-করা। কাজেই, এঁরা বলেন লিবলিঙ্গ যে মৃগতঃ বাস্তব জননেজ্জিয় এ বিবয়ে কোনো সন্দেহ থাকতে পারে না।

শিবলিক মূলজঃ শিশ্প নয়—পূর্বেই ইঞ্চিত করা হয়েছে এ মত পণ্ডিতেরা দবাই স্বীকার করেন না। বিরুদ্ধতাবলমীরা বলেন শিবলিক বে মূলতঃ জননেন্দ্রিয় (phallus) এ মতের পক্ষে যথার্থ কোনো যুক্তি নেই।

এঁদের মতে ভগ বেদের 'শিল্পদেবাং' অর্থ জননেজিলপুজক এ রক্ষ মনে করার কোনো হেতু নাই। বাছ শিল্পদেবাং শক্ষের অর্থ করেছেন অব্রহ্মচর্বাং অর্থাৎ অব্রন্ধচারী। সাল্লপ্র এই অর্থ করেছেন। শক্ষামহোপাধ্যায় বিধুশেধর শাস্ত্রী এ সম্বন্ধ বিভ্ত আলোচনা করে দেখিলেছেন শিল্পদেবাং অর্থ কামুক (lustful)।

महरकाषर्का-इत्रभारक श्राष्ट ख-नव वश्रदक मार्त्न निक्र अवः वानि मत्न करत्रहन मधन

<sup>&</sup>gt; M. I. C., Vol. I, p. 59 a F. O. I. P. P. A., p. 61, ref. I. H. Q. Vol. X, p. 21

<sup>·</sup> F. C. I. P. P. A., p. 189, ref. I. H. Q., Vol. X, pp. 19-90

в. व लिए Jean Prayluski (विश्वतहरून निक्ष, नाकून, नकूछे এवर नक्ष व्यक्ति नव । वः V. А. р. 168

<sup>€</sup> V. A., p. 168

<sup>6</sup> Coomarswamy: History of Indian and Indonesian Art, p. 89;

<sup>9</sup> E. H. I., Vol. II, Part I, pp. 55-68, 65-71 > विक्रक का> ; 4 (4 412)14, जांक

<sup>&</sup>gt; I. H. Q., Vol, IX, p. 108; Vol. X, pp. 156-157

বে লিক এবং বোনি তার কোনো নিশ্চিত প্রমাণ নেই। প্রস্তাববদয়- বা অভুরীয়ক-শুলিকে ত বোনি বা 'বোনিচিহু' বলে প্রমাণ করা বায় না। আর বে-সব পাধরকে মার্শেল লিক মনে করেছেন তিনি তথু সেগুলির আকৃতি দেখেই অহুমান করেছেন পাধরগুলি লিক হ্রার খুবই সন্তাবনা (highly probable)। অপচ এই আকৃতি সম্বন্ধে তিনি নিম্নেই মন্তব্য করেছেন এটি প্রধাগত (conventionalized)। এর অর্থ বাস্তব শিশ্লের আকৃতি নর। বে হুটি বন্ধকে তিনি নিঃসন্দিশ্বরূপে শিল্প (unquestionably phalli) মনে করেছেন লে ছুটিও কমবেশি বাস্তব শিশ্লের আকারে তৈরি বলেছেন (more or less realistically modelled)। অর্থাৎ এ ছুটকেও পুরোপুরি বাস্তব শিশ্ল বলতে পারেন নি।

মার্শেলের কথা থেকেই বোঝা বায় মহেজোদড়োতে প্রাপ্ত যে-পাধরগুলিকে তিনি লিক্ষ মনে করেছেন দেগুলি শিল্প নয়; শিল্প হলে তাদের বাস্তব শিল্পের আকৃতি থাকত। তা না হল্পে লিক্ষণুলি হয়েছে প্রথাগত আকারের। এই প্রথাগত আকার সমম্পে মার্শেল ঐ প্রসঙ্গেই মন্তব্য করেছেন মধ্যযুগের এবং আধুনিক যুগের ভারতে স্বাভাবিক শিশ্পের আকৃতির শিবলিক্ষ কণাচিং দেখা বায়; শতকরা নকাইটি লিক্ষই প্রথাগত আকারের করা হয়েছে (conventionalized)। অবশ্র, মার্শেলের ধারণা শিল্পের স্বাভাবিক আকৃতি বাতে ধরতে না পারা বায় সেইজন্তই এ রকম প্রথাগত আকৃতি করা হয়েছে।

কিন্ত তাঁর এই ধারণার সমর্থনে তিনি কোনো বৃক্তি দেন নি। কান্ধেই, এটি তাঁর ব্যক্তিগত মত বলা বেতে পারে। তা ছাড়া, তিনি বে-মন্থব্য করেছেন শতকরা নকাইটি শিবলিঙ্গ প্রধাগত আকারের এটিও তাঁর ব্যক্তিগত মত বলেই মনে হয়। কেন না অভিক্র ব্যক্তিরা জানেন শিবলিঙ্গমাত্রই প্রধাগত আকারের।

যা হক, মার্শেল-পরিবেশিত তথা থেকেই জানা যায় মহে**লোহড়োতে জন্ধ বা নালে**র আকারের পাথরের দেবতার পূজা হত এবং এই আকৃতির পাথর**ই পরে শিবের চিছ বা** প্রতীক বলে গৃহীত হয়। মার্শেল এইগুলিকেই প্রখাগত আকারের 'লিক' বলেছেন। এগুলি লিক বটে কিন্তু শিল্প নয়। কেন না, শিল্প নয় বলেই বাজব শিশ্পের আকারের হয় নি। শিবুলিকের মূল জন্ত বা নলাকার পাথর, সেইজন্ত শিবুলিকের আকার প্রখাগত' হলেছে, বাজব শিশ্ব হলে শিবুলিকের আক্রিকের আক্রিভিও সেই রক্ষ হত।

<sup>&</sup>gt; M. I. C., Vol. I, pp 59-60 R. I. C., Vol. I, p. 59

ত শিবনিজের প্রবাসত আকার এই—নিজের নিরভাগ চতুরল্ল (aguare), মধাভাগ জ্ঞাল (polegonal) এবং শিরোভাগ সাধারণতঃ ননাকার (cylindrical)। সাধারণতঃ নির ও মধ্যভাগ ভূমি এবং শীটকার (podestal) জভাতরে বাকে। এইজভ শিবনিজের আকার কলতে তার শিরোভাগের আকারই বুবার।

<sup>8</sup> M. I. C., Vol, I, pp. 59-60

শুভিমন্ত্রের নে-পিবলিক্ষকে তার মন্তক্তাগ দেখে নিশ্চিত বাস্তবাকৃতি শিশ্ব মনে করা হয় নে-সহক্ষেপ্ত ভিরমত আছে। তিরমতাবলখীরা বলেন, এই লিকটি কেটে শিবসূর্তি করার সময় শিল্পী লিক্ষের শীর্বভাগে মন্দিরের আকৃতি ফেবার চেটা করেছেন। শিব মন্দিরের মধ্যে আছেন এইটি তিনি দেখাতে ছেয়েছেন। লিক্ষের শিরোভাগে বা দেখা বার তা আসলে মন্দিরের সামনের দিক্, একে শিশ্বম্থের আকৃতি বলা ভূল।

ধারা মনে করেন শিবপিক মূলতঃ অনার্য-উপাসিত শিল্প (phallus) তাঁরা বলেন গোড়া বেদপদীরা শৈবদের বে দ্বণা করতেন এটি তার অক্তম কারণ। তাই বদি হয়, ভা হলে এই বেদপদীরা অনার্থদের প্রিভ শিল্পকে নিজেদের দেবতা কপ্রশিবের প্রতীক বা ক্সাশিব বলে গ্রহণ করলেন কি করে বা ক্সাশিবের প্রতীককে অনার্য শিক্ষশব্দের দারা পরিছিত করলেন কি করে ?

আর্ধি। প্রোটো-অট্রলম্ভেদের কাছ থেকে শিশ্রপূলা এবং শিশ্রবাচক নির্দ্রলটি গ্রহণ করেছেন বলে বে-অভিমত প্রকাশ করা হয় বাস্তব ক্ষেত্রে তার সমর্থন পাওয়া বার না। প্রোটো-অট্রলম্ভেদ্রের মধ্যে বদি শিশ্রপূলা প্রচলিত থাকত তা হলে তারের বংশধরদের মধ্যেও তা অবস্তই প্রচলিত থাক্ত, কেন না, এই-সন আদিম মাহ্ব অত্যন্ত রক্ষণশীল, বিশেব করে ধর্মের ব্যাপারে এরা চরম রক্ষণশীল, পূর্বপূক্ষদের ধর্মের এতটুকু পরিবর্তনও এরা বীকার করে না। কিন্তু ভারতের ঐতিহাসিক বুগের প্রোটো আট্রলম্ভেদের মধ্যে শিশ্রপূলার কোনো নিদর্শন পাওয়া বাম না। সাধারণভাবে বলা বার বর্তমানেও ভারতের পার্বতা আভিগুলির মধ্যে শিশ্রপূলার প্রচলন নাই। কাচ্ছেই প্রোটো-অট্রলম্ভেদের কাছ থেকে শিশ্রপূলা আর্বসমাকে গৃহীত হয়েছে এ অভিমত সমর্থনযোগ্য নয়। ওধু ভারার প্রমাণে কোনো বিদ্যান্ত উপনীত হওয়াও সমীচীন হতে পারে না। বিশেব করে এ ক্ষেত্রে ভারার প্রমাণও টেকে না। কেন না, শিশ্রবাচক নিঙ্গশন্দ প্রেটো-অট্রলয়েড ভারা থেকে আর্বভারার গৃহীত হতে পারে কিন্তু আর্বভারায় শক্তি একাধিক অর্থে ব্যবহৃত হচ্ছে। এরপ অবস্থায় নিঙ্গপূলা অর্থ শিশ্রপূলা এ ক্যা নিন্দয় করে বলা বার না। কাজেই নিঙ্গশন্ধ শিশ্রপূলা অর্থ শিশ্রপূলা এ ক্যা নিন্দয় করে বলা বার না। কাজেই নিঙ্গশন্ধ শিশ্রপূলা অর্থ শিশ্রপূলা এ ক্যা নিন্দয় করে বলা বার না। কাজেই নিঙ্গশন্ধ শিশ্রপূলা অর্থ শিশ্রপূলা এ ক্যা নিন্দয় করে বলা বার না। কাজেই নিঙ্গশন্ধ শিশ্রমূলন্তর প্রমাণ বলে গণ্য হতে পারে না।

বিরাট্ আকারের শিবলিক্স— ভারতের কয়েকটি হানে আছে করেকটি বিরাট্ শিবলিক প্রভিষ্ঠিত। প্রথমেই কানীর বাফীশ্বর নিকের উল্লেখ করা বার। এটি একটি

<sup>&</sup>gt; Swami Sankarananda : Is Siva Linga a Phallus?

<sup>₹</sup> D. H. I., p. 455 . B. B. B., Vol. VI., p. 700

প্রকাণ্ড কাল নলাকার প্রস্তর্থণ্ড; এর উচ্চতা ছ ফুট এবং পরিধি বার ফুট। ড়্পালের ভোজপুরে অহরণ একটি লিঙ্গ আছে। প্রকাণ্ড এক পীঠিকার উপর এই অতিকার লিঙ্গটি প্রতিষ্ঠিত। এটি সাড়ে সাত ফুট উচু আর এর পরিধি সতের ফুট আট ইঞ্চি।

তাক্ষোরের বৃহদীশ্বমন্দিরে প্রতিষ্ঠিত লিঙ্গ, শিবকাঞ্চির ক্ষিতিলিঙ্গ এবং তিকবন-মানুরের জ্যেতিলিঙ্গও বিরাট আকারের। দেখতে বিস্তীর্ণ পরিধির প্রকাণ্ড স্কম্ভের মতো।

এই সব লিঙ্গ দর্শন করলে শিবলিঙ্গ যে শিল্প ( phallus ) নয় এ বিষয়ে মনে বিন্দুমাত্রও সন্দেহ থাকে না।

উপাসকদের অভিনত—কিন্ত শিবনিক সহছে নিকে শিবোপাসকদের অভিনত চূড়ান্ত বলে গণ্য হওয়া উচিত। কেন না, অন্তদের অভিনত নিচ্ক জন্ধনা করনা ছাড়া আর কিছুই নয়। কিন্তু এঁদের অভিনত এঁদের ধর্মবিশাসের পরিচায়ক। আর সে-বিশাস শতাব্দীর পর শতাব্দী ধরে লক্ষ লক্ষ নরনারীর জীবনে প্রভাব বিস্তার করে আসছে। ভারতের সংস্কৃতির ক্ষেত্রেও এ বিশাসের ফসল অনেক ফলেছে।

**লিজ মতেশ্বর** —শিবলিঙ্গের উপাসকদের মতে লিঙ্গ স্বয়ং পরমেশ্বর রুজ। <sup>১</sup> লিজ সাক্ষাৎ মতেশ্বর। <sup>৬</sup>

মহেশর শিব ব্রন্ধ। ব্রন্ধ নিগুর্ণ, নিকল আবার সপ্তণ সকল। পিবও তাই। নিকল শিবই নিরাকার লিক অর্থাং লিক তাঁর পূজার আধার। আর সপ্তণ সকল শিব রূপধারী ক্রেপ্তিয়া তাঁর পূজার আধার।

শিবশক্তির দেহ—অন্তর বলা হয়েছে <u>নিঙ্গ শিবশক্তির ছেহ</u>; কেন না, <u>নিজে শিবশক্তি</u> নিতা অধিষ্ঠিত।

তবে সঙ্গে সক্ষে এ কথাও বলা হয়েছে শিবশক্তি অতোবিশু**ও চৈতন্ত্রস্বরূপ বলে তাঁদের** প্রমার্থতঃ কোনো দেহ নাই, তাঁদের বে-দেহের কথা বলা হল তা প্রমার্থতঃ নয়, উপচারতঃ।

১ নিব্লিজের বিরাট্-আকার-সম্পর্কিত তথা বিষ্কৃত্যরতীর ভারতবিছা (Indology)-বিভাগের প্রথান অধ্যাপক ভক্টর প্রথাকর চটোপায়ার মহাশরের কাছে পাওরা গেছে।

२ त्वां निकः शहरमगानि म क्रकः शहरमद्वाः।—मश्क्रमुक्तमन, केष् ्य, व्यां त्यां, व मः, कृ ०००.

निक्रत्वमी महात्ववी निकः नाकाक्षरहरकः ।—नि भू, वाक्र मः, हे छा, ३९।३७

শিব একো বু করণছারিকলঃ পরিকীতিত: । রূপিছাৎ সকল অবং তরাৎ সকলবিকলঃ ।।
 নিকলছারিরাকারং লিলং তক্ত স্বাগতন । সকলহাৎ তথা বেরং সাকারং তক্ত সক্ষতন ।
 —শি পু, বিভেবরসাহিত্য, ৩ ১১১-১২

নিজক নিবরোর্দেহতাতাাং বন্ধানবিভিত্ব।—ঐ, বার সং, উ জা, ২৭।১২

न उत्तानिकत्वरकः निकट्ठ नतमार्थछः । वटः वट्डा विकटको टको त्वरक्षम्भागवदः ।—के, १९१३०

লিজশনৈর ব্যাখ্যা—শান্তে নিকশনের বে ব্যাখ্যা দেওরা হরেছে তা প্রণিধানবোগ্য। হন্দপুরাণে বলা হয়েছে—নিক আকাশ আর পৃথিবী তার পীঠিকা। ুনিক সর্ব দেবতার আলর অর্থাৎ নরহুল। নিকে সমস্ত নরপ্রাপ্ত হর বলে তাকে নিক বলা হয়।

তন্মাদিতেও লিকের এই ব্যাখ্যা পাওরা বার। কৌলক্ষাননির্ণরতত্ত্বে বলা হরেছে — তার ইচ্ছার সৃষ্টি হর, তার মধ্যেই সেই সৃষ্টি লয়প্রাপ্ত হর। বারু মধ্যে চরাচর লয়প্রাপ্ত হয় তাই লিক নামে খ্যাত।

কালেই দেখা গেল শিবোপাসকদের মতে <u>লিক নিরাকার নিক্র শিবজন্ধ বা তাঁর</u> প্রতীক। শিক্ষের সক্ষেত্রর কোনো সম্পর্ক নাই।

শিবলিকের পূজা সনাতনধর্মীকের মধ্যে ব্যাপকভাবে প্রচলিত। তবে সম্প্রদার হিসাবে সংগ্রধান লিকোপাসক লিকায়ত বা বীরশৈবেরা। কেউ কেউ মনে করেন এঁরা মৃতিপূজার বিক্রমে প্রতিবাদস্বরূপ লিকার্চনা গ্রহণ করেন। " লিকারে শিবের নিয়লব্রস্ক্রম্বরূপের প্রতীক এ কথায় তার সমর্থন আছে।

লিকায়তবের ব্যাখ্যা— লিকশবের বে শাস্ত্রীয় ব্যাখ্যা দেওরা হল লিকায়তরাও সেই ব্যাখ্যাই প্রচার করেন। তাঁরের মতে লিক শব্দ √লী এবং √গ্রম এই ঘুই ধাতু থেকে ব্যংপর হয়েছে। √লী অর্থ লয় পাওয়া আর √গ্রম অর্থ বহির্গত হওয়া, বিবৃত হওরা। কাজেই লিক সেই পরম সত্তা গার মধ্যে সমস্ত স্কৃতি লীন হয়ে যায় এবং গার থেকে আবার। বিবৃত হয়। বিবৃত হয়। বিবৃত হয়।

লিজার্চনা এবং লিজাবারণ—এই প্রসঙ্গে উরোধ করা বার বীরনৈব বা লিজারভরা অভিশয় ভঙ্কাচারী, সংবত ও নৈটিক মাহ্ব। তাঁবের ধর্মের সঙ্গে আদিরসাত্মক কোনো কিছুর সংস্রবই নেই। লিজার্চনা এবং লিজধারণ তাঁদের অবশু কর্ডবা। লিজধারণ বলতে অবশু ভত্মলেপন এবং ক্ষুলিক্ম্তি ধারণ উভয়ই বোঝায়। শিবলিক্ষকে শিশ্প মনে করলে এঁরা কথনই লিজার্চনা করতেন না, বিশেষ করে কুঠে লিজ্মুর্ডি ধারণ করতেন না।

লিজার্চনার ধ্যাল তথু বীরলৈব কেন কোনো শিবোপাসকই শিবলিজকে শিশ্ব মনে করেন না। করেন না বে তার সব চেয়ে বড় প্রমাণ লিজার্চনার সময় এঁরা আরাধ্যের বে ধ্যান পাঠ করেন সেই 'ধ্যান'। ধ্যানটি এই—বিনি রজতসিরিসরিভ, চাকচন্দ্রাবতংস,

পাকালং বিজ্ঞানিত পৃথিবী তত্ত পীঠকা। আলয় সর্ববেশালাং সম্বাধিকস্চাতে।
—কলপুরাপরচন, উল্লাভ, প্রাভে, ব সং পৃঃ ৩২৮

२ छाजन्द्रत् चर्नर गृष्टेर्गत्रकरेत्रम नन्दिक । एकन निवन्द विशोक्त राज मीना व्यविवन्त ।—(को का नि. ७)>०

o S. B. C. M., Vol. IV. p. 68 vira-Saiviem, H. Ph. E. W., p. 899

রন্ধালভারের থারা বাঁর অঙ্গ উজ্জল, বাঁর হাতে পরও, মুগ, বর ও অভর মৃত্রা, বিনি প্রালম, পদ্মালীন, চারদিক্ থেকে অমরগণ বাঁর তাব করেছেন, বিনি ব্যাপ্তচর্মাচ্ছাদিও, বিশের আদি বিনি, বিনি বিশের বীজ, নিখিলের ভয়হরণকারী, পঞ্চম্থ এবং জিনেজ সেই মহেশকে নিঙা ধ্যান করি।

উপরের আলোচনা থেকে প্রতীতি হয় শিবনিঙ্গ শিশ্প নয় বা নিঙ্গার্চনার মৃল শিশ্পপুদা নয় এই মতই সমীচীন।

পৌরাণিক শিশ্পকাছিলা— তবু প্রশ্ন থেকে যায়। কোনো কোনো পৌরাণিক কাহিনীতে দেখা যায় শিবঙ্গিকে শিশ্ন প্রতিপন্ন করা হয়েছে। তাঁর অর্থ কি ? উর্বের বলা হয় এ-সব কাহিনী অন্ত সম্প্রদায়ের লোকেদের উদ্ভাবিত। কেউ কেউ মনে করেন সাম্প্রদায়িক বিবেষবৃদ্ধিতে এই-সব কাহিনীরু মাধ্যমে কুংসা রটান হয়েছে। আমাদের কিছ মনে হয় কাহিনীগুলি 'নহি নিন্দা লায়' অমুসারে প্রচারিত হয়েছে। এর অর্থ এই-সব কাহিনীর উন্দেশ্ত অপর সম্প্রদায়ের উপাস্তের নিন্দা-রটনা নয়, উন্দেশ্ত আপন সম্প্রদায়ের উপাস্তের প্রতি সম্প্রদায়ের লোকেদের ভক্তি ও নিষ্ঠা অবিচলিত রাখা।

ভৱে লিক ও বোনি—এই-সব কাহিনীর কথা বাদ দিলেও খাঁট লৈব ও শাক্ত ভ্রাদিতে দেখা বায় শিবকে লিক্তরূপী এবং দেবীকে বোনিরূপা বলা হঙ্গেছে এবং ভাঁদের সম্পর্কে বৌনসম্বভ্রুত্বক ভাষা ব্যবহার করা হয়েছে। কি তার অর্থ গু এখানে কি লিক্ত শিশ্ব অর্থে এবং বোনি নারীর অক্সবিশেষ অর্থে ব্যবহৃত হয় নি ?

এ সম্পর্কে আলোচনার গোড়াতেই শ্বরণ রাখা আবশুক আ<u>ষাদের দেশে প্রাক্-আছুনিক</u>
ছুগে নিঙ্গ এবং ঘোনি শন্ধ অল্লীন বলে গণ্য হত না এবং স্কোলের লোকেরা জীবোংশন্তির
ব্যাপারটাকেও অল্লীন মনে করতেন না। এই-সব ব্যাপারকে তারা সহন্ধ সাভাবিক বলে
মনে করতেন। সেইজলু, বর্মতন্ত্রের আলোচনাতেও তারা অনারাদে নিঙ্গ, যোনি প্রাকৃতি
শন্ধ এবং যৌনসম্পর্কস্চক ভাষা ব্যবহার করতেন।

শ্বিরা, তর্ববিদেরা ধর্মবিষয়ক ব্যাপারে রূপক ব্যবহারের, 'সন্ধা'-ভাষা ব্যবহারের বিশেষ পশাতী ছিলেন। 'পরোক্ষপ্রিয়া ইব হি দেবাং' কর্বাং জানী ব্যক্তিরা পরোক্তাবা ব্যবহার করতে ভালবানেন।

খ্যারোরিতাং বছেশং রলতগিরিবিতং চারতল্লাবতংসং রলাকলোক্ষণাক্ষণ প্রতর্গবর্তিকিবর্তং এগরন্।
পদ্মাসীনং সমুতাং ভতসমরবলৈর্ব্যান্ত্রভিং বসাবং বিবাজং বিববীলং বিশিক্ষরহয়ং পর্কবন্ধঃ ক্রিক্রেরব্।
—ভোড়নক্রেরাক ব্যান, উভ্ ভ, আঁ তোঁ, ব' মই, পৃথ কর্কর্বাক ব্যান, উভ্ ভ, আঁ তোঁ, ব' মই, পৃথ কর্কর্বাক ব্যান, উভ ভ, আঁ তোঁ, ব' মই, পৃথ কর্কর্বাক ব্যান, উভ ভ, আঁ তোঁ, ব' মই, পৃথ কর্কর্বাক ব্যান, উভ ভ, আঁ তোঁ, ব' মই, পৃথ কর্কর্বাক ব্যান, উভ ভ, আঁ তোঁ, ব' মই, পৃথ কর্কর্বাক ব্যান, উভ ভ, আঁ তোঁ, ব' মই, পৃথ কর্কর্বাক ব্যান, উভ ভ, আঁ তোঁ, ব' মই, পৃথ কর্কর্বাক ব্যান, বিশ্বাক ব

२ (शांगव-डायन २)>

ভঙ্গোক্ত লিক ও বোলির ব্যাখ্যা —শাস্থ্যতে লিক প্রন্থস্থল নাকাৎ মহেশর। বোলি ব্রন্ধান্থিকা কগন্মরী মহামানা। নিকত্তরত্বে বলা হরেছে — লিক্ত্রপী মহাকাল, বোলিজ্ঞা কালিকা। বে-লব বোলী লাখক অব্দেহে মহাকাল-মহাকালীর বোগলাখন করতে পারেন তারা ধন্ত, তাঁলের বোগ মহান এবং শ্রেষ্ঠ।

উপুনিবদে মাতৃগর্ভ এবং উৎপত্তিহুদ অর্থে বোনি শব্দের ব্যবহার লক্ষ্য করা হার।

এ দিক্ দিয়ে দেখলেও ব্রহ্মমী জগদহা বোনি। কেন না, তার গর্ভ থেকেই ত বিশ্বহ্রাও
প্রস্ত, চরাচর দক্দ লোকের তিনিই ত উৎপত্তিহ্বল। এই অর্থে শিবও বোনি।
মহাভারতে তাঁকে সেইজন্ধ বিশের বোনি, জাগদ্যোনি ও জগদ্বীক বলা হয়েছে।

ঋগ্বেদেই পিতৃদেবতারূপে কজের দর্শন পাওরা গেছে; অর্থাৎ পিতৃভাব বা পিতৃত্বের তিনিই দেবরূপ আর অদিতি প্রস্তৃতি দেবীর মধ্যে মহাশক্তি মহামারা জগজ্জননীরও দর্শন পাওরা গেছে। এই ভাবধারা সেই থেকে বরাবরী চলে এসেছে। মহেশর ও মহামারা জগতের পিতা ও মাতা। এই কথাটাই অক্তভাবে বলা হয় লিক ও বোনি জগতের পিতা ও মাতা।

নিক্তরতত্ত্বে বলা হরেছে — জগতের জনিকা মাতা বোনি, জনক পিতা লিক। উভয়ের মধ্যেই মাতৃভাব ও পিতৃভাবের চিন্তা করতে হবে। এর অর্থ লিকে মাতৃভাব এবং বোনিতে পিতৃভাব আছে এই চিন্তা করতে হবে। পিতৃশক্তি ও মাতৃশক্তি বে মূলতঃ অভিন্ন এখানে সেই তত্ত্বিই স্চিত হয়েছে।

তা ছাড়া, তর্মতে শিবশক্তির শ্বিনাভাবসংশ্ব। অর্থাং শিব ছাড়া শক্তি নাই আর শক্তি ছাড়া শিব নাই। সেইজনা, নারদপঞ্চরাত্রে বলা হয়েছে — বেখানে লিক সেখানেই যোনি, বেখানে বোনি সেখানেই শিব।

- > (ৰ) ওঁ বোৰিয়ণে বহাৰাৰে সৰ্বসম্পংগ্ৰমে কতে। কুপুৱা সৰ্বসিদ্ধিং বে কেই কেৰি ৰূপদ্ধি।
  —প্ৰান্তে, ৰ সং পুঃ ৫৫৩
  - (व) युकाश्विका बहारवानिः नर्वान् कावान् आवेककु ।---वे, शृः ०००
- ० त्व छेन शराव । अ वृष्ट् छेन आवार , त्य छेन आउन, वाञ्ज
- বেবী পরা ভগবতী জগবাধারজাপির। বু জবিজুলিবানাক বোনিরুপান্তিকারির।
  না বোনিঃ সর্বভুতারাং ক্ষীভিভিন্তরান্তিকা।
  —কে বি নাম্প-৯৮
- ७ महा का नार-नाका व अ नार-आव
- দ বোনিক অনিকা ৰাজ্য নিজক জনকঃ পিজা। বাজ্তাবং পিজ্তাবন্তবোৰপি চিত্তবেং।
  —নিজজনজন্তব্যক্ত, উত্ত, আ তো, ব নং, গৃঃ ৫৫১
- » वज निक्षा त्वानिकं त्वानिककः निकः ।—नात्रश्यकाजवहन, केव्छ, जै, पृष्ट ००>

কাৰেই, দেখা বাচ্ছে লিক এবং বোনি একটি গভীর আধাাত্মিক তত্ত্বের প্রতীক, লিক শিবের অর্থাৎ পিতৃভাবের এবং বোনি মহাদেবীর অর্থাৎ মাতৃভাবের প্রতীক।

আবার বাস্তব ক্ষেত্রেও দেখা বায় শিশ্প পিতৃত্বের লিক এবং যোনি মাতৃত্বের <mark>লিক।</mark> জানের দৃষ্টিতে শুদ্ধ ভাবের দৃষ্টিতে শিশ্প এবং যোনি **অন্তী**ল নয়, অপবিত্র নয়।

এইজন্ত একটি ভাবধারায় লিক এবং বোনি বথাক্রমে শিব ও শক্তির অকবিশেষস্থপেই কল্লিভ হয়েছে। ব্যষ্টির ক্ষেত্রে বা প্রত্যক্ষ তার সমষ্টিরপই লিবশক্তির ক্ষেত্রে কল্পনা করা হয়েছে।

কিন্তু মনে রাখা প্রয়োজন এটি একটি বতত্ত ভাবধারা, শিবের লিক্স্তির বেদপত্তী ভাবটিন্তা থেকে সম্পূর্ণ ভিন্ন ধরণের। সাধারণভাবে একে তাত্ত্বিক ভাবধারা বলা বায়। এই ভাবধারায় শিবের লিক্স্তিকে তার বিশ্বপিত্তবের প্রতীক অঙ্গবিশেষ (লিক্স) এবং শিবলিক্সের প্রতীক বা গৌরীপট্টকে দেবীর বিশ্বমাতৃক্ত্বের প্রতীক অঙ্গবিশেষ (যোনি) মনে করা হয়।

সৌরীপট্ট বা বোলি—বেদমার্গী অপর ভাবধারায় লিক্ষ্তির ধারণা অক্স রক্ম এবং লিক্ষ্পীঠিকাকে গৌরীপট্ট বা যোনি বলার হেতৃও সম্পূর্ণ ভিন্ন। আমরা দেখেছি এগ্ বেদে বক্সবেদীকে দক্ষতনা বলা হয়েছে এবং পরবর্তী কালে এই দক্ষতনা দক্ষতনায়া উমা তথা গৌরীর সঙ্গে একীভূত হয়ে যায়। বৈদিক মুগে এই যক্কবেদীর উপর অগ্নি প্রক্রিভিত হত। অগ্রেদেই অগ্নি কন্দের সঙ্গে একীভূত হয়ে যাওয়ার নিদর্শন আছে।

ঋগ্বেদে ষঞ্জবেদীকে বোনিও বলা হয়েছে। কাজেই, ষ্কুবেদী গৌৰী এবং বোনি এবং তার উপরে প্রজনিত অগ্নি কজনিব।

শিবের নিক্স্তিকে এর পর বৈদিক যজের এই শাস্থঠানিক রূপের সঙ্গে সহজেই মুক্ত করা সম্ভবপর। কুদুশিব হলেন নিক্ত মার যজেবেদী তার পীঠিকা, তার নাম হল গোরীপট্ট বা বোনি। এক্ষেত্রে প্রাচীন নামই বদায় রইল।

এ কথার পরোক্ষ সমর্থন পাওয়া বায় লিঙ্গপুরাণে। তাতে আছে স্বাক্তর বন্ধ করে পীঠাকৃতি উমাদেবী ও লিঙ্গরপ শবরের প্রতিষ্ঠা করে পৃক্ষা করেন।

यक्कदरहीरे व निर्दातक शीठिक। रायाह निरवह बाह्यरिक प्रक्रमात्र छात्र निहर्नन

- ১ व (व ১।১-৪।১; ভারে সারণ বলেছেন বোনিঃ বেভাখ্যং স্থানন্।
- २ नीठाङ्गिक्रमात्मनी निमन्त्रगण नवतः। अधिकांना अवस्त्रम नुव्यक्ति श्रुवास्त्राः।

## विक्षांत्रान, विकासन् ३३१०३

বিবিধ প্রকারের শিবলিক আছে। ববা বাণলিক, ইস্তালিক, আংলালিক, বান্লিক, ব

আছে। মাছ্যদিকের তিনভাগ—একভাগ ( সর্বনির ), বিফ্তাগ ( মধ্য ) এবং করভাগ ( সর্বোচ্চ )। ব্রক্ষভাগ চতুরত্র। ওটি চতুরত্র বক্তবেদীরই স্থারক নিদর্শন।

ভাষুশাসনপর্বে শিবলিজের বিষয়ণ— আমরা মহাভারতবর্ণিত শিবনিজের বিষয় আলোচনা করছিলাম। শিবলিজের কিছুটা বিশ্বত বিবরণ অভুশাসনপর্বেই পাওরা বায়। অবক্ত আধুনিক পণ্ডিতেরা অনেকেই এই অংশকে অর্বাচীন মনে করেন। অভ্শাসনপর্বে শিবভক্ত উপমন্ত্য ইত্রের কাছে (ইক্রের ছল্পবেশে শিব) শিবমাহাদ্মা বর্ণনা প্রাপ্তিলিক সম্বদ্ধে বে-সব কথা বলেছেন তাতে পূর্বোক্ত তাত্রিক ভাবেরই স্থান্ত অভিব্যক্তিলক্য করা বার। শ্বরণ রাখা প্রয়োজন উপমন্ত্য শিববিষয়ক গভীর আধ্যান্মিক তন্ত্ব বর্ণনা করতে করতে কথাগুলি বলেছেন।

তিনি প্রথমেই বলেছেন—হে দেবেক্স, ফাঁট ও সংহারের হেতৃ দেবদেব কন্দ্র। তাঁর খারা স্বায়াভিব্যক্ত এই ভগান্ধিত নিক্ষ প্রত্যক্ষ কর।\*

এই স্নোকের ঠিক আগের স্নোক ছটিতেই শিবকে কারণ, জনক, সর্বকারণ বলা হয়েছে।

প্রতীর মূল কারণ পিতৃশক্তি ও মাতৃশক্তির সমবার। নিঙ্গ পিতৃশক্তির এবং যোনি মাতৃশক্তির
প্রতীক। দেবদেবের ভগান্ধিত নিঙ্গ উভয় শক্তির সংযুক্ত রূপের প্রতীক। স্টের মূল
কারণের এই অভিবাক্তি উচ্চ আধ্যান্মিক ভাবের অভিবান্ধক বৈ কি।

উপমন্তা শিবলিক্ষের কথা সমাপ্ত করেছেন এই বলে—সমস্ত পুরুষ ঈশান এবং সমস্ত খ্রীলোক উমা। শিবশক্তির পুরুষ এবং স্থী এই ছুই তন্ত্বারা এই জগং ব্যাপ্ত।\*

মান্নবের জৈবসন্তাকে অতিক্রম করে রয়েছে তার অধ্যাত্মসন্তা। পুরুষমাত্রকেই শিব এবং নারীমাত্রকেই দেবী বলার এই তম্বটি স্বস্পট হয়ে উঠেছে।

এ ছাড়া, আরও গভীরে গেলে দেখা বাবে আলোচ্য শ্লোক ছটিতে সগুণ ব্রন্ধতন্ত প্রকাশিত হরেছে। ভগান্ধিত নিঙ্গ মধাৎ মায়োপহিত ব্রন্ধ ক্রেশিব স্কুটিসংহারের হেতু। আর তাঁর শিব এবং শক্তি এই ছই তহুবারা অর্থাৎ মায়োপহিত ব্রন্ধের বারা চরাচর জগৎ বাপ্ত।

লিবের স্থাসন স্থাতিটিড—মহাভারতেই দেখা যায় সনাতন দেবমগুলের স্থাতম প্রধান দেবতারণে নিবের স্থাসন স্থাতিটিত হরে গেছে। তথনই নিবোপাসকরা হলে বেশ

D. H. I., p. 458.

२ महा छ। १७।३।१२१-२०६

ও প্রত্যক্ষরিত হেবেল পঞ্জ সিল্প ভসাভিতন্। বেবদেনের কলের স্টেসভারতেভূনা।
মহা ভা ১৬১৯।২২৭

ग्रांतिकर नर्रवीनाकर बीतिकर विकि काण्यान् ।
 पांकार कन्कार सांधर वि कत्राकृतिकर समर । —क्स का ५००० वार कर

ভারী। তখন থেকে আরম্ভ করে শতানীর পর শতানী ধরে নানা পুরাণ এবং তত্তে শিবমাহাত্ম্য প্রচারিত হয়েছে, তথু শৈব ও শাক্ত পুরাণাদিতে নয়, শ্রীমদ্ভাগবত, বামনপুরাণ প্রভৃতি বৈষ্ণব পুরাণাদিতেও শিবমাহাত্ম্য ঘোষিত হয়েছে। আবার আগম ও তত্ত্বে শিবারাধনার একটি বিশেষ তত্ত্বের দিক প্রকাশিত হয়েছে।

শিবোপাসনার ঐতিহাসিক নজির—শিবোপাসনার ঐতিহাসিক নজির পাওরা বাছে খৃঃ পৃঃ চতুর্থ শতাবী থেকে। চন্দ্রগুপ্তের সভার ঐীক রাজদৃত ছিলেন মেগাছিনিস্। তিনি ভারনিসাস্ (Dionysus) এবং হেরাক্লেস্ (Herakles) নামক ছজন দেবতার কথা লিখে গেছেন। মেগাছিনিস এঁদের বে-বিবরণ দিয়েছেন তা থেকে অহমান করা হয় এই দেবতা ছজন বিষ্ণু (কৃষ্ণ) এবং শিব। কিন্তু ছজনের মধ্যে কে বিষ্ণু (কৃষ্ণ) এবং কে শিব তা তার বিবরণ থেকে বোঝা বায় না। তবে সাধারণতঃ ভারনিসাস্কে শিব মনে করা হয়।

অবশ্ব, মহেঞ্জোদড়োর একটি সিলের উপর বোগাসনে উপবিষ্ট, হস্তিবাজগণ্ডারমহিব-পরিবৃত, ত্রিম্থ বে-মৃতিটিকে মার্নেরণ শিব-পশুপতির আদিরূপ বলে অহুমান করেছেন সেই মৃতিটিকে শিবের মৃতি ধরলে খৃষ্ট জন্মাবার কমপক্ষে তিন হাজার বছর আগে থেকে শিবপূজার প্রবৃতাত্তিক নিদর্শন পাওয়া বাছে বলা বায়।

কল্হনের রাজতরঙ্গিণীতে আছে সমুট অশোক বৌদ্ধ ইওরার আগে তাঁর স্বচেরে প্রিয়ু দ্বেতা ছিলেন শিব। অক্তাবে বলা যায় অশোক ছিলেন শৈব।

মুজার শিবমুর্তি—খৃইজনার হয়েক শতাকী পূর্বের বলে স্বীকৃত মুদ্রায় শিবের সর্বাবয়ব মৃতি ও লিক উৎকীর্ণ আছে। লিক-উৎকীর্ণ মূলার কথা আমরা আপেই আলোচনা করেছি।

ঐ সময়কার উত্থর রাজা শিবদাস, কমদাস এবং ধরঘোষের ভাষ্মুক্রায় দেখা যায় একটি ঘেরাও-করা দায়গার পার্শে <u>ত্রিশ্ব ও কুঠার উৎকীর্ণ হরেছে।</u> এই ঘেরাও-করা দায়গাটিকে শিবদেউল মনে করা হয়। বাজাদের শিবদাস, ক্রন্দাস প্রভৃতি নামও লক্ষ্মীয়।

ভারতের বিদেশী শাসক শক, পহলব এবং কুশুন রাজাদের কারো কারো মুলার শিবমতি

উৎকীর্ণ ররেছে। শক-পহলবরাজ মোরেসের (Maues) করেকটি চতুকোণ ভারম্বার

উৎকীর্ণ মূর্তিকে শিবমূর্তি মনে করা হয়।

- 5 H. B., Vol. II, pp. 187-188 4 D. H. I., p. 89, f. n. 1
- M. I. C., Vol. I, pp. 52-55 A. H. I., pp. 104-106
- e Smith. E. H. I., p. 176 D. H. I., pp. 117-118
- 9 Ibid. > Ibid, p. 120

তেমনি পহলবরাজ গগুকারনেসের (Gondophernes: 1st Century B. C or A. D.) মুলার ত্রিপূসহক্ত বে-মৃতি দেখা বার তাকে শিবমৃতি বলে সনাক্ত করা হয়। মনে হয় 'দেবব্রত' গগুকারনেস্ শৈব ছিলেন।

কুশানরাজ ওয়েম কডজিলেলের (Wema Kadphises) মূজার ( ১ম বৃষ্ট শতক ) শিবমূর্তি উৎকীর্ণ ব্রন্তে। ইনি শৈবধর্ম গ্রহণ করেন।

কুশানরাজ কনিষ্ক ( ২য় খুট্ট শতক ), ছবিষ্ক ( ২য় খুট্ট শতক ) এবং বাজদেবের ( ২য়-৩য় খুঃ শতক ) মূজারও শিবমূর্তি উৎকীর্ণ হয়েছে। বিভিন্ন মূলায় আছে দিতৃত্ব, চতু ভূল প্রস্তৃতি বিভিন্ন মূর্তি । মূর্তিগুলির প্রহরণাদিরও প্রকারভেদ আছে। এর থেকে বোঝা বাম শিবের বিভিন্ন মূর্তির জারাধনা তথন প্রচলিত ছিল।

তক্ষীলার কাছে দিরকাপে (Sirkap) একটি গোলাকার তামার দিল পাওয়া গেছে।
এই দিলে ত্রিশ্ন- ও দণ্ড-ধারী শিবমূর্তি উৎকীর্ণ আছে। প্রথম পৃষ্ট শতক বা তার একটু
আগেকার ব্রামী ও ধরোটা হরকের পরিচরনিপিতে আছে —'শিবরক্ষিতস'। এই শিবরক্ষিত
শিবভক্ত ছিলেন অথবা বিনি তার নাম রেখেছিলেন তিনি শিবভক্ত ছিলেন এ রকম অভ্যান
করা বায়। শিবারাধনা বে ঐ সময়ে জনপ্রিয় ছিল এই দিল্টিকে তার অক্ততম নিদর্শন মনে
করা হয়।

এই সম্পর্কে আরেকটি বিষয় লক্ষ্য করার মতো। খৃষ্টজন্মের ছয়েক শতান্ধী পূর্বের বা তার ছয়েক শতান্ধী পরের বে-সব মুখা পাওয়া গেছে তাতে শিবের মূর্তি বা প্রতীক অনেক আছে কিন্তু বাস্থ্যবেম্তি খুবই কম। পিবের জনপ্রিয়তার এটিও একটি নিদর্শন বলা যায়।

এই-সৰ মুম্রাদির প্রমাণের উপর নির্ভর করে সিদ্ধান্ত করা হয় খু<u>ই জন্মাবার হয়েক</u> শতাবী আগে এবং পরে শিব ছিলেন ভারতের উত্তর-পশ্চিম অঞ্জের প্রধান আ<u>রাধ্য।</u>

প্রসঙ্গতঃ এখানে কুশানর্গের একটি অর্ধনারীশ্বর-মণ্ডনমূর্তির উল্লেখ করা বায়। এই মৃতিটির একটি বিশেষ গুরুত্ব আছে। কুশানযুগেই (১ম-৪র্থ বৃঃ শতক) বে তন্ত্রের একটি গভীর তব্ব—শিবশক্তির অবিনাভাবসহত্ব-তব্বট—দেশে প্রচারিত হয়েছিল মূর্তিটি তারই সুপাই নিদর্শন।

সিলে শিবপুজার নিজর্শন—মূত্রা ছাড়া কতকগুলি সিলেও প্রাচীন যুগে শিবপুজার নিদর্শন পাওয়া বাছে। বসার এবং ভিটাতে অনেকগুলি সিল পাওয়া গেছে। এগুলি

<sup>&</sup>gt; D.H. I., p. 119 2 A. H. I., p. 120 . D. H. I., pp. 121-127

বেশীর ভাগই পূর্বপ্রযুগের এবং উত্তরপ্রযুগের। এ ছাড়া কাশীর কাছে রাজঘাটে অনেক শুলি পোড়ামাটির (terracotta) দিল পাওয়া গেছে।

বসারে প্রাপ্ত ছটি সিলে শিবলিঙ্গ আছে। একটিতে লিখিত হয়েছে 'আদ্রাতকেশর'; অক্টটিতে 'নম পশুপতে:'। শ্বংশুপুরাবে আটটি গুড্ লিঙ্গের উল্লেখ আছে। আদ্রাতকেশর তার অক্তম।

বসারের একটি সিলে অর্ছনারীশ্বরমৃতি উৎকীর্ণ রয়েছে বলে অছমান করা হয়।°

ভিটাতে প্রাপ্ত অনেকগুলি সিঙ্গে আঁছে. শিবের প্রতীক লিঙ্গ, ত্রিশ্ল-পরশু, নন্দীপাদ এবং ব্যভ। শিবের স্বাবয়ব নরাকারমূর্তি কদাচিং দেখা বায়। এই সব সিঙ্গে শিবের কালেশ্বর, কালঞ্চর-ভট্টারক, ভড়েশ্বর, মহেশ্বর প্রভৃতি নাম উংকীর্ণ হয়েছে।

ভিটাতে এমনি তিনটি দিল পাওয়া গেছে যাতে শিবের বৃষভম্তির পাশে একটি দেবীম্তি লক্ষ্য করা যায়। এটিকে ছুর্গামৃতি মনে করা হয়।

অক্তান্ত প্রক্তাত্ত্বিক নিদর্শন— গুপুর্গের অনেক শিবলিক আবিকৃত হয়েছে। এই ধূগে সাধারণতঃ একম্থ-লিকের প্রচলন অধিক লক্ষ্য করা বার। পরবর্তী কালে সমবিক প্রচলিত চতুম্থ-লিকের দর্শন কদাচিং মিলে। এই ধূগের একটি চতুম্থ মুখলিক আজমীড় মিউজিয়ামে আছে। লিকের গায়ে শিব, ব্রহ্মা, বিষ্ণু এবং স্থের মূর্তি উৎকীর্ণ রয়েছে। শ

শুপ্ত সমাট্রা প্রধানতঃ বৈক্ষর। তবে তাঁদের অমাত্যাদি অতি-উচ্চপদন্ত কর্মচারীরা অনেকেই শৈব ছিলেন। > শুপ্তবৃগের শেবের দিক্কার একজনমাত্র শুপ্তনৃপতি বৈক্তপ্তবেক শুনৈম্বর (Gunaighar) প্রবুলিপিতে 'ভগবন্মহাদেবপাদাস্ব্যাতো মহারাজ-শুনৈক্তপ্তঃ' বলে কর্না করা হরেছে। > >

বিতীয় চন্দ্রগুপ্তের সময়কার মধ্রা শিলালিশি (১৮০ খৃ:) বেকে জানা বায় পাঁওশত আচার্ব উদিতাচার্ব একটি গুর্বায়তনে তাঁর গুরু কশিল এবং গুরুর গুরু উপমিতের নামে কশিলেবর ও উপমিতেবর নামক ঘট শিবলিকের প্রতিষ্ঠা করেন। ১৭

এই সমাটের উদয়গিরি গুহালিপিতে আছে পাটলিপুত্তনিবাসী বীরসেন নামে তার একজন অমাত্য একটি গুহামন্দির নির্মাণ করিয়ে শিবকে উৎসূর্গ করেন। ৮০ .

প্রস্থালিপি থেকে জানা বায় প্রথম কুমারগুপ্তের সেনাপতি 'পৃথিবীবেণ' পৃথিবীবর নামক একটি শিবলিক প্রতিষ্ঠিত করেন। > 8

- D. H. I, p. 177 2 Ibid, p. 179 4 Ibid # Ibid pp. 181-182
- 4 Ibid, pp. 182-185 Ibid, p. 184
- 9 The Age of the Imperial Guptas, pp. 115, 124-125 Field Fibid, p. 124
- > A. H. 1., pp. 202, 205 >> 8. I., p. 881
- > E. I., Vol. XXI, pp. 8-9; S. I., pp. 269-270
- > S. I., pp. 271-272 > S. I., pp. 282-288

ঋথদের সমসাময়িক শালভায়ন, বাকাটক (Vakataka) প্রভৃতি কোনো কোনো রাজবংশ শৈব ছিল।

এই-সব তথা খালোচনা করলে পরিকার বোঝা বায় দেশে শৈবধর্ম তথন বেশ প্রবল ছিল। ওপ্রব্যের প্রথম দিক্টাভেই উচ্চতম রাজপুক্ষকের মধ্যেও শিবপুলা প্রচলিত হত্তে বায়। প্রলা বেতে পারে বঠ ও সপ্তম খৃষ্ট শতকে শৈব ধর্ম বৈশ্বর ধর্মের খুলে উত্তরভারতের সার্বভৌম রাজকীর ধর্ম হত্তে দাঁড়ার। এই সময়কার করেকজন প্রবল পরাজ্ঞান্ত নুপতি শৈব ছিলেন। দুটাত হিসাবে মিছিরকুল বা মিহিরপুল, বশোধর্মা, শশাস্ত্র ও হর্ষবর্ধনের নাম করা বায়। প্র

প্রস্থান প্রস্থানিক ইনিল ছাড়াও ওপ্তর্থ বা তার পরবর্তী মূগে রচিত বিভিন্ন লেখকের প্রস্থে শৈবধর্ম, বিশেষ করে, পাশুপত মত ও তার আচার্যদের কথা পাওরা বার। দৃষ্টাস্তবন্ধপ বরাহমিহির (বৃহৎসংহিতা), বাণভট্ট (হর্ষচরিত), মহেক্রবর্মা পরব (মন্তবিলাস প্রহ্মন) এবং হিউরেন সাঙ্ প্রস্তৃতি লেখকের নাম করা বার।

শিবভক্তি—মহাভারতে ভক্তির মাহান্তঃ ঘোষিত হরেছে। ভুগুরুগ এবং তার পরবর্তী কালের মন্ত্রভম বৈশিষ্টা ধর্মের ক্ষেত্রভ জক্তির ক্রমবর্তমান গৌরব ও গুরুছ। এই সময়কার প্রাণাদিতে সম্প্রদান-মারাখ্য দেবভার প্রতি ভক্তি বিশেবভাবে প্রচারিত হয়। বিভক্তি-প্রচারে দক্ষিণ ভারতে মগ্রণি ছিলেন শিবভক্ত নায়নাররা। এঁদের মনেকে পরবদের রাজম্বকালে (৫ম থেকে ৮ম খৃঃ শতক) মারিভূতি হন। কিন্তু মনে হয় মানুমুত্রহিমাচন সমগ্র ভারতবর্বে শিবভক্তিকে মনপ্রিয় করে তুললেন মাচার্য শহর। মুইমু খৃত্র শতক শহরাচার্যের মাবিভাব কাল ধরা হয়। মবক্ত, মহৈতবেদান্তী এই সন্নাদী মন্ত্রহ কোনো পৈরসম্প্রচান করেন। শহর-প্রতিত দশনামী সন্ন্যানীদের উপর শিবের প্রভাব খ্র বেশী। এঁরা বিভৃতি প্রভৃতি শেরচিক্ ধারণ করেন। এ্দের কাছে শিব ব্রম্ব।

শৈবতীর্থ—শটম খৃঃ শতক থেকে শিবারাধনার ঐতিহাসিক এবং শশুরকম নির্দান শনেক পাওয়া বার। শিবারাধনা বে সারা ভারতবর্ষে কিরুপ ব্যাপক হয়েছিল ভার সাক্ষ্য দিচ্ছে শৈবতীর্থগুলি। মহাভারতের সময়েই শৈবতীর্থ বিখ্যাত হয়ে পড়েছে। এই উপ-মহাদেশের একিপ্রাশ্ত থেকে শ্রপর প্রাশ্ত পর্বশ্ব শৈবতীর্থ ছড়িয়ে আছে। উত্তর প্রাশ্তে

<sup>&</sup>gt; D. O. Sarkar; Successors of the Satavahanas in Lower Deccan, pp. 88-84

<sup>₹ 0. 0. 1.,</sup> p. 248 . A. H. I., p. 202 . Ibid p. 208 . Ibid p. 208.

<sup>6</sup> lbid. 9 lbid, p. 199 > lbid, p. 175 > lbid, p. 208

<sup>&</sup>gt; 8 8 7, 24 814 92 22-00

শৈৰতীৰ্থ কেদারনাথ, দক্ষিণ প্রান্তে সেতৃবন্ধ রামেশ্বর, পূর্ব প্রান্তে চন্দ্রনাথ এবং পশ্চিম প্রান্তে সোমনাথ শিবারাধনার ব্যাপকভার পরিচয় দিছে।

বৃহত্তর ভারতে শিবারাধনা—এই প্রসঙ্গে বলা যায় পঞ্চম খৃঃ শতাবী থেকে শিবারাধনা ভারতের ভৌগলিক সীমার বাইরে বৃহত্তর ভারতেও ছড়িয়ে প্রে। তার ঐতিহাসিক নিদর্শন আছে।

চম্পার প্রাচীন হিন্দু রাজারা শৈব ছিলেন। রাজা ভদ্রবর্মার খৃঃ পঞ্চম শভকের প্রস্তুলিপিতে শিবপার্বতীর বন্দনা আছে। পেই থেকে আরম্ভ করে জ্রোদ্শ শভক পর্বভূ চম্পা এবং কর্জের নানা প্রস্তুলিপিতে শিবারাধনার প্রমাণ প্রাপ্তরা বার।

স্বর্ণদ্বীপেও সনাতনধর্মীয় দেবতাদের মধ্যে প্রাধান্ত ছিল শিবের। এথানে শিবারাধনার নির্দেশক কোনো প্রত্নলিপি পাওয়া যায় নি বটে তবে শিবলিক, শিবমূর্তি এবং শিবিক্ষির সে-অভাব পুরণ করেছে।

ভারতের বাইরে অক্সত্র— সামরা লক্ষ্য করে এসেছি ক্বাণ নুপতিরা লিবের প্রতি সম্বক্ত ছিলেন। তাঁদের সামাজ্য মধ্য-এশিরা পর্যন্ত বিস্তীর্ণ ছিল। মনে হয় কুবাণদের সময়ে ঐ অঞ্চলের লোকেরা শিবের এবং শিব-পরিবারের দেবতাদের সঙ্গে পরিচিত হন। কেন না, কুবাণ সমাট্দের পরবরতী কালে মধ্য এশিয়ায় পঞ্চন্থ ব্যবাহন শিবের, হরপার্বতীর ও শাশুমান ইক্রের চিত্র পাওয়া গিয়েছে।

আরও দূরে চীনেও ব্যক্তবাহন শিব, মধ্ববাহন ধড়ানন কল এবং গণেশের মৃতি পর্বভ-গাত্তে কোদিত আছে।

শৈব সম্প্রদায়—প্রাচীন কালেই শিব বেমন দেশে বিদেশে পৃঞ্জিত হয়েছেন তেমনি তাঁর উপাসকদের নিম্নে সম্প্রদায়ও গড়ে উঠেছে। পাশিনির একটি স্তুত্ত আছে 'শিবাদিভ্যোহণ'।' অহমান করা হয় এই স্তুত্ত অসুসারে গঠিত শৈবশ্যে শিবোশানকদের কথাই বলা হয়েছে।

ভবে পাণিনির যে-স্ত্রটিতে শৈব সম্প্রদারের স্থাই উল্লেখ রমেছে তা হল 'অক্সন্বহণ্ডা-জিনাভাাং ঠক্ঠঞোঁ'।' পতথলি এই স্থের ভালে শিবভাগবভদের কথা বলেছেন; এ রাই

<sup>&</sup>gt; A Historical Sketch of Salviem, S. R. C. M., Vol. 11, p. 28

A. I. C. F. E., Vol. I, Book III, p. 5

<sup>• 2: 1.</sup> K.; A. I. C. F. E., Vol. I

<sup>8 3.</sup> A. I. C. F. E., Vol. II, Parts I and II. p. 101 6 11 11 11 11

<sup>•</sup> এ ৭ পাশিৰি গ্ৰাচাচ্ছ ৮ D. H. I., P. 449 > পাশিৰি ক্ষাণ্ড

ছিলেন আন্তৰ্শনিক অৰ্থাৎ লোহপূলধানী। পতঞ্জলি অবঙ ভাতে দণ্ডাজিনাভ্যাস্ কথার ব্যাখ্যা করেন নি। কিন্তু মনে হয় ৮৫ ও অজিন ঐ শিবভাগ বভলেনই লাহন।

পাশ্রপত বহাভারতে পৃত্তিপত মতের উরেশ আছে। মনে হয় এই পাশুপত-মতাবলীরাই প্রাচীনতর বিবোশালক বতালার। পতঞ্চি বাদের নিবভাগবত রলেছেন অহুমান করা বার উাবের সঙ্গে এই পাশুপতকের একটা বোগাবোগ ছিল।\*

লুকুলীশ — আরেকটি প্রাচীন শৈব সম্প্রদান গ্রুকুলীশ বা নকুলীশ সম্প্রদার। প্রচ পাঙপভ সম্প্রদারেকই অর্ক কুক্র। বাধুবাচার্ব ভার সর্বন্ধনসংগ্রহে পাঙপভ সভকে বলেছেন নকুলীশ-পাঙপভ সভ। কাজেই দেখা বাজে তিনি নকুলীশ সভকে পাঙপভ সভ থেকে পূৰ্ক করেন নি। সকুলী বা সকুলীশ বা নকুলীশ পাঙপভ সভের আদি আচার্ব। ভবে কেউ কেউ সকুলীশকে পাঙপভ সভের প্রভিষ্ঠাভা বলভে চান না। অবঞ্চ ভারাও বীকার করেন এই সভকে ভিনিই প্রথম সংস্কৃতিভ হপ দেন। প্রধান্ত বা পঞ্চারী বা পঞ্চার্বিদ্ধা নামে প্রছ লকুলীশের রচনা মনে করা হর। বার্বীরসংহিভার এই প্রব্রের উল্লেখ আছে। সাধ্বাচার্ব ভার সর্বন্ধনসংগ্রহে কুলীশ-পাঙপভ অধ্যারে পঞ্চার্ভভাবহীপিকার উল্লেখ করেছেন। প্র

প্রাবে সকুলীশ শিবের অবভার বলে বর্ণিত হয়েছেন। বার্প্রাবে শিবের অস্তাবিংশ অবভারের বিবরণ আছে। অস্তাবিংশভ্য অবভারে শিব সকুলীশরূপে কারাব্রোহণে আবি ভূত হন। সকুলীশের চার শিব্য কুশিক, গর্স, যিন্ত এবং কৌক্ষা।

নিকপ্রাণেওণ নিবের সক্ষী নামে অবস্তীর্ণ হবার কথা, আছে এবং তার কুনিকারি এই চার নিব্য সক্ষে কলা হরেছে এঁবা বোগান্ধা, বহান্ধা, বেহপারগ আন্ধা, উধরেতা এবং পাতপতনিকা। এঁবের কেছ ভাষাক্ষারিত। অভে এঁবা করলোকে বান। সেধান থেকে প্নরাবৃত্তি ছর্গত।

দশন থেকে জ্বােছশ খুঃ শতকের মধ্যেকার একাধিক প্রছলিপিতে লকুলীর উল্লেখ আছে। উদয়পূরের নাখলীর বন্দিরগাজের একটি শিলালিপিতে (১৭১ খুঃ) এবং শিরা প্রশন্তি নামে খ্যাত শিলালিপিতে (খুঃ ১২৭৪-১২১৬) শিবের কারাবরোহণে লকুলীরূপে

D. H. I., p. 449

নাংখ্য বোদ্য পাক্ষাত্র বেদাঃ পাক্তপত তবা।
 আনাভেতানি হাত্রবে বিভি নানান্তানি বৈ।—সহা তা >২।০০০।০০

<sup>\*</sup> D. H. I., p., 450 \* Ibid, pp. 450-61

नि गू, यात्र गढ, के छा, २०१०००
 न म म अ०००
 व वात्रभूतान, व्यापात २०

निवयुरान, गुर्वश्वाच, २६।১२৯-১७६

ঐতিহাসিক ব্যক্তি প্রস্থাত্তিক প্রমাণ ও গ্রহানির প্রমাণের উপর নির্ভয় করে
সিভান্ত করা হয় লকুলীল এবং তাঁর কুলিকানি শিক্ত ঐতিহাসিক ব্যক্তি। লকুলীল খৃঃ
হিতীয় শতকে আধুনিক কাথিওয়াড়ের কারওয়ান নাষক স্থানে জন্মগ্রহণ করেন। পরে
কালে কালে তিনি শিবাবতারম্বলে পৃঞ্জিত হন।

এখানে উল্লেখ করা বার প্রাচীনকালে শিবোপাসকলের সাধারণ নাম ছিল মাছেশ্বর এবং একাধিক শৈব সম্প্রদারকে পাতপত বলা হত।

পাশুপত বেদবিরোধী ও বেদাপুসারী—লক্ষ্য করা গেছে মহাভারতে পাশুপত মতকে বর্ণাশ্রমবিরোধী বলা হয়েছে। আচার্ব রামাছ্মণ্ড পশুপতিমতাছুসারী কাপাল বা কাপালিক, কালামুখ, পাশুপত এবং শৈব এই চারটি শৈব সম্প্রদার সম্বন্ধে বলেছেন যে এরা সবাই বেদবিক্রম তন্তপ্রধালী এবং ঐহিক ও পারলোকিক মোক্ষসাধন কল্পনা করে।

কিছ পান্তপত্ৰের পান্তপত্যত্র নামক প্রামাণ্য গ্রন্থে অন্তর্গক্ষ মন্ত প্রকাশ করা হরেছে।
এই গ্রন্থানা ১ম-২র খৃঃ শতকের রচনা বলে অস্থান করা হর। পান্তপত্যত্ত্বের একটি
শত্র এই—স্বীলোক এবং শ্রদের দক্ষে কথা বলবে না। আরেকটি শত্রে আছে—ক্রন্সামীণ্য
লাভ করলে কোনো ব্রাহ্মণ সংসারে প্নরাবৃত্ত হন না। এই সব শত্র পর্বালোচনা করলে
দেখা বার পান্তপত্যত্তাস্নারী পান্তপতরা বর্ণাশ্রম মেনে চল্ডেন।

পান্তপভস্তরত পান্তপত মত বে বেদাহসারী তার হ্যনিভিড প্রমাণ এই বে এই বভের ভিত্তি তৈত্তিরীর আরণ্যকের > গাঁচটি ময়। > ময়গুলি কোবাও অবিকল কোবাও একটু পরিবর্তিত আকারে পান্তপতস্ত্রে স্তর্মণে বর্ণিত হয়েছে।

<sup>&</sup>gt; V. S. M. B. S., p. 116. - Ibid. D. H. I., p. 450 . V. S. M. B. S., p. 119

নর্বে চৈতে বেলবিক্রতাং তথ্যকিকাং ঐহিকার্থিকনিত্রেরস-সাক্ষকর্মান্ত করন্তি।— 'পত্নরসাবক্রতাং' এই বক্ষর্ত্তের ভারে।
 P. S., Intro., p. 16

त्रीन्तः नाण्डितरः ।—ना न् )।>० ४ व वन्ति वृश्वाः नृत्रत्रावद्यं ।—वे, ॥२०

<sup>»</sup> P. S., Intro., p. 7 > তৈ আ, ১ - 180-89 , বারামনীরোপনিক, ১৭-২১

 <sup>(</sup>क) সভোজাতং প্রশালাবি সংগাজাতার বৈ করে। সকঃ। তবে তবে বাতিতবে তলার নাং তবোজনার
নকঃ। (পা পু ১)৪০-৪৪)

<sup>(</sup>व) जारांतरकारित त्यांतरका त्यांतरपात्रकरकाः। नार्तकाः अनिर्दरका मक्त का कावारपातः। (व) ७ का:-२०)

<sup>(</sup>प) करपूरुपात विवाद क्रांटरवात बीनरि । क्टबा क्या क्टांवर्ता । (जा प् वास्थ-६०)

<sup>(</sup>s) नेनामः नर्गिनामानीस्तः नर्गकृषानाः युवापिनाकि युवानाशिनाकिर्वं का मिरवा त्व वक्ष मताभिरतार्। (शा ए १०२-७१)

বেহাছ্যারী পাঙ্গত মডের আরও নিহর্ণন আছে। নিরুপ্রাণে দেখা গেল পাঙ্গত লকুলীর শিক্তবে বলা হয়েছে বেহপারগ আরুণ ( বাহুণা: বেহপারগা: )।

বৃহৎসংহিতাতে<sup>3</sup> আছে সভাৰ বিজয়া শভ্ৰ মূৰ্তি প্ৰতিষ্ঠা করবেন। তাল্লকার উৎপল বলেছেন সভাৰ বিজ অৰ্থ ভাৰসহিত আমাৰ অৰ্থাৎ পাশুপত।<sup>৩</sup>

কুর্মপুরাণেও° বেরমার্সী পান্তপভবের কথা আছে। এঁরা শার্ড শৈব। এই পান্তপভরা শতক্রির এবং অক্সান্ত বেরসমূত শান্তব কোত্রের খারা শিবের কব করতেন।

আক্তান্ত সংগ্রাহার— শারীরক তাত্তের ট্রাকার আনন্দগিরি, বাচপতিরিপ্র ও গোবিন্দানন্দ 'পত্যুরসামঞ্চাং' এই প্রের ভাত্তের ট্রাকার চারটি মহেশবোশাসক সম্প্রাহার উল্লেখ করেছেন। বখা—শৈব, পাশুপত, কারুপিকসিদ্ধান্তী এবং কাপালিক।

আনন্দগিরি শহরবিজরে লৈব, রৌজ, উগ্র,ভট্ট, জন্ম এবং পাশুপত এই ছটি শিবোপাসক সম্প্রদারের উল্লেখ করেছেন। এঁদের বেশভূষা লিক্ষ্যান্থন আচার-অন্তর্চান দেখে এঁদ্রে পরস্পরের পার্থক্য বোঝা বেত ।°

লক্ষ্য করা গেছে আচার্ব রামাছজের মতেও পশুপতিমতাস্থ্যারী সম্প্রদার চারটি। বধা—কাপাল বা কাপালিক, কালামূধ, পাশুপত এবং লৈব। কেশব কাশ্মীরীও এই চার সম্প্রদারের উল্লেখ করেছেন। ৮

হরিভন্ত স্থরির (৮ম খৃ: শতক) বড়দর্শনসমৃদ্ধরের চীকা বৃহতীতে গুণরন্ধরের (পঞ্চশ খৃ: শতক) লিখেছেন ক্রিরাকর্ম ও আচারভেদে শিবোপাসক সম্প্রদার চারটি—শৈব, পাশুপত, মহাব্রতধর এবং কালামুখ। কউ কেউ মনে করেন মহাব্রতধর আর কাপালিক একই সম্প্রদার। ১০

কাপালিক—বে-সব সম্প্রদারের নাম করা হল তার মধ্যে কাপালিক নামটি বালালী বিশ্বিত সাধারণের বিশ্বেষ পরিচিত। এটি সম্বব্দর হরেছে প্রধানতঃ বহিমচন্দ্রের কপালকুণ্ডলার কল্যাবে। কপালকুণ্ডলার কাপালিক শক্তি-উপাসক। কিন্তু ছংখের বিশ্বর
কি শিবোপাসক কি শক্তি-উপাসক কোনো কাপালিক সহন্তেই বিশ্বত কোনো বিবরণ পাওয়া
যায় না। পূর্বোক্ত ভাষাাধি ভিন্ন পঞ্চত্তর, মন্তবিলাস প্রহ্নন এবং মাল্ডীমাববে

वृहरगाहिका (२))> २ विकान् वृक्तिमान् गण्यान् क्यमहिकान् नांचनकानिकार्यः ।

मूर्वपूर्वाच अवशास्त्रक, अस्टाम-३३ । व अवशास्त्रक

<sup>4 47 4|2109 .</sup> H. I. Ph., Vol. V. pp. 14-15

<sup>े &#</sup>x27;ग्यावनायक्कार' अहे यू क्यूट्या कांड । 🔛 V. S. M. B. S., p. 191

BhEskarf, Vol. III. Intro., p. XIII. > V. S. M. S. S., p. 198

কাপালিকের কথা কিছু কিছু পাওয়া বার ।° এ ছাড়া কলপুরাণে কাপালিকবেশী শিকের বে-বর্ণনা পাওয়া বার ভার থেকে কাপালিকের বেশভ্বার পরিচর বিলে। উক্ত পুরাণে দেখা বার কাপালিকবেশী শিব জীপিকহাবৃত, মুঙ, খট্যালখারী। তার আন্তে চিডাজর। তিনি বিকৃত ও বিকৃতানন। তার হাতে কপাল। কপাল তার ভূবন।

কাপালেশর নিব ৬০০ ব্টাবের একটি চাল্কা প্রার্গিণিতে কাপালেশর শিবের উরেশ আছে। ত এ ছাড়া বহাবার বহারার সম্প্রেনের তারকলকলিপিতে ( সপ্তর বৃঃ শতক ) কপালেশর নিবের উরেশ আছে। ত অহমান হর ইনি কাপালিকদের প্রিত। হয়ত এঁরই নাম অহুসারে এঁর উপাসকদের নাম হরেছে কাপাল বা কাপালিক। অথবা উপাসকদের নাম অহুসারে ত্বেতার নামও হতে পারে।

মন্তবিলাস প্রান্ত্রস্থল—মন্তবিলাস প্রহ্মন প্রবরাজ প্রথম মহেন্ত্রর্থা আছ্মানিক ৬০০ থেকে ৬০৫ খু টাজের মধ্যে রচনা করেন। এই প্রান্তে এক কাপালিকের নারীলছ মন্ততা, ভণ্ড শাক্য ভিক্র সঙ্গে কগড়া ইতাদির বিবরণ আছে। এই প্রশ্ন থেকে জানা বার আমণের পক্ষে বেমন উপবীত কাপালিকের পক্ষে তেমনি কপাল অপরিহার্থ। কপাল হারিয়ে গোলে একটা নির্দিষ্ট সময়ের মধ্যে কাপালিককে অন্ত কপাল অবস্তুই সংগ্রহ করতে হত। কাপালিক গারে ভন্ম মাখতেন, নিজেকে ভন্মংকর্মর্থনি করে তুলভেন, নরকর্পালে মন্তপান করতেন। কাপালিকের বিশাল কারণ বেমন কার্মণ্ড ভেমনি হবে। কাজেই তার মতে ইহলোকে কৃচ্ছ সাধন করলে প্রলোকে আনন্দ পাওরা বাবে না; কেন না উভরের মধ্যে কার্মকারণ সমন্ত্র এটি বাজান হত, অন্ত সমন্ত্র এটিতে করে কাপালিকের জ্বল থেতেন। নারী কাপালিকের সঙ্গে পুক্র কাপালিকের অবাধ রেলামেশা হিল। প্রান্তির বিশালিকের অবাধ রেলামেশা হিল।

এই বিবরণ থেকে মনে হয় কপাল ধারণ করার **অন্ত এই সম্প্রাণয়ের লোকেদের** কাপালিক বলা হত।

মালভীমাধৰ—মালভীমাববে দেখা যার কাপালিক যোগী আঘোরষট করালচাম্ভার উপাসক। তাঁর শিব্যার নাম কপালক্জনা। সে কপালমালিনী। খীর শুরু আঘোরষট রাজকলা মালভীকে করালচাম্ভার কাছে বলি দেবেন এই উদ্দেশ্তে সে একদিন গভীর

<sup>&</sup>gt; śk. P., p. 10, n. I.

बौर्गकहातृङ দেবি মুধ্য গঢ়। লগারক:। চিতাভদ্মবিলিপ্তালো বিকৃতো বিকৃতানব:।
 কপালক করে কুলা কপালকুভকুবণ:।—কলপুরাধান্তর্গত অবভাগত ৮।°

Elistory of the Pallavas of Kanchi, pp. 94-95.

রার্কে স্বাধ্যপ্রাণাদ খেকে নিবিতা রাজকভাকে অভের অভাতদারে করানচান্তার মনিরে নিয়ে আনে। যনি অবস্ত শেষ পর্বত ফেব্রো হয় নি।

এই বিবরণ থেকে ভবভূতির সময়ে (খৃঃ জ্বার শতক) শক্তিপূজক কাপানিকের জ্বতিক্ষে নিয়ৰ্শন পাওয়া বাছে।

শহরবিজয় শহরবিশবে কাপালিকদের বে-বিবরণ পাওরা বার তা মোটাম্টি এই—
আচার্ব শহরের নকে কাপালিকদের দেখা হয় উজ্জারিনীতে। আচার্ব তাদের বিজ্ঞানা
করেন তোমাদের আচার এবং ফুলাগত বিবি কি বল দেখি। বতিপ্রেচ এই প্রশ্ন করলে
ফটিক, অর্থ চিল্ল এবং অটা বারা পরিশোভিভ কাপালিকেরা উত্তর দেন প্রভু, আমাদের
আচার সকল সাহ্বের সভোষকর। কর্মের বারা মৃক্তি হয় না এই বাক্য অন্থ্যারে
আমাদের আচার কর্মহীন। আমাদের উপাশ্ত তৈরব এক অর্থাৎ অবিতীয়; তিনি
ক্যাৎকর্তা। তার থেকেই প্রশ্নর হয়। তিনি স্টিবিভিপ্রসায়ের কর্তা।

এই কাশালিককের মতে সমস্ত কেবজা ভৈরবের অংশ। কেবজারা ভৈরবের আক্তা নিরোবার্থ করে জারই আক্ষাবলে আপন আপন অধিকারের কার্থ করেন।

শহরবিজ্ঞরে বে-কাপালিকদের বিবরণ দেওরা হরেছে তাঁরা ছিলেন অবেরপরী। তাঁরা সধিদাসেবন ও মন্তপান করভেন এবং এই-সব প্রব্যাসেবনজনিত বোধের পরবদ ছিলেন অর্থাৎ তাঁরা মনে করভেন এই-সব প্রব্যাসেবন জ্ঞানের উত্তব হয়। এই কাপলিকেরা নরকপালে করভোন।

ভীবের বলা ইরেছে 'সম্মোদ্ভপরায়ভপানপরাঃ' অর্থাৎ ভীরা শিবপক্তির মিলনোদ্ভ পর্য <u>অর্থ পান করতেন</u>। এর বেকে বোঝা বাম এই কাপালিকবের মধ্যে সূচ্ বোগ-সাধনা প্রচলিত ছিল।

তীরা মরবলে আপসাধের আরাষ্য সংহারতৈরবকে আবি ভ্রুত করতে পারতেন। শতরবিজ্ঞরে কমা ইরেছে আচার্ক শতরও তীর শিব্যবের সংহার করার জক্ত কাপালিক গুরু মরবলে প্রদান-কলাল-কটা-শূল-বারী, দিশবর, অটাকিগ্রাম্বর, সংহারতৈরবেই আবিতাব

সাচায় লোচাতাং ব্যক্ষাগতবিধিত কঃ। ইতি পৃঠা বতীশতবৃচ্ছ কাণালিকাঃ পরে।
কাইকৈর্ছচলৈত লটাতিঃ পরিশোতিতাঃ।
বাবিদ্যলাচারঃ সর্বনাশিনভোবকরঃ কমহীলঃ কর্ষণা ব বৃত্তিবিতি কালাং। বহুপাতো তৈরব এক এব
লগবেতা। ততা প্রকর্ষো ক্ষতীতি বো বা প্রসাহকতা স এব বিষ্ণুপথকারশীতে।—শহরবিলয়
ক্রেরাবিলে প্রকরণ।

তলশা এব কর্বে বেবাঃ তভাবিকারসভারাঃ বীক্তিভালাতাং শিরনা বৃধা জ্বাভিত্রভানিরশভার
ভভবকবিপরাঃ বভূত্য: ।—
।

ঘটান। কিন্ত ভৈরব প্রণত আচার্যের কথা শুনে প্রসন্ধ হন এবং খীর বেদবিক্তব-আচারপরায়ণ শিষ্যদের আম্বণ্য-আচারপরায়ণ করার ভার আচার্যের উপর ন্যন্ত করে অন্তর্ধান করেন।

শ্রীভাক্ত রামাহজাচার্থ বন্ধসত্ত্বের শ্রীভাক্তে (২।২।৩৫) কাপালিকদের উক্তি বলে শৈবাগম-বচন উদ্ধৃত করেছেন। বচনটির আক্ষরিক অহবাদ এই—ষ্টুমৃত্তিকাতত্বক্ত পরমূত্রাবিশারদ ভগাসনন্থ-আন্ধ্যানকারী ব্যক্তি নির্বাণ লাভ করেন। কটিকা (মালাবিশেষ), কচক (হারবিশেষ), কৃগুল, শিধামণি, ভশ্ব এবং বজ্ঞোপবীত ষ্টুমৃত্তিকা। এই সব মৃত্তিকা দারা মৃত্তিকেহ ব্যক্তির আর পুনর্জন্ম হয় না। ত

উদ্ধৃত বচন থেকে বোঝা যাচ্ছে কাপালিকরা বাছ ষ্টুম্খ্রিকা ধারণ করতেন কিছ তাঁদের সাধনার বিষয়ে স্পষ্ট কিছুই বোঝা যাচ্ছে না। বেটুক্ ইঞ্চিত আছে তার থেকে অফুমান হয় তাঁদের সাধনা ছিল গুঞ্চ যোগসাধনা।

আচার্য রামান্তর পশুপতিমতানুসারীদের সম্বন্ধ আরেকটি শৈবাগমবচন উদ্বুত করেছেন। তাতে বলা হয়েছে — মানুষ দীক্ষাগ্রহণমাত্র তৎক্ষণাৎ ব্রাহ্মণ হয়ে বাদ্ধ আরু কাপালব্রত ধারণ করার পর যতি হয়।

অস্মান করা বায় কাপালব্রত-ধারণ কাপালিকদের সাধনার অস্ক ভূক।

বিগারক্ষসিকান্তনংগ্রহ— গোরক্ষসিকান্তনংগ্রহে শ্বরাচার্বের সঙ্গে কাপানিকের সংঘর্বের কাহিনী দেওয়া হয়েছে। একদা শ্বরাচার্ব চার জন শিশ্বসহ এক নদীজীরে অবস্থান করছিলেন। তথন উগ্রভিরব নামক এক কাপালিকের রূপ ধরে স্বয়ং ভৈরব শ্বরাচার্বের কাছে গিয়ে বললেন—ওহে, তুমি ত সয়্যাসী, শক্রমিত্র ভোষার কাছে তুল্য, তুমি স্বথহুংথের ক্রমের বলসেন—ওহে, তুমি তামার মাধাটি কেটে নিয়ে ভৈরবের কাছে নিবেছন করব; তা হলে আমার প্রতিজ্ঞা পূর্ণ হবে। অতএব, তোমার মাধাটা দাও।

শহরাচার্য ভারী মৃছিলে পড়ে গেলেন। ভাবলেন যদি কাপালিকের কথার রাজি না ছই তা হলে শক্রমিত্রভেদ করা হবে এবং তা হলে অবৈতহানি হবে আর আমার পরাজর হবে আর যদি রাজি হই তা হলেও কাপালিকের কাছে আমার পরাজর হয়। রাজি হব কি হব

- > जः मक्त्रविका, जाः।विःम श्रकत्र ।
- মুক্তিকাইকতব্জঃ প্রমুক্তিবিশারক:। ভগাসনহ্যায়ায়: ব্যায়া নির্বাপ য়ুয়াতি।
   কটিকা রচকা চৈব কৃত্যাং চ নিবামণি:। ভাম ব্লোগ্রীত ক মুলাব্টকা প্রচন্তে।
- ৩ বচনের আঞ্চরিক অনুবাদ দেওরা হল। তবে আমাদের মনে হয় এর সংখ্যারবেভ পুচ আর্থ আছে।
- दीकाधारमधारवन नुकला छन्छि क्यार। कागांगर वस्त्राहात्र विश्वविक मानवः।

না এই বিচার করলেও আমার পরাজর হয়। এই সব ভেবে শহরাচার্য চূপ করে রইলেন।
কিছ তাঁর শিশ্ব পদ্মপাদাচার্য নৃসিংহকে শ্বরণ করলেন। শ্বরণমাত্র নৃসিংহ এসে উপ্রভিবরকে
বেদম প্রহার করলেন। মহাসিদ্ধ উপ্রভিবর তথন সেই শরীর ত্যাগ করে সনার চোথের
উপর অন্ত শরীর প্রহণ করে প্রসন্থে শহরাচার্যের সামনে দাঁড়িয়ে মেঘগন্তীরশ্বরে বললেন—
ওহে সন্ন্যাসী, আহৈতের ত পরাজর হল। তুমি যে বলতে শক্রমিত্রে ভেদ নেই তা এখন
কোখার গেল? মন্ত বেমন নিজে মাটিতে পড়ে প্রতিপক্ষকে ভূমিস্তাৎ করে আমিও তেমনি
আপন শরীর ত্যাগ করে তোমার সিদ্ধান্তের খণ্ডন করেছি। এবার তোমাকেও বিনাশ
করব। এই বলে কাপালিক যোগমান্তার সন্তী করলেন এবং তার ঘারা চারজন শিশুসহ
আচার্যের মন্তক ছিন্ন করলেন ভারপরে আবার তাঁদের বাঁচিয়ে দিলেন।

শহরবিজয়ে আচার্ব কর্তৃক কাপালিকবিজয়ের বে-কাহিনী দেওয়া হয়েছে এই কাহিনী হয়ত তারই পান্টা জবাব অথবা এই কাহিনীয়ই পান্টা জবাব হয়ত শহরবিজয়ে দেওয়া হয়েছে। সে বাক, এই কাহিনী থেকে জানা বার কাপালিকরা বোগসাধনা করতেন এবং তার বারা অলোকিক বোগবল লাভ করতেন। আর আতাস পাওয়া বায় সিছাভের দিক দিয়ে তাঁদের মত ছিল অবৈতবিরোধী।

কাপালিক শুক্ল—গোরক্ষসিদ্ধান্তসংগ্রহে বলা হয়েছে নাথের ঘারাই কাপালিক সত প্রকটীকৃত হয়। নাথই এই মার্গের প্রবর্তক। তারপর শাবরতত্ত্বের বচন উদ্ধার করে বার জন কাপালিক শুক্র এবং তাঁদের বার জন শিক্তের নাম দেওয়া হয়েছে। শুক্র বথা—আদিনাথ, অনাদি, কাল, অতিকালক, করাল, বিকরাল, মহাকাল, কালভৈরবনাথ, বটুক, ভ্তনাথ, বীরনাথ এবং শ্রীকঠ। শিক্ত ষথা—নাগান্ত্র্ন, জড়ভরত, হরিশ্চন্ত্র, সত্যনাথ, ভীমনাথ, গোরক্ষ, চপট, অবন্ধ, বৈরাগ্য, কহাধারী, জলদ্বর এবং মলয়ার্ভ্ন। এই শিক্তরের মার্গপ্রবর্তক অর্থাৎ সম্প্রদার-প্রবর্তক বলা হয়েছে।

কাপালিককেন্দ্র দক্ষিণভারতের কাঞ্চি, ভিরুবর্ত্বিয়্র, মেলপাভি এবং কোডুখালুর ছিল কাপালিক ও কালামুখদের শক্তিশালী কেন্দ্র ।° এর খেকে অন্তমান হয় কাপালিক সম্প্রদায় মূলতঃ এবং প্রধানতঃ দক্ষিণ ভারতের উপাসক সম্প্রদায়।

- > গোরক্ষিভাতসংগ্রহ, পুঃ ১৬-১৭
- আধিনাথো ক্লাকিত কালকৈবাভিকানকঃ। করালো বিকরালক বহাজালক সংগ্রন।
  কালভৈরবনাথক বটুকজনভরন। ভূতনাথো বীরনাথঃ একঠো বাবলো নতঃ।
  পাবরতপ্রবচন, উব্লুড, ঐ, পৃঃ ১৮-১৯
- নাগার্ক নো অভ্তরতো হক্তিক ভ্রতিরক:। সভানাথো ভীষনাথো গোরক্তর্গ টতথা।

  অবভাকে বিরাধ্যঃ কর্যাবারী কলকর:। নার্গপ্রবন্তকা ক্ষেত্ত তথ্য সনবার্ত্ত নি: 1—এ, পৃ: ১৯
- A Historical Sketch of Salviem, Q. Her. I., S. B. C. M. Vol. II., p. 27

প্রস্থান কাপালিকদের কোনো প্রহ পাওরা বার বি । তাঁদের বিদ্যাকর্ম আচার-অর্কার বেরবিরোধী বলে অন্তমতাবলদীদের প্রাহে তাদের অপবাদ ঐতিহোর আকারে বরাবর চবে এবেছে। এবন কি শিবোপালক অন্ত সম্প্রদারও তাঁদের অভিযার্গিক অর্বাৎ বিশ্বপাধী বা ঠিক পথ থেকে অনেক দ্ববর্তী বলে নিকা করেছেন। এ

কিন্ত কাপালিকদেরও বে প্রস্থ ছিল ভার পরোক প্রস্থান আছে। ক্তন্সংহিতার (বর্চ বৃ: শতক) কারিকাদি-আগরের উল্লেখ করা হলেছে। প্রই কারিকাদি-আগরের মধ্যে কাপাল-আগরও আছে। প্রট কাপালিকদের প্রস্থ হতে পারে। তবে অক্সার হর কাপালিকদের প্রস্থাদি বেশী ছিল না। কারন, কাপালিকদের সকরে বেটুকু ভব্যা পাওয়া বায় তার থেকে প্রতীতি হর ভারা প্রধানতঃ লাধক বোগী। লক্ষ্যে পৌত্রার অন্ত লাখনার উপরই তারা অধিক ভক্ত আরোপ করতেন। কোনো নিভাত প্রতিষ্ঠিত করার দিকে তাঁদের লক্ষ্য ছিল মনে হর না। থাকলে নেই উল্লেখ্য অক্সই নানা প্রস্থ

সিদ্ধান্ত— তবে সিদ্ধান্ত তাঁদের অবস্থাই ছিল। গোরক্ষিয়ান্তসংগ্রহ অহলারে দেখা গেল কাপালিক মত শহরব্যাখ্যাত অহৈতের বিরোধী। এদিকে আচার্য রারাত্মক কাপালিকদের পশুপতিমতাত্মসারী বলেছেন। এ কথার বারা অবন্ধ পাই কিছুই বোঝা বার না। তবে রামাত্মক পাশুপতস্ক্রবর্ণিত পাশুপত মতের কথা মনে রেখে এ কথা মনতে পারেন। তা বহি হয় তা হলে বলতে হয় কাপালিকদের নিদ্ধান্ত পাশুপতস্ক্রবর্ণিত সিদ্ধান্ত অথবা তারই অসুরূপ নিদ্ধান্ত।

লাবনা কিন্তু তাঁদের সাধনা ছিল স্বতর। লে-সাধনার পূচ স্বর্থ বাইবের লোকের জানা ছিল না। কাজেই কাপালিকদের নামে বে-জপবাদ জন্তেরা প্রচার করেছেল জীরা সভাসতা সেই অপবাদের পাত্র কি না নিশ্চর করে বলা বার না।

বিকার—আরেকটা কথা। দেখা বার সব ধর্ষসন্তার্থারেই কালে কালে বিকার উপস্থিত হয়। অবোগ্য অনধিকারীর দল সম্প্রদারে চুকে পড়ে। এটা অনেক লবর হয় সম্প্রদারের লোকসংখ্যা বাড়াবার দিকে নজর দেওরার জন্য। কল এই হয়, এই-লব অবোগ্য হাজি শুল সাধনার গভীর তন্ত আয়ন্ত করতে পারে না। কাজেই ভারা বান্ধ আচার-অন্ত্রানকেই ধর্ম বলে মনে করে আর এখানেই সাধনা বিকৃত হয়। বাইরের লোকেরা এই-লব বিকৃতি দেখে সম্প্রদারের নিকা করে। কিন্তু বিকৃতিটাইত সম্প্রদারের স্বাভ্যিকারের» পরিচর নয়।

<sup>&</sup>gt; H. I, Ph., Vol. V, p. 10. 2 V. S. M. R. S. S. 100

<sup>•</sup> रूटमाहिका, आश्वार . H. I. Ph., Vol. V., p. 18, m. I.

একপেলে ধারণা— সাধারণ লোকের মধ্যে কাপালিকদের সমস্ভে প্রচলিত ধারণা এই বে এঁরা মদ, নারী, মাংস, এমন কি নরমাংসেরও বংগচ্ছ ব্যবহার করেন। স্বামাদের এই ধারণা একপেলে বলে মনে হর; কেন না এতে কাপালিক সম্মাদরের বর্ণার্থ পরিচর স্ফিত হর না।

নানা প্রায়—অবস্থ কাপানিকদের সম্পর্কে বে-নামান্ত তথ্যাদি পাওয়া যার তার উপর নির্ভর করে তাঁদের সম্বন্ধে পরিকার কোনো ধারণা করাও কঠিন। কাপানিকের বিষয়ে নানা প্রায় মনে জাগে। শিবোপাসক কাপানিক ও শক্তি-উপাসক কাপানিকের সদ্ধান পাওয়া যায়। উভয় কি একই সম্প্রদায়ভূত্ত ? কপালী ভৈয়ব-শিবের উপাসক কাপানিকরা কি দেবীর পূজাও করতেন ? না এঁরা পৃথক্ সম্প্রদায়ভূত্ত ? পৃথক্ সম্প্রদায়ভূত্ত হলে এঁদের পরস্পরের সঙ্গে কোনো বোগাযোগ ছিল কি ? থাকলে, কি ভার পরিচর ? ইত্যাদি ইত্যাদি।

উদ্ধান কিছ নির্ভরবোগ্য বথেই তথ্যের শভাবে এ-সব প্রশ্নের সঠিক উত্তর দেওরা বর্তমানে সন্তবপর নর। তথু শ্বন্ধনা করনা চলতে পারে। একটি দৃষ্টান্ত দেওরা বাক। মালতীমাধবে দেখা বার কাপালিক বোলী শ্বনোরম্বন্ট দেবী করালচাম্প্রার উপালক। যদি ইনি লৈব কাপালিক সম্প্রদারভূক্ত হন তা হলে দেখা বাছে অন্ততঃ সপ্তম খৃঃ শতকে লৈব কাপালিকরা দেবীর পূজাও করতেন। আর বিদি ইনি লৈব কাপালিক সম্প্রদারভূক্ত না হন তা হলে ঐ সময় থেকে শক্তি কাপালিক সম্প্রদারের অন্তিম্বের নিয়ন্দিন পাওরা বাছে। তবে স্তসংহিতার বে-কাপালাগমের পরোক্ষ উত্তর মিলবে।

<sup>3</sup> H. I. Ph., Vol. V, p. 3.

## অপ্তম অধ্যায়

## र्णिय पर्णन

শৈব দর্শনের উপযোগিত।—শাক্ত যত তথা দর্শন সম্যক্রণে অবগত হতে হলে শৈব মত বা দর্শনের সঙ্গে একটা মোটাম্টি পরিচয় থাকা আবস্তক। সেইজন্ত এথানে সাধারণভাবে সেই পরিচয় লওয়ার চেষ্টা করা গেল।

বিভিন্ন মন্ত—মাধবাচার্য ( খৃঃ চতুর্দশ শতক ) তার 'দর্বদর্শনসংগ্রহ' নামক এছে শৈব দার্শনিক মন্তকে চার শ্রেণীতে ভাগ করেছেন। বধা—নকুলীশ-পাতপত, শৈব, প্রত্যভিক্ষা এক রদেশর।

নকুলীশ-পাশুপত বা পাশুপত—এ বাবত পাশুপত মতের সব চেরে প্রনো বে বইখানা পাওরা গেছে তার নাম 'পাশুপতক্তরম্' (খৃ: প্রথম-বিতীর শতক)। এই মতের আবিশুক নকুলীশকে এই গ্রন্থের ক্তরগুলির রচরিতা মনে করা হর। পাশুপতক্তরম্ এবং কৌপ্রিয়ক্কত তার ভারে (খৃ: চতুর্ধ-বর্চ শতক) প্রধানতঃ পাশুপত বোগবিধি বর্ণিত ও ব্যাখ্যাত হরেছে। এইজন্ত এই গ্রন্থকে খাঁটি দার্শনিক গ্রন্থ মনে করা হর না।

তবে সর্বদর্শনসংগ্রহে বে-নকুলীশ-পাশুপত মতের কথা বলা হরেছে পাশুপতস্ত্রে এবং কৌতিগ্যের ভারে ধুব সম্ভব প্রসঙ্গতঃ সেই মতই ব্যক্ত হরেছে। ব্রহ্মস্তরের শারীরক ভারে বে-পাশুপত মতের উল্লেখ আছে তাও এই পাশুপতস্ত্রোক্ত মত হতে পারে।

পাশুপত মতের লক্ষ্য— কোন্তিগ্য বনেছেন° আব্যান্মিক, আবিভোতিক এবং আবিদৈবিক সকল প্রকার হৃংখের ঐকান্তিক এবং আত্যন্তিক বাপোহ অর্থাং অভ আছে কি না শিক্তের এই প্রশ্নের উত্তরে ওক পাশুপতস্ত্তপ্তলি বলেন। কাজেই দেখা বাজে এই পাশুপত মতের লক্ষ্য সকল প্রকার হৃংখের ঐকান্তিক ও আত্যন্তিক অভ অর্থাং ধ্বংস।

বিনি পাতপত বোগবিধির বধাষধ অন্থসরএ করতে পারবেন পশুপতির প্রসাদে তাঁর দ্বংখাত হবে। এই দ্বংখাত ভর্ জান, বৈরাগ্য, ধর্ম, ঐশর্ষত্যাগাদির বারা হয় না, পশুপতির প্রসাদেই হয়।

পশুপতির ব্যাখ্যা—এই বে গণ্ডপতির প্রসাদের কথা বলা হল এই পশুপতির পরিচয় কি ? পশু শব্দের ব্যাখ্যার কৌগুল্য বলেছেন সিন্ধেররের শর্থাৎ শীবস্থুক্তকের বাদ দিয়ে

<sup>&</sup>gt; পা र पृ: ०, भारतिका ७ व H. I. Ph., Vol. V, p. 180 🔸 Ibid, p. 148

চেতনাবান্ আর সবাই পশু। পাশুপতদের মতে সাংখ্যবোগাছসারে মৃক্ত ব্যক্তিও পশু। ব্রহ্মা থেকে আরম্ভ করে তির্বস্ পর্বন্ত সব জীবই পশু।

নেই পশুদের বিনি ব্যাপ্ত করে আছেন, রক্ষা করছেন তিনি পতি। পতি আনশক্তি বারা পশুদের ব্যাপ্ত করে আছেন এবং প্রাকৃষ্ণক্তি বারা রক্ষা করছেন।

পাশুপত মতের আলোচ্য— কোণ্ডিণ্য বলেন পাশুপত মতের আলোচ্য পাঁচটি পদার্থ। বগা—কারণ, কার্থ, বোগ; বিধি এবং ফুংখাত।

কারণ—কারণপদার্থ পতি।° পতির অনেক নাম বা উপাধি। বধা—বাম, দেব, লোচ, কত্র, কাম, শহর, কাল, কলবিকরণ, বঁলকিরণ, অঘোর, ঘোরতর, দর্ব, তৎপুরুব, মহাদেব, ওঁকার, ধবি, বিপ্র, মহানীশ, ঈশান, ঈশর, অবিপতি, ত্রদ্ধা এবং শিব।° তিনি ত্রদ্ধা।°

এই পতি ( কারণ ) উৎপাদক-অন্প্রাহক-তিরোভাবক-ধর্মী। তিনি বিশ্বাকলাপশু নামক কার্য অর্থাৎ বিশ্ব উৎপাদন করেন, রক্ষা করেন এবং তার তিরোভাব ঘটান। এ সব তাঁর ক্রীড়া।

তিনি ইচ্ছা করেন বলে কার্বের অর্বাৎ বিশের সৃষ্টি করেন তাঁর আপন শক্তির মধ্যে ( বশক্তিকং কার্বম্ ); এবং বশক্তি বারাই বিশে অবস্থান ( স্বশক্তা) অধ্যান্তে ) করেন। গ

ভগবান্ ৰহেশবের শক্তি সনাডনী। ৺ এই শক্তির বিবিধ রূপ। ভার রধ্যে প্রধান ইচ্ছাশক্তি, শ্বানশক্তি ও ক্রিয়াশক্তি। ১০

ভগবান কার্বের উৎপত্তি বেমন ইচ্ছা তেমনি করেন। কারণ, তাঁর ইচ্ছা খতত্র এবং অপরিমিত। তিনি অগতে বা জীবনে বেমন খুলি পরিবর্তন ঘটাতে পারেন। ব্যক্তি বা তার কর্মের অপেকা তাঁকে করতে হয় না। অর্থাৎ জীবের কর্ম ঘাই হোক না কেন ভগবান ইচ্ছামত তার বছমোক্ষাদি খে-কোনো গতি বিধান করতে পারেন। তবে একটি ক্ষেত্রে তাঁর ইচ্ছাকে তিনি পরিমিত করেছেন। মৃক্ত জীবকে তিনি আর হৃংধর্ক করার ইচ্ছা করেন না। ১০ মোকাবছার জীব খতত্র, তার আর উপরপারতন্ত্রা থাকে না। ১০

मध्यनात्रविष्ट्यत्र म्राड क्षेत्रत कर्माविनित्रत्थक (बक्काठाती। ३० क्षेत्रत कर्मनित्रत्थक किक

সাখাবোগেন বে মৃক্তাঃ সাখ্যবোগেনরাক বে।
বু আবরভিবনতাঃ সর্বে তে পানাঃ কৃতাঃ ।—উদ্বৃত, বি

२ गा ए २।२-वर बारा, भू: ० ० भा ए वाहन-वर बारा इ वे ६ भा ए:२।००, २।२२ रेखारि

<sup>•</sup> मे sies बहा शर-बह कांक • में शब्देश कांचा • में, शब्देश कांचा

<sup>»</sup> व ). वे शरकतम् जाया )> ना ए शकतम् जाया अर म म म जावन तस जाया

<sup>&</sup>gt;० क्योविविद्यांक्ष क्ष्यांवादी गरवा स्पर् ।—न र न ०००२

কর্ম উপরসাপেক। জীবের স্বকর্ম ভাকে স্থপক্রপত্নপত্নপ ফল দের কি**ন্ত দের উপরাস্তাহে,** উপরনিরপেকভাবে হিভে পারে না।

কার্থ—বিছা, কলা এবং পশুকে বলা হয় কার্য। বাংখ্যমতে প্রধান এবং পূক্ষ কারণ কিছ পাশুপত মতে কার্য। এই মতে একমাত্র পতিই কারণ। কারণ নিভা বলে কার্যও নিভা।

বিশ্বা—কোণ্ডিণ্য বিভার একাধিক ব্যাখ্যা দিরেছেন। তিনি সংবিং বা সংখাধকে বলেছেন বিভাতিব্যক্তি। বা উংপাছ-অন্থপ্রাভ্-তিরোভাব্য-কাল্প্য-বিকার্থ-পদার্থের বোধের অধিষ্ঠান তাই বিভা। বা গ্রন্থার্থবর্তিপদার্থের অভিব্যক্তিকা জ্ঞানলক্ষণা তাই বিভা। বিভাধ্যধিকামকৈবল্যের সাধন। ব

'সর্বদর্শনসংগ্রহ'-এদ বিভাকে বলা হয়েছে পশুগুৰ। বিভা বিবিধা—বোধৰভাবা (বোধান্মিকা) এবং অবোধৰভাবা (অবোধান্মিকা)। বোধান্মিকা বিভাকে বলা হয় চিক্ত। বি-বর্মাধর্ম পশুন্ধপ্রাপ্তি ঘটায় সেই ধর্মাধর্ম বে-বিভার অন্তর্ভক্ত সেই বিভাকে বলে অবোধান্মিকা বিভা।

কলা—কাৰ্য এবং করণের নাম কলা। এখানে কাৰ্য বলতে ব্ৰায় কিভি, অপ, ভেল, বায়ু এবং আকাল এবং ব্যাক্তমে তাদের গুণ গছ, রদ, হুপ, অৰ্শ ও লবা। আর করণ বলতে ব্যায় প্রোত্ত, ছক্, চক্ষু, জিহ্বা, তাণ (নাসিকা), পাদ, পায়ু, উপত্ব, হস্ত, বাক্ মন, অহংকার এবং বৃদ্ধি। ১০

পশু—কোণ্ডিণা বলেন পশুনহেতু এবং পাশনহেতু জীবকে পশু বলা হয়। কথাটা ব্যাখ্যা করে বলেছেন জীবের বিভূষ এবং চেতনসমবেতৃত্ব থাকা সবেও সে কেবলমার শরীরই দেখে, তার বাইরে কিছুই দেখে না। এই রকম 'পশুন'হেতু অর্থাৎ বেথাৰ জন্ম জীব পশু। আর পাশ বলতে ব্রায় পূর্বোক্ত কলা। এই পাশের ধারা বন্ধ হুওয়ার জন্ম অর্থাৎ পাশনহেতু জীব পশু।

পভ ত্রিবিধ—দেবতা, ষতুত্ব এবং তির্বক্। দেবতা ক্রন্তাক্তি শইবিধ, ষতুত্ব ক্রান্তশাধি শলেকবিধ এবং তির্বগ্রোনি পভর্গাধি পঞ্চবিধ। ১০

**द्याग**—कोखिलात मण्ड बाबा এवः मेनदाव मः बान । • • बाबाब बानाव

- > नव न काश्रम अस कांच र शा त्र शर अस बादन-अस कांच क के बादन-अस कांच
- क के शान्त्र कांक व के बावन-पर कांक o के अश्वन-पर कांक व के बावन-पर कांक
- দ সৰুস ৬০০০ ১ কৌছিল্য বলেন (পা সু ২০০১-এর ভাছ) বা ক্র<u>ক্ট্র-ক্টার্ক কোন</u> করার এবং বর্গার্ক অর্থন করে তাই চিভ। ১০ পা সু ২।২৪-এর ভাছ
- >> गडनार गामिनाक गनरा ।-के २१२-वह कार्ड २२ के । २० "मा पू वावप-वह कीर्ड " ।
- > व्याद्यक्षमध्यात्रात्रात्रात्रात्रात्रात्रात्रा

বলেছেন বিনি কাৰ্যকৰণ ভবে জীবকে বিষয়সভূছ বোধ করান তিনি আছা। পাছা চেতন, ক্ষেত্রজ, জীবাছা, পুরুষ, পূল্পল, ভোজা, অহু, বেছ, অহুড, সাজী, পরিভূ এবং পর। ইনি শ্রোতা, প্রান্তা, নাজা, মাডা, মডা ( মননকারী ), বক্তা এবং বোছা। পারী বধন ইন্দ্রিয়জর করতে পারে এবং ইচ্ছাব্যেগ্রান্তির্ভিড হরে সর্বভৃতন্থিত মহেশরে ভিত্তির হতে পারে তথনই করে ও জীবের সংবোগ হয়।

ইব্রিয়গুলিকে যথন ইচ্ছা করে অকুশল কর্মের থেকে ফিরিয়ে এনে কুশলকর্মে যুক্ত কর। বায় তথনই ইব্রিয়ক্ষর হয়।

লক্ষ্য করা গেল পাতপত মতে বোগ আত্মা ও ইশবের সংবোগ, পাতঞ্জল মতের চিত্তবৃত্তি-নিরোধ নয়। চিত্তবৃত্তি বিষয় থেকে প্রত্যাহার করে হৃদরে মহেশবের ধারণা করতে হবে। এই মতাফুলারে প্রত্যাহারের উপর বেশী জোর ফেওরা হয়।

মহেশুরের ধারণার সময় চিন্তবৃত্তি হলরে ওঁকারে নিবিষ্ট করতে হবে। ও এর অর্থ ওঁকার ধ্যেয় বৃদ্ধ। ওঁকার নিদল শিব। ও

বিষি—বুল ক্ষা বাজাভাতৰ নানা কৰ্মকে ৰলা হয় বিধি। পাওপত ক্ষে প্ৰথমে তথ্যানাদি খুলবিধি ভারপর ক্ষমশং ক্ষাবিধি বিবৃত হয়েছে। দৃষ্টাভাষরণ কয়েকটি বিধির উল্লেখ করা যাছে।

পাওপতমতাবল্ধী বোদসাধককে ভন্নসান, তল্পে শরন, ভন্মস্থান, শিবনির্ধান্যধারণ করতে হবে; হাসি, নৃত্য, গীত, তুং তুং শব্দ, অপ, নমন্বার প্রভৃতি কারিক, বাচিক ও মানসিক কর্ম করতে হবে, নিবেদন করতে হবে; প্রাণান্বাম করতে হবে, রোজী গান্ধবী অপ করতে হবে, মনকে কল্বনৃত্য করতে হবে। শান্ধনপথে আরও অগ্রসর সাধককে প্রকল্প করতে হবে। শ

সাধককে সংগ্রহপ্রতিগ্রহহিংসারহিত হতে হবে। ১১ তাঁর চিত্ত বাতে মান প্রভৃতি সকল প্রকার সম্বর্জিত হয় সেইজত তিনি এমনতাবে চলবেন বাতে জোকে তার নিক্ষা করে। তিনি প্রেতের মতো আচরণ করবেন অর্থাৎ অভ্যন্ত নোংবা পাগলের মতো থাকবেন। ১১ এমনি

- > जानूर्व कार्यकर्मर विवशायन्डकाडीखाचा।—ना ए ०१०-वह जान
- প্রকলেভলো ভোজা ক্ষেত্রত পূর্বলো কর:
   পর্বলোহসুত্র সাক্ষী কীবাছা পরিকুল পর: ।—উদ্বৃদ্ধি ঐ ু ৩ পা জু ६।০-এর ভার্য
- ज्यारक्र्यत्मरका सांसर्वतिका कांचल क्रूपरम (याचिकामि ( सर)), ज्या विकासि करकि।—वे ११०-वह कांच • स. र. Ph., Vol. V. p. 146; • गा र ११०, ११०: १ वे ११२१-वह कांच
- वे अञ्चल कांक के वे व्यवन कींकात वार्क उन वे श्रेष्ठ उन के श्रेष्ठ व्यवकार
- ১২ 'পা হ ৩১০, ৩১১, ১১৪ এবং তার:

করে নিন্দিত হয়ে তিনি অনিন্দিতকর্মা হবেন অর্থাৎ ধর্মাচরণ করবেন। স্বাধারন, জ্বপ, ধ্যান তাঁর ধর্মচর্যার অঙ্ক। এ ছাড়া প্রত্যেক সাধকের থাকবে শহরের প্রতি অনম্ভতক্তি। পাতঞ্চলবোগস্জোক্ত বম-নিয়মাদি অষ্টাঙ্গের চর্যা এই পাতপত মতেও বিহিত। তবে এই মতের ধারণা ধ্যান অন্তরক্ষের আর সমাধি অর্থ ক্রানাযুদ্ধালাত।

তুঃখান্ত লাভণত মত অমুসারে চরম তৃঃখান্ত হয় কলসাযুদ্ধালাভে। কলসাযুদ্ধালাভেই চরম দিছি। এই চরম দিছিলাভ হয় ঈশরপ্রসাদে। কলসাযুদ্ধা সাংখ্য-পাত্রকা মতের কৈবলা নয়। কৈবলা-অবস্থায় মৃক্ত জীব স্বাত্মপরমাত্মজানরহিত মৃর্ছিতের মতো অবস্থান করে। কিন্তু কল্পসাযুদ্ধালাভে এই স্বাত্মপরমাত্মজান থাকে। পাত্রপত মতে মৃক্ত হওয়া অর্থ যুক্ত হওয়াও বটে; মহেশরের সঙ্গে যুক্ত হওয়া। যুক্ত হওয়া কিন্তু মিশে বাওয়া নয়।

মাহেশর ঐশর্য — দিছ বোগী নিক্রিয় অর্থাৎ বাহাভান্তর সকল প্রকার ক্রিয়াশৃত্ত, ক্রেমী অর্থাৎ সকল প্রকার শরাশৃত্ত, বীতশোক, ধর্মাধর্মরিত এবং প্রমাদশৃত্ত হন। তাঁর গর্ভ-জন্ম-অজ্ঞান-জরা-মরন প্রভৃতি সকল প্রকার আধ্যাত্মিক আধিতোতিক ও আধিদৈবিক তৃংখের অন্ত হয়ে যায়। ক্রুসাযুদ্ধাপ্রাপ্ত যোগীর আর সংসার অর্থাৎ জন্ম নাই। তিনি মাহেশর ঐশর্বলাভ করেন। এথানে ঐশর্ব অর্থ অলোকিক শক্তি। মাহেশর ঐশর্ব দৃক্শক্তি এবং ক্রিয়াশক্তি। দৃক্শক্তি বিষয়ভেদে পঞ্চবিধ। যথা—দর্শন, প্রবন, মনন, বিজ্ঞান এবং সর্বজ্ঞতা। ১০

দর্শন অর্থ স্থা, ব্যবহিত (ব্যবধানযুক্ত), বিপ্রকৃষ্ট (দ্রস্থ) ও চাক্ত্র রূপবিষয়ক আন। এই জ্ঞান শর্পন্থ বিষয়ক সিদ্ধিজ্ঞান । দ্রস্থ স্থাদি-অশেবশন্ধবিষয়ক সিদ্ধিজ্ঞান অর্থাৎ চিস্তামাত্রই মনন। সর্ববিধ বিষয়ে শাহ্রাদি সাধনের অপেকা না রেখে যে-জ্ঞান হয় তাই মনন। বিজ্ঞান অর্থ অশেবশাত্রবিষয়ক গ্রহণত এবং অর্থগত জ্ঞান। সিদ্ধ বোগার অপরিমিত জ্ঞান সর্ববিষয়ে ব্যাপ্ত থাকাকে বলে সর্বজ্ঞতা। যিনি সব জ্ঞানেন তিনি সর্বজ্ঞ। তার ভাব সর্বজ্ঞতা। স্থান ক্ষানেন তিনি সর্বজ্ঞ। তার ভাব সর্বজ্ঞতা। স্থান স্থানেন তিনি সর্বজ্ঞ।

ক্ৰিয়াশক্তি বলতে বোঝায় মনোজবিদ্ধ, কামন্ধণিদ্ধ এবং বিকরণধর্মিদ্ধ I<sup>১৬</sup> মনোজবিদ্ধ শর্ম

<sup>&</sup>gt; वे कांत्रक र वे शहर

वे ১१२० ; ७१२०-এর ভার ; ६१२८, २६, ७५, ०० हेळाडि अवर जांचा । । भा प ६१००

क में clos-चत्र कांच · जे clos, clo. वत्र कांच · जे clos-चत्र कांच

<sup>&</sup>gt; 11 7 cis-at wit > H. I. Ph., Vol. V, p. 182 >- 7 7 7 0184-45

<sup>&</sup>gt;> तरत्र भारत्र भारता विकास वि

নিদ্ধ বোদীর নিরতিশর শীষকারিত্ব অর্থাৎ কিছু বলামাত্র বা ভাবামাত্র তৎক্ষণাৎ তা করার ক্ষমতা। সিদ্ধ বোদীর কর্মাদিনিরপেক্ষ হরে ক্ষেছার অনস্তরপের অধিচাত্ত্বকে কামরপিত্ব বলা হয়। সিদ্ধ বোদীর ইন্তিরাদি সভ্ত হয়ে গেলেও তাঁর নিরতিশর ঐশর্য অর্থাৎ শক্তি থাকাকে বলে বিকরণধর্মিত্ব। এই শক্তি স্থানশরীরাদির তারা জীবকে সংযুক্ত করার শক্তি।

মাধবাচার্য মাহেশ্বর ঐশ্বলাভকে বলেছেন সাত্মক ছ:খান্ত। তাঁর মতে তু:গান্ত বিবিধ—অনাত্মক এবং সাত্মক। সমস্ত ছ:খের অত্যন্ত উচ্ছেদ অনাত্মক ছ:খান্ত।

আলোচ্য পাশুপত মত বৈত এবং একেশ্বরবাদী। স্ত্রগুলি আলোচনার সময় লক্ষ্য করা বায় এতে দেবতার সঙ্গে মাহ্নবেরও মাহাত্ম্য ঘোষিত হয়েছে। মাহ্নব সাধনার ঘারা কত বড় হতে পারে স্ত্রগুলিতে তার পরিচয় পাওয়া বায়।

লোরাণিক পাশুপত মত—'পাশুপতস্ত্রম্' ছাড়া পুরাণাদিতেও পাশুপত মতের কথা পাওয়া বার। শিবপুরাণের অন্তর্গত বারবীর সংহিতার পাশুপত মতের বিবরণ আছে। পাশুপতস্ত্র-নির্দিষ্ট মত আর এই মত এক নয়।

শাভণতস্ত্রম্ এবং কোতিণাভালে বিবৃত পতি, পাশ এবং পশু এখানেও আছে। পোরাণিক কাহিনী অসুসারে নৈমিবারণাবাসী ঋবিরা ক্রন্ধার আদেশে বান্ত্র কাছ থেকে শিববিষয়ক ভক্তান লাভ করেন। তারা প্রথমেই বান্ত্রক জিল্লাসা করেন কি সেই পরমজ্ঞান আপনি লাভ করেছেন বাতে পরম নিষ্ঠা রেখে মান্ত্র স্থালাভ করে ? উত্তরে বান্ত্র বলনেন আমি পূর্বে পশু-পাশ-পতি-বিবন্ধক জ্ঞান লাভ করেছি। স্থালী পূক্রবের তাতে পরম নিষ্ঠা করা কর্তব্য।

পশু-পাশ-পত্তি—পাশুপতস্ত্রে বেষন এখানেও তেমনি হু:খান্তের কথা আছে; তবে অক্তভাবে। বলা হয়েছে অক্তান (অবিছা) থেকে উৎপন্ন হু:খ ক্তানের অর্থাৎ তত্তজানের বারা নিবৃত্ত হয়। ক্তান অর্থ বন্ধপরিচ্ছেদ অর্থাৎ বন্ধনির্ধারণ। বন্ধ ত্রিবিধ। ব্যান-অক্তভ্য, ক্ষড় এবং তাদের নিমন্তা। পশু অক্ষড়, পাশ ক্ষড় আর তাদের নিমন্তা পতি। প্রত্বেক্তারা আবার পশুকে অক্ষর, পাশকে ক্ষর এবং পতিকে ক্ষরাক্ষরপর বলে থাকেন। ব

<sup>&</sup>gt; 3 0164-00

२ जब् छकारबक्षित्रकाणि निविध्निरेवपर्यजविषय् ।—गां य. वाः ১, गृः ३६, भाषकीका २

० जः जे, जः २, नुः १६, नाष्ठीका । म म म काश्र-०.

लि शू, वांत्र गर, शू छा, ३१०-३०
 चे ३१३०

१ ज्ञानशक्तर कृत्वर क्रार्टिन्य निवर्कर । कानर वक्तविरम्पता वक् रु विविदः कुरुत् ।--वे ११>>

कराव है व वर द्वराव कि अ

আকর ও করের ব্যাখ্যা করে বলা হয়েছে প্রকৃতি কর আর পুরুষ আকর। এই উভয়কে বিনি চালিত করেন সেই পরমেশ্বর পর অর্থাৎ করাকরপর অর্থাৎ কি না কর এবং অকর এই উভয় থেকে ভিন্ন।

তা হলে দাড়াল পত্ত পুরুষ, পাশ প্রকৃতি এবং পতি পরমেশর।

আবার প্রশ্ন হল এই প্রকৃতি কে ? পুরুষ কে ? তাদের সমন্ধ কি রক্ষ ? তাদের প্রেরক ঈশ্বর কে ?

পাশ-প্রকৃতি মারা। পুরুষ মারাবৃত জীব। মল-কর্মের ছারা উভয়ের সহস্ক হয়। তাদের প্রেরক ঈশ্বর শিব।

ব্যাখ্যা করে বলা হয়েছে মালা মাহেশ্বরী শক্তি; চিদ্দ্রপ পুক্ষ মালার্ভ হন। মল চিং-ছাদক। শুলার পূর্বোক্ত মল্শুক্তভা অর্থাং স্বাভাবিক বিশুদ্ধি শিবভা। গ

আবার প্রশ্ন জাগে মায়া কেমন করে সর্বব্যাপী চিদ্রুপ পুরুষকে আরুত করে? কেনই বা পুরুষের এই আবরণ ? কেমন করে এর নির্ভি হর ?\*

উত্তরে বলা হয়েছে মায়া সর্বব্যাপী পুরুবেরও আবরণ হতে পারে, কেন না কলাদিও (মায়ার বিভিন্ন রূপ) সর্বব্যাপী। ভোগার্থ কর্মই আবরণের হেড়। মলক্ষম হলেই আবরণ নিবৃত্ত হয়।

কলাদি বলতে বোৰায় কলা, বিদ্বা, রাগ, কাল এবং নিয়তি। এই পাঁচটিকে পঞ্চ তব বলা হয়। বিদ্বা আর কলা পুক্ষবের দিক্জিয়া-ব্যঞ্জ, রাগ অর্থাৎ বিষয়ান্ত্রাগ প্রবর্তক, কাল দকল বস্তুর অবচ্ছেদক আর নিয়তি নিয়ামিকা।

কৰ্ম ছিবিধ— প্ণাাত্মক এবং পাণাত্মক। তার ফল বধাক্রমে হুখ এবং ছু:খ। মল অনাদি। আর ভোগ পর্যস্ত অর্থাৎ মলকর না হওরা পর্যস্ত কর্ম থাকরে। কর্মের আশ্রম অক্সান পুরুষ। ১০

- ১ नि पू, बाह मर, प् का, बाउक र दे बाउक क दे बाउम
- সর্বলনিসংগ্রহে মল সকলে বলা হরেছে 'আয়াজিতো ছুইভাবো মলা' অর্থাৎ প্রক্রথ-আজিত ছুইভাব ফল।
  মল পঞ্চবিধ—নিব্যাক্তান, অবর্ম, সজি (বিবরাসজি), হেতু (বিবরসয়িবানাদি) এবং চ্যুতি অর্থাৎ স্বাচনাক্রইভা।—স দ স ৬/১৯-২০
  - বারা বাহেবরী শক্তিশিক্রপো বাররাবৃতঃ। কলন্টিন্ছার্যকো নৈজো বিশ্বজি বিশ্বতা বতঃ।
     —লি পু, বার সং, পু ভা, ০াং০

  - » পৃত্তিসাবাঞ্জিকে বিলাকলে রাখ্য এবর্তক:। কালোহককেকলার বিরভিত বিরাধিকা—ই ১০০১

ভোকা পুৰুৰ। শ্বাক ভোগ্য। বাহু-ও অন্তরিপ্রির-বিশিষ্ট শরীর ভোগনাধন। কর্মকরের জন্ত ভোগ প্রয়োজন

অব্যক্ত কারণ। তার থেকে ত্রিগুণের উদ্ভব হয় এবং তাতেই লয়প্রাপ্ত হয়। তত্ত্ব-চিম্বকগণ এই অব্যক্তকেই প্রধান এবং প্রকৃতি বলেন।\*

কিন্তু লক্ষ্য করা গেছে পাশুপভস্ত্ত অস্থ্যারে প্রধান এবং পুরুষ উভয়ই কার্য। শিবপুরাণ অস্থ্যারে কণাতত্ব থেকে অনভিব্যক্তলকণ প্রকৃতি অভিব্যক্ত হয়।

পূৰ্বেই বলা হয়েছে অব্যক্ত বা প্ৰকৃতি খেকে সৰ, রজ, তম এই তিন গুণের উদ্ভব হয়। তিলে তৈলের মতো প্রকৃতিতে গুণতার স্কারণে অবস্থিত।

সমন্ত কথ এবং কথহেতু সান্ধিক অর্থাৎ সন্ধশুণোড়ত, ছংখ এবং ছংখহেতু রাজস অর্থাৎ বলোগুণোড়ত আর ভয়মোহ তাষস অর্থাৎ ত্যোগুণোড়ত।

পঞ্চ তন্মাত্র, পঞ্জুত, পঞ্জানেজিয়, পঞ্জর্মেজিয়, প্রধান, বৃদ্ধি, অহংকার ও মন— এই চতুর্বিংশতি তন্তকে স্বিকার অব্যক্ত বসা হয়।

অব্যক্ত যথন কারণদশাপর থাকে তথন তাকে বলা হয় অব্যক্ত আর যথন শরীরাদি-কার্যদশাপর হয় তথন তাকে বলা হয় ব্যক্ত। দ্বাটাদি বেমন মৃত্তিকা থেকে ভিন্ন নয়, তেমনি শরীরাদিকার্যরূপ ব্যক্ত (প্রকৃতি ) কারণরূপ অব্যক্ত (প্রকৃতি ) থেকে অভিন্ন।

পশু-পুরুষকে বঙ্গা হয়েছে আস্থা। বৃদ্ধি, ইন্দ্রিয় ও শরীরের অতিরিক্ত এব এবং বিভূ (সংব্যাপী) এই আস্থা। এর অক্তিম্বের হেতুনির্দেশ কটিন। ১০

সমস্কই তার মধ্যে অবস্থিত এবং তিনি সর্বত্র ব্যাপ্ত হয়ে আছেন। তিনি শাস্থত।
তথাপি কেউ তাকে কোবাও বাজ দেখতে পার না। ১১

এই আবা বা পুৰুষ অপরীরী। তবে নশ্বর দেহে তিনি অব্যয় স্থাগুরূপে বিরাজ্যান। দেহ থেকে পুরুষ পৃথকু। স্থায়া তাঁকে দেহের সঙ্গে অভিন্ন দেখে তারা ঠিক দেখে না। ১২

সব বিপদের বীক্ষত্ত নিক্ষের কর্মের খারা পুরুষ দেহের সঙ্গে ঘূক্ত হয়ে স্থী, জ্বাধী এবং মৃচ্ছন। ১৩

জলপ্লাবিত ক্ষেত্র বেষন অভ্ন উৎপাদন করে তেষনি অঞ্জানপ্লাবিত কর্ম দেহ উৎপাদন করে। > 8

<sup>े</sup> नि पू, बाह मृद् भू छा, बाहर व में बाहर व में बाहर

e deleg a ve-roleg e seleg e sole to

p. Anino 22 Anino 25 Anino-e. 30 Anies

<sup>&</sup>lt;sup>28</sup> অভিযানাবিতং ক্ষেত্ৰং জনমভাভুমং কথা। ক্ষ্পানমাবিতং কর্ম বেষ্থ জনমতে তথা। ঐ হাৎও তহ

দেহ অন্তলীল, অন্থেধর আবাস, করা। পুরুবের মরণশীল, অনাগত এবং অতীত হাজার হাজার শরীর আছে। সেই-সব শরীর বার বার উৎপন্ন এবং শীর্ণ হর। কিন্তু কোপাও কথনও কোনো শরীরের সঙ্গে ইনি চিরযুক্ত হয়ে থাকেন না। আকাশে চক্সবিশ্ব বেমন তরল মেঘের বারা কথনো আচ্চাদিত কথনো মুক্ত লক্ষিত হয় তেমনি পুরুবও শরীরসমূহের বারা কথনো আচ্চাদিত কথনো মুক্ত লক্ষিত হন।

পালাখেলায় বিভিন্ন দানে পালার চিহ্নভেদে বেমন ঘুঁটির চাল ভিন্ন হয় তেমনি বিভিন্ন-দেহভেদে আত্মার বিভিন্ন বৃত্তি হয়ে থাকে। পুকব বা আত্মা এক । বিভিন্নদেহযুক্ত হওয়ায় তাঁকে বিভিন্ন মনে হয়। এই জন্তই ব্যাবহারিক দৃষ্টিতে পুকর অনেক।

পূর্বেই বলা হয়েছে পুরুষ পশু। শিবপুরাণের অভিমত বন্ধা থেকে স্থাবর পর্যন্ত সবই পশু। এখানে যে-সব নিদর্শন বর্ণিত হল সে-সব পশুরই নিদর্শন। ত

পাশবদ্ধ হয়ে পশু স্থাত্থ ভোগ করে। জ্ঞানী ব্যক্তিরা একে ঈশরের লীলাসাধন অর্থাৎ লীলার উপকরণ বা ক্রীড়নক মনে করেন। এই জীব অজ্ঞ। নিজের স্থাত্থধের উপর এর কোনো কর্তৃত্ব নেই। ঈশরপ্রেরিত হয়ে স্বর্গে বা নরকে যায়।

পত্তি—এই ঈশ্বরই পতি। ইনি অনম্ভ রমণীর শুণের আশ্রয়, বিশের শ্রষ্টা এবং পশুপাশ-বিমোচক। প্রধান (প্রকৃতি) এবং পরমাণু প্রভৃতি বা কিছু স্বই অচেতন, পশু অঞ্চান। কান্দেই তাদের বারা স্বাষ্টি হতে পারে না। ক্লগং সাবয়ব এবং কার্য। অভএব তার এক জন কর্তা অবশ্রুই আছেন। সেই কর্তা পতি। পশুরও বেটুকু কর্তৃত্ব দেখা বার তা পতিপ্রেরিত, তার নিজের নয়।

মহাদেব মহেশর জগতের কর্তা। প্রধানের পরিণাম এবং পুরুবের প্রবৃদ্ধি সেই সভ্যবতের শাসনে প্রবর্তিত হয়—সাধু ব্যক্তিদের মনে এই শাখতী নিষ্ঠা বিষয়ান।

লোতে বেষন লগ এবং অরণিতে অগ্নি বাাপ্ত হরে আছে তেষনি আত্মার মধ্যে আত্মা

- অত্যন্তসংখাবাসং ক্লপ্পকান্তবৃত্যবং। অনাগতা অতীতাক তদবাহক সহলদঃ।
   আগত্যাগতা শীৰ্ণেবৃ শনীবেবৃ শনীবিশং। অত্যন্তবস্তিং কালি ব কেনালি চ লক্ষতে।
- ै ছাৰিতক বিবৃত্তক শরীরৈরেবু লক্ষাতে। চক্রবিশ্ববদা কালে ভরলৈরঞ্জকটার: ঃ

-- नि गू बाह गर. गू का वादव-दक

- वृक्ताशाः श्वारतावानः भन्यः भविकीर्विताः । भन्नात्म्य मूर्वशाः (आक्रमकविष्यम् ।—वे ०१०)
- ব এব বব্যতে পালৈ: প্ৰবৃহংবাশনং পশু । নীলাসাধনকৃতোহয়নীবন্ধকেভি প্রয়ঃ ।
   অলো করননীশোহয়নারন: প্ৰহুংবরো: । ঈবয়প্রেরিতা প্রশ্বেং বর্গ বা ব্রবেষ বা ।——ই ৪।৩২-৩৩
- ec-5cle & e 40-3018 & 3

<sup>2 3, 8169</sup> 

থেকে বিগৰণ এই মহাত্মা (পতি) ব্যাপ্ত হয়ে আছেন। সভ্য এবং তপভার ছারা নিভাযুক্ত ব্যক্তি তাঁকে এইভাবে দর্শন করেন।

এখানে প্রসক্ষমে বলা বার বারবীরসংহিতার পূর্বভাগের চতুর্ব অধ্যারের শেবার্ছের বে-লোকগুলিতে (৪।৭০-১৪১) পতির মহিমা বর্ণিত হয়েছে সেই লোকগুলি খেতাখতর-উপনিবদের মন্ত্রগলিকে লামাক্ত অদলবদল করে রচনা করা হয়েছে। কাজেই বোঝা বায় খেতাখতর-উপনিবদের কন্ত্রশিবই এই পতি।

স্থান্ত উপরের জীড়া বা লীলা। তিনি স্বশক্তি ছারা বিধান অস্থসারে বিশস্তি করে জীড়া করেন। আমরা লক্ষ্য করে এসেছি পশুকে তাঁর লীলাসাধন বা জীড়নক বলা হয়েছে।

কর্মবিধান স্পষ্টিবিধানের অন্তর্গত। সল-কর্মের ছারা পুরুষ বছ হয় শিবের স্পষ্টিবিধান অন্তসারেই। আবার একমাত্র ভারই প্রসাদে এই মলের (অজ্ঞানের) কর হয়। আত্মনিষ্ঠ মলের কয় হয়ে গেলে পুরুষ শিবভূল্য হয়ে হায়।

শিবের এই প্রদাদ বা অভ্যাহ তাঁর বভাবগত। সমস্ত জগৎই তাঁর অভ্যাহ লাভ করে। সাধুরা বলেন পরিপূর্ব শিবের পরাভ্যাহ ছাড়া আর কোনো কর্তব্য নাই। তিনি স্বাইকে অভ্যাহ করেন, কাউকে নিগ্রহ করেন না। কেন না নিগ্রহকারীদের বে-স্ব দোষ থাকে শিবের সে-স্ব দোষ থাকে অসম্ভব।

সম্প্রহশব্দের ব্যাখ্যা করে বলা হয়েছে শিবের স্বাক্ষাপালন হিত। বা হিত তাই সম্প্রহ। শিব সকলকে হিতে নিযুক্ত করেন, এইজন্ত তিনি স্বান্থ্যাহক।

আবার বসা হয়েছে উপকার শব্দের বে-অর্থ অন্থগ্রহ শব্দেরও সেই অর্থ। উপকারও হিতথরণ বলে শিব সকলের উপকারক। চিৎ অচিৎ সমস্ত পদার্থ শিবকর্তৃক হিতে নিযুক্ত হসেও স্ব স্থ অভাবের প্রতিবন্ধকভার জন্ত সমানভাবে হিত লাভ করে না। বেমন স্থের কিরণের স্বারা সকল পদ্মর বিকাশ হলেও নিজ নিজ স্থভাবের জন্ত সকল পদ্ম সমানভাবে বিকশিত হয় না। কাজেই বলা হয় বে-পুক্ষের বেরণ বোগ্যতা সে সেরণ অন্থগ্রহ লাভ করে।

<sup>&</sup>gt; मि पू. बाह मर, पू छा, हानह-१६ २ के ना>

ত কীপে চাল্লয়লে ভঞ্জিন পুষান নিৰ্দ্ৰো ভবেং।—ই ।।২৮

<sup>ে</sup> শিবত পরিপূর্ণত প্রাপুগ্রহ্মন্তর। । ব কিঞ্চিশি ক তথাবিতি সাধুবিদিশ্চিত্য ।—ই ২৭০০

<sup>&</sup>lt; वेश्वारक क क्षेत्रवाहरू व क्षेत्रवाहरू-स्व

৮ বাদুদী বোগ্যতা পুনেতত ভাদুগপুঞ্জ ৷— ই ২। ১৭

জীবান্ধার। বভাবমনিন। পীবের কর্মমান্নাবন্ধনকেই পণ্ডিতেরা সংসার বলেন। এই বন্ধনই তার বাভাবিক মল।

লক্ষ্য করা গেছে শিবের প্রসাদ বা অন্থগ্রহে মলক্ষ্ম হয় এবং এই প্রসাদ বা অন্থগ্রহ স্বার প্রতিই বর্ষিত হচ্ছে।

প্রসাদলাতের উপার ধর্মগাধনার ছারা পুক্ষ নিজেকে সেই প্রসাদজনিত সিছিলাতের যোগ্য করে তুলবে। শিবের প্রসাদের সাধন ধর্ম। এই ধর্ম বেদে প্রদর্শিত হয়েছে। ব্রুমের অভ্যাসবলে পূর্বজনার্জিত পূণ্যপাপের সাম্য হয়। সাম্য থেকে প্রসাদসম্পর্ক হয়; ভার থেকে হয় ধর্মাতিশহা। ধর্মাতিশহা হলে পশুর পাপক্ষর হয়। বহু জয়জয়ায়্ররে এরপ প্রকীনপাপ জীবের জগজ্জননীসহ সর্বেশরে জানপূর্বা ভক্তি জয়েয়। জীব ঈশরের বেরপ ভাবনা করে সেই মতো তার প্রসাদ লাভ করে। প্রসাদ লাভ করেল জীব কর্মত্যাগ করে। ত্যাগ করে ফলের দিক্ থেকে স্করপতঃ নয়। অর্থাৎ ফলাকাক্ষা ত্যাগ করে কর্মকরে। কর্মফল ত্যাগ করেল ভবে শুভ শিবধর্ম গ্রহণ করতে পারে।

শিবধর্ম — শিবধর্ম দিবিধ — গুরুনিরপেক আর গুরুসাপেক। গুরুনিরপেক অপেকা গুরুসাপেক ধর্ম শতগুলে মুখা। পিবধর্মযুক্ত পুরুষের শিবজ্ঞান জয়ে। জ্ঞান জয়ালে পুরুষ সংসারে দোব দর্শন করে। তার পর তার বিষয়বৈরাগা, উপস্থিত হয়। বৈরাগা থেকে ভাবসাধন হয়। ভাবসিদ্ধি যে লাভ করে তার আর কর্মে নিষ্ঠা থাকে না, তার নিষ্ঠা হয় ধানে। জ্ঞান- এবং ধান-সম্পন্ন পুরুষের হোগ প্রবর্তিত হয়। বোগের ছায়া পরা ভক্তি লাভ হয় এবং তার পরেই আসে শিবের প্রসাদ। সেই প্রসাদবলে জীব মৃক্ত হয়ে শিবভুলা হয়।

- च्छावयनिवाचवशाचारना जीवमःक्रिडाः ।—नि भू, वात्र मः, भू छा, २०१०)
   ३ वे २०१००
- व्यमाष्मावनः वर्वः म ह (वर्णन विनिष्ठः ।—३ २।७१
- তৰ্ভাগ্ৰনাথ সামাং পূৰ্বলোং পুনাপাপরোং । সামাং প্রসাধসম্পর্কো বর্মজাতিনমন্তর ।
   বর্মজিলারনাসাভ পলোং পাপপরিকরং । এবং প্রকাপনাপত বহুভির্করভিং ক্রমণ ।
   সাবে সর্বেররে ভক্তি জানপূর্বা প্রজারতে । ভারাসুকারীশন্ত প্রসাংধা ব্যক্তিরিচাতে ।
   প্রসাধাৎ কর্মজারা ক্রমতো ন বর্মপতং । ভারাৎ ক্রমজ্জাবাজিবধর্মারার প্রজঃ ।—ই ২০০০-৭১
- 4 2 2192

শবশ্য কার কোন শবস্থার মৃক্তি হবে তা নির্তর করে যার যার জ্ঞান এবং ভাবের উপর। পাশুপতস্ত্রে মৃথ্য স্থান যোগের কিন্তু এখানে দেখা যাচ্ছে যোগের চেয়ে ভক্তির গৌরব বেশী, যোগ ভক্তির সহারক। লক্ষ্ণীর এই ভক্তি সশক্তি শিবের প্রতি ভক্তি।

বারবীরসংহিতার উত্তরভাগেও পাশুপত মতের আলোচনা আছে। পূর্বভাগে আলোচিত দার্শনিক বিচারেরও কিছু পরিবর্তন এখানে লক্ষ্য করা যায়।

পতি পশুকে বাঁবেন—পূর্বভাগে বলা হয়েছে পশু বভাবমলিন। এই ভাগে দেখা যায় পতি মলমায়াদিপাশসমূহের ঘারা পশুদের বাঁধেন। চতুর্বিংশতিভন্ধ মায়ার কর্ম এবং গুল। এইগুলিকে বলা হয় বিষয়। এইগুলিই জীবের বন্ধনপাশ।

পতি দেব মহেশ্বর ব্রন্ধাদিকশপর্যন্ত পশুদের এই-সব পাশের শারা বেঁধে নিজের কাজ করান।

চতুর্বিংশতি তর শিবের আঞ্চায় উদ্ধৃত হয়েছে এবং স্থ স্থ নির্দিষ্ট ধর্ম পালন করছে। ঠার স্বাক্তায় ত্রন্ধাবিক্সুপুন্ধ দেবত। থেকে স্বায়ন্ত করে স্বান্টির স্ব পদার্থই স্বধিষ্ঠিত আছে এবং নিম্ন নিম্ম ধর্মান্তবায়ী চলছে।

শিবের আঞা শিবের শক্তি শব্বং দেবী। শিবনির্দেশে তিনি এই চরাচর প্রসব করেন। পিতির মুর্ভি—পরমান্তা মহেশ শিব বিভিন্ন মৃতিতে চরাচর সমূদন্ত জগৎ ব্যাপ্ত করে রয়েছেন। বক্ষা, বিষ্ণু, কন্ত, মহেশান (মহেশর) সদাশিব—এঁরা শিবের মৃতি। এই মৃতিদের শারা এই বিশ্ব ব্যাপ্ত। প

শিবের পঞ্চ আছা নামে খ্যাত পঞ্চ তম। এই পঞ্চ তমুর ধারা মব্যাপ্ত কিছুই জগতে নাই। পঞ্চ তমু বা মৃতির নাম—ঈশান, পুরুষ ( তৎপুরুষ ), অধ্যোর, বাম ( বামদেব ) এবং সভ ( সভ্জোজাত )।

ঈশান-মৃতি প্রকৃতির সাক্ষাং ভোক্তা কেন্ত্রে অর্থাং পুক্ষে অধিষ্ঠিত। তংপুক্ষ-মৃতি গুণাপ্রয় ভোগা অব্যক্তে অধিষ্ঠিত। ঘোর-মৃতি ধর্মাদি-অটাঙ্গসংযুক্ত বৃদ্ধিতত্বে অধিষ্ঠিত। বামদেব-মৃতি অহংকারে অধিষ্ঠিত এবং সভোজাত-মৃতি মনে অধিষ্ঠিত।

H. I. Ph., Vol. V, p. 118

२ मनवाशक्तिकः शारेनः म वशकि अनुन् शक्तिः ।--नि शू, वात्र मर, हे का २।>०

ठळ्डिंगिळिक्वानि बाडाकर्यक्या क्यो । विवडा देखि क्यारक शामा बीवनियक्याः १—वे २।>२

गुकाविक्यमध्यान् मनून् वद्या प्रत्यवः। भारतिकारकः मिक्यभ्यः कावः कावविक्यम्।—वे २।>०

<sup>88-8615</sup> E 3

তবেব প্রবা শক্তি নিয়ক্ত প্রবায়নঃ। শক্তিরাক্তা বহাক্তাডং প্রস্তুতে তক্তরাচরব্ ।—ই ২৭।>৫

J gald n gale a gale 3. gale-3.

আবার দেবাদিদেবের অন্তম্তির কথাও বলা হয়েছে। জগং এই অন্তম্তিময়। অন্তম্তি
যথা—শর্ব, ভব, কক্স, উগ্র, ভীম, পশুপতি, ঈশান এবং মহাদেব। মহেশরের এই শর্বাদি
অন্তম্তি ভূমি, অন্ত (জল), অগ্নি, মকং, ব্যোম, ক্ষেত্রজ্ঞ, অর্ক এবং নিশাকরে যথাক্রমে
অধিষ্ঠিত। এ ছাড়া শাল্পের সিদ্ধান্ত এই যে শর্বের বিশ্বস্তরাত্মিকা শর্বা নামক মূর্তি
চরাচরাত্মক বিশ্বকে ধারণ করে আছেন।

এই চরাচর বিশ্ব দেবদেবের বিগ্রহ। ° তিনি এক কিন্তু মহর্ষিরা এই শবিকল্প পরম ভাব অর্থাৎ পরম তন্তু না জেনে তাঁকে বছপ্রকারে বর্ণনা করেন।

এই মতে শিব ব্রন্ধের অধিপতি। ব্রন্ধের ছাই রূপ—অপর ব্রন্ধ আর পর ব্রন্ধ। ভূত-ইন্দ্রিয়-অস্ত:করণ-প্রধান-বিষয়াত্মক অপর ব্রন্ধ। পরব্রন্ধ চিদাস্থক। এই উভয়ই শিবের রূপ।

আবার কেউ কেউ ঈশকে বিষ্যা-অবিষ্যারূপী বলে বর্ণনা করেন। বিষ্যা চেতনা, অবিষ্যা অচেতনা। বিষ্যা-অবিষ্যান্মক বিশ্ব বিশ্বগুরু প্রমেশরের রূপ।

বায়বীয়দ:হিতার এই ভাগে শিবশক্তিত্ত বিশ্বতভাবে ব্যাথ্যাত হরেছে।

শক্তি—শক্তি দাকাং মহাদেবী, মহাদেব শক্তিমান। এই দম্দয় চরাচর তাদের উভরের বিভৃতিলেশ। কতক বস্তু চিং এবং কতক বস্তু অচিং। বে এচিংচক্র অচিং-চক্র-দমন্থিত হয়ে অর্থাং অচেতন বস্তুর সঙ্গে মুক্ত হয়ে মথবা মন্ত্রানদমন্থিত হয়ে আবর্তিত হয় তা অক্তম, অপর; আর যা দে রকম হয় না তা পর, শুদ্ধ। এই পর এবং অপর চিদ্চিদান্মক, এই উভয় বভাবতঃ শিবশিবার বায়াঃ।

শিব বা দেবীও তাই, দেবী বা শিবও তাই। চক্স ও চক্সিকার মধ্যে বেমন কোনো ভেদ নেই, তেমনি শিব ও দেবীর মধ্যে কোনো ভেদ নেই। চক্স বেমন চক্সিকা ছাড়। প্রকাশিত হতে পারে না তেমনি শিব বিশ্বমান থাকলেও শক্তি ছাড়া প্রকাশিত হতে

- > नि पू. बाह्र मः, छ छ।, ८१२१-३३ २ अ ४।२०
- विक्रशः (प्रवासवक्त विचाय उक्तवाहद्वम् ।— वे ०१) । व वे ०१२ । व वे ०१०-०
- मिक्ट माक्रावशासको महासक्त म निक्रमन् । उत्तर्वार्वकृतिस्त्रात्मा देव मर्वत्वकक्रबाह्यम् १—वे वाव
- v 3, e10-6
- অপরক পরকৈব বয়ং চিবচিবায়কর। বিবস্ত চ বিবারাক বাব্যক্তিক বভারতঃ ।—য় ০।৭

পারেন না। স্থা বেমন তার প্রভা ছাড়া থাকে না এবং প্রভাও স্থা ছাড়া থাকে না তেমনি শিবশক্তি পরস্পরসাপেক, শক্তি বিনা শিব থাকেন না এবং শিব বিনা শক্তি থাকেন না।

শিব বে-শক্তির ছারা দেহীদের ভূক্তি ও মৃক্তি দিতে নিত্য সমর্থ শিবাপ্ররা সেই অন্বিতীয়া চিন্ময়ী পরা শক্তি আছা শক্তি। ইনি পরমাত্মা শিবের সমান্ধর্মিণী। এই অন্বিতীয়া চিদ্রূপা পরা শক্তি প্রসবধর্মিণী। তিনি শিবেচ্ছায় বহু প্রকারে বিভাগ করে বিশের বিধান করেন। তিনিই মৃলপ্রকৃতি জিগুণা ত্রিবিধা মায়া।

স্থান্তি—শিবের ইচ্ছায় পরা শক্তি শিবতত্ত্বের সঙ্গৈ একতা প্রাপ্ত হন। তার পর আদিস্থান্তিতি তিল থেকে তৈলের মতো শিব থেকে প্রকাশিত হন। এর পর শিবোঝিতা ক্রিয়াশক্তির ঘারা সেই আছা শক্তি ক্র হলে প্রথমে নাদের উত্তব হয়। নাদের থেকে বিন্দু
এবং বিন্দুর থেকে সদাশিবের উত্তব হয়। তার থেকে মহেশ্বর এবং মহেশ্বরের থেকে উত্তব হন ওছবিছা। এই ওছবিছা বাক্যের অধীশরী। ইনি শিবের বাগীশা নামক শক্তি।
ইনি বর্ণক্রপে মাতৃকা নামে পরিচিতা।

তার পর অনম্ভের সমাবেশ হেতু শুদ্ধবিছারপিণী মায়া কাল, নিয়তি, কলা এবং বিছার সৃষ্টি করেন। কলা থেকে কৃষ্টি করেন রাগ এবং পৃক্ষের। আবার মায়া থেকে ত্রিগুণাত্মক অব্যক্তর উদ্ভব হয়। তার পর অব্যক্ত থেকে সদ্ধ, রদ্ধ, তম এই তিন গুণ পৃথক্ হয়ে গিয়ে অথিল দ্বগৎ ব্যাপ্ত করে। এই গুণত্রয় ক্ষোভিত হলে তার থেকে মহদাদিত্র যথাক্রমে উম্বত হয়। এই গুণত্রয় গোভিত হলে তার থেকে মহদাদিত্র যথাক্রমে

এইভাবে শিবের ইচ্ছাছ্বারিনী পর। শক্তি চরাচর বিশ্ব স্থষ্টি করছেন—এইটি শাস্ত্র সিদ্ধান্ত।

- বৰা শিক্ষৰা দেবী বৰা কেবী তৰা শিকঃ । নানবোরস্করং বিভাক্তকচন্দ্রিকরোরিক।

  চক্রোন বনু ভাতেবে বৰা চল্লিকরা বিনা । ন ভাতি বিভয়ানোহশি তবা শক্তা বিনা শিকঃ ।

  প্রভাগ হি বিনা বছডাপুরের ন বিভতে । প্রভা চ ভাপুনা তেন প্রভাগ তবপানরা ।

  এবং পরশারাপেকা শক্তিশক্তিরভাগ ছিতিঃ । ন শিবেন বিনা শক্তির্ন শক্তা চ বিনা শিকঃ ।

  —শি পু, বাছ সং, উ ভা, ০া৯-১২
- শক্তো বরা শিবো নিভাং ভূকো মুকো চ বেহিনান । আভা নৈকা পরা শক্তিভিনর নিবসংলয়। বানারহিবিলেশক ভৈত্তৈরমুক্তি ভিশে: । স্বানধর্বিবীনের শিবক প্রবাদ্ধর: । নৈকা পরা চ চিত্রপা শক্তিঃ প্রস্বব্যবিধী । বিভন্তা বহুবা বিখা বিশ্ববাভি শিবেক্ছয়া । সা মুলগ্রহৃতিবায়া নিকো নিবেশ দ্বতা ।—ই ৫।১৬-১৬
- A gelanda & gelfere e Selanne?

কাজেই স্থাবর-জন্মাত্মক জগৎ শক্তিময়।

নিজের জ্ঞান, ক্রিয়া এবং ইচ্ছা এই তিন শক্তির দারা শক্তিমান্ শিব নিত্য বিশ্ববাণী হয়ে অবস্থান করছেন এবং বিশ্বকে শাসন করছেন। এইভাবে শক্তিসমাধোণের জন্তই শিবকে শক্তিমান্ বলা হয়।

শক্তিশিবোশ্বিত এই ক্লগৎ শাক্ত এবং শৈব। পিতামাতা ছাড়া বেমন পুত্রের জন্ম হয় না তেমনি ভবভবানী ছাড়া এই চরাচর জগতের উত্তব হয় না।

স্ত্রীপুক্ষপ্রভব বিশ্ব স্ত্রীপুক্ষবাত্মক, স্ত্রীপুক্ষের বিভৃতিস্ক্রপ এবং স্ত্রীপুক্ষের ছারা অধিষ্ঠিত।

সব পুরুষ শিব, সব স্থীলোক মহেশ্বরী। কাজেই সকল স্থীপুরুষ শিবশক্তির বিভৃতি।\*
ভগু তাই নয়, পুংচিহ্নিত সবই শিব এবং স্থীচিহ্নিত সবই দেবী।\*

জগং শিবশক্তিময়। কাজেই যে যে পঢ়ার্থের যে যে শক্তি, সেই সেই শক্তি বিশেশরী এবং সেই সেই শক্তিমান্ পঢ়ার্থ মহেশর।

দেখা বাচ্ছে এই মত অসুসারে শিব সশক্তি শিব। তাই ত্বংখনিবৃত্তি বা মৃত্তি ঘটে শিবশক্তির প্রসাদে।

শৈবদর্শন—মাধবাচার্যের সময়ে দাক্ষিণাতো প্রচলিত আগ্মাদি গ্রামে বিবৃত শৈব মতকে তিনি 'শৈবদর্শন' নাম দিয়েছেন। ১০ ভোজদেবপ্রণীত (খৃঃ একাদল শতক) ভক্তপ্রকাশ এবং প্রকৃষারকৃত ও অঘোর শিবাচার্যকৃত তার হুই ব্যাখ্যায় এই মত ব্যাখ্যাত হয়েছে। ১১ মাধবাচার্য সর্বদর্শনসংগ্রহে এই মতের আলোচনায় সুগেন্দ্রাগম, পৌদরাগম, ভোজকৃত তত্তপ্রকাশের চীকা, কালোভরাগম, কয়ণাগম, ভজ্মপ্রেছ,

- > छत्राक्षक्षिमहर मर्दर कनर शायत-सक्रमम्।-नि श्रु बाद मर है छ। ६१२ १ में बादर
- এবং শক্তিসমাবোগাছ জিমানুচতে পির:।—ঐ ।।৩৬
- শক্তি-শক্তিনত্বৰ পাজং শৈবনিকং কলং। বৰা ন কাহতে পুত্ৰা পিততং বাতক বিনাঃ
  তৰা তবং তবানীক বিনা নৈতজ্বাচন্ত্ৰ ।—-ই ৩।০৭-০৮
- e gelon-os
- नवतः श्रूक्ताः मार्व विका मन्। मार्वजी। मार्व जीशृक्तवाक्षकार छात्राह्मव विकृतकाः ।—वे ६१८६
- शृश्तिक्षप्रविनाः वटक क्यवान् शृहनामनः । ज्ञौतिक्रकाविकः वटक व्यवौ एवक्क्वाव्या ।—- व ०।००
- वक्त वक्त ग्राविक वा वा गिक्कियाक्याः ना ना विश्ववती (प्रवी न न मूर्वि व्यववतः -----वे वाक्त
- » তথাক্তের শক্তিমতা প্রসাধারি বৃতি করে: । —ই পা২১
- > P. S., Intro., p. 8
- 55 H. I. Ph., Vol, V, p. 10

কিরণাগন, সৌরভেয়াগন প্রভৃতি প্রস্থ থেকে প্রমাণ উদ্ধান করেছেন। ওই-লব প্রস্থ উক্ত মতের প্রতিপাদক।

বৈশ্ব মডের আলোচ্য—তবে আলোচ্য লৈব মডের মৃল ভিত্তি লৈবাগন। সর্বদর্শন-সংগ্রহে এই মডের বে-বিবরণ দেওরা হয়েছে তাতে দেখা বার এর প্রধান আলোচ্য বিষয় ত্রিপদার্থ এবং চতুস্পাদ। ত্রিপদার্থ—পতি, পাশ এবং পত। চতুস্পাদ—বিদ্যা, ক্রিরা, বোস এবং চর্বা।

পতি—শিব পতি। তিনি স্বতম্ম প্রমেশর। স্বন্ধ স্ব ইশরপরতম। এই রতে মৃক্ষ্ণ লীবেরও স্বাতম্ম স্বীকার করা হয়। প্রমেশর প্রাণিকত কর্মান্ত্রারী জগৎ উৎপাদন করেন স্বর্গি এই মতে স্বান্ধী ব্যাপারে শিবের প্রাণিকতকর্মসাপেক্ষ্ণ স্বীকার করা হয়। এতে তাঁর স্বাতম্মের হানি হয় না। ভৃত্যাদির সেবান্থসারে নৃপতি তাদের পুরস্করাদি দেন। এতে বেমন নৃপতির স্বাতম্মের হানি হয় না তেমনি প্রাণিকতকর্মান্থ্রারী স্বান্ধবিধান করাতেও শিবের স্বাতম্মহানি হয় না।

শিব সকল কার্ষের প্রবোজক। তিনি সর্বজ্ঞ। জীবের কর্মাসুসারে তার তোগ, ভোগ্য এবং ভোগসাধন তিনি বিধান করেন। ভোগ বলতে বুঝার স্থত্বংখের সাক্ষাৎকার।\* শিব জগত্বংপত্তির কর্তা; সর্বকর্ত্ব তারই।\*

শিবের শরীর—শিব মসকর্মাদিপাশবদ নন। তিনি অনাদিম্ভা। তাই তাঁর কোনো প্রাকৃত শরীর নাই। কেন না, প্রকৃতি পাশের অন্তর্গত।

তবে শিবের মন্ত্রমন্ত্র শরীর শাছে। একে বলা হর শাক্ত শরীর। কেন না মাতৃকা অর্থাৎ বর্ণমালা শক্তি। মন্ত্রকাল সবই মাতৃকাতে প্রতিষ্ঠিত অর্থাৎ বর্ণমন্ত্র। কাল্লেই মন্ত্রের শক্তি-রূপন্ত সিদ্ধ হয়।

মন্ত্রমন্ত্র শ্বরবাধ মন্ত্র। 'ত্রেশানা' দিরে বে-মন্ত্রটির আরম্ভ সেটি শিবের মন্ত্রকানীয়। 'ত্রেশানা' দিরে বার আরম্ভ সেটি তাঁর মূথস্থানীয়। 'অংথারেডা' দিয়ে বে-মন্ত্রি আরম্ভ সেটি তাঁর স্থানীয়। বার আরম্ভ আছে 'বারদেবার' সেই মন্ত্রটির ভারম্ভ সেই মন্ত্রটির আরম্ভ সেই মন্ত্রটির পার্য সেই মন্ত্রটির আরম্ভ সেই মন্ত্রটি শিবের পাদস্থানীয়।

কোনো কোনো আগবে শিবের ইজিয়াধিবৃক্ত শরীরের কথা আছে। নিরাকারের ধাান-

<sup>)</sup> जः ग ए म. देन्**यर्**नेवय्, शुर ३**१८-**३४३

२ (कांत्र: युवह:वर्गाकाश्कादाः ।--- त त न १४४--वर गांचा

<sup>·</sup> न र न ११८०-८० अस सामा । ३ ११८४-८० अस सामा

<sup>·</sup> वे शहर-कर अबर स्रीती • द

পূজাদি সম্ভব নর। সেইজন্ম ভক্তকে অমুগ্রহ করবার উদ্দেশ্তে শিব এ রকম শরীর গ্রহণ করেন। পুরুরাগম-মতে সাধকের রক্ষার জন্ম তাঁর এই রূপ।

পঞ্চকুত্য—লক্ষ্য করা গেছে মন্ত্র শক্তি, শিবেরই শক্তি। পূর্বোক্ত মন্ত্রপঞ্চক তাঁর শক্তিপঞ্চক। এই পঞ্চ শক্তির দারা তিনি পঞ্চকত্য সম্পাদন করেন। পঞ্চকত্য বলতে বুঝার স্ঠি (ক্রীশানাদি মন্ত্র), স্থিতি (তৎপুক্রাদি মন্ত্র), সংহার (অঘোরাদি মন্ত্র), তিরোভাব (বামদেবাদি মন্ত্র) এবং অমুগ্রহ (সংগ্রাজাতাদি মন্ত্র)। প্রীক্রমার তিরোভাব স্বর্ধ করেছেন পাশসমূহের দারা আত্মপ্রভাদন। প

শিবশক্তি—শিবের শক্তি অবিতীয়া, চিদ্রাপা, আছা। তিরাভেদে তাঁকে ভিন্ন মনে হয়। শিবও এক অর্থাৎ অবিতীয়। তির্বাপন প্রশ্ন হল চুই অবিতীয় কি করে হয়? উত্তরে বলা হয় মহেশরীমহেশরের মধ্যে ভেদ নেই। সেইজন্ত মহেশরকে বেমন অবিতীয় বলা বায় তেমনি মহেশরীকেও অবিতীয়া বলা বায়। ত

আলোচ্য মতে একই শিবতত্ব পুংলিঙ্গ, স্ত্রীলিঙ্গ এবং ক্লীবলিঙ্গ শব্দের ছারা স্থাচিত হয়। তাই বলা হয়েছে—শিব দেব, শিবা দেবী, শিবং জ্যোতি এইভাবে তিন প্রকার লিঙ্গভেদ করে বে-তত্ব অলিঙ্গ তাকে বর্ণনা করা হয়। নৈর্গে স্বরূপতঃ শিব স্ত্রীও নন, পুরুবও নন, নপুংসকও নন। শ

শিব স্বয়ংপ্রকাশ, কেবলমাত্রচৈতন্ত, পরিপূর্ণ, নির্ব্যাপার, উদাসীন, সাক্ষিম্বরূপ। তিনি স্বশক্তির ঘারাই স্ট্রাদি করতে পারেন, পশুদের ভূক্তিমূক্তি দিতে পারেন। সশক্তি শিবই স্বস্থাহ করেন।

পশু— জীবাত্মা পশু। তাঁকে ক্ষেত্রক্তও বলা হয়। পশু জনণু জর্থাৎ ব্যাপক (পাঠাস্করে অণু অর্থাৎ হক্ষ)। ইনি পুক্ষ। চার্বাক্মতের দেহমাত্র নন, নৈয়ায়িক মতের 'প্রকাশু' অর্থাৎ বোধনীয় বা ক্লেয় নন, দৈনমতসমত অব্যাপক বা বৌদ্ধমতসমত ক্ষণিকও

- जावकच्छ जू बकार्थर एक क्रशियर गुण्य ।—श्क्रतागवरान, छक्छ, त व त, गृ: ১१»
- २ मम म ११७७-१४ এवर वार्षा
- আছ্মাং পানে: প্রভাবনং ভিরোভাব: ।-ভত্বপ্রকাশের ( ১।१) वैक्रांत्रकृष्ठ ব্যাখ্যা
- शर्क ३ ला छ इ
- ৬ ঐ ১০-এর শীকুষারকৃত ব্যাখ্যা
- শিবো দেবঃ শিবা দেবী শিবং জ্যোতিরিতি ব্রিধা। অনিজমণি বস্তবং নিজকেনে কবাতে।
   —লগুন্ততির প্রমেখরাচার্বকৃত ভার নমুবুহেশীর বচন, ত প্র ১০২এর জিলুমারকৃত ব্যাখ্যার উল্লেড
- देनव जी न श्रवादनव देनव होत्रः नश्रवकः ।—व छन, ०।>०
- > ভবা ১০ও বাখা

ইনি নন। ইনি দেশকালের যারা জনবচ্ছির জ্বাৎ ব্যাপক ও নিতা। কিন্ত ইনি বেদান্ত-মতের এক নন। ভোগের নিয়মে জ্বাৎ ভোগের বিভিন্নতার জন্ত পুরুষ বহু।

সাংখ্য মতে পুরুষ অবর্তা। কিন্তু শৈব দর্শনে পুরুষকে বর্তা বলা হয়েছে। পুরুষ অর্থাৎ জীব শিবস্থতাব। শিবায়গ্রহে পাশম্ক জীব শিবস্থাপ্ত হন। নিত্যনিরতিশয়- দৃক্তিরারপচৈতভাত্মক শিবস্থ। এর অর্থ মৃক্ত জীবের জ্ঞানশক্তি ও ক্রিয়াশক্তি নির্বাধ। কাজেই মৃক্ত জীব কর্তা।

**जिविध शक्ष**—जिविध शक्ष—विकानांकन, श्रनशांकन, बाद नकन।

বিজ্ঞান কল — বিজ্ঞানকল অর্থ বিজ্ঞানের খারা অকল। বিজ্ঞান অর্থ পরমেশরের বরণবিজ্ঞান। বার কলা নেই সে অকল। বিজ্ঞান, বোগ, সন্ন্যাস বা ভোগের খারা কর্মকর হলে ক্ষীণকর্মা জীবের আরে কর্মকল ভোগ করতে হয় না। কাজেই তাঁর আর ভোগায়তন শরীরের প্রয়োজন হয় না এবং সেইজন্ত শরীরের প্রয়োজক কলাদির সঙ্গেতিনি যুক্ত থাকেন না। বিজ্ঞানাকল তথ্ মলযুক্ত অর্থাৎ মল নামক পাশের খারা বছ থাকেন।

বিজ্ঞানাকল দিবিধ—সমাপ্তকল্ব আর অসমাপ্তকল্ব। মলশক্তি কাল্যা। তা বার
সমাপ্ত অর্থাৎ নই হয়ে গেছে তিনি সমাপ্তকল্ব। আর বার মলশক্তি নই হর নি তিনি
অসমাপ্তকল্ব। মলশক্তি বলতে ব্রায় জীবস্বরূপের আবরণশক্তি, এইটিকে পৃথক্ পাশও
বলা হয়।

সমাপ্তক দ্ব বিজ্ঞানাক লদের শিব বিজেশরপদে অধিষ্ঠিত করেন। বলা হয়েছে বিজেশর আটজন। বথা—সনস্থ, হল্প, শিবোন্তম, একনেত্র, এককজ, ত্রিম্তিক, জীকঠ এবং জীপও। আর অসমাপ্তক দ্ব বিজ্ঞানাক লদের তিনি মন্ত্রপদে অধিষ্ঠিত করেন। মন্ত্রক কর্ম- এবং শরীর-বিযুক্ত ওধু মলমুক্ত জীববিশেষ। মন্ত্রসংখ্যা বলা হয়েছে সাত কোটি।

প্রাকল—মন এবং কর্ম এই ছই পাশবদ্ধ জীবাদ্ধা প্রলম্মকন। শুলিক্ষার বলেছেন কলাদিকিত্যভত্তবাদ্ধ ক শরীর বাদের প্রকৃত্তবপে লয়প্রাপ্ত হয়েছে তারা প্রলম্মকন। শুলিক্ষাকনও ছই প্রকারের—প্রক্ষাকর্ম এবং অপ্রমন্ত্রম। প্রথমোক্তদের মনকর্ম প্রকৃত্তি

- > महम वाप्य-३० अवर बहाबहा २ जे वाम्य-३०२ अवर बहाबहा
- ७ विकानः शत्रामध्यवस्तरिकानम् ।—व ११० अत्र गांचा
- B अ ११२००-२०१ अवर बार्चा & खटा २१३ ७ विक्रांबकुछ बांचा
- न र न १।>>२->२० अवर गांचा १ वे १।>२:
- अक्टर्वन नवर नकर क्लाविनवाककवाचकर नवीवर त्ववार तक क्लाविकार ।

অর্থাৎ জীর্ব হয়ে গেছে ; ফলে তারা আর অকার্য করতে পারে না। সেইজন্ম তারা থেকেও নেই। প্রমণ্যকর্ম প্রলয়াকলরা মোক্ষলাভ করেন।

অপক্ষলকর্ম প্রলাকলের। পূর্বপ্রকর্ম্ক হয়ে কর্মবশে নানাবিধ জয়গ্রহণ করেন।
পূর্বপ্রক কথাটির একাধিক ব্যাখ্যা আছে। কোনো কোনো মতে পঞ্চলমাত্র, মন, অহংকার
এবং বৃদ্ধির সংঘাতাত্মক কৃত্ম শরীর পূর্বপ্রক। তাল মতে কনা, কাল, নিয়তি, বিভা, রাগ,
মন, বৃদ্ধি এবং অহংকার পূর্বপ্রক। তালারশিবাচার্য পূর্বপ্রক শব্দের অর্থ করেছেন পৃথিব্যাদিকলাপর্যন্ত বিভান্ত কৃত্ম দেহ। তাল এই কৃত্ম দেহ প্রত্যেক জীবের কৃত্রি থেকে ক্রান্ত বা
মোকান্ত পর্যন্ত থাকে।

পক্ষলকর্ম প্রলয়াকলদের মহেশ্বর ভূবনপতিত্ব প্রদান করেন।

সকল—মন, কর্ম এবং মায়া এই তিন প্রকার পাশযুক্ত পশুকে বলা হয় সকল। বিকল্প প্রকাপ বিবিদ্ধান করে এবং অপক্কল্প। পক্কল্প সকলদের প্রমেশ্বর শিব মত্তেশ্বরপদ প্রদান করেন এবং তাদের পাশগুলি পূর্ণপক হলে গুরুম্ভিতে তাদের দীক্ষা সম্পাদন করে মোক্ষ প্রদান করেন। এই মোক্ষও দিবিধ—মুখ্য বা পর এবং গৌণ বা অপর। ব

তরপ্রকাশেও আছে যারা পরিপক্ষন তাঁদের উনর শিবনিয়োগে সংসারবিনাশের হেতৃভূত শক্তিপাত হয় এবং শিব তথন তাঁদের গুরুম্তিতে দীকা দিয়ে পরমেশ্বরতত্বে যুক্ত করে দেন অর্থাৎ মোক প্রদান করেন।

এই লোকের ভাষ্টে শ্রীকুমার লিখেছেন প্রমেশনের শক্তি বিবিধা—বন্ধনকারিশী এবং মোচনকারিশী। বন্ধনকারিশী শক্তি অনাদি কাল ধরে পশুদের পাশমালে বন্ধ করছেন আর মোচিকাশক্তি ভাদের উপর নিপতিত হ্বার স্থােগ খোঁজেন। কালবংশ প্রথমাক্তশক্তি নিক্সির হলেই মোচিকাশক্তি জীবে নিপতিত হন এবং তথন শিব আচার্ধমূর্ভিতে ভাকে শীক্ষা দিরে প্রমেশরতত্বে সংযোজিত করেন।

অপক্তন্ব সকলদের শিব বার বার কর্মান্ত্রনারে ভোগম্ভির জন্ত বিবরভোগে নির্জ করেন।

- छत्राजनत्वाश्रह्म् द्वीनाः गःवाठा ब्रक्महेकः युक्षनबीवन् ।—श म, गृः •
- Philosophy of Saivism, C. Her. I., S. R. C. M. Vol. II, p. 39, n. 3.
- जिर्मश्क्य—क्ला, काल, निव्रति, विद्या, द्वांत, श्रृक्त, क्ष्म, व्यव, वृद्धि, क्ष्यरकाव, निक् कार्यिवव, निक् कर्याव्यव, निक क्ष्यांज, अर निक महाकृष्ठ ।—क्ष: न व न १।>३०-३१
- s म म म ११२ ३५-०३ e भनमोद्दाकरेतुष्ठः मकतः।—उ ख, १।३
- · 기루기 1) 64-00, 206-00 9 € 1)243-40
- ► विद्याप्त » के प्राप्त

পাশ-পণ্ডর আলোচনা প্রসঙ্গে আবরা তিন প্রকার পাশের উল্লেখ করেছি। আলোচ্য মতে চার প্রকার পাশের কথাও বলা হয়েছে। বথা—মল, কর্ম, মারা আর রোধশক্তি।

মল—পৌরাণিক পাশুপত মতের আলোচনা প্রান্তক মলের বিবন্ধ আলোচনা করা হরেছে। আলোচ্য মতেও একই অর্থে মল শব্দের ব্যবহার লক্ষ্য করা হার। প্রকৃষার বলেছেন মল অবিভাসংকারাত্মক।

ক্স — কর্ম বিবিধ—ধর্মান্দ্রক এবং অধর্মান্দ্রক। কর্ম বীলান্থ্রের মতো প্রবাহরণে অনাদি।\*

নারা—সব কিছুর মৃশ কারণ মারা। একেই অবিভা, প্রধান এবং প্রকৃতি বলা হর। তবপ্রকাশে (১।১৭) তৃতীর পাশকে বলা হরেছে মারীয়। তাত্তে প্রকৃষার ক্ষরুলাত্মক শরীরাদিরূপ পাশকে বলেছেন মারীয়।

রোধশক্তি—চতুর্থ পাশ রোধশক্তি। পুরুবের স্বান্তাবিক দৃক্কিরাশক্তির আবরণ-সামর্থ্য রোধশক্তি। রোধশক্তি মলগত। তবপ্রকাশে (১।১৭) চতুর্থ পাশকে বলা হয়েছে তিরোধারক।

বস্তমাত্রের বে-নামর্থা তাকে শিবশক্তি বলা হয়। অগ্নির দাহজনননামর্থা, জলের শৈত্যোংপাদননামর্থা ইত্যাদি শিবশক্তি। এই শক্তি আত্রয়স্থারে কোথাও গুণের, কোথাও দোবের হেতৃ হয়। পাশগত হওয়ার শিবশক্তি আচ্ছাদনকারিশী। তবে শক্তির এই পাশস্থ উপচারিক।

পতি-পশু-পাশ ও বই ত্রিশেক্ত ভবগ্রকাশে পতি, পণ্ড এবং পাশ এই তিন পদার্থকে ষট্তিংশংতকে প্রকাশ করা হয়েছে। উক্ত গ্রন্থ অনুসারে বা প্রকার অববি স্থায়ী সর্বকৃতের ভোগদারী তাই তব্ধ, শরীরঘটাদি তব্ধ নয়। তব্ধ দেশকাল্যাশী।

শিব, শক্তি, সহাশিব, ঈবর ও ভছবিছা এই পাঁচটি তত্ব পতিরূপ; শিব্যরূপদহেতু এই তত্তপ্রতিকে বলা হয় তত্ত তাব্য ।

মারা, কাল, নিরতি, কলা, বিছা, রাগ এবং পৃষ্ণ এই সাতটি তথ পশুরূপ। পশুরূপক্তেতু এই শুলিকে বলা হয় শুখাভুক্ক তথা।

শবাক্ত থেকে আরম্ভ করে পৃথিবী পর্যন্ত চবিলাটি তত্ব পালরপ। এই গুলি শতক তত্ব। এই তবগুলির উত্তর এই ভাবে বর্ণিত হরেছে সায়া থেকে শব্যক্ত; শব্যক্ত থেকে গুণতব; গুণতব থেকে বৃদ্ধি; বৃদ্ধি থেকে অহংকার; অহংকার থেকে মন, পঞ্চ জ্ঞানেতিরে,

<sup>)</sup> नहन ११३०६-०१ । छ छ ३१३१-अह सांसा । अहन ११३७०-७१

<sup>·</sup> वे ११७००-वह ब्राचा • वे ११३२३ वह शाका · • क वा २१३-०

পঞ্চ ভন্নাত্র; পঞ্চ ভন্নাত্র থেকে পঞ্চ মহাভূত। অব্যক্ত আর গুণতত্বে ভেদ নেই। কাজেই সংখ্যাগণনায় গুণতত্তকে আর পৃথক্ ধরা হয় না। তাই অব্যক্ত থেকে পৃথিবী প্রস্তুত্তবুসংখ্যা চকিব। ১

শক্তি ভল্ক — তরপ্রকাশে শক্তিতন্ব সম্বন্ধে বলা হয়েছে চেতন এবং জড়ের প্রতি অন্থ্যহের জন্তু সিম্পৃক্ শিবের প্রথম উন্মেব ( উন্মেব = উন্নিম্নতাব, ঈকন — শ্রীক্মার ) শক্তিতন্ব। শক্তিতন্ব শিবতন্ব থেকে অভিন্ন। শিব থেকে অভিন্ন এই পরা শক্তির বিকার ইচ্ছাদি শক্তি। এই-সব শক্তি পরা শক্তি থেকে অভিন্ন। শ

পরা শক্তির বিকার ইচ্ছাজ্ঞানক্রিয়াঁশক্তি পরমার্থতঃ শিবতত্ত থেকে অভিন্ন। এই ত্রিশক্তির ভেদাসুসারে শিবের সদাশিবাদি বিভিন্ন রূপ হয়ে থাকে।\*

সহজ্ব কথায় শিবের জগংস্ট্টাদি যাবতীয় ব্যাপার নির্ভর করে এই শক্তির উপর। শক্তি ছাড়া তিনি কিছুই করতে পারেন না।

তরপ্রকাশাদিতে ব্যাখ্যাত এই শৈব দর্শন হৈত। তরপ্রকাশের ভাক্সকার অধাের শিবাচার্য এই মতই তাঁর ভাষ্যে প্রকাশ করেছেন। তবে অন্ত ভাষ্যকার শ্রীকুমার কথনা হৈতপক্ষে আবার কথনো অহৈতপক্ষে ভাষ্য করেছেন। কাজেই তিনি এই দর্শনকে অবিমিশ্র হৈত বলেন নি।

বৈব-সিদ্ধান্ত বা ভাষিল-বৈশ্ব মন্ত— শৈবদর্শনের একটি শাখা বা সম্প্রদার শৈব-সিদ্ধান্ত বা ভামিল-শৈব মন্ত। এই মতের মূল অষ্টাবিংশভি শৈবাগম। আগমগুলি সংস্কৃত, প্রাকৃত এবং ভামিলাদি স্থানীয় ভাষায় লিখিত। কৌণ্ডিণা আগমশন্তের ব্যাখ্যায় বলেছেন মহেশ্ব থেকে আরম্ভ করে গুরুপরম্পরায় আগত শাল্প আগম। গ

শিবপুরাণমতে লাগম বিবিধ—শ্রোত এবং অপ্রোত। অপ্রোত কামিকারি অটাবিংশতি আগম। এইগুলিকে নিবান্তও বলা হয়। এই মতর প্রাণান্ত প্রধানতঃ তামিল ভাষায় রচিত বলে এবং তামিল দেশে এই মতের প্রচলন বলে একে তামিল-শৈব মতও বলা হয়।

লারনার—দক্ষিণ ভারতে শৈব ধর্মের প্রাবন্য দেখা খার নারনার বলে পরিচিত শৈব সাধকদের সময় (সপ্তম খু: শভক থেকে এয়োগুল খু: শভক)। এলের মধ্যে অর্মার,

<sup>&</sup>gt; छ वा २।>-०-वत्र वीकृशातकृष्ठ शांका २ वे २।१ तक्त शांका + का वे २।५ अ

s जे २११-अप्र सांसा • H. I. Ph., Vol. V, p. 160 • Ibid, p. 15

१ जागरता नाम जामरहरवार अम्मानन्तरीयकः नाहर्। मा ए २१२-वह जासः।

४ नि भू, बात्र मर, भू छा, २४।১১-১२

তিকজ্ঞান সৰ্ভৱ, স্থল্পরমূষ্টি এবং মাণিভবালগর লৈব ধর্মের মহান্ আচার্য বলে সম্মানিত। এঁদের বলা হয় সময়াচার্য। এঁরা কিছ লৈব-সিভান্ত মতকে দর্শনন্ধণে প্রতিষ্ঠিত করতে-চেটা করেন নি। এ কাজ করেন এঁদের পরবর্তী আচার্যেরা। এই আচার্যেরা সন্তানাচার্য নামে পরিচিত। মেকগুদেব, অরুণন্দি-লিবাচার্য, মরই-জ্ঞান সম্ভ এবং উমাণতি-লিবাচার্য এঁদের মধ্যে সবিশেষ প্রসিদ্ধ। মেকগুদেবের 'লিবজ্ঞানবাধ্যম্' (অরোদল খৃঃ শতক) নামক গ্রন্থকে শৈব সিভান্ত মতের ভিত্তি মনে করা হয়। ভাদল ক্ষত্রে সমাপ্ত এই গ্রন্থের বার্তিক রচনা করেছেন মেকগুদেব নিজেই। আচার্য অরুণন্দির 'লিবজ্ঞানসিভিয়ার' শৈব-সিভান্ত মতের স্থপ্রসিদ্ধ গ্রন্থ। মরই-জ্ঞান-সম্বভ্রের লিব্য উমাণতি-লিবাচার্য এই মতের ব্যাখ্যা করে বিবিধ প্রস্থ রচনা করেছেন। শৈব-সিভান্ত মতের আরও হজনে থাতনামা গ্রন্থকার নিছি-আগ্রাব-নিছি এবং সেভিলার। প্রথমোক্ত ব্যক্তি পূর্বোক্ত চার জন সময়াচার্য এবং অক্তান্ত শৈব কবি ও মনীবীদের রচনার একখানি সংকলনগ্রন্থ প্রথম করেন। এই গ্রন্থখানিকে তামিল-বেদ বলা হয়। সেভিলারের গ্রন্থ 'পেরিয়পুরাণম্'। এতে নারনারদের জীবনী আলোচিত হয়েছে।

প্রধান ওছ—তত্তপ্রকাশাদিতে ব্যাখ্যাত শৈবাগমমূলক শৈব দর্শনের সঙ্গে শৈব-সিদ্ধান্ত মতের বহু মিল আছে। এই মতেরও প্রধান তত্ত্ব পতি, পশু এবং পাশ।

পতি শিব। শিব বিশ্বরূপ এবং বিশাতীত; মূর্ত এবং অম্ত; নির্মল এবং নির্ভণ অর্থাং ত্রিগুণাতীত। স্ট্রাদিব্যাপারে শিব হেতুকর্তা; তার শক্তি নিমিন্ত-কারণ আর মায়া উপাদান-কারণ। শিব মারা থেকে জগতের স্কৃষ্টি করেন তার শক্তির ছারা। এই শক্তি না থাকলে জগৎস্কৃষ্ট অসম্ভব হত।

এই প্রসঙ্গে উল্লেখ করা বায় বে লৈব-সিদ্ধান্তীরা শিবের অবতার স্বীকার করেন না। তারা বলেন কর্ম ছাড়া অবতার হয় না। শিবের কর্ম নাই। কাচ্ছেই শিবের অবতারও নাই। জীবের মতো তিনি শরীর ধারণ করেন না। তবে ভক্তকে অহুগ্রহ করার জন্ত তিনি মূর্তি ধারণ করেন। ভক্ত তাঁকে বে-মূর্তিতে আরাধনা করেন তিনি সেই মূর্তি ধারণ করেন, কিংবা জীবাদ্ধাকে মৃক্ত করবার জন্ত বে-মূর্তি প্রয়োজন সেই মূর্তি ধারণ করেন।

এ ব্যাপারে এ দের সঙ্গে শাক্তদের মিল আছে। শাক্তরাও সাধারণতঃ দেবীর অবভার স্বীকার করেন না। তবে সাধকের হিভের জন্ত তার বিভিন্ন মূর্তি স্বীকার করেন।

আবার পূর্ব কথার কিরে আসা বাক। শৈব-সিদ্ধান্তীদের মতে মারা অচিং। কাজেই

<sup>5</sup> Salva Siddhanta, H. Ph. E. W., pp. 870, 879

<sup>₹</sup> H. Ph. E. W., p. 878

ৰায়া স্বধৰ্ম পালন ক্ষতে পাৱে না। বায়া শিবের পরিগ্রাহ-শক্তি, স্বাভাবিকী শক্তি নয়। গ্রায়া শিব থেকে জ্ঞিবলৈ জচিং। শিব স্বীয় চিংশক্তির হারা মায়াকে স্বধর্ম পালনে সক্ষয় করেন। চিংশক্তিপ্রেরিত মায়া জগছপাদান তত্ত্বসূহ প্রসব করে।

শৈব-সিদ্ধান্তীরা ভবোংপত্তির হৃটি ক্রম স্বীকার করেন—একটি ভদ্ধ অপরটি শশুদ্ধ। এইজন্ত এঁদের মতে মারাও ভদাভদ্ধভেদে বিবিধ। আগবমল-ও কর্মমল-মৃক্ত মারা ভদ্ধ আর এই হুই মলমুক্ত মারা অভদ্ধ।

মল—এখানে উল্লেখ করা বার শৈব-সিদ্ধান্ত-সতাস্থ্যারে মল এবং পাশ সমার্থক।
সিদ্ধান্তীরা সাধারণতঃ তিনটি মল বা পাশ খীকার করেন। বখা—আগবমল, কমি এবং
মারা। পাশুপত মতে বাকে মল নামক পাশ বলা হয়েছে এঁরা তাকেই বলেন আগবমল।
পাশুপত মতের কমি- এবং মারা-পাশ আর এঁদের কমি- এবং মারা-মল একই।

ভবোৎপত্তি — শৈব-সিদ্ধান্ত মতে গুদ্ধ মান্নাকে মহামান্নাও বলা হয়। শিব বন্ধ বীয়শজ্জির ঘারা ওদমান্নার প্রেরক। শিবশজ্জি-প্রেরিত ওদমান্না থেকে উদ্ভূত হন্ধ নাদ, বিন্দু, সাদাখ্য, মাহেশ্বরী এবং গুদ্ধবিছা এই পাচটি তন্ধ। শিবশক্তি আন-ক্রিনা-ইচ্ছান্মিকা। ওদ্ধ মান্নার উপর আনশক্তির ক্রিয়ার ফলে উদ্ভূত হন্ধ নাদতন্ধ। নাদতন্ধ শিবতন্ধ। শিবতন্ধ আর শিব কিন্তু এক ন্র। শিব বা তাঁর স্বান্ধশক্তি পরা শক্তি অপরোক্ষতাবে কোনো তন্ত্রের কারণ হতে পারেন না।

নাদ্তব্বের উপর ক্রিরাশক্তির ক্রিরার কলে বিন্দৃতব্বের উত্তব খটে। বিন্দৃতক্ শক্তিত্ব।
শক্তিতব আর শক্তি এক নয়। ক্রানশক্তি এবং ক্রিরাশক্তি সমতাবে বিন্দৃতবের উপর ক্রিরাশক্তি
করলে তার কলে উত্ত হয় সাদাখাতব। সাদাখাতবের উপর বখন জানশক্তি ও ক্রিরাশক্তি
বিষমভাবে ক্রিয়া করে এবং ক্রিরাশক্তির প্রাধান্ত হয় তখন উত্ত হয় মাহেশরীতব।
মাহেশরীতবের উপর জানশক্তি ও ক্রিরাশক্তির ক্রিয়ার বদি জানশক্তির প্রাধান্ত হয় ভা হলে
তথ্যবিভাতবের উত্তব হয়। তথ্য মাহা থেকে উত্ত এই পাঁচটি তথ্যক বলা হয় শিবতব
বা প্রেরককাও। তথ্য মাহা থেকে এইভাবে অর্থপ্রপঞ্চের স্কর্টি হয়।

শব্দপ্রপঞ্চ—আবার তথ্য মায়া থেকে শব্দপ্রপঞ্চেরও স্থান্ত হয়। শব্দ চতুর্বিধ—পরা, পক্তরী, মধ্যমা এবং বৈধরী। বৈধরী আবার ছিবিধ—পুল এবং পৃশ্ব। ভুল বৈধরীশব্দের

<sup>&</sup>gt; Philosophy of Saivism, C. Her. I., S. R. C. M. Vol. II, p. 40

a Saiva-Siddhanta, H. Ph. E. W., p. 874 • Ibid

Philosophy of Saivism, C. Her. I., S. B. C. M. Vol. II, p. 40

e Ibid, p. 41

<sup>·</sup> Saiva-Siddhanta, H. Ph. E. W., p. 874

অধিষ্ঠান ভদবিভাতত্ব এবং কুলা বৈধরীশনের ঈশর-( সাহেশরী ) তত্ব। সধ্যমার অধিষ্ঠান স্বানিব-( সাধাধ্য )তত্ব, পশুরুীর শক্তি-( বিন্দু )তত্ব এবং পরাশনের অধিষ্ঠান শিব-( নাদ )তত্ব।

পঞ্চ ককুক ও পঞ্চ ক্লেশ— বতক মারা থেকে অর্থপ্রপঞ্চের অন্ত তত্তবির উত্তর হয়।
অন্তক মারার প্রেরক নিব নন, প্রেরক সদানিব ও কল্প। সদানিব বীয় শক্তির বারা অন্তক
মারা থেকে কাল, নিরতি, কলা এই তিন তবের এবং কলা থেকে বিদ্যা ও রাগ এই কুই
তথ্যের উত্তব ঘটান। এই পাচটি তত্তকে আত্মার পঞ্চ কর্কুক বলা হয়। পঞ্চকক্ষ্কর্জ
এবং পঞ্চরেশযুক্ত আত্মাকে বলা হয় পুক্ষতত্ত্ব। পঞ্চ ক্লেশ বলতে বুঝার অবিদ্যা, অত্মিতা,
রাগ, বেব এবং অভিনিবেশ। এই তালিকে পুংস্ক্ষনত বলে।

বিভাতত্ব—কলা থেকেই কন্দ্ৰ স্বীয় শক্তির খারা প্রুমতন্ত্রের প্রতিরূপ প্রকৃতিত্ত্বের উত্তব ঘটান। পঞ্চ কঞ্ক এবং প্রকৃতি এই সাতটি তন্তকে বিদ্যাতত্ত্ব বা ভোল্লয়িস্কাণ্ড বলা হয়।

অব্যক্ত প্রকৃতি পেকে চিন্ত এবং বৃদ্ধি, আর বৃদ্ধি পেকে অহংকারের উত্তব হয়।
সহংকার বিশুণভেদে ত্রিবিধ। সান্ধিক অহংকারকে বলা হয় তৈজন, রাজসিক অহংকারকে
বৈকৃত এবং তামসিক অহংকারকে ভৃতাদি।

তৈজস অহংকার থেকে পঞ্চ জ্ঞানেজ্রিয় এবং মনের উদ্ভব হয়। বৈক্বত অহংকার থেকে পঞ্চ কর্মান্ত উদ্ভূত হয়। পঞ্চ তর্মান্ত থেকে উদ্ভূত হয়। পঞ্চ তর্মান্ত থেকে উদ্ভূত হয়। পঞ্চ তর্মান্ত থেকে

লৈব-সিদ্ধান্তীরাও স্নীবের সকল, প্রলয়াকণ এবং বিজ্ঞানাকল এই তিনটি ভেদ স্বীকার করেন। এঁরা স্নীবের ত্রিবিধ অবস্থার কথাও বলেন। সকলের সকলাবস্থা, প্রলয়া-কলের কেবলাবস্থা এবং বিজ্ঞানাকণের ভদ্মাবস্থা।

মগ-পরিপাক হলে জীবের উপর শিবের শক্তিনিপাত হয়। তথন শিব জীবের কাছে আবপ্রকাশ করেন এবং তাকে মোক্ষায়ক জান দেন। বিজ্ঞানাকলের কাছে তিনি ভারই অন্তর্জ্যোতিরূপে আত্মপ্রকাশ করেন। প্রশার্ষাকলের কাছে শিব দেখা দেন অতিপ্রাক্ত রূপ

- Philosophy of Saivism, C. Her. I., S. R. C. M. Vol. II, p. 41
- ₹ Saiva-Siddhanta, H. Ph. E. W., pp. 874-875
- ০ শৈব-সিদ্ধান্ত মত অনুসারে প্রকৃতি অবিতা (transient)। প্রত্যেক পুরুষের প্রকৃতি ভিন্ন। কারেই প্রকৃতি অনেক।—সঃ Bhāskari, Vol. III, Intro., p. OIV
  - 8 Saiva-Siddhanta, H. Ph. E. W., p. 875
  - 4 Ibid \* Ibid. p. 477

ধারণ করে আর সকলের কাছে আসেন মানব গুরুরূপে। দৃষ্টিদীক্ষা, স্পর্শদীক্ষা প্রভৃতি কোনো দীকা দিয়ে তিনি জীবকে শিবস্থবোধক্ষম করে দেন। এরই নাম মোক্ষ।

শৈব-সিদ্ধান্তীরা মোক্ষ বা মৃক্তির চারটি প্রকারভেদ স্বীকার করেন। যথা—সালোক্য, সামীপা, সারপা এবং সাযুজা। সাযুজামৃক্তিই চরম মৃক্তি। এরই নাম শিবত্বপ্রাপ্তি। জীব স্বরূপত: শিবত্বমুক্ত, শিবত্বভাব। মল দূর হয়ে গেলেই জীব স্বরূপে অধিষ্ঠিত হয় অর্থাৎ শিবত্বভাবপ্রাপ্ত হয়। এরই নাম শিবত্বপ্রাপ্তি। শিবত্বপ্রাপ্তি অর্থ শিবের সঙ্কে এক হয়ে যাওয়া নয়। সিদ্ধান্তীদের মতে জীব ও শিবের সঙ্ক অবৈত। কিন্তু এঁদের অবৈত অর্থ অভেদ নয়, অনক্তব। অর্থাৎ এঁরা বলেন মোক্ষাবন্থায়ও জীবের শিব থেকে ভিন্ন অন্তিত্ব থাকে, স্বভাবের দিক দিয়ে শিবের সঙ্কে তার কোনো পার্থক্য থাকে না।

বন্ধ জীবের থাকে পশুদৃষ্টি। অর্থাৎ বন্ধ জীব পশুর দিক্ থেকে দেখে। আর মৃক্ত জীবের দৃষ্টি পতিদৃষ্টি অর্থাৎ তিনি শিবের দিক্ থেকে দেখেন।

পতিদৃষ্টিযুক্ত মৃক্ত জীবের প্রারন্ধ কর্ম শেষ না হওয়া পর্যস্ত আধিভৌতিক দেহ থাকে। এ রকম অবস্থায় তাঁকে বলা হয় জীবমুক্ত। জীবমুক্তদের পালনীয় কোনো বিধিনিষেধ নাই।

শৈব-সিদ্ধান্ত বা তামিল-লৈব মত দৈত। এই মতেও দেখা গেল শক্তিকে অতি গৌরবের স্থান দেওয়া হয়েছে।

শ্রীকণ্ঠ শিবাচার্যের শৈব দর্শন—শৈব দর্শনের বিভিন্ন প্রকারভেদ আছে। ভার মধ্যে শ্রীকণ্ঠ-ব্যাখ্যাত মত অন্ততম। শ্রীকণ্ঠ বাদরায়ণের ব্রহ্মস্থরের ভাক্স রচনা করে তাঁর মত প্রতিষ্ঠিত করেছেন এবং এই ব্যাপারে তিনি কতকগুলি শৈবাগমের অন্সর্ম করেছেন। প্রত্যে তাঁর মতের প্রধান ভিত্তি উপনিষদ। প্র

শিব—শ্রীকণ্ঠ-দর্শনের শিব সগুণ ব্রহ্ম, বৈরক্তিক ঈশর। তিনি অহং-পদার্থ, সচ্চিদানন্দশ্বরূপ, পরমাত্মা। বিশ্বোত্তীর্ণ আবার ভৌতিক বিশ্বের উপাদান-কারণ। তবে
অপ্তর্মীন্দিতের মতে শিব বিশ্বরূপে রূপান্থরিত হন না, হন তার শক্তি। শ্রীকণ্ঠ বলেন শিব
নিজশক্তির ভিত্তির উপর নিথিলজগজ্ঞালচিত্র নির্মাণ করেন।

শক্তি—শ্রীকঠের মতে শিবের শক্তি উমা পরমপ্রকৃতিরূপা পরা শক্তি, তিনি প্রণব ।' বন্ধকে শ্রীকঠ বলেছেন পরম শিব। বন্ধের নির্মাতশয়-জ্ঞান-স্থানন্দাদি-শক্তিকে নিয়েই

- Saiva-Siddhants, H. Ph. E. W., p. 378
- R Philosophy of Saivism, C. Her. I., S. R. C. M. Vol. II, p. 44
- H. I. Ph., Vol. V, p. 66 s Ibid p. 71 e Ibid, p. 68
- নিকশন্তিভিভিনিবিভনিবিলক্সকালচিত্রনিক্রব:।—বীক্টভাব্যের অবতর্গিকা, লোক ২
- প্রাব্দবারেশোষাশকেন পরপ্রকৃতিরপা পরা শক্তিরতাতে ।—বক্সব্যাের (৪)ঃ।২২) ভাষ্য

তাঁর ব্রহ্ম । । শীকর্চভারের চীকাকার অগ্নয়দীক্ষিত কথাটা অন্তভাবে বলেছেন। তিনি বলেছেন শক্তিশব্দের ছারা শিবছরপা পরা শক্তিকে বৃঝায়। । অর্থাৎ শিবের শিবছই তাঁর পরা শক্তি। পরা শক্তি ও পর শিবের মধ্যে কোনো ভেদ নেই, হেমন চাঁদ চাঁদনীর মধ্যে কোনো ভেদ নেই তেমনি। শীকর্ষের মতে কিন্তু শক্তি শিব থেকে অভিন্নও বটে, ভিন্নও বটে। ।

শক্তি বিবিধ—চিংশক্তি ও জড়শক্তি। শিবনিয়মিত চিংশক্তি ও জড়শক্তি চেতনাচেতন প্রণক্ষরণে পরিণত হন। শীক্ষ বলেন চিদ্চিংপ্রপক্ষরণ-শক্তিবিশিষ্ট্রত্ব ব্রন্ধের বা শিবের পক্ষে স্বাভাবিক। শর্কাং চিংশক্তি ও জড়শক্তি শিবের স্বাভাবিক শক্তি। এই তুই শক্তিকে শিবের গুলও বলা যায়।

উপনিষদে ব্রহ্মকে বলা হয়েছে আকাশশরীর। শুক্ত হৈর মতে এই আকাশ চিদাকাশ। অপ্নয়দীক্ষিত কূর্মপুরাপের বচন উদ্ধৃত করে বলেছেন এখানে আকাশ অর্থ চিংশক্তি। কাজেই চিংশক্তিই ব্রহ্মের শরীর। এই চিংশক্তি স্ব্রবস্থতে পরিব্যাপ্ত; বিশ্বস্থতিতে এঁরই রূপান্তর হয়। পূর্বে বে স্প্রিক্তপে শিবশক্তির রূপান্তরের কথা বলা হয়েছে ইনিই সেই শক্তি। এই শক্তি আদি প্রাণশক্তি।

জড়শক্তি মায়া। ১° মায়া প্রকৃতি। ১° প্রকৃতি জড়বিবের উপাদান-কারণ। মহেশর মায়ী। ১° প্রকৃতের মতে মহেশর বখন মায়ী তখন মায়া ঈশরান্মিকা। ১° এর অর্থ মায়া শিবে নিতা-মধিষ্টিতা বা শিব নিতা-মায়াযুক্ত। তা হলে ত শিবকেও পরোক্ষভাবে বিশের উপাদান কারণ বলতে হয়। ১°

मितिश्वितक्षानामनावित्रक्षिपश्चित्रशिवादिनव्यवदः वि वृक्षवत् ।— उ ए ১।১।১-এর ভার, প্রথমনপুট, পৃঃ ৮৯

२ विकारमान निरम्बामा भन्ना निरम्भागार ।— उ ए २।२।००- এর निरार्कपनिरोभिका ।—

जः अक्ष्रीवादकु उक्षर्जनात्र, विठीयमण्टि, गृः >>•

Bhaskari, Vol. III, Intro., p. CLIV

ব হ ১/১/১-এর বিবার্করবিবীশিকা ৷—ক: একঠাচাইকৃত বন্ধহবভার, প্রথমনশূট, পৃঃ ৬৮

 <sup>ि</sup> विविध्यानकसननकिविनिद्वेषः वाकाविकस्यव वृक्षतः ।— उ ए भागार-धव कांक्र

<sup>•</sup> H. I. Ph., Vol. V, p. 76 • बाकाननदीदा दृक्त ।—टेड डेन श्राधार

দ্বত সা পরবা দেবী শক্তিরাকালসংক্রিতা ।—ত্র পু ১৷১৷২-এর শিবার্কমণিদীপিকা ৷—ত্রঃ শ্রীকণ্ঠাচাইকৃত ক্রমণ্ট্রভাষ্য, প্রথমসম্পূচ, পৃঃ ১২৬

<sup>\*</sup> H. I. Ph., Vol. V, p 82

<sup>&</sup>gt;· व र ১।১।১-এর শিবার্করশিধীশিকা ।—वः श्रैक्कारकृष्ठ उत्तरप्रकारा, প্রথমসমূচ, পৃঃ ১৮

<sup>&</sup>gt;> (4 উপ si> > ২ ই > 3 및 3|3|2-48 WIS 58 H. I. Ph., Vol. V, pp. 89-88

শীকণ বলেন স্ক্র-চিদচিদ্-বিশিষ্ট বন্ধ ( শিব ) কারণ এবং সুল-চিদ্চিদ্-বিশিষ্ট বন্ধ তাঁর কার্য। তিনি কথাটার বাাখ্যা করে বলেছেন অস্কঃস্থিত অর্থাৎ নিজের মধ্যে সন্থটিত চিদান্মা শিব স্ক্রেরপে কারণ। তিনি ইচ্ছা করে অন্ত উপাদানের অপেক্ষা না করে অর্থাৎ ক্রিয়ে উপাদান হয়ে অর্থজাত অর্থাৎ বিষয়সমূহ প্রকাশ করেন। এর অর্থ দাঁড়ায় পরম কারণ পরবন্ধ শিব থেকে কার্যরূপ জগৎ অভিন্ন।

শীকঠ বলতে চান তিনি বন্ধকে পরম উপাদান-কারণ বলেছেন এই অর্থে বে, দে-প্রকৃতি থেকে বিশের উত্তব সেই প্রকৃতি নিজে ব্রন্ধে মধিষ্ঠিত। আর বেহেতৃ বন্ধ বা শিব তাঁর শক্তিবহিত হয়ে থাকেন না সেইজন্ত তাঁকে জগতের উপাদান-কারণ বলা যায়। এর অর্থ এই নয় যে শিব স্বয়ং জগদ্রূপে পরিণত হন, তিনি বিশোতীর্ণ। তাঁর মারাই জগতের উপাদান কারণ, তাই জগদ্রূপে পরিণত হয়। শীকঠের মত বিশিষ্টাকৈতবাদ।

**শ্রীপত্তি পণ্ডিভের শৈব দর্শন**— শ্রীপতিও ব্রদ্ধপ্রের ভান্তা রচনা করে তাঁর মত প্রতিষ্ঠিত করেন। শ্রীপতির ভারোর নাম শ্রীকরভাষ্য। এই ভাষ্যকে বীরশৈব মতের দার্শনিক ভিত্তি মনে করা হয়।

শিব ও স্টি শ্রীপতির মতে শিব তার শক্তিকে প্রসারিত, করে দ্বগৎস্টি করেন।
ক্রগৎ শিবস্থভাব। শ্রীকণ্ঠের মতো শ্রীপতিও শিবকে দ্বগতের উপাদান-কারণ মনে করেন।
তার মতে শিব নিরাকার এবং সাকার। তিনি কোনো বাছকরণের অপেক্ষা না করেই
স্টি করতে পারেন। আর ভক্তকে অন্ত্র্গ্রহ করার দ্বন্ত দ্বমাট ঘিয়ের মতো তিনি দিবামদ্বন
মূর্তি ধারণ করেন।

শিব জগতের নিমিন্ত-কারণ এবং উপাদান-কারণ উভয়ই। কেন না, শিবের অংশমাত্র জগদ্রণে রণান্তরিত হয়। শ্রীপতির মতে নিমিন্ত-কারণ এবং উপাদান-কারণ অভিন কিছ এক নয়।

শিব নি গুণ এবং সগুণ। শ্রীণতি বলেন স্টির পূর্বে শক্তিসছোচছেত্ শিব বা এক নি গুণ। তথন কেবল মাত্র শিব থাকেন আর কিছু থাকে না। এই শিব সলজ্ঞি শিব। শিবের এই শক্তি পরা শক্তি। স্টির পূর্বে জগৎ প্রধান্ধ পরা শক্তিতে অবস্থিত থাকে।

১ রত্যাস্করতার ২ ঐবাসাস্করতার ও H. I. Ph., Vol. V, p. 84

क्ष्मात्क्रमकानः विनिष्ठेदिकः नावत्रामः ।--- उ न् २।>।२२-अत्र काष्ट्र

e H. I. Ph., Vol.V, p. 178

<sup>●</sup> ব হ ১৷১:১-এর ভাষা া—ত্র: বীকরভার, বিতীয়ভার, গৃঃ ●

१ व रः भागर-अत्र लाव ।—जः व्यक्तरलाव, विशेष्ठलात, गृः ०० 👂 🥻

শিবের শক্তি শিব থেকে অভিন্ন। প্রীপতি শক্তিশক্তিমানের অভেদ বীকার করে বলেন শিব একাধারে শক্তি ও শক্তির অধিষ্ঠান ; শক্তাাত্মক এবং শক্তির অধিপতি। গৈ শিব ও শক্তির সম্বন্ধ তাদাত্মাসম্বন্ধ। চূবক এবং তার আকর্ষণীশক্তির, বহিং এবং তার দাহিকাশক্তির বে-সম্বন্ধ শিব এবং শক্তিরও সেই সম্বন্ধ। শিব এবং শক্তির এই অভেদ প্রীপতিব্যাখ্যাত বীরশৈব-দর্শনের কেন্দ্রীয় তন্ধ। শ

শিবের শক্তি চেতনাচেতনজগৎপ্রকরণে রূপান্তরিক হন। কাজেই শুধু চেতন নর, সচেতন বস্তরও সধিষ্ঠান শিব; চেতন অচেতন উভরই শিবের রূপ। তাই শ্রীপতির মতে শিবের চিন্ময় এবং ভৌতিক উভয়বিধ রূপের আরাধনা করলে পরে মোক্ষলাত হবে।

মোক্সাভ হয় ব্রহ্মসাকাংকার হলে। শ্রীপতি বলেন শুধু উপনিষদাদি অধ্যয়ন করলে ব্রহ্মসাকাংকার হয় না। ভার জন্ত চাই শিবের এবং শুকুর অভূগ্রহ। জ্ঞান ও ভক্তির পথে ব্রহ্মসাকাংকার হয়।

শ্রীপতির মতে মোক্ষাবস্থার জীব শিবে খিলে যায়; যেমন করে নদী মিলে যায় সমূত্রে তেমনি করে মিলেংযায়।

শ্রীপতিও জীবন্ধকের কথা বলেছেন। তাঁর মতে সাধক বখন সাধনমার্গে এতটা অগ্রসর হয়ে বান বে তাঁর পক্ষে লার বর্ণাশ্রম-ধর্ম-পালন বা সমাধিমর হওয়া প্রভৃতি কোনো কিছুরই প্রয়োজন হয় না তথন তিনি জীবন্ধক হন। এই জীবন্ধক অবস্থায় তিনি প্রাকৃত শরীরে অবস্থান করবেন কি না এটা তাঁর ইচ্ছার উপর নির্ভর করে।

শ্রীপতির মতকে এক রক্ষের ভেদাতেকবাদ বলা যায়°। একে বৈভাবৈতবাদ বা বিশেবাবৈতবাদ বা সন্তশন্ত্রশ্বনাদও বলা হয়।° আবার কেউ কেউ একে শক্তিবিশিষ্টাবৈভবাদও বলেন।

প্রভাতিজ্ঞান্তর্মান-মাধবাচার্য থাকে প্রভাতিজ্ঞান্তর্ন বলেছেন বর্তমানে তা কাশীর

১ বাব সাগা-এর তাবা।—ম: একরতার, বিভারতার, পৃ: ১৩৪-৩৬; Bhāskari, Vol. III,

२ ज ए आध-तत्र कांदा ।---वर विकालांदा, विक्रीतकांद, कृ::se:

<sup>\*</sup> H. I. Ph. Vol. V. p. 194. . . H. I. Ph., Vol. V, p. 182

<sup>&</sup>lt;sup>4</sup> Ibid., pp. 189-190 • 1bid. p. 188

BhEskari, Vol III, Intro., p. CLXI H. Fh. E.W., p. 898

শৈব মত এই সাধারণ নামে পরিচিত। কিন্তু প্রকৃত প্রস্তাবে প্রত্যভিজ্ঞা ভিন্ন ক্রম এবং কুল এই চুটি অবৈত শৈব মতও কাশ্মীর শৈব মতের অন্তর্ভিক্ত।

প্রভ্যাভিজ্ঞার সংজ্ঞা—ঈশর-প্রতাভিজ্ঞা নামক গ্রন্থে প্রতাভিজ্ঞার সংজ্ঞা নির্দেশ করা হয়েছে এইভাবে—অনাত্মবস্তপ্রতিকূল আত্মাভিম্থী ষে-জ্ঞান তাই প্রকাশ, তাই প্রতাভিজ্ঞা। সহজ কথায় বলা যায় আমি ঈশর, অন্ত কেউ নয়, এই প্রকার ষে-সাক্ষাংকার অর্থাৎ অপরোক্ষ অমূভব তাকে বলে প্রতাভিজ্ঞা। প্র

প্রভাৱে ব্যাখ্যা—কোলমার্গরহক্তে বিষয়টির ব্যাখ্যা করে বলা হয়েছে অমূতব ও অমূতবমূলক জ্ঞান ত্রিবিধ—সমূতব, শতি এবং প্রতাতিজ্ঞা। ইন্দ্রিমান্নিকর্থ জ্ঞাল সমাক্ জ্ঞানের নাম অমূতব বা প্রত্যক্ষ। ষেমন সমূখবতী ঘট প্রত্যক্ষ করলে মনে তার বাসনা থাকে, এই প্রত্যক্ষ জ্ঞান বা অমূতব হয়। কোনো বস্তু প্রত্যক্ষ করলে মনে তার বাসনা থাকে, এই বাসনার নাম সংস্থার। উদ্বোধক বস্তুর দর্শনাদিতে সেই সংস্থার উদ্বুদ্ধ হলে প্রায়ত্ত বন্ধর শ্বন হয় এরই নাম শ্বতি। প্র্যায়ত্ত বিষয়ের সংস্থার ও প্রত্যক্ষ উভয়ে মিলে যে-জ্ঞান জ্যায় তাকেই বলে প্রত্যতিজ্ঞা। যেমন পূর্বে একটি ঘট দেখেছিলাম, তার সংস্থার আমার অস্তঃকরণে আছে আবার সেই ঘটটি দেখে পূরে যে-ঘটটি দেখেছিলাম এটি সেই ঘট এমনি জ্ঞান হয়, এরই নাম প্রত্যতিজ্ঞা। অবিভাবদ্ধ জীব নিজের শিব্দ্ধ বিশ্বত হয়ে অমূদ্ধ লাভ করে; পরে সাধ্যনার ঘারা অবিভাগাশ ছিল্ল করে আবার শিব্দ্ধ লাভ করে এবং সোহহম্ আমি সেই শিব্, এই প্রত্যতিজ্ঞা লাভ করে।\*

বিভিন্ন নাম—এই প্রত্যতিজ্ঞা ষে-দর্শনের অক্তম আলোচ্য বিধর তারই নাম হয়ে বার প্রত্যতিজ্ঞাদর্শন। একে স্পদ্দবাদও বলা হয়। আবার স্বাতশ্বাদ, আভাসবাদ এবং ত্রিক নামেও এই দর্শন পরিচিত।

এই মতের গ্রন্থাদিতে ত্রিকশাসন, ত্রিকশাস্ত্র, বা শুগু ত্রিক নামেই মতটির পরিচয় দেওয়া হয়েছে। কুল-মতকেও ত্রিক বলা হয় আবার একে ধড়ধ শাস্ত্রও বলা হয়।

ষর্জ পাস্ত্র—কাশ্মীর শৈবমতে (কুল-মতে) দেবনাগরী বা সারদাণিপি জ্ঞানের উদয়ক্রমের (পরামর্শোদয়ক্রম) ছোতক। বর্ণমালার প্রথম ছটি শ্বরবর্ণ আ আ ই ঈ উ উ ব্যাক্রমে পরমশিবোত্ত্তা অন্তরশক্তি, আনন্দশক্তি, ইচ্ছাশক্তি, ঈশনশক্তি, উর্মেষশক্তি

<sup>&</sup>gt; Abbi., 2nd Ed., p. 295

२ वाजीनमात्राजिम्(शान स्नानः वाकानः वाजाजिस्ता।—हे वा, वा का, गृह ३३-२०

अस्त्रीयत अन नांक टेटटनः यः माकाश्कातः म अठाकित्वकृष्ठारु ।—म व म, पृथ ১৯०, नांगा

s কোর, পৃ: ১০৪-১০৫, পাষ্ট্রকা G. H. Ph. E. W., p. 381

Abhi., 2nd Ed., p. 296

এবং উর্মিশক্তির ভোতক। এদের মধ্যে দীর্ঘশরত্রয়ভোতিত শক্তিত্রর হ্রশশরত্রয়ভোতিত শক্তিত্রর দ্বশান ব্যাহিত বলে এই দর্শনে অভিমত প্রকাশ করা হয়েছে এবং সেইজন্ত শেবোক্ত শক্তিত্রয়ের অর্থাৎ অহাত্তর, ইচ্ছা এবং উর্মেষ এই তিন শক্তির প্রাধান্ত শীকৃত হয়েছে। ছয়ের অধ্যেকর প্রাধান্ত শীকৃত হয়েছে বলে কুল-মতকে বলা হয় বড়র্থশান্ত । ব

**ত্তিকদর্শন**—অস্কর, ইচ্ছা এবং উরেষ এই তিন শক্তিকে ত্রিক বলা হয় এবং যথাক্রমে চিংশক্তি, ইচ্ছাশক্তি এবং আনশক্তিও বলা হয়। তুলাবার পরা, পরাপরা এবং অপনাশক্তিও বলা হয়ে থাকে। তুলাক পরাদি শক্তিত্রয়বিষয়ক শাস্ত্র ত্রিকশাস্ত্র বা ত্রিকদর্শন। তুলক অবশ্ব ত্রিকশন্বের অক্সান্ত ব্যাখ্যাও আছে।

ভাবৈদিক - - ত্রিক মত শিবাদ্ববাদ। এই মত আগমসমত, অবৈদিক। এই মতে দিনবতি আগম স্বীকৃত। ভার মধ্যে আবার সিদ্ধা, নামক এবং মালিনী এই তিন্থানি আগমকে মুখা প্রামাণাগ্রন্থ মনে করা হয়।\*

শিব — ত্রিকদর্শন অন্তলারে পরম শিবের তুই রূপ—বিশ্বময় বা বিশ্বাস্থ্যক এবং বিশ্বোত্তীর্ণ।
তাই তাকে বলা হয়েছে পর্বান্ধৃতি এবং নিরাকৃতি।
বিশ্বোত্তীর্ণ। পরম শিব একই সময়ে কি করে বিশ্বময় এবং বিশ্বোত্তীর্ণ হতে
পারেন ? আচার্য জয়রপ বিশ্বটির ব্যাখা। করেছেন। তিনি বলেছেন দর্পণাদি থেকে ভিন্ন
ঘটাদি বস্তু যেমন দর্পণাদিতে প্রতিবিশ্বিত হলে দর্পণাদি থেকে অভিন্নরূপে প্রকাশমান হয়
তেমনি পরম শিবের ইচ্ছাবশতঃ তার শ্বরূপ থেকে ভিন্নরূপে তারই শ্বরূপে অবভাসিত
শ্বাব্যক্তমান্থক বিশ্ব তার শ্বরূপ থেকে অভিন্নরূপে প্রকাশত হচ্ছে। এইজন্তই তিনি
বিশ্বময় হয়েও বিশ্বোত্তীর্ণ এবং বিশ্বোত্তীর্ণ হয়েও বিশ্বময়।

পরম শিব বিশ্বময় বা বিশাকৃতি বলে চিং ও অচিতের এবং তাদের নানা বৈচিত্রোর অবভাসক। ১০ সেইজল শৈবাগ্যে শিবের বহরপত্ত্বের কথা আছে। আবার বলা হয়েছে

১ জ সা, পুঃ ১২-১৩ - ২ Abbi., 2nd Ed ; p. 296

ও পতা বরাং ত্রিকং সারং চিলিব্যুপ্রেকণাস্করত্ব।—ত আ ৩।১৯১; চিল্পুতরন্, ইবিরিচ্ছা।—ত আ তৃ আ,
প্র ১৮৬; উন্মেৰণজ্জিলাবার। —ই ৩।২৪৯

৪ অমুত্তরা পরেক্ষা চ পরাপ্রভরা স্থিতা। উল্মেখনন্তি জানাখ্যা খপরেভি নিগছাতে।—ড জা গাং৪৯

जिक्र नतानिनक्षित्रवाकिशतकः नाज्य ।—ठ मा, व्य मा, नृः ১६०

<sup>\*</sup> Abhi., 2nd Ed., pp. 289-95 4 % 4 5100

म निर्माकृष्टिः विवयसः विवाकृष्टिः विर्वासीर्थः ।— ७ व्या, व्य व्या, गुः ३०६

<sup>»</sup> विशः ३०8-३०€

<sup>&</sup>gt; বিবাঞ্তিবাভিবভিত্তবৈভিত্তাবভাসক: ।—ঐ, পৃ: »»

ভূৰন, বিগ্ৰহ, জ্যোতি (বিন্দু), খ (বোম), শব্দ (নাদ) এবং বন্ধ—এই বড়্ষিধ রূপ শিবের ধ্যেয় রূপ। শ্ব এইগুলিকে উপলক্ষণ মনে করতে হবে, কেন না শিব বিশ্বাক্কতি। শ্ব

আসল কথা, শিবকে যে-সাধক যে-ভাবে ভাবনা করেন তিনি সেইভাবেই তাঁকে প্রাপ্ত হন। কেন না, যিনি যে-ভাবনিষ্ঠ তিনি সেই ভাবই প্রাপ্ত হয়ে থাকেন। বিষন কেউ বিদি শিবের ভ্বনক্রপের ধ্যানে নিবিষ্ট হন তা হলে ভ্বনতন্ময়তার বারা তিনি ভ্বনেশ্বরত্ব লাভ করেন। কিন্তু যেহেতু ভ্বনাদি শিবেরই ক্লপ সেইজক্ত ভ্বনাদিতক্মরতার বারা সাধকের শিবাত্মক শ্বরপ লাভই হয় অর্থাৎ মোক্ষ লাভ হয়। গ

যারা বোধস্বরূপ পরম শিব থেকে ভিন্নরূপে ইক্রাদি দেবতাকে সেই সেই নামরূপে অর্থাৎ ইক্রাদিরূপে আরাধ্য দেবতা বলে মনে করেন তারাও আপন আপন আরাধ্যকে বোধস্বরূপ থেকে অভিন্ন বলে জানেন।

তবে কথা হচ্ছে আরাধ্যের প্রাধান্তভাবনার জন্ত বন্ধতঃ জনেকেই তা জেনেও আনেন না। অবস্থ বারা আপন আরাধ্যকেই বোধস্বরূপ বলে জানেন তারা পরম শিবকেই প্রাপ্ত হন।

শক্তি—এই যে ইন্দ্রাদি দেবতার কথা বলা হল শিবের শক্তি থেকেই এঁদের প্রকাশ। শাস্ত্রে আছে পরম শিবের শক্তি থেকেই দেবতাদের প্রকাশ হয়েছে। স্বপ্রাকাশা আহংরূপ। নিত্যা সংবিংই উপাসকের দেবতারূপে ক্রিত হন।

মোট কথা, এই দর্শনের অভিমত পরম শিবের বিষময় রূপ তার শক্তিরূপ আর বিশো**ন্টর্শ** রূপ তার শিবরূপ।

প্রকাশ—পরম শিবের বিশ্বয়ন্ত্রপ প্রকাশবিমর্থময়। বা প্রকাশিত হয় ভা প্রকাশ আবার বা অন্তকে প্রকাশিত করে তাও প্রকাশ। শেবোক্ত বিচারে শিবই প্রকাশবরূপ।

<sup>&</sup>gt; ज्वनः विश्वरहा स्माण्डिः वः भरमा मञ्ज अव ह । विन्तृनामात्राज्ञिः वस्त्वियः निव स्टार्ट ।

<sup>—</sup>र वा, व वा गृः > • •

২ বিবাকৃতিত্বে দেবস্ত তকেতচোপলকাৰ্ া—ঐ, পৃঃ ১০৩

वा वनावक्छानिर्वेखडावः म लागाएछ ।—अ, १६ ३०)
 वे, १६ ३०३०३०७

বে বোধান্যতিরিক্ত হি কিশিলাক্ষ্যতয় বিদ্ধঃ।
 তেহপি বেল্য বিবিশানা বোধাতেকেন মন্তে ।—ই,পুঃ ১৬৫-১৬৪ । ইপার ১৭০ ১৭১

বেদ্যা হি দেবতাস্তঃ শক্তে হেংডোঃ সমূৰিতা।
 অহরেণা তু সাবিভিনিত্যা বপ্রধানাদ্বিকা।

—ই, পৃঃ >৬ঃ

৮ বিবোডীৰ্ণাং লৈবাং ক্লণাং---বিবময়াং লাক্তাক্লণাং ৷—ত আ, ভূ আ, পৃঃ ৮২

<sup>»</sup> Abbi., 2nd Ed., p. 323

কারণ, বস্তুতঃ তিনিই বিশের প্রকাশমানতা প্রদান করেন। স্বার যিনি প্রকাশস্বরূপ তিনিই সকল বস্তুর প্রকাশস্থ প্রদান করেন।

শ্রতিতেও আছে তিনি প্রকাশমান বলেই সব প্রকাশিত, তাঁর প্রকাশের দারাই সব কিছু প্রকাশিত হয়।

কাঙ্গেই প্রকাশ স্বতন্ত্র, এক, ব্যাপক, নিত্য এবং সর্বাকার-নিরাকারশ্বন্ধণ। প্রকাশই সংবিং।\*

বিশ্বও প্রকাশাতিরিক্ত আর কিছু নয়। বস্তুর প্রকাশই তার স্বরূপ। কাজেই বিশেরও স্বরূপ প্রকাশ।

বিষ্ণৰ্শ—কিন্ত বিষৰ্শ ছাড়া প্ৰকাশ নেই । কেন না, প্ৰকাশের ধৰ্মই বিষ্ণণ । এ কথার অৰ্থ বিষ্ণাই প্ৰকাশের প্ৰকাশন্ত বা প্ৰকাশমানতা। বিষ্ণোৰ্শ বার নাম স্থানি ই না হলে প্ৰকাশ স্থান-প্ৰায় হয়ে যায়। এইজন্ত বলা হয়েছে বিষণা বাতীত প্ৰকাশের নিজ বা অন্ত বন্ধর প্ৰকাশন্ত প্ৰতিষ্ঠা হয় না। কাজেই বা প্ৰকাশের প্ৰকাশন্ত প্ৰতিষ্ঠাপক তাই বিষ্ণা অৰ্থাং বিষ্ণাশক্তি। জড়ের প্ৰতিষ্ঠান্থান চেতন, চেতনের প্ৰতিষ্ঠান্থান প্ৰকাশান্ত এবং প্ৰকাশন্ত প্ৰতিষ্ঠান্থান বিষ্ণাশক্তি।

ঈথরপ্রতাতিজ্ঞায় প্রকাশ অর্থাং শিবকে বলা হয়েছে বিমর্শদার<sup>৯</sup>, বিমর্শদারীর<sup>১০</sup> এবং বিমর্শকে বলা হয়েছে তাঁর প্রধান রূপ।<sup>১১</sup>

বিমর্শশক্তি স্বাভন্ত্যশক্তি— বিমর্শশক্তি বাভয়াশক্তি। শ কর্তা বভর। ১৯ কাজেই বভরণক্তি কর্ত্তমঞ্জি। বাভয়োর লক্ষণ অনন্তম্পাপেকিতা। বাভয়া আয়ার বরুপ। ১৪

यः প্রকাশ: স সর্বস্ত প্রকাশয়: প্রবন্ধতি।—ত আ, তৃ আ পৃঃ ২

২ তাৰেৰ ভাস্ত্ৰমুভাতি দৰ্বং তন্ত ভাষা সৰ্বমিদং বিভাতি।—বে উপ ০১৪ ৩ ত সা, পুঃ ০

নহি বিখা নাম প্রকাশমানবান্তদভিয়িক্তা কিকিং সম্ববিভ ।—ত আ, তু আ, পৃঃ ২

मर्रवातानाः अकानक्रम अव।—ह मा, पुः «

नहि निविधनी: श्रकान: नमित्र डेलनवाटड वा ।—ड का, कृ का, शृः २

প্রকাশের বিমর্শরণতাং বিনা নার্যক্ত আছলে।
 বা একাশরপতায়াং প্রতিষ্ঠাশেবং ক্তাং।—ত আ, প্র আ, পৃঃ >৪

৮ में श, श का, शु: २३३ अ म क श्रकारण विवर्गमात हैकि।—में श, श का, शु: २३१

<sup>&</sup>gt; বিষৰ্শনরীয় এব প্রকাশো বৃক্ত:।—এ, পৃ: ২১৩, পার্বটীকা

<sup>&</sup>gt;> दिवर्ग এव अधानम् जानाता ज्ञानम्।--वे, गृ: २००

১২ বাতপ্ৰাং হি বিষৰ ইত্যাচাতে।—ত লা, জু লা, পু: ৭০ ১৩ বতম: ক'ৰ্ডা।—গাণিৰি ১াচাৎঃ

<sup>&</sup>lt;sup>38</sup> वाउद्यात्त्रव ह अनक्षम्पद्धिककाक्ष्मव् वास्त्रतः वस्त्रम् ।—मै अ. अ छो. गुः २३६

ঈশ্বরপ্রতাভিজ্ঞার মতে ঐশ্বর্যান্মিকা বিমর্শব্ধপা কর্তৃত্বশক্তি সমস্ত শক্তিকে সব দিকে বিচ্ছুবিত করেন।

পরম শিব তাঁর বিমর্শশক্তিবলে স্বাতম্বাহীন নীলাদিবস্তরণে এবং স্বাতম্বাযুক্ত ঈশ্বরাদিরণে স্বাভাগিত হন। ১ কাজেই ত্রিকমতাকুলারে সব পদার্থ ভগবান শিবেরই রূপ। ৩

ঈশ্বপ্রপ্রতাভিজ্ঞাতে আছে প্রমেশ্বের বিমর্শশক্তি মাত্রার মতে। অহংরূপে অথওভাবে প্রকাশিত হন।

বিভিন্ন নাম—তবে বিমর্শক্তি অথও হলেও মায়াশক্তির ছারা ভিন্নরূপে সংবেছ এবং জ্ঞান, সংকল্প, অধ্যবসায়, সংশয়, স্বতি ইতাাদি নামে আখ্যাত হন।

আচার্য অভিনবগুপ্তের মতে মহেশ্বর শিবের বিমর্শশক্তি তার শুদ্ধ মর্থাং নিরুপাধিক পারমার্থিক জ্ঞানশক্তি এবং ক্রিয়াশক্তি। শিবের প্রকাশমানত। জ্ঞানশক্তি এবং ক্রেয়াশক্তি। জ্ঞাবশতঃ জগৎ-নির্মান্ত। ক্রিয়াশক্তি।

দেখা গেল শিবের বিমর্শক্তিকে তাঁর স্বাতয়াশক্তি বলা হয়েছে। এই স্বাতয়াশক্তি এক এবং অভিনা<sup>9</sup> শিবের ইচ্ছাদি বহশক্তির কথা বলা হলেও তিনি সবদা দেই এক স্বাতয়াশক্তিই বিভিন্ন অর্থোপাধিযোগে অনস্থলক্তিকপে প্রকাশিত হন।

বিভিন্ন দ্বাধার দার্শনিকের। বিভিন্ন দৃষ্টিকোর থেকে বিচার করে এই স্বাভয়াশক্তিকে বিভিন্ন নাম দিয়েছেন। 'শিবস্তর'-এ একে বলা হয়েছে হৈতল, শ্লন্দ্রায়ে বলা হয়েছে ক্রকা বা শ্লন্দ, মহাসতা এবং পরা বাক্ াণ কাবার একৈ মহাপ্রভাবমর্শন বলা হয়েছে। ১১

পরাশক্তি-পরমেশ্বরের স্বাতন্মশক্তিই পরাশক্তি । শ্বিকল্পন্তিংমারক্রপা যে-শক্তির

- ১ সর্বাঃ শক্তীঃ ক ভূতলক্তিঃ ঐবংগল্পা সমক্ষিপতি। সাচ বিমর্শক্ষণা।—ই প্র, প্র ক্ষা, পুঃ ২১৪
- ২ ঐ, পৃ: ২১৫-২১৭ ত যশা সর্বপদার্থনোঃ ভগবক্ষিবরূপ হা :-- লি ছ. পু: ১১
- शत्रत्यत्रनिक्तिः विमर्गत्रशा वाद्यदर এव वहिम्छानविभ्द्रताहन साहि ।—इ सा, सा सा, शृ: २,३०-२,३०
- মার্যালক্ত্যা বিজ্ঞান সৈব ভিন্নসংবেছপোচরা।
   ক্ষিতা জ্ঞানসংক্রাধ্যবসায়ালিনামভিত ।—ঐ, পৃঃ ২০২-২২০
- বিষর্প এব দেবক্ত শুদ্ধে জ্ঞানজিয়ে বতঃ ৷—জঃ স দ স, পুঃ ১৯৬
- ৭ তন্ত চাভিন্না একৈব বাত্যাব্যা শক্তি:।—ত আ, প্র আ, পু: ১৫১
- ৮ বহণজ্বিস্পান্ত ভক্জিবাবিশ্কতা দেত আ, ১/১৮
- » ভজা, প্রজা, পু: ১০৮-১০৯ ১০ Abbi., 2nd Ed., p. 828
- বন্ধতঃ পুনরপাহংপ্রতাবয়র্শাখ্যা বাতয়্যশক্তিয়েবাক্তান্তি।—ত আ, প্র আ, পু: ১০৮
- >२ भद्रामक्ति भावत्रपत्री बाट्यानक्तिः।—श क्र, भू: ७৮

দারা প্রমেশ্বর শিবাদিকিতান্ত বিশ্বকে ভরণ করেন, দর্শন করেন এবং স্বভাসিত করেন তিনি তাঁর প্রাশক্তি।

এই পরাশক্তিই চিতি বা চৈত্ত বা চিং নামে আখ্যাত হয়েছেন। ভগবতী স্বতন্ত্রা চিংশক্তিই অন্তজগদ্ধপে ক্রিতা। ইনি শিবভটারক থেকে অভিলা।

শক্তি অসংখ্য —পরম শিবের স্বাভয়াশক্তি বা চিতিশক্তিই অনস্থশক্তিরপে জ্রিতা হন।
এইজন্মই বলা হয় শিবের শক্তি অসংখ্য। এই-সব শক্তির নানা নাম ও রূপ। আগমশাল্পে শক্তির কুল, সামর্থা, উমি, রুদ্য, সার, শ্পুনু, বিভৃতি, জীশিকা (ইচ্ছা, জ্ঞান, ক্রিয়া
এই তিন শক্তির ইশিকা অর্থাৎ ইশ্বরী শ্রীশিকা ), কালী, কর্ণা, চণ্ডী, বাণা, ভোগ, দৃক্,
নিতা ইত্যাদি নাম ব্যবহৃত হয়েছে।

নক্ষা করা গেছে বিক্ষাতে পরম শিবের বিশ্বময়রূপ তার শক্তিরূপ। তাই বলা হয়েছে বিশ্ব শিবের শক্তিপ্রচয়। শাংচার্য জয়রপ বংগন জড়ায়ক এবং অজড়ায়ক বিশ্ববৈচিত্রা, স্বাষ্ট থিতি স হার তিরোধান এবং অহপ্রহ এই প্রক্রতা, জাগ্রং স্বপ্ন অব্বৃথি এবং তুরীয় এই অব্যাচতুইয় — এই স্বই প্রমেশ্বরের শক্তিশ্বর ।

শিব ও শক্তি --প্রবঁই বল্য হয়েছে শিবাক্ষরাদীরাও শক্তিশক্তিমানের মর্থাং শক্তি ও শিবের হরপার ভেদ স্বীকার করেন নাচাশ শিব শক্তিরহিতে ননা এবং শক্তিও শিবাতিরিক্তা ননাট

শিব শক্তি । শিক্ত শক্তের শক্তাহরূপ ধর্ম শক্তি । শৈতি বিশেষিক দ্বীনের মতে ধর্মের আশ্রয় ধর্মী কিন্তু শৈবংগমমতে ব্যক্তি শক্তিমমূহের কোনে। আশ্রয় নাই । শীক্তির আগ্রমমতে

<sup>ু</sup> যায়। ১৯৯৩ (প্রাভিত্রপার্য ক্ষিক্রমাবিরাজ্রপার্য বিভঙ্জি চ প্রাভিত্র ভাসরতি চ প্রমেখর সাক্ষ্র কিবাপার্জ ।—ভ সা, প্রাথ হ আছে, প্রাথ হ উ, শাব

मकुएक अल अमृत्याद्याः । ... र मा पुः २४ व अ, पुः २१-२४

৬ বশক্তিপ্রচচোহক্ত বিষয়।—লিবক্তর ০০০ জঃ লিবক্তরবাভিক্স, পুঃ ৭১

৭ ববং বংকিংচন জড়াজড়াজুকবিববৈচিত্রাং, যতে ত্রিবরং স্ট্রাদি জাপ্রদানবস্থাদি বা তৎস্বং প্রমেবরস্ত শক্তিকার বব।—ত আ, প্র মা, প্র: ১২১

ण शक्तिशक्तिमारहार हेन्द्र रेनारन स्नांडू न वर्गाएर ।—ि न अ०

म निवा निकाहिएका न निक वालिएकिकी ।—ये अश्

<sup>&</sup>gt; निवः नकः।--नि मृ, गृः ३६

২২ (ক) শক্তেঃ শক্তক শক্তৰজ্বপৰ্মভূতভাং ৷—ই এ, এ ভা, পৃ: ২৭৪, পাছটীকা ১

<sup>(</sup>খ) পড়ার্ধমা: লক্তর: দ্রাঃ।—ত আ, প্র আ, পু: ১৯০

<sup>&</sup>lt;sup>>२</sup> शत्रामध्यमारत वि न ह कार्याधपृष्ठियर । मङ्गीनाः धर्मक्रमागामाञ्चरः काश्मि क्याउ ।-- छ चा ।। १४४

পূর্ণ স্বতম্ব বোধস্বদ্ধপ পরম শিবই সেই সেই উপাধিবশে সেই সেই শক্তিদ্ধপে খ্যাত হন। কান্তেই শক্তি ও শক্তিমানের মধ্যে বস্তুত: কোনো ভেদ নাই। ১ ভেদটা কল্লিত।

এ**ইজন্ত** ত্রিকসভাবলম্বীরা **মতন্ত্র শক্তিম্বর**প স্বীকার করেন না। ব্রুদের মতে বিশ্ব শক্তিরপ হলেও ব**ম্বতঃ** শিবাত্মক। প

শক্তির অক্ত ব্যাখ্যা—আলোচ্য দর্শনে শক্তির সংজ্ঞা অন্তভাবেও নির্দেশ করা হয়। তাব বা সংপদার্থের স্বন্ধপকেই প্রমাতার। শক্তিরপে কল্পনা করেন। কথাটা অন্তভাবেও বলা হায়—ফলভেদের জন্ম পদার্থের আত্মা বা স্বরূপে ভেদ আরোপিত হয়। এইভাবে আরোপিতভেদ পদার্থাআকে শক্তি বলা হয়। দাহাদিসমর্থ বহির স্বরূপই তার শক্তি বলে কল্লিত হয়। আবার দাহপাকাদি কলভেদের জন্ম তার দাহিক। পাচিক। প্রভৃতি শক্তির কল্পনা করা হয়। বস্তুতঃ বহি এবং তার শক্তির মধ্যে কোনো ভেদ নেই। তেমনি প্রমেশরের অনম্ভশক্তি কল্লিত হলেও প্রমেশ্বর আর তার শক্তির মধ্যে বস্তুতঃ কোনো ভেদ নেই। আবার শক্তিমান্ এক হওয়াতে বিভিন্ন শক্তিও বস্তুতঃ প্রস্পার অভিন্ন। এ বিষয় পূর্বেও লক্ষ্য করা গেছে। দেখা গেছে একই স্বাতন্থাশক্তি অনস্থশক্তিরূপে ক্রিত হচ্ছেন।

শক্তি ও স্টি-স্থিতি-প্রজয়—লক্য করা গেছে এই স্বাতয়াশক্তি অনম্বন্ধগদ্রপে প্রকাশিতা। প্রত্যতিজ্ঞাহদ্যে বলা হয়েছে এই স্বতয় চিতিশক্তি, বিশ্বের প্রকাশন ( স্কৃষ্টি ), অবস্থিতি এবং সংহারের হেতু। ব্যবন ইনি আপনাকে প্রসারিত করেন তথন হয় জগতের উরেষ ও স্থিতি আর যথন আপনাকে সংকৃষ্টিত করেন তথন হয় জগতের প্র। প্র

শুধু একটি জগং নয় ভগবতী চিতিশক্তি অনম্ভ জগতের কারণ। তিনি অনাদি অনম্ভ কাল ধরে অনম্ভলগজ্ঞণে অবভাগিত হচ্ছেন।

স্ক্রীর পর প্রলয়, প্রলয়ের পর স্ক্রী চক্রাকারে আবর্তিত হচ্ছে। এই আবর্তন জনাদি এবং অনস্ত। অর্থাং শক্তির উরোধণ ও নিমেধণ শাবত।

<sup>&</sup>gt; পর এব হি বডরো বোগভন্তপাধিবলাৎ ভন্তজন্তিরূপত্তা বাপাধিক্সতে ইতি ম বস্তুতঃ কলিং শক্তি-ভয়তোর্তের:।—ভ মা, প্র মা, পুং ১৯৪

২ নহি বতমং শক্তিবরূপহং ভবিতুমর্হতীতি ৷—ঈ এ, এ তা, পৃ: ২৭০, পার্মীকা ১

० वस्तु छत्रविद्वास्त्रक्षम् गर्वम्।—अ

s শক্তিক নাম ভাবত বং রুগং মাতৃক্লিড্যু I—ত আ, ১ie>

कनत्क्वानारतानिटरक्वः भनोवीचा निक्तः ।— ह वा, वा व्या, पृ: >> • वे, पृ: >>->>>

৭ চিতি: বতত্রা বিষসিকিবেড়া ।—এ জ, পু: >

चलाः हि धानत्रकाः कार केवियाँ वार्याकंट कृ विद्वाल कार्याः कि विविविध ।----वे

<sup>≥</sup> K. Sb., p. 46

#ক্তির গৌরব—লক্ষ্য করার বিষয় শিবাবৈতবাদীর। শক্তিকে অতি গৌরবের স্থান দিয়েছেন। এঁদের মতে শক্তিই শিবকে জানার উপায়। কর্পাটার ব্যাথা৷ করে বলা হয়েছে আলোকের ছারা প্রদীপের, কিরণ সমূহের ছারা স্থারে দিগ্বিভাগাদি যেমন জানা যায় তেমনি শক্তি ছারা শিবকে জানা যায়। ব

শক্তি ভূবনাদিরূপে অনন্ত। যে-কোনো শক্তিয়ার দিয়ে শিব মানসপ্রত্যক্ষ হতে পারেন। আচার্য জয়রথ বলেন নাদ, বিন্দু প্রভৃতিরূপ শক্তিজ্ঞানের ছারা শিবজ্ঞান হতে পারে।

ভোতমানা শক্তিতেই মহাপ্রকাশবপু নিদ্ধপ ( স্বরূপে অবস্থিত ) অচলমূর্তি শিব অধিষ্ঠিত। এই শক্তি পরা, ফল্লা, চিন্মাত্ররূপা, নিতাা, পরপ্রমাতা শিবের সঙ্গে একরপা। আবার ইনি হাবরজন্মান্ত্রকল্যন্ত্রপানী বলে চিত্রস্থভাব। অর্থাৎ বিভেদবৈচিত্রারূপা। (এ সব বিষয় অবশ্য পূর্বেও লক্ষা করা গেছে)। এই শক্তি অনিতা বস্তরও আছন্ত উপরতা হলেও মনিতাাদি দোধকাল্য এঁকে শর্প করে না।

ব্রিকমতাবলধীরা বলেন শিবকে পেতে হলে আগে শক্তিকে পাওয়া চাই। শক্তিমান্ উপেয়; শক্তি তাঁকে লাভ করার উপায়। উভয়ের মধ্যে উপায়-উপেয়হ-সংক্ষ বিভ্যান। ধর্মিবরূপ পর্ম শিবে শীঘ্র শান্ত অয়তান্ধিতির নাম ক্টতা। শক্তিই এই ক্টতার উপায়। অর্থাং শক্তিকে লাভ করলেই শক্তিমান্ শিবকেও লাভ কবা যায়।

আগু—শিব এবং শক্তি ছাড়: ত্রিকদর্শনের আরেকটি প্রধান আলোচা আগু বা জীব।
একে পশুও বলা হয়। এই দর্শন অঞ্চারে জীব এবং শিবে অরপতঃ কোনো তেদ নেই।
শিবই ভোক্তঃ (জীব) এবং প্রভু (শিব); ষাজা (শিব) এবং যাজক (জীব)। শিবই
পশুভাব গ্রহণ করেন। শাবিষ্ঠা-অবিষ্ঠা-প্রভৃতির ছারা বন্ধ জীবকে পশু বলে।

শিব ষথন স্থীয় স্থাতস্থাহেতু নিজেকে সঙ্গচিতরপে অবভাসিত করেন তথন তাঁকে অণ্ বলা হয়। সাসল কথা স্থান্থ শিব জীবরপে অবভাসিত হয়েছেন আপন থেয়ালখুশি অভ্যাবে, হয়েছেন নটের স্থাত লীলাক্তপে । ১০ আলোচা মত অভ্যাবে জড়ও শিব। শিবই স্থাপগোপনাথিকা মায়াশক্তি ছারা নিজেকে আবৃত করে জড়রপে অবস্থান করেন। ১১

मिक्टबर एक्कद्वानुगाडः ।—७ वा, श वा, गृः २२०

२ 'यमारजारकम बीलक किन्नोम क्षाप्रकाल था। काहरू विविक्राणीवि व्यवस्था निवः शिरह ।'--जः य

० वे, मृः ३२) ८ वे, मृः २२४-२०। ६ छ छा, ३१२०६

৬ স ভোকুপ্ৰভুলনাভাাং বাজাবই হয়েৰিতঃ ৷—ঐ ১৷১০২

ণ 'শিব এব গৃহীতপশুভাব:'।—স: ত আ প্র আ আ, পু: ২৪৪

विश्वाधिताविकः नानित्व। स्रोदः नतः ।—अ क, नुः ७०

<sup>🌯</sup> স এব পাডয়াাৎ আস্থানং সংকৃচিতন্ অবভাসরন্ অপুরিতি উচাতে।—ত সা, পৃঃ ৬

<sup>&</sup>gt; विवसीनवा जिल्ला अन् हेजुाहाबामः मानग्रस्त ।— ७ मा, वृश्विका, गृः >

<sup>&</sup>lt;sup>>)</sup> (माश्वमात्रामानुष्ठा विक्ता करूनवर गटः।—ङ वा ১।১०६

প্রদাসত: উল্লেখ করা যায় শিবই যে জীব এটি তম্নান্তেরও অভিমত। যেমন কৌলজ্ঞাননির্দিষ্ঠিয়ে জীব সহজে বলা হয়েছে—জীব স্বরূপত: পর, নিরূল, নিরাময়, নির্দ্ধন, পরমাণু,
ব্যাপক, নাথ, শিব। জীব হংস, শক্তিপুদ্গল, মন, প্রাণ, বৃদ্ধি, চিন্তু, সর্বজীবসংস্থিত বায়ু।
তিনি ষ্তদিন দেহে অবস্থান করেন ততদিন জীব, দেহত্যাগ করা মাত্র পর শিব।

সে যা হক। ত্রিকমতে জীবে শিবে স্বরূপত: ভেদ না থাকলেও বাবহারত: আছে। জীবাত্রা যদিও চৈত্রক্তরে স্বঁদ্য প্রকাশিত তথাপি পূর্ব চৈত্রক্তরে প্রকাশিত নয়।\* একমাত্র শিবই পূর্ব চৈত্রক্তরেপ প্রকাশিত।

শিবের মতো জীবও ঈশ্বর। কেমন করে গ তিকমতে থার জাই ও কতু থি আছে অর্থাৎ যিনি জ্ঞানক্রিয়াশক্তিযুক্ত তিনি ঈশ্বর। যার জীবন আছে দেই জীব। জীবন সংধ জীবন-কর্তৃত্ব। আর জীবনকর্তৃত্ব জ্ঞানক্রিয়ায়ক। অর্থাৎ যে জানে ও করে সে-ই জীবন ধারণ করে অর্থাৎ সে-ই জীব। কাজেই জীব জ্ঞানক্রিয়ায়ক্ক। অত্তরব জীব ঈশ্বর।

তবে জীবের জানক্রিয়া সংকৃতি । । যে-জীব যে পর্যন্ত জাত। ও কার্চা সে সেই প্রযন্ত জবা। । কিন্তু শিবের জানক্রিয়া অসংকৃতিত। তাই তিনি পূর্বজ্ঞার ও পূর্বক্রেয়া। তিনি পূর্ব ঈশব। মল্লান্যার জানক্রিয়াশক্তি সংকৃতিত সেই জীব বঙ্ধ, সম্ক্রপবিষ্কৃত। জীবের বন্ধনের হেতু জ্ঞান। অজ্ঞান অবঁই স্থাক্রপ্রতা। । এই অজ্ঞানকেই শৈবশাপে মল বলা হয়েছে। ।

ত্রিকমতে অজ্ঞান অপূর্ণ জান, জানের অভাব নয়।

অজ্ঞান বিবিধ—বৃদ্ধিগত এবা পৌকৰ। বৃদ্ধিগত অজ্ঞান মৰোৱ থিবিধ—অনিশ্চহৰভাব আর বিপরীতনিশ্চয়ায়ক। তাত্তিক স্করণের অপূর্ণজ্ঞানকে বলে অনিশ্চয় আর অনায়ায় আয়াতিমানকে বলে বিপরীতনিশ্চয়। ১০ পৌকৰ অজ্ঞান সংকৃতিভপ্রণায়ক বিকল্পস্করণ।

সং প্রং নিকলং নিতাং নিরামহনিরঞ্জন। প্রমাণুম্চানত নাথে। ব শিবো বাপেকং পরং।
সং জীবং পরতরো বস্তু সং হংসং শক্তিপুল্ললং। স মানা মংপরং জাগে স ব ছিল্ডিয়েম্ব চ ।
সমীরপূর্কো বায়ুঃ সর্বভাবেই সংস্থিতঃ। নের্ছারিইতে ব্যবভাবজ্ঞীবোণপি জীবতে।
স স্বেহত্তক্ষাত্রণ পরং শিবো নিগরতে।—কৌ জা নি ৯। ৪-৭

ব্লাপি চৈত্তক্রপেণ জীবাছা দল। প্রকাশতে
 তথাপি পূর্ণটেতভক্রপেণ ন প্রকাশতে।—দল্ল, প্র ১৯৪, টাক)।

० केटा, अरा, भृ: ८०-८८ । ७ ज्या, अया, भृ: २६०

বো বাবতি জ্ঞাতা কর্তা চ স ভাবতি উন্নয় য়াজেব :—ই য়, য়, য়, য়ৢ খৢৢৢৢৢ ৪৪

অজ্ঞানং বন্ধরপপ্রচ্যতিঃ।—ত সা, পৃঃ ॰, পাদটাকা

चळानः किल वकनरङ्क्रविष्ठः नारत्व प्रतः ७१५७३ ।--- ते, नृः ।

खपूर्यः कानः उत्तर वकानः न पूर्नः कानाशास्त्र ।—- ह बा, वा बा, पृः ६৮ । ह मा, पृः २-०

১০ তাष्ट्रिक्य ठावमाञ्चानयनिकाः। अनाक्षति आहास्त्रिमाता विश्री टिनिकाः।—ह मा, शृः ०, शावनिकाः ।

এই পৌরুষ অজ্ঞানই সংসারের মূল কারণ। > পৌরুষ অজ্ঞানকেই বলা হয় আণব মল। \*
তাই তম্বালোকে আণব মলকেও সংসারের মূল কারণ বলা হয়েছে। \*

আগব মল— ত্রিকমতেও মল ত্রিবিধ—আগব, কার্ম এবং মারীয়। "মল শিবনিষ্ঠ অর্থাৎ শিবছারাই প্রকাশিত।" পরমেশর শিব স্বীয় স্বাতয়াশক্তি ছারা স্বীয় পূর্বজ্ঞত্ব-কর্ত্রাদি তিরোহিত করে অখ্যাতি-মান্ত্রক ( স্বরূপ-অখ্যাতি ) আগব মলের উদ্বর ঘটান এবং তার ছার। নিজের শিবছস্বরূপ আরত করেন।" এই অবস্থায় শিব জীবভাব প্রাপ্ত হন। এখানে উল্লেখ করা যায় ত্রিকমতে মল মৃক্ত জীবকে আরত করতে পারে না আর অনাদি-ভদ্ববাধস্বরূপ শিবকে ত পারেই না। "

আগব মলকে 'অপূর্ণমক্তা' বল। হয়েছে।' শিবের অপ্রতিহতস্বাতস্থারূপ। ইচ্ছাশ্রিক জীবে সংক্ষিতি হলে অপূর্ণমক্তারূপ আগব মলের উদ্ভব হয়।

আণব মলে স্বস্থাপর হানি হয় বলে আণব মলও ছিবিধ—বোধের স্বাভদ্বানি এবং হাতদ্বের অবেধিতা। প্রথম প্রকারের আণবমলযুক্ত জীবের স্বাভদ্বা থাকে না কিন্তু বোধ থাকে আর ছিতীয় প্রকারের আণবমলযুক্ত জীবের স্বাভদ্বা থাকে কিন্তু বোধ থাকে নাঃ ১০

কাম মল —শিবের অসাকৃচিত। ক্রিয়াশজি জীবে সাকৃচিত। হলে শিবের সর্বকৃত্ত জীবে কিলিংকর্ছ প্রাপ্ত হয় এবং তথন শক্তি এই কর্মেক্সিয়ক্সপুসাকোচ্গ্রহ্বপূর্বক অত্যন্ত প্রিমিতত। প্রাপ্ত হওয়ায় ভাভাভত অভুষ্ঠানময় কাম মলের উদ্ভব হয়। ১১

মায়ীয় মল -শিবের অসাকৃতি হা জানশজি জীবে সাকৃতিত হওয়ায় শিবের সর্বজ্ঞর জীবে কিঞ্জিয়ের প্রাপ্ত হয়। এই শক্তি তথন অস্থাকরণবৃদ্ধীশ্রিয়রপ্রাপ্তিপূর্বক অত্যক্ত সংকৃতিত

১ পৌঞ্জা তু বিকল্পভাবা সংকৃষ্ঠিত প্ৰশাল্পকা তাৰৰ ৪ মূলকাৰণা সাদাৱলা !--ত সা, পৃঃ ও

<sup>›</sup> ভাষা, প্ৰাষা, পুঃ **৪**৪

० সংসারকারণারনোভ্যাণবং মলম্।—ত का. न का. पु: ১৬৬

৪ লিব এব---ভক্তিবাদো মনো ভবেং ৷—ঐ ৯।৭০ ( পৃ: ৬১ )

हक्षा, अक्षा, शृ: १३
 भ के ते, नक्षा, शृ: ५२
 भ के ते, नक्षा, शृ: ५२

৮ তথা চ অপ্রতিহতবাতমারণা ইন্ফালজিং সংকৃচিতা সতী অপূর্ণমক্তারপুষ্ আণবং মলম্ !— গ্রাহ্ন ১

याञ्जाहानित्वाधमा बाङ्कामा। भारताव्छ। विधानवर मन्त्रिमः व्यक्तभानहानिङः।—मै श्र अः।

<sup>3.</sup> H. Ph. E. W., p. 427, n. 29

<sup>&</sup>gt;> জিলাশক্তি জ্বেশ ভেষে সাইক জ্বেস্য কিঞ্ছিৎক জ্বাবেঃ কর্মেজিচরগাসকোচগ্রহণপূর্বন্ অত্যন্তং পরিমিততাং প্রাব্যা শুভাশুভান্মর: কার্মা মলন্।—প্রায়, পৃ: ২১-২২

হন এবং এইভাবে ভিন্নবেছপ্রথারূপ মায়ীয় মলের উদ্ভব হয়। মায়ীয় মল শরীর-ভুবনাকার।

এখানে উল্লেখ করা প্রয়োজন শিবের ইচ্ছাদিশক্তি বস্ততঃ সংকৃচিতা হন না, তাঁকে সংকৃচিতার মতো দেখায়।\*

জিবিধ মলের পারস্পার সম্বন্ধ — আণব মল কার্য মলের কারণ আর কর্ম মল মায়ীয় মলের কারণ বলে এই দর্শনে ব্যাখ্যাত হয়েছে। ত্ব অর্থাৎ ত্রিকমতে মায়ীয় মলের অন্তিম্ব কার্ম মলের উপর এবং কার্ম মলের অন্তিম্ব আণব মলের উপর নিতরশীল। ত্ব

শোক বে পর্যন্ত মল থাকে সেই পর্যন্ত জীব বন্ধ। ষথন আত্মসংবিদের উদ্য় হয় 
অর্থাৎ জীব নিজেকে শিব বলে জানেন তথন সমস্ত মল বিধ্বস্ত হয়ে যায়। জীবের এই 
অবস্থাকেই বলে মোক্ষ। শুক্ত ব্যক্তি সর্বভেদবর্জিত।

ত্তিকদর্শন অনুসারে মোক্ষ আয়ুস্কপের যথাত্ত জ্ঞান, অন্ত কিছু নয়। আয়ার স্বরূপ সংবিং বা চৈতন্ত । এই জন্ত বলা হয়েছে আয়ুসংবিদের উদয়ে মোক্ষ লাভ হয়।

জ্ঞান—ত্রিকমতে সজ্ঞান যেমন দ্বিবিধ জ্ঞানও তেমনি দ্বিবিধ—বৃদ্ধিগত বা বৌদ্ধ এবং পৌরুষ বা পৌংস।

পৌরন্ধ জ্ঞান জীবের পশুসংস্থার বা আণবাদি মল ক্ষয়প্রাপু হলে তিনি পরস্থিতি প্রাপ্ত হন অর্থাং পরম শিবের দক্ষে একায় হয়ে যান। তথন তিনি পরহন্তাবিমর্শায়্মক নির্বিকল্পক (ক্ষত্রিম অহংকারাদিবিকল্পন্ত) যে-জ্ঞান লাভ করেন তাকেই বলে পৌরুষ জ্ঞান।

দীকা, সন্ধ্যা, উপাসনা এই সবের দারা পৌকষ অজ্ঞান নই হলেও দেহান্ত না হলে পৌকষ জ্ঞান ক্ষ্মিত হয় না । ১০ পৌকষ অজ্ঞান বিনষ্ট হলে পৌক্ষজ্ঞান শুধু প্রকাশোন্থ হয় । ১১ এইজন্ত ত্রিক্মতাবলম্বীরা বলেন দেহপাত হলে শিবের সঙ্গে একাক্মতা হয় । ১১

- ১ জ্ঞানশক্তি: ক্রমেণ সংকোচাং ভেদে সর্বজন্ত কিঞ্চিজ্জত্বাপ্তে: অন্তঃকরণৰ দীক্রির তাপত্তি-পূর্বন্
  অতান্তঃ সংকোচগ্রহণেন ভিন্নবেভপ্রথারপং মায়ীয়ং মলন্।—প্র, পুঃ ২১
- ২ শরীরভূবনাকারং মায়ীয়ং পরিকীতিতম্।—দ্রং ত আ, ন আ, পৃঃ ৭ঃ
- ৩ সংকোচৰতো ভান্তি।—প্ৰ হাঃ পৃঃ ২০ ৪ ত জা, ন আ, পৃঃ ৭৫ ৫ Abhi., 2nd Ed., p. 308
- श्वश्वात्मय मनाञ्चमःविक्रमत्य स्मिक्क ।— छ मा, शृः
- १ मूक्ख मर्वावत्क्षपविक्रिः।—उ चा, ध चा, पृः १२
- ৮ মোকো হি নাম নৈবাক্ত: বরুপপ্রধনং হি স:। বরুপং চান্ধন: সংবিশ্বাক্তক্তক্ত তু বাঃ পুন: ।—ত আ ১।১৫৬
- 🍃 ক্ষীণে তু পশুসংস্থারে পুংস: প্রাপ্তপরস্থিতে:। বিকশ্বরং তদিজ্ঞানং পৌরুষং নির্বিকরকন্।—ত আ ১।৪১
- ১০ তত্ৰ দীক্ষাদিনা পোলেমজানং ধাংসি বছপি। তথাপি তচ্ছরীরাত্তে তজ্ঞানং ব্যঞ্জতে ক্ টুন্।—ঐ ১/৪৩
- মাৰ্বীদহং ৰ ক্ষবরূপিনী। মতঃ প্রকৃতিপুরুষাক্ষকং লগভ ভং চাপুভং চ
  অহমানশানানলা বিজ্ঞানাবিজ্ঞানে অহম্।—হেব্যপনিবং, হয় ১
- বতো বা ইমানি ভূতানি লায়য়ে। বেন লাডানি লীবছি। বং এবছাভিসংবিদ্যতি।
   তহিজিজাসব। তদ্বুকোতি।—তৈ উপ ৩।>
- অন্ত লগত: -- লকছিতিভলং বতঃ সর্বজ্ঞাৎ সর্বলক্তেঃ
   কারণান্তবৃতি তদ্ব ক্ষ ।—- র সু ( ১।১।২ ), ভার ।
- ছরৈতছার্বতে বিশং ছরৈতৎহক্তাতে ব্রশ্বং ।
   ছরৈতৎপাল্যতে দেবি দ্বনংক্তরে চ সর্বদা ।—রু স ১।৫৬

দেবীভাগৰতেও বলা হরেছে—শক্তি খেচ্ছার এই চরাচর অধিল জগতের স্ঠেট, পালন এবং সংহার করেন।

দেখা যাছে তৈত্তিরীয় উপনিষদাদিতে যে-ক্রন্ধলকণ নির্দিষ্ট হয়েছে শাক্তশাল্পে শক্তিরও সেই লক্ষ্প নির্দিষ্ট হয়েছে। কাজেই শক্তি ক্রন্ধবন্ধপিনী।

শক্তিশব্দের বৃং পিন্তিগত অর্থ — শক্ধাতুর উত্তর ক্তিন্প্রত্যয় বোগে শক্তিশব্দ নিশার হয়। শক্ধাতুর অর্থ হওয়া বা করার সামর্থ্য। কালেই শক্ধাতু জ্ঞানসামর্থ্যবাচী অতএব জ্ঞানবাচীও বটে। কথ্যা বা করার মূলে আছে ইচ্ছা। সেইজ্ঞা শক্তি ইচ্ছা-জ্ঞানক্রিয়ার্মপিন।

"সংশ্বত ভাষার ব্যুৎপাদন অনুসারে শক্তি শন্মের অর্থ বছল ভাবগর্ভ। বন্ধারা কোন কার্য সম্পন্ন হয়, অথবা যাহা কার্যরূপে পরিণত হইবার যোগ্য, যাহা কোন প্রকার পরিবর্তনের সাধক, যাহা যোগ্যতাবিশিষ্ট ধর্মী, বা যাহা কোন জব্যের ধর্ম, অথবা যাহা কারণের আয়ুক্ত ভাহাই শক্তি।"

আন্তাশব্দি—কাজেই দেখা যাচ্ছে শক্তি বিভিন্ন। কিন্তু সবই এক আন্তাশক্তির বিভিন্ন রূপ। এই আন্তাশক্তিই মহাশক্তি। ইনি পরবন্ধবন্ধণিনী।

মহাকালদংহিতায় মহাশক্তিকে স্পষ্টই বলা হয়েছে—দেবি! তুমি অচিস্তা, অমিতাকারা অর্থাৎ তোমার পরিমাপ করা যায় না, তুমি শক্তিম্বরূপিনী, প্রত্যেক ব্যক্ত বস্তুর তুমি অধিষ্ঠান-দক্তা অর্থাৎ প্রত্যেক ব্যক্ত বস্তু তোমাতেই অধিষ্ঠিত। তুমি গুণাতীতা, ক্বাতীতা, অবিতীয়া, পরবন্ধস্বন্ধুপিনী।

শক্তিসঙ্গমতয়েও বলা হয়েছে— সর্বাভা শক্তি আনন্দঘনরূপে অমূভূত হন। তিনি চিদানন্দলকণ কেবল পরবন্ধই বটেন।

- শক্তি: করোতি ব জাওং সা বৈ পালরতেহবিলন্।
   ইচ্ছরা সংব্রতোবা লগদেতচরাচরন্।—বেবীভাগবতবচন, লঃ কৌর, পৃঃ ১৯১
- २ मक्त, मास्को ।-- निवासको म्हो, त्वकारियत त्यम, ३००० मकाव, भृ: ०००
- শক বিভাবিতো মর্বণে।—মাববীয়া ধাতুবৃত্তি, দিবাদি, ৭৯; বিভাস শিক্তে-'শিক্ষের্শিক্তানায়ায়্' ইতি তঙ়্।
   বিভাবিবয়ে জানে শক্তো ভবিতুমিছতীতার্থঃ।—জঃ মাধবীয়া ধাতুবৃত্তি, ( শক্ক্ শক্তো ) খাদি, ১৫
- 8 विषय्काव, विश्मकांश, शुः ३२७
- অচিন্তামিতাকারণজ্বিরপা প্রতিব্যক্তাধিষ্ঠানসবৈকষ্তিঃ।
   ত্ণাতীতনির্ববোধৈকগম্যা ব্যক্তা পরবু ক্ষরণেশ সিদ্ধা।—ত্তঃ ক'পুরাবিন্তাত্ত্ব,
   (T. T., Vol. IX), পৃঃ ১৫ পার্ক্তাকা
- সর্বাচা তু ভবেদ্ধজিয়ানশ্বনগোচরা।

  বুজয়পচিদানশা পরবুজৈব কেবলন্ ।—ল স ত, কা ব, ১)৯৯

আচার্য ভাষ্কররায় সোভাগ্যভাষ্করে বলেছেন এই পরব্রহ্মরপিণী মহাশক্তি পরশিব থেকে অভিনা, লোকাতীতা। ঘনীভূত ঘতের মডো রক্তমসম্পর্কশৃষ্ঠ-শুদ্ধসম্বঘনীভূত তাঁর শরীর।

এই আছাশক্তিকে শ্রীকৃলের উপাসকেরা বলেন ত্রিপুরা বা ত্রিপুরস্কারী বা শ্রীবিছা। বামকেশ্বর তত্ত্বে আছে—ত্রিপুরা পরমা শক্তি। তিনি জ্ঞান-জ্ঞাত্-জ্ঞেয়-রূপ জগতের আছা। তিনি স্থুল ও স্ক্র ত্রৈলোক্যের উৎপত্তিকারিণী মাতৃকা।

কালীকুলের উপাসকদের মতে পরব্রহ্মস্বরূপিণী আছাশক্তি কালী। নির্বাণতক্ষে বলা হয়েছে—আছা শক্তি মহাকালী দেবতাদের স্ষ্টিকারিণী।\*

শক্তিসঙ্গমতত্ত্বে আছে আছা নি গুণা কালী। তিনি বাক্যের অতীতা, পরাংপরা।

ক'প্রাদিন্তোত্রে কালীকে বলা হয়েছে হরি, হর, বিরিঞ্চি প্রভৃতি দেবতাদের আরাধা।
আলা। কালী ভ্রমন্ত্রণাত্মক-ঘনীভূততেলোময়ী।

নিশুণা ও সঞ্জা—ব্রন্ধ বেমন সন্তন এবং নিশ্তিণ, শক্তিও তেমনি সন্তণা এবং নিশ্তিণা। নিক্তরতক্ষে বলা হয়েছে—শিবশক্তি ছিবিধা—নিশ্তিণা এবং সন্তণা। নিশ্তিণা জ্যোতিময়ী পরব্রহাসনাতনী।

দেবীভাগবতে আছে—শক্তি সর্বগতা, তাঁকেই ব্রদ্ধ বলা হয়। মনীবীরা সপ্তণা নির্ত্তিণা ছিবিধা শক্তির কথা বলেন। সপ্তণা শক্তি সংসারে অন্তর্গক্ত সাধকদের পূজ্যা এবং নির্ত্তিণা শক্তি সংসারবিরাগী সাধকদের পূজ্যা। ধর্ম-অর্থ-কাম-মোক্ষ প্রদানের ব্যাপারে সেই নিরাকুলা শক্তিই কর্ত্রী। এই চতুর্বর্গের মধ্যে যে যা কামনা করে, যথাবিধি তাঁর আর্চনা করেলে, তিনি তাকে তাই দেন।

- ১ ল স, পৃ: ৪
- ২ ত্রিপুরা পরমা শক্তিরাদ্যা জ্ঞানাদিতঃ প্রিছে।
  দুলস্ক্রবিভেদেন ত্রৈলোক্যোৎপত্তিমাতৃকা।—বা নি ৪।৪
- ৩ আদ্বাৰ্শক্তি মহাকালী দেবনিৰ্মাণকাহিণী।—নি ত, ১০ম পটল।
- s जांचा वैनि छेगा कानी राजा होता भन्नारभन्ना ।--- न छ, का च, ३।३०६
- সমারাধ্যামান্তাং হরিহরবিরিকালিবিব থৈ: ৷—ক'পুরালিভোত্তার্থ, লোক ১০
- স্তঃ ক পুরাদিত্যোত্তের প্রথম ক্লোকের বিনলানন বাসীকৃত বরুপবা।খা।
- निवनक्विषा विव ! निक्ना प्रकारि । निक्ना क्वारियाः वृष्यः भवावृष्य प्रवास्त्रमा ।—विव क, भा २
- এবং সর্বগতা শক্তিং সা বুদ্দেতি বিবিচাতে। সঞ্জা নি প্রণা চেভি ভিবিজ্ঞাক স্বীবিভিঃ।
  সঞ্জা রাগিভিং প্রজা নি প্রণা তু বিরাগিভিঃ। ধ নার্থকারবোকাণাং আমিরী সা নিরামুলা।
  বলাতি বাছিতানর্থানটিতা বিবিপূর্বকন্।—ত্রিপুরামহোপনিবলের সপ্রেম মন্ত্রের
  ভাষররারকৃত টীকার উভ্ত দেবীভাগবহবচন। ত্রাং দে ছা ১৮৪৪--৪>

দেবীভাগবতে নি গুণা শক্তিকে সংসারবিরাগী সাধকদের পূজা বলা হয়েছে। কিছ সাধারণতঃ শাস্ত্রের অভিমত নি গুণের পূজা-উপাসনা হয় না। তা হলে এই শাস্ত্রবচনের অর্থ কি ? এখানে পূজা অর্থ জ্ঞেরা, ভাবনীয়া। দেবীভাগবতেই আছে নি গুণা শক্তি হুরধিগ্যা, তেমনি হুরধিগ্যা নি গুণ শিব। এই শিবশক্তি শুধু জ্ঞানগ্যা এবং ভাবনীয়।

আলোচ্য গ্রন্থ অনুসারে শক্তির নি গুণরূপ মায়ামুক্ত এবং সগুণরূপ মায়াযুক্ত।"

মারা শক্তি—এই মারাও শক্তি। আছা শক্তির তুই ভাগ। এক ভাগ সচিদানন্দ, অপর ভাগ মারাপ্রকৃতি। মারা শক্তি আর দেবী মহামারা শক্তিমতী ঈশরী। চক্রিকা বেমন চক্রের থেকে ভিন্ন নয় তেমনি মারাও দেবী থেকে ভিন্ন নয়।

আতাশক্তির এই "শুদ্ধ সচ্চিদানন্দ অংশকেই সর্বশাস্ত্র আত্ম। বলিয়া নির্দেশ করিয়াছেন।" কারণ সচ্চিদানন্দ অন্ধলক্ষণ। আত্মা বন্ধ।

ব্ৰহ্ম ব্ৰীকুপুৰাদি-লিক্সবিজ্ঞিত—ব্ৰহ্মকে বলা হয়েছে 'অকায়ম্' অৰ্থাং অশরীরী।
যিনি অশরীরী তাঁকে স্ত্রীপুক্ষাদি কিছুই বলা যায় না। জীবভূত ব্ৰহ্ম সমস্কে উপনিষদ্
বলছেন—ইনি স্ত্রী নন, পুক্ষ নন, নপুংসকও নন। জীবভূত ব্রহ্ম আর পরব্রহ্মে স্বন্ধপতঃ
কোনো ভেদ নেই। কাজেই ব্রহ্ম স্ত্রী, পুক্ষ, নপুংসক কিছুই নন।

সেইজন্ত শক্তি সম্বন্ধেও বলা হয়েছে—ইনি শ্বরপতঃ স্থীও নন, পুক্ষও নন ক্লীবও

বেন্দকে জীরূপিনী করন। করা হয় কেন ?— শক্তি তা হলে জীলিক শব্দের বারা নির্দিষ্টা হন কেন ? তাঁকে জী করন। করা হয় কেন ? উত্তরে তপ্তশাস্ত্রে বলা হয়েছে "তথাপি করবরীবং জীশব্দেন যুল্লাতে"। ১০ অর্থাৎ বদিও তিনি জী পুরুষ নপ্তানক কোন রূপেই বন্ধ নন "তথাপি করগতা যেমন স্বীদ্ববাচক নামেই ব্যবহৃত, তিনিও তদ্রপ স্বী (শক্তি) শব্দেই কীর্তিভা। অর্থাৎ করগতার নিকটে ল্ডার ফল, রুক্ষের ফল

১ जः को त्र, शुः ३०२-३००

२ निक्ष्मा हुर्गमा मक्तिनिक्षणक छवा भूमान्। स्नानगरमा मुनीनां कावनीर्द्या छवा भूनः।—ए छ अ१।>०

निर्कार मात्रवा होनः मक्तर मानवा यूक्य ।—त्व का >२।৮।१६

ভাগবরবতী বস্থাৎ করামি সকলং লগং । তত্তৈকভাগং সভ্যোক্তং সচিদান্দদনামক: ।
নারা প্রকৃতিসংক্তক্ত বিতীরো ভাগ ঈরিতঃ । সা চ বারা পরাশক্তিং শক্তিবত্তাহবীবরী ।
চল্লক্ত চল্লিকেবেরং মর্বাভিয়ক্ষরাগতা ।—কে ভা, ১২।৮।০৫ -৬৬ । ৫ ত ভ, পৃঃ ৩১৯

व्यवसावा मुखा ।—युव् छेन २।०।>>, न वा व्यवसावा मुखा ।—वृव् छेन ०।०।० १ में छैन, ४

देनव जी न श्रवाद्यर म देववां समुद्रमकः।—दं छेन ४।>•

<sup>»</sup> त्वतः त्वांवित ह भूषान् न वरका न बक्तः कृष्टा ।---नवत्रत्ववत-वहन, कः ७ छ, भूः ७०६

<sup>&</sup>gt; अध्य ह ह, भू: ०६६

বে বাহা প্রার্থনা করে সে তাহাই প্রাপ্ত হয়, তাহাতে লতা বা বৃক্ষের শক্তি অতিক্রম করিয়া দৈব শক্তিই প্রকাশ পায়। তথাপি কর্মনতা যেমন লতারূপিণী তত্রপ নিধিলম্র্ডিস্বরূপ। এবং নিধিল মৃ্তির অতীতা হইলেও তিনি স্বীরূপধারিণী।"

শাক্তরা ব্রহ্মকে স্বীরূপিণী ভাবেন তার কারণ তাঁরা মনে করেন স্থগতে ব্রহ্মের মাতৃরূপই পূর্ণপ্রকাশিত। তা ছাড়া, তাঁদের মতে স্বীবাচক শব্দ কল্পনতার মত দর্বফলপ্রদ। এইজন্ম তাঁরা স্বীবাচক শব্দ ব্রহ্মের খ্যাপন করেন ও স্বীমৃতিতে তাঁর উপাসনা করেন।

পরশক্তি ষেমন স্থী, পুরুষ, নপুংসক কোনো লিছবাচ্যা নন তেমনি স্থী, পুরুষ, নপুংসক ষে-কোনো লিছবাচ্যা। রাঘবভট্ট লিখেছেন যদিও পরশক্তি লিছত্রয়বাচ্যা তথাপি অচলভক্তিভারে পরিপ্রান্ত ভক্তদের সমস্ত আকাজ্ঞা কল্পভার মত শীদ্র পূর্ণ করেন বলে তিনি 'পরশক্তি' এই স্থীলিক শক্বাচ্যা।

লক্ষণীয় ব্ৰহ্মবাচক শিব শব্দ পুংলিঙ্গ, শক্তিশব্দ স্থীলিঙ্গ এবং ব্ৰহ্মশব্দ ক্লীবলিঙ্গ । কাজেই উক্ত তিন শব্দের বাচ্য পদার্থ অভিন্ন।

গন্ধবিতরে শাই ভাষায় ঘোষণা করা হয়েছে—শক্তি, মহেশ্বর এবং ব্রন্ধ এই তিন শব্দই তুলার্থবিচক। স্ত্রী, পুরুষ এবং নপুংসক এই বে ভেদ এ শুধু শব্দগত, পরমার্থতঃ এই তিনের বাচ্য পদার্থে কোনো ভেদ নেই।

এইজন্ত পরব্রদ্ধরূপিণী শক্তি সম্বন্ধ তহুশাস্থের বিধান—দেবীকে স্থীরূপে বা পুরুষরূপে চিস্তা করবে অথবা তাঁর সচিদানন্দলকণ নিম্বল রূপের ধ্যান করবে।

**অরপা রূপধারিণী**—এক অরপ। একময়ী শক্তিও অরপা। তবে তার স্বাবার স্বীরূপ প্রস্থাদি কেমন করে হবে ?

উত্তরে বলা হয় পরবন্ধ মহাশক্তি সরপেতঃ অরূপাই বটেন। তবে শীয় মান্নাশক্তিকে অবলম্বন করে বছরূপে প্রতিভাত হন। কাজেই তিনি বেমন অরূপা তেমনি অনম্বরূপিনী। অরূপা সাধকের হিতের জন্তই রূপ ধারণ করেন। প

- ১ ए छ, शू: ०६४ २ T. T. Vol. IX. p. 13 0 (की ब, शू: २०)
- বহাপি নিক্তরবাচ্যা তথাপি তৃপনেবাচনতক্তিভারপরিআন্তভক্তনসমতা কাজ্পাকলক্ষ্মী পরশক্তিশক্ষাচ্যা।—শা তি ১।৫২ ক্লোকের দীকা।
- শক্তি নহেবরো বুক্তরয়ন্তল্যবিশ্চকাঃ।
   শ্রীপুনেপুনকো ভেদং লব দতো ন পরার্বতঃ।—স ত ৩৪। ৩৪-৩৪
- পুরেশাং বা অরেদেবীং গ্রীরুণাং বা বিচিত্তরেং।
   অববা নিকলং গারেং সভিদানবলকান্।—ভ্লাবিতরক্তন, জিপুরামন্থাপনিক্রের সর মন্ত্রের ভাকররার-কৃত ট্রিয়ার উদ্বৃত।

47

- ৭ সাৰারাপি নিরাকারা মাররা বছরূপিন। -- মহা ত ১।০১
- शांवकानाः विठावीत्र व्यक्तभा सभवातिन्तेः —नवज्ञत्वनत्रवहन, क्षः ७ छ, कृः ०६६

লীলামূর্তি—থার। তাগবতা লীলার বিধালী তারা মনে করেন ব্রন্ধমরীর বিভিন্ন ক্রণ-ধারণ তার লীলা। মহাভাগবতে আছে সেই অক্রণা মহাদেবী লীলাচ্ছলে দেহধারণ অর্থাৎ ক্রপারিগ্রহ করেন।

তন্নতবের মতে লীলা তারই নাম বা বন্ধপতঃ সত্য না হলেও আছ্ম-আনন্দের উল্লাসে সত্যের ক্ষায় অভিনীত হয়। অভিনেতা পুরুষ অভিনেতা হয়েও বন্ধপতঃ তাতে সম্বহীন, ভগবান্ বা ভগবতীও তদ্ধপ নানা আকারে লীলাম্তি পরিগ্রহ করলেও তাতে সম্বহীন। নি ওব ক্লীবভাবে লীলাম্তি অসম্ভব। তাই বৈতপ্রপঞ্চের ফ্লীইছিতিসংহারের এবং লীলামাধুর্য সম্বন্ধনে সাধকের সাধনা-প্রপের জন্ত সপ্তপদ্ধপে তাঁর স্বীপ্কব্মৃতি পরিগ্রহ।

সব বস্তু শক্তি মরূপ—শাক্ত মতে সব বস্তুই শক্তি বরূপ। কোনো বস্তুর তদ্বস্তুত্ব তার ধর্ম। এই ধর্মই তার শক্তি, তার বরূপ। বেমন একটি ঘটের কথা ধরা যাক। ঘটের বে-গুল বা ধর্ম থাকলে তাকে আমরা ঘট বলে চিনতে পারি, যা না থাকলে আর তাকে ঘট বলা যেতে পারে না, তার নাম ঘটন্ব, এই ঘটন্বরূপ ধর্মই ঘটের শক্তি। এমনি বিকৃষ্ট বিকৃর শক্তি, এই বিকৃত্ব বা বিকৃত্ব শক্তি না থাকলে আর তাকে বিকৃত্ব বা যেতে পারে না। ব্রহ্মের শক্তি সম্বন্ধেও এই কথা।

ব্রদ্ধের ব্রহ্ম তার স্বভাবধর্ম, ডাই তার শক্তি। কাজেই শক্তিই ব্রহ্মের স্বরূপ। প্রসক্ষ ক্রমে বসা বায় ব্রহ্মের ধর্ম বিবিধ—স্বভাব ধর্ম আর উপাধিক ধর্ম। স্বভাব ধর্ম ব্রহ্মের শক্তি আর উপাধিক ধর্ম তার গুল।

শাক্তরা বলেন সূর্য স্বরূপতঃ তেজাপদার্থ হলেও গোককে ব্রাবার জন্ত বেমন 'সূর্য তেজস্বী এবং সূর্যের তেজ' বলা হয়, তেমনি আত্মপদার্থ (ব্রন্ধ) স্বয়ং শক্তিরূপ হলেও লোকের যাতে বুকতে স্থবিধা হয় সেইজন্ত শাস্ত্র 'আস্থা শক্তিমান্ এবং আস্থার শক্তি' বলে ব্রিয়েছেন এই মাত্র।

শাস্ত্রে আত্মার বা ব্রন্ধের শক্তির বহুল উরেখ আছে। শাক্তদের মতে এ-সব আত্মার স্বরূপকথন মাত্র।\*

সব ক্ষেবতা শক্তির ক্লপ্—শাক্তরা মনে করেন সব দেবতা শক্তিরই রূপ'। বন্ধা, বিষ্ণু, মহেশ্বর প্রভৃতি তারই পুংক্লণ। বামকেশ্বরতত্ত্বে বলা হয়েছে ত্রিপুরাদেবী বন্ধাবিষ্ণু-

अञ्चला मा महादिवी गीलका दिश्याक्रिके ।—महाचालवे २।००, क्रा ७ ७, गृः २००

२ जे गुरू ७६० 🌼 त्को इ, गुरू २००, नावकीका

मिक्किनवर्षी माहिका, क न क्यू गृर ७२० व क क, गृर ७४० व व गृर ३०००००३

মছেশরক্সপিণী। ও ব্রহ্মা, বিষ্ণু, মছেশর উপলক্ষণ। মোটকথা স্ত্রীদেবতাই ছোন আর পুরুষ-দেবতাই ছোন, সবাই শক্তিরই ক্সপ।

কথাটাকে অক্তভাবে বলা বায় "নাম ও গুণের সহিত পরব্রন্ধের যে রূপ করিত হয়, ভাহার নামই শক্তি।"\*

তাই, শাক্তমতচন্দ্রিকায় বল। হয়েছে—ব্রহ্মা শক্তি, শিব শক্তি, বিষ্ণু শক্তি, বাসব শক্তি, জন্ম বে বহু দেবতা আছেন তাঁদের স্বার মৃগ শক্তি। শক্তি বিনা এঁদের 'আত্ম-জন্তিত্ব'-রক্ষারও সামর্থ্য নাই। কাজেই, মহামতি, শক্তিকেই তাঁদের সকলের চেয়ে প্রধান বলে জানবে।

শিবাগমে বলা হয়েছে—শক্তি শিব, শিব শক্তি, শক্তি ত্রদ্ধা, শক্তি স্থনার্দন, শক্তি ইস্ক, শক্তি রবি, শক্তি চন্দ্র, গ্রহেরা শক্তি—এ স্থনিশ্চিত। সমগ্র জগংই শক্তিরূপ এ তব্ধ যে না জানে সে নারকী।

শাক্ত শান্তের অভিমত — কীট থেকে ব্রহ্মাণ্ড পর্যস্ত সমস্ত জগৎ শক্তিময়। কাজেই শক্তির পূজার ঘারাই ব্রহ্মাণ্ড পূজিত হয়।

জগৎ শক্তিষয়—জগং শক্তিময় এ কথার অর্থ জগতে বা কিছু আছে সবই শক্তির রূপ।
বিষয়টি দেবীভাগবতে ব্যাখ্যা করে বলা হয়েছে। হিমালয়কে দেবী বগছেন—এই সমস্ত
জগং আমাতেই ওতপ্রোত রয়েছে। আমি ঈশ্বর, আমি স্ব্রান্থা বা হিরণাগত। আমি
বিরাট্। আমি ব্রহ্মা, বিষ্ণু, কন্ত, গৌরী, ব্রাহ্মী, বৈশ্ববী। আমি স্বর্ধ, তারা, চন্ত্র। আমি
পশুপক্ষিস্বরূপ। আমি চণ্ডাল। তহুর আমি। ক্রুবক্র্মা ব্যাধ, সংক্রমা মহাজন আমি।
আমিই স্ত্রী, পুরুষ এবং নপৃংসক্রপা সন্দেহ নাই। বা কিছু বন্ধ দেখা বায় বা শোনা বায়
সে-সবের অন্তরে এবং বাইরে সর্বদা আমিই ব্যাপ্ত হয়ে রয়েছি। চরাচর এমন কোনো বন্ধ
নেই বার মধ্যে আমি নেই।

- जिल्ला जिविश (विवि कुकविक) मक्तिली ।—वा नि, शू: >०० २ ७ छ, शू: ०६० ७ छो ब, शू: >>०
- শক্তিৰ ক্লাশিক শক্তিং শক্তিকিক্ত বাসক:। অন্ত চ বছৰো দেবাং শক্তিক্লাং প্ৰকীতিতাং।
   শক্তিং বিলা বতো ফেবাসসামৰ্থ্যং প্ৰকীতিতম্। অতন্তেত্যং প্ৰধানং হি শক্তিং বিভি মহানতে।
   —শক্তিমতালিকাৰ্চন, ক্লাভ ড, পুঃ ৩৭০
- শক্তি: নিব: নিব: নক্তি: নক্তি বিদ্ধা কনাৰ্থন: । নক্তিকিব্ৰো কৰি: লক্তি: কাজিকেবা গ্ৰহা প্ৰদৰ্।
  নক্তিক্ৰণ: কাং সৰ্ব: বো ন কানাতি স নাবকী।—ক্ষঃ বুহ ভ সা, ১০২ সং, পৃঃ ৩১৯
- মরি সর্বনিবং গ্রোত্যোতক ধরনীবর। ঈকরোহয়ক প্রভায়া বিরাজায়ায়মনি ছ ।
  বুলাহং বিকুলবো চ গোরী বুলনী চ বৈক্রী। প্রধাহয়ং ভারকাল্যায়্য ভারকেরজবাল্যায়্য
  ।

গন্ধবিজ্ঞ দেখা বাহ দেবী শিবকে বসছেন—তুমি আমিই, সম্ভ কেউ নয়, ব্ৰহ্মা আমি, বিজ্ঞ আমি। আমিই সমস্ত জগৎ, আমি ছাড়া আর কিছু নেই। বৎস, ব্ৰহ্মা থেকে কীট পৰ্যন্ত জগতে বা কিছু দেখছ সে-সবই আমি এ বিবয়ে কোনো সন্দেহ নাই।

এই বিচারে কাম, ক্রোধ প্রভৃতি বা বর্জনীয় বলে গণ্য তাও দেবীর রূপ। ব্রাহপুরাণে আছে—কাম, ক্রোধ, লোভ, মদ, মোহ, মাংসর্ঘ, পৈশুন্ত এবং অস্থা এই আটটি অট মাতৃকা। কাম বোগেশ্বী, ক্রোধ মাহেশ্বী, লোভ বৈঞ্বী, মদ ব্রহাণী, মোহ স্বর্ম্ভ কল্যাণী, মাংস্থ ইন্দ্রজা, পৈশুন্ত ব্যাহণ্ডধরা আর অস্থা ব্রাহাণ্যা দেবী।

শিবশক্ত্যান্ত্রক স্ষ্টি—শাক্ত শান্তে বলা হয়েছে জগৎ শক্তিময়। শাক্তরা মনে করেন স্টির জন্ত মহাশক্তি আপনাকে স্থী ও পুক্ষরণে বিধা বিভক্ত করেন। মহাভাগবতের অন্তর্গত ভগবতীগীতায় দেবী বলছেন— পিতঃ নগশ্রেষ্ঠ ! স্কটির জন্ত আমিই স্বেচ্ছাক্রমে নিজরপ স্থীপুক্ষভেদে বিধা বিভক্ত করেছি। শিব প্রধান পুক্ষ এবং শিবা পরমা শক্তি। মহারাজ ! তর্ঘদা যোগীরা আমাকে শিবশক্ত্যান্ত্রক পরাংপর ব্রন্ধতন্ত্ব বলেন।

কাজেই জগং শক্তিময় মর্থ শিবশক্তিময়। কথাটা গদ্ধবিতয়ে স্পষ্ট করেই বলা হয়েছে— চেতনাচেতন জগংকে শিবশক্তিময় জানবে।

গশুপদ্দিশন্ত পাহা চাগুলোহক্ ভক্ষা। বাংগাংহা ক্ল রক্ষাহা সংক্ষাহা মহাজন: । ব্রীপুনেপু: সকাকারোহপাহমের ন সংশয়। বচ্চ কিকিৎ কচিদ্ বস্তু দৃষ্ঠতে আরভেহপি বা । অন্তর্গাহিক তৎ সর্বং বাংগাহাং সর্বল ছিড়া। ন ভদন্তি মহা ভাক্ত বস্তু কিঞ্চিচ্চাচরম্ ।

-CF 51 4100132-39

- সংস্থাহং ন চাজোংসি বুজাহং বিকুরপাহন।

  নহমের জগৎ সর্বং নাজি কিকিৎ ময়া বিনা।

  বরু প্রসাম হে বৎস বং কিকিজ্বসতীতলে

  বুজাবিত্তম্বপর্বস্থাহ্যের ন সংগয়: ।—স ত ৩৮।০৪-৪৫
- ব কাম ক্রোধন্তপা লোভো মধ্যে মোহন্চ পঞ্চয়:। মাধ্যের্য ষ্ঠমিত্যায়: পৈ্ডয়: সপ্তয়: তবা।
  নাসরা স্বয়নী ক্রেরা ইভ্যেতা অয়য়াতয়:। কাম বোপেবরীং বিদ্ধি ক্রোবং মাহেবরীং তবা।
  লোভন্ত বৈক্বী প্রোক্তা বুদ্ধান্ত মধ্ এব চ। মোহং বরজুঃ কলান্ত্র মাধ্যের্য চেক্রলাং বিহু:।
  ব্যালপ্রধার দেবী পৈ্ডয়: বরবেব চ। অপ্রয়া চ বরাহাখ্যা ইত্যেতা পরিকীর্তিতাঃ।

-- बडाइगुडानंबहन, जः न म, त्रा ১८७, त्रो छ।

- প্টার্থমান্তনোরপং মরেব বেক্টরা পিত:। ভূতং বিধা নগ্রেট। শ্রীপ্রানিতি ভেনত:।
   নিবং প্রধানঃ প্রবঃ শক্তিক পরবা শিবা। নিবশক্তাাত্মকং বুজ বোদিনতক্ত্রশিন:।
   বদটি মাং মহারাজ ভল্মের প্রাংপরস্থা—জঃ ত ত, পু: ১৪৭
- শিবশক্তিমরং বিশ্বি চেডনাচেডনং স্বাপং ৷—প ত ৩৬/২৯

বন্ধমাত্রই যে শিবশক্ত্যাত্মক এ কথা বামকেশরতন্ত্রেও বলা হয়েছে—যে যে পদার্থের যে যে শক্তি সেই সেই শক্তি দেবী সর্বেশরী আর সেই সেই পদার্থ মহেশর।°

বামকেশরতন্ত্রের এই বচনের ব্যাখ্যায় আচার্য ভাষররায় লিখেছেন বন্ধমাত্রেই শ শ প্রয়োজন সাধনের উপযুক্ত সামর্থ্য আছে। এই সামর্থাই শক্তি। এই শক্তিই বিমর্শশক্তি বা আছাশক্তির বিভৃতি। শক্তি শক্তিমান্কে পরিত্যাগ করে থাকতে পারেন না। অতএব, শক্তির আধার শিব প্রত্যেক বন্ধতেই প্রকাশরূপে অবস্থান করছেন। বন্ধতঃ প্রত্যেক বন্ধর ধর্ম বা গুণ বিমর্শক্তির এবং বন্ধর শ্বরূপ প্রকাশরূপ-শিবের বিভৃতি। অতএব, প্রত্যেক বন্ধতেই আছে শিবশক্তির অধিষ্ঠান।

জীবগত শিবশক্তির অন্তিম্ব সবাই অমূভব করতে পারে। "আমার ইহা করিবার শক্তি আছে অথবা শক্তি নাই এই কথা সকলেই বলিয়া থাকে, ইহাতেই জীবগত শক্তির অমূভ্তি হয়। চৈতন্তই শিব, জীবে চৈতন্তের অন্তিম্ব সকলের অমূভবযোগ্য।"

শিবশক্তি অভিন্ন—শিবশক্তি যে অভিন্ন এ রকম বচন তন্ত্রশান্তে ভূরি ভূরি পাওয়া যায়।
দৃষ্টাস্থ হিসাবে হুয়েকটি বচনের উল্লেখ করা গেল। গন্ধবতত্ত্বে বলা হয়েছে যিনি শক্তি তিনিই
শিব। এ দের মধ্যে কোনো ভেদ নেই। শিবছাডা শক্তি নেই, শক্তি ছাডা শিব নেই।

শক্তিসঙ্গমতন্ত্রে শিব বলছেন—দেবীই আমি পুরুষরূপে, স্ত্রীরূপে আমিই দেবী। আমাদের মধ্যে ভেদ নেই। যে-ভেদ কল্লিত হয় তা অজ্ঞানের জন্ম হয়-।\*

পরশুরামকল্লস্থরে দেবীকে সংবিন্নয়ী এবং পরমশিবভট্টারকের স্বাত্মাভিন্না বলা হয়েছে। এর তাৎপর্য লক্ষ্য করা যাক। "শক্তি সংবিন্নয়ী, সংবিৎশব্দের অর্থ নিরবচ্ছিন্ন চৈতন্ত, ইহারই অপর নাম প্রকাশ। সংবিৎশব্দ স্বীলিঙ্গ, এইজন্ত শক্তির বাচক; প্রকাশ শব্দ পুংলিঙ্গ, এইজন্ত, শিবের বাচক। শক্তিমান্ও শক্তি অভিন্ন অর্থাৎ শিব ও শিবা উভরই প্রকাশস্বরূপ অতএব কোনো ভেদ নাই।"

- ১ বস্ত বস্ত পদার্থস্থ বা বা শক্তিক্লীরিতা।
  সা তু সর্বেধরী দেবী স চ সর্বো সত্বের: ।—বা নি ৭।৩১ ২ ক্র: কৌর পৃ: ১৯
- ० (को त्र, शुः ১२৪, शांग्रीका ; श क रू, शुः २১৮
- নানয়োর্বিভতে ভেলো বা শক্তিঃ স শিবো এবস্ ।
   ন শিবেন বিনা শক্তির্ব শক্তিয়হিতঃ শিবঃ !—প ত ৪ ।৪ ৫
- ে সৈবাহং পুংৰব্ৰপেণ স্বীব্ৰপেণাহমেৰ হি। -আবাভ্যাং নহি ভেলোহতি ভেলবুজানসম্ভবম্।—শ স ত, হু ৰ ওাচত-৮৬
- ভগবান্ পরমশিবভটারক···সংবিশ্বব্যা ভগবত্যা ভৈরব্যা বান্ধভিয়য়া পৃষ্টং···৷

  প ক প ১৷২
- १ स्की व, शृ: ১२১

**অধনারীখর মুর্ভি—একই অবন্ধবন্ধ যে শিবশক্তিরূপে করিত এই তন্ধটি সাধকশিরীর** ধ্যানে এক অপূর্ব মৃতি পরিপ্রাহ করেছে। অর্ধনারীখর মৃতি। মৃতির অর্ধেক শিব, অর্ধেক শক্তি; অর্ধেক প্রুষ, অর্ধেক নারী। কি তব্বের বিচারে কি রসের বিচারে এ মৃতি অতুলনীয়। পরম তব্ব প্রেম্ক ও স্থীতত্ত্বের সম্মিলিত অথও তন্ধ। একাকী প্রমন্ত বা স্থীতত্ত্ব কোনোটিই সম্পূর্ণ নয়। রসের বিচারে প্রুষ ও স্থীর একান্মতান্ন প্রেমের পরিপূর্ণতা, তাই পরম আনক।

এক ছুইরপ অবস্থন করে অবস্থান করেন। এই ছুইরপ নিত্য-অবিষ্ক্ত। অর্থাৎ নিবশক্তির নিত্যসামরস্ত, নিত্য অবিনাভাবসম্ব। ।

শিবশক্তির নিতাসামরশ্রের তর্বটি তর্মশাস্ত্রে বঁড় স্থশ্বর করে প্রকাশ করা হয়েছে।
তন্ত্র বলেন "মহাকালী এবং মহাকাল চনকাকারে অবস্থিত। চনকের বেমন উপরিভাগে
মাবরণ এবং অভ্যন্তরে সমভাগে বিভক্ত পরস্পরাশ্লিষ্ট বিদল, পরব্রন্ধতন্ত্রও তদ্ধেপ বহির্ভাগে
মায়ার আবরণে আবৃত এবং অভ্যন্তরে শিবশক্তিরণে সমভাগে উভয়ে পরস্পর সংশ্লিষ্ট।"

মুগলমূর্ত্তি—বেখানে নিব ও শক্তির পৃথক রূপ কল্লিত সেধানেও যে উভয়ে নিত্য-মবিষ্ক এই তন্ধটির শিল্পরূপ লক্ষ্য করা বাদ্ধ শিবশক্তির ব্গলমূর্তিতে। শিব-উক্তে স্থাসীনা উমা, শিবকৡবিলগ্না উমা এমনি ধরণের মনেক প্রাচীন যুগলমূর্তি পাওয়া গেছে।

শিবশক্তিতত্ব বৌদ্ধমতে— শিবশক্তির তত্ব একদা ভারতের ধর্মসাধনার ক্ষেত্রে বিশেষ প্রভাব বিস্তার করেছিল। সেইজন্ত দেখা বায় এটি মূলত: বৈক্ষব এবং মহাবানী বৌদ্ধদের মধ্যেও স্বীকৃত। বৌদ্ধদের উপায় ও প্রজ্ঞা, আদিবৃদ্ধ ও আদিপ্রজ্ঞা, করুণা ও শৃত্যতা শিবশক্তিরই বৌদ্ধরণ বলা বায়। বৌদ্ধতত্বে কোথাও কোথাও উপায় ও প্রজ্ঞাকে শিবশক্তি বলেই বর্ণনা করা হয়েছে।

সনাতনধর্মী শাস্ত্রে বেমন বলা হয়েছে সব পুরুষ শহর আর সব স্থীলোক মহেশরী,\*
তেমনি বৌদ্ধতম্মতেও সব নর এবং নারী উপায় ও প্রজ্ঞার রূপ।\*

তবে এই প্রসঙ্গে উল্লেখ করা প্রয়োজন শিবশক্তির ধারণার সঙ্গে উপায় প্রজ্ঞার ধারণার

- > আচার্ব ভাকর রার সৌভাগ্যভাকরে (ল স, পৃঃ ১৬১) সামরত শব্দের ব্যাখা। করেছেন— সমোহন্যনান্ধিকো রসো বরোগুলো শিবশক্ত্যোভাবিঃ সামরত্তম্—সম অর্থাং কিনা অন্যুন অব্ধিক রস বাঁদের সেই শিবশক্তির ভাব সামরত। সহজ কথার শিবশক্তির প্রশার অভ্যক্ত সংক্রিট্রএবং সমগ্রধানরপে মেলনের বাম সামরস্য।"—কৌর, পৃঃ ৪৫, পায়টীকা।
  - २ व्यवित्रशः निवरताः वर्षावः ।—माकृकारुक्षवित्वकवरुन, तः व व व, शृः वहन
  - ॰ महाकांनी महाकान-क्रमका कामकान्यः मात्रमान्याविष्यास्त्रमार एकरश मनवान्यः।—यः ७ ७, पृः ১००
  - 8 वा रे, भू: 000 . I. T. B., pp. 111, 112 m 1
  - ৬ জ্বা বাকাং শিবভাগি হসিছোবাচ তাৰিনী। ভক্ৰপা: পুৰুষা: সৰ্বে বক্ৰপা: সকলা: ছিল:।—ভা ব, পা ১
  - 4 I. T. B., p. 118,

একটি বৈলক্ষণাও আছে। তত্ত্বে সাধারণতঃ শিব নিক্রিয় এবং শক্তি সক্রিয় বলে বর্ণিত হন কিন্তু বৌদ্ধরা উপায়কে সক্রিয় এবং প্রজ্ঞাকে নিক্রিয় বলেন।

তবে শিবশক্তির মতো উপায় ও প্রজাও নিত্য অবিযুক্ত। তাঁদের যুগনক্ষমৃতি।

শিবশক্তিত বৈষ্ণবমতে— বৈষ্ণবের বিষ্ণুলন্ধীর আর শৈব-শাক্তের শিবশক্তির ভাবচিন্তা একই রকম। বৈষ্ণব প্রাণাদিতে এর বহু নিদর্শন আছে। একটি দৃষ্টান্ত দেওয়া যাক। লক্ষ্য করা গেছে শৈবশাক্ত-শান্ত অঞ্সারে সব পুক্ষ শিব আর সব স্থীলোক মহেশরী। ঠিক এই কথাটাই ঈষৎ পরিবর্তিত আকারে বিষ্ণুপ্রাণে বলা হয়েছে। যথা—দেবতা, তির্ধক, মহুল্ব প্রভৃতির মধ্যে যারা পুক্ষ তারা ভগবান্ হরি আর যারা স্থী তাদের লন্ধী বলে জানবে। এই উভয়ের চেয়ে শ্রেষ্ঠ কেউ নেই।

কিন্তু এহ বাহ্ন। সারকথা শিবশক্তির মতো লন্ধী ও বিষ্ণুরও অবিনাভাবসম্বন্ধ। হয়শীর্ষপঞ্চরাত্তে বলা হয়েছে—পরমাত্মা শ্রীহরি, তাঁর শক্তি শ্রী। শ্রীদেবী প্রকৃতি, কেশব পুরুষ। বিষ্ণু ছাড়া শ্রী নাই, শ্রী ছাড়া হরি নাই।

শিবশক্তির মতো বিষ্ণু ও লক্ষীও স্বরূপতঃ অভিন্ন। শ্রীণাদ জীবগোস্থামী ভগবৎসন্ধর্ভে বলেছেন—একই স্বরূপ শক্তির ও শক্তিমত্ত এই তুইরূপে বিরাজমান। শক্তিমকপ্রাধান্তে বিরাজমান হলে ইনি ভগবান্ সংজ্ঞা প্রাপ্ত হন আর শক্তিরপ্রাধান্তে বিরাজমান হলে লক্ষ্মী সংজ্ঞা প্রাপ্ত হন।

লন্দ্রী ও বিষ্ণু স্বরূপতঃ রাধা ও ক্লফ। উভয়ের অবিনাভাবসম্বন্ধ। সচ্চিদানন্দ ভগবান্ ক্লফের অন্ততমা স্বরূপশক্তি হলাদিনী শক্তি। ইনিই রাধা।

প্রসঙ্গক্রমে উল্লেখ করা যায় ভগবানের স্বরূপশক্তি পরাশক্তি ত্রিবিধা—হলাদিনী, সন্ধিনী এবং সন্থিং। ভগবানের সদংশের স্বরূপশক্তি সন্ধিনী—সন্তাকরী শক্তি; চিদংশের স্বরূপশক্তি সংবিং—জ্ঞানশক্তি এবং আনন্দাংশের স্বরূপশক্তি হলাদিনী—আনন্দশক্তি।

- > Ibid., pp. 110-111
- ২ দেবদেবীর পরশার-আনিষ্ট মৃতিকে বলা হয় বুগনদ্ধ মৃতি; তিকাতী ভাষার বলা হয় স্বব্রুম (yab-yam) ভঙ্গীর মৃতি। রব অর্থ উপায় এবং বুম অর্থ প্রজা।
- দেবতিগঙ্ মন্থভাগে পুংনারি ভগবান্ হরি:।
   ব্রীনারি লন্দ্রীপৈত্রের নানরোধিদ্বতে পরন্।—বি পু ১৮।৩২
- পরবারা হরির্দেব তদ্ভক্তি ঐরিহোদিতা। ঐদেবী প্রকৃতি: প্রোক্তা কেশবং পুরুষ: দৃতঃ।
   ন বিকুলা বিলা দেবী ন হরি: পয়জাং বিলা ।—হরশীর্বপঞ্চরাত্রবচন, ত্রঃ ভগবংস্কর্ত, ১১৯
- অবৈক্ষেব বর্মণ শক্তিকেন শক্তিমকেন চ বিরাশ্বতীতি বক্ত শক্তে: বয়পকৃতক্ত নিরাশিতং ভক্তিককথাবাতেন বিরাশ্যান্য ভগবংসলোমাগোতি তচ্চ বাাখাতং। তদেব চ শক্তিক্প্রাথান্তেন বিরাশ্যান্য
  লক্ষ্মীসলোমাগ্রোতীতি।

  ভগবংসক্ত্র

  ১১৭
- स्नांतिनी मिलनी मरविर फरवाका मर्वमरक्रिको ।—वि मू ১।১২।৬৯

কৃষ্ণ ক্থানও স্বৰূপশক্তিবিযুক্ত হতে পারেন না এবং রাধাও কথনো কৃষ্ণবিযুক্ত হতে পারেন না; হলে তাঁকে আর স্বৰূপশক্তি বলা যায় না। সেইজন্ত বলা হয় মাধব রাধার সঙ্গে অবিযুক্ত এবং রাধা মাধবের সঙ্গে অবিযুক্ত এবং রাধা মাধবের সঙ্গে অবিযুক্ত ।

তবে পরমার্থতঃ কৃষ্ণ আর তাঁর স্বরূপশক্তি অভিন্ন হলেও তাঁদের ভিন্নমূর্তি করিত হয়, যেমন হয় শিবশক্তির ক্ষেত্রে। স্বরূপদামোদর তাঁর কড়চায় নিথেছেন— রাধা কৃষ্ণের হলাদিনীশক্তি, তাঁর প্রণয়বিক্বতি। রাধা কৃষ্ণ একাত্ম হলেও প্রাকালে পৃথিবীতে দেহভেদ প্রাপ্ত হয়েছিলেন। অধুনা দেই উভয়ের ঐক্যপ্রাপ্ত রাধাভাবত্যতিসবলিত চৈতক্ত নামক কৃষ্ণস্বরূপকে প্রণাম করি।

ব্যবহারতঃ শিব ও শক্তির কিঞিৎ ভেদ—শিবশক্তির কথার ফিরে আসা বাক।
শিবশক্তি বরপতঃ অভিন্ন হলেও ব্যবহারতঃ তাঁদের মধ্যে কিঞ্চিৎ ভেদ বীকার করা হয়।
আর তা হলে উভয়ের কার্যাদির ভেদ বীকারও করতে হয়। লক্ষ্য করা গেছে শক্তিশালাদিতে জগৎকে শক্তিমন্ন বলা হয়েছে। জগৎ কার্য। কারণ ছাড়া কার্য হয় না।
অতএব জগতের কারণ অন্থসদ্ধান করতে হয়। এ সহদ্ধে নানা ম্নির নানা মত।
শক্তিকারণতাবাদীরা অর্থাৎ শাক্তেরা বলেন জগতের কারণ শক্তি।

জগতের কারণ—কারণ প্রধানত: ছিবিধ—নিমিত্ত কারণ আর উপাদান কারণ।
ত্মতবে বলা হয়েছে—"এই জগং-কার্যের প্রতি সেই মহাশক্তি নিজেই নিমিত্ত কারণ এবং
নিজেই উপাদান কারণ, অর্থাং ধখন সেই ইচ্ছাময়ী নিজ আনন্দময় সত্যসম্বন্ধে ব্রহ্মাণ্ডস্কীর
ইচ্ছা ক্রিয়াছেন, তথনই তিনি নিমিত্ত কারণ, আবার ধখন আস্থাবিভৃতিরূপিণী মায়ার
বিস্তার করিয়া তাহা হইতে এই প্রপঞ্চ চরাচর বিরচিত করিয়াছেন তখনই তিনি উপাদান
কারণ।"

শক্তিই জগদ্রপে পরিণত হন এবং তিনিই প্রগরকালে বট্তিংশন্তবাত্মক জগৎকে নিংশেবে কবলীকৃত করে অব্যক্তরূপে অবস্থান করেন। তারপরে স্ক্ষরূপে অব্যক্ত অবস্থায় অবস্থিত বিশ্বকে তিনি স্থুলরূপে ব্যক্ত অবস্থায় প্রকটিত করেন।

- নাধ্যা নাধ্বো দেবো নাধ্বেদৈব রাধিকা।—ইতি বক্ পরিশিষ্টাচ্চ
   ---বন্ধনংহিতার হর্ব লোকের জীবলোপানীকৃত টাকার উক্ত।
- রাধাকৃক্তপার্যকৃতিভায়িনীশক্তিকরাদেকার্ত্তরার্থি ভূবি পুরা দেহভেক্ত প্রতৌ তৌ।
   টেডভাখাং প্রকটমধুনা ভব্দুরং চৈক্যবার্থ্য রাধাভাবছাভিসবলিতং নৌবি কৃক্তরপন্।

—চৈতভাচবিতায়ত ১৷১৷৫

ध को त्र, गृह ३३७

শাক্তরা জগতের কারণরপে পরশিবের করনা অনাবশুক মনে করেন। বার্মিকেশরতত্রে বলা হয়েছে? "সেই শক্তিই জগৎরূপে পরিণত হয়েন। এই অবস্থায় পরশিব নামক কোনো পঢ়ার্থের আকাক্তা থাকে না।"

কৃষ্টি চিন্দ্রপ—এই শক্তি চিন্নরী পরমানশ্বমন্ত্রী বিজ্ঞানখনরপিণী। তাই সেতৃবঙ্কে বলা হয়েছে স্বান্টি চিৎসমূদ্রের লহরীলীলা। সমুস্তলহরী আর সমূদ্রে বেমন অত্যন্ত অভেদ তেমনি চিৎসমূদ্র (চিন্নরী শক্তি) এবং তার লহরীলীলা স্বান্টতেও অত্যন্ত অভেদ, ভাসমান ভেদটা কার্যনিক।

কাজেই শাক্তমতে জগং প্রপঞ্চ চিদ্রূপ। যা চিংশক্তির পরিপাম<sup>®</sup> বা চিৎসমূদ্রের **লহ**রী তা ত চিদ্রূপ হবেই।

সমস্তই চেডন—অতএব দবই বরণত: চেতন; অচেডন বা ক্ষড় বলে কিছু নেই। ব্যবহারিক ক্ষেত্রে যাকে কড় বলা হয় দেও অনভিব্যক্ত চৈডল ছাড়া আর কিছুই নয়। চিদ্রুপিণী মহাশক্তি মায়াশক্তিরপে আপনাকে যেখানে যতটা আর্ড করেন দেখানে তিনি ততটাই অনভিব্যক্ত। ঔপনিবদিকেরও পরচিন্নিষ্ঠ চিৎশক্তি শীকার করেন। তান্ত্রিকরা বলেন এই চিৎশক্তিই অনভ্রমণত্বের কল্প মায়া নামে আখ্যাত হন। ত

চিৎশক্তি ও জড়শক্তি কাজেই বাহতঃ যা চেতন তা বেমন শক্তিবরূপ, যা জড় তাও শক্তিবরূপ। এই জন্ত শক্তিকে চিংশক্তি ও জড়শক্তিরূপে করানা করা হয়। ললিতাসহস্রনামে বলা হয়েছে চিংশক্তি চেতনরূপা আর জড়শক্তি জড়াআকা। ওর ব্যাখ্যায় আচার্য ভাষ্কররায় লিথেছেন চিংশক্তিই সর্বভূতে চৈতক্তরূপে বিরাজ করছেন। জড়শক্তি মায়ার পরিণামবিশেষ। মায়া চিংশক্তি কাজেই জড়শক্তি চিংশক্তিরই এক বিশেষ পরিণাম। দুশুমাত্র জড়। এই জড় বে-মায়ার রূপ তাকে বলা হয় জড়াআকা।

- তক্তাং পরিশতায়ার ন কল্ডিং পর ইক্সতে ।—বা নি ৪।৫
- २ िवाही शत्रमानमा विकानपनक्रिशी।—न म, ১১२
- করেরকছানীরছোক্তা চিহভোধেকজান্টাভারাভেনে। ভাসমানো ভেলছ করিক ইভি প্রচিত্য ।—বা নি,
  পু: ১৯০
- তৎপরিণান এব প্রপঞ্চ। অত এব চ চিজ্ঞপা:। চিবিলানা প্রপক্ষেত্রিতি
   জ্ঞানবাসিষ্ঠাং 1—३। বি, পু: ১৩৫
- वः वक्षण्य, २।>।३, मक्लिं।
- পরচিরিচা বা চিচ্ছ কিবৌপনিবদানামপি সংমতা সৈবানভরপভাষাকেতুরুকতে ।—বা বি ৩০, সে ব ।
- १ क्रिक्टिन्ठ्यनक्षणां बद्धनक्षिक्कांक्षिका ।-- न म, ३६३,
- म म म, त्मी चानुः ३०४-३०३
- कहर गुण्याज्याचा पक्रणः ग्या मात्राद्याः या क्लांकिका ।—ज म, गृह ३००

কাৰেই বদা বার শক্তি চিক্ষড়ান্ত্রিকা। আভাশক্তি মহামায়া চিদ্রণিনী। আর সব শক্তি তারই রপভেষমাত্র। এই মহাশক্তি বিবান্ত্রিকা এবং বিশোরীর্ণ। ১ চিদ্বরীতে বদা হয়েছে—তিনিই শিবাদিক্তিয়ত্ত-বটুত্রিংশক্তময়সর্বপ্রণঞ্জিকা এবং তত্ত্তীর্ণ। ১

শিবের করনা অনাবশ্যক—শক্তিপতে বসা হয়েছে— বিশ্বসিদ্ধির হেতৃত্তা চিভি অর্থাৎ চিংশক্তি বতর। শিবিনি বতর, তিনি অনীত্তম্থাপেকী, অনন্তনির্ভব। এইজন্তই শক্তিকারণতাবাদীদের মতে পরশিবের করনা না করলেও কার্বের অহুপপত্তি হয় না। বদি বলা হয় শক্তি ধর্ম। কাজেই ধর্মী পরশিবের করনা না করলে ধর্মের অহুপপত্তি হয়। এর উত্তরে এঁরা বলেন "এক শক্তিরই ধর্ম ও ধর্মী এই উত্তরাত্মকত্ব করনা করিলে ধর্মিরুপ পরশিবের করনা না করিলেও শক্তির ধর্মতের অহুপপত্তি হয় না।"

শক্তিকারণতাবাদীরা যে ওধু স্কটির ব্যাপারে পরশিবের করনা অনাবস্তক মনে করেন তা নয়, কর্মকলদান, মোক্ষদান ইত্যাদি ব্যাপারেও পরশিবের অনাবস্তকতা প্রভিপন্ন করেন। বামকেশরতন্ত্রে আছে—পরশিব শক্তিরহিত হলে কোনো কিছুই করতে পারেন না, শক্তিয়ক্ত হলেই কিছু করতে পারেন।

এই সম্পর্কে সৌন্দর্যলহরীর প্রখ্যাত প্রথম শ্লোকটি শ্বরণীয়—শিব যদি শক্তিযুক্ত হন তা হলেই প্রপঞ্চ স্বাষ্টি করতে পারেন আর তা না হলে শন্দিতও হতে পারেন না ৷\*

শক্তিহীন শিব শব—এই জন্ত শক্তি বিষ্কু শিবকে জড় বলা হয়। তাঁকে শবও বলা হয়। বে কেউ শক্তিহীন হয় সে আর কিছু করতে পারে না। সে শবের মতো হরে বায়। শক্তিবর্জিত হলে শিব বে শব হয়ে বান শাক্ত পণ্ডিতেরা শিবশব্দের থেকেই তা প্রতিপন্ন

- > मिलिगांशना, क म च, शृ: ६१
- ২ নৈৰ নিৰাদিকিতাভৰটুজিংনভৰননৰ্পঞাকালিকা তছজীৰ্ণা চেতি ৷—কা বি, পৃঃ ন
- ত চিভি: বতভা বিবসিভিহেতু:।—জ: বাবি, পৃ: ১৩৬
- নৈবং শক্তিকারণভারাহিনামত্মাকং পরনিবস্যাকয়নে কার্ডাত্মপপন্তেরপরিকরোহতি।
   ধর্মভাত্মপপতিশ্বেকসৈত্র বস্তবো ধর্মজন্মভাত্মকয়কয়নয়াহিশি ক্লানিহর। ---বা নি, নে ব, পৃঃ ১৩৬
- পরো হি শক্তিরহিতঃ শক্তা ক'কুর ন কিকন।
   শক্তর পরবেশানি নজ্যা বুজো বহা তবেং।—বা নি ৪।৬
- শিবং শক্তা বৃক্তো ববি ভবতি শক্তা প্রভবিতৃষ্
  ন চেকেবং কেবো ন বনু কুলনস্প্রকিতৃষ্পি !—কোঁ ল, ১
- १ निक्तः महरूषा श्रीका बद्धाः भवनित्वा बद्धाः।--न म छ, छ। ब, ४१२४
- শিবোংশি শবতাং বাতি কুওলিকা বিবর্জিতঃ
   শক্তিবানো হি বঃ ক্তিবসম্বর্জ ক্তো বুলৈ।—জঃ বা বি, সে ব, পৃঃ ১০৭
- नवनक्षित्रीयक आणि क्षिक प्रदेश !—द्वरीकावक्षक्रम्, तः न प्र, शृः ३०३

করেন। ক থেকে ক্ষ পর্যন্ত বর্ণসমূহকে বলা হয় শিব আর জকারাদি যোড়শ স্থরবর্ণকে শক্তি। শিবশন্তে ই-কার থাকায় অর্থাৎ শিব শক্তিযুক্ত থাকায় তিনি ঈশ্বর। ই-কার সরিয়ে নিলেই শিবশন্ত শবশন্তে পরিণত হয় অর্থাৎ শক্তিবর্জিত হলেই শিব শব হয়ে যান।

শক্তিহীন অকর্মণ্য—শক্তিহীন হঁলে তথু যে শিব শব হয়ে বান তা নয়, ব্রহ্মাদি দেবগণও শিবের মতো জড়, শব হয়ে বান। তন্ত্রের অভিমত সৃষ্টি প্রভৃতি কার্যও ব্রহ্মাদি দেবগণ করেন না, করেন ব্রহ্মাণী প্রভৃতি শক্তি। কুজিকাতত্রে বলা হয়েছে—ব্রহ্মা কথনও সৃষ্টি করেন না, করেন ব্রহ্মাণী। অতএব মহেশানি! ব্রহ্মা প্রেত সংশয় নেই। কল্প কথনও গ্রাস করেন না, করেন কৈল্লী। অতএব মহেশানি! কিন্তু প্রেত সংশয় নেই। কল্প কথনও গ্রাস করেন না, করেন কল্লাণী। অতএব মহেশানি! কল্প প্রেত সংশয় নাই। শক্তিহীন ব্রহ্মাবিষ্ণুমহেশাদিকে কার্যে অক্ষম জড় বলা হয়। দেবি! শক্তিবিহীন হলে স্বাই নিশ্চয়ই কার্যে অক্ষম হয়।

শক্তিই ষে সব কার্যের কারণ তা প্রতাক্ষ প্রমাণের স্বারাই জানা ধায়। বি-মান্ত্র্য কিছুই করতে পারে না লোকে সেই সধমকে শক্তিহীন বলে, বিষ্ণুহীন বা ক্সন্থীন বলে না। ক্রিকান্ত্রে স্বার্থির শক্তিই কারণ। এইজন্তই শক্তিকারণতাবাদীরা পরশিবাদি অন্ত কারণ অনাবশ্রক মনে করেন।

শক্তিবর্জিত শিব কর্তৃত্বহীন—এঁর। বলেন পরশিবের কর্তৃত্ব নির্ভর করে শক্তির উপর। কারণ "হৃতহঃ কর্তা" এই পাণিনি-হ্রান্থ্যারে স্বাতহ্যই কর্তৃত্ব। এই স্বাতহ্য শক্তিগত। অর্থাং স্বাতহ্যশক্তিই কর্তৃত্ব। সহজ কথার বসা বার স্বাতহ্যশক্তিবর্জিত পরশিবের কর্তৃত্ব থাকে না।

ত্রিক-দর্শনের আলোচনার সময় লক্ষ্য করা গেছে স্বাতয়াশক্তিই বিমর্শশক্তি। বিমর্শশক্তি

- ১ जः जाननगरतीत ( সोन्ध्यारती ) ১४ ज्ञारकत जागुष्ठाननकृष्ठ गिका।
- বুজাৰী কুলতে স্কটং ন তু বুজা কদাচন। অতএব মহেশানি বুজা প্রেভো ন সংশায়ঃ।
  বৈক্বী কুলতে প্রাসং ন তু বিকৃঃ কদাচন। অতএব মহেশানি বিকুং প্রেভো ন সংশায়ঃ।
  ক্রাণী কুলতে প্রাসং ন তু কুলঃ কদাচন। অতএব মহেশানি স্কলঃ প্রেভো ন সংশায়ঃ।

   ক্রিকাতিরবচন, লঃ প্রা তে, ব সং. পৃঃ ৮
- সৈৰ কারণং কার্যেবু প্রভ্যাক্রণাবগমাতে ।—বে ভা ১।৮০০১
- ক্ষরহীনং বিকৃহীনং ন কাজি জনাঃ কিল ।

  শক্তিহীনং বধা সর্বে প্রকাজি নরাধমন্ ।—ই ৩।৬।১»
- किः व राष्ट्रवाः हि कं कृष्य् । 'यस्त्रः करटिक गानिनियुद्धारः। सक्त निकासम्बर्धानः।—न मृ, गृः वेक

আর চিংশক্তি এক। বিনি চিংশক্তিহীন তিনি পড়, শব। তাঁর কর্তৃত্ব থাকতে পারেনা।

শক্তিবিরহিত শিবের যে কর্তৃত্ব থাকতে পারে না এই বিষয়টি অক্তভাবেও ব্যাখ্যা করা হয়। কোনো কাল করতে হলে সেই কালের চিকীর্বা, কালের উপাদান সহত্বে অপরোক্ষ জ্ঞান এবং কালের কৃতিমন্ত এই তিনটি বন্ধ থাকা চাই । এই তিনটির উপর কর্তৃত্ব নির্ভর করে। কিন্তু এই তিনটি ইচ্ছা, জ্ঞান এবং ক্রিয়া এই শক্তিত্রয়ঘটিত ব্যাপার। পরশিব এই শক্তিত্রয়ঘুক্ত হলেই কার্যক্ষম হন। ত্বিথি কেবলমাত্র তথনই তাঁর কর্তৃত্ব থাকে।

মোক কেন শক্তি —শক্তিকারণতাবাদীরা বলেন শিবের ক হৃত্ব যখন শক্তির উপর নির্ভরশীল তখন শিব মৃক্তিও দিতে পারেন না। মৃক্তি দেন শক্তি। এঁদের যুক্তি এই— "মোচকত্ব একটি ধর্ম বা শক্তি, সেই শক্তি ভিন্ন শিব মোচক হইতে পারেন না। অতএব শক্তির মোচনকর্ত্ব স্বীকার করাই যুক্তিসঙ্গত।"

শৈবরাও প্রকারান্তরে শক্তির মোচনকর্তৃত্ব স্বীকার করেন। তত্তপ্রকাশে আছে—"বে শক্তির ছারা সেই শস্ত্ পশুগণের ভূক্তি ও মৃক্তি বিষয়ে শক্ত অর্থাৎ সমর্থ, সেই চিদ্রপা আছা শক্তিকে আমি সর্বাহাতারে প্রধাম করি।"

পরশিব নির্ভিণ এবং সপ্তণ। গুণই ধর্ম বা শক্তি। প্রাণয়কালে কবলীক্তনিংশেষতহগ্রামম্বর্নপিনী পরশিবে বিলীন থাকেন। এই অবস্থায় শক্তির কোনো কার্য থাকে না
বলে শক্তি অস্থৃভূত হন না। সেইজন্ত মনে হয় পরশিব শক্তিবিবর্জিত। বস্তুতঃ শিব
কথনো শক্তিবিবর্জিত হন না। যে-পরশিবকে শক্তিবিবর্জিত মনে হয় তিনিই নির্ভিণ
শিব।

এই শক্তিবিবর্জিত পরশিব সমঙ্কে বামকেশরতক্তে বলা হয়েছে "শক্তিরহিত ক্তম অর্থাৎ হর্তেন্য শিবে নাম ( অর্থাৎ বাচকশন্ধ ) এবং ধাম ( প্রকাশ, অর্থাৎ বাচকশন্ধন্ত জ্ঞান )

- > "বিমর্শশক্তির অপর নাম চিৎ, চৈতন্ত, সংবিৎ, বরমোদিতা পরা বাক্, বাতম্য, পরমান্তার ঐবর্থ, মুখ্য ক'ভূব, 'ফুরন্তা, সার, 'ক্লফ ইত্যাদি।''—কৌর, পু: ১২৪
- ই উপাদানগোচরাপরোক্ষচিকীর্বাকৃতিষরতৈব ক'ড়্ছরপতরা ভক্তেছাজ্ঞানকিয়ায়ক-শক্তিয়য়য়৾উভছাই
  তাদৃশলক্তিসহিতক্ষেইকার্যকরের ভ্রতি।—বা নি, পৃঃ ১৩৬
- ও মোচকওশক্তিমন্তরেশ শিবস্ত ওলবোগেন মোচনক ভূতারা অবরব্যতিরেকাভ্যাং শব্দাবের বীকর্তৃং বৃক্তশ্বাং ।—ল স, পৃঃ >>
- শক্তো বরা স লকু জুক্তো মৃক্তো চ প্রপ্রকাত।
  তাবেকাং চিত্রপায়াভাং সর্বায়্ববাদি নতঃ।—তব্ধকাল ১০০
- ॰ क्लोब, शुः ३३० । अर अरे, शृः ३२७-२८

থাকিতে পারে না। শক্তিরহিত শিব বথাকথকিংরণে জ্ঞাত হইলেও তাঁহার যারা শর্ম ( স্থ্য অর্থাৎ মৃক্তি ) এবং কর্ম ( কর্মফল প্রাপ্তি ) সম্ভব হয় না। শক্তিরহিত শিব-বিবয়ে ধ্যানাইক অর্থাৎ সমাধিসময়ে তাঁহাতে রতি অর্থাৎ স্ক্রের আনন্দ এবং মন: হিতি অর্থাৎ সনের ছিরতা হইতে পারে না।"

আবাদনার নিজিপ শিবের অমুপবোগিতা ও শক্তির উপযোগিতা—নিজিবের जेनामना रम ना अ विवस्त्र भूर्वित बालांडना कता रसिंह। वामरक्वतज्याद बालांडा ল্লোকটির সেতৃৰভাত্যায়ী বাাখ্যায় নানাতম্বনিকাত পণ্ডিত সতীশচক্র সিভাস্কভূবণ মহাশয় विषद्गि विश्वक्राद्य वृक्षित्त मिरत्रह्म। 'ठांत्र मर्ज्य-अकि सम फेकांत्रण कत्रत्म मिरे नत्य रय-वक्षःक वृक्षात्र जात्र नाम वांठा এवर वांठा वक्षत्र तांथक नत्यत्र नाम वांठक। बाठक मन्नरे 'नाम' वरन जाथाां रहा। वस्त्र कारना এकि अल्पे केरनरे বাচকশবরণ নামের প্রবৃত্তি হয়ে থাকে। ওণই ধর্ম বা শক্তি। বেমন ঐশ্বর্করণ ওণ আছে বলে সগুণ ব্রন্ধে ঈশরশব্দের প্রবৃত্তি হয়। আবার বাচক শব্দে বাচকস্বধর্ম এবং বাচ্য বন্ধতে বাচাত্বধৰ্ম আছে, এই ধৰ্মও শক্তি। শক্তিহীন লিবে কোনো গুৰ বা ধৰ্ম নাই। काष्ट्रहे डांट वाठक मस वा नायत প্রবৃত্তি হতে পারে ना। উপাসনার नामकीर्छन, ছতিপাঠ, মহপাঠ, প্রার্থনা প্রভৃতি করতে হয়। এই-সবই উপাসনা, এই-সব ছেডে **छे**शामना श्रुष्ठ शादा ना। निक्शीन निरंद छन वा धर्म नाहे वरन कार्छ बहे-স্বের প্রয়োগ অসম্ভব, কাজেই তাঁর উপাসনাও অসম্ভব। কোনো গুল বা ধর্মকে নিষিত্র করেই প্রকৃতি হয়, শক্তিহীন শিবে প্রবৃত্তিনিষিত্ত গুণ বা ধর্ম নাট বলে তিনি তুল্জিয়, এই জন্ত তাঁকে হক্ষ বলা হয়েছে। ধর্ম ও ধর্মী এই উভয়াজ্মিকা শক্তি স্বীকার করলে তাতে নাম কীর্তনাদি প্রযুক্ত হতে পারে বলে তাঁর উপাসনা অসম্ভব নয়, পরস্ক মুকর।

লক্ষা করা গেছে শক্তিকারণতাবাদীদের মতে শক্তিহীন পরশিবের ধানেও সম্ভব নয়।
আর সম্ভব হলেও তাতে নির্বিকল্প সমাধি হয় না। তাঁদের যুক্তি এই—পরশিব ওতাওত
ধর্মহীন বলে অহন্দর, সৌন্দর্য একটি ধর্ম, তার অভাব বলেও তিনি অহন্দর। অহন্দর
পরশিবে মনের রতি হতে পারে না বলে তার ধ্যান সম্ভব নয়। এই অবস্থার জোর করে
মনকে ধ্যানে প্রবর্তিত করলেও সে-ধ্যানে মন কিছুক্তা স্থানী হতে পারে, দীর্ঘকাল

শক্তা বিনা লিবে প্ৰশ্নে নাম ধাম ন বিভাতে।
 আতেলালি মহাজেবি লাম কর্ম ন কিচেন।
 গ্যানাবইজকালে তু ন মতির্ন মনাছিতি: ।—বা নি, (৪)৭) পুঃ ১৩৭ ব কৌয়, পুঃ ১৯৫

পারে না, ধ্যানাবইছরণ হৈর্ঘ অর্থাৎ নির্বিকল সমাধিও এ রক্ষ ধ্যানের ফলে সম্ভব্পর নয়।

কিছ শক্তি ধর্ম এবং ধর্মী এই উভয়ান্মক বলে তাঁতে নাম, ধাম, শর্ম, কর্ম, রভি, স্থিতি স্বই সম্ভব।

মোটকথা এঁরা বলভে চান 'শক্তিই উপাক্তা, পরনিব উপাক্ত নহেন।' অবক্ত প্রনিবকে এঁরা অধীকার করেন না।

নি গুণা শক্তি—বামকেশরতত্তে আছে ক্লাকারশ্বরপিণী শক্তি বীলাকার অর্থাৎ ক্ল এবং অল্বাকার অর্থাৎ স্থূন বট্তিংশগুরাত্মক জগৎ নিঃশেবে কবলীকৃত করে পরমার্গে অর্থাৎ পরনিবের ব্যাপ্তিস্থানের মধ্যে প্রবেশ করে অবস্থান করেন।

বামকেশরতয়ের এই য়োকের সেতৃবদ্ধান্তবারী ব্যাখ্যার সিদ্ধান্তত্বৰ মহাশর বলেছেন
পরশিবের মার্গ অর্থাৎ ব্যাপ্তিরানই পরমার্গ। পরশিব রন্ধাওবাপী তার ব্যাপ্তির বাইরে
রন্ধাণ্ডের একটি বৃলিকণাও থাকতে পারে না। শক্তি এমনি পরমার্গের অন্ত: অর্থাৎ মধ্যে
প্রনেশ করে অবন্ধিতি করেন। বেখানে বেখানে পরশিব শক্তিও সেখানে। শক্তি ও
শিবের অবিনাভাবসম্পদ্ধ। কাজেই শিব বেখানে শক্তিও সেখানে অবক্তই থাকবেন।
শক্তিথীন শিব নিক্ষির শৃত্যাকার, তাঁর থাকা না থাকা সমান। শক্তি এমনি শৃত্যাকার
শিবের মধ্যে প্রবেশ করে তাঁর শৃত্যাবন্ধা দূর করে তাঁর উচ্ছেনতা সম্পাদন করেন এবং তাঁকে
বিদ্ধ করেই বেন অবন্ধিতি করেন। বীব্দে বৃক্ষ স্বন্ধাকারে থাকে, বৃক্ষের এমনি বীন্ধানিছিত
কন্ধাবন্ধার নাম বীন্ধাবন্ধা, পরে শুলাকারে পরিণতির নাম অন্থ্যাবন্ধা। শিবতত্ব থেকে
পুরীত্ব পর্যন্ধ বট্তিংশন্তন্ধান্তক বিশ্বেরও এই ছটি অবন্ধা। প্রলম্বনালে শুল জগৎ ক্ষ
জগতে এবং ক্ষ জগৎ শক্তিতে লীন হয়। শুল ও ক্ষ জগৎ তখন নিংশেবন্ধপেই শক্তির
কন্দিগত হয়। শক্তি এমনি করে বিশ্বকে কবলীক্ষত করে পরশিবে লীন হন। এই সময়ে
শক্তির আকার ও বন্ধশ ক্ষ অবন্ধান্ধ থাকে। অবন্ধব-সংশ্বানের নাম আকার আর বন্ধর ধর্ম
অর্থাৎ যা না থাকলে ভাকে সেই বন্ধ বলে চিনতে পারা বাহ্ব না, ভাই সেই বন্ধর অন্ধণ হ

ততাগুতধর্মহীনভাত্মশ্বছের তার মনসো রতেয়বোগায় ব্যানং সভবতি। বলাংকারাধিনা তার মনসং প্রবর্তমেংশি কভিপারকশহারিক্ষের ভার চিরকালাছিভিছের ব ব্যালভাবউভয়পং হৈবং নির্বিকর-সমাবাপারপর্বারং ভাব।—বা বি, সে ব, পুঃ ১৩০

২ শক্তের ধর্মধানুক্তপালককেন বান ধান ধর্ম কর্ম রক্তি: ছিভিক্তেতি সর্বন্ধপুলশ্বত ইভার্বাহ্রক ভবতি।—ঐ

० को ब्र, शृ: २००

প্রবিত পরমার্শায়: কুলাকারবল্পপির। কুলাকুভবিত্রপ্রবীলালুবভরা বিভা ।—বা নি ।।

६ स्कोत्र, शृः २०३

বেমন—কুক্ষের কাণ্ড, শাখা, পত্র, পুশা, ফল প্রভৃতির অবস্থানের বারা রক্ষের বে-অবস্থা তাহা বুক্ষের আকার এবং বৃক্ষত্ব বুক্ষের স্বরূপ।

প্রালয়কালে শক্তি নিক্রিয় অবস্থায় ব্রহ্মকোটিতে অবস্থান করেন। এই অবস্থাতেই তিনি নি গুণা ব্রহ্মস্কর্মিণী।

শক্তির ক্রণ—হটির উনুখসময়ে শক্তির ক্রণ হয় এবং এই ক্রিত শক্তি থেকে বথাক্রমে হক্ষ ও বুল জগতের বিকাশ হয়। এমনি করে জগতের বিকাশের সঙ্গে শক্তিরও নানা বিভৃতি-মূর্তির আবির্ভাব হয়।

কিভাবে শক্তির প্রথম ক্রণ হয় সে সমস্কে আচার্য ভাষররায় লিখেছেন শক্তিতে লীন জীবের কর্ম ধ্যন পরিপক হয় তথন সেই কর্মকল প্রদানের জন্ত পরশিবের সিম্কাল্মিকা মায়াবৃত্তি উৎপন্ন হয়। পরশিবের ইচ্ছারূপা মায়াবৃত্তি বা মায়াশক্তিই শক্তির প্রথম ক্রন। মায়ার এই অবস্থা ইক্সন, কাম, তপ: বিচিকীধাদি শক্তের ধারা বর্ণিত হয়।

**এত্রান্ত সমর্থন**—এই মত যে ঐতিদশ্বত ভাষ্কররায় উপনিষং থেকে ম**ছ° উদ্ধা**র করে তা প্রতিপন্ন করেছেন। ঐতরেয়-উপনিষদে আছে°—সৃষ্টির পূর্বে নামরূপ ও কর্মস্রেদে বিভিন্ন এই জগং অন্বিতীয় আল্লাম্বরূপই ছিল। নিমেধাদি ক্রিয়াশীল কিছুই ছিল না। সেই আল্লা ঈশ্বন করলেন, আমি লোকসমূহ স্কলন করব।°

তৈত্তিরীয়-উপনিষদেও বলা হয়েছে সেই পরমাস্থা কামনা করলেন আমি বছ হব, আমি উৎপন্ন হব।

বিমর্শাক্তি—'দ ঈক্ত', 'বছ সাং প্রজারের' ইত্যাদি স্রতিতে স্টের প্রাক্কারে পরবন্ধের বে প্রথম ক্ষ্রণ উক্ত হয়েছে তাই বিমর্শ। বলা হয়েছে প্রকাশান্ধক পরবন্ধের স্বাভাবিকী ক্রব্রা তাঁর বিমর্শক্তি। ইনিই চরাচর মধিল মগতের স্টেও সংহার করেন।

ত্রিক-দর্শনের প্রসঙ্গে আমর। বিমর্শপক্তির আলোচনা করেছি। এ বিষয়ে শৈব এবং শাক্তমত একই রকম। শিব প্রকাশ, শক্তি বিমর্শ। বিমর্শ প্রকাশেরই ধর্ম। শিবশক্তি

১ वे २ ल म, शृः ३ । 8

৩ জঃ ঐ উপ ১৷১৷১ ; তৈ উপ ২৷৬ , মু উপ ১৷১৷৮ ; ছা উপ ৬৷২৷৬

आजा वा देवरमक এवाध जागीर। नाजर किकन निकर। म मैक्क लाकांक प्रका देखि।—में छैप ११२१२

छेरबायन कार्यागत-ध्यकानिक छैशनिवर-अञ्चादनीत ब्राचा अनुस्ट इरहरह ।

সোহকাষরত বহু স্থাং প্রজারেরেতি ৷—তৈ উপ:২।

প্রকাশ করেন্দ্রণ: বাতাবিক: ক্রণং বিষশ ইভাচাতে। তর্তাং সৌভাব্যরখোদরে—
বাতাবিকী ক্রতা বিষশ্রপাক্ত বিভাতে প্রভিঃ।
সৈব চরাচরমবিলং জনরতি জগরেত্বপি চ সংহরতে।—কৌর, পুঃ ১৮-১৯, পার্টীকা

ব্দ্ধণত: অভিন্ন; উভয়ের ভেদ কল্পনামাত্র। কাজেই প্রকাশ ও বিমর্শের মধ্যে ব্দ্ধণত: ভেদ নেই; ভেদটা কলিত। ধর্মধর্মিশক্ষও কলিত। বস্তুত: যিনি ধর্ম তিনিই ধর্মী। অর্থাং ব্দ্ধণত: প্রকাশ ও বিমর্শ অভিন্ন।

প্রকাশ ও বিমর্শকে বেখানে পৃথক্ ভাবা হয় দেখানেও উভয়ের অবিনাভাবসমন্ধ বীকার করা হয়। প্রকাশ ছাড়া বিমর্শ বেমন ক্ষমশুব তেমনি বিমর্শ ছাড়া প্রকাশের স্থিতিই সম্ভব নয়।

লক্ষ্য করা গেছে বিমর্শবিক্তই স্বতন্ত্রা চিৎশক্তি, পরাশক্তি।

পরমণদ —মহামহোণাধ্যায় গোপীনাথ কবিরাদ্ধ মহাশয় লিথেছেন — "এই বিশ্বের মৃলে যে পূর্ণ সত্তা পারমার্থিকরণে বর্তমান তাই শক্তির পরম রূপ। বিশুদ্ধ চৈতন্ত বললে এর ঠিক পরিচয় দেওয়া হয় না, সচ্চিদানন্দ শন্দের ঘারাও এর ষ্থাষ্থ নির্দেশ করা থায় না। অবাঙ্মনদোগোচর, অনির্দেশ, অবর্ণনীয় এই পরমার্থসত্তাকেই শাল্পে 'পরমপদ' বলা হয়েছে। এই পরমার্থসত্তা সং কি অসং তা লৌকিক বিচারের বিষয় নয়, তব্ বিচারদৃষ্টি নিয়ে আলোচনা করলে শীকার করতে হয় উক্ত সত্তায় প্রকাশ আর বিমর্শ উভয় অংশই অবিনাভ্তরূপে বর্তমান। শিবশক্তিশ্বরূপ প্রকাশ এবং বিমর্শের নিতা সম্মই চৈতন্তরূপে মহাপুক্ষদের অভ্তবগমা এবং শাল্পে প্রচারিত হয়। কিন্তু চৈতন্ত হলেও প্রকাশ এবং বিমর্শের সামাবেয়া হওয়ার জন্ত অব্যক্তই থেকে যায়। এই অবস্থারই অন্ত নাম 'পরমপদ', এ বিষয়ে কোনো সন্দেহ নাই। এই সামাবেয়ায় মহাশক্তিশ্বরূপা অনাদি শক্তি পরম্পদিণ, এ বিষয়ে কোনো সন্দেহ নাই। এই সামাবেয়ায় মহাশক্তিশ্বরূপা অনাদি শক্তি পরম্পদিণ, এ বিষয়ে কোনো সন্দেহ নাই। এই সামাবেয়ায় মহাশক্তিশ্বরূপা অনাদি শক্তি পরম্পদিণ, এ বিষয়ে কোনো সন্দেহ নাই। এই সামাবেয়ায় মহাশক্তিশ্বরূপা আনাদি শক্তি পরম্পদিণ, এ বিষয়ে কোনো সন্দেহ নাই। তবে এতে এর স্বর্পদৃষ্টতে এই অবস্থাকে একপ্রকারে পদ্রন্ধভাবেরই নামাম্বর বলা যায়। তবে এতে এর স্বর্পদৃত্ত থাতয়া নিতা বর্তমান থাকার জন্ত এটি ব্রম্বতন্ত থেকে বিলক্ষণ। মহাশক্তিশ্বরূপ এই পরম্পদ্ধ আর নিষ্ণা অথবা পূর্ণকল পরমেশ্বর কিন্তু এক নয়। কারণ নিষ্কল, নিষ্কল-সকল, আর সকল এই তিন বিশ্বেরই অবস্থা। কিন্তু মহাশক্তি সর্বাতীতা, তিনি বিশ্বান্ধিকা হয়েও বস্ততঃ বিশ্বোতীর্ণা।

এই বিশাতীত পরষ্পদে নিতাসাম্য ভয় হয় না কিন্তু তবু এরই স্বাতন্ত্রস্থান্দ আর্থবিলাদের দারা একপ্রকার ভয়বং অবস্থা তথা বৈষ্ম্যের উত্তব হয় এবং এই বৈষ্ম্যের
ফলস্বরূপ গুণপ্রধানভাবে বটু ত্রিংশক্তর্বমন্ত্রিত বিশের আবির্ভাব হয়। বলা-বাহল্য অথগু
পরমার্থস্বরূপ শিবশক্তি থেকে অভিন্তরূপ হলেও স্বাতন্ত্রক্তনিত বিক্ষোতের জন্য ওঁরই দারা বা
ওঁরই মধ্যে বিশ্বপ্রপঞ্চের উদয় হয়। কাজেই কার্ব, স্ক্ষ্ম এবং স্থুল এই ত্রিবিধ ভাগবিশিষ্ট
বিশ্ব মৃলতঃ শক্তিরই বিকাশ এ স্থানিশ্বিত।

भिक्तिपास्त्रां, क्ष्म च, नृ: ६० - ६ मिक्कायना, क्ष्म च, नृ: ६०-६१

ক্ষি সহামহোপাধ্যায় কবিরাক্ষ মহাশয় আরও নিথেছেন "পরাশক্তি আত্মগর্ভয় এবং নিজের সঙ্গে একীভূত বিশবে অর্থাৎ প্রকাশকে দেখার জন্ত উয়্থ হন। তখন মাত্রাবিছিয় নিব এবং শক্তি সাম্যভাবাপয় হয়ে বিল্কুয়পে পরিণত হন। এক মাত্রা শক্তি-অংশ এবং এক মাত্রা নিব-অংশ সমভাবে নিয়ে এই বিন্ধু সংঘটিত হয়। আচার্যেরা শক্তি-অংশকে বলেন আত্মিকাশক্তি । এই অবস্থায় পরাশক্তি আত্মপ্রকাশ করেন পরাবাগ্রমপে। এইটি শক্ষের প্রথম ভূমি বা তার। এইটিই প্রশবের পরম রূপ অথবা বেদের অর্কণ।

এই ভূমিতে পরাশক্তি আত্মগর্ভন্থ বিশ্বকে নিতাবর্তমানক্ষপে দেখেন। এখানে অতীত আর অনাগতরূপ খণ্ডকালের সন্তা নাই; দ্র নিকটের ব্যবধান নাই; কার্য এবং কারণের কঠোর নিয়ম এখানে অপরিক্ষাত; এখানে কোনো বিক্ষোত নাই, চাঞ্চল্য নাই। এ শাস্তিময় অবস্থা। এই আদিম ভূমিতে পরাশক্তির হারা আত্মক্ত্রণের দর্শন আর বিশ্বের আবির্তাব একই কথা, দৃষ্টি আর সৃষ্টি সমানার্থক।

এর পরে শক্তির ক্রমবিকাশ হতে হতে শাস্তাশক্তি পরিণত হয়ে বান ইচ্ছা-রূপে আর অধিকাশক্তি বামা-রূপে। এই উভয় শক্তির সামরক্তময় বে-অবস্থা তাই শব্দের বিতীয় স্তর; এই স্তরে পরাবাক্ পশ্চন্তীবাগ্রূপে পরিশত হন। ইচ্ছাশক্তির প্রভাবে এখান খেকেই দেশকালাবচ্ছির স্কটির আরম্ভ।

এর পরের অবস্থায় শক্তি-অংশ দেখা দেন জ্ঞানশক্তিরশে আর শিব-অংশ জ্যেষ্ঠা-শক্তিরপে। উভরের সামরশুমর অবস্থা শব্দের তৃতীয় স্তর। এই অবস্থায় পশুস্তীবাক্ মধ্যমা-বাগ্রপে পরিণত হন।"

এর পরের স্থারে জ্ঞানশক্তি ক্রিয়াশক্তিরপে এবং জ্যেষ্ঠা-শক্তি রৌত্রীশক্তিরপে পরিণত হন। উভয়ের সামরক্তময় অবহা শক্তের চতুর্ব স্তর। মধ্যমাবাক্ এই স্তারে বৈশ্বীবাগ্রূপে পরিণত হন।"

"কাজেই, দেখা যার শক্তির হুই অবস্থা—অব্যক্ত বা প্রশীন অবস্থা এবং অভিবাক্ত অবস্থা।

<sup>&</sup>gt; 3, 9; 69-64

২ আচার্য ভাষররার বরিবভারহতের (২।০০-০৫) টাকার লিবেছেন—একাশভাংশকৃতা বামাজ্যেলারাজ্যশক্তরভিত্রেলার ক্রবিক্তরতাং প্রেপাঃ। তৎসরটা লাভা-আছিকা পজিন্তরীরা। বিক্লিভাংশকৃতা ইছ্টালানারিরাঃ
শক্তরভিত্রত্বভাগাহেন প্রসিদ্ধা ভারতীপূলিবীরজাণাঃ রীরুলাঃ। তৎসরটার্নিবকা-আছিকা শজিন্তরীরা।
প্রকাশের অংশকৃতা বামা জ্যেলা রৌজী এই তিন পজি প্রেপাঃ। এঁরা ক্রছা বিক্ করা। এই তিন পজির সমটি
শাভাছিকা শভি ভুরীরা। বিমর্শের অংশকৃতা ইছ্ছ জ্ঞান ক্রিয়া এই ভিন পজি রীরুণা। এঁরা ভারতী পৃথিবী ও
রুজানী নামে ক্রছা বিক্ ও ক্রের ভাগা বলে প্রসিদ্ধ। এই ভিন পজির সমটি অধিকাছিকা শজি ভুরীরা।

० मिल्लाबना क म ख, गुः बन

প্রথমোক্ত অবস্থায় শক্তি শিবের সঙ্গে একাকার হয়ে শিবরূপেই বিরাজ করেন এবং শেবোক্ত অবস্থায় তত্ত্বময় বিশ্বরূপে একই সঙ্গে ক্রমশঃ আবি ভূত হন"।

স্থানি ক্ষাবে প্রাধান্ত —শিবশক্তি এক হলেও সংহারকার্যে শিবের এবং স্টেকার্যে শক্তির প্রাধান্য স্থীকার করা হয়। পরাশক্তি স্বতন্ত্র বলে পরাবাক্ প্রভৃতি ক্রম স্ববস্থন করে স্থানিকার করা হয়। পরাশক্তি স্বতন্ত্র বলে পরাবাক্ প্রভৃতি ক্রম স্ববস্থন করে স্থানিকার করেন এবং তদনস্কর স্থানি বিশেষ কেন্দ্রন্থানে স্ববস্থিত হয়ে তাকে নিয়মন করেন। স্বামরা কল্য করেছি এই স্বতন্ত্রা শক্তিই ক্রমশঃ ইচ্ছো-ক্রান-ক্রিয়া-স্বাকার প্রাপ্ত হয়ে বৈচিত্র্যের স্বাবির্তাব ঘটান এবং বিশ্বরূপ ধারণ করেন। শিব তটস্থ এবং উদাসীন প্রেক নিরপেক্ষ সাক্ষিরপে স্বাপন শক্তির এই লীলা দেখেন।

মূলা প্রকৃতি—পরাশক্তির বিভিন্ন নাম ও রূপ। তিনি মূলা প্রকৃতি। থার প্রকৃতি
নাই তাকেই মূলা প্রকৃতি বলা হয়। মহাভাগবতে বলা হয়েছে প্রকৃতি স্বয়ং স্বেচ্ছায়
আপনাকে মায়া, বিছা এবং প্রমা এই ত্রিবিধরূপে বিভক্ত করেন। মায়া বিমোহিনী
সংসার-প্রবর্তিকা শক্তি। "বিনি পরিস্পন্দাদি ব্যাপার-বিধায়িনী চৈতন্তমন্ত্রী সঞ্চীবনী শক্তি
ভিনি পরমা।" তম্বজ্ঞানান্ত্রিকা সংসারনিবর্তিকা শক্তি বিছা।

মারা ও বিশ্বা—মাতৃকাচক্রবিবেকের চীকায় শিবানন্দ মূনি লিখেছেন বিমর্শই ইদস্তা বা ইদংভাবের প্রাধান্তের সহিত বধন অবভাসিত হন তথন তাঁকে বলা হয় মায়া আর বধন সংংতা বা অহংভাবের প্রাধান্তের সঙ্গে অবভাসিত হন তথন তাঁকে বলা হয় বিভা।

পরাশক্তি বিদ্যা-অবিদ্যা-অরপিণী। অবিদ্যারূপে তিনি দ্বীবকে সংসার-বাঁধনে বাঁধেন আর বিভারপে তার মুক্তিবিধান করেন।

বিছা অর্থ ব্রহ্মজান। ব্রহ্মজানেই মৃক্তি। পেইজর বিছা মৃক্তি বিধান করেন। এই প্রদক্ষে বলা যায় ব্রহ্মজান প্রোক্ষ হতে পারে আবার অপ্রোক্ষণ্ড হতে পারে। "আগুরাকা,

<sup>&</sup>gt; मिल्याधना, क म बा, शुः ६४ २ डे

৩ বস্তা ন প্রকৃতিঃ দেরং মূলপ্রকৃতিসংক্ষিতা।—পঞ্চরাতাগমবচন, জ: ল ন, সৌ ভা, গু: ১০৪

উষা চকার চাল্লানং বেদ্ধরা প্রকৃতি বরং। মারা বিভা চ পরবেতোবং দা ত্রিবিবাহতবং।
মারা বিমোহিনী পুলোং বা সংসার-প্রবর্তিকা। পরিশালালিনিক বা পুলোং দা পরমা মতা।
তথ্যজানালিকা চৈব দা সংসার-বিবর্তিকা।—মহাভাগবত ২০০০-০৯ জঃ ও ত, পৃঃ ২০০

বিদৰ্শ এব ইক্টোখণোন ভাসমাৰো মারা ইত্যাচাতে।
 ন এব অহন্টোখণোন বিভোভসামো বিভোভ শীরতে।—রঃ শাক্তাকৈতবার, ক শ অ, পৃঃ ৩৪০

৬ (ক) বুকৈৰ সাতি ছ্লাপা বিভাবিভাবদ্ধশিদী ৷—বেৰীভাগৰভবচন, ত্ৰ: ল স, সৌ ভা, পৃ: ১০৬

<sup>(</sup>व) विद्याविष्यत्रि द्ववा त इतने सानीहि नार्षिय । अस्त्रा मुहात्व सञ्ज्ञान वशत्व नृताः ।—य

१ विष्ठा वृत्रकानगणना ।--- इ न ১।३३ आहरूत्र ठळूवडी-जैका ।

ण व्यामः (मारेक्ककाश्यम् ।—दको केश्, ७ (शृः २ )

শাস্ত্রপাঠ ও অন্থ্যান প্রভৃতির ছারা খে-জ্ঞান হয়, তাহার নাম পরোক্ষ্ঞান, আর ইন্ধিরের ছারা খে-জ্ঞান জন্মে, তাহার নাম অপরোক্ষ বা প্রত্যক্ষ জ্ঞান।" অপরোক্ষ ব্রক্ষ্ঞানই মোক্ষের কারণ। ওতবে শাস্ত্রালোচনা প্রভৃতির সাহাব্যে প্রথমে পরোক্ষ ব্রক্ষ্ঞান লাভ করলে পরেই অপরোক্ষ ব্রক্ষ্মান লাভ হতে পারে।

শাক্ততন্ত্রের অভিযত— সনাতন ব্রন্ধকে জানার বহু উপায় আছে বটে, তবু শক্তির সহায়তায় অর্থাৎ শাক্তমতের সাধনার শীম্ম প্রত্যক্ষ ব্রন্ধজ্ঞান লাভ হয়।\*

**অবিভা**—বিভা অবিভার কথা হচ্ছিল। যা বিভা নয়, তাই অবিভা।° অবিভা অজ্ঞান। কেন না, অজ্ঞানই বছন। চিঁতির পরিচ্ছি**রস্কানই অজ্ঞান।**° ★

অবিছা জীবকে পশ্চ বন্ধনে বন্ধ করেন। এই পশ্চ বন্ধন ত (১) অনান্ধার আন্মবৃদ্ধি। বেষন দেহ মন এ-সব আন্মানর, অবচ এদের আন্মা মনে করা। (২) আন্মার অনান্ধবৃদ্ধি। পরবন্ধই আন্মা অবচ তাকে আন্মা বলে না জানা। (৩) জীবদের পরস্পর ভেদজান। সব জীবই স্বন্ধপতঃ ব্রন্ধ। কিন্তু জীব তা জানে না বলে পরস্পরকে ভিন্ন মনে করে। (৪) ঈশ্বর থেকে আন্মার ভেদ। ঈশ্বর ও আন্মা স্বন্ধপতঃ অভিন্ন, কিন্তু তবু জীব ঈশ্বর থেকে নিজেকে ভিন্ন মনে করে। (৫) চৈডক্ত বেকে আন্মার ভেদ। আন্মাও চৈডক্ত অভিন্ন হলেও জীব আন্মাকে চৈডক্ত থেকে ভিন্ন মনে করে।

একই শক্তির বিভিন্ন নাম—কাজেই দেখা গেল মারা, বিদ্যা, অবিদ্যা ক্রিয়াভেদে ভিন্ন মনে হলেও তবদৃষ্টিতে একই শক্তি।

দেবীভাগবতে বলা হয়েছে—এই শক্তিকে কেউ বলেন তপা, কেউ তমা, অক্সেরা বলেন জড়, জ্ঞান, মায়া, প্রধান; প্রকৃতি, অজা শক্তি। শৈবশাস্থবিশারদেয়া তাঁকে বলেন বিমর্শ আর বেদত্বার্থচিস্ককেরা অবিদ্যা।

- ३ तको त्र, शुः ७८ २ जे
- ৪ অবিভা বিভেতরা।—ছু স ১।৪৪ রোকের শাস্ত্রবী-চীকা।
- চিত্তে: পরিক্ষিত্রক্ষজানবেবাজানন্। এতচোজানং বন্ধ ইতি শিবসত্তা বৃদ্ধিকৃতা শন্তং বিদ্ধাণিতন্।
   ত্রি র, জা ব, পৃঃ ६६
- ৬ অনামভান্নতান্তিরামভনান্নতান্তি:··· •লীবানাং পারশার কেন ক্রমণান্ কেন্টাভডভান্ কেন ইতি আন্তরেশ সহ প্রকালনিক্ষের চতুর্বন মন্ত্রের ভাতররাম্বরুভ ভাতর
- १ को इ, शृः भ
- কেচিডাং তপ ইত্যাহত্ত্বং কেচিজ্জান্ধ পরে। জাবং বায়য় প্রবাদক প্রকৃতিং প্রক্রিকান্ধান্।
   বিদলি ইতি তাং প্রায়ং লৈকণান্ত্রিনারকা:। অবিভাষিত্রের প্রায়ংক্রিকার্ডার্থানিকার ক্লাক্রিকার্কার ক্লাক্রিকার
   কলাক্রিকার
   ক্লাক্রিকার
   কলাক্রিকার
   কলাক্রিকার

মারা ও মারেশরী—আরেকটি কথা, শাক্তমতে সচিদানশর পিণী ভগবতী মহামারা মারেশরী। পরমার্থতঃ মহামারা আর মারাতে কোনো ভেদ নাই। ভেদটা কল্লিত। দেবীভাগবতে দেখা বায় মহাদেবী বলছেন সেই মারা পরা শক্তি আর আমি শক্তিমতী ট্রারী। শক্তি আর শক্তিমতীতে কোনো ভেদ নেই।

<sup>&</sup>gt; मारतपतीर जनवजीर मिकवानमञ्जलिनीय । बारतस्था बातरतक व्यन्तमक व्यनस्थल ।-- त चा ०१०>।४०

<sup>&</sup>lt; সা চ মারা পরা শক্তিং শক্তিকভাহবীবরী।—ই ১২।৮।৩৩

## দশম অধ্যায়

## माधना ও শाकु पर्मन

শাক্ত দর্শনের প্রাচীনত্ব—সনাতন ধর্মীয় অন্তান্ত প্রধান প্রধান উপাসক সম্প্রদায়ের মতো শাক্ত সম্প্রদায়েরও নিজম দর্শন আছে। কিছু এই দর্শন করে থেকে প্রচলিত হয়েছে নির্ধারণ করা কঠিন।

সর্বদর্শনসং গ্রহাদিতে শাক্ত দর্শন থাই—'সর্বদর্শনসংগ্রহ' প্রভৃতি কোনো দর্শনসংকলনগ্রহে শাক্ত দর্শন সংকলিত হয় নি। সর্বদর্শনসংগ্রহ রচিত হয় চতুর্দশ খৃষ্ট শতকে। ই ঐ
শতাবীতেই রচিত হয় রাজশেশব স্থারির বড় দর্শনসমূচ্য়। ই আদশ শতকে রচিত হয় হরিভদ্র
স্থারির বড় দর্শনসমূচ্য়। ই সর্বদর্শনসিদ্ধান্তসংগ্রহ আচার্য শহরের রচনা মনে করা হয়।
অবশ্র গ্রহ্থানাকে শারীরকভাক্তকার শহরাচার্যের রচনা বলে অনেকেই শীকার করেন না। ই
এই-সব কোনো গ্রহেই শাক্তদর্শনের আলোচনা নাই বা তার নামোলেধণ্ড করা হয় নি। ই

না থাকার কারণ—এর কারণ কি ? এ সহজে একাধিক অনুমান সম্ভবপর। প্রথমেই মনে হতে পারে এই-সব গ্রন্থ সংকলনের সময়ে শাক্ত দর্শন ছিল না। এইজন্মই এই-সব সংকলনগ্রন্থে শাক্ত দর্শন স্থান পায় নি। আবার এমনও হতে পারে সংকলনগ্রন্থগুলি রচনার সময়ে শাক্ত দর্শন ছিল কিছু সম্প্রদায়ের বাইরে তার বিশেষ প্রচার ছিল না। এইজনাই সংকল্যিতারা তাঁদের গ্রন্থে শাক্তদর্শনের আলোচনা করেন নি।

লক্ষ্য করা গেছে শক্তি সহজীয় তব শ্রুতিতেই স্মতিবাক্ত হরেছে। চতুর্দশ খুই শতকের পূর্বে রচিত আগম ও তন্ত্র-গ্রন্থও পাওয়া গেছে। এই-সব আগমতন্ত্রাদিতে শক্তি সম্বন্ধীয় তব প্রচারিত হয়েছে। কিন্তু মনে হয় শাক্তর; এই-সব তন্ত্বকে বিচারবিতর্কমূলক দার্শনিক আকারে প্রকাশ করার চেষ্টা করেন নি। প্রশ্ন হবে কেন করেন নি । উন্তরে বলা হয় করেন নি তার কারণ শাক্ত তন্ত্রাদিতে বে-সব গুড় তক্ত উদ্যান্তিত হরেছে সেগুলি সাধনলক; দার্শনিক বিচারের হারাও সেই-সব তব্ব স্থনধিকারী সাক্ষ্যের বোধগমা হয় না। সেইজ্লাশক্ত সাধকেরা সে-সব তব্বকে দার্শনিক বিচারের বিষয়ীভূত করা নির্মাক্ত মনে করেছেন। প্রাক্ত সাধকেরা সে-সব তব্বকে দার্শনিক বিচারের বিষয়ীভূত করা নির্মাক্ত মনে করেছেন।

<sup>)</sup> H. S. L : Keath, p. 500

<sup>₹</sup> Dey and Das Gupta : H. S. L , Vol. 1, p. 896.

<sup>\*</sup> H. Sath. L., p. 228 8 H. S. L.; Keath, p. 500

<sup>6</sup> Sakta Philosophy, H. Ph. E. W., p. 425, n. 2

<sup>•</sup> Ibid, p. 401 • Ibid.

শাক্ত সাধকদের চরম লক্ষ্য ছিল সাধনলৰ অবৈতসিদ্ধি। দার্শনিক কৃট বিচারের দিকে তাদের কোনো লক্ষ্য ছিল মনে হয় না। কেন না তাঁরা ভাল করেই জানতেন "দর্শনশাল্পের কৃট বিচারশক্তি আর সাধনলৰ অবৈতসিদ্ধি তুই এক পদার্থ নহে।"?

ভত্তে দর্শনের অনাদর—সেইজন্ত তত্তে দর্শনের প্রতি অনাদরই লক্ষ্য করা যায়।
ক্লার্গবতত্তে বলা হয়েছে—মোক্ষের কারণ অপরোক্ষ তত্ত্তান। পশুরা যড়্দর্শনমহাকৃপে
নিপতিত। পশুপাশনিয়ন্তিত এই-সব ব্যক্তি পরমার্থ জানে না।

কামাখাতেরে কথাটা আরেকটু বিশ্বত করে বলা হয়েছে। বলা হয়েছে—হাতা বেমন রফন-করা বস্তুর রদ কেমন তা জানে না তেমনি বঁড় দর্শনমহাকূপে পতিত পশুরা পরমার্থ কেমন তা জানে না। কদলীবৃক্তে এবং এরগুর্কে বেমন সার নাই তেমনি দর্শনে মৃদ্ধিনাই। মৃগরা বেমন মরীচিকার কাছে গিয়ে ফিরে আসে তেমনি মৃম্কুরা দর্শনের কাছে গিয়ে ফিরে আসে। স্থী বাক্তি প্রথমে অগুকর প্রসাদে মৃক্তিলাভ করবে, তার পর কৌতৃহল চরিতার্থ করার জন্ত সর্বশাস্থের আলোচনা করবে।

কাঙ্গেই দেখা যা**ছে তন্ত্ৰমতে দৰ্শনাদি শান্ত্ৰের কৌতৃহল চরিতার্থ করা ছাড়া অক্ত** উপযোগিতা **অস্ততঃ মোক্ষাধনের ব্যাপারে বীকৃত নয়।** 

তত্ত্বে বিচারের উপযোগিতা স্বীকৃত—তবে দর্শনের প্রতি অনাদর দেখান হলেও গুলে বিচারের উপযোগিতা বীকার করা হয়েছে। তবজানরূপ পরম-শ্রেয়োলাভের প্রথম গোপান বিচার। ত্রিপ্রারহক্তে বলা হয়েছে—বিচার সমস্ত শ্রেয়ের মৃল। বিচারকে পরমশ্রেয়োরূপ মহাসোধের প্রথম সোপান বলে জানবে। উত্তম বিচার ছাড়া কার কি ভাবে ক্রেমপ্রাপ্তি হবে ?\*

উক্ত গ্রন্থের মতে পরমা দেবী আরাধনায় সম্ভষ্ট হলে সাধকের চিদাকাশে সর্ধের মতো উজ্জ্ব বিচারক্ষপতা প্রাপ্ত হন।

- ১ ভত, পৃঃ 🏎
- নোকত কারণং সাকাভব্জাবং কুলেবরি। বড় বর্ণনমহাকুপে পতিতাঃ পশবঃ প্রিয়ে।
   পরমার্থং ব জাবভি পশুপাববিরয়িতাঃ ।—কুত, ১ব উলাস।
- বড়ংশনমহাকুপে পতিতা পলবঃ প্রিরে। পরমার্থং ন কানতি হবাঁ পাকরসং বপা।
  ন সারঃ কলগীবৃক্ষে নৈরতে তু ওভাবনে। হর্ণনে তু তথা মুক্তি হবি মরোনিতন্।
  বধা মরীচিকারাত নিরততে প্রাক্তিরাঃ। হর্ণনেতাঃ নিরততে তথা মুক্তির প্নঃ।
  ক্রীভারোক প্রসাধেন মুক্তিরারো সধা লভেং। বিচরেৎ সর্বলারেরু কৌতুকার ততঃ হথী।
  ক্রামা ত. ৮ব পটল।
- বিচার: সর্বন্দং হি সোপারং প্রথম ভবেং। পরজেরোমহাসৌনপ্রাথ্যে জানীহি সর্বধা।

  মবিচারস্থত ক্ষেত্রান্তিঃ ক্ষা ক্ষেত্রবেং।—জি র, জা ব, ১)৫১-৫২

  নাবিতা পরনা দেবী সমাক জুটা সভী ভলা। বিচারস্থপতাং বাতি চিতাকানে রবির্বধা।—নি ২।৭০

দর্শনশান্তের ভিত্তিই বিচার। অভএব বিচারের উপযোগিতা খীকার করায় তত্ত্বে পরোক্ষভাবে হলেও দর্শনের উপযোগিতা কিছুটা অবশ্রুই খীকার করা হয়েছে।

অতম্ব শাক্ত দর্শন—তবে মনে হয় শাক্ত সম্প্রদায় গড়ে উঠার পরও অনেক কাল পর্বস্থ অতম শাক্ত দর্শন প্রচারিত হয় নি। দর্শন সম্বন্ধে শাক্ত সাধকদের আগ্রহের অভাব এবং প্রতিকৃল মনোভাব ছাড়াও এই কার্বের আরেকটি কারণ নির্দেশ করা হয়। পরমেশরী-বা পরমেশর-প্রোক্ত তত্ত্বভিলি সম্পর্কে শৈব দর্শনে বে-আলোচনা আছে সাধারণ মাহুবের পক্ষেতাই যথেই। এই ওলিকে আবার নৃতন করে দার্শনিক প্রণালীবন্ধ করার প্রয়োজন বোষ হয় নি। এইজন্মই প্রথমে পূথক্ শাক্ত দর্শন প্রচারিত হয় নি।

শাক্ত দার্শনিক মতের প্রাচীন নিদর্শন—তবে দর্শনসংগ্রহ-গ্রন্থতির রচিত হওয়ার বহু পূর্ব থেকেই শাক্ত দার্শনিক মত প্রচলিত ছিল তার প্রমাণ আছে। আচার্য সোমানন্দ তার শিক্ষান্ত গ্রাহর তৃতীয় আহিকে শাক্ত মত (শক্তান্মবাদ) থওন করেছেন। প্রভাবি সোমানন্দ নবম খুট্ট শতকের শেষার্ছে জন্মগ্রহণ করেন। প্র

বীরশৈবমতের খ্যাতনাম। স্বাচার্য শ্রীপতি পণ্ডিত চতুর্দশ খুষ্ট শতকে জীবিত ছিলেন। । তিনি শ্রীকরতাক্তে অন্যান্ত মতের সঙ্গে শাস্ক মতেরও স্বালোচনা করেছেন।

কাজেই শাক্ত দার্শনিক মত যে অস্বতঃ নবম গৃষ্ট শতক থেকে প্রচলিত হয়েছিল এবং চতুর্দশ শতকে অক্সান্ত দার্শনিক মতের মতে। কোনো কোনো ক্ষেত্রে প্রসিদ্ধি লাভ করেছিল তার প্রমাণ পাওয়া যাছে।

শক্তি সম্বন্ধীয় তত্ত্ব কিন্তু প্রাচীন কালেই প্রতি এবং শৈবাগমে অভিব্যক্ত হয়েছে। এই-সব তত্ত্ব সাধনলবা; দার্শনিক বিচারবিতর্কের উপর নির্ভরশীল নয়। এ কথা আমরা পূর্বেও বলেছি। এই-সব তত্ত্বকে ভিত্তি করেই পরবর্তী কালে শাক্ত ফর্মন গড়ে উঠে।

আনে ধর্ম পরে দর্শন—আগে ধর্ম, পরে দর্শন। সব বর্মমতেরই মোটের উপর এই একই ইতিহাস বলা বায়। ধর্মমতের সঙ্গে যুক্ত না হয়েও অবশ্র দর্শন থাকে। কিয় ধর্মমতকে স্প্রতিষ্ঠিত হতে হলে তার দর্শন থাকা চাই। আমাদের দেশের প্রধান প্রধান ধর্মমতগুলি দীর্ঘকাল ধরে দর্শনের সঙ্গে যুক্ত। এমনকি ধর্মায়েকে দার্শনিক চিন্তার নিদর্শন আছে। বৈদিক কবিরা ওপু বে দেবতাদের উদ্দেশ্তে মন্ত্র রচনা করে তাঁকের ভবততি করেছেন তা নয়, তাঁদের বরুপ সম্বন্ধেও চিত্তা করেছেন এবং সকল দেবতা বে একই পর্মদেবতার রুপভেদ্যাত্র তাও বলেছেন।

<sup>&</sup>gt; Sakta Philosophy, H. Ph. E. W., p. 401 4 14, Intro., p. ii

O J P. iii. 8 Bhaskari, Vol. 111, Intro. P. XLIII & Burnty, of too

Dr. Bhagawandas: Intro., C. H. I., Vol. IV., P. &.

ভারতের প্রধান ধর্মসভগুলি দার্শনিক যুক্তিবিচারের দারা দৃঢ়প্রতিষ্ঠ। প্রভাক প্রধান ধর্ম মতেরই নিজস্ব দর্শন আছে। যদি কোনো ধর্মমতের দর্শন না থাকে তা হলে সাধারণতঃ জানী-গুণীদের কাছে সে-ধর্মসভ আদৃত হর না, বার দর্শন আছে এরপ ধর্মসভের তুলনার বিঘান ব্যক্তিদের কাছে নিক্কাই প্রতিপন্ন হয়।

শাক্ত বর্ধের দার্শনিক সমর্থন—এই কয় শাক্ত ধর্মেরও দার্শনিক সমর্থন অপরিহার্ধ হয়ে পড়ে। শক্তিছর, পরশুরামকরছর, বামকেশরতর, তররাজতর, ভারনোপনিবদ, কোলোপনিবদ, ত্রিপুরামহোপনিবদ প্রভৃতি বিভিন্ন গ্রন্থে এবং আচার্ব ভালররার প্রম্থ তরবিশারদ পণ্ডিতদের রচিত গ্রন্থানিতে শাক্তমতের দার্শনিক দিকের পরিচয় আছে। তালররগাররচিত সেতৃবন্ধ (বামকেশরতরার্গত নিভাাধোড়শিকার্শবের টীকা), বরিবস্তারহস্ত, সোভাগাভালর (লগিতাসহত্রনামের টীকা), এবং শুপুবতী (হুর্গাসপ্রশতীর টীকা) প্রভৃতি গ্রন্থ এই প্রসঙ্গে বিশেষভাবে উরোধযোগ্য।

প্রভাগেশনে শাক্ত দার্শনিক তন্ত্ব প্রত্যভিজ্ঞাদর্শনে শক্তি সম্বনীয় দার্শনিক তন্ত্বও আলোচিত হরেছে। শাক্ত দর্শনের ক্ষেত্রে ত্রিকমত-ব্যাখ্যাতা আচার্যদের দান প্রভ্ত। মহামহোপাধ্যায় গোপীনাথ কবিরাল মহাশয় আচার্য অভিনবগুপ্তকে শাক্ত সংস্কৃতির আত্মা বলে অভিহিত করেছেন (verily the soul of Śakta culture)। আচার্য ছিলেন প্রখ্যাত কৌল। তার বিবিধ রচনায় শৈবশাক্ত দর্শনের ষে-ব্যাখ্যা আছে তা অতুলনীয়। বিশেষ করে তার তন্ত্রালোককে ত শৈবশাক্ত দর্শনের বিশ্বকোষ বলা যায়।

শাক্ত দর্শনের ক্ষেত্রে গোরক্ষ প্রভৃত্তি আচার্যদের দান—আচার্য অভিনবগুণ্ডের পরবর্তী আচার্যদের মধ্যে শাক্ত দর্শনের ক্ষেত্রে গোরক্ষ, পুণানক্ষ, নটনানক্ষ, অমৃতানক্ষ, বতিয়ানক্ষ এবং ভারুররায়ের দানের কথা বিশেষভাবে শ্বরণীয়। গোরক্ষ ওরক্ষে মহেশ্বরানক্ষের বিখ্যাত গ্রন্থ মহার্থমঞ্জরী। পুণ্যানক্ষের কামকলাবিলাদ একখানা প্রামাণ্য গ্রন্থ। নটনানক্ষ এই গ্রন্থের চিদ্বলী নামে টীকা রচনা করেছেন। বামকেশ্বরভদ্রের অস্কর্গত নিত্যাবোড়শিকার্শবের একটি অংশের নাম বোগিনীয়দের। পুণ্যানক্ষের শিক্ত অমৃতানক্ষ বোগিনীয়দ্রদাণিকা নামে বোগিনীয়দয়ের একখানি মৃল্যবান্ টীকা রচনা করেছেন। সৌভাগ্যস্কর্গোদয় নামক গ্রন্থনাও অমৃতানক্ষেরই রচনা মনে করা হয়। শাক্তভ্রের গৃত্তত্ব সংক্ষ

Prefatory Note to The Tripurs Bahasya, Part 1, P. 2.

<sup>₹</sup> Skts Philosophy, H. Ph. E. W. P. 404.

আচাই অভিনয়ন্তভারতিত ০৮ বালা প্রত্যের একটি ভালিকা বিয়ে অবাধিক কাভিচল্ল পাতে লিবেছেন
আচাবের বে আরও অনেক রচনা ছিল ভার ব্যেই প্রয়াণ আছে 1—Abbit 2nd Ed., pp. 27-28

<sup>8</sup> Sakta Philosophy, H. Ph. E. W., p 404

একধানা অপূর্ব গ্রন্থ অন্তর্জানন্দের মাতৃকাচক্রবিবেক। শিবানন্দ মূনি এর চমৎকার চীকা রচনা করেছেন। আচার্য ক্ষেমরাজ প্রত্যভিজ্ঞান্তন্তর নামক বিখ্যাত গ্রন্থ রচনা করেছেন। আচার্য ভালররায় প্রত্যভিজ্ঞান্তন্তর শক্তিস্ত্র। পরবর্তী যুগের সর্বশ্রেষ্ঠ তন্ত্রবিশারদ পণ্ডিত মনে হয় ভাল্পররায় (অষ্টাদশ শতক)। তিনি শাক্ত-আগম-বিবয়ে বহু গ্রন্থ রচনা করেছেন। পূর্বেই তার সেতৃবন্ধাদি গ্রন্থের উল্লেখ করা হয়েছে। ভাল্পররায়-রচিত কৌল, ব্রিপুরা এবং ভাবনা উপনিষদের ভাল্পও প্রসিদ্ধ।

**ঞ্জিকুল এবং কালীকুল**—শাক্ত মডের বিভিন্ন সম্প্রদায় আছে। তার মধ্যে **ঞ্জিকুল** এবং কালীকুল<sup>4</sup> সমধিক প্রসিদ্ধ।

শ্রীকুলের প্রাশ্ব—শ্রীকুলের গ্রন্থাদি বিস্তর। বলা হয় অগস্তা, তুর্বাসা, দ্বাজের প্রমুখ ঝিবিরা শ্রীবিন্ধার উপাসক ছিলেন এবং বিভিন্ন মনোজ্ঞ গ্রন্থও রচনা করেন। শক্তিশ্বে এবং শক্তিমহিন্ধক্তোত্র অগস্তোর রচনা মনে করা হয়। পরশস্তুক্তোত্র এবং ললিতাশ্ববন্ধ তুর্বাসার রচনা বলে পরিচিত। পরশ্বেরা অসুসারে দ্বাজেয় দ্বসংহিত। নামে গ্রন্থ রচনা করেন। আঠার হাজার লোকে সমাপ্ত এই গ্রন্থের সারসংকলন করেন পরভরামের ছিলার স্থারে। পরভরামের শিল্প স্থামধা দ্বাজেয় এবং পরভরামের মধ্যে কথোপকখনের আকারে উভারের রচিত গ্রন্থের সারসংকলন করেন। মহামহোপাধাার গোপীনাথ কবিরাক্ত মহাশন্ধ মনে করেন ত্রিপুরারহস্ত এই স্থামধারচিত গ্রন্থ। এই গ্রন্থের জ্ঞানখণ্ডকে শাক্ত দ্বানের একটি চমংকার ভূমিকা মনে করা হায়।

এ ছাড়া স্বভগোদয়ন্ততি, প্রপঞ্চারতন্ত্র, মৌন্দর্যলহরী, প্রয়োগক্রমদীপিকা, শারদাতিসক প্রভৃতি ক্রিকুলের প্রখ্যাত গ্রন্থ।

কালীকুলের গ্রন্থ—কালীকুলের গ্রন্থাদি সংখ্যায় অপেকার্কত অর। কালজান,

কালী তারা রক্তকালী ত্থনা মহিৰমৰ্দিনী। বিশুটা স্বরিত। দুর্গা বিদ্ধা প্রতাদিরা কৰা।
কালীকুলং সমাখ্যাতঃ শ্রীকুলক ততঃপরত্ব। ক্ষমী হৈ মুখা ব্যালা করলা করলালিও।
ধুসাবতী চ বাতলী বিভা বখাবতী প্রিরে। সমুস্কী মহাবিধা শ্রীকুলং প্রিভাবিভন্ ।—বিশ্ব ত, গঃ >
কালীকুলের বেবীদের উপাস্কেরাও কালীকুল এবং শ্রীকুলের বেবীদের উপাস্কেরা শ্রীকুল ।

Sākta Philosophy, H. Ph. E. W., p. 404

২ নিক্তরতক্রে কালীকুল এবং জ্বিতুল সম্বাচ্চ বলা ক্ষেছে—কালী, ভারা, রজকালী, কুমানবরী, বহিবস্থিনী, বিশ্বী, ছবিতা, ছবি এবং বিভা প্রতালিরা—এ'দের বলা হর কালীকুল। আর কুমানী (বিশ্বান্তমানী), ভৈরবী, বালা, বসলা, কুমানতী, মাতলী, বিভা বল্লাবতী এবং মহাবিভা মধুবতী—এ'দের কলা হয় জীকুল। যথা—

<sup>·</sup> Sakta Philosophy, H. Ph. E. W., Vol. I. p. 408

<sup>8 1</sup>bid, also p. 426 n 18 • 1bid, p. 403 • 1bid.

কানোত্তর, মহাকালনংছিতা, ব্যোমকেশনংহিতা, জয়ত্তবশাসন, উত্তরতন্ত্র, শক্তিনদমতত্ত (কানীখণ্ড) প্রভৃতি এই কুলের উল্লেখযোগ্য প্রস্থ ।

শাক্ত দূৰ্শনের আলোচনার উলিখিত গ্রহণ্ডলি বিশেষ সহারক। কেন না, এই-সব প্রছে দার্শনিক তর প্রসক্ষমে বিবৃত হয়েছে।

ক্**তি শক্তির পরিণান**—শাক্তর্ণন শক্তিকেন্ত্রিক। সতএব শক্তিকে নিরেই স্থক করা যাক। লক্ষ্য করা গেছে শাক্ত শাস্ত্রাহ্ণারে শক্তি ফৃষ্টির বা জগতের কারণ, নিমিন্ত্র-কারণ এবং উপাদান-কারণ উত্যই। শক্তি অগতের উপাদান-কারণ অর্থ জগৎ শক্তির পরিণাম। বরিবভারহতে শেইই বলা হরেছে—অর্থমরী শক্তমরী চক্রমরী দেহমরী স্ষ্টি শক্তির পরিণাম।

শাক্তদর্শন পরিপামবাদী—এই দক্ত শাক্তদর্শনকে বলা হয় পরিপামবাদী। পরিপামবাদ মূলত: সাংখ্য মত। এই "মতে কারণ বিকৃত বা অবস্থান্তরপ্রাপ্ত অর্থাৎ কার্যাকারে পরিণত হয়। স্তরাং কার্যরূপ বন্ধ আছে। কার্যক্ষান নির্বন্ধক নয়।"\*

সদৃশ ও বিসদৃশ পরিণাল— পরিণাম ত্রকমের—সদৃশ পরিণাম আর বিসদৃশ পরিণাম। বছর যথন অবস্থান্তর হয় তখন তাকে বলে বিসদৃশ পরিণাম। আর যথন অবস্থান্তর হয় না, বছ স্বত্রশেই থাকে তখন হয় তার সদৃশ পরিণাম।

কারণরূপে শক্তির হয় সদৃশ পরিণাম আর কার্যরূপে বিসদৃশ পরিণাম। অর্থাৎ কারণ-রূপে শক্তি শ্বরণতঃ যা ভাই থাকেন আর কার্যরূপে অবস্থান্তরিতরূপে অবভাসিত হন।\*

বিবর্তবাদ—কাচ্চেই এই পরিণাম বা আভাসকে এক রকমের বিবর্তও বলা বায়। তবে শবারাচার্বের বিবর্তবাদ থেকে এটি ভিন্ন। শব্দরাচার্ব শুধু কারণকে সং বলেন। তার মতে কার্য পরমার্থতঃ সং নম ; কারণে কার্যের প্রতীতি হয় মাত্র ; বেমন রক্ষ্তে সর্পের প্রতীতি হয়।

সংকার্যবাদ — কিন্তু শৈব শাক্ত প্রভৃতি মতে কার্য প্রমার্থতাও সং। "সপ্তপ ব্রন্ধের পরিণামই লগং। জগং প্রলয়কালে ক্লাকারে ব্রন্ধে লীন থাকে, স্প্রসময়ে সুলন্ধপে তাহার বিকাশ হয়। জগতের অভ্যক্তাভাব কথনও হয় না, কেবল অবস্থান্তরমাত্র হয়। ইহা শাক্ত দর্শনের সিদ্ধান্ত এবং ইহাই সংকার্যবাদ।"

- Sakta Philosophy, H. Ph. E. W., p. 404
- २ माश्यक्र विरक्षता वरन्तिगानावकृत्वया । व्यवसी ववनती करूमती त्रवयानि व नहीः ।--- व अध
- वित्ता व त्य तम् तम् तम् तम् त्य तम् वर्षः, गृह ३४० । । (को व, गृह ३२०, गाविनका
- \* Mahamaya, p. 69, f. n. 3 \* S. S., 4th Ed, p. 280
- १ दर्श के गृह ७५, गांवज्ञका

শাক্তদর্শন অবৈভবাদী—"সপ্তণবন্ধপ্রতিপাদক শাক্ত দর্শন পরিণামবাদী এবং অবৈত-বাদী।" । কিন্তু সাধনার ক্ষেত্রে শাক্তমতেও বৈত স্বীকৃত, সাধ্য ও সাধকের ভেদ স্বীকৃত। তবে সাধনা করতে করতে সাধক এমন এক অবস্থায় পৌছে যান যখন সাধ্যসাধকের ভেদ লোপ পেয়ে যায়। এইজন্ম কুলার্থবতত্ত্বে দেবী বলছেন—আমার তত্ত্বকে কেউ কেউ অবৈত বলতে চায়। কিন্তু আমার তত্ত্বক্ত ব্যক্তিরা জানে তা বৈতাবৈতবিবর্জিত। ।

**দর্শনের আলোচ্য**—সৃষ্টি শক্তির পরিণাম এই কথা দিয়ে আমরা আলোচনা স্থক করেছিলাম। দর্শনের প্রধান আলোচ্য বিষয়ও সৃষ্টি, স্থিতি এবং লয়। "কিরূপে জগৎ রহিয়াছে, কিরূপে তাহার ধ্বংস হইবে, ইহা লইয়াই দর্শন শাস্থের যত কিছু বিচার, মীমাংসা, বাদবিতপ্রা, মতামত।"◆

ত্রিপুরারহক্তে প্রস্ন উত্থাপিত হয়েছে—এই মহৎ জগদাড়ম্বরের উদ্ভব হল কোথেকে, এর অবস্থান কোথায় এবং কোথায়ই বা আবার এটি চলে যায়।

শব্দর্থক্রপ স্ষ্টি—শাক্ত মতে স্ষ্টি ত্রকমের, শব্দমন্ত্রী আর অর্থমন্ত্রী। পূর্বে বে চক্রমন্ত্রী ও দেহমন্ত্রী বলে আরও ত্রকমের স্ক্টির কথা বলা হয়েছে তা অর্থস্কটির অন্তর্গত।

শিব থেকে ক্ষিতি পর্যস্ত বট্তিংশত্তত্তকে নিয়ে অর্থময়ী সৃষ্টি আর পর। থেকে বৈথরী পর্যস্ত শব্দকে নিয়ে শব্দময়ী সৃষ্টি।

বড়ধবা—শবার্থক্রপ চরাচর জগং। শব্দার্থময় জগংকে বড়ধবাত্মক জগংও বলা হয়। প এই বড়ধবাত্মক জগং চিদ্রূপিণী মহাশক্তির মধ্যে প্রকাশিত। সোভাগ্যহ্রদয়ে বলা হয়েছে— দেবেশি, চিদ্রূপিণী তোমার মধ্যে বর্ণ, পদ, মন্ত্র, কলা, তত্ত্ব এবং ভূবন—এই ছটি অধব। অবভাসিত হচ্ছে।

- > को ब्र, शृः ७१, शामिका
- ২ অবৈতং কেচিদিছন্তি বৈতমিছন্তি চাপরে। মম তবং বিজ্ঞানতো বৈতাবৈতবিবর্জিতম্।
  —কু ত, ১ম উলাস
- ७ उ उ, शुः ১६३
- कन्त्रामिनः मम्बिटः स्त्रानाक्षतः महर । कृत्व वा त्रव्हित शूनः कृत्व माद्यानमृष्टि ।—वि व, का थ, ১।०১.०१
- পাচ স্টঃ ছেণা অর্থময়ী শব্দময়ী চেতি। চক্রময়ী দেহয়য়ী চেতি স্টেছয়ং তু বালক্রীড়নকার্বে
  ছুলগৃহসমানাকারছেন স্ক্রগৃহনির্মাণতুলামর্বস্টাবেবার্ডগতম্।—ব য়, পুঃ ৪৭
- वर्षमजी निवाणिकञास्वविद्विः नस्वत्रत्रा। नव्यमजी नवाणिववर्षस्य।—व गृः १
- ৭ চরাচরাক্সকমিদং শব্দার্থরূপং জগৎ।—শা ভি ১।১
- ৮ তন্ত্ৰমতে জগৎ বেমন বড়ধবাক্সক তেমনি জীবদেহও বড়ধবময়। 'ৰতঃ বড়ধবময়দেৰ শক্সীধ্বৰ্'— ফ্রঃ শা ভি ৪১০, ৯৩-এয় রাঘৰভট্টকৃত ট্রিকা।
- বর্ণ: কলা পদং তবং মন্ত্রো ভূবনমেব চ। ইত্যধ্ববট্কং দেবেশি ভাতি ছরি চিদাছনি।
   এ: কা বি, বঠ লোকের চিদ্ধরী।

অধ্বা অর্থ পথ বা উপায়। বড়ধা ব্রশ্বজ্ঞান লাভের ছটি উপীয়।

বড়ধ্বার মধ্যে বর্ণ, পদ এবং মন্থকে বলা হয় শব্দ বা বাক্ আর কলা, তত্ত এবং ভূবনকে বলা হয় অর্থ। ই বড়ধ্বার অক্সভাবেও ভাগ করা হয়। বলা হয়েছে বড়ধ্বা বাচকবাচ্যভেদে বিবিধ। বর্ণ, পদ ও মন্ত্র বাচক আর কলা, তত্ত্ব ও ভূবন বাচ্য।

বড়ধা শাক্ত দর্শনের আলোচ্য বিষয়। তা ছাড়া শাক্ত সাধকের পক্ষে ষড়ধার জ্ঞান অত্যাবশ্যক। কেন না, তত্ত্বের নির্দেশ—বড়ধা, বোড়শাধার, লিক্সত্রের এবং ব্যোমপঞ্চক বিনি তব্তঃ অবগত হন তিনি পর্মা গতি প্রাপ্ত হন।

বোড়শাধার লিক্তরে ব্যোমপঞ্চক—বোড়শাধার বলতে বুঝার ম্লাধারচক্র, বাধিষ্ঠানচক্র মণিপ্রচক্র অনাহতচক্র, বিশুরাধারচক্র, আজাচক্র, বিশু, কলা, নিবোধিকা, অর্পেন্, নাদ, নাদান্ত, উরানী, বিশুচক্র, প্রবমগুল ও শিব। দেহন্ত ব্রন্থ ব্যোম, মক্রং, তেজ, অপ এবং ক্ষিতি এই পঞ্চমহাভূত।

শক্তি দর্শনের প্রধান আলোচ্য—সাধারণত: বড়ধ্বার মধ্যে বট্তিংশন্তব্বকে শাক্ত দর্শনের আলোচ্য বিষয় মনে করা হয়। নিত্যোৎসবে বলা হয়েছে বট্তিংশন্তব্বই শাক্তদর্শন বা ত্রৈপুরদর্শনের প্রমেয় পদার্থ। ওধু শাক্ত দর্শনের নয়, অহৈত শৈব দর্শনেরও আলোচ্য বট্তিংশন্তব। ।

শব্দ ও অর্থ — বট্ জিংশত্তর অর্থমন্ত্রী সৃষ্টি। আগে শব্দ পরে অর্থ। রাঘবভট্ট লিখেছেন শব্দ বন্ধর পিনী পরাশক্তি শব্দ পকে ব্যাপ্ত করে অর্থক্লপকে ব্যাপ্ত করেন। সমস্ত অর্থই শব্দের বাচ্য, প্রকাশ্য। শব্দ বাচক, প্রকাশক; অর্থ বাচ্য, প্রকাশ্য।

অবশ্য শব্দ ও অর্থের মধ্যে কোনটি আগে কোনটি পরে নিশ্চয় করে বলা যায় না। কেন

- > वाक् वर्गभवनश्रक्षभा, वर्षः क्लाउइजूबनाया।-का वि, वाक्ष्म ब्लाटकत्र हिल्दली।
- ২ অধ্বানো বিবিধাঃ। বাঁচ্যবাচকভেবেন। বাঁচকো বর্ণগ্যমন্থভেবেন ত্রিবিধঃ। বাঁচ্যং চ ভন্মভূবন-কলাভেদাং।—প্র সা ত ৪।৮-এর টীকা।
  - ও বড়ধ্বৰোড়শাধারং ত্রিলিঙ্গং ব্যোবপঞ্চন্। তত্বতো বো বিজ্ঞানাতি স বাতি পরবাং গতিন্।
    —ত্তঃ কৌর, ভূমিকা, গৃঃ।।/.
  - মৃলাধারং বাধিচানং মণিপুরননাত্তয় । বিশুদ্ধনাজাচয়য় বিলু ভুয়ঃ কলাপয়য় ।

     নিবোধিকা তথার্থেলু রালো নালার এব চ । উয়নী বিকুচয়য় প্রবর্গনিকঃ শিবঃ ।
     ইত্যেতং বোলুনীধারং কথিতং বোগিছুর্লকয় ।—য়ঃ ব নি, য়োক ৩০-এর কালীচরণয়ত টাকা ।
  - ে বট্তিংশভবাভের এতদর্শনপ্রমেরজাতন্।—বিভ্যোৎসর, পু: ৮
  - \* Mahamaya, P. 182 । শাভি ১١১-এর টাকা।
  - দ সর্বভাগার্থক শব্দকারস্থানিরসাৎ ক্রেরা।—এ।

না, তন্ত্ৰমতে শব্দ এবং অৰ্থের মধ্যে কোনো ভেদ নেই। শব্দ এবং অৰ্থ অভিন্নভাবে অবস্থিত একই আত্মার হুই ৰূপ। ং

তবে ব্যবহারতঃ উভবের ভেদ স্বীকার করা হয় কিন্তু বলা হয় শব্দ এবং অর্থ শিবশক্তিমর,
নিত্যযুক্ত। প্রকাশরপ শিবাংশ থেকে হয়েছে অর্থস্থ স্টি আর বিমর্শরণ শক্তাংশ থেকে শব্দস্টি। বায়বীয়সংহিতাতে বলা হয়েছে শব্দরবন্ধতা অশেষ শব্দরণ এবং মুখ্মেন্দ্রশেষর
অধিল অর্থরূপ ধারণ করেছেন।

তবে শারদাতিলকাদি তত্ত্বে দেখা যায় শব্দস্টির মুখাত্ব স্থীকার করে প্রথমে শব্দস্টির বিবরণ দিয়ে পরে অর্থস্টির বিবরণ দেওছা হয়েছে।

ভাৰ্জ দ্বিধ— অৰ্থ দিবিধ কুল এবং স্কা। মনোগ্ৰাফ বাছ বন্ধ বা বিষয় কুল আৰ্থ। সেই কুল অৰ্থের সংস্পৰ্লে এলে মন তদাকারে আকারিত হয়। মনের এই বৃত্তি বা বাফ অর্থের মানস আকার স্কা মর্থ। কুল অর্থকে স্কা অর্থেরই বাফ প্রক্ষেপণ বলা হয়।

মন ষেমন একদিকে বিষয়াকারে আকারিত হয় তেমনি সক্তদিকে বিষয় গ্রহণও করে। মনের এই চুই রূপ। একরূপে সে গ্রাহক, অক্তরূপে গ্রাহ্ছ। মনের গ্রাহকরূপ শব্দ আর গ্রাহ্রপ অর্থ। কাজেই বলা যায় শব্দ ও অর্থের সম্বদ্ধ গ্রাহক-গ্রাহ্ছ এবং ভোক্তা-ভোগ্যের সম্বদ্ধ।

পূর্বেই লক্ষ্য করা গেছে তন্ত্রমতে এই চরাচর জগৎ শব্দার্থমন্ত। শব্দারি আর অর্থস্টি হয় যুগপং পরস্পার সম্পৃক্তভাবে, যেমন সম্পৃক্ত থাকে অস্কুর আর তার ছায়। তেমনি করে।

তবে স্মতাবে দেখলে এর মধ্যেও পৌর্বাপর্য লক্ষ্য করা বার। শব্দের পর শর্প। বিশেষ করে আলোচনার ক্ষেত্রে এমনি ক্রম স্বীকার করতেই হয়।

## नकरहि:--

শিব ও শক্তি—অতএব শক্ষপষ্ট নিয়েই আনোচনা ক্ষম করা বাক। শবক্ষীর 
ফলেও শিব ও শক্তি। শারদাতিলকে আচে সনাতন শিবের চুইরণ—নির্ভিণ আর সপ্ত।

- > শব্দার্থয়োয়ভেদ: ৷—শা তি ১৷১-এর টাকা
- २ এकछ्यान्सत्ना एकाः नव् वार्वावशूनक् न्त्रित्यो —तः व ।
- বাগর্থে । বিতাবৃত্তো পরশারং শিবশক্তিময়াবেতে ।—কা বি, ১২
- थकानाःनरेख्यार्थगर्द्धो विमनीःनरेख्य मन् वन्तरहो स्वयक्ष्य ।—व इ. १० मानाक क्राह्मक क्रिया ।
- गर्मकार्यसम्बद्ध गरु नवत्रवत्रकाः वर्षयक्षणप्रविक गरु मूर्कमूरम्बद्धः ।—वाः गाँ कि ১)ऽ
- ७ ज: वे आद्या बायरकोकुक निया। १ है. है. pp. 505-508 ≥ 1616, 506
- व्यर्ग्यटेनर मण्ड्रीय न्ग्रावरवाष्ट्रवटकात्रसावित नक्षणावारगुक्तवाक्षरमक्षिः। -वा वि ७।३०-३३-वव त्रष्ट्रक

নিঞা শিব প্রকৃতি বা শক্তির সঙ্গে সংস্কৃত্য আর সঞ্চা শিক্ষকেল। কলা অর্থ প্রকৃতি বা শক্তি। কাজেই সকল অর্থ সপস্তি।

নি ওপ শিবও কিন্তু বন্ধতঃ শক্তিবিবহিত নন। কেন না শিবশক্তি অভিন। নি ওপ শিবের সঙ্গে শক্তি এক হরে আছেন। এইজন্ত তাঁকে শক্তিবহিত করে হয়। আমরা পূর্বেও এ বিবয়ে আলোচনা করেছি। নি ওপ শিবের সঙ্গে একীভূত এই শক্তি বিখোতীর্ণা অথগুপরচিছ্কি।

শক্তি-নাম-বিজ্ব তামতে শিবশক্তি (শিবশক্তির প সঙ্গ বন্ধ ) শবার্থরপ স্টের মূল কারণ। শারদাতিলকে বলা হয়েছে সচ্চিদানন্দবিত্ব সকল পরমেশ্বর থেকে শক্তি উত্ত হলেন; শক্তির থেকে নাম এবং নাম্বে থেকে বিশ্বর উত্তব হল।

সকল শিব অর্থ ই ত সশস্কি শিব। তাঁর থেকে আবার শক্তির উত্তব হল এ কথার অর্থ কি? রাঘবভাট্ট লিখেছেন—সহাপ্রলয়ের সময় বিশ শক্তিতে লীন হয়ে যায়। শক্তি তখন স্থাকারে চৈতলাখ্যালিত হয়ে অবস্থান করেন। এই শক্তির গুণবৈষম্য অঞ্সারে সান্থিক, রাজনিক ও তামনিক প্রইব্যপ্রপঞ্চকার্যসাধনে যে-উচ্ছ্নাবস্থাত্ম তাকেই শক্তি, নাদ ও বিন্দুর উৎপত্তি বলা হয়। শক্তির উৎপত্তি ব্যাপারটা উপচার অর্থে গ্রহণ করতে হবে। অনাদি শক্তির উৎপত্তি করিতে বা আরোপিত। রাঘবভাট্ট বলেছেন শারদাতিলকের গ্রহকার এ ক্লেত্রে সংকার্যবাদী সাংখ্যমতের অঞ্সরশ করেছেন।

শক্তির চৈত্রভাষ্যাস—এই বে শক্তির চৈত্রভাষ্যাসের কথা হল তা কিন্তু স্বাই বীকার করেন না। কারণ শাক্তমতে শক্তি বন্ধপত: চিং, তিনি চিন্নারী। তিনি বত্রা। এই বাতহ্যের বন্ধ স্কিবাপারে বীর বন্ধপ তিনি আছোদন করেন। কার্বেই জীবের বন্ধপও আছোদন করেন। এমনি আছোদিতবন্ধপ অল্পন্ত মাহুব তাঁকে অচিং মনে করে। আর শক্তিকে অচিং মনে করলে পরেই তাঁর চৈত্রভাষ্যাসের কথা বলা চলে। নৈলে বিনি চিংবন্ধপিণী তার আবার চৈত্রভাষ্যাস কি ?

গুণতেকে শক্তি-মাখ-বিজ্জু-গুণের দিক্ দিয়ে বিচার করে শক্তিকে সান্থিক, নাদকে

<sup>›</sup> नि**ंदाः मध्यारकि निर्दा क्याः मनाध्यः । निंदाः अवृत्कानाः मध्यः मननः वृद्धः ।—गा कि ১١७** 

<sup>ं</sup> मिक्कानविक्यार मक्तार श्वरत्वद्वार । जामीक्किक्टका बाद्या मानाव रिन्नुमब्दरः ।—गा कि ১१९

বা অনাবিদ্ধনী হৈতভাষ্যানের মহাপ্রকরে হলা হিতা ওভা প্রবৈধ্যাত্তভাতরা সাধিক-রাজস-তামস
শ্রইবাপ্রপঞ্চকার্যসাধনে উক্ত নাবস্থান্তনের উপ্তারামুহপঞ্জিঃ। ইরক সমুহপত্তিবাহিসাংখ্যমতমাজিত্য প্রস্থারভোতিরিতি জেরব্ ।—ঐ, চীকা ও G. L., p. 101

রাজসিক এবং বিন্দুকে তামসিক বলা হয়। স্বষ্ট প্রধানতঃ তমোগুণোম্ভব। আর বিন্দু স্কৃতির পূর্ণোপবোগী অবস্থা।

প্রকৃতি সুলশক্তি। প্রকৃতিই ত্রিগুণাত্মিকা। তবে উর্ধেতর স্বন্ধ শক্তিতেও গুণত্রয় স্বাকারে বিশ্বমান আছে।

নাদ-বিন্দু-পূর্বেই বলা হয়েছে শক্তির থেকে নাদ এবং নাদের থেকে বিন্দুর উদ্ভব হয়।
নাদই ঘনীভূত হয়ে বিন্দুতা প্রাপ্ত হয়।

কাদ এবং বিন্দু শক্তিরই স্ট্রাপ্যোগী অবস্থামাত্র।

•

বীজ অঙ্রিত হবার ঠিক আগটাতে ফুনে উঠে। বীজের এই ফুলে-ওঠা অবস্থাকে বলা ষায় তার উচ্ছুনাবস্থা। তেমনি নাদবিন্দু শক্তির স্ট্রাপ্যোগী উচ্ছুনাবস্থা।

লাজ—নাদ কথাটার সাধারণ অর্থ শব। কিন্তু তন্ত্রশাল্পে কথাটা পারিভাবিক অর্থেও ব্যবহৃত হয়েছে। পরশিব বা পরাশক্তি নিম্পন্দ, নিঃশব্দ। এই পরাশক্তি ধধন স্ট্রান্থী হন তথন স্টেন্থে তাঁর যে প্রথম স্পন্দ তাই নাদ। বস্তুতঃ অথও ব্যাপিকা চিংশক্তিই নাদ°। শব্দরূপে তিনিই প্রকাশিত হন। নাদ্রপে যা কিছু শ্রুত হয় তা শক্তি।°

নাদের থেকে যে বিন্দুর উদ্ভব হয় এই ব্যাপারটিকে তান্ত্রিক ক্রন্থ সাধনার সাক্ষেতিক ভাষাতেও প্রকাশ করা হয়েছে। নাদকে ৰলা হয় শিবশক্তির মৈধুন এবং এই মৈধুন মহাকাল এবং মহাকালীর বিপরীত মৈধুন। প্রক্ত প্রকাশে মৈধুনের আনন্দশন্দনই (thrill) নাদ। নিক্তিয় শিব এবং সক্রিয় শক্তির সংযোগের পারিভাষিক নাম মৈধুন। এই মেধুনের থেকে বিন্দু উৎপন্ন হয়।

বিৰুদ্—সব তত্ত্ব কিন্তু বিন্দুর পূর্ববর্তী নাদ স্বীকৃত নয়। প্রপঞ্চসারভক্তে আছে-চিং-এর সারিধাহেতু তত্ত্বসংজ্ঞা চিন্নাত্রা শক্তির স্বান্তীর ইচ্ছা হলে ভিনি ঘনীকৃত। হলে বিন্দুরূপ প্রাপ্ত হন।

- > G. L., pp. 130—131 ₹ Ibid, p. 130
- नार এव चनीकृठः किमरकाठि विन्यूटाम् ।—जः व नि. आक अ-अव कानीव्याकृष्ठ विका ।

নাম ঘনীতৃত হরে বিন্দৃতা প্রাপ্ত হয় এই ব্যাপারটির অক্তভাবেও ব্যাখ্যা করা বায় । পঞ্জিম থেকেই নাম বা পদ্মের উদ্ধব হয় । তারবোগসাথক যথন পন্ধারণা অভ্যাস করেন ওখন পঞ্জের মুখ্যে ফ্রম্মের বন ছিয় হয়ে পেনে তিনি বিন্দৃতে উপনীত হন । "পন্দ বন্ধতঃ ক্রিয়ার ধারা । স্বতরাং পঞ্জে চিন্দ্র ছিয় হইলে হৈশিক বিতারকান লোপ হয় । তাহাই বিন্দু । পন্দের বিভারতীন বানসিক ভাষনাত্র বিন্দু । —ক পাবোং পুঃ ১৯৪

- s एका এव नावविष्णु करें। लरवां गांदशां काला ।-- नां कि अव काइका क्रिका के The Yandram, p. 12
- বংকিঞ্চিল্লাহরপেশ প্ররতে শক্তিরেব সা।—হ প্র ৪।১-২ 
   বং মি., p. 110<sup>™</sup>
- দ সা <u>তথ্যকো</u> চিম্বানা জ্যোতিক সন্নিধেন্তল। বিচিকীৰ ঘৰীকৃতা কচিদভোতি বিন্তান্।—প্ৰ সাঞ্চ ১৯৫১

এই জয় বিজুকে বলা হয় পূর্ণা সংসাধিকা চিৎশক্তি। বিজু থেকেই বিশের বিকাশ, বিজুই চিৎশক্তির প্রথম স্থান্ট ক্রিয়ারপ। সেইজয় বিজুর লক্ষণ ক্রিয়াপ্রাধায়। আবার বিজুকে পূর্ণা সংরোধিকা চিৎশক্তিও বলা হয়। কেন না প্রসয়ে সমস্ত জগৎ বিজুতে লয়প্রাপ্ত হয়। বিজুকে পরবন্ধও বলা হয়েছে। তাড়লতত্ত্বে আছে—নিরাকার পরজ্যোতিকে বলা হয় অব্যয় বিজু। বিজু শক্ষ শৃক্তবাচক এবং গুণবাচক।

প্রসঙ্গজ্ঞের বলা যায় শব্দস্কীর সকল শিব, শক্তি, নাদ এবং বিন্দু যথাক্রমে অর্থস্টীর শিবতন্ত, শক্তিতন্ত, সদাশিবতন্ত এবং ঈশ্রতন্ত । °

বিন্দু-নাম্ব-বীজ—প্রোক্ত বিন্দু ত্রিধা ভিন্ন হয়ে খাঁয়। শারদাতিলকে আছে গাকাৎ পরশক্তিময় বিন্দু ত্রিধা ভিন্ন হয়ে বিন্দু, নাম এবং বীজ নামে অভিহিত হয়। বিন্দু শিবাত্মক, বীজ শক্ত্যাত্মক এবং তাদের পরশক্রের কোভাক্ষোভকসময় নাম। সহজ্ঞকথায় শিবশক্তির সংখোগ নাম। নাম শিবশক্ত্যাত্মক।

এই নাদ এবং বিন্দু প্রথমোক্ত নাদ এবং বিন্দু থেকে পৃথক। এই নাদবিন্দু প্রথমোক্ত নাদবিন্দু কার্ব। কার্যক্রপ। সম্প্রাং প্রথমোক্ত নাদবিন্দু কার্ব। এবং পরবর্তী নাদবিন্দু কার্ব। পরবর্তী নাদবেন্দ্বে পরবিন্দ্বা মহাবিন্দ্বল। হয়। পরবর্তী নাদকে বলা হয় অপরনাদ এবং বিন্দুকে জুপুরবিন্দ্।

কারণবিন্দু থেকে কার্যবিন্দু-আদির উৎপত্তি সম্বন্ধে আচার্য ভাস্কররায় লিখেছেন—এই কারণবিন্দু থেকে ক্রমে কার্যবিন্দু, নাদ এবং বীঞ্চ এই তিন উৎপন্ন হয়।

- > The Yantram, p. 12
- ২ অভিৰাক্তা পৰা শক্তি:--প্ৰবাতি বিন্দুভাবক ক্ৰিয়াপ্ৰাধাণ্যক্ষণৰ ৷—শা ভি ১।৭-এর টাকা
- The Yantram, p. 12
- ह शहर देवार विक्टा---वा नि ७।३०-३३-এव हम व
- 6 8. P. p. 41
- পরশক্তিময়: সাকাৎ বিধাৎসৌ ভিততে প্র: ।

   বিন্দু নালে বীজনিত ওক্ত তেলা স্বীরিকাং ।
   বিন্দু: নিবায়কো বীজং শক্তি নালকরোমিণ: ।
   সমবায়: স্বাধারিতঃ স্বীসমবিশায়দৈং ।—লা তি ১৮-৯ ি
- प्रकार है जिल्ला कि व
- অন্যাত কারণবিক্ষে; সকাশাৎ ক্রেণ কার্থবিস্ততো নাক্ততো বীক্ষবিভি এইসুংগরন্ ৷—ল স, গৃঃ ১১

তিনি দেখিয়েছেন<sup>3</sup> কারণবিন্দু, কার্ববিন্দু নাদ এবং বীন্দ এই চতুইয়ের অধিদৈবত, অধিকৃত এবং অধ্যান্ম ভেদে পৃথক্ পৃথক্ সংজ্ঞা আছে। বধা—

অধিদৈবত অধিভ্ত অধ্যান্ত্র
কারণবিন্দ্— অব্যক্ত, শাস্তা, অধিকা। কামস্কণপীঠ শক্তিপিণ্ড, কুণ্ডলিনী, পরা বান্ত্,
পরাশন্ত্র
কার্যবিন্দ্— ইবর, বামা, ইচ্ছা পূর্ণগিরিপীঠ পশ্রন্তী
নাদ্— হিরণ্যগর্ভ, জ্যেষ্ঠা, জ্ঞান জালন্তরপীঠ মধ্যমা
বীন্ধ— বিরাট, ব্রোজী, ক্রিয়া ওভ্যাণপীঠ বৈধরী

অধিদৈবত-সংজ্ঞা সম্বন্ধে কিন্তু মতভেদ আছে। শার্মাতিলকে বলা হয়েছে — বিন্দু থেকে রোজী জাত হলেন, নাদ থেকে জ্যেষ্ঠা এবং বীন্ধ থেকে বামা। এই শক্তিত্রয় থেকে মধাক্রমে কন্তু, ব্রদ্ধা এবং রমাধিপ উৎপন্ন হলেন।

এই মতের সমর্থনে রাঘবভট্ট প্রয়োগসারের বচন উদ্ধার করেছেন। তাতেও এই কথাই বলা হয়েছে।\*

এ সহত্বে আরেকটি লক্ষণীয় বিষয় আছে। আচার্য ভারররায় এই আলোচনায় অধিকৈবতশক্তির ক্রমনির্দেশ করেছেন শাস্তা—বামা—ক্যেষ্ঠা —রোপ্তা এবং অধিকা—ইচ্ছা—জ্ঞান—
ক্রিয়া এইভাবে। কিন্তু তিনি অন্তত্ত্ব শিখেছেন ইচ্ছাদি শক্তি অর্থাৎ ইচ্ছা, জ্ঞান ও ক্রিয়া এই তিন শক্তি শাস্তা থেকে উত্তৃত এবং বামাদি শক্তি অর্থাৎ বামা, জ্যেষ্ঠা এবং রোপ্তা এই তিন শক্তি অধিকা থেকে উত্তৃত । কাজেই শক্তির নামের ক্রম দাঁড়ার শাস্তা—ইচ্ছা —জ্ঞান
—ক্রিয়া এবং অধিকা—বামা—জ্যেষ্ঠা—রোপ্তা। এ ছাড়া আরেক জারগায় পর্যা শক্তির
শৃস্যাটবপ্ অর্থাৎ ত্রিকোণাকার বপুর বাাখ্যা প্রসঙ্গে তিনি ক্রিকোণের ভিন রেখা ও তিন বিন্দুর
ঘণাক্রম নির্দেশ করেছেন এইভাবে—ইচ্ছাজানক্রিয়াশান্তা, বামাজ্যেষ্ঠারৌস্তাম্বিকা এবং
পরাপশ্রন্তীমধ্যমাবৈধরী। মহামহোগাধ্যার গোপীনাথ কবিরাক্র মন্ত্রাশন্ত লিথেছেন

- > এতে চ কারণবিশাবয়কভারোংবিবৈবতবব্যক্তেবরহিরণার্কবিরাট্বল্লপার, শাভাবাবাজ্যেন্টারৌজীলণার, অবিবকেন্ডালানজিরারপাত। অধিকৃত তু কাষরপপূর্ণবিভিন্নালভারোভ্যাপণীঠকণা ইভি ভু বিভ্যাভ্যেরে শাইব । অধ্যাহ্য তু কারণবিন্দুঃ শক্তিপিওকুওলাবিশ্যবাচাঃ ।—ল ন, নৌ ভা, পুঃ ৯৯
  - রৌত্রী বিলোক্তো নাদাক্জােচা বীকামকাহত।
     বাবা তাক্যা সমুৎপক্ষা ক্ষরপুক্ষরবাধিপাঃ।—শা ভি ১১১০
  - রোত্রী বিক্লোঃ সমৃত্যুতা জ্যেষ্ঠা নালাদলায়ত।
     বানা বীলাবভূক্ ভিত্যভোগ নেবাররোহতবন্।—এয়োকসায়বছন, য়ঃ লা ভি ১া> --এয় য়ড়া
  - वानि, ०१००-अत त्वच व अ गृ: २>> ० निक्रमाध्या, क व व्यं गृ: ६५-६४

শাস্তাশক্তি ইচ্ছা-জ্ঞান-ক্রিয়ারণে আবি ভূতা হন আর অধিকাশক্তি বামা-জ্যেষ্ঠা-রৌজীরণে। বামকেশ্বরতন্ত্রেও শক্তির আবিষ্ঠাবের অধিকা-বামা-জ্যেষ্ঠা-রৌজী এই নাম-ক্রম নির্দিষ্ট হয়েছে।

কাজেই বগতে হয় আলোচা টীকায় হয় গিপিকরপ্রমাদ ঘটেছে, নয় ভাস্কররায় এমন বিশেষ কোনো পরস্পরায় অন্থ্যবধ করেছেন বা বামকেশ্বওদ্রের টীকায় অন্থ্যত পরস্পরা থেকে পৃথক্। ৯ এই বিষয়ে চূড়ান্ত মীমাংসার ভার বোগ্যতর ব্যক্তির উদ্দেশ্তে ক্তন্ত করে প্রস্তুত বিষয়ের অন্থ্যবধ করা বাক।

শব্দক্র কারণবিন্দুর কথা হচ্ছিল। ভারররায় লিখেছেন—অবিভক্ত কারণবিন্দু কার্যবিন্দাদিলননোন্দুখ হয়ে ভিন্ন হয়ে বায় এবং সেই অবস্থার রব বা শব্দ উৎপন্ন হয়। এই রব বা শব্দকে বলা হয় অব্যক্তাত্মক শব্দক্রম।

প্রপঞ্চনারতত্মে এই কথার সমর্থন আছে—সেই ভিছমান বিন্দু থেকে অব্যক্তাত্মক রব উংপন্ন হয়। শ্রুতিবিশারদ পণ্ডিতেরা তাকে বঙ্গেন শব্দবন্ধ।

পরাবাক্— ভাষররার লিখেছেন কারণবিদ্ধান্ত্রক এই রব সর্বগত হলেও ব্যঞ্কবন্ধসংস্কৃত বাযুর জন্ত জীবদেহে মূলাধারেই অভিব্যক্ত হয়। মূলাধারে অভিব্যক্ত এই রব বা শব্দ্রন্ধ নিশাল। একে বলা হয় পরারাক্; এটি হল শব্দের প্রথম স্তর।

পশ্যন্তীৰাক্— এই রব নাভিপর্যন্ত আগত পূর্বোক্ত বাহুর হারা অভিব্যক্ত এবং বিমর্শর্মী মনের সঙ্গে হুক্ত হয়। তখন সে কার্যবিক্ষ্ময় হয়ে হায় এবং সামান্তশালরূপে ব্যক্ত হয়। এই অবস্থায় আলোচ্য রব বী শক্ষরদের নাম হয় পশ্যন্তীবাক্। তটি শক্ষের হিতীয় স্তর।

পশ্ৰস্তীবাক্ কাৰ্যবিক্ষয় কি না এ বিষয়ে মতভেদ আছে। পদ্মপাদাচাৰ্য পশ্ৰস্তীকে নাদতবান্ধিকা এবং মধ্যমাকে বিকৃতবান্ধিকা বলেছেন।

- ) J: 4 | A e | 00-8.
- সোহয়মবিভাগাবদুঃ কারণবিন্দুঃ। জয়মেব চ বরা কার্যবিদ্যাবিদ্যয়ননবোদ্ধো ভিততে তবশারামব্যক্তঃ
  পর্যকুরাভিধ্যেরা রবক্তনোগেততে।—ল স, সৌ ভা, গৃঃ >>
- বিলোক্তমান্তিভ্যানাত্রবাহব্যাক্তাক্তকো কবেং।
   স রবঃ প্রতিসম্পারেঃ পর্যবৃদ্ধিক কবাকে।—এ সা ও ১।৪৩
- সোহরং য়বঃ কারণবিন্দুভারাজ্যাপরছাৎসর্বগভোহিশ বাঞ্জকবয়ুসংভূতপ্রনবশাৎ প্রাণিনাং মূলাবার
  এবাভিত্যভাতে ।— ল ন, সৌ ভঃ, শৃঃ ৯৯
- उतिका कावनिवासकविकास्य नव्यक्त कथिकंड्या निकास करवे ह नवाराविक्राहारः ।—-वे
- ৬ অব তবেৰ নাজিপ্ৰস্তানাক্তা তেৰ প্ৰবেৰাজিবাজং বিৰশ্মণেৰ বৰসা বুজং সামাজসম্প্ৰকাশমণকাৰ্থ-বিৰুষ্যাং সং পঞ্জীবাঞ্চাতে !---ই ব প্ৰ সা ত ২০০-এর টাকা

পশ্রমীবাকের অভিব্যক্তি-স্থান সহকে ভাষররায় নিত্যাতত্ত্বের বে-বচন উদ্ধৃত করেছেন তাতে দেখা যায় মৃলাধারে সম্পের হয় পর নামক নাদ অর্থাৎ রব। সেই নাদ উর্বেধ নীড হয়ে স্বাধিষ্ঠানে অভিব্যক্ত হয় এবং পশ্রমী আখ্যা লাভ করে।

মধ্যমাবাক্—ভাষররায় বলেন পশুস্তীরূপে অভিব্যক্ত হওয়ার পর শব্দরম উলিখিত বায়ুর ঘারাই হৃদয়ে অভিব্যক্ত হয়ে নিশ্চয়াদ্মিকা বৃদ্ধির সঙ্গে যুক্ত হয়। তখন সে নাদময় হয়ে যায় এবং বিশেষস্পদ্ধপে প্রকাশিত হয়। এই অবস্থায় তার নাম হয় মধ্যমা। এটি শব্দের তৃতীয় স্তর।

বৈশরীবাক্— এর পর সেই রব বা শব্দত্রদ্ধ সেই বায়ুর দারাই মুখ পর্যন্ত নীত হয় এবং কঠাদিছানে অকারাদি বর্ণক্রপে স্বস্পষ্টভাবে অভিবাক্ত হয়ে সাধারণ কর্ণগোচর হয়। এই অবস্থায় তার নাম হয় বৈধরী। বৈধরী বীদান্মিকা। এটি শব্দের চতুর্থ ক্তর।

পরালভি পরাদি বাগ্রপে প্রকাশিতা—একই পরাশভি পরা, পশুন্তী, মধ্যমা এবং বৈথরী বাগ্রপে প্রকাশিত হয়েছেন। বামকেশরতত্ত্ব বলা হয়েছে — পরাশভিষ্ বশন নিজের অথবা পরম শিবের ক্রণ অবলোকন করেন তখন অফিকারপ প্রাপ্ত হন এবং পরাবাক্ নামে অভিহিত হন।

তারপর যথন স্বগর্ভান্তর্গত-বীজভাবে অবস্থিত বিশ্বকে ব্যক্তকরশে উন্ধত হন এবং বাইরে তাকে নিঃসারিত করেন তখন বিশ্বকে ব্যনের জন্য তাকে অনুশাকারপ্রাথা বামা বলা হয়।

বামার্ক্রপিনী পরাশক্তিই যথন ইচ্ছাশক্তি হন তথন তাকে পশ্রস্থীবাক্ বলা হয়। তিনিই জ্যোচা এবং জ্ঞানশক্তিরূপিণী মধ্যমাবাক্। তিনি ক্তুরেখাময়ী এবং বিশ্বস্থিতির জন্ম জ্ঞানাদিশকবাচা। বিশ্বী এবং ক্রিয়াশক্তিরূপে তিনিই বিশ্ববিশ্রহা বৈশ্বীবাক্। দ

মূলাবারে সম্পাল পরাধ্যো নাদসভব: । স এবো ধাত্রানীতঃ বাদিটানে বিজ্ ভিত: ।
 পল্লভাব্যাবারোরি · · · !—নিত্যাতয়বচন, এ: ল স, সৌ ভা, পা: ১৯

অব তবেব লব্দবুক তেনৈব বার্না জনঃপর্বত্যভিষ্যভাষাক কিন্দ্রান্তিকরা বৃদ্ধাবৃদ্ধ বিশেষস্পর্বেকালরূপনাদ্যরং সমধ্যমাবাপিত্যচাতে !—ল স, সৌ ভা, পৃঃ ৯৯

অথ তবেৰ বছনপঠন্ত: তেনৈৰ বাহুনা কঠাবিস্থানেৰভিব্যক্ত্যমানমকারাদিশক্ষিপপত্ন
লোক্তবংশবোগালপ্ততরপ্রকাশরূপবীজান্ধক: সদ্ বৈশ্বদীবাঞ্চাতে।—ঐ

जान्नतः कृतनः शत्क्रम् वरा मा शत्रमा कला । अदिवकाक्षशमाश्रम् शत्रा वाक म्यूनीविका ।—वा वि ०।००

সর্বাতিনারী পরিপৃত্তিপবাস্তম্বনাবলোকনচতুরা ৷—কা বি, ২০-এর চিক্কটা

७ वीक्रणांविष्टः वितर कृतिक जूर वरमाञ्चते । वांवा विवक्त वनमाक्कूनाकाक्रणाः कृता ।—वां वि कावन

ইন্ডানভিত্তপ সেরং গভরী বপুনা হিতা। জাননভিত্তপ জোলা বংলা বাওবীরিতা।
কল্পেনারী বিবহিতে প্রথিতবিপ্রহা।—বা নি ৩।০০-ক>

পরা—খাগমে খাছে পরাবাক্ জ্যোতিঃবর্ষণা, খব্যকা, এবং খবিনাশিনী। তাঁর বর্ষণের জ্ঞান হলে সমস্ত কর্তব্যের খবসান হয়।

পশুস্তী—সোভাগ্যস্থগোদয়ে বলা হরেছে সমস্তই নিজের মধ্যে অবলোকন করেন বলে শক্তিকে বলা হর পশুস্তী। আবার সমস্ত করণকে অভিক্রম করে বিরাজ করছেন বলে মাতা পশুস্তীকে উত্তীর্ণাও বলা হয়। পশুস্তীর অক্তরকম ব্যাখ্যাও লক্ষ্য করা যায়। পদ্মণাদাচার্য লিখেছেন সামাক্রশক্ষপ্রকাশরূপিশী শক্তিকে সামাক্রশান্মকভার জন্ত পশুস্তী বলা হয়। প

মধ্যমা—পক্তরী এবং বৈশরীর মধ্যে অবস্থিত। বাক্ মধ্যমা। গুলুপাদাচার্বের ব্যাখ্যা— থিনি মধ্যে আছেন এবং বৃদ্ধির সঙ্গে বিনি ষ্ক্ত তিনি মধ্যমা। গুলাবার মধ্যমাকে পরা ও পক্তরীর সমরসাবস্থাও বলা হয়। গুলাবার

মধ্যমার হুই রূপ—ছুলু আর ক্ষা। ক্ষরণে মধ্যমা নবনাদময়ী; ছুলরণে নববর্গান্ধিকা এবং ভূতলিপি নামে খ্যাত।

নবনাদ—নবনাদের ব্যাখ্যার বলা হয়েছে মূলাধার থেকে ব্রদ্ধরন্ত্র পর্যন্ত ব্যাপিনী কুলকুওলিনীর বন্ধপ নাদায়ক। কুলকুওলিনী জাগ্রত হলে দশবিধ নাদ জাত হয়। যথা— চিনি, চিনি চিনি, ঘণ্টানাদ, শখনাদ, তন্ত্রীনাদ, করতালনাদ, বেণুনাদ, ভেরীনাদ, মুদক্ষনাদ এবং মেঘনাদ। শাধনার বেশা নবম নাদকে বাদ দেওয়া হয়। তা হলে নাদসংখ্যা নাড়ায় নয়। অভএব মধ্যমা নবনাদময়ী।

পদ্মীধর কিছু দ্ব ক চ ট ত প দ্ব দ্ব এই নব বর্গকেই নবনাদ বলেছেন। > °

বরপ্রোভিরেবাল্কঃ পরাবারনপারিনী ।
 বজাং দুইবরপায়ায়বিকারো নিব হিতে ।—জঃ কা বি ২০-এর চিত্বদী

পঞ্চতি সৰ্বং খান্ধানি করণানাং সম্বাদিশি বছত্তীপা।
 তেনেরং পঞ্চত্তীভূত্তীর্পেভাপুনির্বতে হাতা।—সৌভালাহুখোদয়বচন, ফ্রং ল স, সৌ ভা, পৃঃ ১০০

० जा गां छ, शाक-अत्र शिका

<sup>&</sup>lt;sup>8</sup> प्रत्य क्लि प्रसाम ।--- म, त्मे का, पूर ১००

मृत्या या वृद्धिकंका मा वृद्यायां ।—व्य मा ७ २।००-४३ ग्रिका

<sup>•</sup> मधामा नवानकरकाः नमहत्रायका ।--का वि, २०-अव विव्यती

বিবিধা হি বধ্যবা সা হল্পা প্লাকৃতিছিতা হল্পা।
 নবনাগবরী ছুলা নববর্গালা চ ভূতনিপ্যাখ্যা।—কা বি, ২৭

अः तै, विव्यक्ती > नवनः পतिकाका वननःविवाकारानः ।—ते

<sup>·</sup> नरनारवहीकि—नरवाहाः च-क-ठ-ठ-ठ-ल-र-प-काः ।—तो स, ०० तरवाक जात्वर केवा

 **নব্দর্গ** বর্ণমালাকে নম্নটি বর্গে ভাগ করা হয়। চিদ্বলী শস্ত্সারে এই বর্গ শ্ব ক
 চ ট ত প য শ এবং ল। আবার স্বরবর্ণকে ছটি বর্গে ভাগ করে এবং বাকী বর্ণগুলিকে
 ক চ ট ত প য এবং শ এই সাতটি বর্গে ভাগ করেও নম্নটি বর্গ করা হয়।

**ভূডলিপি**—বে-লিপি বা অক্ষর চেষ্টাবিশেষের ছারা উচ্চারিত হবার ধর্মবিশিষ্ট তাকে বলা হয় ভূতলিপি।<sup>২</sup>

কাজেই দেখা বাচ্ছে স্ক্রমধাম। অন্তর্ম্ বোগীদেরই অভ্ভবগম্যা। বুলমধ্যমা বর্ণবিলীরণে অবস্থিত বলে পণ্ডিতমূর্থনির্বিশেবে সবারই উচ্চারণবোগ্যা। তলক্ষণীয় মধ্যমারণে বর্ণগুলি কল্পনায় বা মানস্ব্যাপার্মাত্র; উচ্চারিত হলে তথন বৈধরী হয়ে বার।

স্ক্রমধ্যমা আর কুলমধ্যমার মধ্যে বস্তুতঃ কোনো ভেদ নাই। কেন না উভয়ের সম্ভু হেতুহোতুমানের সম্ভু। স্ক্রমধ্যমা কারণ এবং কুলমধ্যমা কার্য।

বৈশরী— বৈধরীশব্দের বিভিন্ন বাাখা। আছে। পদ্মপাদাচার্য নিথেছেন বিশেবরূপে ধরছের (কঠিনছের) জন্ত বাক্কে বৈধরী বলা হর। বাগশান্তের অভিমত বিধর নামক প্রাণ অর্থাৎ বায়ুছারা প্রেরিতা বলে বাক্কে বলা হয় বৈধরী। শোভাগাস্থগোদয়ে বলা হয়েছে বৈ অর্থাৎ নিশ্চিতরূপে ধ অর্থাৎ কর্ণবিবরে রাতি অর্থাৎ গমন করে বলে বাক্কে বৈধরী বল।

জগংপ্রপঞ্চ অ থেকে ক পর্যস্ত অক্ষররাশিময়। অক্ষররাশিরপিণী বৈধরী এই জগংপ্রপঞ্চের নির্মাত্তী, সর্বশস্কাত্মিকা। ৮

সাধারণ মাহ্ব এই বৈধরীবাক্কেই জানে, এইটিই তার ভাষা। বর্ণ-পদ- ও বাক্য-রূপে এই ভাষার প্রকাশ। তবে তন্ত্রশান্ত্রে বর্ণ পদ বাক্য এই কথাওলি তথু বৈধরী সম্বেট্ট ব্যবহৃত হয় না। রাহ্বভট্ট পশান্তীকে বঙ্গেছেন বর্ণরূপা, মধ্যমাকে পদরূপা এবং বৈধরীকে বাক্যরূপা।

- > का वि, २१-अत्र किस्वती।
- ২ ভূতাক তে নিগয়ক ভূতনিগয়:। অত্ৰ নিগীৰাং ভূতকা নাম চেষ্টাবিশেষাক্ষরবিভাগাবিদ্যা
- .
- আভা কাল্লামকা কাৰ্য্য ছনরোর্যকন্ততো হেতেই।
   নৈবেল্ল নহি ক্রেন্ডালাল্লাং হেতুহেতুমকতীইন ।—কা বি, ২৮
- विरमस्य वत्रकारेक्वती ।—श मा छ २१४०-अत्र शिका
- श्रापन विवदारवान व्यक्तिका देववती भूनविकि ।—जः म म, त्नी का, >००
- ৭ বৈ নিশ্চরেন থা কর্ণবিষয়ং রাতি গছতি ইতি।—তঃ ঐ
- णाविकांशाकतवानिववारिमधानकिर्वाची गर्ननव्याक्तिका देववते । -का वि. व्य-वस कियुक्ती
- » পাতি ১12-এর চীকা।

বৈধরী থেকে পরা পর্বন্ত শব্দের ক্রমক্ত্ম স্তর বা অবস্থা স্থচিত হয়েছে। বৈধরী বুল, মধামা ক্তম, পশ্রন্তী ক্তমতর এবং পরা ক্তমতম।

বৈশব্যাদির ভাগ্রদাদি ভাবছা—তত্রে বৈশব্যাদি বাকের ভাগ্রদাদি ভাবছার কথাও বলা হয়েছে। বীজরণা বৈশবী, বাকের ভাগ্রদ্বছা; বিন্দুরণা মধ্যমা, বাকের স্থাবছা; নাদরণা পশুনী, বাকের সৃষ্ধ্যবছা এবং শক্তিরণা পরা, বাকের তুরীয়াবস্থা।

**ভুলাদি শরীর**—আবার বৈধর্যাদি-বাকের ছুলাদি শরীরও কল্লিভ হয়। বৈধরীর ছুলশরীর (বিরাট ), মধ্যমার হন্দ্র-শরীর বা লিঙ্গলরীর (হিরণ্যগর্ভ), পশুন্তীর কারণ-শরীরণ
( ঈরর ) এবং পরার মহাকারণ-শরীর। জীবের ভুরীয়-অবস্থার শরীরকে মহাকারণশরীর বলা হয়। কাজেই ভুরীয়-অবস্থার বাকেরও মহাকারণ-শরীর সিদ্ধান্ত হয়।

শক্ষরশের উদ্ভব সংক্ষে আচার্য ভাষররার প্রধানতঃ প্রপঞ্চসারতত্ত্বের মত অনুসরণ করেছেন। এ বিবরে শারদাতিসকেরও একই মত। তাতেও দেখা বায়— ভিন্তমান পরবিন্দু থেকে অব্যক্তাত্মা রব উখিত হল। সর্বাগমবিশারদ পণ্ডিতগণ তাকে শক্ষরত্ব বলেন।

নাদজ্ঞ এই লোকের ব্যাখ্যা করতে গিয়ে রাঘবভট্ট লিখেছেন শব্দাবস্থারূপ বে প্রথম বিন্দু তার থেকেই অব্যক্তাত্মা বর্ণাদিবিশেবরহিত অখণ্ড নাদমাত্র উৎপদ্ধ হল। এই নাদই শব্দাবস্থা। একে নাদজ্ঞ বলা হয়। এখানে নাদ অর্থ শব্দ। নাদ বা নাদজ্ঞ সমস্ত শব্দের (কার্বরূপ শব্দের) উৎপত্তির কারণ। পূর্বোক্ত পরাদি বাক্ নাদেরই চতুর্বিধ রূপ। প

কাজেই নাদ আদিশন্ধ ( Primordial Sound ); এ শব্দ দিব্যকর্ণগোচর, শুল-কর্ণগোচর নয়।

- বৈধরীভোহলি কুন্দ্রকুন্দ্রভাবনাং মধ্যমাগভভীপরাত্রপাশাং ত্রিবিধবর্ণনিং সভাং।
   —বা নি ৬।১০-১১-এর সে ব
- ₹ (i) প্রাসাত ১৯|৪৭-এর প্রাণাবাচাইকত দীকা (ii) G. L., p. 209 . G. L. p. 209.
- एक्त्यक्षाकावनवतीवाकिवानी क्षीकः पूर्वः ।—न म, त्मी का पृः १४
- ভিডমানাৎ পরাধ্ বিকোরবাজারা রবোহতবং।
   শব্রবুজেডি জং প্রাক্ত সর্বাধ্ববিদারবাঃ।—শা ডি ১/১১-১২
- प्रिण्डावन्त्रगावृक्तिका नावनु आयुद्धा त्रद्धा शक्कः ।—का वि. क्
- नावः नर्बनत्वारगिक्तर्वपूर्वपीः, न अव बुक्त नावबुक्त ।—का वि, व-अत्र विम्वानीः
- ৮ নাবঃ পরাপভতীবধানাবৈধরীয়ণেণ চতুবিধঃ।—সৌ ল, ৫১ সংখ্যক লোকের লন্দীবরকৃত চীকা
- Mabamaya, p. 61.

আনাছত নাক—শান্তে আছে এক অখণ্ড নাকাত্মক শব্দ সমন্ত শব্দরণে বিভক্ত হয়। এই নাক অনন্তমিতবভাব বলে অৰ্থাং কখনো লোপ পায় না বলে একে অনাহত নাক বলা হয়। প্রত্যাধারণতঃ একে অনাহত নাক বলা হয় এইজন্ত যে এই নাক এক বন্ধর সঙ্গে অন্ত

এই জনাহত নাদ বা শব্যবহ শান্তনিৰ্দিষ্ট ও। কেন না শব্যবহ প্ৰণবন্ধণী। প্ৰশ্লোপনিষদে আছে— অন্ধের চুই রূপ, পর ত্রন্ধ আর অপর ত্রন্ধ। উভয়ই ওচারবন্ধপ। প্রত্যান বন্ধ শব্যবদা।

লক্ষণীয় মুখে ও উচ্চারণ করলে যে-শব্দ উবিত হয় মালোচা অনাহত নাদ তা নয়। এ নাদ অতি ক্ষা, স্থুলকর্ণগোচর নয়, তথু যোগীদের অক্তবগমা।

মহানাদ— এই নাদ বা শব্দবন্ধকে মহানাদও বলা হয়। এটি কাৰ্যবিন্দু ও বীদের সংযোগজাত নাদ থেকে ভিন্ন।\*

কাজেই দেখা যাচ্ছে শারদাতিসকাদিতে তিনটি নাদের কথা বসা হয়েছে। এক— পরবিন্দুর পূথবাতী পরনাদ; তুই—মহানাদ বা শক্ষান্ত, পরবিন্দু বিদীর্শ হওয়ায় এটির উছব : হয়; তিন—বিন্দু এবং বীজের সংযোগজাত নাদ।

নাদ সম্বদ্ধে অক্স বিবর্ধ— নাদ সহকে আবার অক্সর্কর্ম বিবরণও পাওয়া বায়।
নাদের তিন অবস্থা—মহানাদ বা নাদান্ত, নাদ এবং নিরোধিনী। শলস্কর্ম কারণবিশান্তক। শলস্কর্মের প্রথম শলন মহানাদ বা নাদান্ত। এই শলন বখন সমগ্র বিশ্বে বাাপ্ত হয়ে বায়
অর্থাৎ নাদান্তের বারা সমগ্র বিশ্ব পূর্ণ হয় তখন নাদান্তের সেই অবস্থার নাম হয় নাদ।
বিশ্বব্যাপক নাদ অর্থাৎ নাদশক্তি যখন একটি বিশেষভাবে কিয়াশীল হয় তখন ভাকে বলে
নিরোধিনী। এই অবস্থায় নাদ বিশুতে পরিণত হয়। ১০

পরনাদকে উন্মনী বলা হয়। ১১ উন্মনী পরাশক্তির অক্তম রূপ। একে কারণরপ বলা

- একো নাগালকো বর্ণ: সর্বনাগবিতাগবান্।
   লোহনত্তবিতরপদালনাহত ইতীরিতঃ জঃ কা বি, >-এর চিত্রনী
- २ भन्त्र अधारमान्य ।--वा त्वा, १४ कांच, १४ मिडः, व मरः, कृष्ट >
- এতবৈ সত্যকাম পরং চাপরং চ বুদ্ধ ববোকার: ।—প্র উপ বাং
- ০ বে বুপাৰী বেছিডবো শলবুদ্ধ পরক বং ৷—বে পু ১-১০১ ৫ G. L., p. 941
- Sakta Philosophy, H. Ph. E. W., p. 414
- 9 Ibid, p. 275 . G. L., p. 114
- > কারণবিশাস্ত্রকণভিষ্যভং শব্দব শ—ল ন, সৌ ভা, পুঃ >> > ⊙ G. I., p. 114
- >> Sakta Philosophy, H. Ph. E. W., p. 415

হয়। এ ছাড়া আরও ছটি কারণরূপ আছে। বোগসাধনার এই-সব রূপ সহছে জ্ঞান থাকা অত্যাবক্তক। কেন না সাধককে এই-সব রূপের ধ্যান করতে হয়।

শক্তির সপ্তছুমি—বট্চজনিরপণের চীকাকার কালীচরণ উর্থনী প্রভৃতির অবস্থান নির্দেশ করেছেন এইভাবে?—আজাচজের উর্দের বিতীয় বিন্দু, এটি শিবস্বরূপ। তদুর্ধের অধ্যাত্রাকারা বোধিনীশক্তি। এই বোধিনীশক্তি বীল। বোধিনীর উর্দের শিবশক্তিন সমবায়রপা অর্ধচন্ত্রাকৃতি নাল। বিন্দু, বোধিনী এবং নাল এই তিনটি বিন্দুয়রপরশক্তির রূপবিশেষ। নালের উর্দের লাক্ষণাকৃতি মহানাল, তদুর্ধের আজীরপা ব্যাপিকা শক্তি, তদুর্ধের সমনী, তদুর্ধের উর্মনী। শক্তির সপ্তকারণরপ্তি ক্রমান্থসারে অবস্থিত।

আবার শক্তির এই সপ্তভূমির বিবরণ অন্তভাবেও পাওর। বায়। বেমন বিন্দুর উর্বেধ অধচন্দ্র, তদুর্বেধ রোধিনী, তদুর্বেধ নাদ, তদুর্বেধ ব্যাপিকা, তদুর্বেধ সমনী এবং তদুর্বেধ উন্ননী।

र्यागनाधरकता ज्ञात्मन नामकृषि থেকেই চিৎশক্তি ক্রমশ: শাই হয়ে উঠেন।⁴

ব্যাপিকা—মহানাদের বিষয় পূর্বেই আলোচিত হয়েছে। ব্যাপিকাশক্তি সহছে বলা হয়েছে ইনি বিন্দুর বিলাসম্বরূপ বামাদি শক্তিরয়ের ছারা সংঘটিত ত্রিকোণম্বরূপ। । •

সমনী—শিবাধিষ্টিত। সমনী বা সমনাশক্তি সমস্ক ব্রন্ধাণ্ডের ভরণ করেন। সমনাশক্তিবৃক্ত শিবই পরমকারণ এবং পঞ্চকতাকারী। সমনাশক্তি চিদানক্ষরণা পরাশক্তি। কিন্ত কালীচরণ সমনাশক্তিকেও পরাশক্তির অবাস্তর রূপ বলেছেন। সমনাভূমিতেই মনোরাজ্যের অন্তঃ

উন্ধানী—সমনার উর্ধের উন্মানী বা উন্মানা। শাল্পে আছে ১০—বেখানে গেলে মনের মনত্ত থাকে না স্বতন্তে তাকে উন্মানী বলা হয়েছে। সে অভিওক্ শক্তি।

<sup>&</sup>gt; ওভ-চালাচকোর্টের বিতীর বিশু: শিববরণঃ। তর্ত্যে অর্থনাকারা বাধিনীশভিত্ত্ ন শিবশভি-সমবাসরপাংগচলাকৃতি বারভাত্তি নালজাকৃতি প্রাবাদ তর্তা আরীরপা বাপিকাশভি: তর্তা সমনী তর্তা উমনীতি ক্রমেণ স্ত্যাক্রভাশি বর্ততে ।—ব বি, ০০-এর টাকা

२ वीवः नक्तिरवीविवीवनविद्यार्थः।—वे

विन्त्राधिनीमात्विक खद्रः विन्त्रमानमात्वः सनवित्तयः ।—वे

व माखिनावस्, स म च्यू नु: 63-62 व अ नु: 63 न अ नु: 62

ইবসপি পরশক্তেরবাভয়য়পর ৷—ব বি, ৪০-এর টাকা

<sup>»</sup> मक्रिणांशमा, क म क, मृः **०**२

বত্ত গৰা তু মনলো মনজং নৈব বিভাতে।
 উন্নদী সা স্থাব্যাতা সর্বভয়ের গোপিতা।—এঃ ব বি, ৩০-এর চীকা

উন্মনী বা উন্মনাভূমিতে ভগু মন নর, মন কাল দেশ তন্ত্ব দেবতা তথা কার্যকারণভাব সমস্ত চিরতরে তিরোহিত হয়ে বায়।

উল্পনী ছিবিধা— কালীচরণ লিখেছেন উন্ধনীশক্তি ছিবিধা— নির্বাণকলারপা এবং বর্ণবিলীরপা। উভরেরই স্থান সহস্রারে। উন্ধনীকে সপ্তদন্দী কলাও বলা হয়। কছাল-মালিনীভৱে বলা হরেছে — সহস্রার বা সহস্রদলপদ্মের কর্ণিকার মধ্যে আছে চন্দ্রমণ্ডল। সেই চক্সমণ্ডলে আছেন সর্বসম্ভারে কিলা। তারই নাম উন্ধনী। উন্ধনী ভবপাশছিন-কারিণী, মোক্ষণারিনী।

নাদ ও বিন্দুর ব্রহশ্র নাদ ও বিন্দুর কথা হচ্ছিল। নাদ ও বিন্দুর রহশ্র অতি গভীর। একমাত্র সদ্গুরুই এ রহশ্র উদ্ঘাটিত করতে পারেন। শাস্ত্র পড়ে এ সম্বন্ধে মোটাম্টি একটা ধারণা করা যায় মাত্র।

বিন্দুর ত্রিবিধ ক্লপ—প্রকাশ, প্রকাশ-বিমর্শ এবং বিমর্শ। অথবা সিত, মিশ্র এবং শোণ। এ পূর্বোক্ত বিন্দুত্রয় অর্থাৎ বিন্দু, নাদ এবং বীঞ্চেরই নামান্তর।

বিদও শক্তি প্রকাশবিমর্শময়ী তবু সাধারণতঃ শিবকে প্রকাশ এবং শক্তিকে বিমর্শ বলা হয়। কাজেই সিত বা প্রকাশবিন্দু শিববিন্দু, শোণ বা বিমর্শবিন্দু শক্তিবিন্দু এবং মিশ্র বা প্রকাশবিমর্শবিন্দু উভয়ের সমরসীভূত বিন্দু। এই মিশ্রবিন্দুকে কোথাও কোথাও সর্বতেজানময় প্রমাত্মা বলা হয়েছে। ক

চিদ্বল্লীতে বিন্দুত্ররের রহস্ত এইভাবে ব্যাখ্যা করা হয়েছে—নিথিলবেদাদিশন্দোৎপাদক অহন্তর অক্ষর অর্থাৎ 'অ' এই অক্ষরবাচ্য পরমেশ্বর আত্মভূতা নিথিলপ্রপঞ্চনিলয়া বিমর্শস্কির মধ্যে অহপ্রবেশ করে বিন্দুরূপ প্রাপ্ত হন। তার পর সেই বিমর্শস্কিও আপনার অন্তর্গত প্রকাশমর বিন্দুর মধ্যে অহপ্রবিষ্ট হন। তথন প্রকাশবিন্দুতে অহ্পপ্রবিষ্ট এই বিন্দু উচ্ছুন হন আর তাঁর থেকে তেজোমরী, নীবারাগ্রের মতো কৃদ্ধ, সমন্তত্ত্বগৃতিণী নাদান্দ্রিকা শক্তিনির্গত হন অর্থাৎ শক্তির নাদরূপ উত্তুত হয়। এই নাদ নির্গত হয়েই শৃক্ষাটরূপ অর্থাৎ ত্রিকোণাকার ধারণ করে। এই ত্রিকোণ বিন্দুনাদান্দ্রক প্রকাশবিমর্শের 'অহং' নামক শরীর।

- > मक्तिगायना, कम च. १: ७२ २ व नि, ३०-এর निका
- সহলারকর্ণিকারাং চল্লামণ্ডলমণ্ডলা। সর্বসভয়য়হিতা কলা সপ্তক্ৰী ভবেং।
   উন্মনী নাম তক্তা হি তবপাশনিকৃত্তনী।—মঃ ব বি, ০০-এর দীকা
- छेत्रनीः ह सामावर्गः त्रतमार त्याक्यात्रिमी ।—जः थे
- < निवः क्षकांनः निक्वितिनर्गक ।—का वि, ब-धन विव्वती
- ७ जः का वि, ७-१-अत्र किल्वती १ का वि, ७-अत्र किल्वती

নিতবিন্দু এবং শোণবিন্দুর সমর্মীকৃত বে মিশ্রবিন্দু তাকে বলা হয় রবিবিন্দু। একে কামও বলা হয় আবার অগ্নীবোমাত্মক বিন্দুও বলা হয়। এটাননন্দনাথ এই কাম শক্ষের অর্থ করেছেন পরমার্থবিদ্ মহাবোশীদের থারা বা আত্মা-রূপে অভিস্বিত হয় তাই কাম। অর্থাৎ কাম আত্মা বা বন্ধ। বিরবভারহভেও কামকে ব্রন্ধ বলা হরেছে। এই কামই কামেখর। ওভারবায় অন্তম নিথেছেন উপাধিরহিত ভছচৈতক্তই কামেখর।

কামকল।— সরি সার সোমকে বলা হর এই কামের স্বর্ধাৎ রবিবিশুর কলা। কলা বিমর্শকি। কামবিশিষ্টা করা কামকলা। কাজেই কামকলা প্রকাশবিশু এবং বিমর্শবিশুর সমষ্টিরপ। কেন না বিমর্শক্তি স্থারিবোমরপিনী। কামকলাই মহাত্তিপুর-স্পরী।

মহামহোপাধ্যার গোপীনাথ কবিরাজ মহাশর লিখেছেন প্রকাশের সঙ্গে বিমর্শের সাম্যই রবি বা কাম। এই সাম্য ভঙ্গ হলে পরে রবিবিন্দু প্রশালিত হয়ে ভঙ্গ আর রক্তবিক্তুরপে আবি ভূত হয়। ১০ কাজেই দেখা বাচেছ রবিবিন্দুই ভঙ্গবিন্দু এবং রক্তবিন্দুর সমষ্টিবিন্দু।

আচার্য ভারবরারও নিথেছেন সমষ্টিরূপে বিন্দু এক,— রবি বিন্দু। আর ব্যষ্টিরূপে বিন্দু ছই,—শুরুবিন্দু আর রক্তবিন্দু। শুরু বিন্দু ইন্দু আর রক্তবিন্দু অরি। ১১ এই ছই বিন্দুরূপে বিন্দু হরে বার বিদর্গ। ১১ অর্থাৎ এক বিন্দুরূপে বা বিন্দু, ছই বিন্দুরূপে তাই বিন্দুর

প্রসঙ্গক্ষে বলা যায় তত্ত্বে বিন্ধু ও বিদর্গকে পুরুব এবং প্রকৃতিও বলা হয় I'°

চিৎকলা—প্রকাশবিমর্শের সামাভক্তসনিত বে-প্রশান্সনের কথা বলা হল সেই প্রশান্সন কার্য থেকে বা অভিবাক্ত হর তাকে শাস্ত্রে সংবিৎ বা চৈতন্ত বলা হরেছে। এরই অপর নাম চিৎকলা। অগ্নির সম্পর্কে এলে শ্বত বেমন ধারান্ধপে প্রবাহিত হর তেমনি প্রকাশান্ত্রক শিবের সংস্পর্শে বিমর্শব্রপা পরাশক্তি ক্রবীভূতা হন এবং তাঁর থেকে এক পরমানক্ষম

- > এবংকুতো হবিঃ সিতশোপবিন্দুসময়সীভূতঃ মিশ্রবিন্দুরিতার্থঃ।—কা বি, ৭-এর চিত্বলী
- २ कात्मा त्रवितश्रीत्वामाञ्चकः हेलाक्षिमत्व वृत्वावश्चित्रत्व ।---व त्र, २।३१-३४-এत्र हीका
- ৩ কাষ্যতে ৰভিনন্ততে ৰাজ্বদেন প্রমার্থবিদ্ধিঃ বছড়িঃ বোলিভিরিতি কাষঃ ৷--কা বি. ৭-এর চিব্বরী
- s कारबा न देखन ।--- व द २।०० ध र १००-- धत होका
- ७ উপাধিরহিত ওছা চৈতভাষে विन्तूत्रभः कात्रवतः।—कावामानिवस् २१-এव काङ
- १ को वि, १-अब किन्स्त्री ४ वो नि ७।३०-३३-अब (म व
- » खडित्यामञ्जलिषे विवर्गनिष्टिः ।—का वि, १-এइ हिस्वती
- > अकिमाधना, क अ च, शुः ६३
- >> व इ श्वन-वर-बह शिका। >२ वे
- ১০ বিশু: পুরুষ: ইভূচকা বিদর্শঃ প্রকৃতির্যতা।—প্র দা ত.৪।১৮

অবৃতধারা প্রবাহিত হয়। এই ধারাই এক প্রকার বিচারে চিৎকলা এবং অন্তপ্রকার বিচারে বিমানন্দের স্বরূপ।

আচার্ধেরা বলেন এই রহস্তমর ব্যাপারটি লৌকিক ক্ষেত্রেও লক্ষ্য করা ধার। আচার্ধ ভারুররার লিখেছেন<sup>২</sup>—স্ত্রীপুক্ষের সামরস্তদশার ধথন ব্রন্ধরদ্ধতি ভঙ্গবিন্দু কামমন্দিরে প্রবিষ্ট হয়ে শোণবিন্দুর সঙ্গে একীভূত হয় তথনই বাজাস্তরভাণবিহীন কেবলমাত্র আনন্দর্মণ ব্রন্ধ অবভাসিত হন এটি অমুভবসিদ্ধ ব্যাপার।

এ-সব গুৰু সাধনার অন্তর্গত বিষয়। সদ্গুরুর কাছেই এ-সবের মর্ম অবগত হওয়া বায়।

কাষকলারহস্ত কাষকলার কথা হচ্ছিল। দেখা গেছে কাষকলা রবি, অগ্নি এবং লোম এই বিন্দুত্তরের সমষ্টিভূতা। ইনি মাতৃকা, মহাত্রিপুরস্পানী, পূর্ণাহস্তারূপিণী প্রকাশানক্ষরপিণী। ইনি দিব্যাক্ষরস্বরূপিণী অর্থাৎ জ্যোতির্ময়ত্রদ্বরূপিণী। এই কাষকলাই অনম্ভ অক্ষরত্তালি এবং মহামন্ত্রসমূহের বীন্ধ এঁ রই অস্তর্গত । প

এইজন্ত কামকলারূপিণী পরাশক্তি মহাত্রিপুরস্বন্দরীকে বলা হয়েছে বাগ্ভব-কামরাজশক্তি বীজান্মিকা। দেবীর বাগ্ভববীজাত্মক রূপ বাগীন্ধরী। ইনি জ্ঞানশক্তি, মোক্দ্রপিণী
অর্থাৎ মোক্দান্থিনী। তার কামরাজ্বীজাত্মক রূপ কামকলা। ইনি ক্রিয়াশক্তি, কামরূপ।
অর্থাৎ কামপ্রদা। আর দেবীর শক্তিবীজাত্মক রূপ পরাশক্তি। ইনি ইচ্ছাশক্তি, শিবরূপিণী
অর্থাৎ ধর্মপ্রদা।

আহমাজিক কামকলা বা মহাত্রিপুরস্করী চিৎ-আনক-ইচ্ছা-জ্ঞান-ক্রিরারণা। ইনি অসু থেকে অণুতরা, মহৎ থেকেও মহীয়দী। এঁকে বলা হয়েছে 'অস্তরবিমর্শ-নিপিল্কাবিগ্রহা। অস্তরনিপি বলতে বুঝার প্রকাশবাচক বর্ণ আ আর বিমর্শনিপি বলতে বুঝার হ-বর্ণ। কাজেই অকারাদিহকারান্ত বর্ণসমূহ দেবীর বিগ্রহ। আনহ মিলে আহম্।

- > नकिमायना, क न च. शृ: ०२
- বধা লোকে ত্রীপ্সেরোঃ সামরজ্ঞদশালাং বদা বু ক্ষরত্ব দ্বিতঃ ওক্লবিন্দুঃ কামমন্দিরং প্রাথিতঃ শোনবিন্দুনৈকীভবতি তবৈব বাহাত্তরভাগবিধীনমানশ্রমাত্রাবনেববু ক্রৈম ভাসত ইত্যানুক্রনিক্রন।

---वां वि ७३०->>-वाः त्म-वः।

- বাত্তর্গতানতাকররাশিনহাময়বীগপুরিত্তারপিয় প্রকাশাকরসারা বিক্ররস্কটিভূতদিন্যাকররপিয় কাবকলা
  নাম মহাত্রিপুরস্করী সাতৃকা প্রমবোগিতিরহামাহেবরৈরবিশমলুস্কর্ত্বাভি ।—কা বি, ৭-এর চিন্বরী
- । বাগ্তবকানরাক্রণজিবীকান্ধনেতার্থ:।—কা বি, ১২-এর চিত্রটা
- বাশীবরী আনশভিশাগ্তবে নোকরণিশী। কাবরাজে কাবরুলা কাবরূপা ক্রিয়াছিকা।
   শক্তিশীলে পরাশভিত্রিকৈব শিবরূপিশী। এবং বেবী আকরী ভূ মহাত্রিপুরপ্রশালী।—বা দি ৩)১৭-১৮

এইজন্ত দেবীকে বলা হয়েছে অহমান্মিকা, পঞ্চাশদক্ষরদ্বপিণী, ষড়ধ্বাত্মক সমস্ত প্রপঞ্চের জনমিত্রী, পরাভট্টারিকা এবং সমস্ত ভূতের অন্তরাত্মা।

পূর্বেই বলা হয়েছে কামকলা অহমান্ত্রিকা। আচার্য ভাষররায়ও বলেছেন ব্যক্তাব্যক্ত-বিলক্ষণা কামকলা অহং-শব্দের বাচ্যা। অহং-শব্দ কামকলার বাচক। 'অহং' প্রকাশবিমর্শান্ত্রক, কাজেই শিবশক্তি। বরিবস্তারহস্তে বলা হয়েছে—আকারহীন 'অ-হকার' বা 'অহং' শিবশক্তি। উভয়ে পরস্পর-আন্নিট্ট হয়ে ক্ষ্রিত ও প্রকাশিত। 'অহং' উপনিবত্তক পরবন্ধ।

'ষহং'-এর স্থ শিব স্থার হু শক্তি এ কথার স্থান্ত প্রাছে। সংহতপদ্ধতির একটি লোকে পাওয়া বায়—সর্ব বর্ণের স্থান্ত স্থ-কার তা প্রকাশাখ্য পরম্ব শিব স্থার স্থান্ত বর্ণ হ-কার বিম্পাধ্য শক্তি।

তবে এই অ-কার এবং হ-কার কিন্ধ বৈধরীস্তবের সুস অ-কার এবং হ-কার নয়, প্রাস্তবের স্ক্ষতম অ-কার এবং হ-কার।

হ-কারকে বিদর্গও বলা হয়। এর আকার ছটি বিন্দু(:)। অর্থাৎ ছটি বিন্দুবার। হ-কার সঙ্কেতিত হয়। আর অ-কারের আকার একটি বিন্দু(•)। অর্থাৎ একটি বিন্দুবার। অ-কার সঙ্কেতিত হয়।

ত্রিবিক্সু—বিক্রমের সমষ্টিরপা কামকলা। লাবার বিক্রমের সমষ্টিরপকে মহাবিক্ও বলা হয়। মহাবিক্কে পূর্ণাহস্তারপ প্রমেশরও বলা হয়েছে। প্রমেশরপরমেশরী মতির। এইজন্ত কামকলাকেও পূর্ণাহস্তারপিনী বলা হয়েছে। কাজেই মহাবিক্ আর কামকলা বা মহাত্রিপুরক্ষরী একই।

**ত্রিকোণ** লক্ষ্য করা গেছে মহাবিষ্ণু বা পরবিষ্ণু বা কারণবিষ্ণু বিন্দু নাদ বীষ্ণ নামক বিন্দুরয়রণে ভিন্ন হয়ে যার। এই বিন্দুত্তর নিয়ে ত্রিকোণ গঠিত হয়। এই ত্রিকোণকে কামকলা বলা হয়।

- > का दि, ७-१-अत्र किष्वती
- २ कामकला बाक्राबाक्यनिकक्रगांश्वर शहराहा। -- व व २।०१-०४-এव हीका
- मरकारको निवनको मृक्षाकारको नवन्नकाकिछै।
   मृक्षाध्यकानक्षमापुनिवक्कर नवर व क ।—व व २।००
- শকার: সর্ববর্ণাত্রা: প্রকাশ: পরয়: শিক:।
   হকারোহস্তা: কলায়পো বির্বাধা: প্রকীতিত: ।—য়: য়া বি ৬।১৬-১১-এর টাকা
- ध अः वा वि कारक्तराज्य शिका
- 🌼 অকারতৈকবিশাকারতা বিগর্গরপহকারত বিন্দুবরাকারতা চ ধানিতা।—ब
- मराविन्यः भूत्पीक्ष्मित्रकावस्त्रभाः शत्रत्यप्रताक्ष्यामक देखार्थः ।—का वि. ०-अत्र विष्यति

জিকোপের উত্তব সক্ষমে বলা হরেছে জিবিন্দু থেকে জিনটি রেখা প্রান্থত হরে জিকোণ গঠন করে। এই জিনটি রেখা বামা জ্যেষ্ঠা ও রোক্রা এই জিন শক্তির প্রতীক। এই রেখা জিলটিকে অ-ক-ব রেখাও বলা হয়। অ থেকে বিদর্গ পর্যন্ত বোড়শ ব্যবর্ণের বারা গঠিত রেখা অ-রেখা। এটি বামা। একে ক্রম্বরেখাও বলে। ক খেকে ত পর্যন্ত বোড়শ বর্ণের বারা গঠিত রেখা ক-রেখা। এটি জ্যেষ্ঠা। একে বিক্রু রেখাও বলা হয়। আর প্রথকে স পর্যন্ত বোড়শ বর্ণের বারা গঠিত রেখা ধ-রেখা। এটি রোক্রী। একে শিব-রেখাও বলা হয়।

এই রেখা ডিনটিকে রক্ষ:-সর্-তম:-রেখাও বলা হরেছে। তিকোণের ডিন কোণে আছে হ ল ক। এইভাবে দেখা বার কামকলা বর্ণাবয়বরূপিনী।

পূর্বোক্ত পরাদি বাক্ও বিন্দুগভিত ত্রিকোণরূপে প্রকটিত। ত্রিকোণের তিন দ্বেখা প্রস্তুতী, মধ্যমা এবং বৈধরী আর মধ্যবিন্দু পরাবাক্। পূর্বেই লক্ষ্য করা গেছে পরাবাক্ শন্মবন্ধ। পরাবাক্ই পশ্রস্তাাদিরূপে প্রকটিত।

এই প্রসঙ্গে উল্লেখ করা যায় বাকের এই যে পরাদি চতুর্বিধ রূপের কথা ভর্মান্তে আলোচিত হরেছে ভারতীয় চিস্তার ক্ষেত্রে অভি-প্রাচীন কাল খেকেই ভার পরিচর পাওয়া যায়। খংগদে আছে — বাক্পরিমিত পদ চারটি, মনীধী র্ত্তান্ধণেরা তা জানেন। এর মধ্যে ভিনটি গুহার নিহিত এবং বাইরে প্রকাশিত হর না। চতুর্বটি মান্ত্র্য ভাষাক্ষপে ব্যবহার করে। এখানে পরাদি নাম না থাকলেও বর্ণনা খেকে বোরা যায় পরা, পশ্রতী এবং মধ্যবাই

কামকলার কথার ফিরে আসা যাক। সাধনার ক্ষেত্রে কামকলার বিবন্ধ গুকুসামা।
শাস্ত্রের স্থাপ্ত নির্দেশ কামকলা পারস্পর্য অনুসারে বিজ্ঞাত হলেই তববছন মোচন করেন।
পুত্তকাদি পাঠে এ সহছে একটা সাধারণ জ্ঞান হতে পারে। তবে একপ জ্ঞান ক্ষপপ্রদ
হয় না।
\*

- > পাছকাপঞ্কৰ্, ২-এর টাকা
- ২ অকারাদিবিস্গাঁতা বুদ্ধরেবা প্রজাপতি:। ককারাদিতকারাতা বিক্রেখা পরাংপরা।
  বকারাদিসকারাতা নিবরেবা ত্রিবিল্ড: )—কার্স্বারারক্সন, এ: পাছুকাপঞ্চন্, ১-এর টীকা
- 🌣 ब्रह्मानकृष्टायादाया वानिमक्षणमक्षित्रा ।--- त्युकीवनवहन, 🚜 🗗
- ৪ পাছকাপক্ষম, ২ ৫ পদ্ধিসাধনা, ক ল জ, পঃ ৫৮
- চ্যারি বাক্পরিবিতা পদানি তানি বিদ্ধু ব্যক্ষণা বে মনীবিশঃ ।
   তেনা ত্রীপি নিহিতা নেজরতি তুরীলং বাচো মসুলা বছতি ।—ব বে ১:১৯৪।৪৫

द्रांशक क्रांनिश्ठि जिन श्रम बाद देवथतीहे स्मृत्रकाशिक हर्ज्य श्रम ।

- १ शांत्रम्भार्तन विकाला च्यवक्विरमाठवी।--वा वि ६१३३
- ৮ প্ৰকাৰলোকনাদিনোপাছাভৱেৰ লব্ধং তু স কলতি।—ই ট্ৰাকা

কামকলার অবস্থান—তত্রে কামকলার অবস্থান বর্ণনা করা হরেছে এই ভাবে—
ব্রন্ধরের উর্বাহাণে আছে বিসর্গ। । বিসর্গের নীচে সহস্রার্ণর। । সেই পদ্ধ ভর্নবর্ণ
আবােম্থ। তার কর্ণিকার মধ্যে আছে চন্ত্রম্বরুল। সেই চন্ত্রম্বরুল আছে অকথানিরেথাত্মক বিন্দুর্গভিত ব্রিকোণ কামকলা। । এটি শক্তির স্ক্রতম রূপ।

আৰার মূলাধারপজের কর্লিকার মধ্যেও বামা-জ্যেষ্ঠা-রোম্রী-রেথাছ্মিকা বা ইচ্ছা-জ্ঞান-ক্রিয়া-রেথাছ্মিকা একটি জ্রিকোণ ভাছে। একে বলা হয় জ্রৈপুর। এটি কামকলারই প্রতিষ্কপ।

ত্তিবিশাপ—গৰ্বতত্ত্ব কামকলার ত্তিবিধ দ্ধপের কথা আছে। এক—স্থুল ও বাছ; ত্ই—স্থা ও আছার; তিন—মন্তত্ত্ব ও তারীময়ী।

শুল-শুল ও বাহ্ন কামকলা সহছে বলা হয়েছে—রবিবিন্ধু তার মুখ, ইন্দ্বিন্ধু এবং বহিবিন্ধু তার জনবন্ধ এবং হাছকলা তার বোনি। সাধককে দেবীর এই মৃতির সঙ্গে নিজের অভেন্ন তারনা করতে হয়।

হা বিকলা—হার্থকনা সম্পর্কে মহামহোপাধ্যার গোপীনাথ কবিরাজ মহাশর নিথেছেন "শিবশক্তির মিননোভূত ( পূর্বোক্ত সিভবিন্দু ও শোপবিন্দুর পরস্পর অন্তপ্রবেশের বিবরণ এইবা ) অনুভধারা প্রবাহিত হলে পর ভার থেকে বে লীলারণ তরকেই উৎপত্তি হয় তাকেই ভারিক পরিভাষার হার্থকলা বলে।" হার্থকলা ভয়ের একটি অভিরহস্তমর গুড়তত্ব। একমার গুড়স্থাই এই ভারের মর্ম অবগত হওয়া বার।

হাৰ্থকলাকে বোনি কল্পনা করার কারণ সক্ষমে আচার্য ভাষররায় লিখেছেন? শিবশক্ষির

- > বিদৰ্শন ৰ জনজ জো খবছাৰে।—ৰ নি, ০০-এর কালীচন্ত্ৰত চীকা
- विनर्त्रमाथः वननञ्चनः महत्त्वकः गवः विवनित्रः ।—वे
- नश्यावः वहानवः क्रमन्यद्वाव्यवः चनावाविक्रमावादैवः कृतवरेनियवाकिछ्नः।

-क्डालमा निनीटजन्म, जः, वे

- . उञ्चाहकत्मप्रकाष्ट्र प्रदा जिल्लानः छत् वक्वाहिजित्त्वनास्यस् छ्यजित्कारा रूनकर्वजङ्गः ।
  —-व ह वि, ( T. T., Vol. II ), गृह ३२३
- 4 व वि, ४-এর চীকা এবং ব 5 वि, ( T. T. Vol II), পু: >>>
- o 48 o.182-65; Preface to kamakalavilla, pp. VI, VII
- ণ বাবি সহ-১-২০২ ও দীকা, Preface to kāmakalāvilās, p. VI.
- দ শিবশক্তিকে বিলয়নে উৎপন্ন অনুভকী ধারা প্রবাহিত হোবেপর উন্তনে জিন নীনারণ ভরককী উৎপত্তি হোতী হৈ বহী ভারিক পরিভাবারে হাবিকলাকে বাবনে বিখ্যাত হৈ।—শক্তিমাধনা, ক'শ আ, পুঃ ৫৯
- শত এব কানকলালেখনত কালচকাবৌ বক্ত বিবিশ্বকাবৌ বিশ্বকাবিধিকুমঃ তববো হংসপ্রবিতি লিখন্তি সাম্প্রকাতিকাঃ। আক্ষত লেখনাসভবাংতংকলাভিয়াভিত্যাবদাং কালানজ্জাতক হংসপ্রাক্তারেকার।

.--- वा वि ७।२०-२२-अब त्र व

মিলনে বে-পরমানন্দের উদ্ভব্ন হয় ভার কোনো আকার নাই; কাজেই ভাকে লেখা অর্থাৎ আকা বায় না। এইজন্ম বন্নাদিতে বেখানে হার্যকলা আকার বিধি আছে দেখানে সেই পরমানন্দের অংশমাত্রের অভ্যিবাক্তিম্বল কামালয়ের ছোভক হংসপদ আকভে হয়। হংসপদ অর্থ বোনি।

স্থান—হস্ম ও আন্তররূপে কাষকলা ক্ওলিনী শক্তি। বিদ্যানতাকার অধােম্থ উর্ধপ্ত কুওলিনী মূলাধার থেকে ব্রহ্মরন্ত্র পর্যন্ত লখিত হয়ে আছেন। কুওলিনী ভূজগাকারা।

পূর্বেই লক্ষ্য করা গেছে কামকলা পরাদিবাগ্রপিণী, তিনি শব্দরদ। তম্মশাম্মে ক্ওলিনীশক্তিকেও শব্দরদ্ধ বলা হয়েছে। শারদাতিলকের মতে সর্বভূতের চৈতন্তই শব্দরদ। এই শব্দরদ্ধ বা চৈতন্ত প্রাণিদেহে ক্ওলীরপ প্রাপ্ত হয়ে বর্ণরূপে গঞ্গদ্যাদিভেদে আবি ভূত হন। ব

অন্তত্ত্ব বলা হয়েছে কুণ্ডলিনী সোম, সূৰ্য এবং অন্তি এই ত্রিধামজননী। তিনি শক্ষত্ত্ব -বন্ধপিণী, ভূতলিপিমন্ত্রময়ী এবং পঞ্চাশংমাতৃকাবর্ণন্ধপিণী।

মন্ত্রতমু ও ত্রেরীমরী— কাজেই কানকলা আর কুণ্ডলিনীশক্তি এক। মন্ত্রতমু ও ত্রেরীমরী কানকলার রূপ কল্পনা করা হয় এইভাবে—সামবেদ তার মুখ, খগ্বেদ এবং বন্ধুর্বদ স্তন্দর এবং অথববিদ হার্থকলা। শামবেদ এক, ধক্ এবং বন্ধু মিলে এক এবং মধর্ব এক— এইভাবে শ্রুতির তিনভাগ দেবীদেহ রচনা করেছে বলে দেবী ত্রনীমরী।

দেবতা মন্ত্ৰতম । অৰ্থাৎ মন্ত্ৰ দেবতার দেহ । কামকলাকে বলা হয়েছে পঞ্চালদক্ষরদ্ধপি । এই পঞ্চালৎ অক্ষর বা বর্ণ নিয়েই বাবতীয় মন্ত্ৰ। কাজেই এ দিক্ দিয়ে দেখলে কামকলা মন্ত্ৰতম ।

ভরসম্ভাবে বলা হয়েছে—সব মন্ন বৰ্ণান্ত্ৰক, সব বৰ্ণ শক্তাান্ত্ৰক। শক্তি মাতৃকা 'আব

- ) Kāmakalāvilās, Preface, p. VII
- চৈতক্তং সর্বভূতানাং শব্দব দ্বেতি যে যতি:।
  তথপ্রাণ্য কুঞ্জীরূপং প্রাণিনাং দেহমব্যসন্।
  বর্ণার্থনা আবির্ত্তবৃতি সম্পদ্ধাদিতেকত:।—শা তি ১।১৬-১৪
- जिवासकानी (वरी नर वर करकाशिनी । विष्ठवादित्मवर्शावा शकानववर्गकाशिनी ।—व ১)००
- আই উ ব > এই পাঁচ বুক্বর, এ ই ও উ এই চার সন্ধিনা, পাঁচিনাট্ট স্পূৰ্ণ কর্ম মার ল ব শ ব
  ন এবং হ এই আটট ব্যাপক বর্গ নোট এই বেরালিনাট বর্গ ভূতনিশির। এই ক্তিনি প্রকৃত্যালক বলে
  এবের ভূতনিশি বলা হয়। ভূতনিশি নিয়ে গাঁটিত মার ভূতনিশির্মার।
  ——শা তি ৭২-৯-এর টাকা, শা. শা., Vol. XVI, Indio., p. 34
- \* Kamakalavilas, Preface, p. VII.

মাতৃকা শিবান্থিকা। সেই মাতৃকা জগতে পরতেজঃসমন্বিতারূপে আবিভি্তা হয়ে আত্রশ্ব-ভূবনান্ত সমস্ত বিশ্ব ব্যাপ্ত করে বিরাজ করছেন।

কাজেই ভন্নতে প্ৰভাকটি বৰ্ণ ই বন্ধপতঃ তেজোন্ধপা মাতৃকাশক্তি। উচ্চানিত বৰ্ণ এবং লিখিত বৰ্ণ তাঁনই বুলন্ধপ।

মাতৃকা অর্থ উৎপাদিক।। বিনি বুলক্ষ জগতের উৎপাদিকা সেই শক্তিই মাতৃকা-শক্তি। এই মাতৃকাশক্তি বন্ধপতঃ স্টির কারণভূতা প্রমাশক্তি ত্রিপুরা।

বর্ণ শিবশক্তিষয়—মাতৃকা শিবান্মিকা। বর্ণ মাতৃকা। অতএব বর্ণ শিবান্মক অর্থাৎ শিবশক্তিময়। অবশ্ত বর্ণকে শিবশক্তিময় বলার অঠ বৃক্তিও আছে। স্বরবর্ণকে বলা হয় শিবশক্তিময়, স্বরবর্ণ ছাড়া ব্যঞ্জনবর্ণ প্রকটিত হয় না। কাজেই স্বরবর্ণবোগে ব্যঞ্জনবর্ণও শিবশক্তিময়। অবশ্ত কোনো কোনো মতে স্বরবর্ণ শক্তি আর ব্যঞ্জনবর্ণ শিব। তবে উভয় মতেরই তাৎপর্ব এক।

বর্ণ নিজ্য — পঞ্চাশং মাতৃকা সাক্ষাংবন্ধবন্ধপিনী, নিজ্যা। কাজেই বর্ণ নিজ্য। অল্যকমভাবে বিচার করলেও দেখা যায় বর্ণ নিজ্য। বর্ণ শক্ষেরই দ্ধপবিশেষ। কেন না শক্ষ বিবিধ—ধ্যক্তাত্মক এবং বর্ণাত্মক।

পরতক্ষরামস্থত্তে আছে শ্লেক শব্দ নিতা। শব্দ বা নাদ শক্তিরই রূপ। এইজন্তই শব্দ নিতা, বর্ণ নিতা।

ধ্বনি ও বর্ণ — ধ্বনি ও বর্ণের সম্বদ্ধ অতি ঘনিই। ধ্বনি বর্ণহীন স্বর। বড়্জ, ব্বভ, গাছার, মধ্যম, পঞ্চম, ধৈবভ এবং নিবাদ এই সপ্ত স্বরে ধ্বনি স্বভন্নভাবে প্রতিভাভ হয়। কিছ ধ্বনি ছাড়া বর্ণ প্রকাশিত হয় না। অর্থাববোধের নিমিত্ত ধ্বনি বর্ণরূপে প্রকাশিত

- সর্বে বর্ণাক্ষকা মন্ত্রা তে চ পক্তাক্ষকা প্রিবে।
   পজিন্দ মাতৃকা ক্ষেরা সা চ ক্ষেরা শিক্ষাবিকা।
   বা সা তু মাতৃকা কোকে পরতেজনেমবিতা।
   ভরা ব্যাপ্তমিকং সর্বরাধ ক্ষর্ভবনাক্ষক।—এ: কা বি, ১১-এর চিব্বরী ২ এ: বা বি নান
- বিনা বরৈত্ব নাজেবাং জালতে বাজিবল্লনা।
   বিবলজিবলান প্রাহ্মজনার বর্ণান বনীবিবঃ ।—লা তি ২।৮
- 8 गरामबाक्रका विका मामार्य क्षत्रक्षिती ।—वा (का. 5व कांक, १व शक्ति, व गर, गृ: 85
- भारत्या हि विविध्या सम्बाद्धाः वर्गाञ्चरूक ।—स्त्रीकावकवन्त्रतः तः ते, ३व कांत्र, २व गतिः, गृः ३१
- वर्गाचका विख्याः वयुगाः ।—न् क ए )।१
- া বড়,ভৰ্কগাভায়নগ্যনপ্ৰবৈষ্টনিবাৰেৰু সন্তহ্ন পৰেৰু বৰ্ণং বিনা কৰিঃ পাছত্ৰোণ প্ৰতিভাতি ৷—প্ৰা ভো, ১৭ কাড, ২য় পৰিঃ, ৰ সং, পুঃ ১১

ছয়। স্বাধান কা বাছ বর্ণ ধ্রম্ভাত্মক। প্রত্যেক বর্ণেই বর্ণাংশ এবং ধ্রম্ভংশ পরস্পর-সংস্কট হয়ে বর্তমান। ব

সমস্ত শব্দ তথা ধ্বনি এবং বর্ণের মূল এক অব্যক্ত নাদ বা ধ্বনি। তাই শব্দক্রম। এই শব্দক্রমই প্রাণিদেহে চৈতক্তরপিণী কুণ্ডলিনী এবং তিনিই বর্ণরূপে মাবি ভূতা হন। এ-সব কথা পূর্বেও বলা হয়েছে।

ওঁকার—স্কা করা গেছে শব্রব্দের প্রকাশ হয় ও এই অনাহত নাদ বা ধ্বনিদ্ধণে। ও বা প্রাণব শব্রব্দের বাচক। আবার ওঁই শব্রহ্ম। কেন না বাচ্য আর বাচকে কোনো ভেদ নেই। ওঁই কুওলিনী। কারণ কুওলিনী শব্রহ্ম। সেইজন্ম বেমন বলা হয় কুওলিনীর থেকে সমস্ত বর্ণাদির উত্তব হয়েছে তেমনি প্রণব থেকে সমস্ত বর্ণাদির উত্তব হয়েছে এ কথাও বলা হয়।

বর্ম সা মাজুকা থেকে ব্রহ্মাদির উত্তব—কামধেহতরের অভিমত বর্ণরপা মাজুকা থেকেই ব্রহ্মা, বিষ্ণু, শিব প্রভৃতি দেবতার উত্তব হয়েছে। উক্ত তন্তমতে বৃহং পরবৃহ্ধনী অকারাদিককারাস্থা বর্ণরপা হয়ে চরাচর সমস্ত বিশ্ব, নানা শাস্ত্র, পুরাধ, ইতিহাস, বেদ, শৃতিশাস্ত্র এবং অক্ত বা-কিছু সবই প্রসব করেন। অক্তর থেকে জাত সমস্তই ব্রহ্ময়।

তরে চক্র সূর্ব এবং অরিকে বিশেষ গৌরবের স্থান দেওরা হরেছে। আমরা দেখেছি কামকলার ত্রিবিন্ধু—রবিনিন্ধু সোমবিন্দু এবং অরিবিন্ধু। আবার বর্ণসমৃহেরও সোমস্বারি-রপত্নের কথা বলা হয়েছে ওবং তাদের সৌম্য সৌর এবং আরের এই তিনতালে তাল করা হরেছে। ত্রবর্ণ সৌম্য, স্পর্নবর্ণ সৌর এবং ব্যাপকবর্ণ আরের। এই ত্রিবিধবর্ণ কাম, ধন এবং ধর্ম প্রদান করে। সৌম্যবর্ণ কামদারী, সৌরবর্ণ ধনদারী এবং আরেরবর্ণ দের ধর্ম।

<sup>&</sup>gt; ধ্বনিমন্তরেশ বর্ণো ন প্রকাশতে। অর্থাববোধার ধ্বনির্ব্বর্ণান্তনাবির্ত্বতি প্রকাশত ইতি তত্ত ভাগোঞ্ছ।
—ই % ১২

२ गर्दक्ति वर्तवृ वर्नारमध्यक्रात्मी शक्तमात्रमान्त्रही वर्त्यक ।-- व व २।१६-अव मिका

थानकः मर्दवायकः वानीनामानिर्जायमन्त्राकः ।—था एठा, २व काव, २व पविः, पृः ३१

পার্ জারতে বুদ্ধা তথা বিক্ প্রজাগতিঃ।
 রক্তক জারতে বেবি লগৎসংহারকারকঃ ।—কারবেসুভয়ক্তন, য়ঃ প্রা ভো, ১ব কাও, ২র পঞ্জি,
 ব সং, প্র: ১৫

অকারান্বিক্কারান্তা বরং পরবর্তনা। সর্বং চরাচরং বিশ্বং বর্ণান্তা পুরতে প্রবন্ধ।
নানাশারং পূরণক ইতিহাসক ক্ষরি। বেকক স্বতিশারক অন্তানি বানি কানি হ।
অক্ষরাজ্ঞারতে সর্বং পরং ব্যাবরং প্রিকে।—ভারবেস্ক্রবর্তন, হাং বী, পৃথ ১৮

मर्दर्शामाः मानप्रशिक्षमण्डम्बन् ।—ना छ २।५-०-वह मैका ।

এব্ বরাং দুতা সৌবাং শর্লাং সৌরাং ক্রেবরাং।
 শারের ব্যাপকাং সর্বে সোক্র্যায়িবেবতাং।—ই ২া২-০; স্তঃ উক্ত লোকের একং ২া৪ সংখ্যক লোকের
টিকা।

(जोजावर्व—तोजावर्ग वा चन्नवर्ग चल्डा। च व्यवस् विमर्ग भर्तक वानि चन्नवर्गतक इच- এवः नीर्य-एक्ट एटे लाग अवः जी-भूक्य-मभूः मकर्णात लिम लाग कन्ना एव। च ट छ च नृ (०) अ ७ अवः ः (०) इचचन। अन्न भरशा च ट छ अ ७ अवः ः भूक्य चान च नृ (०) मभूः मक। चा के छ छ नृ (३) अ ७ अवः ः मीर्यचन। अन्न मरशा छ नृ वात्म वाने वर्गशिन जो अवः छ च नृ मभूः मक।

শারদাভিদকে বিন্দুকে রবি এবং বিদর্গকে নিশাকর বা দোম বদা ইয়েছে। স্বর্রবর্ণর অস্ত্যবর্ণ বিদর্গ। বিদর্গ চন্দ্র, অস্ত স্বরন্ধনি ভিষিত্রণ পঞ্চদশ কদা। ব

সৌরবর্ণ—ক থেকে য পর্যন্ত পাঁচ ভাগে বিভক্ত পটিশটি বর্ণ দৌরবর্ণ। এর মধ্যে মকার পুক্র। ভাকে পরমান্ধা, বিশ্বরূপ, জীব, সূর্য এই-সর নাম দেওরা হরেছে। আর বিলোমক্রমে ভ থেকে ক পর্যন্ত চতুর্বিংশভি বর্ণকে প্রকৃত্যাদি চতুর্বিংশভি ওয়ান্ধক বর্ণ বলা হয়েছে।

আংশ্রের বর্ধ—বর লব শব সহ ল এবং ক এই দশটি বাপেক বর্ণ আংশ্রের। ব এইওলি সাবার তুই বর্গে বিভক্ত। এক—বর লব শ; অপর—ব সহ লক।

বর্ণের **অক্তরকম ভাগ**—বর্ণগুলিকে মাবার শক্তি ও বীক্ষ এই চুই ভাগে ভাগ করা হয়। স্বরবর্ণ শক্তি স্থার বাঞ্চনবর্ণ বীক্ষ।

ভূতাশ্বক—তত্ত্ব বর্ণনম্হকে ভূতাশ্বক বা ভৌতিক বলা হরেছে এবং পঞ্চত্ত্ব অন্থায়ী ভাদের পাঁচ ভাগ করা হরেছে। শারদাতিলকের মতে শিবশক্তিনমবায়ত্বপ কারণবিশ্ থেকে বেমন বর্ণসম্হের ১০ তেমনি পঞ্জুতেরও উত্তব হয়। এইজন্ত বর্ণসম্হ ভূতাশ্বক এবং পাঁচ ভাগে বিভক্ত।

- > তেৰু ৰৱা: ৰভৱা স্থা:।—পা ভি ২।২-ক-এর টাকা
- २ जे शब-१-अब क्रिका
- বিলুঃ পুষাৰ রবিঃ গ্রোক্তঃ দর্গঃ শক্তিবিশাকরঃ ।—ই ২।।
- नका कत्र (शरह विविधान्तर्स्स विन्तुरक त्रवि ७ विगर्गरक व्यक्ति ७ त्राप वर्गा स्टलरह ।
- e শাতি হা**ত-এর টাকা**
- ७ वे शब-वह निका, अ मा छ अप-क वक्र निका
- া প্রসাত, T. T., Vol. III, Intro., p. 19, n. 6. পা ভি ২া>-- এর নীকা
- 💆 राना रीजानि मक्का प्रकार शहरवर्गान् ।—रिक्नावृधिमाहिकायकन, हाः ना कि ०१२-७३ होका
- কারণাং প্রকৃতাবাযুদ্ধা বাত্রকা বক্তঃ। ভবের ভুতাত্রকা বন্ধি পর্ক পর্ক বিভাগতঃ।—শা তি ২।»
- वर्ग निका । यो निका कांत्र केंद्रव इस मा । कांद्रवरें क्यांत्व केंद्रव वनत्क व्यक्तिमक्ति कृतत्क वृत्त ।
   वर्ग निका । यो निका कांत्र केंद्रव इस मा । कांद्रवरें क्यांत्व केंद्रव वनत्क विका

পাঞ্জোভিক বিভাগ—বর্ণের পাঞ্জোভিক বিভাগ':—
জ জা এ ক চ ট ত প ষ বমাকত- বা বায়ব্য-বৰ্ণমকং।
हे के के थ ह र्र थ क त क छिक्रन- वा आरश्चन-वर्ग छिक्रन-
উ উ ও গ জ ভ দ ∢ ল ল্ · · · · · পার্থিব-বর্ণ · · · · · · · ফিভি।
<ul><li>श श छ च क छ श छ व म वाक्षा-वर्ष खाण् ।</li></ul>
≥ হ ং ৪ ঞ ণ ন ম শ হ বোম-বর্ণ বোম।

**শকুলাদি ভেদ**—পার্থিব বারুণ্য আর্থেয় এবং মারুত বর্ণের আবার **শকুল, মিত্র,** মধ্যম্থ বা উদাসীন এবং অমিত্র বা শক্রু এই চার রক্ষের ভেদ আছে। সাধকের নামের এবং দীক্ষাকালে গ্রহণীয় মন্ত্রের আছকর দিয়ে কুল ঠিক করা হয়। তদ্রের বিধান অফুলারে সাধকের নামের এবং গ্রহণীয় মন্ত্রের আছকর এক হওয়া চাই। যদি কারো গ্রহণীয় মদ্রের আছকর পার্থিব হয় তবে বলতে হবে পার্থিব-বর্ণ তার শকুল। কোন বর্ণ কোন বর্ণের মিত্র বা অমিত্র বা উদাসীন তাও তম্মে নির্দিষ্ট করে দেওয়া হয়েছে। ধেমন আল্লেয়-বর্ণের মিত্র মাক্রত-বর্ণ, অমিত্র বাক্রন-বর্ণ আর উদাসীন পার্থিব-বর্ণ।

দেখা যাছে ব্যবহারিক জগতের অভিজ্ঞতা অন্তসারেই এই-সব সহছ দ্বির করা হয়েছে। বাতাস আপ্তণের বৃদ্ধ জল শক্র আর ভূমি শক্রও নয় মিত্রও নয় ব্যবহারিক জগতে এ ব্যাপার প্রতাক করা যায়।

পূর্বেই বলা হয়েছে তন্ত্রের মতে প্রত্যেকটি বর্ণ মাতৃকালকি। প্রত্যেক বর্ণে লক্ষির একটি বিশেষরূপ অভিব্যক্ত। সেইজন্ত প্রত্যেক বর্ণের বিশেষ মূর্তি করিত হয়েছে, তার বরূপ করিত হয়েছে এবং ধ্যানও নির্দিষ্ট হয়েছে। দৃষ্টান্ত হিলাবে অকারের কথা ধরা যাক। কামধেত্তত্বে অকারের বরূপ বর্ণনা করা হয়েছে এইভাবে—অকার লার্ল চল্লের মতো উজ্জন, পঞ্চলেণমর, পঞ্চদেবমর, লক্তিবয়সম্বিত, নির্পে, গুণস্ক, কৈবলাম্তি, বিন্ত্রম্ম বর্ণ। অকার ব্যাং প্রকৃতিরূপিনী।

তন্ত্ৰান্তরে অকারের নিয়লিখিত ধ্যান পাওয়া বায়—কূম্বাহন অকার অভিকার, চতু ম্থ, অইতুজ। তাঁর হাতে গ্লা পুল প্রভৃতি আয়ুধ শোভা পাছে। তাঁর বং সোনার মতো।

- ১ শাভি ২।১০-১১-এর টীকা; প্র সাত ৩৭০-৭২ । ব শাভি ২।১০-১১-এর টীকা

বর্ধ ও কলা—পূর্বে বে সৌম্য সৌর এবং আরের বর্ণের কথা বলা হয়েছে সেই ত্রিবিধ বর্ণ থেকে অষ্টাত্রিংশৎ কলার উদ্ভব হয়েছে। সৌম্য কলা বোড়শ, সৌর কলা বাদশ এবং আরের দশ। ব্যাধিক বিশ্বক ব্যাধিক বিশ্বক বিশ্বক

এখানে উল্লেখ করা যায় ভয়শান্তে কলা শব্দটি বিভিন্ন অর্থে ব্যবহৃত হয়েছে। কলা অর্থ প্রকৃতি, শক্তি, মারা। আবার সমরের একটি ভাগকেও কলা বলা হয়। যট্তিংশতত্বের অক্ততম তত্ত কলা। সেখানে তার অর্থ ভিন্ন। তবে কলা শব্দের সাধারণ অর্থ অংশ। হঠবোগপ্রদীপিকার (৪١১) টীকার বলা হরেছে 'কলা নাদৈকদেশং' —কলা নাদের একদেশ মর্থাৎ অংশ।

সৌষ্য-কলা—বোড়শ সৌমা বর্ণ থেকে বোড়শ কলার উদ্ভব হয়েছে। তাদের নাম অমৃতা, মানদা, প্বা, তৃষ্টি, পৃষ্টি, বভি, ধৃতি, শশিনী, চন্দ্রিকা, কান্ধি, জ্যোৎস্না, ব্রী, প্রতি, অঙ্কদা, পূর্ণা এবং পূর্ণামৃতা। এই-সব কলা কামদায়িনী অর্থাৎ কামনাপূর্ণকারিণী।৮

সৌর-কলা— পর্নায় থেকে বাদশ সৌর-কলার উদ্ভব হয়েছে। পর্নায় বলতে ব্যায় ম বাদ দিয়ে বাকী চলিবলটি পর্নার জ্ঞাড়া জ্ঞাড়া জাড়া ভাগ। বর্ণমুগ্ম বা জ্ঞাড়া এই ভাবে নির্দিষ্ট হয়েছে—কভ, খব, গফ, ঘপ, এন, চধ, ছদ, জথ, ঝত, এন, চচ এবং ঠছ। কলার নাম তপনী ( তর্পিনী ), ভাপনী ( তাপিনী ), খ্যা, মরীচি, জ্ঞালিনী, কচি, স্থ্যা, ভোগদা, বিশ্বা, বোধিনী ( বোধনী ) ধারণী ( ধারিণী ) এবং ক্ষমা। এঁরা ধনদায়িনী।

আথেয়-কলা—ব্যাপক বর্ণ থেকে নিমোক্ত দশটি আথেয় কলার উদ্ভব হয়েছে—
ধুমার্চি, উন্মা, জলিনী, জালিনী, বিত্লিজিনী, স্থানী, স্বস্থপা, কপিলা, হব্যবহা এবং কব্যবহা।
এঁবা ধর্মপ্রদা। ১°

পঞ্চাশৎ কলা -- এ ছাড়া প্রণবের পাচটি ভেদ বা অংশের থেকে পঞ্চাশং কলার উদ্ভব প্রথক্ষদার, শারদাভিদক প্রভৃতি তম্নে বর্ণিত হয়েছে। প্রণবের পাচটি ভেদ এই—অ, উ, ম, বিন্দু এবং নাদ। >> কোনো কোনো তম্নে শক্তি এবং শান্ত নামে আরো হুটি ভেদ বর্ণিত হয়েছে। >২ কিছু এ ছুটি পর ভেদ, পূর্বোক্ত অপর ভেদের সঙ্গে তাদের গণনা হয় না। >>

- > তংক্তিকেসমূত্তা অষ্টাজিংশংকলা মতাঃ । স্বলৈঃ সৌনাঃ স্পৰ্নুলৈঃ নৌনা বাছাক্ত বহিন্দাঃ । বোড়ল ছামল মল সংখ্যা স্থাঃ ক্ষমণঃ কলাঃ ।—প্ৰা সা ত ৩০১১-১২
- २ उपर्राशिक्ता कना ---ना कि-अत्र २।३३३ ७ कना अत्रुक्तिः।--ना कि ३।५-अत्र हीका
- ঃ প্রসান্ত ১/২৬ e কলা নারা।—লাভি ১/১৫-এর দীকা ও প্রসাভ ১/৩০
- े दे. T. T. Vol. III, Intro., p. 2 n. 6 > अ ना क जार, 10
- ° অসাভ ভাগ >• ঐ ভাগে-১৯
- >> তারত প্রণয়ত পঞ্জেল ইতি অকারোকারমকারবিনুবালা: I—শা তি ২া১৭-এর দীকা
- <sup>32</sup> य मा छ शक्त-कः अक भा कि शत-अब हीका

**ছষ্টি-কলা**— শকার থেকে উত্ত হয়েছে স্ষ্টি-কলা। স্ষ্টি-কলা দশটি। যথা—হাট, শক্তি, শ্বতি, মেধা, কান্তি, লন্ত্রী, ধৃতি, দ্বিরা, দ্বিতি এবং সিদ্ধি। অকার একার বাচক। এইজন্ত আলোচ্য কলাঞ্চলিকে একালাভাঃ অর্থাৎ একার থেকে উত্তুতা বলা হয়।'

चिकि-कन।—উকার থেকে বিতি-কলার উত্তব হয়েছে। উকার বিতিকর্তা বিশ্বর বাচক। এই কলাগুলিকে বলা হয় 'বিশ্বুজাতাঃ' অর্থাং বিশ্বু থেকে উত্তা। বিতি-কলাগু দশ্মি। বথা—জরা, পালিনী, শান্তি, ঐশ্বরী, রতি, কামিকা, বরদা, জ্লাদিনী, প্রীতি এবং দীর্ঘা।

সংহার-কলা—মকার থেকে উছুত হয়েছে সংহার-কলা। এগুলিকে কল্পলাভাঃ
আর্থাৎ কল্প থেকে উছুভা বলা হয়। কারও ম কল্পের বাচক। সংহার-কলা দশটি।
বৃধা—জীক্ষা, রোল্লী, ভয়া, নিজা, তক্সা, কুৎ, ক্রোধিনী, ক্রিয়া, উৎকারী এবং মৃত্যু।

বিজ্মু-উদ্বুজ্জা—বিন্দু থেকে পীতা, খেতা, অরুধা এবং অসিতা এই চারটি কলার উদ্বব হয়। বিন্দু ঈশরতব। এইজয় এই কলাগুলিকে ঈশরোধিতা বলা হয়।

ৰাদ-উছুতা—নাদ থেকে বোগটি কলার উত্তব হয়। যথা—নিবৃত্তি, প্রতিষ্ঠা, বিচ্ছা, শান্তি, ইন্ধিকা, দীপিকা, বেচিকা, যোচিকা, পরা, পরাপরায়ণা, স্ক্রা, অমৃতা, আপ্যান্তিনী, ব্যাপিনী, ব্যোমরূপা এবং অনস্থা। এই-সব কলা ভূকিমৃক্তিপ্রদান্তিনী। নাদ সদাশিব-তত্ত্ব। এইজন্ত এই বোড়শকলাকে সদাশিবসঞ্চাতা বলা হয়।

পাছ—বর্ণনক্ষকে বলা হয় পদ বা পদাধা। বাঘবভাট বর্ণনক্ষ কথাটার ব্যাখ্যার ব্যেক্তন বর্ণনক্ষ অর্থ বিন্যুক্ত বর্ণনমূহ। পদ সম্মের অবহব। পাছের অন্তেম ক্ষেত্র। সহজ কথার পদ শব্দ।

ৰাজ বিভিন্ন মাতৃকাবৰ্ণ থেকেই সমস্ত মন্ত উত্তত হলেছে। " লক্ষ্য করা গেছে প্রাশক্তি কুওলিনীই মাতৃকাবর্ণ। শারদাতিলকে শাইই বলা হলেছে সর্বদেশমন্তী কেবী কুওলিনীই বর্ষক্রমন্ত্রী। " কালেই সমস্ত মন্ত্রই শক্তি। কুওলিনী শব্যক্ত। অন্তঞ্জন বনক্ত

- > अमा छ वार -- २ २ वे वार -- २ वे वार वार वार
- s धामा ड व्यर : भाष्ठि शश्र
- व अ२८-२१ : गांत्रगांठिनारक (२।२०) गतांगवांत्रगां ७ व्यक्तां वारे, व्यारक प्रवान्तां ७ व्यानांत्रणं ।
- मा डि शश्व
- ৭ বৰ্ণসভয় প্ৰাথম ক্ৰাৰ ৷--শা ভি ১ ১১
- ৮ वर्गमणः गविन्वृवर्गाः।—वे, शैका 🌼 वे
- মাতৃকাবর্ণভেলেভাঃ সর্বে মন্ত্রাঃ প্রজজিরে।—লা ভি ২।৫৭
- >> नराजनमा जनी नर्जनजनमी निका ।—के >।००

মন্ত্রই শব্দরকা। গন্ধর্বতন্ত্রে বলা হরেছে— সর্বপ্রাণীর চৈতন্ত শব্দরক্ষণ। এই শব্দরক্ষ মন্ত্রবিছাদিক্ষেকে বর্ণরূপে ব্যক্ত হন।

তত্ত্বের অভিমত সমস্ত বর্ণ পদ বাক্যাদি মন্ত । কেন না এ-সব শব্দ্রবাদ্ধরই রূপভেদ। তবে বাহ্ বর্ণ পদ বাক্যাদি মন্ত না বলা বাদ্ধ মন্ত্রন্ধা শক্তি এই প্রনিকে অবশ্বন করে আবি ভূড়া হন। এই অন্ত বলা হরেছে বে-ব্যক্তি মন্ত্রকে লিপিমালার অক্রমাত্র মনে করে দে নরকে বাবে।

মন্ত্রের রূপ—বে-কোনো শব্দের আকারে মন্ত্র প্রকাশিত হতে পারে। কেন না মন্ত্র শক্তি। এইজন্ত দেখা বার ভধু শংকত ভাবার নর, বাংলা প্রভৃতি ভাবাতেও মন্ত্র আছে। আবার এমন সব মন্ত্র আছে নিছক ভাবার বিচারে বেগুলি অর্থহীন। তৃক্তাকের এ রকম বাংলামন্ত্র অনেক আছে। থারা এই-সব মন্ত্রকে ফলপ্রদ মনে করেন তাঁরা মন্ত্রকে শক্তাভিব্যক্ত শক্তি বলেই জানেন।

তবে একটা কথা। সৰ শব্দই স্থান্তঃ মন্ত্ৰ হলেও সাধনার ব্যাপারে বিশেষ করে প্লাদি আধ্যান্ত্রিক সাধনার ব্যাপারে যে-সব শব্দ ব্যবহৃত হয় তাদেরই সাধারণতঃ মন্ত্র বলা হয়।

মন্ত্রের প্রাচীনত্ব—প্রাগৈতিহাসিক যুগ থেকে মাহ্ব মত্ত্রে বিবাস করেছে। ষাত্মত্রে বিবাস আদিম মানবের একটি বৈশিষ্ট্য বলা চলে। সভ্য মাহ্বও সে-বিবাস কোনোছিন সম্পূর্বভাবে ত্যাগ করতে পারে নি। প্রাক্-আধুনিক যুগের সব সভ্য সমাজেই ষাত্মত্রে বিবাস প্রচলিত ছিল। লোকে বাত্মন্ত্রকে অলৌকিক শক্তিসম্পন্ন মনে করেছে। অনেক ক্ষেত্রেই এই-সব মন্ত্র অর্থিন, অবোধ্য। হয়ত সেইজন্তই এইগুলিকে বাত্শক্তিসম্পন্ন মনে করা হত।

ভরশাস্ত্রকে বৰা হরেছে মহশাস্ত্র। তত্রে নানা রকমের বহুমন্ত্রের বিবরণ আছে। এই-দব মহকে যোটাষ্ট ছুই শ্রেণীতে ভাগ করা বাহ—এক; উচ্চ আধ্যান্ত্রিক দাধনার উপবোগী মহ; ছুই—ইইলাভ ও অনিষ্টপরিহারের অথবা শক্রর অনিষ্টবিধানের উপবোগী মহ। বাহুমন্ত্র প্রবীতে পড়ে।

- > रेठिछः प्रवृक्तामाः नव् वर् व्यवक्रणक्यः । वर्गकरणन छत् वास्य वस्तिकाविरक्षण्यः ।---ने छ १०।১०
- ং সকলাক্ষরপুদ্ধাকারীনাং ব্যবস্থাক্ষ্পাধিশভি ৷—ত হা ত ২০০০-২০-এর চীকা
- 9 P. T., Vol. 11, 2nd Ed., p. 607
- প্রেরী বাসুবব্ কিং চ বয়ে চাক্রভাবনান।
   প্রতিবারাং শিলাঞানং কুর্বাণো নরকং য়বেং।—জঃ ঐ, পৃঃ ৬১৫
- <sup>6</sup> P. T., Vol. 11, 2nd Md., p. 607 G. L., p. 258 S. S., 4th Md., p. 484

আমাদের দেশে অধ্যাত্ম-সাধনার উপযোগী মন্ত্রের প্রাচীনতম নিদর্শন পাওয়া যায় বেদে। বেদের মূল শ্লোকগুলিকেই মন্ত্র বলা হয়। বেদের ছুই ভাগ, মন্ত্র আর ব্রাহ্মণ। বলা যায়।

মন্ত্রশব্দের ব্যাখ্যা—মন্ত্রশব্দের ব্যাখ্যা নানাভাবে করা হয়েছে। এই-সব ব্যাখ্যার মধ্যে প্রাচীনতম ব্যাখ্যা বাস্কের। তিনি বলেছেন যার ছারা মনন করা যায় <u>ভার নাম</u> মন্ত্রা

মন্থাত্র আৰু মন্ এবং ত্র। মন্থাত্ থেকে এসেছে মন্ আর তৈ থাত্ থেকে ত্র। মন্ধাত্র অর্থ মনন করা বা চিন্তা করা আর তৈ থাতুর অর্থ ত্রাণ করা। এই ছই অর্থ নিয়েই বিভিন্ন তন্তাদিতে মন্ত্রণকর ব্যাখ্যা করা হয়েছে।

শ্রীবিছারত্মস্ত্রম-এর ১ম শ্লোকের চীকায় উদ্ধৃত একটি শ্লোকে দেখা যায়—মননকে বলে মকার এবং ত্রাণকে ত্রকার। যা মনন্ত্রাণসংযুক্ত তাকেই বলে মন্ত্র।\*

পিঙ্গলামততন্ত্রে বলা হয়েছে শার থেকে বিশের যথার্থ জ্ঞানের মনন এবং সংসারবন্ধন থেকে ত্রাণ সংসিদ্ধ হয় তাকে বলে মন্ত্র।

তম্বমতে বিশের ষ্ণার্থজ্ঞান বা বিশ্ববিজ্ঞান ব্রহ্ম এবং ব্রহ্মাণ্ডের অভেদ্জ্ঞান।\*

গায়তীতন্ত্রের ব্যাখ্যাটি কিঞিৎ বিস্তৃত। বলা হয়েছে "যাঁহার মনন হেতু জীব পাপ হইতে আত্মত্রাণ সাধন করেন, যাঁহার মনন হেতু জীব অর্গন্তোগ করেন, যাঁহার মনন হেতু জীব যোকলাভ করেন, এইরূপে জীব যাঁহার অবলম্বনে চতুবর্গময় হইয়া মান, তাঁহার নাম মন্ত্রা"

मह कुछिननी — মত্ত্রের এই-সব ব্যাখ্যা থেকেও শাই বোঝা বাচ্ছে মন্ত্র চিংশস্কি
কুগুলিনীরই রূপ। কাচ্ছেই সব মন্ত্রই চেতন। শব্দ মন্ত্রের শরীর। শব্দকে ব্যবহারত:
জড় বলে মানলেও তাতে মত্ত্রের চেতনন্দ্র ব্যাহত হয় না। কেন না জীবদেহ জড় হলেও
দেহী জীব বেমন জড় হয় না তেমনি মন্ত্রদেহ শব্দকে জড় বললেও মন্ত্র জড় হয় না।°

- > मञ्जन् क्रिनाम्बर्गार्यवनाम्बरम् ।--- जः नामी भडीजानम-नन्नाहिक छेन्निवर-अञ्चारती, ১२ छान, कृषिका, गृः ०
- २ बद्धां बननार ।-- निक्रक १। ३२
- মকারং মননং প্রাহরকারবাণমৃত্যতে। মনন্ত্রাণসংবৃজ্ঞা মন্ত্র ইভ্যকিবীয়তে।
- मननः विविक्कानः जानः गःनावनकनाः । वकः करवाकि नःगिरका मत्र हेक्नुग्राक छकः ।

— तः नां छि ॥>-এর দীকা

- e P. T., Vol. II, 2nd Rd., p 616.
- নননাং পাণভ্রাতি নননাং বর্গনর তে।
   নননাংলাভিনার্লিত চ্জুর্বর্গনবো তবেং।—গায়্রীভ্রবচন, ত্রঃ ত ত, পৃঃ ১২১
- भन् समजीवक क्रम्प्यरिन मजीविनीवक्रीकविव क्रिक्त्यांगनक्षः । न्या वि १३४०-४३ त्र व

• সমস্ত মন্ত কুগুলিনীর থেকে উদ্ভূত আর কুগুলিনী জীবদেহে চৈত্রক্তপে অবস্থিত। কাজেই সমন্ত মন্ত চৈত্রক্তপে জীবদেহে অবস্থিত। মন্তের অর্থ সংস্কারক্তপ চৈত্রের অর্থ ভূক। বধাষণ সাধনার হারা সেই অর্থ সাধকের ভক্ত চিত্তে প্রতিজ্ঞাত হয়।

চিত্ত ও মন্ত্র—বামকেশরতত্ত্বর একটি বচনে আছে — অব্যক্তবিগ্রহ শশব্রশ্বের থেকে সর্বকারণ বাজসবস্তান বৃদ্ধিতব উদ্ভূত হল। এইটিই সামুশ্যের মহন্তব। বৃদ্ধিতব মন-বৃদ্ধিঅহংকার-চিত্তবন্ধণ। কাজেই জীবের বৃদ্ধিও মূলত: মন্ত্র। শিবস্ত্রে শাইই বলা হয়েছে
চিত্ত মন্ত্র। এই চিত্ত নির্মল চিত্ত। ভাকররার লিখেছেন মনন্ত্রাণধর্মত্ব থাকার জন্ত
নির্মলচিত্তই মন্ত্র।

এই জন্ত মন্ত্ৰকে শুক্ষমনন বা শুক্ষ চিন্তের বুক্তিও বলা হয়। শুক্ষমের শ্রীর। দেবতা ও মন্ত্র আভার। শ্রীর। দেবতা ও মন্ত্র আভার। কালেই সাধকের চিন্ত দেবমর হয়ে বার। এই ভাবে সাধক আর দেবতা এক হয়ে বান। সাধনার ক্ষেত্রে মন্ত্রের এইটিই চরম সার্থিকতা।

মন্ত্রের অক — তর্বাত্তে মন্ত্রের বিভিন্ন অকের কথা বলা হয়েছে। তরাস্তরমতে । 
শবি, ছন্দ, দেবতা, বীন্দ, শক্তি এবং কীলক এই ছয়টি মন্ত্রাক্ত। বেমন কালীমন্ত্রের শবি
ভৈরব, ছন্দ উঞ্চিক্, দেবতা কালিকা, বীন্দ হ্রী, শক্তি হঁ > এবং কীলক আন্তরীন্দ অর্থাৎ
ক্রী। > ১

তবে মন্ত্ৰাক সৰক্ষে মতভেদ আছে। ত্ৰিপ্রাসিকান্তে দেখা যার— ঋষি, ছন্দ, বীজ, কীলক, শক্তি, অকস্তাস এবং ধ্যান মত্ত্ৰের এই সাতটি অকু। ১৭

- > G. L., p. 212
- ২ অব্যক্তবিগ্ৰহাক্তৰ, লবু লোঃ সৰ্বকারণৰ ।

  ব্যক্তসৰ্প্রণং ব্যক্তব্যকারত।—জঃ, শা তি ১।১৭-এর টকা ◆ ঐ
- 8 किस बद्धः ।—जः न म २०১-अत तो छ।
- মননত্রাণধর্মভারির্মলচিন্তমের বা মন্ত:।—ল স ২০১-এর সৌ ভা G. L., p. 145
- १ प्रदिवासिय एकानार महाबाधर महीतकम् ।-- म छ १०।>२
- मजन्मा कार्याचवः ।—म म क, का ब, ब्राव
- जः वितः करनवृद्धित्तरन रेकादि नवन, कः कार्यावस्क, ३व श्वित्स्व
- >
   তৈরবাহত ববিঃ প্রোক্ত উদিক্ হল উবাজতন্। বেবতা কালিকা প্রোক্তা কজাবীজন্ধ বীজকন্।
  শক্তিক কুইবীজা তাদনিজনুবর্ষতী ।—কালীতঃ ১৮৮>
- >> क्लेक्श ठांखरीक्य ठलूर्वर्गार्वनियतः।—कालीक्ष्यक्रम, तः, स्रामात्रकः, ३म शतित्वर
- >২ থবিশ্বলত বীজা চ কালকং শক্তিরেব চ।
  সমভাসততো গ্যাকং ম্বাকানাং চ সপ্তক্ ।—আঃ জীবিভারমুখনের ১-এই গীপিকা

গান্ধত্রীতন্ত্রের মতে মত্ত্রের অঙ্গ পাঁচটি। বধা—শাবাহন, ধ্যান, শানুণ, সমর্পণ এবং বিসর্জন।

আবিশ্যিক চার বস্তা—আচার্যদের মতে মন্ত্রের সাফল্য নির্ভর করে চারটি বস্তব জ্ঞানের উপর। বস্তু চারটি—ক্ষবি ছন্দ দেবতা ও বিনিয়োগ। গৌডমীয়তক্তে বলা হরেছে—ক্ষবি ও ছন্দের জ্ঞান বাতীত মন্ত্র ফলপ্রদ হয় না। আর মন্ত্রের বিনিরোগ বারা জানেন না তাঁলের মন্ত্র নির্বার্থ হয়ে বায়।

ঋवि—ঋষি সম্বন্ধে বলা হরেছে॰ বে-মদ্রের বিনি স্রষ্টা এবং বে-মদ্রের দারা বিনি সিদ্ধিলাভ করেছেন সেই মদ্রের তিনি ঋষি। ঋষি তপ এবং যোগবলে সেই মন্ত্র প্রথম অবগত হন।

এই প্রসঙ্গে উল্লেখ করা যায় শাস্ত্রমতে শাস্ত্রীয় সমস্ত মন্থ্র জ্বশোরুবেয়। কোনো শাধক শ্ববির হৃদয়ে মন্ত্রের আবির্ভাব হয়। শ্ববি শুধু মন্ত্র অবগত হন বা তার সাক্ষাৎকায় করেন।

গৌতসীয়তত্ত্বে বলা হয়েছে° বে-শুদ্ধাত্মা গুরু তপস্থার ছারা মহেশরের মুখ খেকে মন্ত্র অবগত হয়ে প্রথমে তার লাধন করেন তিনিই দেই মন্ত্রের ছবি বলে গণা হন।

मिया शास्त्र महा यहा यहा भएका, कार्या शुक्त नहा।

ছক্ষ—ছন্দের বিষয়ে বসা হয়েছে"—পুরাকালে মৃত্যুতীত দেবতারা নিজেদের আচ্ছাদ্দ করার জন্ত ছন্দসমূহের শ্বরণ করেন। সেই-সব ছন্দের থারা দেবতারা আবৃত হন। আচ্ছাদ্নের থেকেই ছন্দ কথাটি এসেছে। সমস্তই ছন্দের থারা আবৃত।

**দেবতা**—দেবতা সহত্বে বহা হয়েছে, বে-মন্ত্রের উদ্দিষ্ট বে-দেবতা সেই সম্ভের দেবড়ের ক্লণও তাই। দেবড়কেই দেবতা বহা হয়।

- আবাহনং বৰা অলং গানক অলণং বৰা। তৰা অলং মহাদেব সমর্পবিসর্জনন্।
  পকালং সর্ববিভালা সর্বপারে প্রতিকিতা ( তব ? )।—লাভনীতত্র, ২য় রাজাণ পটকা
- चित्रस्थार्थितकानात्र मद्रः क्ल्डान् ड्रावरः।
   (कोर्वलाः वाणि मद्रानाः विविद्यानः अङ्गानलाम्।—(त्रो छ, २४ कः)
- বেন বং কবিণা দৃষ্টং সিদ্ধিঃ প্রাপ্তা চ বেন হৈ।
   মত্রেণ তক্ত তং প্রোক্তব্যকর্তাবন্তদার্থকর।—ক্রঃ পা তি ১াই-এর টিকা
- সাক্ষাংকৃতথ্যাণ ধৰ্যো বভূবু: ৷—নিক্লক্ত ১৷২٠
- মহেবরমুবাজ জাহা ভর্মবতপরা মন্তব্ ।

  সংসাবদতি ওভালা পূর্বং ল কবিরীরিতঃ ।—জঃ, লা ভি ১০০-এর ঈশা
- মৃত্যুতীতৈঃ পুরা দেবৈরাজনস্থাদনার চ। ছলাংসি সংস্কৃতানীত ছার্টিভাটভাভাত্যবাল্লার ।

  ছালনাক্তন উলিটা সর্বং ছলোভিয়াবৃত্য ।— ঐ
- १ इन्गारित शावनार।--निक्क ११२२
- দ্য বত বত চ মহত উদিটা বা তু দেবতা। তথাকার তবেশ্বর দেবতা দেবতা এক না ডি সাধ-এর জিলা

বি**নিরোগ**— বিনিরোগ বা প্রয়োগ সম্বন্ধ বলা হরেছে—ধর্ম-স্বর্থ-কাম-মোক্ষ-জনক কর্মে শাস্ত্রনির্দিষ্ট উপায়ে মন্ত্রের বোজনাকে বিচক্ষণ ব্যক্তিরা বলেন বিনিরোগ।

প্রসঙ্গতঃ বলা বার সাধনমর্মজ্ঞরা বলেন আধ্যাত্মিক সাধনামাত্রেই শ্ববি ছন্দ দেবতা ও বিনিয়োগ পরিলক্ষিত হয়। "শ্ববি তত্ত্বদর্শী গুরু, ছন্দ সাধনপ্রণালী, দেবতা অপূর্ব আরাধ্য শক্তি, বিনিয়োগ সেই শক্তিকে সাধনবলে জাগ্রত করে এবং নির্দিষ্টক্ষণে চালিত করে পূর্ণসিদ্ধি লাভ।

মান্ত্রের ভেদ তরশামে মান্তর করেক প্রকারের ভেদ বর্ণিত হরেছে। বর্ণের মতো মান্ত্রেরও স্ত্রী, পুক্ষ এবং নপুংসক এই তিন ভাগ করা হরেছে। রাঘবভট্ট লিখেছেন বিশেষপ্রয়োগসিছির জন্ত এ রকম ভাগ করা হয়েছে। কৈলে নিরুপ্রৈতন্ত অথগুনিন্দ্রবাচ্য মান্ত্রের আবার স্ত্রীপুক্ষাদি ভেদ কি । বৃদ্ধুত: এ রকম কোনো ভেদ নেই। উপাসকদের প্রয়োজনে এরূপ ভেদ কল্লিভ হয়েছে। ক

যে-সব মত্রের উদিট দেবতা পুরুষ তাদের বলা হর পুরুষ্মন্ত্র আর যে-সবের উদিট দেবতা জী তাদের বলা হয় স্থীমন্ত্র। বাকী সবঁ মন্ত্র নপুংসক। মন্ত্র শক্তি সাধারণ। জী পুরুষ নপুংসক সব্ মন্ত্র মন্ত্র।

তম্বশাস্থের বিধান পু<u>মেরের লেবে থাকবের্ছি ফট্ট স্থীমরের লেবে বিহিট্ট এবং নপুংসক-</u>
সংহার লেবে নিমান তব কোনো কোনো তরমতে পুংমরের লেবে বুবট ফট্ট স্থীমরের লেবে ,
ব্যবিট বাহা এবং নপুংসক মরের লেবে <u>ভূঁনম</u>: থাকবে। তই ত্রিবিধ মন্ত্র বস্ত-ক্রিয়া, শাস্তিক্রিয়া এবং আভিচারিক-ক্রিয়ার প্রশস্ত।

- २ পু ठ, p. ы.
- ত প্রব্যোগবিলেবনিদ্বার্থ্য মন্ত্রাণাং ত্রেবিধানার প্রান্ত্রীতি।—শা তি ২।৫৮-এর টাকা
- নমু নিক্সতৈতভাৰতানশ্ৰবাচ্যক্ত মন্ত্ৰক্ত কথা পুল্লোদিকরন্দিতি চেৎ সৃত্যুন্। বন্ধতো নাজ্যেব।
   উপাসকানামর্থে কর্মনামাত্রন্।—ঐ

  - প্ৰেছা হংক্তভাং হাৰিঠাভাক জিলো মতাঃ।
     শপ্ৰেমণা নৰোহভাং হাৰিত্যভা মনবজিব।—লা তি ২।১৯
  - দ্বাৰ্ট্ডভাৰা: প্ৰনিকা ৰৌৰটবাহাৰদা: ক্লিঃ।
    নপ্ৰেলা হ' নৰোহৰা ইতি মন্ত্ৰান্তিৰা শুভাঃ।—এলোগনাহৰচন, বঃ ঐ ২।১৮-এব টাকা
  - · भवारक विविधा मना वक्ताकाकिहानत्व ।—मी कि २।००

ম্ছের সৌমা এবং সৌর এই তুই ভাগও করা হরেছে। স্ব প্রমন্ত সৌর আর স্ব স্থামত্র বা বিভা সৌমা।

আৰার আগ্নেয় ও সোমা এই ছুই শ্রেণীর মন্ত্রেও বিবরণ পাওরা বার। আগ্নেরমন্ত্র অপ্লিদৈবত। এ রকম মন্ত্রে রং ও কং হং এই বীজগুলির যে-কোনো বীজ প্রায়ই থাকে। সোমামন্ত্র সোমদৈবত। এ রকম মন্ত্রে "ইন্স্ (স) ও অমৃতাক্ষর (ব) অধিক পরিমাণে থাকিবে।" আগ্রেরমন্ত্র ক্রেকর্মে এবং সোমামন্ত্র সোমাকর্মে অর্থাৎ শান্তি প্রভৃতি কর্মে ব্যবস্কৃত হয়।

জীমন্ত ও পুংমন্ত ভূক্তিমুক্তিপ্রদ—তন্ত্রশান্তে জীবের ভূক্তিমৃক্তির বিধান করা হরেছে।
সেই কাজে স্বী এবং পূক্ষর উভয়বিধ মন্ত্রের উপাসনা বিহিত হয়েছে। মেকতত্ত্বে আছে—
স্বীয়ন্ত ভোগদ আর পুংমন্ত মোক্ষদ, উভয়ের উপাসনা ভূক্তিমৃক্তি প্রদান করে।

ভবে এ কথাও বলা হয়েছে কলিকালে বিছা বা স্ত্রীমন্ত্র পূর্ণকল প্রদান করে। শাক্তানন্ধতরঙ্গিতে উদ্ধৃত একটি তয়বচনে আছে—কালী, নীলা, মহাহুর্গা, দ্বিতা, ছিন্নবা,
বাগ্ বাদিনী, অন্নপূর্ণা, প্রত্যানিরা, কামাখানোসিনী, বালা, মাতঙ্গী, শৈলবাসিনী ইত্যাদি
সমস্ত বিছা কলিতে পূর্ণকলপ্রদা।

সিন্ধাদি-মন্ত্র—আবার মন্ত্রের অন্তর্গকম শ্রেণীবিভাগও করা হয়। প্রকর্ষার্পতে উদ্বত বারাহসংহিতার একটি বচনে বলা হয়েছে—পণ্ডিত বাক্তি হিছু সাধ্য অদিছ এবং অনি মন্ত্রের এই চার শ্রেণী গণ্য করবেন। সিক্তমন্ত্র জপের ছারা সাধ্যমন্ত্র হোমাদির ছারা এবং স্থানিছ মন্ত্র প্রথমিন্ত সিন্ধিদারক হর আর অরিমন্ত্র সাধককে ভক্ষণ করে।

এই কথাগুলিই একটু অন্তর্কমভাবে বলা হয়েছে পিশ্লামতভয়ে। ভাতে আছে— সিদ্ধমন্ত্র কালে সিদ্ধিদায়ক হয়, সাধামন্ত্র জপহোমের বারা সিদ্ধিদায়ক হয়, স্বিভাগর গ্রহণমাত্রই সিদ্ধি প্রদান করে এবং অরিমন্ত্র মৃল কেটে দেয়।

- ছিবা প্রোক্তাক তে ময়া: সৌয়াসৌরবিভাগত: । সৌয়া: পুরেবকা য়য়ারে চ য়য়া: একীর্তিকা ।
   সৌয়া: স্রীদেবভার্তবিভারে ইতি বিশ্রকা ।—প্ররোগসারবচন য়: শা তি বাবপুরের টাকা
- ২ অল্লীবোনাক্সা বছা বিজেলা জ লসোনালোঃ। ক মনোবহিতারাজ্যবিক্থবালা সীমিরিজাং আল্লোমনত সোনা ভ্লিটেশসুতাকর।—শাতি ২।৩০-৩১
- শ্রীনরো ভোগদঃ থোকঃ পুনেরো নোকদঃ পরন্ ।
   উতরোপাদনং দেবা ভূজিগুলিগুলাদনন্ ।—দেককল্পবচন, জঃ পূ চ, ১য় ভলদ, পুঃ ১৪
- কালী নীলা মহাছুৰ্গ। ছরিতা ছিরম্ভকা। বাগ বাছিনী ছারপুর্বা ভবা প্রভাজিরা পুন্ত।
  কামাথাবাদিনী বালা মাতলী লৈলবাবাদিনী। ইত্যাছাঃ বৃক্তবৃত্তিঃ কলো পুর্বৃত্তপ্রকাঃ।
  ——বা ভ, আ উলা
- সিছসাধান্তসিছারিকবেশ পারের পৃথ্য। সিছারীন্ সিভিন্ন সিংছা রূপাৎ সাবেরা রুভাবিভিন্ন।
  ন্তসিছ প্রাভিন্যবেশ সাধকং কলবেররিঃ ।—পু ৪, ১২ ব্যবহার, পুঃ ৪৯
- সিক্ত নিকাতি কালেন সাধার কণ্যহোবত:। হানিকো এইবাবের নক মুদানি কুরুরি ।—বা ই

খানী ধানী নামকে খানী ও ধানী এই ছুই শ্রেণীতেও ভাগ করা হয়। মান্ত খানী কি ধানী তার বিচার করা হয় দীক্ষাগ্রাহণের সময়। বিচারের বিভ্ত প্রুতি আছে। মোটাম্টি বলা যায় সাধ্যমন্ত্রের বর্ণসংখ্যা এবং সাধকের নামের সংখ্যা নিয়ে এই বিচার হয়। বিশেষ প্রমুতি অনুসারে প্রাপ্ত সাধ্যমন্ত্রের সংখ্যা যদি সেইভাবে প্রাপ্ত সাধকের নামের বর্ণসংখ্যা খেকে অধিক হয় তবে মন্ত্রকে বলা হয় খানী আর যদি ন্যুন হয় ভা হলে ধানী। খানী-মান্ত গুভাল বলে গ্রহণীয় এবং ধানী-মান্ত অকল্যাণকর বলে বর্জনীয়।

পিশু কর্ত্তরী ইত্যাদ্ধি— শক্ষরসংখ্যা অফুসারেও মন্ত্রের বিভিন্ন ভেদ নির্দেশ করা হয়।
একাক্ষর মন্ত্রের নাম পিশু, আক্ষর মন্ত্রের নাম কর্ত্তরী, তিন থেকে নয় পর্যন্ত অক্ষরের মন্ত্রের নাম
বীজক, দশ থেকে বিশ পর্যন্ত অক্ষরের মন্ত্রকে বলা হয় মন্ত্রক নার তার চেয়ে অধিক অক্ষরের
মন্ত্রকে বলা হয় মালা। তবে সাধারণতঃ একাক্ষর মন্ত্রকে বীদ্ধ বলা হয়। ত

বী ধ্বনন্ত্র—প্রকৃত প্রস্তাবে নাদবিশুর্ক প্রত্যেকটি বর্ণ ই একটি বীজমন্ত্র। প্রত্যেকটি মাতৃকাবর্ণ ই বে মন্ত্র আমারা পূর্বেই লক্ষ্য করেছি। প্রপঞ্চরাগের হোম সম্বন্ধে রাঘবভট্ট লিখেছেন প্রত্যেক অক্ষরের ক্ষরি ছন্দ দেবতা বীজ উচ্চারণ করে সেই অক্ষরের ধ্যান করে দেই পক্ষরের ধারাই গন্ধাদি প্রদান করতে হবে এই অর্চনাক্রম। প্রত্যেক অক্ষরকে মন্তর্মণে ব্যবহারের এটি একটি স্কুপট্ট নিদর্শন।

সাধারণতঃ বীজমন্ত্র একবর্ণান্মক। কিন্তু তত্ত্বে এমন একাক্ষর বীজমন্ত্র আছে বিল্লেখন করলে যার মধ্যে একাধিক বর্ণ পাওয়া যায়। দৃষ্টান্ত বন্ধপ ক্রী এই বীজমন্ত্রটির উল্লেখ করা যায়। বিশ্লেখন করলে দেখা যায় এর মধ্যে ক্র্ই এবং ৮এই কটি বর্ণ আছে। অধ্য ক্রী৮ একাক্ষর বন্দে গক্তা। এ রক্ষম অক্ষরকে বলা হয় বীজাক্ষর।

বৃহৎপত্তি ও ব্যাখ্যা— শনকল্পদে বীক্ষ শন্দের বৃংপত্তি নির্ণয় করা হয়েছে এই ভাবে- বিশেষরূপে অর্থাং কার্যরূপে এবং অপত্যরূপে জাত হয় এই অর্থে বি পূর্বক জন্
ধাতুর উত্তর ভ প্রত্যন্ত করে বীক্ষ শন্ধ নিশাল হয়।

১ বৃত্ত সা, পুঃ ১৭-১৮

Tantrabhidhans, Preface, p. sii.

वित्नत्वन कार्यक्ररमन व्यनखाळ्या व सावरक हैकि वि + सन् + छन्नरमं व नत्कावान् हैकि छः ।

এই বৃংপত্তি অহুসারে দেখা যাচ্ছে বীজ কারণ এবং তা-ই কার্যরূপে প্রকটিত হয়।
বেমন কারণরূপ বটবীজই কার্যরূপ বটবৃক্তরূপে প্রকটিত হয়। বীজের মতো বে-মন্ত্র থেকে
দেবনামান্ত্রক মন্ত্রের তথা দেবতার উত্তব হয় কিংবা বীজের মতে। বে-মন্ত্র দেবনামান্ত্রক
মন্ত্রতথা দেবতারূপে প্রকটিত হয় তাই বীজমন্ত্র।

বীজমদ্রের অন্তর্কম ব্যাখ্যাও পাওয়া যায়। যেমন বীজ না বুনলে গাছ এবং তার পাতা ফুল ফল ইত্যাদি পাওয়া যায় না তেমনি প্রশ্নে আপন ইউদেবতার বীজমদ্রে দীকা না নিলে অন্ত মন্ত্র গ্রহণের অধিকারী হওয়া বায় না। সেইজন্ত দীকার সময় বে-দেবতার মন্ত্র গ্রহণ করা হয় তাকেই বীজমন্ত্র বলেং। দেবতার নামঘটিত-মন্ত্র এই মহামদ্রের অন্তর।

ভদ্রমতে শব্দার্থময় চরাচর জগতের উদ্ভব হয়েছে শব্দবন্ধ কৃওলিনী থেকে। এর অর্থ কৃওলিনীই বিশের কারণ বা বীজ। আবার কৃওলিনীই বিশ্বরূপে অভিব্যক্ত। এর অর্থ কৃওলিনীই কার্য। এই জন্ম ভদ্রের বিচারে জগং মন্ত্রময়।

শুৰুই মন্ত্ৰ। বিশের প্রতিটি বস্তুর একটি শব্দরণ আছে। এই শব্দ তার স্থাবগত শব্দ। এই স্তাবগত শব্দ বন্ধটির স্থাবগত নাম। বস্তু স্বর্গনী শক্তি। ক্ওলিনীর বে বে বিশেষ রূপের ছারা অর্থাৎ যে বে শক্তির ছারা কোনো বিশেষ বন্ধ গঠিত, সেই সেই শক্তির শব্দন- বা গতি-জাত শব্দই সেই বন্ধর স্থাবগত শব্দ, এইটি তার বীজ। ধরা যাক অন্ত্রির কথা। অন্ত্রির বীজ র বা রং। ক্ওলিনীশক্তির বে-বিশেষ রূপ অন্তির, তার ক্র শব্দরপের বৈথরীস্তরে অভিবাক্তি রং। শহ্দ কথার বলা ঘার রং অন্তিশক্তির ব্যক্তি, ক্রেরপা। এই ক্রেরপাই স্থল অন্তিরণে পরিস্কিত হয়। এইজন্ত রং অন্তির বীজ। এইভাবে আকাশের বীজ হং, বার্ব বীজ যং, জনের বীজ বং এবং পৃথিবীর বীজ লং।

ত্ৰের <u>অভিমত বৃদি কোনো বাক্তি এমনি কোনো বীক্ষকে প্রবৃদ্ধ করে অর্থাৎ বর্ণাবিধি</u>
তার চৈতক্ত সম্পাদন করে মনে মনে বা মুখে উচ্চারণ করেন তবে বে-ব্রুর বীক্ত উচ্চারণ করবেন সে বস্তু তার সামনে প্রকৃট <u>হবে</u>।

বীজনা ও দেবঙা— মত এব বীজনা বছত: দেবভারই প্র ব্যক্তরণ। বৃহদ্পর্থকরে আছে—দেবি, শোন, ভৌমাকে বীজনমূহের দেবরপতার কথা বশহি। বীজনারে উচ্চারণ-মাত্রই দেবরপের উত্তর হয়। এর মর্থ মধালাস বীজনারে জনারে করলে মে-দেবভার বীজনার দেব দেবভার আনুষ্ঠান করি দেবভার আনিভার হয়।

- > P. T., Vol 17, 2nd Ed., pp. 734-785
- २ विशेषनो धर्षा मा एएए महम्मर समर।--ना कि ১)६९ 🔸 G. L. Sed Ed. p. 211. 👂 में
- পূৰ্ থেবি প্ৰবন্ধানি বীজানাং থেবলগ্তাব।
   নজোচালগাত্ৰেণ থেবলগাং প্ৰকাশতে।—লং G. L., 8rd 28d., p. 245

যামলে বলা হয়েছে—বীজু থেকে নিশ্চরই দেবতার শরীরের উত্তর হয়। সাধক সেই সেই দেবতার বীজাত্মক মন্ত্রপথে বে-দেবতার বে-বীজ সেই বীজাত্মক সেই দেবতার মন্ত্রপ করে ব্রহ্ময় হবেন।

এই ব্যাপারটাকে অক্সভাবেও বলা যার। বীজমুর শক্তির ক্ষম ব্যক্তরূপ। যথাশাস্ত্র প্রক্রিয়ার থারা বীজমুরকে জাগাতে পারলে বে-দেবতার বীজমুর সেই দেবশক্তি ক্রিয়ালীল হয়। যামী নিগমানন্দ লিখেছেন — "ফেব্রুদ্বীর বীজমুরে তাহাদের ক্ষম শক্তি নিহিত্ব পাকে; তনিতে সামান্ত বর্ণমাত্র কিন্তু ক্রিয়া থারা তাহার শক্তি জাগাইয়া দিলে বে দেবতার বীজ সেই দেবতাশক্তির কার্য ক্রিবে।" ।

প্রত্যেক দেব বা দেবীর বীজমত্র আছে। বেমন ক্লীং ক্রফের বীজমত্র; ক্লীং কালীর বীজমত্র, <u>ক্রং সরবতীর বীজমত্র, হৌং শিবের বীজমত্র, শ্রীং শন্</u>ত্রীর বীজমত্র ইত্যাদি।

কোনো কোনো বীজাক্ষর একাধিক দেবতার বীজমন্ত্রণেও বাবহৃত হয়েছে। ব্যেন ক্লীং। এটি কামবীজ, কামেশীবীজ, গুছুকালীবীজ আবার কৃষ্ণ- বা গোপাল-বীজ।

সাধারণ ভাবার ক্ষেত্রেও লক্ষ্য করা যায় একই মূল শব্দের অনেক অর্থ থাকে। \* প্রসঙ্গ অনুসারে অর্থ ঠিক করতে হয়।

গীলমপ্রের বেলাও ঠিক এই ব্যাপারটি ঘটেছে। বীলাকর বে-দেবতার মূল মন্ত্রের নঞ্চীভূত বা প্রয়োগের বেলা তার সঙ্গে যুক্ত হয়, সেই দেবতারই বীলমগ্র হয়ে থাকে। যেমন প্রাংক্ত এই আকর এবং প্রাংক্ত কালিকে প্রাংক্ত ক্ষমন্ত্রের অসীভূত বে প্রাংক্ত ক্ষমন্ত্রের অসীভূত বে প্রাংক্ত ক্ষমন্ত্রের অসীভূত বে প্রাংক্ত ক্ষমন্ত্রের অসীভূত বে প্রাংক্ত কালিকে প্রাংক্ত ক্ষমন্ত্রের অসীভূত বে প্রাংক্ত ক্ষমন্ত্রের অসীভূত বে প্রাংক্ত কালিকে প্রাংক্ত ক্ষমন্ত্রের অসীভূত বে প্রাংক্ত কালিকে প্রাংক্ত ক্ষমন্ত্রের অস্ত্রিধা হয় না। যেথানে মন্ত্র একাকর বীলমন্ত্র সেখানেও অস্ত্রেবিধা হয় না। কেন না মন্ত্র সাধনরাজ্যের বন্ধ। গালার সময়েই সাধক আপন আরাধা দেবতার বীলমন্ত গুকুর কাছে পান। কাজেই তিনি বেবিলমন্ত্র পান তা এক বিশেষ দেবতারই মন্ত্র, অন্ত দেবতার মন্ত্র নয়। সেই বীলটি অন্তর দেবতার বীল্পও হতে পারে কিন্ত সেই সাধকের পক্ষে নয়।

উদ্বত গুৰুকালীর মন্ত্রে দেখা যায় একাধিক বীজ এবং একই বীজ একাধিকবার বাবস্থত হয়েছে। গুৰুকালী বীজ সীং হয়েছে তিন্বার, কূর্<u>চ-বীজ হং</u> তিন্বার এবং মায়া-বীজ হীং তিন্বার।

- শেৰতালাঃ শরীয়ভ বীজায়ুংপশ্ততে প্রবন্।
   তত্ত্ববীজাজকং বৃদ্ধা করেবা করেব। —বাষলবচন, তঃ শা ত, ৩য় উলাস
- २ त्यांनी क्षत्र, १व मार पृथ २०० . ७ छडा कियान, पृथ ०१-०१
- व गृः ५२
   व वृद्ध करा ३०व तर, गृः ३४०
   क वृद्ध करा ३०व तर, गृः ३२६

এমনি আরও অনেক বন্ধে হরেছে। বেমন জীং হীং ক্লীং কুঞার গোবিন্দার আহা, ই জীং হীং ক্লীং গোপীজনবলভার বাহা ক্লীং হীং জীং। ই ছটিই কুঞ্চমর।

বীজ ছাড়া মন্ত্ৰ—বীজ ছাড়াও মন্ত্ৰ থাকতে পারে। বেমন দশাক্ষর বাসীবরীমন্ত্র—বিহু বদ বাগ্বাদিনী বাহা। এ রক্ষ মন্ত্র বীজের বারা পুটিত হলে অপ্ত মন্ত্র হয়ে বাম। বেমন পূর্বোক বাসীবরীমন্ত্র হাই বীজের বারা পুটিত হলে অর্থাৎ তার আদিতে ও অতে হীং বীজ বোগ করলে এটি হিহাসারস্বত মন্ত্র)হয়ে বার। তথন মন্ত্রটি হবে হীং বদ বদ বাগ্বাদিনী বাহা হীং।

শুরু বীজ — আবার তথু বীজ দিয়েও মন্ত্র হয়। বেমন মহাকালীর মন্ত্র ক্রীং হুং হীং। ব একই দেবভার একাধিক মন্ত্র—একই দেবভার একাধিক মন্ত্র আছে। সাধারণভঃ মন্ত্রের অকরদংখ্যা অস্থলারেই মন্ত্র ভিন্ন হয়। তবে একই দেবভার সমাক্ষর মন্ত্রও ভিন্ন হতে পারে। বেমন একটি অটাক্ষর কৃষ্ণমন্ত্র—ক্রীং হ্রবীকেশার নমঃ; অন্ত একটি—জ্রীং দ্রীং কৃষ্ণার বাহা। ব

এ রকম ভেদের কারণ শাস্ত্রক্ষ সাধকেরাই নির্দেশ করতে পারেন। তবে আমাদের অফুমান অধিকারীর ভেদ, সাধনার লক্ষ্যের ভেদ, সম্প্রদায়ের ভেদ ইত্যাদি নানা কারণে মত্রের এ রকম ভেদ হরেছে।

বীজমন্ত্র কি অর্থহীন ?—বারা মন্ত্রশান্তের সঙ্গে পরিচিত নন বীজমন্ত্রতী তাঁদের কাছে কতকগুলি অর্থহীন এবং অনেক ক্ষেত্রে অভ্যুত অক্ষরসমন্তি মাত্র। এতে বিশ্বিত হবার কিছু নেই। বারা নিরক্ষর তাঁদের কাছে নিজের ভাবার অক্ষরগুলিও অর্থহীন। বারা লেখাপড়াজানা লোক তাঁদের কাছেও আপন ভাবার সংকেতলিশি ছভাইন অর্থহীন যভাইন তাঁরা সে সংকেতলিশির অর্থ না জানেন। এ ছাড়া যে-ভাষা বার জানা নেই সে-ভাষা এবং ভার লিশি তাঁর কাছে স্বর্থহীন। বীজমন্ত্রভালির বেলাও ঠিক এই ফ্যাশার মটে।

সাংক্রেভিক ভাষার মন্ত্র-মন্ত্রা সালে বারা পরিচিত বীলমরের অর্থ জানের কাছে হস্পট। তরশান্তে মন্ত্রিলি নেওয়া আছে গাংক্রেভিক ভাষার। প্রত্যাক্তি মাতৃকা-বর্ণের একাধিক বাচক শব্দ আছে। সেই বাচক শব্দ ছিরে মন্ত্রি বিবৃত্ত হয়। বুনে হয় অনুষ্ঠিকারী ব্যক্তিদের কাছে মন্ত্র গোপন রাধার জন্মই এ রক্ষ করা হত। একটি দৃষ্টাত্ত দেওয়া যাক। প্রীকৃত্তের একাকর বীলমন্ত্রটি এইভাবে বর্ণিত হ্রেছে—কামাক্ষরং ধরাসংবং শান্তিবিন্দ্বিভূষিতম্। এই শব্দগুলির প্রচলিত সাধারণ অর্থ গ্রহণ করলে উদ্ভূত

<sup>&</sup>gt; वृह छ त्रा, ३०व तर, पृत्र ३०० २ के पृत्र ३०० क के, पूर्व ३०० क के

६ विशुः ०२० ७ विशुः ३४६ १ विशुः ३४२

শোকা ধটির কোনো অবহ হর না। কিছ সংকেত জানা থাকলে এর মধ্যেকার বীজাক্রটি পাওয়া বাবে। বথা, কাষাক্র ক, ধরাসংস্থ—ধরা ল, কাজেই ধরাসংস্থ অর্থ ল-এর উপরে খিত, লাভি ই, আর বিকুং। কাজেই ইাড়াল ধরাসংস্থ কাষাক্র ক, তার সকে ই যুক্ত হয়ে হল ক্লী আর ভারে সক্ষে ং যুক্ত হয়ে হল ক্লীং। এই ভাবে মন্ত্রকে বুঁলে বের ক্রার নাম

মুহাবীক সকা করা গেছে শব্দবাৰের আদিরণ ও এই অব্যক্ত থানি বা শবা। এই শব্দ সামান্ত শবা। এর থেকেই অক্যান্ত সমস্ত বিশেষ শব্দের উত্তব। এইকল্ড ও মহাবীক্ষ বলে গণা। অক্যান্ত বীক্ষমগ্রন্তনি পৃথক্ পৃথক্ মাতৃকাবর্ণরূপ বিশেষ বিশেষ শব্দ, ওর্ন সামান্ত শব্দ থেকে উত্তত।

<u>ওঁ একবীক। অন্তান্ত সৰ দেবতা একেরই বিশেব বিশেব ক্লপ।</u> কাজেই এদ্ক্ থেকেও বলা বার সূ<u>ৰ দেবতার বীক্ষ প্রশব থেকে উত্ত</u>।

সূব বীজমন্ত্রই প্রণবোদ্ধত হলেও একমাত্র প্রণবই বৈদিক এবং <u>শশু সব বীজমন্ত্র ভাত্তিক</u> বলে গণা হয়। তাম কারণ বেদে ও ভিন্ন শশু বীজমন্ত্র ব্যবস্থত হয় নি।

সমস্ত মন্ত্র বৈদপার—ভবে কোনো কোনো তর্মতে সমস্ত মন্ত্রই বেদপার। মেকভন্তে আছে—প্রণব বাদ দিয়ে বেদ নেই আর মন্ত্র প্রণবর্ক। সেইজন্ত মন্ত্রকে বেদপার আর্মান্সকে বেদান্দ বলা হয়। পূর্বেও আমরা এ বিবরের উল্লেখ করেছি।

প্ৰবৃত্ত বলা হয়েছে মন্ত্ৰাভ। আচাৰ্ব ভাৰননাম মন্ত্ৰাভ শব্দের অৰ্থ করেছেন মুদ্রনমূহের আদিতে উচ্চারণীয়।

মরের তথু আছিতে নম্ব অত্তেও প্রণব বোগ করার বিধি আছে। 'ওঁকারেণ সর্বা বাক্ সংস্থা' ভাস্কররায় এই শ্রুতির অর্থ করেছেন সূব মন্ত্র ওঁকারসূস্তিত হবে অর্থাৎ সূব মন্ত্রের আদিতে ও অত্তে ওঁকার থাকরে।'

মন্ত্ৰ প্ৰাৰ্থনা নয়—উপরের আলোচনা থেকে পাই বোঝা গোল মু<u>র শক্তি, শবশক্তি, এবং</u> পুমন্ত্ৰ দেবতা। কা**লেই মুদ্ধ প্রার্থনা নর। বারা মন্ত্রকে প্রার্থনা মনে করেন তাঁদে**র মত

<sup>5</sup> G. L., 8rd Pd., p. 942.

२ विजयकात्यासम्बद्ध निक्र नेकानबीतिनः। जानकानाः दिकाबीव गुम्बनः स्रणकतना । - मू छ, छैः •

<sup>9</sup> P. T , 2nd Ed., In\*ro., p. 869

ব বেদঃ প্রশ্বর ভাজা। মত্রো বেদসম্বিতঃ।
 ভামাবেদপরো মত্রো বেদাদশ্যাপরং দুতঃ।—বেদ্যভারতন, বাং পু চ, ১য় বও, পুঃ ৩১

ठेकात व कूमखारता प्रकास अनंदर्श अन्य । अह म म, त्मी का, मृह २६

<sup>. . . .</sup> 

ভ্রম্মত নয়। মূল প্রার্থনা হলে বে-সব কথা দিয়ে প্রার্থনা করা হয় সে-সবই মন্ত্র হয়ে ব্রেড আবি তা হলে বাব বেমন খুশি মন্ত্র রচনা করত। কিন্তু দেখা গেল তন্ত্রমতে মন্ত্র তা নয়।

সমস্ত মন্ত্রই শক্তিমন্ত্র—তন্ত্রমতে সমস্ত মন্ত্রই মহাশক্তি মহামাতৃকা কুওলিনীর থেকে উত্তর। এইজন্ত তান্ত্রিকরা সমস্ত মন্ত্রকেই মহাশক্তির মন্ত্র মনে করেন। মহানির্বাণতত্ত্বে শিব পার্বতীকে বলছেন—যে যে তন্ত্রে যে যে মন্ত্র বর্ণিত হয়েছে সে-সব তোমারই মন্ত্রকন না, তুমিই আভা প্রকৃতি। এই আভা প্রকৃতিই ব্রহ্মমন্ত্রী মহাশক্তি, চিংশক্তি এবং মান্ত্রাশক্তি। ইনিই সর্বদেবমন্ত্রী কুওলিনী। কাজেই যে-কোনো দেবতার মন্ত্র হোক না কেন সে-দেবতা স্বরূপত: ইনিই এবং সে-মন্ত্র এরই মন্ত্র। সেইজন্ত ললিতাসহন্ত্রনামে দেবীকে বলা হয়েছে স্ব্যন্ত্রনারি।

মৃদ্ধ দেবতার শরীর—মন্ত্র দেবতার শরীর। গন্ধবতত্তে বলা হয়েছে দেবতার শরীর 
ক্রিবিধ—ভৌতিক, মনোময় এবং জ্ঞানময়। (মৃদ্র)ভৌতিক শরীর বিশ্ব মনোময় শরীর এবং

জ্ঞানময় শরীর। জ্ঞানময় মগ্রশরীর অবিনাশী নিতা।

মন্ত্র দেবতা—তন্ত্রশাস্ত্রে মন্ত্রকে ভুধু দেবতার শরীর বলা হয় নি, বলা হয়েছে দেবতা আর মন্ত্র অভিন্ন, বাচ্যবাচকভাবে অভিন্ন। দেবতা মন্ত্রমণিী বা মন্ত্রমন্ত্রী। মেকতত্রে আছে—সাধকদের ফলদানের জন্ত দেবতারা সেই সেই দ্ধুণ অর্থাৎ সাধকদের বিশেষ কলদানের জন্ত তত্পযোগী রূপ ধারণ করেন কিন্তু তাঁদের মুখাক্রপ মন্ত্র, অন্ত কিন্তু নয়।

গায়ত্রীতত্ত্বে বলা হয়েছে ম<u>দ্র স্বয়ং দেবতা</u>। ম<u>দ্রের ধাানচিস্তা করলে দেবতা দর্শন দিয়ে</u> স্থাবার মদ্রেই বিলীন হয়ে যান।

এই মন্ত্রময়ী দেবতা মন্ত্রের বাচকশক্তি। তন্ত্রান্তরে বলা হয়েছে—<u>সুবু মন্ত্রই</u> বাচ্যবাচকভাবে প্রতিষ্ঠিত। <u>যে-দেবতার যে-মন্ত্র সেই মন্ত্রের সেই দেবতা বাচ্য এবং সেই মন্ত্রই বাচক। বিষয়টি ব্যাখা। করে পণ্ডিত শিবচক্র বিষ্যার্গর মহাশর লিখেছেন—"সমস্ত</u>

- ১ বেবু বেবু চ তত্তেবু বে বে মন্ত্রা: প্রকীভিতা: । তে সর্বে তব মন্ত্রা: স্বান্ধ্যান্ত্রা প্রকৃতির্বত: ।—মহা ও ৫।১৯
- २ मर्दिवती मर्दमती मर्दमञ्जयक्रिंभी।—न म ১०७, शृ: ७१
- ৩ শরীরং ত্রিবিধং প্রাহর্ডোতিকংচ মনোময়ন্। পরং জ্ঞানময়ং নিতাং ব্যবাশি নিরন্তরন্ মুদ্রাং ভৌতিকমিতাার্ধয়ং বিদ্ধি মনোময়ন্। ময়ং জ্ঞানময়ং বিদ্ধি এবং ত্রিধাবপুর্তবেং। প্র ত, ১০৯-৪০
- ৪ বাচ্যবাচকভাবেন অভেদো মন্ত্রদেবয়োঃ ৷—ক্সম্বামলবচন, ডঃ তাত্তিক শ্বন্ধ, ৪র্থ সং, পৃঃ ১৪১
- সাধকানাং কলং দাতুং তন্তজ্ঞপং ধৃতৈঃ ফুরৈ:।
   মুধাবন্ধপং তেবাংতু মন্ত্রা এব ন চেতরং।—বেক্লভ্রবচন, ত্র, পু চ, ১ম বঙ পৃঃ ৪১
- মন্ত্রাণাং চিন্তনাক্ষেবি স মহর্দেবতা বরষ্। ব্যানেন দর্শনা দ্বা পুরুর্ত্রের্ দীরতে। গা ড, এর্ব পটল

মত্রেই ছই ছইটি করিরা নিহিত আছেন। প্রথম বাচ্যশক্তি, বিত্তীর বাচকশক্তি। বিনি
মত্রের প্রতিপান্ত দেবতা, তিনি বাচ্যশক্তি আর বিনি মন্ত্রময়ী দেবতা তিনিই বাচকশক্তি।
নীল বেমন ফলের অন্তর্নিহিত, বাচ্যশক্তিও তদ্রপ বাচকশক্তির অন্তর্নিহিত। বাহিরের
ফলাংশ ভেদ না করিলে বেমন অভ্যন্তরের বীলাংশ লক্ষ্য হয় না, তদ্রপ বাচকশক্তির
আরাধনা না ক্রিলেও বাচ্যশক্তির ব্রহণ অহন্ত হইতে পারে না। মৃত্র বাচ্যশক্তিবলে
জীবিত্র এবং বাচকশক্তিবলে রক্ষিত।
">

সূব মন্ত্ৰেরই বাচ্যশক্তি নি'গুণ কিন্তু বাচকশক্তি সগুণ। কারণ বাচকশক্তি উপাক্ত এবং বাচ্যশক্তি অধিগম্য। বাচকশক্তিকে অবগখন করতে হবে এবং বাচ্যশক্তিতে প্রবেশ করতে হবে।

বাচকশক্তি বা সপ্তণ দেবতাই মন্ত্রের অধিষ্ঠাত্রী দেবতা এবং বাচাশক্তি বা নিপ্তিপ নিরাকার <u>ঈশর বা ঈশরীই মন্ত্রের প্রতিপাদ্য দেবতা</u>। বসন কোনো মন্ত্রের বাচকশক্তি তথা অধিষ্ঠাত্রী দেবতা তুর্গা হলে তার বাচ্যশক্তি হবেন মহামায়া।

বলা বাহন্য বাচাশক্তি এবং বাচকশক্তির মধ্যে স্বন্ধপতঃ কোনো ভেদ নেই; উভন্ন একই শক্তি।

মদ্রের অন্তর্নিহিত শক্তি সাধকচিত্তে বাচকশক্তিকে প্রকট করেন এবং তথন সেই চিত্ত কার্যকারণস্থাসমূক্ত হয়ে বাচকশক্তিরই ন্ধপ গ্রহণ করে। এর পর হয় বাচ্যশক্তির উপলব্ধি। এটি মন্ত্রসাধনার চরম অবস্থা।

মন্ত্রের মহিষা—দেখা গেছে আদিম অবস্থা থেকেই মাহ্নব মন্ত্রণক্তিতে বিশ্বাস করেছে। দেবতা মন্ত্রের দ্রুপ, দেবতার চেরে মন্ত্র বড় এ বিশ্বাস বেদপদীদেরও ছিল। তার প্রমাণ আছে অধর্ববেদে এবং ব্রাশ্বপগ্রন্থে।

তত্রশাল্পে মন্ত্রের মহিমা বিশেষভাবে ঘোষিত হয়েছে। মেকতত্ত্বে বলা হয়েছে—মুদ্রই শাকাৎ ঈশর, মন্ত্রই মহৌষধ, মন্ত্রের চেয়ে শ্রেন্ঠ সর্বসিদ্ধিপ্রালায়ক আর কিছু নাই।

মন্ত্র সাধককে চতুবর্গ দিতে পারে অর্থাৎ সব রকমের জাগতিক ভোগস্থখ এবং মোক্ষ দিতে পারে ৷\*

- ১ ত ড, পু: ১৩০ ২ ঐ, পু: ১৩০ ৩ G. L., p 261 ঃ ঐ
- वळवनकंत्त्रार्डनांकांनान् नांठाळ नांठरकनांनि ।—न द २।४० ; G. L., p. 961.
- P T., Vol. II, 2nd Ed., p. 615
- १ थ नवरक भूदर्व जात्नाच्ना कता रख्यह ।
- मञ अद्यवदाः माकावाद अव वटक्विवयम् ।
   महि मद्रार श्रीत क्षिक मर्वमिक्षिक्षकात्रकः ।—वः श्रु ह, ३म वक, शृः ३३ व. ई. ई., ६६६ छात., ह. ६८९

মন্ত্রশক্তি—মন্ত্রের শক্তি সহছে শ্রীষরবিন্দ লিখেছেন—মগ্র আমাদের অন্তরে নৃতন নৃতন আব্যাদ্মিকভাবের স্পষ্ট করতে পারে, আমাদের মানসসন্তার পরিবর্তন সাধন করতে পারে, অলব্ধপূর্ব জ্ঞান এবং মনোর্ডির বিকাশ সাধন করতে পারে, মহুসাধক ভিন্ন আন্ত ব্যক্তির মনেও অন্তর্ভ্রপ ব্যাপার সাধন করতে পারে। তথু তাই নয়, মানস এবং প্রাণিক স্তরে এ রকম প্রকলন উৎপন্ন করতে পারে যা পদার্থের আকারে কিরার আকারে পরিণত হয়, এমনকি আধিভৌভিক স্তরে বাস্তব আকৃতিতে পরিণত হয়।

দেখা বাচ্ছে মন্ত্রশক্তিবলে মনন বা চিন্তাও যে বাস্তবক্তপে প্রত্যক্ষ হতে পারে ত্রশাস্থের এই অভিমতের সমর্থন করেছেন শ্রীমররিন্দ।

মন্ত্রশক্তি অচিস্তা। পরভরামকরুক্তে বলা হয়েছে মন্ত্রের শক্তি চিস্তা বা তর্কের অতীত। এ সম্পর্কে আচার্য শবর শারীরক ভাস্তে লিখেছেন লাকিক ব্যাপারেও দেখা বায় দেশ-কার্ল-নিমিত্তের বৈচিত্র্যবশতঃ মনি মন্ত্র ওবলি প্রভৃতির শক্তির বারা পরস্পরবিক্ত অনেক কার্য হয়ে থাকে। সেই শক্তি উপদেশ ভিন্ন কেবল তর্কের বারা অবগত হওয়া বায় না। এ বিষয়ে পৌরাণিকরা বলেন বে-সকল ভাব অচিস্তা তাদের নিয়ে তর্ক করবে না। বা প্রকৃতি অর্থাৎ প্রভাক্ষদৃষ্ট বস্তম্বভাব থেকে অক্তর্জন, কেবল উপদেশগ্রমা, তাই অচিস্তা।

মন্ত্রশক্তি সহয়ে একটি বিষয় লক্ষণীয়। মন্ত্রশক্তি ভাল মন্দ, ভঙ অভঙ কিছুই নয়। ব্যাবহারিক জগতের বৈহাতিক শক্তি বেমন ভালমন্দ কিছুই নর, বাবহার ক্রপ্রনারে তা ভাল কি মন্দ ছির হয়; মন্ত্রশক্তিও তাই। যে-কাজে মন্ত্রশক্তির প্রয়োগ হয় সেই কাজের ফল অফুলারে একে ভাল বা মন্দ, ভঙ বা অভঙ বলা ধায়।

মন্ত্রের প্রয়োগ-নানা বিচিত্র কাজে মন্ত্রণক্তির তথা মন্ত্রের প্রয়োগ হয়। বেমন-

- > The Mantra can not only create new subjective states in ourselves, alter our psychical being, reveal knowledge and faculties we did not before possess, can not only produce similar results in other minds than that of the user, but can produce vibrations in the mental and vital atmosphere which result in effects, in actions and even in the production of material forms on the physical plane.—Kena Upanisad. pp. 87-88, cited in A. O. D. V., pp. 22-28
- ০ লৌকিকানামপি মণিমন্ত্রৌবণিপ্রভৃতীনাং বেশকালনিবিত্তবৈচিত্রাবলাৎ শক্তরে বিজ্ঞানেককার্যবিষয়।
  দৃশুতে। তা অপি তাবরোপদেশমন্তরেণ কেবলেন তর্কেশ অবশ্বর শক্তরে অক বন্ধন একাবকা একংস্হারা
  এক্বিবরা একংপ্রয়োজনাক শক্তর ইতি। ·····তশা চাহঃ পৌরানিকান-

অচিন্তাঃ থলু বে ভাবা ন তাংক্তর্কের খোনজের। প্রকৃতিভাঃ পরং বচ্চ তবচিন্তুত লক্ষাব্ ।— র স্থ ২০১২৭- এর ভার । কৌর, পৃঃ ২০ ১ মৃক্তিসাধন। এ মৃক্তি নির্বাণমুক্তি নয়।, ২ ঈশরের তথা তাঁর অবতারের পূজা।

০ দেবতাদের পূজা। ৪ দেবতাসাধন। ৫ অলোকিক ক্ষমতালাভ। ৬ পিতৃগণ ও

দেবগণের তর্পণ। ৭ ভৃতপ্রেতাদিসাধন। ৮ স্বস্তায়নকর্ম। ৯ ভৃতাদিবিতাড়ন।

১০ রোগচিকিৎসা। ১১ মাহ্ব-পশু-শস্তাদির অনিষ্টসাধন। ১৩ বিবঝাড়া। ১৪ অক্তের

চিন্তা ও কর্ম প্রভাবানিত করা। ১৪ বিশেষ সংকার অর্থাৎ অফুষ্ঠানের নারা দেহভৃদ্ধি। ওই

তালিকা দৃষ্টান্ত হিসাবে গণ্য। কেন না এ ছাড়া আরও অনেক কর্মে মন্ত্রের প্রয়োগ হয়।

তাত্রিকরা বলেন তাত্রিক মন্ত্রের কার্যকারিতা বে-কোনো ব্যক্তি পরীক্ষা করে দেখতে

পারেন। সদ্প্রকর নির্দেশ অফুসারে বথাশাস্ত্র মন্ত্রের পারবেন মন্ত্রণক্তি তিনি

হয়ং প্রত্যক্ষ করতে পারবেন। ব

আধ্যান্থিক সাগনার মন্ত্র—উচ্চ আধ্যান্থিক সাধনার ক্ষেত্রেও মন্ত্রের উপবোগিতা সনাতনধর্মীয় শাল্পে বিশেষভাবে নির্দিষ্ট হয়েছে। আধ্যান্থিক সাধনার গোড়ার কথা চিত্রভন্ধি। বিশেষ করে বে-ক্ষেত্রে সাধনার লক্ষ্য ব্রহ্মোপলন্ধি সে-ক্ষেত্রে চিত্রভন্ধিকে অপরিহার্য প্রথম সোপান গণ্য করা হয়। কারণ অনাদিকর্মসংস্কার এবং অবিভাযুক্ত বিবয়-বাসনার বারা জীবের চিত্ত অভন্ধ। অভন্ধ চিত্তে ব্রহ্মোপলন্ধি হয় না।

এখানেই মন্ত্রের অক্সতম প্রধান উপবোগিতা। মন্ত্র চিত্তকে পবিত্র করে। বাস্থ বলেছেন মন্ত্র চিত্তকে পবিত্র করে বলে মন্ত্রকে পবিত্র বলা হয়। আর প্রেই লক্ষ্য করা গেছে ভাষ্কররায় নির্মণ্চিত্তকেই মন্ত্রব্রেছন।

মত্র সাধকের বহি ম্থী চিত্তর্ত্তিকে অন্ত মুখী করে তার ইইদেবতার নিবিষ্ট করে। এইভাবে চিত্ত নিবিষ্ট ভবেদ্যাধক কেখতে পান মত্র ও ইইদেবতা এক। এই নিবিষ্টতা আরও গভীর হলে মত্র, দেবতা এবং সাধক এক হয়ে যান।

তত্ত্বমতে দাধনার চরম লক্ষ্য পরবন্ধস্বরূপিণী মহাশক্তি। পরবন্ধ অপ্রাকৃত বস্তু, মন প্রাকৃত বস্তু। পরবন্ধ প্রাকৃত মনের গোচর নন। অর্থাৎ প্রাকৃত মনে সরাসরি পরবন্ধের উপলব্ধি হয় না। মন প্রথমে শব্দবন্ধরূপ মত্ত্বে নিবিষ্ট হয়ে মুদ্রময়ী দেবতার তন্মর হয়। তথ্ন মন চিন্মর হয়ে যার এবং দে-রকম অবস্থাতেই পরবন্ধের উপলব্ধি সম্ভবপর হয়।

এই ভাবেই মন্ত্ৰ ব্ৰহ্মোপল কির অক্সতম অধ্বাৰূপে পরিগণিত হয়েছে।

<sup>&</sup>gt; P. T. Vol. II, 2nd Ed., p. 608

<sup>₹</sup> Ibid, p. 608

ত পৰিত্ৰং পুৰাতেঃ। মন্ত্ৰঃ প্ৰিত্ৰমূচ্যতে।—বিশ্বক ।।।

<sup>8</sup> P. T. Vol. II, 2nd Ed., p. 614

### कार्थकृष्टि :

কলা কলা, তত্ব আর ভূবন এই নিয়ে অর্থস্পিট। লক্ষ্য করা গেছে ক্<u>লা শব্দের অক্সতম্</u> অর্থ শক্তি। শক্তির নির্বিশেষ পূর্ণব্ধপণ্ড কলা এবং তাঁর কোনো বিশেষক্ষপ ও ক্রিয়াকেও ক্<u>লা বলা হয়।</u> তবে সাধারণতঃ শেষোক্ত অর্থেই কলা শব্দটি ব্যবহৃত হয়েছে।

চতুর্বিধ কলা তম্মান্ত অফুসারে শক্তির কলারূপ চতুর্বিধ—পূর্ণকলা, কলা, অংশ এবং আংশাংশ। শবিতবে শক্তির উন্মনী অবস্থা। সেধানে কোনো কলা নেই। শক্তিতবে শক্তির সমনী অবস্থা। এথানেই কলার আবির্ভাব হয়।

তন্ত্রমতে দেবতার শক্তিকে বোড়শ করায় ভাগ করা হয়। বে-মৃতিতে দেবতার শক্তি বোলকলায় পূর্ণ তাকে বলা হয় পূর্ণকলামূতি। পূর্ণশক্তির একবোড়শাংশ অথবা তার বে-কোনো অংশকে বলা হয় কলামূতি। এই কলামূতির অংশকে বলা হয় অংশমূতি এবং অংশমূতির অংশকে বলা হয় অংশাংশমূতি।

এখানে শারণ রাখা প্রয়োজন মায়িক জগতে কলা অর্থে যে অংশ ব্ঝায় প্রকৃতিতত্ত্বের উর্ধ্ববর্তী শক্তির কলা সহজে সে-অর্থ প্রযুক্ত হয় না। সেখানে কলা বলতে যা ব্ঝায় তা শক্তির ক্লপবিশেষ।

শক্তির বিভিন্ন অবস্থার বিভিন্ন কল।—শক্তির উন্মনী সমনী প্রভৃতি দপ্ত অবস্থা বা ভূমির বিষয় পূর্বেই আলোচনা করাঁ হয়েছে। উন্মনী ছাড়া অক্সান্ত অবস্থায় শক্তির বিভিন্ন সংখ্যক কলার উল্লেখ শাস্ত্রে আছে। সমনীশক্তি দপ্তকলা। নেত্রতন্ত্রাহ্নসারে কলার নাম—
সর্বক্তা, সর্বগা, তুর্গা, সর্বগা, স্পুহণা, শ্বতি এবং সমনা। ৮

উক্ত তত্ত্ব অনুসারে আঞ্চী বা আঞ্চনীশক্তি পঞ্চকলা। কলার নাম— স্ক্রা, স্ক্রা, অমৃতা, অমৃতসম্ভবা এবং ব্যাপিনী।

মহানাদশক্তি এককলা। এই কলার নাম উর্ধ্বগামিনী। নাদশক্তির কলাসংখ্যা চার।
যখা—ইন্ধিকা, দীপিকা, রোচিকা, মোচিকা। ১°

- ) G. L., 3rd Ed, 250 < Mahamaya, p. 38, f. n. 3
- ৩ বাবং সা সমনা শক্তিভাগুৰ্ছে উন্মনী শ্বতা। নাত্ৰ কালকলাভানং ন ভন্ম ন চ দেবতাঃ।
  —ৰচ্ছন্দসংগ্ৰহন্তন, ক্ৰঃ ৰ চ বি (P. T., Vol. II) পৃঃ ১৩২
- 8 Mahamaya, p. 88, f. n. 8 . G. L., 3rd Ed., p. 194
  - Ibid, pp. 194-195 9 3% Ibid, p. 196 ₩ 3% 3%
- » এ: G. L., 8rd Ed., p. 198, বছৰণন্মেহে অমৃতাও অমৃতসম্বার হলে মৃতাও অমৃতা নাম পাওরা বার ⊢—ল: ব চ বি ( T. T. Vol. II ) পৃ: ১৩১
  - > #: G. L., 8rd Ed., p. 196

নিরোধিনীশক্তির পঞ্চ কলা। যথা— কবিনী, রোধিনী, রোজী, আনবোধা এবং তমোপহা। এই নিরোধিনীরই অন্তনাম বোধিনী বা বোধিকা। বচ্চন্দসংগ্রহে এই শক্তির পঞ্চকলার নাম করা হয়েছে—বন্ধতী, বোধিনী, বোধা, আনবোধা এবং তমোপহা।

কৃদ্ধিনী এবং রোধিনী কলার জন্ত এই ভূমির উর্ধের আরোহণ করা বড় বড় দেবতার পক্ষেও কঠিন। তবে শক্তি বাঁকে জ্ঞানবোধা এবং ডমোপহা কলার দ্বারা অমুগ্রহ করেন তিনি এই কঠিন ভূমির উর্ধের বেতে পারেন।

নিরোধিনীশক্তি বেমন উর্ধ্বগমনে বাধা দেন তেমনি উর্ধ্বগতদের অধঃপতনেও বাধা দেন।

অর্ধচন্দ্রশক্তির কলাও পাঁচটি। বথা—স্মোৎস্না, স্মোৎস্নাবতী, কাস্তি, স্থপ্রভা এবং বিমলা। এই-সব কলাকে বলা হয় সর্বজ্ঞপদসংস্থিতা। কেন না অর্ধচন্দ্রস্থিতে অবস্থিত সাধক সর্বজ্ঞ হন।

বজ্বদাং গ্রহমতে বিন্দুর কলা সংখ্যা চার। যথা—নিবৃত্তি, প্রতিষ্ঠা, বিছা এবং শাস্তি। তবে এ সহছে ভিন্ন মতও লক্ষ্য করা যায়। দেখা গেছে প্রপঞ্চনারতন্ত্রমতে এই চারটি কলা নাদ থেকে উত্তা ষোলকলার অন্তর্গত। আর উক্ত ভন্ন অন্তর্গারে বিন্দু থেকে উত্তা কলা—পীতা, শেতা, অরুণা এবং অসিতা। আবার শারদাতিলকে নিবৃত্তি, প্রতিষ্ঠা, বিছা, শাস্তি এবং শাস্তাতীতা এই পাঁচটি কলাকে নাদের থেকে উত্তা বলা হয়েছে।

সম্প্রদায়ভেদের জন্ত এই মতভেদ হয়েছে মনে হয়। অবশ্র এই-সব সাধনার অন্তর্ভুক্ত বিষয়। কাজেই এই-সব মতভেদাদির বর্ণার্থ ব্যাখ্যা একমাত্র সাধনমর্মজ্ঞ সদ্পুক্রর মুখেই অবগত হওয়া বেতে পারে।

বট্জিংশন্তবের বিচারে কলা—বট্জিংশন্তবের দিক্ দিয়ে বিচার করে পাঁচটি প্রধান কলা বীকার করা হয়। যথা—নিবৃত্তি, প্রতিষ্ঠা, বিদ্যা, শাস্তি এবং শাস্তাতীতা। ১০ এই পাঁচটি কলাকে উক্ত তব্দমূহের সম্পিতিত সামাক্তরপ বলা হয়। এর অর্থ কলা পাঁচটি তব্দমূহের শক্তিরপ। তব্তুতি পঞ্চকলারই বিশেষক্রপ।

मरामक्टिरे किछामित्रहे जिल्लाक्त्रहे । जातरे এरे भक्ष कला। तहे जिल्लाक वह

- ১ আ: G. L., 8rd Ed., p. 196 ২ আ: ৰচ বি ( T. T., Vol. II ) পু: ১২৬
- o G. L., 8rd, Ed., p. 196 8 Ibid 6 Ibid
- নিবৃত্তিক প্রতিষ্ঠা চ বিভা শান্তিরসূক্রবাং।—জ: ব চ বি (T. T., Vol. II) পৃ: ১২৫
- ৭ প্রসাত ভাব¢ ৮ ঐ ভাবঃ » শাতি ১াহ<del>ওঁ</del>
- >• G. L., 8rd Ed., p. 250 ; শান্তি এবং শান্তাতীতাকে শান্তা ও শান্তানীতা বা অবকাশদাও বলা হয়েছে।
  —সং Ibid, p. 199

পঞ্চলারই ব্যক্তরপ। বট্ত্রিংশন্তরকে কলামুসারে এইভাবে ভাগ করা হয়েছে— ক্ষিতিতর—নিবৃত্তিকলা; অপ্থেকে প্রকৃতিতর— প্রতিষ্ঠাকলা; পুরুষতর থেকে মায়াতর —বিষ্ঠাকলা; ভদ্ধবিষ্ঠাতর থেকে সদাশিবতর—শান্তিকলা এবং শক্তিতর ও শিবতর— শাক্তাতীতকলা।

বলা বাহুল্য কলা জড়শক্তি নয়, চিংশক্তি। প্রত্যেক স্ট পদার্থের মধ্যে এবং প্রত্যেক স্ট পদার্থকে অতিক্রম করে কলা দেবতারূপে বিশুমান। এটি সাধকের প্রত্যক্ষ অফুভবল্ব ব্যাপার।

ব্রহ্মাণ্ডাদি—ষ্ট্রিংশতবের অন্থানিহিত শক্তিরপে পঞ্চলা তত্ত্তলিকে চারটি অণ্ডে বিভক্ত করেন। যথা—ব্রহ্মাণ্ড, প্রকৃতাণ্ড বা মৃশাণ্ড, মায়াণ্ড এবং শক্তাণ্ড। ব্রহ্মাণ্ডের প্রধান তত্ত্ব আবরণতত্ত্ব আবাশ, প্রকৃত্যণ্ডের আবরণতত্ত্ব প্রকৃতি, মায়াণ্ডের মায়া এবং শক্ত্যণ্ডের শক্তি।

অবরোহক্রমে শক্তিতর থেকে শুদ্ধবিদ্যাতর পর্যন্ত শক্তাও। সমনীশক্তি, ব্যাপিনীশক্তি, আজীশক্তি, নাদশক্তি এবং বিদ্যাক্তি এবং তাদের কলাসমূহ এই শক্তাওের অন্তর্গত। এটি মন্ত্রমহেশ্বর, মপ্তেশ্বর, মন্ত্র এবং বিদ্যোশ্বরদের স্থান। এখানে উল্লেখ করা যায় বিজ্ঞানাকলদের স্থান শুদ্ধবিদ্যার নিমে কিন্তু মায়ার উর্ধে। শক্তাওের প্রধান কলা শান্তিকলা।

মায়াতব থেকে পুরুষতব পর্যন্ত মায়াও। মায়াও বিশ্বাকলার ক্ষেত্র। বিশ্বাকলা প্রদায়কল এবং সকল নামক জীবদের পরিচ্ছিন্ন বৈভজ্ঞানের উৎপাদিকা। এর পর প্রকৃতিত্ব থেকে অপ্-তত্ব পর্যন্ত প্রকৃতাও। এটি প্রতিষ্ঠাকলার ক্ষেত্র। সর্বশেষে ক্ষিতিত্ব নিয়ে ব্যাও। এটি নিবৃত্তিকলার স্থান। প্রকৃতাও এবং ব্যাও সকল নামক বন্ধ জীবদের স্থান।

পূর্বেই বলা হয়েছে ক্ষিতিতত্ত্বের শক্তি নিয়ন্তিকলা। স্কাইমূপে শক্তি ক্ষিতিতত্ত্বে পৌছে তত্ত্বস্কিকর্মে নিয়ন্ত হন। এইজন্মই এই তত্ত্বে তাঁর ষে-কলা ভাকে নিয়ন্তিকলা বলা হয়েছে। ক্ষিতিতত্ত্বে মহাশক্তি কুওলিনীব্রপ ধারণ করেন। কাজেই নিয়ন্তিকলা কুওলিনীবই ক্লপ বা কলা। নিয়ন্তিকলা ভৌতিক জগতের বহিরাবরণ স্কাই করেন। প্

<sup>5</sup> G. L., 3rd Ed., p. 199 a Ibid, p. 197-198; 252-258

<sup>॰</sup> ধরাদিশকভূতানাস্ংপাদিকা।—শা ভি ১া২৫-এর টাকা । ও G. L., 3rd Ed., p. 198

e Ibid e Ibid, p. 101 a Ibid, pp. 198, 901, 258

v Ibid, p. 197

অপ্থেকে প্রকৃতিভব পর্যন্ত তরুসমূহের শক্তি প্রতিষ্ঠাকলা। এই কলা বাহ্ন ভৌতিক বিশের আভ্যন্তর ভিত্তি এবং কাঠামো রচনা করে।

পুরুষ থেকে মায়া পর্যস্ত তত্ত্বের শক্তি বিভাকলা। মায়ার উর্থের শান্তিকলা। এটি শুক্ষবিভা থেকে সদাশিব পর্যস্ত তত্ত্বের শক্তি। বৈতই সব হংথের মূল। মায়ার পর আর বৈত নেই; কাজেই হংথও নেই, আছে শুধু শান্তি। এইজন্তই শুক্ষবিভাদি তিন তত্ত্বের শক্তিকে বলা হয় শান্তিকলা।

এর পরে শক্তিতর ও শিবতর। লক্ষ্য করা গেছে কোনো কোনো মতে এই তুই তর্ত্বক পূথক্ ধরা হয় না। তবে সাধারণত: পূথক্ ধরা হয়। এই তুই তর্ত্বের কলা শাস্তাতীতা অর্থাং এটি শান্তিকলার পরবর্তা। শিবতত্বে কলা নেই এ বিষয়ের পূর্বেই উল্লেখ করা হয়েছে। তবে এ কথাও বলা হয় বে শিবতর সর্বতন্ত্ববাাপী এবং সর্বতন্ত্বাতীত। এই তব্বে কলারূপে শক্তি শৃষ্যাতিশৃষ্ণা, অবকাশদা। এই অবকাশদা শক্তিকেই শাস্তাতীতা কলা বলা হয়। শেটকথা বে অর্থে নির্ত্তি প্রস্তৃতিকে কলা বলা হয় সেই অর্থে শাস্তাতীতা কলা নয়। এই জন্তই বলা হয় শিবতত্বে কলা নেই।

এই যে নিবুত্তাদি পঞ্কলা শাবদাতিলকের মতে এই পঞ্কলাই কলাধ্বা।

কলা সম্বন্ধে অশ্য বিচার— একই বস্তকে নানাদিক্ থেকে নানাভাবে বিচার করা শেতে পারে। এইজন্ত কলা সম্বন্ধেও বিভিন্ন বিচার দেখা যায়। ষট্চক্রনিরূপণের টাকায় উন্ধনীশক্তিকে নির্বাপকলা বলা হয়েছে। নির্বাপকলা ভবপাশছিলকারিণী, মোক্ষ্যানিনা। একে সপ্তদেশীকলাও বলা হয়েছে। যোড়শীকলার অভ্যন্তরে আছেন স্পদ্শীকলা। বাড়শী কলাকে বলা হয়েছে অমাকলা।

ষ্ট্চক্রবিবৃতিতে বলা হয়েছে অমাকলা নিতা, তার কয়-উদয় অর্থাৎ হ্রাসর্দ্ধি নেই।
এই কলা স্ট্রাম্থী। শিবশক্তির মিলনে ষে-অমৃতধারা প্রবাহিত হয় ইনি সেই ধারার
ধারিণা। পাভাগ্যভাষ্করে উদ্বৃত বাসনাস্ক্তগোদ্যের একটি বচনে বোড়শীকলাকে বলা
সংগ্রহে সচিদানক্ষরূপিণী। প

नचीधत मोम्पर्यन्द्रतीय निकाय वजान भक्षम कनात विवत् पितरहर । भक्षम

<sup>&</sup>gt; G. L., 8rd Ed., p. 197 2 Ibid, p. 198 2 Ibid, p. 199

<sup>8</sup> निवृत्ताचाः क्वाः <del>१क क्वार्लिक धर</del>ीलिकः ।—ग कि वानः

जन्नत्था कृष्टिना निर्वाणांथामध्यस्य कर्मा।—कद्यानवानिवीठप्रवचन, जः व नि ३०-धव विका

७ व्यक्त व्यक्तिका व्यवस्थित वावर 1—व व वि (T. T. Vol. II) शूर ১०० व अ

पाइनी जू क्या काम मिक्सिक्सक्सिनि ।—म म, स्मी का, गृ: १०

P ०२ गरबाक आरक्त होका अहेवा।

কলার নাম—দর্শা, দৃষ্টা, দর্শতা, বিশ্বরূপা, স্থদর্শনা, আপ্যায়মানা, আপ্যায়মানা, আপ্যায়মানা, আপ্যায়মানা, আপ্যায়মানা, স্বয়স্ত্রী, পূর্ণা এবং পৌর্ণমাসী। এই পঞ্চদশ কলাকে আগ্রেয়, সৌর এবং চাব্রু এই তিন খণ্ডে ভাগ করা হয়। দর্শা থেকে স্থদর্শনা পর্যন্ত আগ্রেয় খণ্ড, আপ্যায়মানা থেকে ইরা পর্যন্ত সৌরখণ্ড আর আপ্র্যমাণা থেকে পৌর্শমাসী পর্যন্ত চাক্রখণ্ড।

দুর্শা শিবতবাত্মিকা, দৃষ্টা শক্তিতবাত্মিকা, দর্শতা মায়াতবাত্মিকা, বিশ্বরূপা ভূমবিভাতত্মাস্থিকা, স্বদর্শনা জনতবাত্মিকা, আপাায়মানা তেজস্তবাত্মিকা, আপাায়মানা বাষ্তবাত্মিকা,
আপাায়া মনস্ভবাত্মিকা, স্নৃতা পৃথিবীতবাত্মিকা, ইরা আকাশতবাত্মিকা, আপূর্যমাণা
বিভাতবাত্মিকা, আপূর্যমাণা মহেশবতত্মাত্মিকা, প্রয়ম্ভী পরতত্মাত্মিকা, পূর্ণা আত্মতত্মাত্মিকা এবং পৌর্গমানী সদাশিবতবাত্মিকা।

লন্ধীধর নিত্যা কলা অর্থাং ষোড়শীকলাকে বলেছেন সাদাখ্যতবাশ্বিকা।\*

বোড়শীকলাকে মমৃতকলা এবং সপ্তদশী- বা নির্বাপ-কলাকে মমৃতাকার। বা মমৃতাকারক্রপিণীও বলা হয়েছে। নির্বাণকলা এবং মমৃতকলা মহাশক্তিরই ছই রূপ। নির্বাণকলা
চিন্নাত্রস্বভাবা আর অমাকলা বা অমৃতকলা স্টানুমুখী ও উপ্পশক্তিরপা। বলা হয়
বটুত্রিংশক্তব্রে শক্তিতত্ত্বে এই উভয়কলা বিশ্বমান।

সাধকের পক্ষে এই-সব কলা সম্বন্ধে জ্ঞান থাকা অত্যাবশুক। কেন না সাধকের বড়ধ্বা-শুদ্ধি করতে হয়। কলা সম্বন্ধে জ্ঞান না থাকলে কলাশুদ্ধি সম্ভবপর নয়।

বট্ত্রিংশস্তব—শাক্তমতে মহাশক্তিই বট্তিংশস্তবক্ষপিণী। সর্বময়ী দেবী ক্ষিত্যাদি-শিবাস্ত-তর থেকে অভিন।

অবৈতশৈব দর্শনের আলোচনা প্রসঙ্গে বটু জিংশন্তন্তের আলোচনা পূর্বেই করা হরেছে।
এ বিবরে শাক্ত দর্শনেরও মোটান্টি একই বিচার। কাজেই এখানে এ সহছে শাক্তমতের
সংক্ষিপ্ত আলোচনা করা গেল।

আবার কোনো কোনো তন্ত্রের মতে প্রধান সম্প্রদায় চারটি। বেমন বট্সম্ববরহক্তে পূর্বোক্ত তিন সম্প্রদায় এবং বিলাস এই চার সম্প্রদায়ের কথা বলা হয়েছে। পূর্বে গৌড়, মধ্যে কেরল এবং পশ্চিমে কাশ্মীর এইভাবে সম্প্রদায়ের অঞ্চল নির্দেশ করা হয়েছে। বিলাস সম্প্রদায়ের কোনো নির্দিষ্ট অঞ্চল নেই। সব অঞ্চলেই এই সম্প্রদায় পরিপক্ষিত হয়। প্রশোহনতত্ত্বে বলা হয়েছে বিলাস নামক সম্প্রদায় সর্বগ্রনে পরিকীতিত। প্র

শক্তিসক্ষতদ্বের মতে কেরল, কা<u>শীর</u> এবং গ্রোড় এই তিন সম্প্রদায় ছায়ায়টি দেশ জুড়ে রয়েছে। নেপাল থেকে আরম্ভ করে কলিঙ্গ পর্যন্ত অঞ্চলর আঠারটি দেশে গৌড়সম্প্রদায়; আর্থাবর্ত থেকে আরম্ভ করে সমৃত্র পর্যন্ত অঞ্চলের উনিশটি দেশে কেরলসম্প্রদায় আর অবশিষ্ট উনিশটি দেশে কাশীরসম্প্রদায় কলা।গকর।

কেরলাদির ভাগ—উক্ত তম অস্পারে কেরলাদি তিন সম্প্রদারের প্রত্যেকটির শিব, শক্তি ও শিবশক্তি এই তিন ভাগ আছে। ধেমন শিবকেরণ, শক্তিকেরণ ও শিবশক্তিকেরণ। কাশ্মীর- ও গোড়-সম্প্রদারেরও এই একই রকম ভাগ। ইইদেবত। অস্পারে এই ভাগ হয়েছে মনে হয়। আবার এই রকম প্রত্যেক ভাগের ওছ, উগ্র ও গুপু এই তিন ভাগের কথাও বলা হয়েছে। কাজেই এই তম্মতে কেরলাদি প্রত্যেক সম্প্রদারের নম্নটি ভাগ।

- नमाक् अमोत्रस्य खानः नक्षमातः अकौखिटः ।—न म छ, छ। ४, ३८।६३
- ২ কেরলকৈর কালীরো দৌড়াল্ডর তৃতীয়ক:। সম্প্রকায়ন্তরং গ্রোক্তং সর্বসিদ্ধিন্তর্গতকর্।—ই ১৪।১১
- The Spirit and Culture of the Tantras, C. Her. I, Vol. IV, p. 242
- বিলাসাধ্যঃ সম্ভাষ্যঃ সর্বদঃ পরিকীতিতঃ ।—জ: ६. Т., p. 99
- কেরলকৈব কালীরো গৌড়মার্গকৃতীয়কঃ। বইগঞ্চান্দেশকেরাৎ সর্বত্র ব্যাপা ভিঠতি।
  আইাদশক্ বেশের গৌড়মার্গং প্রকীতিতঃ। নেগালদেশমারতা কনিলাক্তা মহেবরি।
  আর্থার্বতং সমারতা সমুলারং মহেবরি। কেরলাবাং ক্রমা লোককুনবিংশভিদেশকে।
  তমন্তদেশে দেবেশি কালীরাবাং ক্রমান্ততা।—শ স ও, কা ব, ০০০০
- কেরলন্টের কালীরো সৌড্যার্গরহান্দকঃ। সম্প্রকারজনে ক্লোক্তা বিকরং বিকরং করেং।
  লৈবকেরলকং বেবি শক্তিকেরলকং তবা। শিকাজিকেরলাবাং বিকরং পরিকীভিত্রন।
  গুলোগ্রগুগুতেনের নববা কেরলং তবেং। নববা হৈব কালীরং সৌড্রং চ নববা তবেং।

শেষ্ঠি নিম্নির্বাভিদংগ্রহে উক্ত তিন সম্প্রদায়ের বিশেষ পরিচয় দেওয়া হয়েছে।
গ্রোড়সম্প্রদায় সম্বন্ধ বলা হয়েছে—এঁদের পূজায় সর্বার্থসিছি সম্বন্ধ করে পূজাপেণ করার পর
নিবেছ নিবেদন করতে হয়। তার পর হোম করতে হয় এবং তাঙ্গুল নিবেদন করার পর
বলিদান করতে হয়। এঁরা বা হাতে পূজা আর ভান হাতে তর্পণ করেন্ত্র এইটি বা্মাচারীদের সেবিত গ্রেছ নামক সম্প্রদায়।

শক্তিনক্ষতত্ত্ব এই সম্প্রদায় সম্বন্ধ নির্দেশ দেওয়া হয়েছে—এঁরা দেবতা, গুরু এবং মত্নের একা ভাবনা করবেন। স্থাবর জন্দ্র সমগ্র জন্দ তিলোময় ভাববেন। দেবতা-গুরু-মন্ত্রের চৈতক্তকে তেজঃপুঞ্জনিভ ভাববেন। সেই তেজঃপুঞ্জ মেরুপর্বতের মতে। এক পর্বতাকার ধারণ করেছে কল্পনা করবেন আর সেই তেজের মধ্যে আযুধহস্তা মহাদেবীর ভাবনা করবেন। ধাানোক্ত বিধি অস্থ্যারে ধাান করে দেবীকে সর্বন্ধপা ভাববেন। স্থে-সাধক এমনি ভাবনা করেন দেবী তাঁকে বর দেন।

কাশ্মীর — কাশ্মীরসম্প্রদায়ের বিষয়ে বলা হয়েছে — এঁদের শান্ত-বিনিয়োগ অনুসারে অর্চনায় পীঠার্চনার পর বলিদান করতে হয়। পঞ্চোপচারে পূজার পর হোম করতে হয়। এই সম্প্রদায়ে পঞ্চমকারের অভাবে অনুকল্পরার বিহিত। মন্তের অনুকল্পর বা প্রতিনিধি তামপাত্রত্ব ছত বাতীত গ্রা। মাংসের অন্তক্তর বা প্রতিনিধি লবন, আদা, পিণ্যাক অর্থাৎ তিলকত্ব বা তিলের লাডু, পেয়াল, মানকলাই এবং রন্তন। মংস্তের অভাবে তার প্রতিনিধি হবে ক্রম্ক, তামুল প্রভৃতি আমির ক্রা। বর্তুলাকার মুলার অভাবে তার প্রতিনিধি হবে ক্রম্ক, তামুল প্রভৃতি আমির ক্রা। বর্তুলাকার মূলার অভাবে চাল বা ভালা-চানা প্রভৃতি অন্তক্তর পঞ্চা-মকারের অন্তক্তর এই — বিধানক্ত সাধক আপন বাম উক্লর উপরে চন্দন দিয়ে শক্তিতিকান এঁকে তার মধ্যে শক্তিবীক্ত লিখবেন। সেই ত্রিকোনে শক্তির পূজা করে শক্তিগায়ত্রী শতবার জপ করবেন। ব্যক্ত্রক্তম শক্তি। এই উভয়ের মিলোৎপদ্ধ ক্লামৃত গ্রহণ

- সর্বার্থসিভিস্তলপুলাপুলার্পণাক্ষ । বৈক্ষোত্তে চ হববং তাম্ব লাত্তে বলির্মতঃ ।

  পুলবং বামহত্তেম কক্ষ্ততেম তর্পণন্ । সাক্ষাকানং মকারেশ ক্ষবি বেব্যা বিসর্জনন্ ।

  কৌড়াখাসন্দ্রান্তাহিকং সেবিতো বামিডিঃ সহা ।—এঃ পু চ, ডঃ ৯, পুঃ ৮৬৬
- বেবভালন্ত্রাণাবৈক্যাং সংভাবরন্ বিরা। সর্বং তেকোররং ভাবাং কর্পব্যবরক্ষমন্।

  করাণাং কেনি চৈতল্পং তেল্পাপুল্লিকিং নিবে। তেলকুটনভূবেকং মেরুপর্বতসরিতন্।

  তত্তেলিন মহাবেবীং সার্থাং পরিচিত্তরেং। ব্যানোজবিধিলা ব্যাধা স্ব্রপাং বিভাববেং।

  এবং ভাবরত্ততে বেবভা ব্রহণ তবেং।—শ স ত, সু ব, ভা১৫-১৮

করবেন। এই-সব পঞ্চত্তের অমুকর। কাশ্মীরসম্প্রদায়ের সাধকেরা দেবতার বিসর্জন কুরবেন শীয় সহস্রারে। এই সম্প্রদায় কৌলিকদের প্রিয় বলে জানবে।

শক্তিসঙ্গমতত্ত্ব কাশ্মীরসম্প্রদায় সহকে বলা হয়েছে— এঁরা মন্ত্র-দেবতা-গুরুর ঐক্য ভাবনা করবেন। অক্ষরের স্বব্ধণ তেজঃপুঞ্জের মতো কল্পনা করবেন। তেজঃপুঞ্জ সমস্ত অক্ষর একত্র ভাবনা করবেন এবং চৈতন্তরিতয় (গুরু, মন্ত্র ও দেবতা) অক্ষরে লীন ভাবনা করবেন। চৈতন্তজাত সব তেজ কোটিস্থের প্রভাবিশিষ্ট। তেজঃপুঞ্জ অক্ষরসমূহকে রম্বক্টসমূহের মতো ভাবনা করে ইইসিছিপ্রদ মন্ত্র জপ করবেন। ব

কেরল— কেরলসন্দায়ের বিষয়ে সিদ্ধান্তসংগ্রহে বলা হয়েছে এই সম্প্রদায়ের সাধকেরা দেবতার প্রীত্যর্থে সহল্প করবেন। পঞ্চতত্ত্বর ভাবনামাত্র করবেন অর্থাং মুখা বা অফুকল্প পঞ্চতত্ত্বর প্রয়োজন এঁদের নেই। পঞ্চোপচার প্রদান করে আত্মা, বিষ্ঠা, শিব, সর্ব, পূর্ণ এই ক্রম অফুসারে পূজা করবেন। পূজার পরে বলিদান বিহিত। ভান হাতে পূজা আর বা হাতে তর্পন করবেন। সমস্ত কর্মের শেষে হোম করবেন আর স্বীয় হৃদ্ধে দেবতার বিসর্জন করবেন। ম্নিদের ছারা সম্পাসিত এই কেরল সম্প্রদায়।

কাদি-হাদি-কহাদি মত-এই-সব সাধকসম্প্রদায়ের মধ্যে আবার বিভিন্ন মত আছে।
শক্তিসঙ্গমতত্ত্বে কাদি হাদি এবং ক্হাদি এই তিনটি মতের উল্লেখ আছে।

বিনিরোগাদর্চনার্থং বলিঃ শীঠার্চনাদম । হোমা প্রকোপচারান্তে দক্ষিণার্চনতর্পণে ।
 প্রায় তু তাম্রপাত্রন্থং বারশী স্থাদ স্বতং বিনা । লবণা একপিশাকপলাত্মাবশক্ষম ।
 লগুলং চ মহাদেবি মাংসপ্রতিনিধিঃ স্বতঃ । মংস্থাভাবে তু ক্রমুকং তাম্ব লং বঞ্চামিবম্ ।
 গুড়াভাবে ততুলং বা ভর্মিতং চনকাদিকম্ । বিনিবেং পক্ষাভাবে শক্ষিমীকং ত্রিকোপকম্ ।
 বামোরৌ সাধকঃ ক্রম্কে চন্দনেন বিধাববিং । শক্তিং সম্প্রতা তত্ত্বৈর তল্পারত্তীং শতং ক্রপেং ।
 বর্মপুকুসুমাভাবে রক্তচন্দনকং ক্ষিপেং । হয়ারিকুত্বমং শল্পঃ শন্তিং প্রোক্তাহপরাবিতা ।
 তর্মে সমেলমোংপারং গৃহীরাচ্চ কুলামৃতম্ ।

এতে তর্মমুক্রান্ড সহস্রারে বিসর্জনন্ । কাশ্রীরসম্প্রদারোহসৌ বিজ্ঞেয়ঃ কৌলিকপ্রিয়ঃ ।

-- जिहास्त्राः अहरतम्, जः शृ ह, छः २, शः ४७७

- মন্ত্রেরপ্রকাশে হি হৈক্যং সংভাবরন্ ধিরা। তেজপুঞ্জনিতং সর্বং ফক্রপ্ত বরণকম্।
  তেজপুঞ্জন্মাণি চ সর্বং চৈক্ত ভাবরেং। সর্বং লীনং ফক্রেরে বৈ চৈতপ্তত্তিতরং শিবে।
  সর্বং চৈতপ্ততাং তেজা কোটিপূর্যনমগ্রভম্। তেজাপুঞ্জাকরাণোব রম্ভকুটসমূহবং।
  সংভাব্য প্রজ্ঞাকর মিউসিভিপ্রদারক্য ।—শ স ভ, ফু ব, গাঃ ভা১১-১৩
- ड वाः म म क, छा ब, ब्लाम् अन्य

সমোহনতম অভুসারে কাদিমতে মন্ত্রের আরম্ভে আছে ক, হাদিমতে হ আর কাদি ও হাদি উভয়ে মিলে কহাদিমত।

শক্তিসঙ্গসতত্ত্বে বলা হয়েছে ক বন্ধবন্ধণ। বে মতে ক-কে আদি বীকার করা হয় তা কাদিমত। হ শিববন্ধণ। বে মতে হ-কে আদি বীকার করা হয় তা হাদিমত।

উক্ত ভন্তমতে কাদিকে কাদীয়ত, হাদিকে শ্রীক্রিপুরস্থলরীয়ত এবং ক্লাদিকে ভারিণীয়ত বলা হয়েছে।\*

কাদিমতের অক্তনাম বীরাদমূত্র, হাদিমতের অক্তনাম হংসরাজ। কাদিমতের দেবতা কালী, হাদিমতের ত্রিপুরস্কারী এবং কহাদিমতের তারা বা নীলসরস্বতী।

তত্ত্বরাজতত্ত্বের প্রথম পটলে আছে দেবী শিবকে কাদিমত কিরুপ এই প্রশ্ন করলে উক্তরে শিব বলেন কাদি দেবীরই রূপ, কাদি-শক্তি সর্বসিদ্ধিদায়িনী। এর অর্থ দেবীর রূপ ত্রিকোণাকার। বাংলা ক এবং প্রাচীন দেবনাগরী ক-এর বাদিকে একটি ত্রিকোণ আছে। ক বে দেবীর রূপ কামধেস্তত্ত্বে তা ব্যাখ্যা করে দেখান হরেছে। বলা হরেছে ক-এর বামরেখা রন্ধা, দক্ষিণরেখা বিষ্ণু, অধোরেখা কন্ত্র, মাত্রা সাক্ষাৎ মহেশরী, ভান দিকের অঙ্গু স্তরিনী আর ত্রিকোণের মধ্যেকার শৃক্ত সদাশিব। এই শৃক্তের মধ্যেই কৈবলাদায়িনী কালী অধিষ্ঠিতা। ত্রিকোণের উর্ধ্বকোণে আছেন বন্ধার শক্তি বামা, বামকোণে বিষ্ণুশক্তি ছোটা এবং দক্ষিণকোণে কত্তশক্তি রোলী।

নার জন উভরফ লিখেছেন গৌড়সম্প্রদার কাছিমতকে সর্বোচ্চ মনে করেন আর কাশ্মীর

- ) Tantrarkja Tantra, (T. T. Vol. VIII), Intro. p. 2
- ২ ককারাদ্ বুন্ধরপন্ধং তৎকাদিমতনীরিতন্। হকারাৎ নিবরপন্ধং ভন্ধাদিমতনীরিতন্।
  —ল স ত ভা ব এ ১৮৮১
- কাভং হাভং মহেশানি কাভং কালীমতং ভবেং। হাভং ঐতিপুরাধাং কহাবাং তারিনীমতন্।
   —ঐ, কাব, ১)২০
- 8 S. S. 4th Ed., p. 166
- কাদিসংজ্ঞা ভবদ্রপা সা শক্তিং সর্বসিদ্ধরে।—ত রা ত ১।॰
- Tantese Sja Tantes. (T T. Vol. VIII), Intro., p. 1
- ৮ এখানে সংহ্যরী অর্থ সর্বতী। কেব বা করেকটি লোক পরেই কলা হরেছে 'শ্রুক্সমা কীর্তিসাত্রা সাক্ষাং সর্বতী।'

ও কেরল সম্প্রদায় ত্রিপুরা ও তারার উপাসনা করেন পর্ত্তাৎ হাদিমত ও কহাদিমতের প্রাধান্ত স্বীকার করেন।

আক্তান্ত সম্প্রদার—শাক্তদের মধ্যে এ ছাড়া আরও অনেক সম্প্রদায় এবং উপসম্প্রদায় আছে। আচার, সাধ্য ইত্যাদি বিভিন্ন ভেদ অন্থসারে এই-সব সম্প্রদায়ভেদ হয়েছে। দক্ষিণাচারী, বামাচারী, চীনাচারী, কোল, কাপালিক, রসসাধক প্রভৃতি সম্প্রদায়ের নাম পাওয়া যায়।

শক্তিসঙ্গমতত্ত্বে ত বৌদ্ধ এবং জৈনদেরও শাক্ত বলা হয়েছে। উক্তত্ত্বের স্থন্দরীপণ্ডে আছে চীন, কাপালিক, বৌদ্ধ, জৈন, নিব্য, কৌল, বীর ও পশু সাধকেরা শাক্তের অন্তর্গত। চীনাচারের সাধকেরা তারাক্রম ও ছিন্নমন্তাক্রমের সাধক। এঁদের ত্শ প্রকারভেদ আছে। কাপালিকদের ভেদ পাচটি। ষথা— ইক্রজালী, দেবজালী, রুম্রজালী, বিদ্যাক্সালী এবং সিদ্ধিজালী।

কাপালিক—শৈব সম্প্রদায়ের আলোচনা প্রসঙ্গে আমরা শাক্ত কাপালিকদের সমত ও কিঞ্চিং আলোচনা করেছি। কাপালিক সাধারণতঃ বীরভাবের বামাচারী সাধক। শক্তিসঙ্গমতত্ত্বে বলা হয়েছে ধিনি কপালপাত্রে ভোজন করেন, বিনি মন্ত্রমাংসতংপর, নিত্য দ্বিষোনি দর্শন করেন, সর্বদা মৃত্রমালা ধারণ করেন আর শ্বশানায়িতে ভোজন করেন তিনি কাপালিক।

রুস্সাধক সাধনার ক্ষেত্রে রুস্শব্দ <u>ছই অর্থে ব্যবহৃত হু</u>য় ; এক পার্দ, ছুই ভাবরস।

প্রথম অর্থে রস্সাধনা দেহসাধনার অন্তর্ভুক্ত। মহামহোপাধ্যায় গোপীনাথ কবিরাজ মহাশয় লিখেছেন "র<u>স্সাধনাও দেহসাধনারই একটি প্রকারভেছমাত্র।</u> রস্বাদিগণ

<sup>5</sup> Ś Ś, 4th Ed., p. 167

২ শান্তে চান্তৰ্গতা দেবি চীনাঃ কাপালিকাঃ শিবে। বৌদ্ধা জৈনাখতো দেবি দিবাঃ কৌলাগুৰা শিবে।
চীনানাং হিশতং ভেদাভারচ্চিল্লাবিথী সূতু। কাপলিকে পঞ্চলাজনহো বু মহে শিবে।
ইক্রলালী দেবজালী কুঞ্জালী তৃতীয়কঃ। বিভালালী তুর্বসংখ্যা পঞ্চল সিদ্ধিলালিকঃ।

<sup>—</sup>म म छ, ऋ ब, अअम्, अवन, अवर-वेध

<sup>•</sup> ŚK. P., p. 10, n. 1

৪ কপালপাত্রসভোলী মন্ত্রসংসের্ তৎপরঃ। ব্রিবোনিদর্শকো নিতাং মুভবালাবর সলা।
 প্রশানাব্রিপ্রভোলী বং স চ কাপালিকঃ স্বতঃ ।—শ স ত, কা ব, ৮/৪-১০

এটি সাংকেতিক শব্দ । এর অর্থ যোনিমগুল বা শক্তিত্রিকোশ । দ্রাঃ ত্রিকোশবেতৎ কথিতং বোনিমগুলমুক্তমম্ ।—কামথেমুভর, পঃ ৩

সাধারণত: আগম-সম্প্রদারের সাধক। তাঁহারা আপন আপন উপাসনার বৈশিষ্টা অক্স্বারী কেছ কেছ শৈবরূপে এবং কেছ কেছ শাক্তরূপে পরিচিত। অক্স প্রকার উপাসনার সহিতও বে রসসাধনার যোগ ছিল না, তাহা বেন কেছ মনে না করেন। এ<u>ই সকল সাধকের মুখা লক্ষাই ছিল পিওবৈর্</u>ত্তা, অর্থা<u>পিছিক অমুর্থ ও তর লক দীবন্মক্তি।</u> তাঁহারা রস অথবা প্রেদের ছারা এই মহান্ কার্ষ সিদ্ধ করিতেন ব্লিয়া তাঁহাদিগকে রসবাদী নামে বর্ণনা করা হয়।"

ভাবরদের দাধনা যুগলের দাধনা। মহামহোপাধাায় কবিরাজ মহাশর লিখেছেন "দর্বজ্ঞই রসদাধনাতে যুগলের উপাদনা আবশুক। যুগলল্ভ ভাবরদ দাধনার প্রাণবৃদ্ধ।"

দক্ষিণাচারী প্রভৃতি সাধকের বিষয় আচার-প্রসঙ্গে আলোচিত হবে।

## সাধ্য-

সাধ্যের ব্যাখ্যা—যার সাধনা করা যায় তাই সাধ্য। শাক্ত সাধকদের সাধ্য শক্তি।
আবার সাধনার ঘারা যা লাভ করা যায় তাও সাধ্য। এইভাবে বিচার করলে সিদ্ধি বা সাধনার
ফলও সাধ্য। বাহতঃ শক্তি ভিন্ন অন্ত বন্ধ যেখানে সাধ্য সেখানেও শক্তিই বন্ধতঃ সাধ্য।
কেন না জগতের সব কিছুই শক্তিরই রূপ; যে-কোনো প্রকারের সিদ্ধিই হোক না কেন তা
শক্তি ভিন্ন অন্ত কিছু নয়। এই জন্ত ললিভাসহত্রনামে দেবীকে বলা হয়েছে মহাসিদ্ধি।\*

শাক্তমতে পরম সাধ্য অবয়ত্রন্ধ। শাক্ত শান্তাহুসারে ত্রন্ধ মাতৃরূপিণী মহাশক্তি।
অবয়ত্রন্ধের সাধনার অধিকার কিন্তু কম লোকেরই আছে। সেইজন্ত সাধকের অধিকার
অহুসারে ত্রন্ধের রূপকল্পনা শান্তে লক্ষ্য করা যায়। কুলার্ণবিতত্ত্বে বলা হরেছে—সাধকদের
হিত্তের জন্ত চিনায়, অপ্রমেয়, নির্পুণ, অশরীরী ত্রন্ধের রূপকল্পনা হয়েছে।

সাধ্যের ভেদ — লক্ষ্য করা গেছে বিশ্ববন্ধাণ্ডে যা-কিছু আছে সবই ব্রহ্মমন্ত্রী মহাদেবীর কপ। কিন্তু এরকম অভেদজ্ঞান সাধারণ মাসুষের থাকে না। তাদের কাছে দেব দেবী ফক রক্ষ ভূত প্রেত মান্ত্রই ইতর প্রাণী ইত্যাদির অসংখ্য ভেদ বর্তমান। সেইজন্ত সাধারণ মান্ত্রের সাধ্যও বিভিন্ন। তারা আপ্রন আপ্রন প্রকৃতি অন্ত্র্সারে এবং উদ্বেশ্ব অন্ত্র্পারে ভিন্ন দেবতা এমন কি অপদেবতারও পূজা করে।

ত<u>র্শাস্ত্রমতে সর্বোচ্চ অধ্যত্রদ্ধ</u> থেকে অশরীরিলোকের সর্বনিম্নন্তরের <u>সভা পর্বন্ত সবই</u> মা<u>স্থ্যের সাধা।</u> সাধারণভাবে বলা বায় একদিকে ব্যক্ত ক্রদ্ধ এবং আরেক দিকে মাস্থ্র, এর মধ্যে অসংখ্য অশরীরী সন্তা খুরে বেড়াচ্ছেন। এঁদের মধ্যে ভাল মন্দ ইটকারী

<sup>&</sup>gt; (पर्वत गांवना, हिमाजि, १७३ (गर्फेबर, १७७२ २ वे ० त ग, आक १०७

চিল্লরভাব্যবেরত নি রূপভাশরীরিণঃ। নাধকানাং হিভার্থার বুল্পো রূপক্ষনা।—কু ত, উঃ ।

অনিষ্টকারী সবই আছেন। এঁরা হয় প্রকৃতিজ না হয় মান্থবেরই বিদেহী সন্তা। তন্ত্রশান্ত্রে তথু বে এঁদের অন্তিত্ব স্বীকৃত হয়েছে তা নয়, এঁদের শ্রেণীবিভাগ করা হয়েছে এবং এঁদের বশীভূত করার বা পরিহার করার উপায়ও নির্দিষ্ট হয়েছে। এঁদের মধ্যে যারা উচ্চন্তরের শক্তি তাঁরা সাধককে ধন পুত্র আরোগ্য যশ ক্ষমতা বিছা প্রভৃতি বিবিধ কামা বছ প্রদান করেন। সাধক আপনার হিত কামনায় বা প্রার্থনা করেন এঁরা তাই দেন। আর বারা নিয়ন্তর বা নিয়তমন্তরের শক্তি তাঁরা তথু সাধকের হীন দৈহিক ভোগবাসনা চরিতার্থ করার সহায়তা করেন। এঁরা জীবের মোক্ষবিধান করতে পারেন না।

মোক্ষ দেন ব্ৰশ্বময়ী প্রাশক্তি। ভগুমোক নয়, ধর্ম অর্থ কাম মোক্ষ এই চতুবর্গই তিনি দেন। '

পরা শক্তি সূর্বদেবমন্ত্রী। কাজেই সব দেবতাই তার ক্লপভেদমাত্র। অক্তভাবে বলা বার পরা শক্তির দেবতাব্রপ বহু। মহানিবাণতত্ত্ব দেবীকে বলা হয়েছে —নানা বর্ণ ও আকারের অনস্ত রূপ তোমার। নানা সাধনার হারা লভ্য এই-সব ক্লপের বর্ণনা কে করতে পারে ?

শাস্ত্রে উমা হুর্গা লক্ষী সরস্থতী কালী তারা প্রভৃতি বহু দেবীর বিবরণ পাওয়া য়ায়।
নাম- ও রূপ-ভেদে এঁরা ভিন্ন কিন্তু পরমার্থতঃ ভিন্ন নন, একই মহাশক্তির বিভিন্ন রূপ।
শাক্তানক্ষতরঙ্গিতি আছে পরাশক্তিকে কেউ বলেন উমা, কেউ শক্তি, কেউ লক্ষী, কেউ
ভারতী, কেউ গিরিজা, কেউ অধিকা। আবার হুর্গা ভদুকালী চণ্ডী মাহেশরী এই-সব
নাম কেউ কেউ করে থাকেন। অস্তেরা দেবীর কৌমারী বৈক্ষবী বারাহী ঐক্রী বান্ধী
বিদ্যা অবিদ্যা মায়া ইত্যাদি নাম দিয়েছেন। পরমর্বিরা তাকে বলেন প্রকৃতি, বলেন
অপরা।

তত্ত্বে এই ধরণের বচন বিস্তর পাওরা যায়। যেমন মহানিবাণতত্ত্বে সদালিব দেবীকে বলছেন—তুমি কালী তারিণী চুর্গা বোড়েশী ভূবনেশ্বরী ধুমাবতী বগলা ভৈরবী ছিন্নমন্তা অন্নপূর্ণা বাগ্দেবী ও কমলালয়া অর্থাৎ লন্ধী। তুমি সর্বশক্তিশ্বরূপা, সর্বদেবসন্ধী ভোমার ভক্ত। তুমি শুল এবং হন্দা, বাক্ত এবং অব্যক্তশ্বরূপিণী। তুমি নিরাকারা ছন্ত্রেও সাকারা।

<sup>&</sup>gt; P. T. Part II, 2nd Ed., p. 689

তব রূপাণ্যনন্তানি নানাবর্ণাকৃতীনি চ।
 নানাগ্রহাসসাব্যানি বর্ণিত্ব কেন শক্তে ।—বহা ত ।।

নামভেদাদ ভবেতিয়া ন ভিয়া পরমার্থতঃ ৷—বে পু >৮।৪

উবেতি কেচিদাহত্তাং শক্তি লক্ষ্মীতি চাপরে তারতীতাপরে চৈনাং বিরিক্তেত্যবিবকৈতি চ।
প্রগতি তাকালীতি চণ্ডী মাবেশরী তথা। কৌমারী বৈক্ষী চৈব বারাইক্সীতি চাপরে।
ব্যাক্ষীতি বিভাবিভেতি মারেতি চ তথাপরে। গ্রন্থতিকাপরা চৈব ক্ষমি প্রমর্বরঃ —শা ভ, উ: ৩

তোমাকে কে জানতে পারে? উপাদকদের কাজের জন্ত, জগতের কল্যাণের জন্ত এবং দানবদের বিনাশের জন্ত তৃমি নানাবিধ দেহ ধারণ কর। তোমার মৃতি চতু ভূজা বিভূজা বড়ভূজা ও অইভূজা। বিশ্ববন্ধার্থ তৃমি নানা অস্ত্রশস্ত্র ধারণ কর। নানা তত্ত্বে আমি তোমার দেই সেই রূপের উপবোগী মন্তবন্ধাদি সাধনের এবং পশাদি ত্রিভাবের সাধকের কথা বলেছি।

দেবীর চতু ভূল, ছিত্ত ইত্যাদি উপলক্ষণ। কেন না ছাদশ চতুর্দশ বোড়শ অষ্টাদশ প্রভৃতি সংখ্যক-ভূজযুক্তা দেবীর মুর্তির বিবরণ পাওয়া হায়। একটি ধ্যানে দেবীকে সংস্কৃত্তা বলা হয়েছে।

বিভিন্ন আত্মারের দেবী—পুরশ্বার্ণবে বলা হয়েছে — দেবীর অনস্তরণভেদহেত্ সব রূপের কথা বলা অসম্ব। তবু বাড়বানলীয়ভয়োক্ত কয়েকটি রূপভেদ এখানে দেখান বাছে।

বাড়বানলীয়তয়ে আয়ায়তেদে দেবীর ক্লণভেদ দেখান হয়েছে। উক্ত তয়ে আছে—
সচিদানন্দম্তি একই আছা শক্তি জগতের প্রস্তি। নানাবিভৃতিভেদে তাঁর অনেক ক্লণ।
পূর্ণেশী ভূবনেশানী ললিতা অপরাজিতা লন্ধী সরস্বতী বাণী পারিজাতপদাহিতা অক্লপূর্ণা
এবং জয়া প্রভৃতি দেবী পূর্ণায়ায়সমান্রিতা।

নিশেশী দক্ষিণা-কালী বগলা ছিল্লমন্তা ভক্তা ভারা মাতঙ্গী— এঁরা দক্ষিণ-সালারের দেবতা।

- তং কালী তারিশী দুর্গাবোড়শী ভূবনেবরী। ধুমাবতী তং বর্গলা তৈরবী ছিল্লমন্তকা।
   ত্যরপূর্ণা বাপ্দেবী তং দেবী কমলালয়। সর্বশক্তিশক্ষপা তং সর্বদেবমরী তন্ঃ।
   ত্যমেব সুন্দ্রা ত্বং ব্যক্তাবাক্তশক্ষপিশী। নিরাকারাংশি সাকারা করাং বেদিতুমর্বতি।
   উপাসকানাং কার্যার্থং প্রেরসে ক্লগতামশি। ছানবানাং বিনাশার ধ্বংসে নানাবিধান্তন্থ।
   চতু ভূলা তং বিভূলা বড় ভূলাংইভুলা তথা। ত্বমেব বিষরকার্যং নানাশল্লাল্লধারিশী।
   তন্তক্রপবিভেদেন মন্তবন্তাদিসাধনম্। ক্ষিতং সর্বতন্তের্ ভাষাশ্য ক্ষিতাল্লয়ঃ।—মহা ত ৪।১৩-১৮
- শ্লাছত্রসহত্রমন্তিতভূলামুখজুশীনত্তনীয়। আবদ্ধানৃতর্গিরছমুক্টাং বন্দে মহেশপ্রিয়ায়।
   কঃ বামী লগদীবরানন্দ-সন্পাধিত ইক্রিটেটা, ওর সং, পুঃ >
- দেবীভেদানামনত্ত্বেন বন্ধু মলক্যত্বেহলি বাদ্ধবানলীরতল্পোন্ধাঃ কভিচিদ্ ভেলা ইছ প্রদর্শাত্তে।
   পু চ, তঃ ১, পৃঃ ১১
- একৈবাভা লগংস্তিঃ সভিদানশবিপ্রহা। তত্তবিভূতিভেদেন তিয়াংনেকছ্মাগতা।
  পূর্ণেশী ভূষনেশারী ললিতা চাপরাজিতা। লগ্নীঃ সরবতী বাদী পারিজাভপদাহিতিতা।

  ড়য়পূর্ণা লয়াভাল পূর্ণায়য়য়য়াজিতা।—য়ঃ, পু চ, ৩ঃ ১, পুঃ ১১-১২
- নিশেশী দক্ষিণাকালী বগলা ছিয়মন্তকা। তথা তারা চ মাতক্ষী দক্ষিণারায়দেবতাঃ।
   বাড়্বানলীয়তয়বচন, য়ঃ, পু চ, তঃ ১, পুঃ ১২

বহুভেদসংযুক্তা কুৰিকা কুলালিকা মাতঙ্গী অমৃতলন্ধী প্ৰভৃতি দেবী পশ্চিম-আয়ারের দেবতা ৷

সিদ্ধিলন্দ্রী গুছলন্দ্রী মহাভীমসরশ্বতী ধ্য়া কামকলাকালী মহাকালী কপালিনী মহান্ধানকালী কালস্কর্বিণী প্রতাঙ্গিরা মহারাত্রি বোগেন্দ্রী সিদ্ধিতৈরবী—এই-সব বিছা সমস্ত বিছার মধ্যে উত্তমোত্তমা। এঁরা উত্তরামায়ের দেবতা এবং চতুর্বর্গকলদাত্রী।

কামেশী ললিতা বালা মহাত্রিপুরস্কারী ভৈরবী এঁরা উধ্বানায়-সমান্ত্রিতা ।\*
বক্রবোগিনী পন্নগী নৈশতেশরী এঁরা জৈনমার্গপ্রস্কিতা অধ্য-আনায়ের দেবতা।
\*
মহাকালসংহিতার মতে কিন্তু অধ্য-আনায়ের আন্তর্ভা দেবী ভয়ানকা ভীমা দেবী।
\*
এই গ্রন্থের মতে কুমারী এবং ভুর্গা স্বানায়প্রপ্রিতা।
\*

এই প্রসঙ্গে উল্লেখ করা যায় অভিজ্ঞ বাক্তিদের মতে সিদ্ধ সাধকের। সমাধিমূখে ভাবমুখে বিশ্বরূপিণী বিশ্বজননীর এই-সব বিবিধ রূপ প্রত্যক্ষ করেন এবং ধ্যান ও মন্ত্র প্রাপ্ত হন।

**দশ্মহাবিভা**—দেবীর বিবিধ রূপের মধ্যে দশটি রূপ দশমহাবিভা নামে বিখ্যাত। মহাভাগবতপুরাণে বলা হয়েছে—দেবীর বত মুঠির মধ্যে দশমহাবিভাই প্রকৃষ্টা।৺

চাম্প্রতিরে আছে—মহাবিছা কালী ও তারা বোড়লা, ভূবনেপরী, তৈরবী, ছিলমন্তা, বিছা ধুমাবতী, সিন্ধবিছা বগুলা, মাতজী ও কমলা এই দুল মহাবিছাকে সিন্ধবিছা বলা হয়।

আবির্ভাবকাহিনী— মহাভাগবতপুরাণের এইম অধ্যায়ে দশমহারিষ্ঠার নিয়োজ আবির্ভাবকাহিনী পাওয়া যায়। সভী দক্ষয়জে যাবার কন্তু শিবের অভুমতি চান।

১ বত্পভেদসবেকা কুজিকা চ কুলালিকা। মাতকাষ্তলন্মান্তা: পশ্চিমারার্যেবতা: ।—র: পু চ, তঃ ১, পৃঃ ১২

সিদ্ধিলক্ষ্য অঞ্চলন মহাভীমসন্ত্ৰতী। ধ্রা কামকলাকালী মহাকালী কপালিনী।
 মহাক্লানকালী চ কালসংক্ষিণী তথা। প্রতালিরা মহারাত্রিংগাবেনী সিদ্ধিতেরবী।
 এতা বহবিধাব্তাং সর্ববিভারনোরমাং। উত্তরালারণীঠছাল্ডতুর্বর্গকলপ্রছাং ।— ই পৃং ১৬

কামেশী ললিতা বালা মহাত্রিপুরকুশরী। ত্রিপুরা ভৈরবী বোতা ই কালায়সমানিতা: ।—अ

वाजिनी वक्तप्रीत पन्नते देनक्टक्दो । अथनावानतिहेषा देकनवार्वश्रम् किलाः ।—वे

<sup>•</sup> বত্ৰাষ্ঠকৃতা বিখ্যাতা ভীষাদেবী ভৱানকা।—ই

কুলবালা চ ভুগা চ ন্বায়ায়প্রপ্রিক্তা ৷—ঐ

৭ জঃ ভারতে শক্তিপুরা, পৃঃ ১০০

बठाः नर्वाः व्यक्टोच मृ उत्ता वहमृष्टित् ।—जः उ छ, भू: >००

কালীতারা মহাবিদ্ধা বোড়লী তৃথনেবরী। তৈরবী ভিরমণা চ বিদ্ধা গুমাবতী তথা।
 বগলা সিদ্ধবিদ্ধা চ মাতলী কমলান্থিকা। এতা নশ মহাবিদ্ধা সিদ্ধবিদ্ধা প্রকীর্ভিভাগে।
 —আ: প্রা তো, কাও ৪, পরিং ৬, ৪ সং, পুঃ ৩৭৪

নিব তাঁকে সেখানে বেতে নিবেধ করেন। বলেন 'সতি! তোমার দেখানে বাওরা উচিত
নয়। সেখানে তোমার অপমান ছাড়া সন্মান হবে না।' দক্ষ ইচ্ছে করেই শিবসতীকে
নিমন্ত্রণ করেন নি। এইজন্তই বিনা নিমন্ত্রণে বেতে দিতে শিবের আপন্তি। সভী তব্
যাবার জন্ত জেদ করতে থাকেন। তখন শিব তাঁকে কড়া কথা বলেন—দক্ষকন্তে! আমি
জানি তৃমি আমার কথার বাধ্য নও। তোমার বা ইচ্ছে তাই কর। আমার আঞার
অপেকা কিসের ?

এ কথার দেবী অত্যন্ত কুছ হয়ে উঠেন। ভাবেন শিব আমাকে পদ্মীভাবে পেরে আমার বন্ধপ বিশ্বত হয়েছেন। অতএব এঁকে এবং আমার পিতা অহংকারী দক্ষ-প্রজাপতিকে ত্যাগ করে কিছু কাল নিজনীলায় স্বরূপে অবস্থান করব। এই ভেবে দেবী অভিভরংকরী কালীমৃতি ধারণ করলেন। ক্ষমাঞ্জনসমপ্রভা দিগম্বরী আলুলারিভকুস্থলা লোলজিহ্বা মুন্তমালিনী সেই মৃতি দেখে শিব মৃঢ়ের মতো ভরে পলায়ন করতে চাইলেন এবং দিক্ লক্ষ্য করে ধাবিত হলেন।

তথন দেবী স্বামীকে এমনি ভয়াভিভ্ত দেখে দ্য়াপরবশ হয়ে তাঁকে বারণ করবার জল্প কণমধ্যে দশম্তি ধারণ করে দশ দিকে অবস্থান করেন। শিব বেদিকে স্থান সেই দিকেই দেখেন ভয়ংকরী মৃতি। তথন পালাবার পথ না পেয়ে তিনি ভয়ে চক্ মৃত্রিত করেন। আবার চোখ খুলে দেখেন সামনে সেই ভয়ংকরী কালীমৃতি। জিজ্ঞাসা করেন—কে তুমি স্থামা ? আমার প্রাণবন্ধভা সতী কোখার ? দেবী বললেন চিনতে পারছ না ? আমিই ত সতী। আমি স্টেসংহারকারিণী ক্ষা প্রকৃতি। তোমার বনিতা হওয়ার জল্প তোমার জল্পই গৌরবর্ণা হয়েছিলাম। আর দশদিকে মহাভয়ংকরী যে-দশমৃতি দেখছ সে-সব আমারই মৃতি। অতএব মহামতি শক্তু ভয় করো না।

**অবস্থান**—মহাভাগবতপুরাণের মতে দশদিকে দশমহাবিভার অবস্থান এইরূপ—মধ্যে শিব, তাঁর সন্থাৰ উত্তরে কালী, উর্ধ্বে তারা, পূর্বে ছিল্লমন্তা, পশ্চিমে ভূবনেশ্বরী, দক্ষিণে বগলা,

তাকৈ নমপি দর্শিষ্ঠং পিতরক প্রজাপতিন।
 সংঘাতানি কিরংকালং বস্থানং নিজলীলয়।—ঐ।

এবং পতিং বীক্য ভয়াভিত্তকং বয়াবিতা তৎপ্রতিবারপেকয়া
নর্বার বিক্ কাব্যায়ব্যতঃ ছিতা চ ভৢয়া বলবুভয়তবা ।—য়

শ্বং তু প্রকৃতিঃ পুলা পৃট্টসংহারকারির। অভবং ছব্বনিতারৈ ছবর্থে সৌরবেহিকা।

নশদিকু বহাতীরা বা এতা রশসূতিরঃ। সর্বা নমের বা শব্দে ভরং কুরু বহাবতে।

নী।

<u>ষ্বিকোণে ধুমাবতী, নৈশ্বতকোণে ত্রিপ্রস্ক্রী, বায়্কোণে মাতঙ্গী, ঈশানকোণে বোড়শী</u> স্থার অধ্যদেশে ভৈরবী।

ত\ আবিষ্ঠাবকাল—তত্ত্ব দশমুহাবিভার আবির্তাবকাল নির্দিষ্ট হয়েছে। তার পারি-ভাবিক নাম রাত্রি। বিশেষ বিভার আবির্তাবকাল বা রাত্রির বিশেষ নাম আছে। সেই সেই বিভার আবার সেই সেই নামও দেওয়া হয়েছে। যেমন কালীর আবির্তাবকাল মহারাত্রি আবার কালীরও নাম মহারাত্রি। তেমনি তারার আবির্তাবকাল ও নাম ক্রোধরাত্রিই বোড়লীর দিবারাত্রিই ক্রবেশরীর সিদ্ধরাত্রিই; হিলমস্তার বির্বাত্রিই তেরবীর কালরাত্রিই ধুমাবতীয় দিকণরাত্রিই বগ্লাম্থীর বীররাত্রিই; মাতলীর মাহরাত্রি এবং কমলার মহারাত্রিই

পূর্বোক্ত পৌরাণিক কাহিনীর সঙ্গে এই আবির্ভাবকালের বে কোনো যোগ নেই তা স্পাইই বোঝা যায়। পূর্বোক্ত কাহিনীটি লোকরঞ্চক কাহিনীমাত্র। কিন্তু আ<u>বির্ভাবকালের মধ্যে</u> গৃঢ় সাধনসক্ষেত আছে মনে হয়। একমাত্র সাধনমর্মজ্ঞরাই এই সংকেতের যথার্থ রহস্ত উদ্ঘাটন করতে পারেন।

তবে জ্যোতিবের বিচারে মহারাত্রাদির বাাখা। করা হয়েছে বতন্তরে। বলা হয়েছে—
ফান্তন মাসের কৃষ্ণপক্ষের একাদশী তিথি মহারাত্রি। কৈটে মাসের শুরু। দশমী তিথি ঘদি
শুক্রবারে পড়ে বা রাত্রিতে একাদশী পড়ে তা হলে তাকে দ্বারাত্রি বলে। মঙ্গলবারে
অমাবস্তা তিথিতে যদি রবির সংক্রমণ হয় এবং তার সঙ্গে যদি কুলনক্ষত্রের যোগ হয় তা
হলে তাকে তাররাত্রি বলে। বহুভাগ্যে কদাচিং এরপ যোগাযোগ ঘটে। চৈত্রসংক্রান্তিতে
অইমী তিথি হলে তাকে স্থিরাত্রি বলে। বৈশাধ মাসের শুরু। হুতীয়াতে কুলনক্ষত্রের বোগ
হলে তাকে দারুণতিথি অর্থাং দারুণরাত্রি বলা হয়। দীপান্তিতা চতুর্দশীর সঙ্গে বধন
অমাবস্তার বোগ হয় তথন তাকে কালুরাত্রি বলে। কালুরাত্রি কালী ও তারার প্রিয়করী।
কৃষ্ণক্রান্তমীকে বলে মোহরাত্রি। চৈত্রমাসের শুরু। নবনীতে হয় ক্রোধরাত্রি আর অগ্রহান্ত্রণ
মাসের কৃষ্ণা অইমীতে ঘোররাত্রি। মাঘ মাসের মঞ্চলবারে বঢ়ি চতুর্দশী হয় আর ভার সঙ্গে
কুলনকত্রের যোগ হয় তবে তাকে বীররাত্রি বলে।

<sup>&</sup>gt; তাং বিশ্বকোৰ, গশমহাবিভা। লক্ষ্য করার বিষয় মহাভাগৰতপুরাপে,ত্বমহাবিভার ভালিকায় ক্ষমণার নাম নাই আবার চামুগুভিজাবিতে ত্রিপুরকুকার নাম নাই।

२ वनमहाविद्या, क न व्य, १: ১১२

কান্তনে চ সহারাত্রিঃ কৃতিকবাদশিকা তিনিঃ। লৈটে বা দশরী গুলা দেবি বারবুতা কুরোঃ।
 রাত্রাবেকাদশী চেৎ তাৎ দিবারাত্রিঃ প্রকীতিতা। অবা ভৌবে সংক্রমক কুল বং প্রহণং বদি।
 তাররাত্রিশ্ব সংপ্রোক্তা তাগ্যাদেব তু সভাতে। সিভরাত্রিছবী তাত্রৈক্রমন্ত্রমধ্যক্রমণাবিতা।

মোটকথা দশ মহাবিদ্যা যে একই মহাদেবীর বিভিন্ন রূপ এবং শিব পর্যস্ত যে মহাদেবীর স্বব্ধপ বিশ্বত হয়ে যান উল্লিখিত কাহিনীতে এই তত্ত্বই সাধারণ লোকের উপযোগী করে ব্যাখ্যাত হয়েছে।

মহাবিত্যা—সাধারণত: মহাবিতা বললে দেবীর পূর্বোক্ত দশরপ বুঝালেও কোনো কোনো তমে বিশেষ করে কালী ও তারাকে মহাবিতা বলা হয়েছে। তেমনি সাধারণভাবে দশমহাবিতাকেই সিদ্ধবিতা বলা হলেও বিশেষ করে বগলাকে সিদ্ধবিতা বলা হয়।

দশমহাবিভার অভ্য নাম—চাম্থাতন্তাদিতে দশমহাবিভার বে-নাম দেওরা হরেছে তাই প্রচলিত নাম। কিন্তু অন্তরকম নামও পাওয়া বাঁয়। বেমন শক্তিসঙ্গমতঞ্জে আছে<sup>\*</sup>— কালী তারা ছিন্ন। ক্ষাবী বগলাম্থী মাতঙ্গী ভামলা লন্দ্রী সিদ্ধবিভা-ভৈরবী এবং ধ্মাবতী— এই ক্রমে মহাবিভা দশজন।

মালিনীবিজ্ঞ দশমহাবিভার এই নাম পাওয়া বায়—কালী নীলা মহাহুৰ্গা পরিতা ছিল্লমন্তকা বাগ্ৰাদিনী অলপূর্ণা প্রতাজিরা কামাথ্যাবাসিনী-বালা এবং শৈল্বাসিনী-মাভঙ্গী।

দশাধিক মহাবিতা— দশের অধিক সংখ্যক মহাবিতার উল্লেখণ্ড তত্ত্বে আছে।
"ক্রিসক্ষমতত্ত্বে বলা হয়েছে বিদ্ধাক্ষ অয়োদশ মহাবিতার বিবরণ দিয়েছেন।" নিক্তরতত্ত্বে
বলা হয়েছে—কালী তারা ছিল্লা মাতকী ভূবনেশ্বরী অল্পূর্ণা নিতাা মহিষমদিনী-তুর্গা অরিতা
ত্রিপুরা পুটা ভৈরবী বগলা ধুমাবতী কমলা সরস্বতী <u>জন্মতুর্গা ও ত্রিপুরাহশ্বরী</u>— তন্ত্রাদিতে
এই অ<u>ট্লাদশ মহাবিতা</u> কীর্তিতা হয়েছেন।"

তৃতীয়া মাধবে শুক্লা কৃল কৈ হালণা তিলি:। দীপোৎসবচতুদ্পামময়া বোগ এব চ।
কালরা নির্মানেশানি ভারাকালী প্রকেরী। কৃষ্ণক্রমান্ত্রী দেখি মোহরানি: প্রকীতিতা।
চৈত্রগুলানবমান্ত ক্রোধরানি: প্রকাশিকার ক্রিয়ান মহেরি।
চতুদ্দী ভৌমবৃদ্ধা মকারেণ সম্বিতা। কুলকক্সমানৃদ্ধা বীররানি: প্রকীতিতা।
—ত্রং প্রা তো, কাও ৫, পরিঃ ৩, ব সং পঃ ৩৭৫

- े जः क्षा का का के निवास के मार प्राप्त का
- কালী তারা তথা ছিল্লা ফুলরী বগলাম্থী। সাতজী ক্তামলা লক্ষ্মীঃ সিছবিভা চ তৈরবী।
  থুমাবতী ক্রমেশৈর মৃহাবিভা দলৈব তু।—ল স ত, তা থ, ৬।১৬-১৭
- কালী নীলা বহাছুর্বা ছরিতা ছিরমন্তক। বাস্বাদিনী চারপূর্ণা তথা প্রভালিরা পুনঃ।
   কানাথ্যবাসিনী বালা বাতলী লৈলবাসিনী ।—ক্রঃ শা ত, উঃ ৩
- এয়েরদশ মহাবিদ্ধা বিশ্বপাক্ষেণ কীডিডাঃ ।—শ স ভ. তা ব, ১১।৩
- কালী তারা ওবা ছিলা সাতলী ভ্বনেবরী। জনপূর্বা তবা নিত্যা হুর্বা সহিবমর্দিনী।
   ছরিতা ত্রিপুরা পুটা ভৈরবী বসলা তবা। ধুনাবতী তবা জেলা কমলা চ সরবতী।
   সনহর্বা ভবা ভত্তে তবা ত্রিপুরত্বরী। জটারুশ মহাবিদ্ধা তত্রারৌ কবিজ্ঞা তিরে।—নিক্ল ত, গঃ ১৫

নারদপঞ্চরাত্রে ত সোজা বলে দেওয়া হয়েছে— মহাবিদ্যা সপ্তকোটি, উপবিদ্যাও সেইরূপ। তাঁদের মূর্তির সংখ্যা করা যায় না।

তবে সাধারণতঃ চাম্প্রাতরাদিবর্ণিত দুশমহাবিদ্যার কথাই অধিকাংশ তত্ত্বে পাওয়া বায়।

আবির্তাবিত্তক্ক দশমহাবিদ্যার আবির্ভাবতবের ব্যাখ্যায় বলা হয় গণিতে শৃদ্ধের বেমন্
নিজস্ব কোনো মূল্য নেই, একে অসীমের স্বোতক একটি নিরাকার পদার্থমাত্র বলা বায়,
কিন্তু এই শৃদ্ধই বখন একের সঙ্গে যুক্ত হয় তখন তার মূল্য দেখা দেয়, উভয়ে মিলে
দশ হয়ে বায়, তেমনি নিরাকার ব্রহ্মময়ী বখন একের সঙ্গে অর্থাং আপন ব্রিপ্তণাত্মিকা
প্রকৃতির সঙ্গে ফুক্ত হন তখন তিনি ভক্তদের মনোবাসনা পূর্ণ করবার জন্য দশমহাবিদ্যার
রূপ ধারণ করেন। এই দশ রূপ হয়েছে স্বোদিশ্বদেক্ত তারতম্যাত্মারে। মহ্রানিবাণতম্বতে গুণ- ও ক্রিয়্বা-অন্ত্রসারে দেবীর রূপ করিত। ত্ব

দশমহাবিভার মধ্যে কালী শুদ্দগুরুগপ্রধানা নিবিকারা নির্ভিণব্রহ্মবন্ধপপ্রকাশিকা। বিবাদিনীভাষ্টে দেখা বায় দেবী ঘোর নামক অফ্রকে বলছেন—ইদানীং আমার পরম বন্ধানক্ষময় ত্রপ দেখ। পরম ধাম এই রূপ কালীব্রপ। এর চেয়ে পরভর বন্ধবন্ধ কার নাই। ব

এই আদ্বা বিদ্বা কালী দাক্ষাৎ কৈবলাদায়িনী।°

তারা সন্ত্রণান্থিক। এবং ত্রবিভাদায়িনী। বোড়নী, তুবনেশ্রী এবং ছিরম্ভারজ্যেগুপপ্রধানা সবস্তুণান্থিক।। এঁরা গৌণমুক্তি, এখর্ব ও স্বর্গাদি প্রদান করেন।

(মাবতী, বিগলী, মাত্রী ও ক্মলা তমোগুপপ্রধান।। আতিচারিক বটুকর্মসাধনে এঁদের

আরাধনা করা হয়। তবে সাধারপভাবে বলা হায় দশমহাবিভাই প্রভাক্ষ বা পরোক্ষভাবে
ভক্তিমুক্তি প্রদান করেন।

কুজিকাতত্ত্বে দশমহাবিভার মহাত্মাবর্ণনা প্রসঙ্গে বলা হয়েছে— এঁরা দ্বদা ধর্ম অর্থ

- সপ্তকোট মহাবিদ্যা উপবিদ্যাক তাদৃশাঃ।
   তাসাং বৃতি মুনিত্তেই সংব্যাতুং নৈব শক্যতে।—তাঃ প্রা তো, কাও ব, পায়ঃ ৹, ব সং, পৃঃ ৩৭৬
- Rarpūrādistotra, T. T., Vol. IX, Intro., pp. 18-14.
- 🍳 अक्तित्रायुगादा सगः (नवाः अक्तिक्त् ।—वहा ७ ३०।
- 8 Karpūrādistotra, T. T., Vol IX, Intro., pp. 18-14.
- ইবানীং পশু নদ্ধপাং বুকানকং পরং প্রন্থ । ।
  তক্ষপাং পরবং ধান কালীরপনিতি পূর্ ।
   ইতঃ পরক্ষাং রুপাং ব্রক্তপা নাজি ক্রাচিব ।—বো তেঃ পৃঃ দ
- শৃক্তগর্ভে ছিতা কালী কৈবলাপদদারিনী।—কাম্বেকুডর, পঃ ৩
- 4 Karparadistotra, T. T., Vol. 1X, Intro., pp. 18-14.

কাম ও মোক্ষ এই চতুর্বর্গ প্রদান করেন। যে-কোনো প্রকারে এঁরা কলিষ্ণে পূর্ণফল প্রদান করে থাকেন। ত্রিভূবনে এঁদের সমান আর নাই। একবারমাত্র মহাবিভার উচ্চারণে অর্থাৎ মন্নোচ্চারণে জীব সমস্ত পাপ থেকে মৃক্ত হয় আর মহাবিভার অরণের স্বারা ভববন্ধননৃক্ত হয়ে যায়।

পূর্বে আমরা বড়ায়ায়ের অন্তর্গত বিভিন্ন দেবীর উল্লেখ করেছি। মহাকালসংহিতার অনুস্থৃতিপ্রকরণে বলা হয়েছে—বড়ায়ায়ে অনেক দেবতা আছেন। তাঁদের কেউ কেউ সভাযুগে, কেউ কেউ ত্রেভাযুগে, কেউ কেউ ঘাপরযুগে আবার কেউ কেউ কলিযুগে ফল প্রদান করেন। কিছ দশমহাবিছা চারযুগে ফল প্রদান করেন। তাঁদের মধ্যে কালী, ভারা ও ত্রিপুরস্থারী বিশিষ্ট। এই ভিনের মধ্যে আবার কলিযুগে কালী বিশিষ্ট।

সাধারণভাবে বলা যায় উচ্চ তান্ত্রিক সাধনার সাধ্যা কালী, ভারা এবং ত্রিপুরস্কলরী।

এঁদের সপদ্ধে পৃথগ্ভাবে আলোচন) করার আগে মহাবিছা-প্রসঙ্গে আরেকটি সাধারণ জাতবা বিষয়ের উল্লেখ করা আবদ্ধক মনে করি। শিবু ও শক্তির অবিনাভাবস্থন্ধ। কাছেই যেখানে শক্তি সেখানেই শিব। এই জ্বা প্রত্যেক মহাবিছার একজন করে ভৈরব আছেন। মহাবিছার পূজার সঙ্গে ভৈরবেরও পূজা করতে হয়।

ভৈরব—ভৈরব শিব। ভৈরবশক্ষের বিবিধ ব্যাখ্যা দেখা বাষ। শিবি বিশ্বকে ভরণ মর্থাং ধারণ ও পোষণ করেন, বিশ্ব বাকে ধারণ ও পোষণ করে মর্থাং বিশ্বময় বলে ধিনি দক্ত ক্রেড এবং যিনি শব্দনমভাবে বলে সবিমর্শ মর্থাং শব্দরাশিসন্থ-কাদি-কলাবিমর্শময় রব তিনি ভৈরব। মন্তভাবেও ব্যাখ্যা করা হয়। বেমন—ভী মর্থ ভয়। কার মর্প সংসারভাস। সেই ত্রাসঞ্জনিত রব মর্থাং ক্রন্দন বা চিন্তা থেকে যিনি জাত তিনি ভৈরব। সংসারভয়ে ভাত জীব যথন ভগবান্ ভগবান্ বলে মার্ডরব করে বা ভগবদ্বিষয়ক চিন্তা করে তথন সেই জীবের ক্রন্মে পরমার্থক্রপে ধিনি ক্রুরিত হন তিনি ভৈরব।

- ধর্মার্থকামমোক্ষা নিভাং চতুর্বর্গকলপ্রদাং। বেন তেন প্রকারেণ কলো পূর্ণকলপ্রদাং।
  আসাকৈব সমানা হি নাজি ত্রিভুবনে প্রবন্। একোচ্চারণমাত্রেণ সর্বপাপাৎ প্রমৃচতে।
  ক্ষরণৌবর দেবেলি মৃচাতে ভববক্ষনাং।—ম্ব: প্রা তো, কার ৫, পরিঃ ৬, ব সং, পুঃ ৩৭৪
- বড়ায়ারের দেবেলি ভ্রক্ত: দস্তি বেবতা:। তাফ কালিং কুতবুগে জেন্ডারাং কালিফীরিতা:।

  ঘাপরে ফলয়া: কালিং কনৌ কালিং ফলপ্রদা:। চতু বৃগের ফলয়া দশবিভা মরেরিতা:।

  তাফ তিয়ো বিনিয়্রক্ত কালী তারা চ ফুলরী। তিফয়িপ নিবে তাফ কনৌ কালী বিনিয়তে।

  —জঃ, পু চ, তঃ ১, পুঃ ১৬

<sup>े</sup> जः ख बा, वा बा, गुः ३०३-६०

<sup>8</sup> ভয় ভী: সংসারন্তাস: ভয়া য়য়িতো বোহসৌ রবা ভগবদ্বিবর আক্রমা: পরামশো বা ততো য়াতা ইতি ভয়ব:। তেনাক্রম্বতাং পরাম্প্রতা চ য়য়ি পরমার্যভূমৌ ক্রেত ইতি বাবং।—ঐ গু:১৪১

শক্তিসঙ্গমতত্ত্ব দশমহাবিদ্যার ভৈরবের নাম করা হয়েছে। যথা—কালিকার ভৈরব্ মহাকাল, স্পানীর অর্থাৎ ত্রিপুরস্কারীর ললিতেশ্বর, তারার অক্ষোভা, ছিল্লা বা ছিল্লমন্তার বিকরালক, ভ্বনা বা ভ্বনেশরীর মহাদেব, ধ্মা বা ধ্যাবতীর কালভৈরব, মহালন্ত্রী বা কমলার নারায়ণ, ভৈরবীর বটুক, মাতঙ্গীর মতঙ্গ বা সদাশিব এবং বগলার ভৈরব মৃত্যুগ্র ।

ভৈরবের নাম সম্বন্ধে অবশ্র মতভেদ আছে। যেমন তোড়গতস্ত্রমতে ত্রিপ্রস্করীর ভৈরব পঞ্চবক্ত শিব, ভ্রনেশ্রীর ত্রাম্বক, ভৈরবীর দক্ষিণামূর্তি, ছিল্লমস্তার কবন্ধ শিব, ধ্যাবতী বিধবা বলে তাঁর ভৈরব নেই, বগলার ভৈরব একবক্তু মহারুক্ত, কমলার বিষ্ণুত্রপ সদাশিব। কালী, তারা ও মাতঙ্গীর ভৈরব শক্তিসঙ্গমতন্ত্রে যেমন আছে তেমনি।

এবার একে একে দশমহাবিদ্যার আলোচনা করা যাক।

কালী— আছা মহাবিছা কালী। সাধারণতা লোকে শক্তিসাধনা বলতে কালীসাধনাই বোবে। বিশেষ করে বাংলাদেশে ত বটেই। শক্তিসঙ্গমতদ্রে আছে হাদিমতে মহাশক্তিকে কেরলে কালী, কালীরে ত্রিপুরা এবং গোড়ে তারা বলা হয়। কিন্ধ কাদিমতে কেরলে দেবীকে ত্রিপুরা, কালীরে তারিণী বালা এবং গোড়ে কালী বলা হয়। লক্ষা করা গেছে গোড়সম্প্রদায়ে কাদিমতই সর্বোচ্চ বলে অহন্তে হয়। কাজেই গোড়দেশে কালীর আরাধনার প্রাধান্তর শাস্তীয় নিদর্শন্ত পাওয়া ধায়।

কালীনামের ব্যাখ্য।— মহানিব্যেতছে দেখা যায় সদাশিব দেশীকে বলছেন—
জগৎসংহারকারী মহাকাল তোমার রূপবিশেষ। মহাসংহারকালে কাল সমস্ত বিশ্ব গ্রাস করবেন। স্বভূতকে কলুন অর্থাং গ্রাস করার জলু তাঁকে মহাকাল বলা হয়। শার

- কালিকারা মহাকালং কুল্ল্যা ললিতেবর:। তারাহাল্ড তলাথকোন্তালিরারা বিকরালক:।
   ভ্রনারা মহাদেবো গুরারা: কালভৈরব:। নারাহবো মহালক্ষ্যা ভৈরবা বটুক: ছত:।
   মাতল্ল্যান্ত মতল্প তাবের বা লাব স্বালিব:। মৃত্যাল্লবন্ধ বললাবিভারা: পরিকীতিত:।
   লাবের স্বালিব:
   লাবের স্বালিব:
- কেরনে কালিকা প্রোক্তা কাদ্দীরে ত্রিপূরা মতা। সৌড়ে তারেভি সংগ্রোক্তা সৈব লোকোভরা ভবেং।
   হাদৌ ত্রিতরমেতছি সংক্রেপেণ প্রকীতিতব্। অগ কাবৌ কেরলে তু ত্রিপুরা সা প্রকীতিতা।
   কাদ্রীরে তারিদী বালা পৌড়ে কালী প্রকীতিতা।—শ স ত, কা ব্ এ২৫-২৯

মহাকাপকেও গ্রাস কর বলে তুমি আছা কালিকা। কাপকে গ্রাস কর বলে তুমি কালী। তুমি সমগ্র বিশের আদিরূপিণী অর্থাং কারণস্বরূপা। স্বাষ্টকালে সমগ্র বিশের তুমি আদিরূপিণী এবং সংহারকালে সমগ্র বিশ্ব তুমি কলন কর, এইজন্ত তোমাকে আদ্যা কালী বলা হয়।

কলনশব্দের একাধিক অর্থ। যথা— গতি ক্লেপ জ্ঞান গণন ভোগীকরণ শব্দ এবং বাল্পন্যীকরণ। সেইজন্ম শ্রীভৃতিরাজ-প্রন্থ আচার্বেরা বলেন মহাশক্তি বিশ্বকে ক্লেপ্র করেন, জীবকে ভব্জান প্রদান করেন এবং বিশ্বকে সংহার করেন বলে তিনি কালী।

কাল— স্থাবার কালীকে বলা হয়েছে কালগড়া শক্তি। এই কালের স্বরূপ কি ?

মধুববৈদে কালস্ক্রে কাল সম্বন্ধ বলা হয়েছে—কাল স্থাৎ স্তেষ্ট করেছেন, কালে স্থা
তাপ দেয়, কালে সমস্ত প্রাণী বিধূত, কালে চক্ষ্ দ্রদর্শন করতে পারে। কালে মন প্রাণ
বিধৃত। কালে নাম সমাহিত, কাল এলে সমস্ত প্রজা স্থানন্দিত হয়। কালে আছে তপ,
স্থাছে জােষ্ঠ স্থাৎ বা প্রধান এবং কালে ব্রহ্ম সমাহিত। কাল সর্বেশ্বর, কাল প্রজাপতির পিতা। প্রজাপতি তার হারা প্রেরিত, তার হারা জাত, তাতে প্রতিষ্ঠিত। কাল
বন্ধ হয়ে প্রমেট্ন স্থাৎ ব্রহ্মাকে ভরণ করেন।

কালফকে দেখা যায় ক<u>াল স্টেকারী ও পালনকারী দেবতা।</u> পরে কাল এবং ধ্বংসকারী দেবতা ক্স এক হয়ে গেছেন। মার পুরাণে ও তদ্ধে তিনিই লিব মহাকালরণে দেখা দিয়েছেন। এই প্রমলিব মহাকাল কোটি কোটি ব্রহ্মাণ্ডের স্টে স্থিতি ও প্রলয় বিধান করেন।

তব রূপ্য মহাকালো জগংসংহারকারক:। বহাসংহারসময়ে কালঃ সর্ব্য প্রসিষ্ঠতি।
 কলনাং সর্বভূতানাং মহাকালঃ প্রকীতিত:। মহাকালজ কলনাং স্বমায়া কালিকা পরা।
 কালসংপ্রসনাং কালা সর্বেধামাদিরপিনা। কালগাদাদির্ভগাদারা কালীতি বীয়তে।

মহাত ৪।০০-০২

২ কলনং—চ পতিঃ কোণো জানং প্ৰনং ভোগীকরণং শব্দনং বাস্তলগ্নীকরণং চ। বদাহঃ জীতৃতিরাজভারতঃ ক্ষেপাজ্জানাচ্চ কালী কলনবশতরাধনন।—অভিনৰগুগ্রের তম্মার, পৃঃ ৩০

<sup>°</sup> কালী কালগতা শক্তি:।—অহি বুগাসংহিতা, ৬৮

কালো ভৃতিসক্ষত কালে তপতি পৃথা। কালে হ বিবা ভৃতানি কালে চজুর্বি পশুতি। কালে মনঃ কালে প্রাণঃ কালে মাম সমাহিত্য। কালেদ সর্বা নশস্কাপতেন প্রকা ইমাঃ। কালে তপাঃ কালে জ্যেষ্ঠাং কালে বুল্ক সমাহিত্য। কালো হ সর্বস্থেবরো বা পিতাসীং প্রজাপতেঃ। তেনেবিতঃ তেন জাতঃ তত্ত্ব তলিন্ প্রতিষ্ঠিত্য। কালো হ ব ক্ষ ভৃষা বিভাতি পরমেন্টনন্।

<sup>---</sup> a (4 ?) |cole->

বুজানিভূতপ্ৰত ক্লপ্ৰেড্চনাচন্ত্ৰ। বতা কলবতে ক্লপ্ৰ কালকণী ততা মৃত্য।
 ক্ৰপা ক্ ২০ এর কোভিভতাত

Karpürädistotra, T. T., Vol. 1X, Intro. p. 2

এই মহাকালের শক্তি মহাকালী। শক্তি ও শক্তিমানে ভেদ নেই। সেইজক্তই মহানির্বাণতন্ত্রে বলা হয়েছে মহাকাল মহাকালীরই রূপ।

আবির্ভাবকাহিনী— পুরাণাদিতে জনসাধারণের উপযোগী করে মহাদেবীর কালীরূপে আবির্ভাবের কাহিনী বিহৃত হয়েছে। নারদপঞ্চরাত্রে বলা হয়েছে— দক্ষগৃহে সমৃত্যুতা লোকবিশ্রুতা সতী রাজর্ধি দক্ষের প্রতি কৃপিতা হয়ে দেহত্যাগ করেন এবং মেনকার প্রতি অত্য্রহ করে তাঁর গর্ভে জন্মগ্রহণ করেন। তথন তার নাম হয় কালী। কালী সর্বশান্তে প্রতিষ্ঠিতা।

মার্কণ্ডেয়পুরাণে আছে— গুন্তনিগুল্লের ছারা উৎপীড়িত দেবতারা হিমালয়ে গিয়ে মহাদেবীর স্তব করছিলেন। তথন পাবতী তাঁদের সমূথে এসে জিজ্ঞাসা করলেন আপনারা কার স্তব করছেন এবং সেই মৃহূর্তে তার (পাবতীর) শরীরকোষ থেকে শিবা অভিকা আবি ভূতা হয়ে বললেন দেবতারা আমার স্তব করছেন। পাবতীর শরীরকোষ থেকে উৎপন্না বলে অভিকাকে বলা হয় কৌশিকী। কৌশিকী দেবী নির্গতা হয়ে গেলেপার্বতী কৃষণা হয়ে গেলেন এবং হিমালয়ে অধিষ্ঠিতা হয়ে কালিক। নামে খাতে হলেন।

अथारन रमथा याराष्ट्र रमयी क्रथवर्गा वा कान वान जारक कानी दन। इरग्रह्म ।

ছুর্গাসপ্ততীতে আবার চান্তাকেও কালী বলা হয়েছে। আর এই চান্তা-কালীর আবির্ভাবের নিম্নলিখিত বিবরণ দেওয়া হয়েছে—ছাছর আদেশে চওন্ত-প্রন্থ দৈতোরা হিমাচলশৃঙ্গে সিংহের উপর আসীনা দেবী অধিকাকে ধরতে গেলে জ্যোধে দেবীর মুখ্যওল মসীবর্ণ হল।

তথন তার জক্তিকুটিল ললাটফলক থেকে অধিপাশগানিণ করালবদন। কালী ফ্রন্ত বিনির্গতা হলেন। কালিকাদেবীর হাতে বিচিত্র গট্বাফ অর্থাং ক্রণালগঞ্জর, গল্মে নরমুণ্ডের মালা, পরিধানে ব্যাঘ্রচর্ম, তার শরীরের মাংস তব। তিনি অভিটাষণা, অতীব ভয়ত্বরী, অতিবিশাল-বদনা। লেলিহান জিহবার জন্ম তাঁকে ভীশণা দেখাজেছে। তার আবক্ত চক্ষ্ কোটবগত। সিংহ্নাদে তিনি দিছ্মগুল পূর্ণ করছেন।

- দক্ষেত্রে সমৃত্তা বা সতী লোকবিক্ষতা। কৃপিরা দক্ষরাক্ষরিং সতী ভাজা কলেবরম্।
  অনুপৃহ চ মেনারাং লাতা তন্তার সা তদা। কালী নাক্ষেতি বিখ্যাতা সর্বশায়ে প্রতিষ্ঠিতা।
  —নারদপক্ষরাত্রবচন, জং প্রাত্তে, কাঙ ৫, পরিং ৬, ব সং, পৃং ০৭৫ ২ তু স, জং ৫
- ক্রুটীকৃটীলান্ততা ললাটক্লকাদ্দ্রতন্। কালী করালবদনা বিনিক্রায়াসিপানিনা।
   বিচিত্রবট্বালধরা নরমালাবিভূষণা। বীপিচর্মপরীধানা গুরুষাংসাতিতৈরবা।
   শতিবিভারবদনা ক্রিংগাললনভীষণা। নিময়ারক্রনরনা মালাপুরিভলিভ্র্বা।—ঐ ৭।৫-৭

কালীর শ্বরূপ—কালীর শ্বরূপ ব্যাখ্যাত হয়েছে তন্ত্রাদিতে। কালী ব্রশ্ব । এ সম্বন্ধে নানা তন্ত্রে অনেক বচন পাওয়া বায়। বেমন শক্তিসক্ষমতন্ত্রে বলা হয়েছে—তিনিই অর্থাৎ কালীই আদিনাথোক্ত পরব্রন্ধ বলে বর্ণিতা অথবা তিনিই আদিনাথ ও পরব্রন্ধ বলে বর্ণিতা। তিনি সচিচদাত্মশ্বরূপা ব্রন্ধরূপা ও নির্ভিণা। উক্ত তন্ত্রের অত্যন্ত বলা হয়েছে—স্বাচ্ছা কালী নির্ভিণা বাক্যাতীতা ও পরাংপরা। আবেক জায়গায় আছে—ব্রন্ধবিদ্যা কালিকা নির্ভিণা চিংশ্বরূপিশী। বে-কোনো প্রকারে এই জননী পরাশক্তি সাধনীয়া।

মহাকালসংহিতার কালীকে বলা হয়েছে—অচিন্থনীয়া, অমিতাকারশক্তিশ্বরূপা, প্রত্যেক ব্যক্তির একমাত্র অধিষ্ঠানসতাশ্বরূপা, গুণাতীতা, নিধিন্ধবোধগম্যা একমাত্র তুমিই প্রব্রন্ধরূপে প্রসিদ্ধা।

ব্রদাদি সমস্ত দেবতা কালিকার থেকেই উছুত আবার কালিকার মধ্যেই লয়প্রাপ্ত হন।
নির্বাণতত্মের অভিমত —বুক্ষ যেমন মাটিতে জ্যে মাটিতে মিশে ধায়, বৃদ্বৃদ যেমন জলে জ্যে
জলে মিশে ধায়, তড়িৎ ধেমন মেঘে উৎপন্ন হয়ে মেঘে বিলীন হয়, তেমনি ব্র<u>দ্ধান্তি দেবতারা</u>
স্প্রিকালে কালিকার থেকে উছুত হয়ে আবার প্রলয়কালে তাঁর মধ্যেই লয়প্রাপ্ত হন।

কালীকে নিজিপা বলা হয়েছে কিন্তু তিনি নিজিপা এবং সন্তবা উভয়ই। তেমনি তিনি নিরাকারা এবং সাকার।। মহানির্বাণতত্ত্বে দেখা যায় সদাপিব বলছেন—পুন: অর্থাৎ প্রলয়ের পর তুমি আবার তমোদ্ধপ নিরাকার শ্বন্ধপ প্রাপ্ত হও এবং বাক্যের অতীত ও মনের

<sup>&</sup>gt; (i) 6 अप र এनार बुक्रबस्तु बुक्किनियाधार्डि।--कानिस्कानिसर मन्न >

<sup>(</sup>ii) मिक्रमानम्बन्धभारः दुरेक्षवारः क्वरश्रक्षम् ।—ता छ, भू व, भः >•

মা এব আদিনাথোক্তং ( গল্প ) প্রবুদ্ধেতি গীরতে ।
 মচিলায়ময়পয়ং ব ক্ষরণাংশ নি প্রা।—ল স ত, তা খ, ৭।>»

৩ আছা শ্ৰীনি ভণা কালী বাচ্যাতীতা পরাংপরা।—এ, কা খ, :।১-৫

কালিকা বুদ্ধবিভেয় নি

কণা চিংবয়পিনী।

বেদ কেন প্রকারেণ সাবনীয়া পরানি্বকা।

ই, ভা ব, ৩।২৪-২৫

অচিন্ত্যামিতাকারলক্তিবরূপা অতিবাক্তাধিচানসবৈক্ষৃতিঃ।
 গুণাতীতনি ক্তবেধিকগম্যা ক্ষেকা প্রব ক্ষরপেন সিদ্ধাঃ

<sup>—</sup> মহাকালসংহিতাব্চন, ত্রঃ ক'পুরাছিত্যোত্তর শ্ব লোকের বিমলাদশ বামীকৃত চীকা।

জারতে চ কিতো বৃংলা ববা পৃথাং বিনীরতে । তোরাত্ বৃত্বং লাভং ববা ভোরে বিনীরতে ।
 জনদে তড়িছ্ৎপরা নীরতে চ ববা খনে । তবা বুলাদরো দেবাঃ কানিকারাং এলারতে ।
 তবা প্রনর্গনে তু পুন: তক্তাং প্রনীরতে ।—নি ত, প্টন ১০

৭ বিপরীভয়তা কালী নিঞ্জা সঞ্গালি চ।—নিক্ল ড, পঃ ২

অগম্য তোমার এই রূপ। তথন তুমিই এক হয়ে বিরাজ কর। দাকার। হয়েও তুমি নিরাকারা। আপন মায়াশক্তিকে অবলম্বন করে তুমি বছরূপ ধারণ কর। তুমি সকলের আদি কিন্তু স্বয়ং অনাদি। তুমি সকলের স্ষ্টিক্তী পালনক্তী ও হরণক্তী।

পরবন্ধরূপিণী কালী যে সকলের আদি অর্থাৎ একমাত্র কারণ মহাকালসংহিতায় তা স্পষ্ট করেই বলা হয়েছে। উক্ততন্তে মহাকালীস্তোত্তে বলা হয়েছে—যথন ব্রহ্মা বিষ্ণু রুত্ত পঞ্চত্ত কিছুই ছিল না তথন পরব্রহ্মব্রশিণী একমাত্র তুমিই সকলের কারণরূপে বিরাজমানা ছিলে।

পূর্বেই বলা হয়েছে কালী ব্রহ্মাদি দেবতাসহ সব কিছুর স্পষ্টি-পালন- ও সংহার-কারিণী।
স্পষ্টক্রী তিনি আবার স্পষ্টও তিনি।. এই ভাবটিকে বিশদ করে কপ্রাদিজ্যোত্তে বলা
হয়েছে—জননী! তুমি জগতের প্রস্তি, পালয়িত্রী এবং প্রলয়কালে কিত্যাদি সমজ্যের
সংহারকারিণী। অতএব তুমি ব্রহ্মা ব্রিভ্রনপতি-বিষ্ণু এবং মহেশও তুমি। সমস্তই
তুমি অর্থাৎ জগতের নিমিত্রকারণ তুমি, উপাদানকারণও তুমি। তোমার কি আর
স্তব করব ?

ক। লিকাশকের ব্যাখ্যা— কালিকা যে অনাগগুরদ্ধস্ক পিণী কালিকাশকের বর্ণসমূহের ব্যাখারে ঘরোও তা প্রতিপন্ন করা যায়। কালিকাশকের বর্ণবিশ্লেষণ করলে দাঁড়ায় ক্+আ+ল্+ই+ক্+আ। ক ব্রন্ধ, আ অনন্ত, ল বিখাত্যা, ই ক্ল্লা। কালেই দাঁড়াল কালিকা ব্রন্ধ, অনন্ত, বিখাত্মা, ক্ল্যা।

- পুনং শরপমাদায় তমোরপং নিরাকৃতিং । বাচাতীতং মনোংগমাং ক্রমকৈবাহবশিক্ষে ।
   সাকারাহপি নিরাকারা মাহরা বহরপেটা । তং দর্বাদিরনাদিত্বং ক্রা হ্রা চ পালিকা ।
   মহা ত ৪।০১-৩৪
- বলা নৈব ধাতা ন বিজুলি রুজে। ন কালো ন বা পঞ্ছুতানি চাসন্।
   তদা কারণীভূতসবৈক্ষ্তিঃ হুমেকা পরৰ ক্ষরপেণ সিছা।—কপুরাদিছোত্তের নম লোকের বিম্বানন্দ
   খামীকৃত প্রপ্রাধ্যার উদ্ধৃত।
- প্রস্তে সংসারং জননি ভবতী পারংতি চ।
   সমস্ত ক্ষিত্রাদি প্রবর্গমারে সংহরতি চ।
   অভন্ত; ধাতাসি ত্রিভ্বনপতিঃ শ্রীপতিরপি।
   মহেলোহপি প্রারং সকলমপি কিং ভৌমি ভবতী ——ক'প্রাদিভোত্ত, ১২
- ৪ জ: ঐ, তর লোকের বিমলানন খামীকৃত বরূপবাাখ্যা।
- क = ৰ দ্ধ স্টা: বাহ্মক ক্ৰোধীশক ব্যান্ত(জ)ক:। দক্ষিণো মূলদক্ৰী কামাৰো প্ৰনায়ক:।
   —ঙশ্লাভিধাৰ (T. T. Vol. I) পৃঃ ex
- जा= प्ववृद्धः अतः लावा मीर्गाश्वरक्षा मन्नर छवा।—वै, गृः ००
- १ ज-विश्वात-मत्मो ( मत्लो ? ) वनवान् (मक्तितिः कनावनः मू शृः २०
- इ—है: एका नावनी विका हताः प्रा २०६०: ।—मै, गृः ०

বীজনত্তের ব্যাখ্যা— কালীর বীজনন্ত ক্রী । ক্রী — ক্ + ব্ + জ + । বরদাতত্ত্রাক্ত মন্ত্রার্থাভিধানে বীজটির অর্থ ব্যাখ্যা করা হয়েছে—ক কালী, র ব্রহ্ম, ঈ মহামান্না, নাদ বিশ্বমাতা আর বিশ্ব তৃঃধহর। এই বীজনত্ত্রের তারাই তৃঃখলান্তির জন্ত কালিকাদেবীর পূজা করবে। 
•

সংকেততত্ত্বে বীজমন্ত্রটির অক্তরকম ব্যাখ্যা দেওয়া হয়েছে। তাতে আছে— ককার থেকে বিশ্ব উৎপন্ন, সেই কারণে দেবী স্প্তিশ্বরূপিণী; র কালাগ্রিক্স্রাক্সক, সেই কারণে দেবী সংহাররূপিণী, ঈ লোকত্রয়পালিনী মহালন্ধী, সেই কারণে দেবী পালিনী শক্তি আর বিন্দু(ঁ) শিবশক্তির সামরত্তের ভোতেক।

আবার তম্বক্সফ্রমে অক্তভাবে বীজমন্ধটির ব্যাখ্যা করা হয়েছে। বলা হয়েছে—
উচ্ছলক্ষপত্বের জন্স ককার জানচিংকলা, রকারের সঙ্গে যুক্ত হয়ে এই চিংকলা সর্বতেজামন্ত্রী
ভা ; ঈকার যুক্ত হয়ে সাধকের অভীইদায়িনী আর বিন্দুর নিছল্ডহেতু কৈবলদায়িনী।

তোড়লতত্বে বীজ্টির ভিন্নক্রপ ব্যাখ্যা পাওয়া বায়। বথা—ককার ধর্মদায়ক, ঈকার অর্থ-দায়ক, রকার কামদায়ক এবং মকার (অর্থাৎ ং। ন। দিয়ে অফুস্বার দেওয়া হয়েছে) মোক্ষদায়ক। এক এ উচ্চারিত হলে অর্থাৎ ক্রীং এই বীজ্মন্ত্র ব্যাশাস্থ্র উচ্চারিত হলে নির্বাণমোক্ষ প্রদান করে।

## কালীমাহান্ত্য-

কলিযুগে কালী— কালীকুলের শাস্ত্রমতে কলিযুগে একমাত্র কালীই ভূক্তিমৃক্তি-প্রদায়িনী। কুমারীতত্ত্বে বল। হয়েছে—মহাশক্তির কালীরূপ বিশেষ করে কলিযুগে মাছুষের ভূকিমৃক্তিপ্রদ। কালীর উপাদক বন্ধা বিষ্ণু শিব চন্দ্র সূর্য বরুণ কুবের অগ্নি এবং অভাভ দেবতা; এ ছাড়া ছ্বাদা বশিষ্ঠ দতাত্ত্বের বৃহশ্পতি এই-সব ঋষি। বেশী কথা

<sup>&</sup>gt; क काली वृक्ष त এशाख्य महामादार्थकण है। विवसात्रवंदका नाता विल् कृथ्यहत्रार्थकः। ट्रिंतव कालिकात्मवीर शृक्षत्रम् कृथ्यनाख्यतः।—उष्टालिधान (T. T. Vol. I) शृः ७३

ককারাভিষমুংপরং তেন কটিখরূপিনী। রেকঃ কালাগ্রিরজারা তেন সংহাররপিনী।
 ককারণ্ড মহালক্ষীর্লোক এরবিভাবিনী। তেনেয়ং পালিনী শক্তিঃ সামরক্তং চ বিন্দুনা।
 — জ:, পু চ, ১ম ভররু, পুঃ ৭২৪

কছারোজ্বল্পপথাং কেবলং জ্ঞানচিংকলা। অলনার্থসমাবোগাং সর্বতেজ্ঞায়রী গুলা।

দীর্ঘেকারেণ দেবেলি সাধকাজীইলাহিনী। বিশ্বনাং নিকলছাত কৈবলাকলগায়িনী।—তন্ত্রকল্পন্ন,

ক্রঃ, ক'পুরাদিন্তোত্তের ১ম লোকের বিমলানক খামীকৃত বন্ধপরাধা।।

ককারং ধর্মদং দেবি ঈকারং চার্থদায়কং। রকারং কামদং কাল্কে মকারং মোকদায়কং।
 একলোচ্চারণাল্পেরি নির্বাণযোক্ষায়িনী।—ডোড়নতত্ত্ব, উঃ ৬

বলে কি হবে সব দেবতাই কালীৰ উপাসক। কালিকার প্রসাদেই ভূক্তিম্ক্তি করতলগত হয়।

তদ্বান্তরেও বলা হয়েছে— কালিকা জগতের মাতা, শোকত্বংধবিনাশিনী। বিশেষতঃ কলিযুগে তিনি মহাপাতকহারিণী। \*

কলিযুগে কালীর আরাধনা বে প্রশস্ত একথা শাস্ত্রে অন্যভাবেও বলা হয়েছে। তারারহস্তে আছে—কলিতে জ্বেগে আছেন কালী, জ্বেগে আছেন প্রগী। কালী ও কৃষ্ণ কলিতে জাগ্রত দেবতা। কাজেই এ যুগে এ দের আরাধনাই প্রশস্ত।

কালী সহছে কথাটাকে আরও বিশদ করে তয়াস্তরে বলা হয়েছে—কলিযুগে কালীই একমাত্র আরাধা। এ যুগে শিবকর্তৃক আরাধিতা হয়ে কালী প্রত্যক্ষ হন। কলিকালে ক্লালীকে পরিত্যাগ করে কেউ যদি মোক্ষকামী হন তা হলে তিনি ভোজন ছাড়াই ক্রিবৃত্তি করতে চাইবেন।

শক্তিসঙ্গমতত্তে বলা হয়েছে— কলিযুগে যিনি কালীকে পরিভাগে করে **দিছিকামী** হন তিনি চক্ষ্ ছাড়াই দর্পণে রূপ দেখতে চনে।

এই ধরণের তম্বচন অনেক পাওয়া যায়।

কালীমন্ত্রের প্রশংসা— তত্তে কালীমহেরও প্রভৃত প্রশংসা করা হয়েছে। কৃত্তিকাতত্তে বলা হয়েছে— এই পরমা বিভা অদেয়া, কলিযুগে পূর্ণকলপ্রদা, মোক্ষদা এবং শীন্ত্রকলপ্রদা।

- কালিকা লগতাং মাতা লোকচুংগবিনালিনী। বিশেষতঃ কলিবুগে মহাপাতকহালিনী।
  ——জঃ, ঐ, পরিঃ ৭(৪)
- কলো জাগতি কালা চ কলো জাগতি পর্ণ। কলো কালা কলো কুলং কলো গোণালকালিকা।
   ভারারহন্ত, পঃ :
- কলো কালীং বিহারাথ বং কলিচং নিভিকার্ক:। স চন্দুসা বিধা প্রপাধ পর্নিং এই বিভাগি।
   —শ স ত, তা ব, ১।৯৮
- ৬ অবেরা পরনা বিভা কলো পূর্ণকলপ্রদা। কালিকা মোক্ষরা বেবি কলো নীয়কলপ্রদা। : প্রা তে, কাণ্ড ৫, পরিঃ ৬, ব সং, পুঃ ৬৮৩

ভৈরবতত্ত্বে কালিকামছ সহছে বল্যু হয়েছে— এই-সব বিভার জ্ঞানমাত্র মাত্র্য জীবন্ত্ত

বিভিন্ন কালী — ত<u>ৰণান্তে বিভিন্ন কালীর বিবরণ মাছে।</u> কা<u>লী স্বরূপত: এক।</u>
সাধকের <u>অধিকার এবং অভীট অফ্লারেই তার্থবিভিন্ন নামরূপ শান্তে নির্দিট হয়েছে।</u>
মহানিবাণতত্বে বলা হয়েছে কাল্মাতা মহাপ্রভাময়ী অরূপা কালিকার রূপকর্মনা হয়
গুণক্রিয়াস্থলার। ওক্তথা সামরা পূর্বেও বলেছি।

ভোড়নতরের মতে কানী অইবা। যথা—দক্ষিণাকালিকা সিদ্ধকালিকা গুঞ্কালিকা নিকালিকা ভ্রুকানী চান্ডাকালিকা মুশানকালিকা আরু মহাকালী।\*

মহাকালসংহিতার মহস্বতিপ্রকাশে বল: হয়েছে— কালী নববিধা সবত্যে এ কথা বীক্ত। খাল্ডা দক্রিণাকালী, বিতীয়া ভদ্রকালী, তৃতীয়া মুশানকালী, চতুর্ধী কালকালী, গুফ্কালী পঞ্চনী, ষ্টা কামকলালা, সপুনী ধ্নকালিক।, মইনা সিদ্ধিকালী মার নবনী চতিকালিক।।

লক্ষায় উভয় তালিকাতেই প্রথম নামটি দু<u>ক্ষিণাকালীর</u>। এ ছাড়া <u>সিদ্ধকালী প্রহ্মকালী</u> ভদ্<u>যবালী এবং মশানকালী উভয় তালিকাতেই আছেন।</u>

এ ছাড়া অন্তান্ত কালীর নামও পাওয়া যায়। যেমন জয়ন্ত্রথমালে পাওয়া যায় এই-সব নাম —কালিকা ভম্বকালী ব্<u>কাকালী</u> ইন্দীবরকালিকা ধনদ্কালিকা রম্ণীকালিকা ইশান-কালিকা জীবকালী বীর্ষকালী প্রজাকালী ও সপ্তার্কালী।

শক্তিদক্ষতেছে হংস্কালা ও বশীকরণ-কালিকার নাম করা হয়েছে।
এই-সব নাম প্রালেচনা করলে দেখা যায় সাধকের অভীয় অভুসারেই কালিকাদেবীর

অপ বঞ্জো মহাবিদ্ধাঃ কালিকারাঃ কুতুর্গভাং। বানাং বিজ্ঞানমাত্রেণ জীবয়ুক্তো ভবেররঃ।

— জঃ বুহ ত সা, ১০ম নং, পুঃ ৩০৭

चक्रणाताः कालिकादाः कालमानुर्वशक्ताराः । क्रविकायुगारकः क्रिकारः क्रविकान्।—महो ७ ६।३६०

প্ৰিকাশিকা সিদ্ধানিকা গুল্কালিকা। শ্ৰীকালিকা ভদ্ৰকালী চামুঙাকালিকা পরা।
 প্ৰশানকালিকা দেবি মহাকালীতি চাইবা।—ভোড়লতয়, পঃ ৩

কালী নৰবিধা প্ৰোক্তা সহঁতছেৰু পোশিতা। আছা দক্ষিণাকালী চ ভদ্ৰকালী তথা পৰা।
 অক্তা প্ৰশানকালা চ কালকালী চতুৰিকা। পঞ্জী অংকলালী চ পূৰ্বং বা ক্ষিতা মন্তা।
 বটা কামকলাকালী সপ্তমী ধনকালিকা। অইমী সিদ্ধিকালী চ নবমী চঙিকালিকা।

一班: 寸 5, 电 >, 寸: >0

Bagohi : Evolution of Tantras, C. Her. I., Vol. IV, p. 2'9

७ मगड, काब, काञ्च व अ ाक

বিভিন্ন রূপ নির্দিষ্ট হয়েছে। যে-বিভিন্ন নামের কালিকার উল্লেখ এইমাত্র করা হল তাদের স্বার ধ্যান ও মন্ত্রাদি প্রচলিত মৃত্রিত তল্লাদিতে পাওয়া ধায় না। কাজেই প্রত্যেকের পৃথক সাধনা আছে কি না বলা কঠিন। কেন না মৃত্রিত তল্পে নেই বলেই যে কোনো তল্পে নেই এমন কথা বলা ধায় না। কারণ তন্ত্রগ্রন্থ সামান্তই মৃত্রিত হয়েছে আবার অনেক গ্রন্থ লোপ পেয়েও গেছে।

সেইজন্ত এখানে ভ্রধ কালীর কয়েকটি বহুপ্রচলিত রূপের বিবরণ দেওয়া গেল।

দক্ষিণাকালী—লক্ষ্য করা গেছে মহাকালসংহিতা মহাসারে আন্তাই কালী দক্ষিণা-কালী। নিবাণতত্ত্বে বলা হয়েছে—দক্ষিণ দিকে ববিস্তত অধাং যমের অবস্থান। কালী নামে ভীত হয়ে সে ইতন্ততঃ ছুটে পালায়। এইজ্জাই বিজ্ঞাত কালিকাদেবীকে দক্ষিণাকালী বলা হয়।

উক্ত তত্ত্বে আরও বলা হয়েছে —পুক্রকে মধাং শিবকে বলা হয় দক্ষিণ আর শক্তিকে বামা । বামা দক্ষিণকে ভয় করে মহামোকপ্রদায়িনী হন। এই জলা ত্রিজগতে তিনি দক্ষিণা নামে পরিচিতা।\*

এ সম্পর্কে তছতত্ত্বে আলোচনাট এই প্রসাসে উল্লেখযোগা। "পুরুষের নাম দ্বিকা ( দ্বিকাল করুপ বলিয়া) শক্তির নাম বামান বমোলকরুপ কলিয়া)। যতদিন এই বাম ও দ্বিকা, স্থী ও পুরুষ সমবলে অবস্থিত, তত্তিন সংসারবন্ধন ( তছমতে মহাশক্তির পুরুষ-অংশ সংসার-প্রবৃত্তিময় বন্ধনের কারণ এবং শক্তি-অংশই সংসার-নির্ক্তিময় মৃত্তির কারণ )। সাধনার প্রথব প্রতাবে বামাশক্তি জাগরিত। হইলে তিনি যথন দ্বিকাশক্তি পুরুষকে জয় করিয়া তত্ত্বি বয়ং দ্বিকানকে নিম্পাং হয়েন গ্রহাং কি বাম, কি দ্বিকা উভয় সংশ্রই খ্যান

> মহানিবাণতত্ত্ব আছা কালার বে-ধানে বণিত করেছে তা অক্সান্ত তত্ত্বে বণিত বন্ধিনাকালার বাবের পেকে ভিন্ন । কাজেই উক্ত তথ্যসূসারে আভাকালী বাবহারতঃ বন্ধিনাকালী বেকে পুধক্ মনে হয় । আভাকালীর বাান, বধা—

বেঘালীং শশিশেধরাং ত্রিনহনাং রস্তানবরাং বিজ্ঞতীং
পাশিভাসভবং ২রঞ বিলসভাকারবিশক্তিন্য।
নৃতান্তং পুরতো নিশীয় মধুরং মাধ্যাকমন্তং মহা—
কালং বীক্ষা বিকাসিতাননবরামাল্যাং তক্তে কালিকায়।—মহা ত ৫।১৪১

- দক্ষিণভাং দিশি ছাবে সংছিতত রবে: ততঃ। কালীনারা পলারতে ভীতিমৃত্য সমস্ততঃ।
   ততঃ সা দক্ষিণা নারা ত্রিব লোকেরু ইরতে।—নি ত, পঃ ১০
- পুরুবো দক্ষিণঃ প্রোক্তো বামা শক্তিনিগভতে। বামা বা দক্ষিণং জিল্পা মহামোক্ষপ্রদারিনী।
   কাপ সা দক্ষিণা নামা তিবু লোকেবু দীয়তে।
  —ই

তাহার প্রভাবে পূর্ব হইয়া যায়, তথনই দেই কেবলানন্দরপিণী জীবের মহামোক প্রদান করেন। তাই ত্রৈলোক্যমোক্ষদা মাল্লের নাম দক্ষিণাকালী।"

দক্ষিণাকাশীর অন্তর্গকম ব্যাথাণিও আছে। কামাথাতিক্সে শিব বলছেন—যজ্ঞাদি কর্মের শেষে দক্ষিণা যেমন যজ্ঞাদিকে সফল করে তেমনি হে দেবি! কালিকা সকলকে বাঞ্চিত ফল এবং মুক্তি দেন বলে সেই বরবর্ণিনীকে দক্ষিণাকালী বলা হয়।

আবার কেউ কেউ বলেন দাকিণাম্তি নামক ভৈরবের আরাধিতা বলে দেবীকে দক্ষিণা-কালী বলা হয়।\*

স্বরূপন্যাখ্যা — দক্ষিণাকালীর স্বরূপ সম্বন্ধে এনকত্তরতন্ত্রে বলা হয়েছে শিবশক্তি থিবিধা—নিভিনা এবং সন্তবা। নিভিনা পরব্রহ্মসনাতনী স্পোতর্ময়ী। উক্ত তন্ত্রমতে ল্যোতির্মী দক্ষিণাকালী প্রপঞ্চ থেকে দ্বস্থা। সর্থাং দেবীর নিভিনস্কর্ম মায়িক বিশ্বপ্রপ্রের এতীত।

পুর্বেই বলা হয়েছে দুক্ষিণাকালীই আজা শক্তি। বাবিংশাক্ষরী বিভা**রণে তিনিই** অনিক্ষসবস্থতী। নিক্ষবত্ত্ত্ত্বের মতে সেই অনিক্ষসবস্থতী নিভিন্তর্ভাব অপবিমেয়া। তাত্ত্বত্ত্ত্ব অভাব কালিকা থেকে জাতা, সব বিভাই কালিকাবিভার অবস্থিত। ত্রু

সওণ স্বস্থায় দক্ষিণাকানী জনগ্রহা মহাকাননিক্সপিণী। তিনিই নারীক্সপ ধারণ করে বিশ্ব প্রস্ব করেন। তিনিই মহালক্ষ্মী বিফুমায়া, স্মথিল ছগ্যুকে মোহগ্রস্ত করেন।

<sup>&</sup>gt; ७७, भुः व्यक्त्य

বধা কর্মমান্তেটি চ নক্ষিণা ফলসিকিলা।
 তপা মৃত্যিকসেট দেবি সংগ্ৰহণ ফলদাহিনী।
 কংগো চি দক্ষিণাকালী কথাতে বরবর্ণনিটা।

দক্ষিণে দক্ষিণামূতি ভৈরবারাধিতে ইতার্থ:
 ক'পুরাদিখোতের ওর লোকের বিমলানন্দ স্বামীকৃত স্কুলবাখা।।

শ নিবলজিনিছা দেবি নিজিপা সঞ্জাপি চ। নিজিপা জোতিবাং কুলং পরংবুজ সনাতনী।—নিক ত, পঃ ২

জ্যোতিক দক্ষিণাকালী দূরশ্বা স্থাৎ প্রপক্ষ : —ই

<sup>🖖</sup> অমান্তারি হবে সাপি অনিরন্দ্রসরবতী :— 🖣

<sup>°</sup> তারাড়াঃ সকলা বিভাঃ কালিকারাঃ প্রছজ্জিরে।
সর্বা বিভাঃ কালিকারাঃ সংস্থিতা এব পার্বতি।—জঃ পু চ, ৪৯, পুঃ ৭২৬

দ সঞ্জণা সর্বর্জী চ মহকোলনির শিনী। নারীরূপং সমাস্থার সৈব বিবং প্রস্থারত। বিকুমারা মহাসম্প্রীর্মোহরড়াখিলং রূপং।—নিক্ল ড, পা ২

পূর্বেই বলা হয়েছে তম্ক্রমতে ব্রহ্মাদি দেবতা কালী থেকে উৎপন্ন হয়েছেন। নির্বাণতক্ষে বলা হয়েছে— দেবী কালিকার একাংশে ব্রহ্মা, একাংশে বিষ্ণু এবং একাংশে শস্কু উৎপন্ন হয়েছেন। নদী প্রভৃতির কাছে সমৃত্র যেমন অপার তেমনি ব্রহ্মাদি দেবতার কাছে মহাকালী অপার। কালীরূপ মহাসম্ভ্রের তুলনায় ব্রহ্মাদি দেবতা গোষ্পাদের জল। গোষ্পাদ যেমন সম্ভ্রের জলের সম্বন্ধে কোনো ধারণা করতে পারে না তেমনি ব্রহ্মা বিষ্ণু এবং শহরও সম্পূর্ণ কালীতক্ষ্ব অবধারণ করতে পারেন না। স্প্রেকর্তা-প্রমূথ দেবতাদি যেমন কালীর দ্বারা উৎপন্ন হন তেমনি প্রলয়কালে আবার তার মধ্যে বিলীন হন। কালীর এই ব্রহ্মাদিশক্ররেপ স্বর্গপ্রদানকারী আর কালী স্বরূপে নির্বাণদান্তী।

দক্ষিণাকানীই শ্রামা—দক্ষিণাকানী ক্লফঃ। তন্ত্রান্তরে বনা হয়েছে কালিকা ছিবিধা—
ক্লিয়া আর রক্তা। ক্লফাকে বনা হয় দক্ষিণা আর রক্তাকে স্বন্দরী।

এই দক্ষিণাকালীই শ্রামা বা শ্রামাকালী। তন্ত্রসারে 'অথ শ্রামামন্ত্রাং' শিরোনাম দিয়ে প্রথমেই কালীতন্ত্র থেকে দক্ষিণাকালীর বিভারাজ্ঞী নামক এই মন্নটি উদ্ধৃত করা হয়েছে—

কীং ক্রীং ক্রীং ছুং ছুং হ্রীং হ্রীং দক্ষিণে কালিকে ক্রীং ক্রীং ক্রীং ছুং ছুং হ্রীং হ্রীং স্বাহা। । দিক্ষিণাকালীর মন্ত্র অনেক। কিন্তু উদ্ধৃত মন্ত্রটিকে শ্রেষ্ঠ মনে করা হয়। ।

ধ্যান — কালীতন্ত্র দক্ষিণাকালীর এই ধ্যানটি পাওয়া যুায় — দক্ষিণাকালী করালবদনা, ঘোরা, মৃক্তকেশী, চতু তুজা। দেবী মৃগুমানাবিভূষিতা। তার বামদিকের অধঃহস্তে সভান্তির মৃথু, উর্ধহন্তে থজা আর দক্ষিণদিগের উর্ধহন্তে অভয়নুত্রা এবং অধঃহত্তে বরমুত্রা। দেবী মহামেঘপ্রভা, শ্রামা, দিগদ্বী। দেবীর কণ্ঠস্থিত মৃথুমালা থেকে বিগলিত ক্ষিরের দ্বারা তার দেহ চর্চিত। তুটি শ্বশিশু দেবীর কর্ণভূষণ হওয়াতে তাঁকে ভয়ংকরী দেখাছে। তিনি ঘোরদংট্রা করালাল্যা, পীনোরতপ্রোধ্রা। তাঁর কাশী শ্বহন্তনির্মিত। তিনি হাল্যুখী। দেবীর তুই ওইপ্রান্থ থেকে রক্ষধারা বিগলিত হওয়ায় তিনি দীপ্রবৃদ্না। মহারোদ্রী শুশানবাসিনী দেবী ঘোররবকারিণী। তিনি জিনয়না।

১ একাংশেন ভবেদ্ ৰূপ্তা একাংশেন জনাদিন: । একাংশেন ভবেচ্ছুঃ কালিকায়াঃ হলোচনে । অপারা সা মহাকালী নছাদীনাং সমূদ্র । গোপদে চ বণা ভোষাং ৰূপ্তাছা দেবভান্তবা । গোপদে কিং বিজানীয়াৎ সমূদ্র জলাং শিবে । তেন ৰূপ্তা ন জানাতি বিকৃষ্ণ কিং বেভি শ্বরঃ । স্টিকতা বধা কাল্যা জন্তত্তে চ হ্রাদয়ঃ । তথা প্রলয়কালে তু প্নভ্ততাং প্রলীয়তে । অতো নির্বাদ্যা কাল্যা প্রকাং বর্গদ্যকঃ ।—নি ত, পঃ ১০

কালিকা বিবিধা প্রোক্তা কৃষ্ণারক্তাপ্রভেদতঃ। কৃষ্ণা তু দক্ষিণা প্রোক্তা রক্তা তু কৃষ্ণারী মতা।
 —তন্ত্রান্তরবচন, ক'পুরাদিন্তোত্তার তর লোকের বিমলানন্দ খানীকৃত বর্মপ্রাধাার উদ্ধ ত।

৩ বুহ জ সা, ১০ সং, পৃঃ ৩০৭ ৪ ক্র: ঐ, পৃঃ ৩০৭, ৩১৭

তাঁর নয়ন প্রাতংশ্বের মতো। তিনি দন্ধরা। তাঁর কেশরাশি ভানদিকে এশায়িত এবং তাতে মূক্তা থচিত। দেবী শবরূপী মহাদেবের হৃদয়োপরি অধিষ্ঠিতা। তাঁর চারধারে ঘোররবকারী শিবাদল। দেবী মহাকালের সঙ্গে বিপরীতরতিনিরতা। তিনি স্থপ্রসম্বদনা এবং তাঁর মুখপদ্ম ঈষদ্হাক্তযুক্ত। স্বকামনা-পূর্ণকারিণী এবং সমৃদ্ধিদায়িনী কালীর এইরূপে ধাান করবে।

নিকক্রতন্ত্র দেবীর যে-ধানে দেওয়া হয়েছে তার সঙ্গে পূর্বোক্ত ধ্যানের ভাবগত বিশেষ ভেদ নেই তবে ভাষাগত কিঞ্চিং ভেদ আছে। ধ্যানটি এই —কালীর ধ্যান করবে তিনি করালবদনা, পীনোলতপ্রোধরা, মহামেঘপ্রভা, ভামা, ঘোররাবা, চতু ভূজা। তার বাম দিকের উপরের হাতে স্থাভিল্ল নরমূণ্ড, নীচের হাতে খড়গে আর জান দিকের উপরের হাতে অভয়ন্তা। দেবীর গ্রায় পঞ্চাশন্বর্গের প্রতীক নৃত্মালা। তার থেকে ক্ষিরধারা বিগলিত হয়ে দেবীদেহ চর্চিত করছে। দেবীর ওঠপ্রান্ত থেকে ক্রিত রক্তধারা ছারা তাঁর নৃথখানি শোভিত। ঘোররবকারী শিবাদল দেবীকে চতুর্দিকে

করালবদনাং গোরাং মৃক্তকেলীং চতু তুজান্। কালিকাং দক্ষিণাং দিব্যাং মৃত্তমানাৰিত্বিতাম্।
 সভ্যক্ষিলর:অজ্সবামাধে কিকরাম্ব জাম্। অভয়ং বরদকৈব দক্ষিণাে কিখাপানিকান্।
 মহামেঘপ্রভাং জামাং তথা চৈব দিগ্যব্রীন্। কঠাবনক্তম্ভালীগলজধিরচচ্চিতাম্।
 কণীবতংসতালীতশবৰ্গ্যভ্যানকান্। ঘোরদাষ্টাং করালাজাং পীনোল্লভপরেধিরান্।
সা চ ভক্তি বিবিধা—গৌণী পরা চেতি। তত্রাছা সঙ্গক্ত বুক্ষণো ধ্যানা চনকপ্রমামনীর্তনাদিরপা সংভ্বংসমূচ্চারিকা। পরভক্তিত্তেতজ্জামুরাগবিশেবরপা। আভারা অপি বহুবোংবান্তরভূমিকাঃ। তামু প্রথমা বোবামন্তিং
ধ্যারীতেত্যাদিভাবনাসিদিঃ। দিতীয়া মনো বুক্লেত্যুপাসীতেত্যাদিবিহুতোপান্তঃ। ভূতীয়া শ্বীধরোপান্তিঃ।

ভদ্ষচিত্ত সাধক ভক্তিমার্গের প্রথকারী হন। এ বিধরে শাস্ত্রবচন— বিনি নির্বেদযুক্ত নন, আসক্তও নন এমনি সাধকের পক্ষে ভক্তিযোগ সিদ্ধিপ্রদ।

এই ভ্জি <u>ৰিবিধা</u>—গোণী <u>সার পরা</u>। সন্তণ বন্ধের ধ্যান স্মান স্থান স্থান নামকীর্তনাদিরপে গোণী ভক্তির প্রকাশ। গোণী-ভক্তিসঞ্জাত স্বস্থাগবিশেব পরা ভক্তি। গোণী ভক্তির স্থানক স্থাস্তর ভূমিকা স্থাছে। বেমন তাদের মধ্যে প্রথম ভূমিকার নাম ভাবনাসিছি। 'নারীরপে স্থার ধ্যান করবে' ইত্যাদি বচনে এটি বিহিত হয়েছে। মনই বন্ধ এইভাবে উপাসনা করবে ইত্যাদি বচনবিহিত উপাসনা ৰিতীয় ভূমিকা। তৃতীয় ভূমিকা ঈশবোপাসনা।

ঈশবের বছরূপে উপাসনা হয়; ভাদররায় লিখেছেন — ঈশবেরও স্থাগণেশ বিষ্ণু কৃত্র পরশিব শক্তি— এমনি বিভিন্ন রূপ। এই-সব রূপের ভিন্ন উপাসনাভূমিকা। শক্তির আবার ছায়া (স্থাশক্তি), বল্লভা (গণেশশক্তি), লক্ষ্মী ইত্যাদি অনন্তপ্রকার রূপ।

এই ক্রম সহসারে সমস্ত জনোর মধ্য দিয়ে অর্থাং স্বসংখ্য জনোর সাধনার ধারা এই-সব ভূমিকায় স্বাক্রত হলে পর সাধকের স্বস্তুরে ত্রিপুরস্থন্দরীর প্রতি গৌণভব্তির উদয় হয়। এই গৌণভব্তিকের সমাক্ নিরুত সাধকের স্বস্তুরে দেবীর প্রতি পরা ভব্তির উদয় হয়। এই শাস্তব্যবস্থা।

এ বিষয়ে তন্ত্রের প্রমাণ— শৈব বৈষ্ণব দৌর্গ আর্ক গাণপত্য ইত্যাদি মন্ত্রের দারা বে-দাধকের চিত্র বিশুদ্ধ হয়েছে তার সভরে কৌলজান প্রকাশিত হয়। সকলের চেয়ে উত্তম বেন্দাচার, বেদাচারের চেয়ে উত্তম বৈষ্ণবাচার (ভক্তি ), বৈষ্ণবাচারের চেয়ে উত্তম শৈবাচার, সৈবাচারের চেয়ে উত্তম দক্ষিণাচার, দক্ষিণাচারের চেয়ে উত্তম বামাচার, বামাচারের চেয়ে উত্তম শিদ্ধান্তাচার, সিদ্ধান্তাচারের চেয়ে কৌলাচারের চেয়ে উত্তম শিদ্ধান্তাচার, সিদ্ধান্তাচারের চেয়ে কৌলাচার, কৌলাচারের চেয়ে উত্তম আর কিছু নাই।

ভারিক আচার ও জানভূমিকা— লক্ষণীয় ভাম্বরনায় যোগবাসিচ্চোক্ত সপ্ত

- > ভক্তি ছাড়া উপাসনা হর না। অত্যপ্ত নিম্ন্ত্নির সাধকেরও ভক্তি থাকে। তবে এ রক্ষ সাধকের ভক্তি আর উপরে বে-ভক্তির কথা বলা হল তা নামে এক হলেও শ্বরপতঃ এক নর।—দ্রঃ কৌর, পৃঃ ১৬ পাদটীকা।
  - ইতি বচনাং।—বা নি, গুঃ ৪

জ্ঞানভূমিকার আলোচনা প্রদক্ষেই বেদাচারাদি সূপ্ত তান্ত্রিক আচারের উল্লেখ করেছেন। তন্ত্রশাস্ত্রজ্ঞরা বলেন সপ্ত তান্ত্রিক আচারের সঙ্গে যোগবাসিদ্যোক্ত সপ্ত জ্ঞানভূমিকার যথেষ্ট সাদৃশ্র আছে; উভয়ের মধ্যে পার্থকা দামালই। প্রধান পার্থকা এই যে তান্ত্রিক আচারের বেলা সাধক ভক্তির (বৈষ্ণবাচার) পথ দিয়ে জ্ঞানভূমিতে পৌছান আর যোগবাসিদ্যোক্ত জ্ঞানভূমিকার বেলা বিছান্ সাধক যথন নিজল বিচারমার্গের অভ্নয়রের তর্লজ্ঞা সব বাধার সক্ষ্পীন হন এবং ব্রুতে পারেন ভক্তি ভিন্ন তাঁর পক্ষে আর অগ্রসর হওয়া সন্তবপর নয় তথন ভক্তির আশ্রয় নিয়ে তিনি তত্তমানসা নামক ভূমিকার আরত হন। লক্ষা করা গেছে ভাত্রররায়ও বিচারণা ও তত্তমানসা এই হেই জ্ঞানভূমিকার মধ্যে ভক্তিভূমিকার স্থান নির্দেশ করেছেন।

আচার—সাধারণভাবে বলা যায় আচার ও ভাব শক্তিসাধনোপায়ের ভিক্তি। কেন না, বে-কোনো প্রকারের শক্তিসাধনাই হোক না কেন, কোনো না কোনো আচার এবং ভাব অবল্যন করেই তা করতে হয়। মহানির্বাণভাগ্নে শিব বল্ডেন—দেবি! দেশকাল এবং অধিকারীর ভেদ অফুসারে আমি নানা আচার ও ভাবের সাধনার কপা বলেছি। তার মধ্যে কোনো কোনো সাধনা গুপু। তার কপাও কোনো কোনো তারে বলেছি। বে বে মাহার গুপু বা ব্যক্ত বে বে সাধনায় অধিকারী তারা বদি সেই সেই সাধনা অবল্যন করে তা হলে সাধনাচিত ফল পায় এবং পাপ্যক্ত হয়ে সংসারসমূল পার হয়।

আচারের অর্থ—আচার শক্টি তক্সে পারিভাষিক অর্থে বাবস্তত হয়েছে। "সাধকের আধ্যাত্মিক অবস্থা লইয়াই সাধনার পথ নির্দিষ্ট হয়। সেই অবস্থাকে তম্বশাস্থ সাত ভাগে বিভক্ত করিয়া সপ্ত আচার নাম দিয়াছেন।"●

আচার সপ্তবিধ —লক্ষা করা গেছে ভাষরগায় মাচারসম্পর্কে কুলার্থবছরে বে-বচন উদ্ধৃত করেছেন তাতে নিম্নলিখিত সাতি আচারের উল্লেখ আছে— বেদাচার বৈক্ষরাচার শৈবাচার দক্ষিণাচার বা্মাচার সিদ্ধান্তার এবং ক্রেলাচার।

নিত্যাতম বিশ্বদারতম মহাচীনাচারতম প্রভৃতি তত্ত্বেও এই সপ্র আচারের কথাই বলা হয়েছে। তবে কোনো কোনো তত্ত্বে প্র<u>চোরচার এ</u>বং বোগাচার নামে স্থারও **ভৃতি আচা**রের

<sup>&</sup>gt; W. The Spirit and Culture of the Tantras, C. Her. I., S. R. C. M., Vol. II, p. 195

নানাচারেণ ভাবেন দেশকালাধিকারিণান্। বিভেয়াৎ কথিতং দেবি কুঞ্জিন্তপ্রসাধনন্।
 বে ব্রাধিকৃতা মর্ত্রান্তে তক্র কলভালিনঃ। ভবিত্তরি ভবিত্তরি সাধুনা গভকিবিধাঃ।

<sup>--</sup> RET & 8190-09

০ তাত্ৰিক গুল, ১ৰ্থ সং পৃঃ ৩৬-০৭

ভাব ও আচার—সপ্ত আচার পশু বীর এবং দিব্য এই ত্রিবিধ ভাবের সন্তর্গত।
বিশসারতম্বাদিতে বলা হয়েছে — বেদাদি আচারচতুইর অর্থাৎ বেদাচার বৈশ্ববাচার
শৈবাচার ও দক্ষিণাচার পশুভাবের অন্তর্গত এবং বামাদি আচারত্ত্বর অর্থাৎ ৰামাচার
সিদ্ধান্তাচার ও কৌশাচার বীর ও দিবা ভাবের অন্তর্গত। তম্বন্ধ পণ্ডিতদের মতে বামাচার ও
সিদ্ধান্তাচার বীরভাবের এবং কৌলাচার দিব্য ভাবের অন্তর্গত।

ছিবিধ আচার—সাতটি আচারকে আবার দক্ষিণ এবং বাম এই তুই ভাগে ভাগ করাও হয়। বিশ্বসারতয়ে আছে বামদক্ষিণভেদে আচার ছিবিধ। পঞ্মুদ্রাদিসংযুক্ত আচার দক্ষিণাচার। পঞ্মুদ্রা অর্থ পঞ্মকার। এ বিবরে পরে আবোচনা করা যাবে।

বামকেশরতত্মেও এই থিবিধ আচারের উল্লেখ করে বলা হয়েছে মানুষ জন্মের খারা দক্ষিণাচার এবং অভিবেকের থারা বামাচারের অধিকারী হয়।

কোনো কোনো তম্বাস্ত্রক্ত পণ্ডিতের মতে বেদাচার থেকে দক্ষিণাচার পর্যন্ত আচার-চতুইয় দক্ষিণাচারের অন্তর্গত আর বামাচার থেকে কৌলাচার পর্যন্ত আচারত্রয় বামাচারের অন্তর্গত।

প্রসক্ষক্ষরে উল্লেখ করা খেতে পারে তন্ত্রাদিতে আচারের স্থলে মার্গশব্দের ব্যবহারও আলোচ্য অর্থে লক্ষ্য করা যায়। বামাচার দক্ষিণাচারের পরিবর্তে বামমার্গ-দক্ষিণমার্গ-শব্দ ব্যবহৃত হয়েছে। তবে সাধারণত: মার্গশব্দ আচারশব্দের চেয়ে ব্যাপকতর অর্থে ব্যবহৃত হয়।

<sup>&</sup>gt; Tentra As A Way Of Realisation, C. Her. I., S. R. C. M., Vol. II, p. 168

২ চড়ারো দেবি বেদায়া: পশুভাবে প্রতিষ্ঠিতা:। বামায়ান্তর আচারা দিবো বারে প্রতিষ্ঠিতা:।
—বিষদারতভ্রবচন, ড্র: ভাব উর আচার, ক শ অ, শু: ৪২৮

७ जः छार छेत्र खाहात, क म च, पृ: ६२४

শাচারো বিবিধা দেবি বামদক্ষিণভেদতঃ। পঞ্চয়ুলাদিসংবুকো বামাচারঃ প্রকীর্তিতঃ।
পঞ্চয়াদিরহিতো দক্ষিণাচারসংক্ষকঃ।—বিবসারতরবচন, তঃ কৌর, পৃঃ >>

আচারো ছিবিখো ছেবি বামদক্ষিণভেষতঃ। লক্ষমাত্রং দক্ষিণং হি অভিবেকেণ বামকম্ ।
 ত্রা গ্রা তো, কাও ৭, পরিঃ ৪, ব সং, পৃঃ ৩২

७ को ब, गृ: >>

পুরল্ভবার্ণরে 'আলারতেবেন বার্গতেবনির্বরঃ' শিরোনার বিরে নাজ্বানলীকতয় ও ক্রমবানল থেকে বচন
উদার করা হয়েছে। বাদ্রবানলীয়ভয়বচনে দক্ষর্যার্গ বামরার্গ এবং কৌনয়ার্গ শব্দ ব্যবহৃত হয়েছে,এবং একই অর্থে
উদ্যামলবচনে দক্ষিণাচার বাম্যাচার ও কুলাচার শব্দ ব্যবহৃত হয়েছে।—য়ঃ পু চ, ভরক ১, পৃঃ ২০-২১

দ নাৰ্গ অৰ্থ মন্ত বা পথ। বুগাতে ইতি মাৰ্গ:—সাধকের অবলম্বিত পথ মাৰ্গ। সৌভাগাভাষরে (পৃঃ ১১৩) ভাগবররার কৌলমার্গ শক্ষের ব্যাখ্যার নিষেত্বের কৌলে মুগাতে ইভার্যে ক'ম্বি বঞ্ছ। সৌন্দর্কনহরীর (মোক ৩১) টিকার লক্ষ্মীয়ন্ত বিশেষ্ক্

তথ্রবিদ্ পণ্ডিতের। কেউ কেউ অভিমত প্রকাশ করেছেন পূর্বোক্ত সপ্ত আচারের মধ্যে শৈব দক্ষিণ বাম সিদ্ধান্ত এবং কৌল এই পাচটি আচারই প্রসিদ্ধ তান্ত্রিক আচার। এই পঞ্চাচারই বামদক্ষিণভেদে দ্বিবিধ।

আচারের ক্রমো ধ্বভা—কুলার্থতত্ত্বে বেদাচার থেকে কৌলাচার পর্যন্ত ক্রমোর্ধত।
নির্দিষ্ট হয়েছে। সাধনার প্রথম সোপান বেদাচার আর সর্বোচ্চ সোপান কৌলাচার।

ষামী নিগমানন্দ পরমহংস বলেন সাধক প্রথমে গৃহস্থাশ্রমে থেকে সদ্গুকর নিকট দীক্ষা নিয়ে বেদাচারে বৈদিক কর্ম, বৈক্ষবাচারে পৌরাণিক কর্ম এবং শৈবাচারে স্মার্ত কর্ম করবে। তার পর শাক্ষাভিষিক্ত হয়ে দক্ষিণাচারে সাধনা করবে। এরপর পূর্ণাভিষিক্ত হয়ে গৃহাবধৃত হবে এবং বীরভাবে বামাচারে সাধনা করবে। তার পরে সামাদ্দদীক্ষায় দীক্ষিত হয়ে দিবাভাবে বীরভাবে সিয়ায়াচারে সাধনা করবে। এরপর মহাসামাদ্দদীক্ষায় দীক্ষিত হয়ে দিবাভাবে কুলাচারে সাধনা করবে। তারও পরে পূর্ণদীক্ষায় দীক্ষিত হয়ে দিবাভাব সমুসারে সাধনার চরম উন্নতি করবে। এরপ সাধনার বারা দিবাভাব পরিপক্ষ হলে নিজ্ঞিয় হয়ে কাল কাটাবে।

আচারের লক্ষণাদি—আমরা বেদাচার থেকে আরম্ভ করে সিদ্ধান্থাচার পর্বস্থ আচারের লক্ষণাদি সংক্ষেপে বিবৃত করব এবং কৌলাচারে সম্বন্ধ কিঞ্চিৎ বিস্তৃত আলোচনা করব।

বেদাচার—পত্রভাবের সাধকের পক্ষে বেদাচার বিহিত। পভতাবের সাধক সম্বন্ধ পুরেই বিস্কৃত আলোচনা করা হয়েছে।

ষে-আচারে সাধক বেদ এবং বেদম্লক স্থৃতিপুণাণাদিতে বিবৃত্ত বিধিব্যবস্থা অভুসারে আরাধ্য দেবতার সকাম উপাসনা করেন তাই বেদাচার। একে পুণাচারও বৃদ্ধা হয়।

নিত্যাতত্ত্বে বিধান দেওয়। হয়েছে বেদাচারী সাধক ব্রাক্ষম্মুর্তে শধ্যা ত্যাগ করবেন এবং স্বীয় গুরুদেবের নামের সক্ষে আনন্দনাথশন্দ বোগ করে তাঁকে প্রণাম করবেন ও সহস্রারে তাঁর ধ্যান করে পঞ্চোপচারে পূজা করবেন। তারপর ঐ-বীক্ষ লপ করে কুগুলিনী-শক্তির ধ্যান করবেন। এর পর তিনি বুখাবিধি শৌচাদি নিত্যকর্ম সমাধ্য করবেন।

- তদেবা সপ্তবাচারের বৈব-দক্ষিণ-বাব-নিছায় কৌলাচ্চারাঃ পঞ্চ তারিকপ্রসিছাঃ। তর পুরঃ পঞ্চবাচারের বৈবিধারাচারত প্রকৃতিত্ব—আচারে। বিবিধা বেবি বাব-ধক্ষিপ্রভেষ্ঠঃ।—বাড় ত, ভূমিকা, পুঃ ৩
  - ২ তাত্ৰিক শুলু, চৰ্ব সং, শৃং ৭৬ ত কৌ র, শৃং ৯
  - বেলাচারং প্রক্রাবি পূর্ সর্বাজ্যশবি । ব্রাক্ষাে বৃদ্ধতে উপায় প্রস্কা বলা প্রাক্তিঃ ।
     আনন্দরাখনব লাভে প্রক্রেকর সাধকঃ । সহস্রাভাববৃদ্ধে গাাছা উপচালৈও পঞ্জিঃ ।
     প্রজ্যা বাগ্রহং বীজং চিত্তবের্ পরবাং করাব্ ।—জঃ প্রা তো, কাও ৩, পরিঃ ১, ব সং, পৃঃ ১০>

বেদাচারের অক্সতম লক্ষ্য সাধকের বাহ্যাভ্যন্তর শুচিতা। বেদাচারী সাধক সব বিষয়ে সর্বদা যথাশাস্ত্র শুচিশুর হয়ে চলবেন। অভ্যানের বারা শুচিশু ক্রেম তাঁর স্বভাবপ্ত হয়ে যায়।

বৈষ্ণবাচার—বেদাচারের অভ্যাসের থারা বহিংগুছি যথন সাধকের স্থভাবগত হয়ে যায় তথন তিনি বৈষ্ণবাচারের সাধনায় প্রবৃত্ত হন। এই আচারে বেদাচারবিহিত সমস্ত বিধিনিথেধ মেনে চলতে হয়। বৈষ্ণবাচার সম্বন্ধ নিত্যাতয়ে বলা হয়েছে— বৈষ্ণবাচারপরায়ঀ সাধক বেদাচারক্রমে সর্বদা নিয়মতংপর হবেন। মৈথুন এমন কি সে-সম্বন্ধে ব্যাক্যালাপও তার পক্ষে নিষিদ্ধ। এ ছাড়া হিংসা নিন্দা কোটিল্য মাংসভোজন এই-সব তিনি বর্জন করবেন। রাছে কথনও মালা জপ করবেন না বা ষয় শর্শ করবেন না। তিনি বিষ্ণুর পূছা করবেন, সর্বক্র্ম বিষ্ণুকে সমর্পণ করবেন এবং সর্বদা সমস্ত জ্লগৎকে বিষ্ণুময় ভাববেন।

বৈক্ষবাচারের ছারা সাধকের চিত্ত ছি হয়। এই আচারকে ভক্তির অবস্থা বলা হয়।
কেউ কেউ বলেন বৈক্ষবাচারে সাতটি ভূমিকা আছে। আবার কেউ কেউ বলেন এতে
ভূমিকা সাত নয়, অনেক অর্থাৎ ভক্তির অবস্থা বিবিধ। বৈষ্ণবাচারী সাধক গুরুপদিষ্ট পথে
চলেন। গুরুর কোনো আদেশ সম্বন্ধে বিচার করার তার অধিকার নাই। প্রসন্ধৃতিতে
গুরুর আদেশ মেনে চলাই তার কর্ত্ব্য।

শৈবাচার—বৈঞ্বাচারের পরে শৈবাচার। বৈঞ্বাচারের সাধনা সমাপ্ত করে সাধক শৈবাচার অবগদন করবেন। এই আচারেও বেদাচারের নিয়মাদি মেনে চলতে হয়। নিত্যাতশ্বের মতে—এই আচারে বেদাচারক্রমেই শিব ও শক্তির উপাসনা বিহিত। অধিকন্ধ এতে পশুবলির বিধি আছে।

শৈবাচার-সম্পর্কে আচারভেদতত্ত্বে বলা হয়েছে— ধ্যনিয়মাদি অষ্টাঙ্গধাগমূক হয়ে ধ্যালাম্ম দেবীর পূজা করতে হবে। এমনিভাবে ধ্যান ও সমাধি পর্যন্ত শৈবাচার।

<sup>·</sup> ভাৰ উর জাচার, ক শ অ, পুঃ ৪২৮

বেলাচারক্রমেণের লৈবে পাক্তে ব্যবস্থিতন্। তবিলেবং মহালেবি কেবলং পশুবাতনন্।
 —বাং আ তো, কাও ৭, পরিঃ ১, ব সং, পৃঃ ৪৯৯

শ্বীদ্ধোগনংগুকো বজেকেনীং বিধানতঃ।
 বাবদ্ ধ্যানং সমাধিক তাবৎ শৈবং প্রচক্ষাতে।—ক্রঃ বিধকোন, শৈবপক্ষের আলোচনা।

শৈবাচারপরায়ণ সাধক সর্বকর্মে শিবভাবন। করবেন। এঁর শুরূপদিট বিষয়ে বিচার করবার অধিকার আছে। ইনি আপন কর্তব্য সম্বন্ধে শুকুকে প্রশ্ন করতে পারেন। শুকুও শিক্তের অধিকার অহুসারে তুর্বোধ্য বিষয়ও শিক্তকে বৃদ্ধিয়ে দেন। এইজন্ম এই অবস্থাকে জানার্জনের অবস্থা বলা হয়। প্রত্থাৎ এটি জানভূমিকা।

ক্ষিণাচার—শৈবাচারের পরে দক্ষিণাচার। এই আচার-সম্পর্কে নিত্যাভৱে বলা হরেছে—দক্ষিণামৃতি মৃনি পুরাকালে এই আচারের আশ্রম নিয়েছিলেন বলে একে বলা হয় দক্ষিণাচার। এই আচার বীর- ও দিব্য-ভাবের প্রথম প্রাবর্তক। এই আচারেও বেদাচার অন্ত্সারে প্রমেশ্রীর পূজা করতে, হয় এবং রাত্রে বিজয় সৈবন করে অনুভ্যমনা হয়ে মন্ত্র ক্ষুত্র করেতে হয়।

দক্ষিণাচারের অন্তর্কম ব্যাখ্যাও পাওয়া বায়। দক্ষিণশক্ষের অর্থ অমূক্ল। এই দল অমূক্স আচারকে দক্ষিণাচার বলা হয়। ত অমূক্ল আচার অর্থ বে-আচারে পিতৃগণ ও দেবতাদি অমূক্ল অর্থাৎ প্রসন্ন হন, দেবী দক্ষিণা অর্থাৎ অমূক্ল হন সেই আচার। ত

দক্ষিণাচারপরারণ সাধক ব্রহ্ময়ী শক্তির ত্রিবিধরণের আরাধনার অধিকারী। দক্ষিণা-কালিকারণে আছাশক্তির তিনি আরাধনা করেন। দক্ষিণাকালিকাই ত্রিশক্তি অর্থাং ত্রিশক্তির মিলিত রূপ। দক্ষিণাচারী সাধকের ইছে।-জ্ঞান্-ক্রিয়া-শক্তির সমাক্ জ্ঞানের সঙ্গে শ্রহা তক্তি ও দৃঢ় সঙ্করের সংযোগ হয়। এই আচারে নিজ বর্ণাশ্রমধর্ম পালন করও: আছাকে দেবীরূপে চিস্তা করে দেবীর পূজা করতে হয়।

বহিংগুছি ও অন্ত:গুদ্ধি এবং শাস্তাস্থীলনের হারা প্রাপ্ত জানকে সাধক এই আচারে বছমূল করার চেষ্টা করেন। বেদাচার থেকে দক্ষিণাচার পর্যন্ত আচারচতুইয়কে প্যাচার বলা হয়। কারণ এই আচারগুলি পশুভাবের অন্তর্গত। এই দক্ষিণাচার পর্যন্তই প্রকৃতিমার্গের সাধনা বিহিত। ৮

- ১ ভাৰ উর আচার, ক শ অ, পৃ: ৪২১
- · ভাব खेब जाहात, क म ज, गृ: 823
- সর্বত্র পিতৃবেবালো ব্যাল্ভবতি বন্ধি:। দেবী র বন্ধিবা বন্ধাৎ ভাষাক্ষিপ উচাতে।
   কালিকাপুরাধ্বনে, ক্রা ল বা, মোক ২২০-এর সৌ আ, পুর ১৮৬-৮৪
- · S. S., 4th Ed., p. 156 · 歌(中) 東東 3。
- १ कार केंग्र जाहोत, क न ज, गूर कर 👂 ई. ई., 44के 15d., p. 156

## <u> গাবলোপার</u>

দক্ষিণাচারের সাধনারও মৃক্তিলাভ হতে পারে। কিন্তু কোনো কোনো खेळी এ
সাধনাকে বিশেব শ্লাঘা মনে করা হয় নি। বৈষন কৌলাচারের সঙ্গে দক্ষিণাচারের তুলনা
করে গন্ধবিভয়ে বলা হয়েছে—উভয় আচারেই ভবললিও পার হওয়া যায় বটে, তবে দক্ষিণাচারে
ছয়েও এবং কৌলাচারে য়থে পার হওয়া য়ায়। দক্ষিণাচারে পার হওয়া যেমন কল্সীতে
ভয় করে সাঁতার দিয়ে পার হওয়া আর কৌলাচারে উত্তম পোতে আরোহণ করে পার
হওয়া।³

অবশ্য এ মন্তব্য সাম্প্রদায়িক। কাজেই এ সম্বন্ধে তীব্র মতভেদ থাকবে।

বাসাচার—দক্ষিণাচারের পরবর্তী আচার বাসাচার। বাসা অর্থাং স্ত্রীলোক নিরে এই আঁচারে সাধনা হয় বলে একে বাসাচার বলা হয় শিক্ষিত সাধারণের মধ্যেও এ রক্ষ একটি ধারণা প্রচলিত আছে। কিন্তু এটি আন্ত ধারণা। বাসাচারের মর্ম সাধারণের অজ্ঞাত্রনেই এ রক্ষ আন্ত ধারণার সৃষ্টি হয়েছে।

বামাচারী কোনো কোনে। সম্প্রদায়ের সাধুরা নৈষ্টিক ব্রন্ধচারী; ওঁরা স্ত্রীলোক নিমে সাধনা করেন না। এই ধরণের বামাচারীদের মধ্যে আছেন ওবদ সাধুরা; বটুক ভৈরবের উপাসকেরা; কয়াধারী সম্প্রদায়; গোরক্ষনাপ, সিতনাথ এবং সংক্রেন্তনাপের মহন্তর্তীরা। কাজেই বামাচার সম্বন্ধে সাধারণের ধারণা বে ভ্রান্ত সে-বিষয়ে সংক্ষেত্র নাই।

তম্পান্থবিদ্ সাধনমর্মজ্ঞ ব্যক্তিরা বামাচারের কি ব্যাখ্য। দিয়েছেন দেখা বাক। স্বামী তারানন্ধ তীর্থ লিখেছেন — নিকক্ততে বাম শব্দের অর্থ করা হয়েছে প্রশক্ত। তুর্গাচার্ব বলেছেন বারা প্রজ্ঞাবান্ তারাই প্রশক্ত (ব এব হি প্রজ্ঞাবন্তক্ত এবহি প্রশক্তা ভবন্তি)। কাজেই প্রশক্ত অর্থ প্রজ্ঞাবান্। এর বারা প্রমাণিত হয় প্রশক্ত বোগার নামই বাম এবং এই বোগার হে-মার্গ তাই বাম্মার্গ। কাজেই বামাচার অর্থ প্রশক্ত বোগার অবলম্বিত স্বাচার।

বামশব্দের অফুরূপ অর্থ করেছেন কোন্তিগা। তিনি পাশুপতস্ত্তের (২।১) ভাস্কের বামশব্দের অর্থ করেছেন শ্রেষ্ঠ। কাজেই শ্রেষ্ঠ সাধকের আচার বামাচার।

- উভাভাবিশ নভাং ভাততু ই হবপরোনিবিব ।

   দক্ষিণেনাপি কৌলেন ছুমেবনাপি ক্ষেন চ ।

   ক্ষমন্ত্রশৈক জুং পোত্রবর্ণে বাধ্ব বিব ।—প ত ৩৭।৩৩-৩৪
- ₹ 8. 8., 4th Ed., p, 163 বাৰবাৰ্যকা বৰাৰ্য বঞ্জপ,: ক শ আ, পৃ: ১৪৯
- অংশবা অনেকা অনেকঃ অনককঃ অন্তিশক্তা উক্ৰাঃ হানীবাং পাকঃ বানা
  ব্ৰুলিভি চল প্ৰাক্ত নাবানি।—নিবটা পাদ
- কৌতিশ্য খে-অর্থ করেছেন ভার সমর্থনে এই লোকটি উভার করেছেন
  "পুরুষধান্তন্ত্রেপুত্রি ভূলালক্ষা। বাসঃ ত্রেটেববক্রের সম্বর্থের কীভিতঃ।"

' মেরুতত্ত্বে বামাচারে অধিকারী সাধকের সম্বন্ধে বলা হয়েছে—পরস্রব্যের প্রতি বিনি অন্ধ, পরস্ত্রীর সম্পর্কে নপুংসক; পরনিন্দায় মৃক এবং সর্বদা জিতেন্দ্রিয়, সেই ব্রাহ্মণেরই আছে বামাচারে অধিকার।

এর থেকে স্পষ্টই বোঝ। যায় শ্রেষ্ঠ প্রশস্ত সাধকই বামাচারী হতে পারেন এবং এ রকম সাধকের আচারই বামাচার।

বামাচারের অক্ত ব্যাখ্যাও আছে। স্বামী সারদানন্দ লিখেছেন — "বাম-শব্দ এখানে 'বিপরীত' অর্থবাচক। অর্থাং পঞ্চমকারাদি গ্রহণে ইতরসাধারণে ঘে-অসংযত আচরণ করে থাকে তদ্বিপরীত আচরণযুক্ত হয়ে পূর্ণসংযমে প্রতিষ্ঠিত থাকতে শিক্ষা দেওয়া বামাচারের উদ্দেশ । অথবা এই সব পদার্থগ্রহণে ইতরসাধারণের মনে অধর্মভাবের উদ্দীপনা হয়, তদ্বিপরীত, স্থাকু ওলিনী শক্তিকে জাগরিত করে সাধককে অধিকতর ধর্মভাবাপন্ন সংযত করা ঐ আচারের লক্ষ্য।

তম বলেন কুওলিনী জাগরিত হয়ে সহস্রারে উঠবার সময় মৃলাধার হতে আরম্ভ করে প্রতিচক্রকে বামাবর্তে পরিবেষ্টন ও তচ্চক্রস্থ বর্ণদকলকে নিজাক্ষে মিলিত করে নেন, সমাধির পর নামবার সময় প্রতিচক্রকে দক্ষিণাবর্তে পরিবেষ্টন করতে করতে নামেন। কুওলিনী শক্তিকে এই বামাবর্তে পরিভ্রমণ করিয়ে সহস্রারে উঠিয়ে সমাধির শিক্ষা বে-আচার দেয় ভাই বামাচার।"

বামাচারের ব্যাখা। অক্সভাবেও করা হয়। "বামাচার শব্দের অর্থ প্রতিক্লাচার। দক্ষিণাচার পর্যন্ত সাধক বে-ভাব অবলম্বন করে চলে এসেছেন তারই প্রতিক্ল ভাব অবলম্বিত হয় বামাচারে। দক্ষিণাচারের চরম অবস্থায় সাধকের মনে নির্বেদের বীজ অস্কুরিত হয় আর তা হলে আধ্যাত্মিক উন্নতির আবেগ ক্রমশা বাড়তে থাকে। সাধক এ যাবং সংসারে থেকেই সব কাজকর্ম করেছেন কিন্তু এখন তিনি সংসারবন্ধন থেকে মৃক্ত হবার জন্ম চেষ্টা করতে থাকেন। আর এই জন্মই তিনি বামাচার বা প্রতিক্লাচার অবলম্বন করেন।"

তন্ত্রমতে পরশিব থেকে ক্ষিতি তব পর্যন্ত বহির্থী স্করিপ্রবাহ সার ক্ষিতিভক্ত থেকে পরশিব পর্যন্ত তদ্বিপরীত লয়প্রবাহ। প্রথমটি প্রবৃত্তি, বিতীয়টি নিবৃত্তি। প্রবৃত্তিনুদ্ধ জীবের সংসার, জীব নানা সংস্থারাদির পাশবন্ধ পশু আর নিবৃত্তিমে্থ জীব পাশন্ক শিব। প্রেই

<sup>&</sup>gt; প্রচব্যের বোহকশ্য পরপ্রীর নশ্নেকঃ। পরাপ্রাকে বাে মুকা সর্বলা বিজ্ञিকেরিয়য়:।

তিক্তব ব্যাহ্রলক্সাত্র বাবে স্যাদ্ধিকারিত। —য়: বাম্যার্গকা ববার্ধ বন্ধপ, ক ল অ, পুঃ ১৪৯; ঈবং

পাঠায়য় সহ এই বচন পুরশ্চর্যার্থ প্রথম বাবের ২০ পুর্তার উজ্জ হরেছে।

২ ভারতে শক্তিপূজা, ১ম সং, পৃঃ ১০২-১০৩

छात्र छेत्र जाहात्र, क ल ख, गुः वर्ष्य

লক্ষ্য করা গেছে বাম অর্থ বিপরীত। স্টাবের বাভাবিক প্রবৃত্তির বিপরীত নিবৃত্তি। সেই নিবৃত্তিমূলক সাধনা বে-আচারে বিহিত তাই বামাচার। সহত্র কথায় বলা যায় প্রবৃত্তির বিপরীত মার্গের সাধনা বে-আচারে বিহিত তাই বামাচার। প্রবৃত্তির পথে নিবৃত্তির সাধনা বামাচারের বিশেষত্ব।

স্বামী প্রত্যগাত্মানন্দ লিখেছেন —বামাচারের ভিত্তি গভীর নির্তিজ্ঞান। বে-প্রক্রিয়ায় জীবের সংস্কার ও প্রকৃত্তির পাশ স্ট ও সংরক্ষিত হয় এবং দ্বীব সেই পাশের স্বারা বন্ধ পশু হয়ে যায় সেই প্রক্রিয়াকে একেবারে উপ্টে দেওয়া এর লক্ষ্য।

খামী দ্বী আরও নিথেছেন — বে-সব পাশ দ্বীবকে বন্ধ করে রেখেছে তাদের এমনিভাবে রূপান্তরিত করতে হবে, তাদের এমনিভাবে নিয়ন্ত্রিত করতে হবে, বাতে তারা বন্ধনমৃত্তির কারণ হয়ে উঠে। এ বিষয়টি তন্ধে বড় স্থান ভার বিজ্ঞান বিজ্ঞান হয় । বিজ্ঞান বিজ্ঞান বিজ্ঞান বিষয় প্রত্যাপি করে প্রাণনাশকারী বিষয় সমুত হয়ে উঠে। এর মহুনিহিত তন্ত্রটি অল্রাস্ত। এই তন্ত্রই তথাক্ষিত বামাচারের সাধনা ও সিদ্ধান্তের ভিত্তি।

বাহ্ব মন্ত্র্ছানের দিকে লক্ষ্য রেখেও বামাচারের ব্যাখ্যা করা হয়। বাড়বানলীয়তন্ত্রে মাছে—বে-আচারে পঞ্চমকার ব্যবহৃত হয় এবং বাম হাতে পূজা জপ ও হোম হয় তাই বামাচার আর তার বিপরীত দক্ষিণাচার। অবশ্য তন্ত্রজ্ঞ পণ্ডিতেরা এরপ ব্যাখ্যার উপর কোনো গুক্ত আরোপ করেন না।

বিভিন্ন বামাচার—তত্তে বামাচার কথাটি ব্যাপক অর্থে ব্যবস্থত হয়েছে। বিভিন্ন রক্ষের সাধনা বামাচার এই সাধারণ নামে অভিহিত হয়েছে দেখা ধায়। মেকুতত্ত্বে শাবর সিদ্ধান্ত চীন বাম ও কৌনিক এই পাচ প্রকার বামাচারের উল্লেখ আছে। উক্ত তত্ত্বের কথায়—কৌলিক বা কৌনাচার অক্ষ্রভানীয়, বামাচার তর্জনীত্ত্বা, চীনক্রম বা চীনাচার মধ্যমান্থানীয়, সিদ্ধান্থাচার অনামিকাত্ত্ব্য আর শাবর কনিষ্ঠাত্ত্বা। তাতের পাচ আক্স্

- ৰামা বিক্লছন্ত্ৰপং তু বিপরীতং চ উরতে। বামেন মুখদা দেবী বামদেবী ততঃ শুতা।
   —দেবীপুরাণবচন, লঃ ল স ১৪৮-এর সৌ ভা, পৃঃ ১১৬
- Rantra As A Way Of Realisation, C. Her. I., Vol. IV. p. 228
- 9 Ibid p. 281
- তুলনীর—বৈরেব প্তনং এবাঃ সিভিত্তৈরেব চোলিতা।—কু ত ।।।
- ে বোগাং প্ৰদক্ষিণাং বামহত্তন পূজনাং। জপাছোমাজ বাম ভাছজিণত্তবিপর্বরাং।
  - अः पू ह, छः ) पृः २०
- कोलिटक १२ कुंडेकार आरखा बामः काक्नक्तीनमः। ठीमक्तमा मधामः नार्थ निकाकीत्वार्यद्वां करवर।
   कृतिकेः नायता वार्ग हेिछ बामक गक्या।—कः मे, गृः २२

ং বেষন আঙ্গুল এই সাধারণ নামে পরিচিত তেমনি উক্ত পাঁচটি আচারও বামাচার এই সাধারণ নামে পরিচিত।

সাধারণতঃ বামাচার শাক্তদের মধ্যেই প্রচলিত মনে করা হয়। সন্ধানী ব্যক্তিদের মতে এরপ ধারণা আন্ত। কেন না জানা যার বামাচারের সাধনা শাক্ত ভিন্ন অন্ত সম্প্রদারেও প্রচলিত ছিল। এমন কি বৌদ্ধ ও জৈনদের মধ্যেও বামাচারের উল্লেখ পাওয়া যায়। ত্রুবচনেও এই অভিমতের সমর্থন পাওয়া যায়। বেমন শক্তিসক্ষমতন্ত্রে বলা হয়েছে—কোথাও কোথাও গণেশোপাসক, কল্পোপাসক, বিষ্ণু-উপাসক, স্বর্যোপাসক এবং স্বয়য়ৢ-উপাসকদের মধ্যে বামাচার দেখা যায়। বৈদিকদের মধ্যেও কোথাও কোথাও বামাচার আছে। তৈরবেরা (শৈবস্প্রভাগর) বামাচারতংপর। ক্ষেত্রপালের উপাসক, চীনক্রমের সাধক এবং কাপালিক—এঁরা বামাচার-পরায়ণ। পাভপতেরাও বামমার্গে প্রতিষ্ঠিত। বৌদ্ধ, কেরল, বীর-বৈষ্ণব, শাস্তব, চাক্র এবং অঘার-সম্প্রভাগরের লোকেরা বামমার্গপরায়ণ। বামাচারীদের মধ্যে কালাম্থ, ভাণ্ডিকের, দিগদ্ব—এঁরাও আছেন। শক্তিসক্ষমতক্রের আলোচা উল্লিব ইণ্ডিয়ালিক যাথার্থ্য নির্দ্ধারণ করার মতো কোনো উপাদান সামরা পাই নি। কাল্লেই এ সম্বন্ধে কোনো স্থির সিদ্ধান্তে উপানীত হওয়া যায় না। তবে সাধারণভাবে বলা যায় উপরে বাম্যাচারের যে বিভিন্ন ব্যাখ্যা লক্ষা করা গেছে তার পরিপ্রেক্ষিতে শাক্ত ভিন্ন অন্ত সম্প্রদায়েও বামাচারের সাধনা প্রচলিত থাকা খুবই সম্ভব্যর।

বামাচারলক্ষণ নামাচারী সাধক সম্পর্কে নিত্যাত্তরের নির্দেশ নাধক দিনের বেলা ব্রন্ধানী হয়ে সমাহিত্যিত্তে দেবীর অর্চনা করবেন মার রাত্রে পঞ্চত্তরের মারা অর্চনা করবেন। পঞ্চত্তরের অভাব হলে অভকরের মারা অর্চনা করবেন। এ ছাড়া মারও অনেকগুলি বিধিনিবেধ তাঁকে মেনে চলতে হয়। যেমন ত্রিন বৈদিক ক্রিয়াকর্ম পরিভাগে করবেন, তহাকে প্রাম্বতর্পগালি করবেন, বিকৃপ্তা ও বিকৃনাম উচ্চারণ করবেন না মার তুলসীপত্র ম্পান করবেন না ।

- 5 S. S., 4th Ed., p. 537
- কচিন্গণেশক্তরেণ্ বিক্সেরিবর্গভূবে। বামাচারো বৈদিকেইপি ভৈরবা বামতংপরাং।
   ক্ষেত্রপালা বামপরান্টীবাং কাপালিকাল্পনা। তবা-পাক্ষপতা দেবি বামবার্গে প্রতিক্তিতাঃ।
   বৌদ্ধান্ত কেরলা বে চ বীরবৈক্ষপান্তবাং। চাজাক্ষ্যোগা বেবেশি বামাচারপরার্শাঃ।

-- 4 7 8, 81 4, 3132-38

- o ś. ś., 4th Ed , p. 168
- দিখনের মর্কেশানি ব ক্ষারী সমাহিতঃ। প্রকৃতভাসুক্তরের রাজ্ঞী দেবীং সম্প্রতরেং।
   ক্রা থা ছো, কার্ড ৭, পরিঃ ১, ব নং, পৃঃ ৪৯৮ ।
- चलार गर्वजनानावम्बनः करनी वृत्त ।—निकिताक्क्षकः, कः के नृर ३०० कः दिने व, नृर ३०

আচারভেদতত্ত্ব বামাচার সবদ্ধে একটি গৃঢ়তত্ত্বের নির্দেশ দেওরা হরেছে—বামাচারী দাধককে বামা হয়ে পরাশক্তির আরাধনা করতে হবে। পালকের বাঝানার কেনুবছে বামাশব্যের বাঝায় বলেছেন—প্রলয়ের দময় বট্তিংশতত্ত্ব বার বারা নিংশেবে কবলীকৃত হরে বার মধ্যে বীজাকারে স্ক্রশরীরে অবস্থান করে এবং দেই দেই বীজের দেই দেই ক্লপে অক্স্রিভ স্থুল শরীরও বার মধ্যে অবন্থিত দেই শিবাকে বামা বলা হয়। বিশ্বকে বমন করেন বলে দেবী বামা এইটি বামাশব্যের বৃংপত্তিগত অর্থ। প

কাজেই দেখা ৰাচ্ছে সাধক দেবীভাবাপন্ন হলে পরেই বামাচারে সাধনা করতে পারেন, নৈনে পারেন না।

বামাচারে সাধ্যা—বামাচারে দেবীর সব রূপের সাধনা হয় না। কোন কোন রূপে দেবী বামাচারে সাধ্যা এবং কোন কোন রূপে দক্ষিণাচারে সাধ্যা তন্ত্রপান্তে ভারও নির্দেশ দেওয়া হয়েছে। শক্তিসক্ষতন্ত্র অনুসারে কালী তারা হন্দ্রী ভৈরবী ছিন্নমন্তা মাতৃলী বগলা—এঁর বামাচারপ্রিয়া এবং বামাচারে সিদ্ধিদারিনী। আর কমলা ভ্রনেশ্রী বালা ধ্যাবতী—দক্ষিণাচারে এঁদের সাধনায় সিদ্ধিলাত হয়, তবে বামাচারেও হয়।

কঠিন সাধনা—সাধারণতঃ বামাচারের সাধনা হয় পঞ্চত্ত্বোগে। পঞ্চত্ত্ব সহত্বে পরে আলোচনা করা বাবে। এখানে শুধু এইমাত্র বলা বায় বে পঞ্চত্ত্বোগে সাধনা অত্যন্ত কঠিন। বামাচারের সাধনা যে কত কঠিন রুদ্রখান্তের নিয়েছত বচন থেকে তা অহমান করা বেতে পারে—বামে রতিকুশলা রমণী, দক্ষিণে মহাপাত্র, সম্বাপ্ত চণকবটিকারপ (ছোলার ভালের বড়া) মুদ্রা আর ম্থক্তছির জন্ম শ্রণ, কাছে সরস মধ্র হারে তন্ত্রী-বীণা বাজতে থাকে, সন্ত্রুক থাকেন আর চলে সংকথালাপ— এই বামাচার। এ আচার পরম গহন, বোগীদেরও অগ্যা।

১ বাষাচারো ভবেং ভত্র বাষা ভূষা বজেং পরাষ্।—জ: T. T., Vol. IX, p. 7.

২ কৰণীকৃতালাং লিঃলেৰাণাং ৰট্জিংশতভ্ৰৱালাং বালি ৰীজালি হক্ষণত্তীসক্ষণাণি বালি চ ছুলশসীক্ষণি তত্তসভ্ৰাণি তত্তজ্পত্তলা ছিতা সতীলং শিবা বাষেত্যচাতে । বাৰা বিৰস্য বসনাদিতি বৃংশক্ষিঃ।

<sup>-्</sup>यां नि, शप-अत्र त्म व

৩ কালী তারা ছিল্লবন্তা স্করী বসলামুখী। ভৈত্নী চৈব সাজলী বাসাচারপ্রিরা সলা।—শ স ভ, ভা খ, ১১৯০

কমলা ভুবনা বালা ভবা ধুবাবতী শিবে। বিশ্বশাচারবোগের সিশ্বভোব ব সংশয়ঃ।
 বামাচারেণাপি ভবা সিশ্বভোব মহেবরি।—ঐ ১৮৫-৮৫

বামে রামা রম্পর্শলা দক্ষিণে চালিপাত্রন্থ অত্রে মৃত্যাক্রণক্ষটকা প্রপাক্তিভিছিঃ।
 ভরীবীপা সরস্বযুরা সক্তর্জা সংক্ষালাং বামাচারঃ প্রমণ্ডবো বোগিলামপ্রগমাঃ।

<sup>--</sup> अः भू ह, छः ३, गृः २०-२१

অধিকারী — কল্রথামলের বচনটির তাৎপর্য এই বে চিত্রবিকারের এ রক্তম উপকরণপ্রাচ্র্য থাকা সন্তেও দে-সব সাধক অবিচলিত মানসে দেবতাধ্যানতৎপর থাকতে পারেন সেই-সব্ ধীরবর্ষ সাধকেরাই বামাচারে অধিকারী, বিষয়লপ্পটেরা নয়। আমরা পূর্বেই বলেছি এ রক্তম সাধককে দেবীভাবাপর হতে হবে। এই প্রকার লক্ষণযুক্ত বীরভাবের যোগী সাধক বামাচারে অধিকারী।

বর্ণতেক—আবার বর্ণের বিচারে কোন কোন বর্ণ বামাচারে অধিকারী সে সম্বন্ধেও তন্ত্রশান্ত্রের নির্দেশ আছে। ব্রাহ্মণ ভিন্ন অন্ত ভিন বর্ণের বামাচারে অধিকার সাধারণভাবে সবতত্ত্বেই স্বীকৃত বলা বায়। ব্রাহ্মণ সম্বন্ধেও সাধারণ মত এই যে প্রোতাচারপ্রই ব্রাহ্মণের। বামাচারে অধিকারী। বাড়বানলীয়তন্ত্রাদিতে প্রোতাচারসম্পন্ন ব্রাহ্মণের পক্ষে বামাচার নিবেধ করা হয়েছে। যেমন বাড়বানলীয়তন্ত্রে বলা হয়েছে—ব্রাহ্মণ করিয় ও বৈক্ষেরা ক্ষমার্গে অর্থাৎ ক্ষিণাচারে অধিকারী। বিন্ধ (এখানে বিন্ধ অর্থ প্রোতাচারসম্পন্ন ব্রাহ্মণ) ভিন্ন অন্ত তিন বর্ণ বাম ও কৌলাচারে অধিকারী। ক্ষমার্গপ্রই ব্রাহ্মণ বামমার্গগামী হলে ইহলোকেই সিদ্ধি অর্থাৎ ভূক্তি পাবেন কিন্ধ কখনে। মৃক্তি পাবেন না। বেদমার্গত্যাগ্য কৈবল্যেছাবর্দ্ধিত সিদ্ধিকামী ব্রাহ্মণ নরকে বাবেন। যে-সব ব্রাহ্মণ বেদমার্গ ত্যাগ করে তত্ত্বমার্গ অবলম্বন করবেন তারা নরকভোগ করার পর ব্রহ্মরাক্ষম হবেন। বেদসম্বত তান্থিক ক্ষিণমার্গের অন্ত্রসরণ করলে ব্রাহ্মণ ইহলোকে নানা সিদ্ধিলাত করবেন এবং দেহাত্তে অমৃতহ লাভ করবেন।

মহাকালসংহিতায় ওধু আদ্ধান নয়, ছিজের পক্ষেই বামাচার নিষেধ করা হয়েছে। বলা হয়েছে শুল বামাদি আচারে আরাধনা করবেন। পরশ্চর্যার্থবে এই বচনের বাাখা করে বলা হয়েছে ছিজ বলতে আদ্ধান করিয় ও বৈশ্য বৃষ্ঠেত হবে। বামাদি শন্তের ছার। কুলাচারও বৃষ্ঠান হয়েছে। কুলাচারও শৃদ্ধের পক্ষে প্রশন্ত নয়র বিশ্বের বাধার। কুলাচার প্রশন্ত নয়, নিবিদ্ধাও নয়। আদ্ধানের পক্ষে কুলাচার নিবিদ্ধা। সিদ্ধান্তারেও

<sup>&</sup>gt; जः भू ह, छः >, भृः २१, भारतीका ।

বুজিলাঃ ক্ষত্রিরা বৈক্তা দক্ষমার্গাধিকারিশঃ। বিজ্ঞবর্ধান্তরো বর্ণা বাজকৌলাধিকারিশঃ।

ক্ষমার্গপরিতারী বুজিলো বাসমার্গপঃ। ইটেইৰ সিভিজ্ঞান্তে লাগবর্গং কলাচন ।

ক্ষেমার্গপরিতারী কৈবলোক্ষাবিবজিতঃ। সিভিকামী বাসমার্গী বুজিলো নারকী তবেং।

ক্ষেমার্গং পরিতালা তর্মার্গকৈতংপরাঃ। ব জিলা বিরব্ধ ক্ষুকুর্ব তবের্গু ক্ষরাক্ষরাঃ।

ক্ষিকং তারিকং মার্গং ক্ষিকাং বুজিলাকরন্। ইক্ সিভীজরা ক্ষ্মা বেকাকেংস্করপুতে ।

——মাং ঐ, পাঃ ২২-২৩

<sup>🕈</sup> नानांत्रिना नत्वन्छ ृत्वा विकारनन विकारताः।—जः वे, गुः २० 🔞 जः वे

বলা হয়েছে আন্ধণ কুলাচার অবলখন করবেন না, করলে তাঁর আন্ধণ্যহানি হবে। কুলাচার সহজে এই মত কিন্তু স্বাই স্বীকার করেন না। তবে কুলাচারের কথা প্রসঙ্গক্রমে এসে গেছে। এ সম্বজ্ব পরে আলোচনা করা বাচ্ছে।

মেকতত্ত্ব রান্ধণের রন্ধবিছা, রান্ধণাচার, রান্ধণসংস্কার, রান্ধণপিতা ও রান্ধণীমাতা এই পাঁচটি লক্ষণ নির্দেশ করা হয়েছে। বলা হয়েছে এই পঞ্চলক্ষণযুক্ত রান্ধণের পক্ষে বামাচার নিষিদ্ধ। কিন্তু চতুলক্ষণযুক্ত এবং একলক্ষণযুক্ত রান্ধণের পক্ষে বামাচার কলপ্রদ।

ভবে সাধারণভাবে মেরুতন্ত্রেরও অভিমত — বামমার্গে শৃস্তাদি-ঘবনাস্ত লোকেদের সিদ্ধিলাভ হয়।\*

বামমার্গী ব্রাহ্মণ—বামমার্গন্থিত ব্রাহ্মণ সম্বন্ধে এই তন্ত্রের নির্দেশ— বামুমার্গী ব্রাহ্মণ কথনো তুলদী স্পর্শ করবেন না, বৈষ্ণব ব্রাহ্মণকে স্পর্শ করবেন না, বেদমার্গী ব্রাহ্মণকে প্রণাম করবেন না। আমাকে বন্ধুবাহ্মবেরা নিন্দা করুক, স্বীপুত্রাদি ত্যাগ করুক, আমাকে দেখে লোকে হাত্মক, রাজা আমাকে দণ্ড দিন, রোগদারিন্ত্র্য এ-সব হৃংথের ছারা সর্বদা আমি পিড়িত হই, লন্ধী থাকুন আর যান, তব্ আমি এই পথ পরিত্যাগ করব না— বামাচারের সাধনার প্রতি বে-ব্রাহ্মণের নিষ্ঠাভক্তি এমনি দৃঢ় তিনিই এতে সিদ্ধিলাভ করতে পারবেন।

কথাগুলি বামাচারপরায়ূণ ব্রাহ্মণ সম্বন্ধে বঙ্গা হলেও সাধারণভাবে সাধক্মাত্র-সম্পর্কেই প্রযোজ্য।

উপরে উদ্ধৃত তম্বচন পর্যালোচন। করলে স্পষ্টই বোঝা যায় অস্তত্পক্ষে মেকতপ্ত রচনার সময়ে বান্ধণের পক্ষে বামাচার তাঁর আত্মীয়খজন বন্ধুবান্ধবের এবং সমাজের কাচে আনৃত চিল না।

বামাচার ও দক্ষিণাচার—তবে বামাচার আন্ধণের পক্ষে নিষিদ্ধ কিনা এ বিবয়ে

वाक्ताशिमार्क्ष्वार क्लाठांबा न ठाठांबर।—जः शू ठ, छः ३, शः २८

२ वृक्षतीकः छवा क्क्काः माध्यका वृक्षमक्षताः । वृक्षणाञ्चलाम् वृक्षविद्यांचि जीकाणां करवर ।-- कः खे, शृः २०

० हजूर्तकनमाबूरका बावच्छ कनश्रवः।—प्रः ते, शृः २७

बक्नक्नमःदृक्ता वावत्त्व क्नश्राः ।—प्रः वे

मृजावियवमाञ्चानाः तिष्ठिवामनाव विका ।—जः अ

বামবাগছিতে। বিপ্রস্তুলনীয়ে ম কচিং স্পূলেং। ম স্পূলেকিফবং বিপ্রাং প্রণমের চ বৈদিকন্।
কিন্তু বাছবাঃ সংবি ভালত প্রীস্তাদরঃ। জনা হনত মাং দৃষ্ট্, বাজামো দঙ্যত বা ।
রোপদারিপ্রান্থপাল্যে: শীড়িভোংগানিশং ছহন্। লালীতিঠতু বা বাতু ন মুকামি পদং ছিদন্।
এবং বস্তু দুঢ়া ভক্তিঃ স বাবে সিভিমাগুলাং।—সঃ ঐ

<del>বৰ্ববাহিনসভ কোনো নিছাত্ত পাওয়া বায় না।</del> তা ছাড়া বামাচার ও দক্ষিণাচার এই উভয় चांচার সম্বন্ধে ধারণাও সর্বত্র একরকম ছিল মনে হয় না। একটি দৃষ্টাস্ত দেওয়া বাক। ভাষ্কররাম্ব বামমার্গ ও দক্ষিণমার্গ সম্বন্ধে বে-আলোচনা করেছেন ( ত্র: লু স, সে ব, পৃ: ১৮৩) ভার উল্লেখ আমরা পূর্বেই করেছি। দেই আলোচনায় তিনি বামমার্গ ত্রাহ্মণের পক্ষে নিবিদ্ধ धवन कथा बलन नि चात चमराजत ममर्थरन कानिकार्ग्रतान (थरक रय-मर वहन छक्का করেছেন ভাতেও এ রকম কোনো কথা নাই। ভারুররায় দক্ষিণমার্গ ও বামমার্গের আলোচনার লিখেছেন - বামমার্গে স্ব স্ব বর্ণাশ্রমবিহিত ঘাবতীয় কর্ম, অগ্নিহোত্রাদি শ্রোভকর্ম অটকাদি স্মার্তকর্ম, মন্ত্রসিদ্ধ্যাদি তান্ত্রিক কর্ম-এই-সব কর্মে যে যে দেবতা প্রধানভত বা অঞ্কলত তাঁদের স্থানে সর্বত্র সাধকের স্বীয় উপাক্ত দেবতার ভাবনা করতে হবে; শেই দেই দেবতাবাচক পদের পরে স্বীয় উপাক্ত দেবতাবাচকপদ বিশেক্তরূপে সর্বমন্ত্রে ব্যবহার করতে হবে। এক্রপ মার্গে দেবঋণ ঋষিঋণ এবং পিতৃঋণের পরিলোধ হয় না বলে পাতক ছর। দক্ষিণমার্গে শ্রোতাদিকর্মের অঙ্গদেবতাস্থানে স্বীয় উপাদা দেবতার ভাবনার নির্দেশ ৰাই। তা ছাড়া বে বে দেবতাবিষয়ক শাম্বে বে বে কর্মবিহিত হয়েছে সে-সব কর্ম সীয় উপাদ্য দেবতার আরাধনার অঙ্গ এমন কোনো বিধি নাই। এই জন্ত এই মার্গে পূর্বোক্তরণ ৰণৰোধের অভাবন্ধনিত পাপ হয় না বলে এই মার্গে রুটিতি মোকলাভ হয়। বামমার্গেও **যোক্ষাত হয় কিন্তু পূর্বোক্ত ব**ণশোধের অভাবজনিত কিয়ৎকালের প্রতিবন্ধকের জন্য কিঞ্চিৎ বিলম্বে হয়। বামমার্গের অফুষ্ঠান কঠিন এবং এতে মোক্ষণাভও বিলম্বে হয়। তবু শিষ্ট ব্যক্তির বাষমার্গে প্রবৃত্তি হয় কেন ? তার কারণ ইহস্তরেই ভাগমন্দ ঐহিক ফলভোগের নিকার মোকসাতে বর বিলম সহ করা যায়। বামমার্গ ভূকিম্কি প্রদান করে বলে বৈৰয়িক শিষ্ট ব্যক্তিদের এতে প্রবৃত্তি হওয়া সম্ভব। কিন্তু ঐতিক ভোগবিরক্ত শিষ্ট

<sup>&</sup>gt; তত্ৰ বাসমার্গো নাম ব্যবর্গাত্রমবিভিতানি বাবন্ধি কর্মানি, ক্রোতান্তরিহোরাদীনি, ন্যাতান্তরীকামীনি, ভারিকালি মন্ত্রমালীনি, তের সর্বের্ বা বা দেবতাঃ প্রধানকৃত। অলকৃতা বা ভক্তংগারে বোপান্তামের বেবতাং সর্বজ্ঞ ভাররেং। ভক্তমেরভাবাচকপদোরকঃ বিশেষদেন ব্যবহারাচকপদা সর্বমন্ত্রের বিভিপ্নেমিভানিকারকঃ। ইন্তৃলে মার্গে বেবর্ষিপিভূলামুণলোবনাভাবলকঃ পাতকর। দক্ষিনার্গে ভু প্রোতানিভক্তমকর্মান্তরে বোপান্তমেরতৈর ভারনীয়েতি ন নির্বত্তঃ অপিতু ভক্তমেরভাবিষয়কভন্তের বানি কর্মানি বিহিন্তানি ভরম্বদেরতি সর্বকর্মামুপ্রোধাভাবাদন্মিলার্গে তাদৃবং পাতকং নাথাতি কটিতি হোকাঃ। বামমার্গে ভু বিনর্বিতঃ। কণ্লোধনাভাবের ক্রিকালাং প্রভিন্ন সভিন্ন কেন্ত্রমান্তরিকালাং প্রক্রিমিভারি বাদার্গ ক্রিকালার ব্যবিদ্যালার বিন্নার্গতির বাদার্গ ক্রিকালার ব্যবিদ্যালার ব্যবিদ্যালার বিন্নার্গতির বাদার ক্রিকালার ব্যবিদ্যালার ব্যবিদ্যালার বাম্বার্গির বাদার ব্যব্ধিরিতি বিরব্ধঃ।—ত্রঃ ল স, ২২০-এর সো ভা, পৃঃ ১৮০

ব্যক্তিদের মোক্ষণাতে বিলম্ব দছ হয় না বলে তাঁদের দক্ষিণমার্গেই প্রবৃত্তি হবে এইটিই যুক্তিযুক্ত।

সিদ্ধান্তাহার—বামাচারের পর সিদ্ধান্তাচার। এই অবস্থায় উদ্ধীত সাধক ভোগ এবং ত্যাগের আপেন্দিক মূল্য নির্ধারণ করে এ-সম্পর্কে একটা স্থানিভিত সিদ্ধান্তে উপনীত হতে পারেন। এইকয় এই আচারের নাম সিদ্ধান্তাচার।

সিধান্তাচারে বামাচারের সমস্ত ক্রিয়াকর্ম করতে হয়। তবে এতে অন্তর্গাগের প্রাধান্ত;
অন্তর্গাগের অক্তরণে বহির্থাগ করতে হয়। আহা নিত্যক্তর সিদ্ধান্তাচারী সাধক সর্বদা এই
ভাবনা করবেন। নিত্যাতত্মে বলা হয়েছে—অশ্বমেধ যক্তে অশ্ববলি দিলে ষেমন অশ্বহত্যা
মর্থাং জীবহত্যার পাপ হয় না তেমনি যক্তে কৃত কোনো কর্মে দোব হয় না। শোধনের
ধারা ভাষাক্তম সব ক্তম হয়ে ধায়। এইটি সিধান্তাচারের লক্ষণ।

সমন্ত্রারতন্ত্রে সিঞ্জান্তারপরায়ণ সাধক সহন্ধে বলা হয়েছে—তিনি নিতা স্নান করে শুদ্ধ শুদ্ধবন্ত্র পরে দেবপূলা করবেন। দিনের বেলা বিষ্ণুপরায়ণ হবেন আর রাত্রে যথাল্ক উত্তর পঞ্চতবের হারা ভক্তিসহকারে বিধিমতে। দেবীর আরাধনা করবেন। এক্লপু সাধক সবপ্রকার ফল লাভ করবেন।

এই আচারে সাধককে ভৈরববেশে থাকতে হয় ও সর্বদা কল্লাক্ষমালা অন্থিমালাদি ধারণ করতে হয়। সাধনার এই অবস্থাতেই সাধকের ব্রহ্মানন্দ লাভ হয়। সিদ্ধান্তাচারী সাধকের দক্ষিণ বাম ছই দিক্ই দেখা হয়ে গেছে। এই সময় তাঁর মন স্থিরভাব ধারণ করে এবং তিনি কুলজ্ঞান বা ব্রহ্মজ্ঞানের কাছাকাছি পৌছে যান।

ৰামাচার ও সিদ্ধাস্থাচারের সাধারণ নাম বীরাচার। কারণ উভয় আচারই বীরভাবের অস্তর্গত।

**সময়াচার**—সিধান্তাচারের পর সপ্তম আচার কৌলাচার। কিন্তু কৌলাচারের

- > The Spirit And Culture Of The Tentres, S. R. C. M., Vol. II, pp. 194-195
- २ (को ब्र. ११: ३०
- ও অব্যেথকুতো নৈব বাঞ্ছিতা। যথা ভবেং। তথৈৰ প্রমেশানি বজ্ঞে লোবো ন বিভাতে। শুভাগুড়া ভবেং শুদ্ধা শোধনাদেব পার্বভি। এতদেব মহেশানি সিদ্ধান্তাচারলক্ষণম্।
  - —নিত্যান্তপ্ৰবচন, ডঃ প্ৰা তো, কাও ৭, পরিঃ ২, ৰ সং পৃঃ ৪৯৯
- স্বাতঃ শুক্লাব্বরধরঃ শুরুবেশধরশ্বধা। দেবপ্কারতো নিভাং তথা বিকুপরো দিবা।
   মঞ্জং ক্রবাদিকং সর্বং বধালান্তের চোন্তরন্। বিধিবং ক্রিয়তে জ্ঞান সর্বক ফলং লভেং ঃ—ক্রঃ ঐ
- छाव छेत्र चाहात, क न च, गुः ४२»
- 2

আঁলোচনা আরম্ভ করার আগে সময়াচার নামে অক্ত একটি আচারের কিঞ্চিৎ আলোচনা করা যাছে।

ভাস্কররায় সোভাগ্যভাস্করে লিথেছেন শ্রীবিছার উপাসনায় তিনটি মত আছে—সময়মত, কৌলমত আর মিশ্রমত। ওথানে উল্লেখ করা যায় সময়াচারীরা শ্রীবিছার উপাসক।

সৌন্দর্থনহরীর (শ্লোক ৩১) টীকায় লন্ধীধর লিখেছেন পরম কারুণিক পরমেশ্বর পশুপতি ব্রাহ্মণ ক্ষত্রিয় বৈশ্র শৃত্র এবং নানা সমর্জাতির জন্ম বিবিধ তন্ত্র প্রণয়ন করেছেন। সেই-সব তন্ত্রের মধ্যে মহামায়া শব্র প্রভৃতি চৌষ্ট্র তন্ত্রে শৃত্রাদির অধিকার। এই-সব তন্ত্রে বেদবহিভিত বলে বেদমার্গী ব্রাহ্মণদের জন্ম বিহিত নয়। তিনি আরও লিখেছেন বেদপদ্বীদের জন্ম পরমেশ্বর পশুপতি ওভাগমতয়পঞ্চক প্রণয়ন করেছেন। এই শুভাগমপঞ্চকে বৈদিক মার্গ অনুসারে অনুষ্ঠানসম্হ নির্মণিত হয়েছে। শুভাগমপঞ্চকনির্দিষ্ট মার্গ প্রদর্শন করেছেন বিসিষ্ঠ সনক শুক সনন্দন এবং সনংক্ষার এই পাচজন মৃনি। এই মার্গই সময়াচার।

বসিষ্ঠসংহিতা স্নকসংহিতা ভক্সংহিতা স্নক্ষনসংহিত। এবং স্নংক্ষারসংহিতা এই পাঁচখানি গ্রন্থকে ভভাগমপ্রক বলা হয়।

সৌন্দর্যলহরীর তিবাধারে মূলে সহ সময়য়া লাক্সপরয়া ইত্যাদি লোকের (লাক ৪০) লক্ষীধরক্কত টীকার মর্মানুবাদে প্রধানন তকরত্ব মহাশয় লিখেছেন "তাহাদিগের (সময়াচারীদের) আন্তরপূজা বা মানস উপাসনাই আছে, বাফ্ আধার বা বাফ্ পূজা একেবারে
নাই। ঐচক্রই মূলাধারাদি সাধকদেহত্ব ঘট্চক্রপে পরিণত, ইহা তাহাদিগের মত।
তাহাদিপের মানস পূজার আধার শিরস্থ সহত্রদলক্ষলান্তর্গত চক্রমগুলের মধাত্বান। ভাহার
নাম স্থাসিক্ক, বেদে তাহার নাম সরখা।

সময়াচারিগণ সম্যা-নারী <u>আনন্দতিরবী শক্তি ও সময়-নামা অনন্দতিরব শিবের</u> মানসপুদা সহস্রদলে করিয়া থাকেন। সময়া ও সময় শক্তের বৃংংপত্তি 'সমং সামাং বাতি'—সম শব্দের অর্থ সামা, 'বা'র অর্থ প্রাপ্ত হয়েন। শিবের সামাপ্রাপ্ত শক্তি সময়া, শক্তির সামাপ্রাপ্ত শিব সময়।"

লন্দ্রীধর লিখেছেন শস্তু এবং দেবী উভয়ের সমপ্রাধান্ত সাম্য। সমপ্রধান শিবশিবানীর এই সাম্য পঞ্চবিধ—অধিচানসাম্য অবস্থানসাম্য অস্কুটানসাম্য ক্রপসাম্য এবং নামসাম্য।\*

- ১ সময়মতা ভৌনমতা মিত্রমতা চেতি বিজ্ঞোপাত্তী মহত্রহম্ ৷—ল স, ১৯৪-এর দৌ ভা
- ২ শক্তরাচার প্রস্থালা, ১৯ বণ্ড, পরিবর্ত্তিত ৮৯ সা, পুঃ ৩৭৫-৩৭৬
- ত অতঃ উত্তোঃ সমগ্রাধান্তেনৈর সামাং বিজেপন্। প্রকৃষিধসামাং তু—অধিচানসামাং অবস্থানসামাং অবস্থানসামাং অপুনিন্দামাং ক্রপনামাং নামসামাং চেতি পঞ্চিধং সমগ্রধানগোরের দিবলোঃ।—সৌ ল, লোক ৫১-এর টাকা।

লন্দ্রীধরের পূর্বোক্ত ব্যাখ্যার দেখা যায় সময়াচারীদের পক্ষে ষট্চক্রপূজা বিহিত নর, তাঁহাদের পক্ষে বিহিত সহত্রদলকমলপূজা। এই পূজা আন্তর পূজা।

সময়াচারপরায়ণদের মন্ত্রের পুরশ্চরণ নাই, জুপ নাই, বাছ হোমও নাই। বাজপুজা-বিধিও নাই। হংকমলেই সব অফুষ্ঠান করতে হয়।

সময়াচারীদের মতে আন্তরপুদারতি সময়াচার আর বান্তপুদারতি কৌলাচার। তাই এঁরা কৌলাচারের চেয়ে সময়াচারকে শ্রেষ্ঠ মনে করেন। এঁরা মনে করেন রান্ধণাদির পক্ষে বান্তপুদা বিহিত। বান্তপুদা মাহ্নবের ভোগাদি প্রদান করে বলে তা ক্ষুক্তলপ্রদ। কৌল কপণক কাপালিক দিগম্বর 'ইতিহাস' (ভৈরবমানপ্রমাণ্যবাদীদের ইতিহাস বলা হয়)— এই-সব বামমার্গীভয়্রাদীরা বান্তপুদা করেন। ব্রহ্মবাদী বৈদিকেরা অর্থাৎ ভভাগমপঞ্চকের অন্তসরণকারীরা অন্তরারাধনাপরায়ণ। তারা দীবস্কু হয়ে ত্রিলোকে বিচরণ করেন। বলা বাহল্য এ মত সাম্পানিক। কৌলাচারীরা এটি স্বীকার করেন ন। গ

কুলশান্ত্রোক্ত সময়াচার—কোলশান্ত্রও সময়াচারের কথা আছে। কিন্তু সেথানে সময়াচারের অর্থ ভিন্ন। পরভ্রামকল্লহত্ত্রের বৃত্তিতে রামেশ্বর সময়শব্দের অর্থ করেছেন কুলশান্ত্রপ্রিপাদিত উপাদক ধর্মণ অর্থাং কুলশান্ত্রনির্দিষ্ট বিধিনিষেধ। আবার সময়শব্দের অর্থ গুপুত হয়। কাছেই সময়াচার অর্থ কুলশান্ত্রনির্দিষ্ট আচার বা গুপু আচার উভয়ই হতে পারে।

- > मो ल, त्या ४५-এর টীকা
- ২ ঐ, লো ৩৬-এর লক্ষীধরকৃত দীকা
- সময়াচারো নাম আয়য়পুলারতি:। কুলাচারো নাম বয়পুলারতিরিতি রহস্তম্।
   —সৌল, লো ৮-এর লন্দ্রীবরকৃত টীকা
- ৰাহ্ণপুঞ্জা ন কর্ত্রা কর্ত্রা বাহ্নজাতিতিঃ। সা কুলকলরা নৃশাং এহিকার্থৈকসাধনাং।
   বাহ্ণপুঞ্জারতাঃ কৌলাঃ কপশাক কপালিকাঃ। বিসন্বরাকেতিহাসা বামকান্তরবাদিনঃ।
   কীৰ্লুক্তাকরস্ভোতে ত্রিবু লোকেরু সর্বলা ।—সলংকুলারসংহিতাবচন, জঃ সৌল, লো ৩২-এর লন্দ্রীবরকৃত টীকা
- লল্মীখর কুলশান্তের সঙ্গে পরিচিত ছিলেন মনে হয় লা। "কুলগ্রন্থে কৌল সাধকের পক্ষে অন্তর্গাধই
  মুখ্যক্রপে বিহিত হইয়হেছ।" কাল্টেই বাফপুলারতি কৌলাচার এ উজ্জি বধার্থ নয়।—য়ঃকৌর,
  পুঃ ৫২, পারটাকা

পরশুরামকরস্থতে বলা হয়েছে আরম্ভ তকুণ যৌবন প্রোচ তদুস্ত উন্মন এবং <u>অনবস্থ</u> এই <u>সিপ্ত উর্লাসের</u> মধ্যে প্রোচ পর্যন্ত সময়াচার, তার পরে স্বৈরাচার। ওথানে সময় অর্থ উপাসকধর্ম বা নিয়ম। সাধককে প্রো<u>টোরাস পর্যন্ত নিয়ম মেনে চলতে হয়।</u>

রামেশর উন্নাস শব্দের অর্থ করেছেন উপাসকের দশাবিশের অর্থাৎ অবস্থাবিশের।
আরক্ষোল্লাসে সাধকের উপাসনাবিধয়ে শুধু ইচ্ছা জয়ে কিন্তু তয়শায়ের কোনো অভিক্রতা
থাকে না। তরুণোল্লাসে সাধক সদ্পুক্র নিকট দীক্ষিত হন এবং তয়শায়পাঠে তার ইচ্ছা
জয়ে। বৌবনোল্লাসে সাধকের তয়শায়ে জানলাভ হয়। প্রৌচোল্লাসে সাধক তয়শায়ের
জ্ঞানলাভ করে সেই শাস্তানির্দিষ্ট ধ্যানের চেষ্টা করেন। তার পরের অবস্থা তদন্ত বা
প্রৌঢাস্ক। এই অবস্থায় ধ্যান কিঞ্চিৎ অভ্যন্ত হয়। ধ্যানের বারা কিয়ৎকাল মনোলয়ের
শক্তি বে-অবস্থায় লাভ হয় তার নাম উন্মনোল্লাস। পূর্ণাক্কচ অবস্থার নাম অনবস্থোল্লাস।
এই অবস্থায় সাধকের মন ইষ্টদেবতায় নিশ্চলভাবে লয়প্রাপ্ত হয়।

\*\*

দেখা বাচ্ছে কৌল্মতে সাধনার পথে কিছুদ্র পর্যন্ত শান্তনির্দিষ্ট সময়াচার অবলমনীর, সময়াচারী সাধক খ্ব উচ্ন্তরের সাধক নন। কৌলাচারীরা বলেন "সময়াচারী সাধক প্র্যাতি লাভের অধিকারী নহেন, প্র্যাতি সমাবেশনেচ্ছার অধিকারী। তিনি 'আমি বেন প্র্যাতি লাভ করিতে পারি' এইক্লপ অভিলাষ দর্বদাই মনে জাগরুক রাখিবেন, তাহা হইলে তদক্কুল ব্যাপারে সর্বদা যত্ন থাকিবে।"

স্পষ্টই বোঝা যাচ্ছে এই অভিমতও সম্প্রদায়িক।

কৌলাচার সপ্ত আচারের সর্বশেষ আচার কৌলাচার। কুলশব্দের উত্তর স্বার্থে ষ্ট প্রত্যয় করে কৌল শব্দ নিম্পন্ন হয়। কাজেই কুল এবং কৌল একই অর্থে ব্যবস্থাত হয়েছে। কৌলাচারকে কুলাচারও বলা হয়।

কুলশব্দের অর্থ — কুলশব্দের বিভিন্ন অর্থ। বিভিন্ন দৃষ্টিভঙ্গী অনুসারে বা সম্প্রদান্ত অনুসারে অর্থ ভিন্ন হয়েছে। শ্রোতসাহিত্যে বংশ অর্থে কুল শব্দের প্রয়োগ দেখা বায়।

- ১ আরম্ভতক্রণবৌধনপ্রোচ্তনস্তোমনানবছোলাসের প্রোচান্তা সমরাচারা:।—স্তঃ প ক হ ১০।৬৮
- ২ তত্র আরস্তো নাম উপাসনাবিবরকেছামাত্রবন্ধে সভি তর্পাপ্তানভিজ্ঞত্ব। সমাস্ত্রকং সম্পাদ্ধ দীক্ষিতত্বদনস্তরং তরপান্ত্রপিগঠিবাশালিজং তরুপোনাসং। ততত্ত্বজ্ঞান্তিবরকজ্ঞানবন্ধং বৌধনোনাসং। ততঃ তছাত্রবিবরকজ্ঞানং সম্পাদ্ধ শান্তপ্রতিপাদিতখানং ক তুমীহুমানস্থং প্রৌচোনাসং। তদিছাংনস্তরং কিঞ্চিত্তত্তে খ্যানবন্ধং তদস্তোনাসং। ততে খ্যানেন কবিংকালং মনোলরপজ্ঞিমবং উম্বোনাসং। পূর্ণারুদ্ধং অনবস্থোনাসং।

  —শ ক সু ২০।৬৮-এর বৃত্তি
  - ० को ब्र, गृ: २८०, शावणिका

সোভাগ্যভাররে ক্লশব্দের আলোচনা প্রদক্ষে ভারুররায় লিখেছেন—প্রমশিব থেকে 
যগুরু পর্যন্ত বংশ কুল। 'সংখ্যা বংখ্যেন' এই পাণিনিস্ত্রের ব্যাখ্যায় মহাভাগ্যে বলা হয়েছে 
বংশ হ্রকমের, এক বিভাগত, অপর জন্মগত। 
ক্লগত আচার কোলাচার।

কৌলাচারের কুল বিভাগত কুল। পরমশিব থেকে স্বগুরু পর্যন্ত পরস্পরাক্রমে এই কুল বিশ্বত। কুলার্থবতন্ত্রেও বলা হয়েছে—গোত্রকে কুল বলা হয়, তা শিবশক্তিদমৃত্বত। এই কুলের জ্ঞানেই মোক্ষলাভ হয়। এই জ্ঞান বার হয় দেই ব্যক্তিকে কৌলিক বলা হয়। এই গোত্রও বিভাগত মনে হয়।

বংশগত মার্গ বা আচার বে-ক্লমার্গ বা ক্লাচার ভাদ্ধররায় এই অভিমতও প্রকাশ করেছেন। তিনি লিখেছেন—নিজ নিজ বংশপরস্পরাপ্রাধ্য মার্গ ক্লের অর্থাৎ বংশের সম্বদ্ধ-হেতু কৌলমার্গ। ওই মত অন্থ্যারে প্রত্যেক বংশের প্রস্পরাগত সাধনমার্গই কৌলমার্গ।

কিন্তু তন্ত্রশাল্পে কৌলমার্গ বা কৌলাচার কথাটি এরপ ব্যাপক অর্থে ব্যবহৃত হয় না।

কৌল — কুলশকের আরেকটি অর্থ ত্রিপুটাকত স্বলাতীয় পদার্থসমূহ। ভাস্কররায় বিথেছেন স্বলাতীয় মাত্র-মান-মেয়-পদার্থের সমূহ কুল।\*

মাতৃ-মান-মেয় স্থলে জ্ঞাতৃ-জ্ঞান-জ্ঞেয়ও বাবহৃত হয়। অর্থের দিক্ দিয়ে উভয়ের মধ্যে বিশেষ কোনো পার্থক্য নেই। মাতৃ বা জ্ঞাতৃ অর্থাং মাতা বা জ্ঞাতা জীব, মান বা জ্ঞান জ্ঞানকিয়া, মেয় বা জ্ঞেয় জ্ঞানের বিষয়।

জ্ঞাত্-জ্ঞান-জ্ঞেয় এই তিনের মধ্যে যে জ্ঞানের দাজাতা আছে এই বিষয়ট ব্যাখ্যা করে কৌলমার্গরহক্তে বলা হয়েছে— জগতের যাবতীয় পদার্থই আমার জ্ঞানের বিষয়, 'আমি' জ্ঞানের কতা এবং 'জানি' ইহা জ্ঞানক্রিয়া। এইরূপে এক জ্ঞান সমবায়দম্বন্ধে জ্ঞাতায়, বিষয়তা-দম্বন্ধে জ্ঞেয়ে এবং তাদাত্মাদম্বন্ধে জ্ঞানক্রিয়ায় অবস্থান করে। এইরূপে জ্ঞাত্-জ্ঞেয়-জ্ঞানরূপে জ্ঞিপুটীকৃত জগতের যাবতীয় পদার্থ এক জ্ঞানরূপ ধর্মের ঘারা দজাতীয়। তি

কুল সম্বন্ধে এমনি জ্ঞান থার আছে তিনি কোল।

कोताहात्रभवात्रन नाधकरक उद्य कोन कोनिक क्नीन हेजाहि नस्य निर्द्रन कता

- পরমনিবাদিবগুরুপয়ন্তা বংলো বা কুলম্। 'সংখ্যা বংলেনে'তি পাণিনিস্তত্ত্ব 'বংলো

  থিগা বিভায়া ভয়না চে'তি মহাভাব্যাং।—ল য়, ১-এর মৌ ভা
- २ कूनः (शांकः प्रमाधाांकः उक्र मक्तिमित्वाह्यम् । दान साम्म है हि स्नानः स्मोनिकः त्याशिक्षीवरः ।

-- क छ, छैं ३१

- ७ यवरामभद्रव्यदाखात्था मार्गः क्वमम्यकिषार कोतः।--न म, ১৪৪-এর मो छ।
- সভাতীয়ানাং মাতৃমানমেয়ানাং সমৃহঃ কুলয়।—ঐ
- ६ तको त्र, शृंद

হঁয়েছে। কৌলিক বা কৌলের বিভিন্ন বাাখ্যাও আছে। বিভিন্ন দৃষ্টিভক্ষী থেকে বিচার করে, এই-সব ব্যাখ্যা দেওয়া হয়েছে। যেমন নির্বানতন্ত্রে বলা হয়েছে — যে-দেশে মন্ত্রপাধনার বে-ছার নির্দিষ্ট যিনি সেই ছারবিশিষ্ট তিনি কৌলিক। কুলার্থবতন্ত্রে আছে — যিনি শ্রীন্তকর করুণাপ্রাপ্ত হয়েছেন, দীক্ষার ছারা যার পাপ ধৌত হয়েছে, এমনি কুলপ্জারত সাধকই কৌল, অক্ত নয়।

জগং শক্তিরই রূপ। জগতের পদার্থমাত্রই শক্ত্যাত্মক। কাজেই কুল শক্তি। তথ্তে শক্তিভাষাতেই কুলকে শক্তি বলা হয়েছে। যথা—শক্তিকে বলা হয় কুল মার শিবকে অকুল। কুল-অকুলের সম্বন্ধ কোলবলা হয় কৌল,। কুল-অকুলের সম্বন্ধ শিবশক্তির সামরক্তা। দেবী কোলবলী বলা হয়। এমনি কৌলজ্ঞান বার আছে তিনি কৌল।

কুলার্থবতত্ত্বেও বলা হয়েছে —শিবকে মকুল আর শক্তিকে কুল বলা হয়। কুল ও অকুলের অহুসন্ধাননিপুন অর্থাৎ শিবশক্তির সামরক্রাহুসন্ধাননিপুন সাধকদের বলা হয় কৌলিক বা কৌল।

তন্ত্রালোকের 'মকুলক্ষান্ত দেবত ক্লপ্রধনশালিনী' এই স্লোকের (১৮৭) ব্যাখ্যায় আচার্য অভিনবগুর বলেছেন ক্ল পূর্ণসন্থিত্লক। এই প্রসঙ্গে তিনি এই ভ্রবচনটি উদ্ধার করেছেন—
যাতে এই বিচিত্র বিশ্ব উদিত ও মন্তমিত হয় তাকে শিবশ্কিবিবর্ত্তিত কুল বলে ছানবে।

তাঁর মতে এই কুল থেকে ভিরন্ধণে যা অবভাসিত হয় তাই শিবলকণ অকুল, কর্বাং অকুল শিব। <sup>ব</sup>

অভিনবগুণ্ড কুলকে বলেছেন পূর্ণস্থিংলক্ষণ। পূর্ণস্থিংলক্ষণ ব্রশ্ব। কাজেই কুল ব্রশ্ব।

- বলিন্দেশে তুবন্বারো নির্দিটো সমসাধ্যে। তব্ছারেণ বিশিটো বা কৌবিকাস চ কীঠিতা।
  ——বি ভ, পা ১১
- २ अक्रकाक्ष्मगुरुख बोकानि धृष्ठभाष्ठकः कृत्रभूकात्रात्वा त्वित त्राध्वाः कोत्ना व तत्रकाः।—कृष्ठ, के ३
- কুলং শক্তিরিতি প্রোক্তমকুলং নিব উচ্চতে। কুলেগ্রুলক্ত সম্বন্ধ কৌলমিত্যভিধীয়তে।
  —ক্রান্ত স, সৌ ভা, পুঃ বক্ত
- শিবশক্তিসামরক্তং বা কৌলং তহতী কৌলিনী।—ঐ
- অকুলং নিবতামূক্ত কুলং শক্তিঃ একীতিতব্। কুলাকুলামুসভালালিপুলাঃ কৌলিকাঃ প্রিলে।—কু ভ, উঃ ১৭

- म जूनाः कृतिविद्याद्यः कृताः व ऋ नवार्यन्यः ।—कृतार्यव्यवक्तवः तः Gr. L., 8rd Ed., p. 78, f. n. 4.

আবার 'কুপপ্রথনশালিনী' শব্দের ব্যাখ্যা করতে গিয়ে তিনি বলেছেন শাক্তপ্রসরাত্মক জগৎ কুল। গুটার উক্তির তাৎপর্য জগৎ পূর্ণপ্রসন্থিৎলক্ষণ কুলের শক্তিরূপ।

তবে শাক্ষতক্ষে দাধারণতঃ শিবের অকুল এবং শক্তির কুল নামই প্রচলিত। যারা কুলাকুলতত্ত্বজ্ঞ এবং কুলপুক্ষক তাঁরাই কৌল।

কুল বলতে আনার ম্লাধারচক্র এবং স্থ্যা নাড়ীও ব্রায়। সৌন্ধলহরীর চীকায়
লন্ধীধর লিখেছেন—ক অর্থাৎ পৃথিবীতর বাতে লীন হয় তা কুল অর্থাৎ আধারচক্র।
লক্ষণার ঘারা স্থ্যামার্গকেও কুল বলা হয়। কাছেই যারা কুলপ্রক তাঁরা কৌল।
মূলাধারচক্রে দেবীর আরাধন। করাই তাদের কৌলছা, এ ব্যাপারের এই রহস্ত।

**কৌলিন্য** — গল্পীধর বলেন এই ম্লাধারচক্রস্থিত। কুওলিনী-শক্তিকে বলা হয় কৌলিনী। তিনিই ত্রিকোণপুজকদের অর্থাং কৌলদের উপাক্তা। ৺ এই কুওলিনী-শক্তিকে কুল্যোধিংও বলা হয়। <sup>©</sup>

কুলাম্ব্র এই প্রশঙ্গে বলা যায় কওলিনী-শক্তি যট্চক্র তেদ করার পর সহস্রারন্থিত চন্দ্রমন্ত্রত ভেদ করে যথন প্রমশিবের সঙ্গে মিলিত হন তথন সেই চন্দ্রমন্তর থেকে অমৃত্যারা ক্ষরিত হয়ে সাধকদেহকে অভিধিক্ত করে। এই অমৃত্তে বলা হয় কুলামৃত।\*

কুলাচারের ব্যাখ্যা— কুলাচার বা কৌলাচারের ব্যাখ্যায় মহানির্বাণ্ডক্তে বলা হয় কুল। হয়েছে—প্লীব প্রকৃতি হয় দিক্ কাল আকাশ বায়্তেজ অপ্ এবং কিভিকে বলা হয় কুল। গীবপ্রকৃত্যাদি এই-সবের প্রতি বন্ধবৃদ্ধিতে নির্বিক্ষ বে-আচরণ তাই কুলাচার। এই কুলাচার ধর্মাধ্বম্যাক্ষ প্রদান করে।

ক্রমামলের মতে যে-আচারে কুলস্বী কুলগুক কুল্দেনীর নিতাপূজা হয় অর্থাৎ কুলস্বী কুলগুক ও কুল্দেবীরূপে প্রশ্বের পূজ। হয়, তাই কুলাচার।

<sup>&</sup>gt; কুল্ল লাক প্ৰসরাধনে। এপতা বং প্রধান । -ত আ ০।৬৭-এর টীকা

২ কুঃ পুলিবতিত্বং লীয়তে বত্ৰ তংকুলং আধারচজন্। লক্ষণয়া হৰ্মামাগঃ কুলমিত্যুচাতে। অভ এব কৌলাঃ কুলপুঞ্জলঃ আধারদেৰকা ইতি কৌলবং তেবাসিতি বছতেম্।—দৌল, লো ১০-এর টীকা

তত্র দ্বিতা কুণ্ডলিনী শক্তি কৌলিনী ইত্যালতে। সৈব উপাতা ত্রিকোপপুলকানাং ইতি রহস্তম্।
 —এ, রো ৬০-এর টাকা।

<sup>👂</sup> শত এৰ কুলবোৰিং কুওলিনীলক্তিয় ।--- ঐ প্লো ৮-এর টীকা।

चला मध्याबार सरवक्षा कृतामृत्य ।···न म, तमे छो, पृः ००

জীব প্রকৃতিতরক দিলালাকাশমের চ। কিতাপ্রেলোবারবল্ট কুলমিতাভিধীয়তে।
 বুক্তবৃদ্ধা নিবিকল্পমেতেলাচর্লক বং। কুলাচারং স এবাছে ধর্মকানার্থমোক্তর।—মহা ত ৭।৯৭-৯৮

৭ কুলপ্রিরং কুলগুরুং কুলবেবীং মহেবরি। নিতাং বং পুরুরেছিবং স কুলাচার উচাতে।

এ-সম্পর্কে কৌলমার্গরহক্ষের ব্যাখাটি প্রাঞ্জন। সিদ্ধান্তভূবৰ মহাশন্ত লিখেছেন "কৌলমার্গ শব্দের পর্যাবসিত অর্থ অতৈতজ্ঞানেজ্য মৃদুক্ষ্ সাধক বে-পদ্ধা অবলম্বন করিয়া গুরুপরম্পরাপ্রাপ্ত আচারের অফুষ্ঠান করতঃ সর্বজ্ঞগথ শিবশক্তিময় ধারণা করিয়া, শিবশক্তিসামরক্ষসম্পাদনে বিমল ব্রহ্মানন্দ অফুস্তব করিতে পারেন, সেই পদ্ধার নাম কৌলমার্গ।" ১

উত্তবকাহিনী—কল্ল্যামলেই কৌলাচার-উত্তবের এই কাহিনীটি পা প্রয় যায়—ব্রহ্মার পুত্র বিশিষ্ঠ মহাবিভার দর্শনাকাক্ষার পিতার নিকট মন্ত্র নিম্নে শত সহল্র বংসর কঠোর তপশ্চর্যার সক্ষে হোগাদি সাধন করলেন। কিছু তবু দেবীর সাক্ষাংলাভ করতে পারলেন না। তথন ক্রেছ হয়ে পিতার নিকট গিয়ে বললেন প্রভু, সামাকে স্বন্ত মন্ত্র হিল্যা সিদ্ধিদায়িনী নয়। ব্রহ্মা বললেন—বাপু, একান্তমনা হয়ে ভাবের সঙ্গে ধোগমাগে সাবার দেবীর সারাধনা কর। তিনি অবক্তই তোমাকে দর্শন দিয়ে বর দেবেন। পিতার স্বাজ্ঞা মন্ত্রসারে বেদান্তবিদ্ বিশ্বি আবার সহল্র বংসর ধরে মন্ত্র জপ করলেন। কিছু তবু দেবীর দর্শন পেলেন না। তথন ক্রুছ হয়ে মহাবিভাকেই শাপ দিতে উন্থাত হলেন। এবার যোগাদের স্বভ্রমারী দেবী ম্নিকে দর্শন দিয়ে বললেন—অকারণে কেন সামাকে শাপ দিতে যাজ্ঞিলে যথ স্বামার সেবা ভানে না, স্বামার কুলাগ্মিচিন্তার সঙ্গে, যার পরিচয় নেই, সে কি করে যোগাভ্যাসের হারা স্বামার পাদপন্ন দর্শন করবে গুল্জান লাভ করবে এবং মহাসিদ্ধ হবে।ই প্রত্যক্ষ করে ও পাদপন্ন দর্শন করে স্বামার কুল্জান লাভ করবে এবং মহাসিদ্ধ হবে।ই

এই বলে দেবী মন্তর্জান করলেন। আরু বলির্দ্ধ গেলেন চীনদেশে। সেখানে বুঙ্কপী মহাদেবের সাধনাচার দেখে তিনি তয় পেয়ে গেলেন। বৃঙ্ক তগবান্কে বার বার মাটিতে ল্টিয়ে পড়ে প্রণাম করে বললেন—আমি সিভিমার্গ জানি না, মহাদেবীর সাধনার জন্ত এখানে এসেছি। কিছু আচার দেখে আমার অন্তরে তয় জ্লোছে। আমার বেদ্গামিনী বৃত্তি। প্রত্ত, এই তুর্ভি লীছ বিনাশ কর। তোমার আলয়ে সর্বদা সর্ব কম বেদবহিছ্ত।

- ३ व्होत्र, पृथ्व २ व्हर्ग, केंट, प्राप्त
- মম সেবাং ব জানাতি বংকুলাগমচিত্বনং। কবং বোগাল্যাসকলাং বংপাক্তভাতদৰ্শবন্।
   হ বা উ ত. পঃ ১৭
- মনৈৰ সাধনং পুৰাং বেদানামপালোচতত্ব । বৌশ্বলেশেহগুৰ্ববেলে মহাচীকে সহাত্ৰ জহা
   তত্ৰ বছা মহাভাবং বিলোকা বংপদাব্ৰ কৰ্ বংক্লভো মহাব গ্ৰামহাসিলো ভবিভলি।
- তবাচারং সমালোক্য ভরানি সন্তি মেকনি। তরালয় মম জিপ্রং রূব জিং বেরবামিনীব।
   কোবহিসুতং কর্ম স্থা তে চালরে প্রতো।—ই

পৃঞ্জ বিষে সাধনা দেখে বৈদিকাচারনিষ্ঠ বশিষ্ঠ ভয় পেয়ে যান। এ-সব তাঁর চিরাভান্তসংশ্বারবিক্তম, অথচ এই বৌদ্দেশের সাধনাতেই সিদ্ধিলাভ হবে এ কথা স্বয়ং দেবী বলেছেন। বশিষ্ঠ বড়ই বিপাদে পড়লেন। কুতাঞ্চলি হয়ে বৃদ্ধদেবকে বললেন, প্রভু, আপনার এই কুলের বিষয় আমাকে বলুন। আমি বৃষ্ঠতেই পারছি না এই আচারে কি করে মনের প্রবৃত্তি হবে আর কি করেই বা বৈদিককর্ম ছাড়া সিদ্ধিলাভ হবে।

এর পর বৃদ্ধদেব বশিষ্ঠকে কৌলাচার সম্বন্ধে উপদেশ দেন। বৃদ্ধোপদিষ্ট কৌলাচারকে মহাচীনাচার বা মহাচীনক্রমণ্ড বলা হয়।

এই কাহিনীর মধ্যে কোনো ঐতিহাসিক ইঙ্গিত আছে কিনা নিশ্চয় করে বলা কঠিন। তবে এ নিয়ে জন্তনা করনা অবভাই চলতে পারে। বৈদিক সাহিত্যে লক্ষ্য করা যায় বসিষ্ঠপরিবার অক্তান্ত ঋষি পরিবারের মতো সোমের প্রতি তত্তী আসক্ক ছিলু না।

নিষ্ঠির। আসক্ত স্থরার প্রতি — সম্মান করা হয় প্রাচ্য সঞ্চলের স্থাভক্ত লোকেদের প্রভাবে এ রকম হয়েছিল। এই প্রাচ্য সঞ্চলের লোকেরা স্থরাপায়ী স্থিনীক্মার্থয়ের স্থিক ভক্ত ছিল। দেখা যাচ্ছে বৈদিক যুগেই স্থার সঙ্গে বিদিষ্ঠদের একটা যোগাযোগ ছিল। এই স্থা থেকেই হয়ত তন্ত্রের কৌলাচারসম্পর্কিত বিদ্ধি-কাহিনীর উদ্ধাৰ হয়েছে।

তক্ষের বসিষ্ঠকাতিনী থেকে ছট জিনিষ শাই হয়ে উঠেছে— এক, কে<u>ন্রাচার বা</u> কৌনুমার্গ বেদবহিছুত: ছই, এই মার্গের অন্তসরণকারীদের মতে এট বেদুমার্গের চেয়ে উত্তম।

কৌলাচার কি বেদবাছ ?— বেদপদী সময়াচারীরাও কো<u>লাচারকে বেদবহিদ্ধত</u> বন্দেন। দেবীভাগবতাদিতে কোলাচারকে ত্রাচার বলা হয়েছে। দেবীভাগবতে বেদভজি-হীন স্বাহিছোত্রাদি-সংকর্মবাজিত পাব ওমতগামী লোকদের কাপালিক কোলিক বৌদ্ধ ও জৈন বলা হয়েছে। বলা হয়েছে এঁরা পণ্ডিত হলেও ত্রাচারপ্রবর্তক।

কিছ কৌল্মার্গ ছাইবদিক এ মত সর্বত্র স্ববিক্ত নয়। কুলার্গবতত্ত্বে শিব দেবীকে

प्रमः अवृद्धित्वत्त्वचाः कभः छदि शावन । कथका खावत् जिमित्र्वमकार्थः विना अत्छ। ।
 म्य वा, छ छ, भः ১१

R. Ph. V. U., 1925, p. 92

এবং চতুংবন্ধিতয়াণি পরিক্রাতৃণামণি বঞ্চকানি। ঐহিকসিছিমাত্রপরতাং বৈদিকমার্গদুরাণি।
 —কৌল, মহীপুর, ৩র সং, পৃঃ ৭৭; চতুংবন্ধিতয়াণি কুলমার্গ এব।—এ, পৃঃ ৭৮

কাণালিকাঃ কৌলিকাক বৌদ্ধা জৈনান্তবাপরে। পণ্ডিভাংশি তে দর্গে তুরাচারপ্রবর্তকাঃ।

—হে ভা ১২।৯।৯৬

বর্ণছেন—বেদশাল্পোক্তমার্গে যে কুলপূজা করে, তোমাকে এবং আমাকে তার সমীপস্থ বলে জানবে, অন্তর নয়।

এখানে কুলপুলাকে স্পষ্টই বেৰগ্ৰাহ্য বলা ছয়েছে। কাজেই কোলমাৰ্গ বেদবাহ্য নয় এই অভিমতই কুলাৰ্থবতাৰ বাস্ক্ৰ হয়েছে মনে হয়।

বামাচার ও কৌলাচার— মামরা প্রেই লক্ষা করেছি সিদ্ধান্থসারে ব্রাহ্মণের প্রক্ষে কৌলাচার নিষিদ্ধ বলা হয়েছে। কাজেই উক্ত তন্ত্রমতেও কৌলাচার বেদবান্থ। কাজেই কৌলাচার বেদবান্থ কি না এ সহদ্ধে মততেদ মাছে, কিন্তু বামাচার যে বেদবান্থ এ সহদ্ধে কোনো মততেদ নাই। কৌলমার্গ বহুক্তে বলা হয়েছে — "বামাচার ও কৌলাচার ভিন্ন। উত্তর মাচারেই প্রুমকার্দ্রেরন বিহিত ইইয়াছে। বামাচার বেদাচারপরায়ন বাহ্মণের অবলহনীয় নহে, কৌলাচার বেদাচারপরায়ন বাহ্মণেরও অবলহনীয় , বামাচার শুন্তাদির পক্ষে বিহিত; বেদাচারত্রই বাহ্মণও বামাচারের পথে কৌলাচারের আত্রয় গ্রহণ করিবেন। দাক্ষিণাতা বাহ্মণরন অভাপি বৈদিক মার্গ পরিতাাল করেন নাই। বাহ্মালাদেশ ইইতে বিশ্বর বৈদিক মার্গ বহুলিন প্র ইইতেই নির্বাসিত ইইয়াছে। এইজ্ল বেদাচারপরায়ন দাক্ষিণাতা বাহ্মণণন বামাচারের আত্রয় না লইয়া দক্ষিণাচার ইইতেই কৌলাচারে প্রক্ষেমকরিতেন, আর বঙ্গীয় বাহ্মণণন বাম্মার্গের আত্রয় লইয়া পরে কৌল্যাণ অবলহ্বন করিতেন।"

ভাবচ্ডামণিমতে তছ্মান্ত মতি গৃঢ়, ভার ভাবও অভিশন গৃচ। বেদশাস্থার্থতবজ্ঞ বুদ্ধিমান্ জিতেন্দ্রির যে-এক্ষেণ গৃঢ় তছার্থের ভাব মধন করে ভার পেকে সার উদ্ধার করতে পারেন তিনি কৌলমার্গে মধিকারী, মজে এই মার্গ মবল্ধন করলে ভাগ পাবে।

দেখা যাচ্ছে এই তহুমতেও কুল্মার্গ বেদ্বাফ্ নয়। বেদ্বাফ্ হলে ত। বেদ্**জ আন্ধরে** প্রে বিহিত হত না।

কাছেই কৌলাচার বেদ্প্রাফ এ মতেরও যথেষ্ট সমর্থন পাওয়া যাছে। এই মতাবল্যীরা বলেন কৌলাচার বৈদিকাচারপ্রায়ণ রাজ্পের প্রেক প্রশৃস্ত। তবে তিনি যদি ঐতিক ভোগাকাজ্ঞা করেন তবে বামমার্গের মাশ্রয় নিতে পারেন। কৌলমার্গরহক্তে বলা হয়েছে—

- > বেদশালোক্তমার্গেণ কুলপুজাং করোতি য:। তৎসমীপশ্বিতং মাং যাং বিশ্বি মাজত্র ভাবিতি।
  —কুত, ইঃ ১০
- २ (को इ. गृ: २०)-०२
- তয়ানামতিগুচ্ছাতয়াবোহপাতিগোপিতঃ। ব্যক্ষণো বেলশালার্বভরজো ব্ জিলান্ ক্লী।
  পুচ্তয়ার্বভাবত নির্ময়োজয়শক্ষয়ঃ। কৌলমার্বেহয়িকারী জার্বিতয়ো য়য়লতাক্ ভবেং।
  য়ঃ প ক ত ০০০-য়য় য়ায়েবয়য়ড়ত বৃত্তি

"বামমার্গের সাধনা তামিদিক সাধনা, কৌলমার্গের সাধনা সান্তিক সাধনা। বেদাচারপরায়ণ সাধক সন্তথ্যপান, এইজন্ম তাঁহার পক্ষে মৃক্তির আকাজ্জায় তামিদিক সাধনার প্রয়োজন হয় না। ঐতিক ভোগ কামনা করিলে তিনিও তামিদিক বামমার্গ অবলম্বন করিতে পারেন।"?

কৌলাচারের আরাণ্যা—ত্রে কৌলাচার প্রধানত: শ্রীবিছা বিষয়েই বর্ণিত হরেছে।\*
মুখ্য কৌলাচার একমাত্র শ্রীবিছাবিবয়েই বিহিত।\* কাজেই মুখ্য কৌলাচারের আরাধ্যা
শ্রীবিছা বা বাড়েশী। দেবার ত্রিপুরস্কলরী প্রতি কামেশ্রী প্রভৃতি অন্ত নামও প্রচলিত আছে।

তবে কালী তার। ভ্রনেশ্রী প্রভৃতি পরাশক্তির অঁতাত মূর্তিও কৌলাচারে আরাধ্যা। কুলচুড়ামণিতছের আরছেই ত্রিপুরা কালিকা বাগাঁশ্রী বিমলা মাতদিনী পূর্ণা চওনায়িকা একজটা তথা প্রভৃতি কুলফুলরী অর্থাং কুলাচারে আরাধ্যা দেবীর উল্লেখ করা হয়েছে।

এই প্রদক্ষে উল্লেখ করা যায় বাংলা দেশে শ্রীবিভার উপাসক অতি বিরল। কালী তারা প্রভৃতির উপাসকরাই সংখ্যায় বেলা। এইজন্ত বঙ্গদেশীয় তম্বনিবন্ধে কালী তারা প্রভৃতি দেবভাবিষয়ক আচারই বিবৃত হয়েছে, মুখ্য কোলাচার বিবৃত হয় নি। তবে এ ব্যাপারের ব্যতিক্রমণ্ড আছে। যেমন বাংলার প্রখ্যাত কৌলসাধক পূর্ণানন্দ গ্রিব-রচিত শ্রীত ওচিস্থামনি শ্রীবিভার উপাসনাপ্রতিপাদক একখানি প্রসিদ্ধ গ্রহ।

কৌলাচারভেদ — কৌলাচারের প্রকারভেদ আছে। সময়াচারভন্তমতে কৌলাচার ছিবিদ — <u>মাজি ও ওছ। পর্ণমকারযুক্ত হলে কৌলাচারকে আজি</u> আর প্<u>রম্মকাররহিত</u> হলে <u>ওছ বলা হয়।</u> কলিযুগে বিশেষ করে আজাচারই কলপ্রদ।

সম্প্রদারভেদ — কৌলাচারে সম্প্রদায়তেদও আছে। সৌন্দর্যলহরীর চীকার লক্ষীধর

- ऽ त्कां ब्रु. शृद्धः २ थे, शृद्धः ७ थे, शृद्धः
- 8 (i) কুলাচারং বিনা দেবি কালীমন্তং ন সিংগতি ৷—নিক্ল ত, পা ৭
  - (ii) वृताहात्रविशासा यः शुक्रहर कानिकाः नतः

मः वर्गत्याक्र**कारी ह न छार मठार न मरनदः ।—का**नी छ, भः ১১

- অনংখ্যা ত্রিপুরা দেবী অনংখ্যাতা চ কালিকা। বাকীবরী তথাসংখ্যা তথা চ কুকুলাকুলা।

  মাতজিলী তথা পূর্ণা বিমলা চওলালিকা। ত্রিপুরৈকজটা চুর্গা বা চাঞা কুলফুলরী।—কুলচুড়ামণিতর ১০১-২
- ७ कः को व, शुः २०.
- আজিক্তবিভাগেন বিধাচারং প্নঃ পৃন্! আজিচারক্ত বিজেবে। মকায়ৈঃ পঞ্জিব্তঃ।
   মকারপঞ্রহিতঃ গুডাচারঃ প্রকীতিতঃ। কলৌ বিশেষতা দেবি আজিচারঃ কলপ্রবঃ।

जः क्षा का, काक १, भन्निः ६, व मः, शृः ६७३

পূর্বকোল এবং উত্তরকোল এই হুই কোল সম্প্রদায়ের উল্লেখ করেছেন। তাঁর মতে কোলরা আধারচক্রস্থ ত্রিকোণকে বিন্দুখান মনে করেন এবং সেখানে বিন্দুর অর্চনা করেন। ত্রিকোণ বা বোনি দিবিধ— শীচক্রান্তর্গত নবঘোনিমধ্যবর্তী ঘোনি আর স্বন্দরী তরুণীর প্রত্যক্ষ বরাঙ্গ। ভূর্জপত্রের বা স্বর্গের বা পট্টবল্পের পীঠাদিতে শীচক্রান্তর্গত নবঘোনিমধ্যবর্তী ঘোনি অঙ্কিত করে পূর্বকোলরা পূজা করেন আর উত্তর কোলরা তরুণীর প্রত্যক্ষ বরাঙ্গেই পূজা করেন ।

লক্ষীধর আরও লিখেছেন উত্তরকোলসিদ্ধান্তে শক্তিতত্ব থেকে ভিন্ন শিবতত্ত্ব নাই; শিবতত্ত্ব শক্তিতত্ত্বের মন্ত ভূক্ত।

পূর্বকোলমতে শক্তি ও শিবের মধ্যে শেষশেষিভাব। লক্ষ্মীধর এ সম্বন্ধে ধে-আলোচনা করেছেন তার মর্ম এই — আনুন্দভৈরবীর পিনী মহাশক্তি আনন্দভিরবর্দ্ধ শিবের শরীর আর নবব্যহাত্মক আনন্দভিরবও দেবীর শরীর। সামরস্ত্রত্মক উভয়ের পরানন্দ পরক্ষর সাপেক্ষ ও সাধারণ। উভয়ের শেষশেষিভাবও আপেক্ষিক। শেষ অর্থ অঙ্গ বা প্রধান আর শেষী অর্থ অঙ্গী বা প্রধান। জগতের স্ষ্টিস্থিতিলয়ব্যাপার পরানন্দস্বরূপ আনন্দভৈরব আর পরচিংস্কর্পা আনন্দভিরবী উভয়ের প্রষত্মে হয়। তবে জগতের ব্যক্তাবস্থায় অর্থাৎ স্থিতি তিতিতে আনন্দভিরবীর প্রাধান্তহেতু তিনি শেষী এবং আনন্দভিরব শেষ আর লয়ের সময় আনন্দভিরবের প্রাধান্তহেতু তিনি শেষী আর আনন্দভিরবী শেষ।

এই প্রদক্ষে উল্লেখ করা যায় লক্ষীধর নিজে কৌলসম্প্রদায় হৃক্ত ছিলেন না। কৌলদের সম্বন্ধে তার অভিমতের সমর্থক কোনো প্রমাণও তিনি উদ্ধৃত করেন নি। এই অবস্থায় তার অভিমতের সত্যাসত্য একমাত্র কুলশাস্ত্রবিদ্পণ্ডিতেরাই নির্দ্ধারণ করতে পারেন।

বিভিন্ন কোলসম্প্রদায়ের কথা হচ্ছিল। কোলজ্ঞাননির্গরতয়ে বোমকুপাদিকোল ব্যণোখকোল বহিকোল পদোতিষ্ঠকোল মহাকোল সিদ্ধকোল সিদ্ধায়তকোল যোগিনীকোল চক্রকোল শক্তিভেদকোল উর্মিকোল জ্ঞানকোল দিদ্ধেশ্বরকোল ইত্যাদি বিভিন্ন কোল-সম্প্রদায় বা উপসম্প্রদায়ের নাম পাওয়া যায়। শুধু নাম ছাড়া এদের সম্বন্ধে আর কোনো তথাই আমাদের হস্তগত হয় নি।

- > কৌলমতং ছিবিধং পূর্বকৌলং উত্তরকৌলং চেতি।—সৌ ল, স্নো ৩৩-এর টীকা
- ২ অত্র কৌলমতে ত্রিকোণমেব বিন্দৃত্বানম্। স এব বিন্দৃত্ব আরাধ্যঃ অন্ত এব কৌলাঃ ত্রিকোণে বিন্দৃত্ব নিতাং সমর্চরন্তি। তং ত্রিকোণং দিবিধং শ্রীচক্রন্তির্গতনববোনিমধ্যবর্তিনী বোনিঃ সুন্দর্যাঃ তরুণ্যাঃ প্রত্যক্ষবোনিত। শ্রীচক্রন্থিতনববোনিমধ্যগতবোনিং ভূর্জহেমপট্রবর্গীঠানে লিবিতাং পূর্বকৌলাঃ পুরুরন্তি। তরুণ্যাঃ প্রত্যক্ষবোনিং উত্তরকৌলাঃ পুরুরন্তি।—সৌল, রো ৪১-এর টাকা
- উত্তরকোল-সিদ্ধান্তে শক্তিতত্তাৎ অক্তৎ শিবতত্তং নান্তি। অতশ্চ শিবতত্তং শক্তিতত্তে অস্তর্ভূতমিতি তলেব
   উপাক্তমিতি প্রস্তুতন্ ।—ঐ, লো ২৩-এর টাকা
  - ह का तो न, का ७८-अत्र मैंका द का को नि, था ३४, ३७, २३

অকুলবীরতক্ষে বামকৌল এবং দক্ষিণকৌল এই ছই সম্প্রদায়ের উল্লেখ আছে। কিছ উভয়ের পার্থকা কি লে সম্বন্ধে কিছুই বলা হয় নি। হয়ত লে-যুগে এ পার্থক্য স্থপন্নিচিত-ছিল সেইজক্ষই বলা হয় নি।

তবে এক সময়ে বে কৌসমার্গের সাধনার ব্যাপক প্রচলন ছিল তা এই-সব সম্প্রদারের ভধুনামের তালিকা দেখেও অসুমান করা যায়।

অধিকার—কিন্তু তা বলে বার খুসি সেই বথাশাস্ত্র-কৌলাচার অবলম্বন করতে পারত এরপ মনে করার কোনো হেতু নেই। তগ্ধশাস্ত্র অবশ্র কৌলাচারের হার জাতিবর্ণনির্বিশেষে সবার জন্মই উন্মুক্ত করে দিয়েছেন। এ বিবয়ে শাস্ত্রের উদার ব্যবস্থা।

মহানির্বাণতমে ব্যবস্থা দেওয়া হয়েছে শ্রেজ করে অন্তর্জ পর্বস্ত ষত মানুষ আছে তারা স্বাই কুলাচারে অধিকারী।

উক্ত তল্পে এমন কথাও বলা হয়েছে যে যদি কোনো কোল চণ্ডাল ববন এদের নীচ মনে করে এবং স্থীলোককে অবজ্ঞা করে কৌলধর্মে দীক্ষা না দেন তবে সেই অধম কৌল অধোগতি প্রাপ্ত হবেন।\*

মৃগুমালাতক্ষেরও বিধান—পণ্ডিত মূর্ব আন্ধণ ক্ষত্রিয় বৈশ্র চণ্ডাল স্বাই কৌলাচার অবলম্বন করতে পারে এবং কৌলাচার অবলম্বন করলে এরা স্বাই সমান কৌল হয়ে যায়।

শাস্ত্রের এ রকম উদার নির্দেশের তাংপর্য এই যে কৌলাচার কোনো মাস্থরের পক্ষেই নিষিদ্ধ নয়। অধিকারী ব্যক্তিমাত্রই অর্থাং যার ষ্থাবিহিত যোগ্যতা আছে তিনিই এই আচার অবলম্বন করতে পারেন।

কিন্তু এক্কপ সধিকার খুব কম লোকেরই থাকে। কারণ এ পথ বড় ছুর্গম পথ।
কুলার্শবতত্মে বলা হয়েছে—কুপাণধারাগমনের চেয়ে ব্যাত্তকণ্ঠাবলম্বনের চেয়ে এবং
সর্পধারণের চেয়েও কুলমার্গামুসরণ কঠিন।

গন্ধবতন্ত্ৰেও কৌলাচার নিদর্গত্বর্গম অর্থাৎ স্বভাবত্বর্গম বলা হয়েছে।

১ সীমানো প্ৰবাত্তক বাসদক্ষিণকে লিকা: ।—অকুলবীরতন্ত (B), লো ১৩০, ত্রঃ কৌ জা নি, পঃ ১০৫

২ বিপ্রায়ন্তারপর্যন্তা বিপদা বেংত্র ভূতদে । তে সর্বেংস্থিন কুলাচারে ভবেরুর্থিকারিশ: ৷—মহা ত ১৪।১৮৪

७ চাঙালং वरनः नीतः मदा जित्रमवस्त्रता । कोलः न कूर्वार वः कोल लास्यत्वा वाठात्यामिकिन् ।

<sup>---</sup> 제환 1 전 281> 보이

মূর্থো বা পণ্ডিতো বাপি ব্যক্ষণে। বা বয়াননে। ক্রিয়ো বৈশ্যয়ঃ শুদ্রক্তালো বয়বর্ণিনি।
সর্বে তুলাাঃ কুলীনাক এতংসর্বার্থসাথকয়।—য়ঃ প্রা তো, কাও ৭. পরিঃ ৪, ব সং, পৃঃ ৭০১

कृशार्यात्रांशमनार वााञ्चकश्रेवनम्बनार । जुकक्षात्रांशक्ष सम्बन्धः कृताःमन्तर् ।—कृ ७, ७: २

<sup>🎍</sup> নিদৰ্গন্ধ কৌলঃ ফুগন ইব ভাত্যদৌ।—প ভ ৪০।৩০

কৌলাচারের সাধনা বে কত কঠিন কৌলাবলীনির্ণয়ে একটি দৃষ্টান্তের থারা তা বুর্নিরে দেওয়া হরেছে। বলা হয়েছে — কৌল সাধকের বামে রমণকুশলা রমণী; দক্ষিণে মন্ত্রণানপাত্র; মধ্যে অর্থাৎ সাধকের সম্মুখে মরিচযুক্ত উষ্ণ শ্করমাংস। সাধকের ব্যক্তে ললিত রমণীয় বীণা। সদ্ভক্ষের নির্দিষ্ট এই প্রপঞ্চ। (এই প্রপঞ্চের মধ্যে থেকেও সাধককে অবিচলিত চিত্তে সাধনা করতে হয়) এইজন্য কৌলধর্ম পরম গহন, থোগীদেরও অগ্রম।

কাজেই কৌলাচারে যে যে-কোন ব্যক্তি অধিকারী নয় তা সহচ্ছেই বোকা। বায়।

জিতে জির বিশ্ব কি চিত্ত দেবতা ও গুরুর প্রতি ভ জিপরায়ণ বাজিই কৌনমার্গে অধিকারী।
জিপুরার্ণবের মতে শিবোক্ত এই দর্বোত্তম কুলধর্ম জিতে জিয় লাধকের পক্ষেই স্থলত এবং
স্থাকর রূপে সিন্ধিলা। অক্টের অর্থাং অজিতে ক্রিয় ব্যক্তির এই ধর্ম অনস্থাজনেও লাভ হয়
লা। যার ক্ষণিক ক্রেণমাত্র গৃহহীন স্বতাগী উপ্পরেতা সন্ন্যানীরও মোহ উৎপন্ন হয়
তাকেই এই কৌলমার্গে সিন্ধির কারণ বলা হয়েছে। এদিকে মন্থ এদিকে নানারকম জক্ষা,
ওদিকে মদন্দিতলোচনা স্থবেশা তক্ষীরা। এ রকম পরিবেশে চিত্ত সংখ্য অভান্ধ ক্ষর।
ভক্তি আছাহীন ব্যক্তির এই চিত্ত সংখ্য কি করে থাকবে ১৭

আমরা পূর্বেই লক্ষ্য করেছি ভাবচূড়ামণিতত্ত্বেং অভিমতও এই বে বেদশাস্ত্রার্থতত্ত্ত বুদ্ধিমান্ সিতেক্রিয় গৃঢ়তহার্থভাবসারক্ষ আহূপই কেলমার্গে অধিকারী।

'নিত্যোৎসব'-এ কৌলাচার-অবলহনে অধিকারী ব্যক্তির লক্ষ্প এইভাবে বর্ণিত হয়েছে বিনি স্থাপর স্বায় স্বাহ্ত কৌলাচারে অধাবান্ স্থাপ্রাশর অর্থাং দৃঢ়াভিদাবয়্ক্ত লোভহীন স্থিরগাত্র অর্থাং যৌগিক আসনাদির অভ্যাসের ফলে থার দেহত্ত্বৈর্ধ লাভ হয়েছে, বিনি প্রেক্ষাকারী অর্থাং সব দিক্ দেখে ভনে কাল করেন, যিনি জিভেক্সিয় আতিক;

- বামে রামা রমাকুশলা ছক্ষিণে পালপাত্রন। বংগা ছক্তং মন্ত্রীচসভিতঃ শৃক্তরভোঞ্চমাংসর।
  ক্রেছে বীণা ললিত-ত্রত্যা সন্তর্লাঃ প্রপক্তঃ। কৌলো ২য়ঃ পরবদহনো যোগিনামপাগ্রয়ঃ।
  —কৌ নি ২২/১৮৯-১৯০
- ২ সক্ষা করা সেতে ক্লয়বাসলে এই বচনই ঈবংপরিবভিত আকারে বামাচার সন্দর্কে প্রবৃদ্ধ হলেছে।
- অবং সংগান্তবো বর্মঃ শিবোক্তা স্থাসিদিব: । কিডেলিছত স্থাকো নাল্যানন্তবা তা ।
  বদ্ধিরতসাং সর্বভাগিবামনিকে তিবার । ক্রেণা স্তমান্তের নোল্যুগালরভালয় ।
  তদেবার হি সংসিদ্ধে কারণা সর্বমীরিতন্ । ইতো নভারিতো নাংসং ভকার্ভাবচং তথা ।
  তর্শান্তারবেশাচা। বলষ্থিতলোচনাঃ । তর সংঘতিভক্তা সর্বথা কৃতিমুখ্রয় ।
  ভক্তিজাবিহীনত কবং ভালেতবীবরি ।—ব্লিসুরার্থবচন, তাঃ কে বি. পৃঃ ১৭২

খীর গুরু মই ও দেবতার প্রতি বার দৃচ্ভক্তি, এমনি ব্যক্তি কৌলাচারে শিশু হ্বার বোগ্যর্থ এ ছাড়া অশু ব্যক্তি গুরুর পক্ষে ত্রথদায়ক।

ধিনি বিনয়ী পাণ্ডিতাগর্বহীন এ রকম সাধকই কৌলাচারের সাধনায় অধিকারী। কুলার্পবতত্ত্বে শিব বলছেন—ত্রন্ধ থেকে অতি স্ক্র কীট পর্যন্ত দ্বীবই আমার গুরু, আমি সকলের শিল্প, দ্বগতে আমার পূল্পা কে নয় ?—এমনি নিশ্চিতবৃদ্ধি সাধক আমাদের (অর্থাং শিবশক্তির) প্রিয়। কিন্তু আমি গুরু, আমি সকলের বড়, আমি সব জানি, এমনি অহংকার বাদের তারা কৌলিক হতে পারে না অর্থাং তাদের কৌলসাধনায় অধিকার নাই।

কৌলাচারে অধিকারী সহক্ষে এসনি ভন্তবচন অনেক আছে। এই সব বচনের সার কথা—বে ব্যক্তি জিতেন্দ্রির, বড়্রিপুজ্বরী ওক্তিশ্রজ্ঞাবান্ শাস্ত্রজ্ঞ কৌলাচারে তাঁরই অধিকার।

আবেকটি কথা। কৌলাচারের সাধকের সৃষ্ক শরীর থাকা চাই। শক্তিসাধক সৃষ্ধ সাধারণভাবে এ কথা আমরা পূর্বেই বলেছি। কুলাচারের বর্ণনা প্রসঙ্গের বলা হরেছে—শরীরই মান্সবের পুরুষার্থলাভের একমাত্র সাধন। স্কৃষ্ক শরীরে সর্বকর্ম সাধন করতে হবে। ভনসমূল পার হওয়ার তরণী শরীর। সৃষ্ক শরীর থাকলেই এই চ্ছার সমূল স্থাপার হওয়া বায়। শরীর ক্রপ্ত হলে জীবন বিক্রল হরে যায়। কাজেই সৃষ্ক শরীর না থাকলে কৌলাচারের সাধনা তথা কোনো সাধনাই চলে না।

স্থা শরীরের সঙ্গে স্থা মন থাকলে তাঁবে জ্বিতেন্দ্রিয় হওয়া সম্ভবপর হয়। ইন্দ্রিরসংযম জভান্ত কঠিন ব্যাপার। কিভাবে এই কঠিন কাজ সম্পন্ন করে, চিত্ত শুদ্ধ করে সাধক কৌশাচারের অধিকারী হতে পারেন তন্ত্রশাস্ত্রে সে সহজে নির্দেশ দেওয়া হয়েছে।

- চত্তিরালৈ: সহিত: প্রকাবান্ ক্ষিরালক:। অসব থা ছিরগাঁরকা প্রেক্ষাকারী জিতেপ্রিক:।
  আছিকো মৃচ্ছক্তিক প্রকৌ মারে সবৈব তু। এবংবিধা ভবেদ্ধিক: ইভরো দ্রাথকৃদ্ধরো:।
  —িনিভ্যোৎসব, G. O. S. Vol. xxiii, p. 6-7.
- ব্রহ্মানিস্তবন্ধর বস্তু মে প্রক্রমন্ত্রি: । তন্ত বে সর্বলিকত কো ন প্রো মহীতলে।
   ইতি নিল্টিতব ছিল: স ভবেলাবরো: প্রির: । অলং প্রক্রয়ং জোলস্করং বেল্লীডি প্রবিত: ।
   জন্তরের প্রতিবেশ্বাং কৌলিকা ন ভবন্তি তে।—ক্লার্পবতর্বচন, তঃ কৌর, পৃঃ ২৩
- ও কৌলাচারী সম্পর্কে পরস্তরামকরতক্রের নির্দেশ—
  কাম-লোভ-লোভ-যোভ-মাভ-মাভ-মাং-বাবিহিতহিংসা-তের-লোকবিবিইবর্জনন্।—প ক ত্ ১১১৯
- s नदीतः छ मञ्चानाः পुजनारेर्यकनाथनम् ।—গ ত ৩৪।১৫
- निश्चामतः महोत्त कु नर्वकर्मानि नाश्दार ।—वे ७६।>8
- ভবাবে ধ্তরপোপারং করনী ব'র চোচাতে। নির্পদেন পরীরেণ ক্ষং তরজি ছতরন্।
   সকলা ব'রণা দেবি জীবনং বিকলং লিবে।—ঐ ৩৪/১৭-১৮

ে কুলজান—বেমন কুলসারে নির্দেশ দেওয়া হয়েছে?—অন্ত দেবতাদের বার বার সেবা বারা পরিপক্ষনা সাধক কৌন্মার্গ সহক্ষে প্রামাণ্য জ্ঞানলাভ করে এবং বাফ্ ইন্দ্রিয় সংবত করে এই মার্গে প্রবেশ করবেন, অন্ত ব্যক্তির এতে প্রবেশাধিকার নেই।

কৌসমার্গ সম্বন্ধে জ্ঞানের মধ্যে কুলসন্ধেতজ্ঞান বিশেষভাবে উল্লেখযোগ্য। কেন না তত্মশাস্থের নির্দেশ কেউ যদি কুলসন্ধেত না জেনে কৌলমার্গে প্রবেশ করে তবে সে ঘোর নরকে যাবে এবং তার পরক্ষরে যা হবে তার ত কথাই নাই।\*

ক্রমান্তে পূলাসকেত মন্ত্রসক্তে বন্ধসকেত এবং মন্ত্রন্তরিখনসকেত কুলসক্তের অন্তর্ভুক্ত। এ-সব গুরুমুখে জানতে হয়।

ষথার্থ কুলজ্ঞান-লাভ সহজ ব্যাপার নয়। কুলার্থবতত্তে বলা হয়েছে—পূর্বে তপক্তা দান যক্ত তীর্থপর্যটন জপ ব্রত এই-সব করে বে-সব লোকের পাপক্ষয় হরে গেছে সেই শুছচিত্ত শাস্ত কর্মপরায়ণ (ধর্মপরায়ণ) গুরুসেবী অভিভক্ত গুড়ুসাধকদের কাছে কুলজ্ঞান প্রকাশিত হয়।

বলা বাছল্য কৌলাচার অবলম্বন করলেই কুলজ্ঞান লাভ হয় না। কেন না কুলজ্ঞান অবৈতরক্ষ্ণান, সমস্ত ফ্লাং শিবশক্তিময় এই জ্ঞান। অপরোক্ষ কুলজ্ঞান লাভের জ্ঞাই কৌলাচারের সাধনা। থুব কম লোকই এই কুলজ্ঞান লাভ করতে পারেন। ভাই কুল-শাস্ত বলেন ভাগ্যবশেই লোকের কুলজ্ঞান প্রকাশ পায়। থাদের কুলজ্ঞান প্রকাশ পায় তাঁরা ধন্ত, তাঁরা পুল্যকর্মা, তাঁরা সন্ত, তাঁরা যোগাঁ।

এধানে ভাগ্য অর্থ জন্মান্তরের সাধনা। তত্ত্বের অভিনত বাদের এমনি সাধনা আছে কোনো উপদেশ না পেলেও স্বপ্নোথিত ব্যক্তির প্রতায়ের মতো তাদের কুল্জান প্রকাশ পেতে পারে। সহস্র জন্মের মধ্য দিয়ে বিহিত বৃদ্ধিই মাহুব লাভ করে, উপদেশ নির্থক।

- অস্তাসাং দেবতানাত্ত ভূরো ভূরো মিবেকাং। পরিপদ্ধনাং কোলে লব ধ্ঞামাণাকো নরঃ।
   বাছেক্রিরানি সংবয়া প্রবিশেষত্র নেতরঃ।—ক্রং পাক পু ৩।৩১-এর ব্লামেররকৃত বৃদ্ধি
- ২ সক্তে অৰ্থ লাব্ৰপছতি। বৈজ্ঞন্তীকোৰে আছে—সক্তেও লাব্ৰপছানো।—ত্ৰঃ প ৰু পু ৭০১-এর বৃত্তি
- পুরাকৃততপোদানবক্ষতীর্থনপরতৈ:। কীণাংক্সাং নৃণাং বেবি কুলজানং প্রকাশতে।
  তথ্যতিক্ত লাভক কমিশো (ধর্মিশো ) ভরুসেবিনঃ। অতিকক্তর ভক্ত কুলজানং প্রকাশতে।
  —— কৃত, উঃ ২
- কুলাচারেণ দেবেলি বুক্জাবং প্রজায়তে।—বহা ত ১।২১
- তে বস্তাঃ পুৰাক বাগতে সভতে চ বোগিবঃ। বেবাং জাগাবলাংক্তি কুলজারা প্রকাশতে ।—কুত, উঃ ।
- প্রকারকভাতাানাৎ কুলকাবং একাশতে। বংগাখিতএতায়বদ্ধপদেশাদিকং বিবা।
  ক্ষাভারসংক্রের্বা বৃদ্ধিবিহিতা নুশান্। তামের গভতে ক্ষত্রপদেশো বির্বক: ।—ই

জন্মজনান্তরের সাধনার ফলে যে শুধু কুলজান লাভ হয় তাই নয়, বহুলয়ার্জিত পুণার্জ থাকলে তবে মান্তবের কুলাচারে মতি হয়।

তার অর্থ কৌ নাচার সাধনার এত উচ্চস্তরের অবস্থা বে সাধক জন্মজনাস্তরের সাধনার ফলেই এই অবস্থায় পৌছাতে পারেন। উপদেশের খারা কাউকে কৌলসাধনার প্রবৃত্ত করান খায় না বা তার খারা কারো কৌলজানও লাভ হয় না।

কৌলমাছান্ত্র — কৌনতত্ত্বে কৌন নাধকের মাহাত্মা বে-ভাবে প্রচার করা হয়েছে তার থেকেও কৌনজানী সাধক হওয়া যে কিরপ ছঃসাধ্য তা অহমান করা যেতে পারে। মহানির্বাণতত্ত্বে কুলাচারপৃতাত্মা সাধককে সাক্ষাৎ শিবময় বলা হয়েছে। এরপ সাধক একান্ত ছুর্লভ। ও

উক্ত তত্ত্বে অভিমত প্রকাশ করা হয়েছে শনাড়ে তিন কোটি তীর্থ, ব্রহ্মাদি সকল দেবতা কৌলিকের দেহে অবস্থিত T এ হেন কৌলিকের অর্চনার খারা কি না হয় ? পূর্ণাভিষিক্ত সংকৌল বে-দেশে বাস করেন সেই পুণাভম দেশ ধল্ল মাল্ল, দেবতাদেরও প্রার্থনীয়।

কুলার্থিতত্তে পূর্ণাভিষিক্ত কৌলের লক্ষণ এইভাবে বর্ণিত হয়েছে—নিলাস্কতি শীতোক্ষ ক্ষত্যখাদি থার কাছে সমান; যিনি সর্বত্র সমভাবাপত্ত; যিনি হর্ষবিষাদ্বর্দ্ধিত; যিনি আত্মতক্ষ বিভাত্ত্ব ও শিবতর এই তর্ত্ত্বেয়, শীগুরুর চরণ ও মূল মন্ত্রের তর্ত্ত্ব অবগত আছেন; বিনি দেবত। ও গুরুর প্রতি ভক্তিমান্; শাস্ত্বীম্তাযুক্ত সেই যোগীখরই পূর্ণাভিষিক্ত কৌলিক; ৩ধু দীক্ষার ঘারা পূর্ণাভিষিক্ত হওয়া যায় না।

আর সংকৌগ বলা হয় সেই জীবন্মুক্ত সাধককে বিনি সমস্তকে ব্রন্ধে এবং সর্বত্র ব্রন্ধকেই দেখেন। স্বাধিকান সাধিকান স্থানি স্থান

<sup>&</sup>gt; वहस्त्राक्षिरेत: शूरेना: क्लांहारत मिं नाटन ।-- महा उ क्षांक

२ (i) कूनाहारतम भूखांका माकार निवमरता करवर ।--- वे

<sup>(</sup>ii) কুলমার্গরতো জীবঃ শিব এব ন সংলয়: — মুখ্যালাভর্তন জঃ প্রা ভো, কাণ্ড ৭, পরিঃ ৪, ব সং পুঃ ৫৩১

<sup>🕈</sup> ভুলভোহর: কুলেশানি কুলতত্ত্ববিশারন:।—কু ত উঃ ২

বো নিলাভতিশীতোকস্থদ্যথাবিসভবে। সমা সর্বত্র বোশীলো ছবামর্থবিবজিতা।

তথ্যকৃত্রীচন্ত্রপুল্মরার্থতব্যিং। দেবতাগুলুভকুক্ত শান্তবীমৃত্রকাথিতা।

স চ পূর্ণাভিবিজ্ঞা প্রথে কৌলিকো ম তু হাজ্রা।—কুলার্থবিচন তাঃ প ক সু ং।২২-এর বৃদ্ধি

गर्वर व क्रिन गर्वज व टेक्स गतिशक्कि । क्किश म जब मध्यकोला कीवकूरका न मरनंतः ।—महा ७ ১-१२>३

্
কিলমাহাত্ম্য-প্রকাশক এক্কপ বচন অনেক পাওয়া যায়।

সিদ্ধিপ্রাপ্ত কোল—এই-সব বচন পর্যালোচনা করলে শাইই বোঝা যায় শুর্ কুসঞ্চানী সিদ্ধপুক্ষেরই এরপ মাহাত্মা পাকতে পারে। কোনাচারে দিদ্ধিলাভ করলে সাধকের কুসঞ্চান বা অন্ধন্জান লাভ হয়। আর অন্ধন্জান লাভ হলেই সাধক জীবন্মুক্ত হন। এমনি মহাপুক্ষকেই শিবস্থরপ বা অন্ধস্থরপ বলা হয়। কেন না যিনি অন্ধন্জান লাভ করেন তিনি আন্ধাহন। প

এ রক্ষ ক্লজানী সিদ্ধ প্রথের ভেদজান লোপ পেয়ে যায়। তিনি সব কিছুকেই ব্রহ্ম বলে জানেন। কাজেই তাঁর কাছে বিধিনিধেধ পাপপুণা অর্গনরক এ-সব নাই। কর্দমে-চন্দনে শক্তে পুত্রে শংশানে-গৃহে, তৃনে-কাশনে তিনি কোনো ভেদ করেন না। তিনি বথার্থ বেশীল ব

তন্ত্রপান্তে যে সব কর্ম ও প্রয়োগ বিহিত হয়েছে ব্রক্তৈকনির্দ্ধ সৈদ্ধ কৌগের পক্ষে সে-সব করা না করা সমান।

পরস্তরামকল্লতা বলেন ধিনি বথাশার কুলাচারের সমস্ত সহার্চান করে সিদ্ধিলাভ করেছেন তার স্বপ্রকারে কৃতকৃতাতা হয়েছে মর্থাৎ তার মার কোনে। মহারানাদির প্রয়োজন নাই। এই জীবনুক্ত সাধ্বের কাশীতেই দেহত্যাগ হোক মার চণ্ডালগৃহেই হোক ভাতে কোনে। ভেদ হবে না। কেন না মবিছার জন্মই মান্তবের স্বর্গনরকাদি প্রাপ্তি হয়। কিছ বিনি মবিছালেশরণিত তার স্বর্গনরক কিছুই নাই। কাজেই তিনি বেখানেই দেহত্যাগ করুন না কেন ভাতে কিছু মাস্বে যাবে না।

वनकानी मिन्न को.लड निरम्द कारना काशना नाहे, कारना कुणाकुणा नाहे।

- > तः का छ. भः : को बि, छै: ४ : केंग्राप्ति
- ২ কুণ চারেণ দেবেশি বুঞ্চজান: প্রফালতে। বুজ্জানবুতো মর্বো কীবস্থুকো ন সংলয় ।—মহা ও ৪।১১
- प्रदाह ते ३९ भक्ष्यः बुद्ध तक बुदेखन छवछि ।—प्रृष्ठेण शहाक
- व বিধি व বিবেশ ভার পুণাং ব চ পাতকম। ব বর্গো বৈব বরভা কৌলিকানাং বুলেবরি।—ক छ, छ।
- কর্মনে চন্দনেহতিয়: পুত্রে শত্রে তথা গিছে। স্থানে ভবনে ধেবি ভবৈত কাক্ষনে ভূপে!

  ম ভেবেশ বস্তু দেবেলি স কৌলা পরিকীতিতঃ।
  - —বিভাতিরণ্চন, জ: প্রা তো, কাঞ্চ ৭, পরি: ৪, ব সং, পুঃ ৫৬১
- উজাঃ প্রচোগা বছবঃ কমাণি বিবিধানি চ। বুলৈকনিঠকৌলক ভ্যাপালুঠানভাঃ সমব।

- ইবং বিদিছা বিধিকাণুটিভবভঃ কুলনিউজ সহঁতঃ কৃতকৃতাতা শরীকভাবে ভগচপৃহকালো বাভারং জীবস্তঃ ৷—প ক পু ১০।৮২
- বৃদ্ধজানে সম্বশরে কৃত্যাকৃত্য ন বিশ্বতে।—মহা ত ৭।>।

শিবস্থার এই মহাপুরুষ নরদেহে বিহার করেন শুর্ পোক্ষাত্রা শিক্ষা দেবার জন্ত এবং লোকদের আন করবার জন্ত । সারকথা তিনি শুর্ লোকহিতের জন্ত সংসারে বিচরণ করেন। কিছু এমনভাবে থাকেন যাতে লোকে তাঁকে চিনতে না পারে। এই জন্ত তিনি নানা বেশ ধরে খুরে বেড়ান, একবারও নিজের পরিচয় প্রকাশ করেন না, জনসমাজে উরস্ক মুক ছাড়ের মতো থাকেন।

ভিনি এমন আচরণ করেন যাতে লোকে হাসে, তাঁকে ক্ংসিং বলে ছুবা করে, তাঁকে দেখে দ্বের থেকেই সরে পড়ে। কখনে। শিষ্ট, কখনে: তৃষ্ট, কখনে। ভূঙপিশাচের মভোনানবৈশ ধরে কুল্যোগী পৃথিবীতে বিচরণ করেন। • •

উত্তমানি তেন — বলা বাহুলা কৌ বাচার স্বল্যন করা মাত্রই কোনো সাধক সাধনার এই চংমদিনির প্রবৃদ্ধায় সংধারণতং পৌহাতে পারেন না। এই কল সাধনার অবস্থাতেদে কৌ বাধকদের উত্তম মধার ও সরম এই তিন শ্রেটী নির্দেশ করা হয়েছে। যিনি সর্বভৃত্তের মধ্যে সাপনাকে এবং মাপনার মধ্যে সর্বভৃত্তের দেখেন সেই ত্রন্ধজ্ঞানী কৌব উত্তম; যিনি স্মাহিত ও ধানেনিল হয়ে পঞ্চত্তের হারা সাধনা করেন তিনি মধ্যম সার যিনি অহৈতজ্ঞানভ্মিতে তথনও পারোহণ করেন নি তবে পারোহণ করতে ইচ্ছুক তিনি সধ্য বৌরাণ

উত্তম কৌণ বাতীত অভ কৌবদের শাল্পবিহিত সদাচার পালন করতে হয়। কুলার্ণক– তল্পেন মতে কুল্ধর্মের মূল সদাচার, অভি:যক নয়, মল্ল নয়, শাল্পঠোদিও নয়।

কৌ শাবলী নিৰ্বিশ্ব মতে কুলধৰ্ম গ্ৰহণ করে যে মাচার পালন করে না সেই যথেচ্ছাচারী মহাপাতকীর নিছতি নাই। সে মহাপত এবং তাকে দেবতার অভিশাপ লাগে। সে রৌরব নরকে যায়।

কৌলসাগকের পালনীয় বিদিনিবেশ—শাস্ত্রবিহিত বিধিনিবেধ মেনে চলা এই আচারপালনের অন্তর্ভিত। দৃষ্টান্তসক্রপ কয়েকটি বিধিনিবেধের উল্লেখ করা যাচ্ছে।

১ কেবলং নর্ম্প্রণেশ তার্বরপিলং মূপং। শিক্ষান্ লোকবার্মাঞ্চ কৌলো বিহরতি কিতো।—এ ১-۱১-৮

ৰথা ছসতি লোকোংর: লুগুপাতি চ ক্ংসিত:। বিলোকা পুরতো বাতি ব(ত ?)গা বোপী প্রবর্ততে ।
 কচিভিট্টা কচিজ্টা কচিল্টা লিবিং। সাবাবেশখার। বে.পী বিচরেক্ষণতীতলে।—ঐ

काव देव काठाव क न क, गृ: 80.

वाख्टिबटका व बटडा वा व नाड्मिनेमानिकम्। काज्यम् कृत्यवर्षक ग्रमाठाडाः कृत्ववि ।—कृ छ छै: ১১

কুলবরাং স্বাঞ্জিতা আচারং বোৰ পাললেং। ববেজাচারিশক্ত মহাপাত্রিকাং সহা।
 বিভৃতি বাজি তালৈব মহারৌরবসমূলে। স মহাপ্তরিভূগজো দেবতাশাল্যামুহাং।
 —কৌ বি, উং ১০

## ভারতীয় শক্তিসাধনা

१७२

কৌলাচারের সাধনা বে কিব্লপ উচুস্তরের সাধনা এই-সব বিধিনিবেধের পর্যালোচনা করলেও সে সম্বন্ধে একটা স্পষ্ট ধারণা হতে পারে।

কোলোপনিবং বিধান দিয়েছেন—মদাদি ত্যাজ্য। মাদকন্ত্রবাদেবনজনিত বিকারবিশেষকে বলা হয় মদ। এখানে কিন্তু মদ অর্থ কামাদি ষড়্রিপু। কৌলসাধককে এ-সব ত্যাগ করতে হবে।

কৌলাচারপয়ায়ণ দাধক নিজের আচারের প্রতি দৃঢ় বিশাস রাখবেন। এমন কি শব্ধ ব্রহাও ধদি কৌলসিদ্ধান্তের বিকল্পবাদী হন তা হলে তাঁকেও গ্রাহ্ম করবেন না।\*

এই প্রদক্ষে উল্লেখ করা যায় তান্ত্রিক, সাধনায় বিশাস এবং সম্প্রদায়ের প্রাধান্ত বিশেষভাবে স্বীকৃত। পরস্তরামকল্পত্রে<sup>©</sup> আছে সম্প্রদায় ও বিশাসের<sup>©</sup> যারা সর্বসিদ্ধিসাত হয়। স্ত্রেটি বসা হয়েছে মন্ত্রসাধনা সম্পর্কে। মন্ত্র ছাড়া সাধনা হয় না। কাজেই এটি সাধারণভাবে সাধনা সম্পর্কেই প্রয়োজা।

কৌল সাধক অন্ত সম্প্রদায়ের জানী বাক্তিদের কথার নিন্দা করবেন না বা অন্তদের উপাস্ত দেবতাদের নিন্দা করবেন না। কোনো মতেরই নিন্দা করবেন না। ধর্মসাধনার ক্ষেত্রে নানা মত, নানা পথ। ধার যে-মতে যে-পথে অধিকার তাঁর কাছে তাই প্রামাণা। কৌল ভিন্ন অন্ত নিন্দা করবে সেই সেই মতাবলগী সাধকের মনে খীর মত ও পথের প্রতি অবিশাস দেখা দেবে অথচ কৌলমতের অধিকারী না হওয়ায় তারা সে-মতও গ্রহণ করতে পারবেন না। এইভাবে তাঁরা উভয়ভই হয়ে ছিল্লমেথের মতো বিনাশপ্রাপ্ত হবেন।

অন্তের যাতে অনিষ্ট হয় কৌল সাধক তেমন কোনো কান্ধ করতে পারেন না। কারণ তাঁর কাছে পর কেউ নেই। কেন না শাস্তের নির্দেশ কৌল সাধক প্রাণীয়াত্রের ও স্থাবর্যাত্রের সঙ্গে একাস্থ হবেনশ অর্থাং তাঁর হবে সর্থাস্থাতার। কান্ধেই প্রয়ত্তর

- ১ স্লাণিজ্যালাঃ। ২ জ: ঐ নরের ভারররারকৃত ভাষা
- ৩ জ্ঞ: ন প্ৰবেং কমপি---এই কৌলোপনিবং-মন্তের ভাকররারকৃত ভাত
- त्रण्याविदात्रांगाः तर्वतिष्ठिः।—१ क १ ।।
- রামেশর আলোচা প্রত্তের বৃত্তিতে সম্প্রদায় পদের কর্ম করেছেন— ওলপরন্দরাচারাকুসরাহ।—
   ক্রেপরন্দরাক্রমে আগত আচারের অনুসরণ। আর বিধাসপদের পদের আর্থ করেছেন—বিধারো
   ব্রেরু কলসাধনছবিষ্যকা নিক্রঃ—মতের কলসাধনছবিষ্তে ক্রিন্চিত অধ্যারণ।
- व निरमद स्वाकाह व निरम्यक्ष्यशावित्व ।- (को नि. है: >-
- १ मर्वक्नेवानिका।-- न क ए ११३६
- प्र: लाकात निकार—धरे कोलाशनिवर-वरवत छान्द्रताहकुरु छात्र
- » गर्वमामा **खरार ।—रको** छैन

নিশা বারা ভাবের অনিট হবে কোঁদ দাধকের এই সর্বায়ভাবের হানি হয়। সেইজন্ত বিনি বে-মত ও মাচার অবদ্ধন করেছেন তাই তাঁর আয়ুদ্ধানের পক্ষে উপকারক কৌদ্দাধক এইরূপ মনে করবেন।

এইজ্ব পরশুরাষকরত্বে বিধান দেওরা হয়েছে — কৌল সাধক কোনো প্রানীর বিরোধ করবেন না। সকল প্রাণীই তাঁর আত্মতুল্য বলে তিনি কারো সঙ্গে বিরোধ করতে পারেন না।

গন্ধবিতম আরও শাই করে বললেন শাক্রিলাখক কোনো প্রাণীর হিংসা করবেন না এবং এই সম্বেট বললেন তিনি আত্মণীভূনও করবেন না।

কোন সাধক কোনো এতের আচরণ করবেন না সর্থাৎ কোনো কাম্য কর্মের অফুর্চান করবেন না। কৌলসাধনার লক্ষ্য আত্মজ্ঞান বা একজ্ঞান। এইটিই সাধকের একমাত্র কামা। কাজেই মন্ত কোনো কাম্য কর্ম তার পক্ষে বিহিত নর। তাই পরগুরামকল্পত্রের বিধান — মলাকাজ্ঞা ত্যাগ করে কর্ম করবে। এর অর্থ কাম্যকর্ম করবে না। তবে কোনো কোনো তথ্যবিদ্ বনে কবেন ইবরবৃদ্ধিতে শাস্থাবিহিত কাম্যকর্ম কৌল সাধকের পক্ষে নিষ্কি নর শাস্থাবিক্যের এই তাৎপর্য। ত

তন্মস্থবের বিধান পূর্ণান্তিবিক্ত কৌলের পক্ষে তীর্থাটন সরাাস ব্রতধারণ উপবাস মন্তকমূণ্ডন এ-সব বর্জনীর। প্রায়ন্তি তাদিও বর্জনীয়। তবে তন্মশাস্তক্তরা বলেন প্রায়ন্তিক মর্থ তন্মাস্ক প্রায়ন্তিক ভিন্ন অন্ত প্রায়ন্তিক। প্রতিধ্যাত্র। বর্জনীয় বগতেও স্মার্জ বিধি মন্তুসারে তীর্থবাত্র। বর্জনীয় বৃক্তে হবে। কেন না তন্ত্রে পীঠবাত্রার বিধি আছে। ১০

উপবাদ কেন বৰ্জনীয় গদ্ধবঁতত্ত্বে তার একটি কারণও নির্দেশ করা ধ্য়েছে। উক্ত

- तः देखाशासन्—बहे कोलाशिम्बर-मद्यत्र शास्त्रज्ञातदृष्ठ कांत्र
- २ नर्वकृरेखबन्दिबायः।-- भ क ११ ३०।६१
- व्यानिहिश्नार व क्वींछ व हासावः व्यनीदृद्धरः।—न ७ ००।२
- अ: 'अक्ट न हात्वर' (को डेल ) अहे मध्यत्र कि चांच हुन्तकृष्ठ छारल्स, को त, शृः ४०
- क्शर फाक्र्य क्रम्बन्य .— न क ए अदर
- जः अ, वृश्वि
- ভীৰ্বাটনং চ সন্নাদং এতধারণবেব চ। উপবাদং মুখনং চ সর্বধা পরিব করেং।
   পূর্ণাভবিক্তে শির্মি তের তার ব মুখনন্—ভরাত্তর্বচন, তাং পু চ, তাং ৫, পুঃ ০১০
- » व्यावन्तिकारिका कत्वाकिवन् ।—वः पू ठ, कः », पृः ४७०
- > वः छात्राक्षकियगोर्न्य, सः ३, गृः >>

তম্মতে সতাৰ্গে প্ৰাণ অস্থিগত, ত্ৰেতায় মাংসগত, দাপরে ত্বকৃগত আরু কলিতে অন্নগত। এইজন্মই কলিযুগে নিরাহারএত বর্জনীয়।

কৌল সাধক ছোর বিপদের সময়েও সত্য কথা বলবেন। পরদার ও পরধনে আসক হবেন না এবং শুধু নিজে ভোগ করব এই বুদ্ধিতে ধন উপার্জন করবেন না।

তিনি আন্মন্ততি, পরনিন্দা, পরের গোপন দোষ প্রকাশ পেতে পারে এ রকম কথা, বিকল্প কথা অর্থাৎ তোমার মরণ হোক এই ধরণের শ্রুতিকটু কথা, পরিহাস, পরকে ধিকার দেওয়া, আক্রোশ অর্থাৎ রোদনাদি, পরকে ভয় দেখান—এ-সব বর্জন করবেন।

কৌল সাধক হবেন নিভীক। বৈধ কর্মের অহুষ্ঠানে তার কোনো র**ক্ম ভয়** থাকবে না।

কৌলশান্তে নারী—নারীর প্রতি কৌল সাধকের সমন্ত্র সমন্ত্র সদয় ব্যবহার কুলশান্তে বিহিত। কুলার্বিতছের বিধান—কৌল সাধক জগতের নারীমাত্রকেই মাতৃকুলসন্তবা অর্থাৎ মাতৃজ্ঞাতীয়া মনে করবেন। কথনও নারীর অসম্মান বা নিগ্রহ করবেন না বা নারীর প্রতি থেষ করবেন না। নারীর নিগ্রহে কুলাঘোগিনীরা কুপিত হন। নারী শত অপরাধ করলেও তাকে পুশোর হারাও আঘাত করবেন না। তাদের দোব ধরবেন না, তাধু গুণই প্রকাশ করবেন।

কৌলাবলীনির্ণয়েও অঞ্জাপ বিধান দিয়ে বলা হয়েছে কৌল সাধক নারীর পূজা করবেন। বালিকা যুবতী হৃদ্ধা জ্লারী কুংসিতা মহাত্তা যে-কোনো নারীকে দেখলেই কৌল সাধক নমন্তার করবেন।

- সতো চাইগতাঃ প্রাণায়েতালাং মানেগা মতাঃ। বাপরে ক্ষরতাঃ প্রাণাঃ ক্লাবয়লতা মতাঃ।
   নিরাহারয়তং দেবি কলো তেন বিবজিতন্।—প্রত তলা১৯-২০
- ২ সর্বধা সভাবচনন্।--প ক হু ১০। ৭৭
- ० श्रवात्रश्रानस्भागिकः।- व > । १४
- বৈকোপভোগৰ ভাগ ধনাজন।

  জনব্। -নিত্যোৎস, আয়ভোলাস, পৃঃ >
- ে বস্তুতিপর নিন্দামন বিরুদ্ধবচনপরিহাদধিকারাফ্রোশতাসনবর্চনন্।--প ক পু ১।।৭৯
- निर्वत्र हो प्रश्च ।-- वे ३।३६
- देशास्त्रेशास्त्र मर्वत्या निर्वत्या ।—नित्यारमत् व्यावत्याद्वाम, पृः »
- দ্বা কাচিদকনা লোকে বা মাতৃত্বসম্ভব। কুপান্তি কুলবোলিকো ধনিতানামতিক্রমাং।
  শতাপরাধৈবিনিতাং পুস্পোগাসি ন তাড়ালং। দোবার স্বাচের স্তীবাং ভবাবের প্রকাশরেং।—কুত, উঃ >>

গন্ধবিতমে সতর্কবাণী উচ্চারণ করা হয়েছে—যাতে নারীদের মন দ্বিত হতে পারে এমন কোনো আচরণ কোল সাধক তাদের সঙ্গে করবেন না। নারীদের অপ্রিয় কাজ করলে সিদ্ধ ব্যক্তিও বিনাশপ্রাপ্ত হন।

এই প্রদক্ষে শক্তিশঙ্গম তথে নারীর বে-স্তবগান করা হয়েছে তার উল্লেখ করা যার। তরণাত্মে নারীর প্রতি কিরণ শ্রামা ও সন্ধান প্রদর্শন করা হয়েছে এই স্থাতিকে তার একটি নিদর্শন মনে করা বেতে পারে। আলোচা তল্পের তারাখণ্ডে আছে—নারী ত্রৈলোকাঙ্গননী, ত্রৈলোকাঙ্গপিনী, ত্রিভ্বনাধার, দেহস্বরূপিনী। পুক্ষরপই হোক শ্রার স্ত্রীরূপই হোক যা কিছু উত্তম রূপ সবই নারী। জগতে যা কিছু রূপ আছে সবই নারীর স্ত্রে। নারীর মত্যে সৌখা নাই, নারীর মতো গতি নাই; নারীসদৃশ ভাগা হয় নি, হবেও না; নারীসদৃশ রাজা নাই, নারীসদৃশ তপ্তাও নাই। নারীসদৃশ তীর্থ হয় নি, হবেও না; নারীসদৃশ বোগ নাই, নারীসদৃশ জপও নাই।

বিনিনিবেশ — সাবার প্রস্তুত বিষয়ের অন্ত্রন্থন করা যাক। কোলোপনিবলে আছে—
সমস্তই শক্তিপর্ব। ত এই জন্ম ভাবস্ডামণিতরে বিধান দেওয়। হয়েছে ত — সাধক যা কিছু
বলবেন, যা কিছু করবেন, যে-নিছা যাবেন, যে-মর্চনা করবেন এই-সব সমস্তই কুল্রপ অর্থাৎ
শক্তিপর্বা মনে করবেন এবং এই ভাবে ধ্যান করে স্থাধ্বিহার করবেন।

এই জন্ম কৌন সাধকের দৃষ্টিতে বিহিত নিষিদ্ধ সব প্রার্থ শক্তিময়। শাল্পের নির্দেশ কৌনসাধক নিতাক মের অন্তর্গানের সময় ছাড়। মন্ত সব সময় 'শিবোহহমব্বি'—আমি শিব এই ভাবনা করবেন। শবন। আপনাকে অক্ষত্ত্বপ চিন্তা করবেন। শ

- > न वृङ्खि माना (यन नातीनाः उरममाऽातर। नातीनाः विश्वितः कृषा मिल्काशिन नञ्जित अवम् ।—न छ ७०।न
- বারী ত্রৈলোক। ছননী নারী ত্রৈলোকার্মপিনী। নারী ত্রিভুবনাধারা নারী দেহস্বর্মপিনী।
  পুরেপা চ রিরো রূপা বংকিকিল্লপন্ত্রন্। নারী চক্রে সর্বরূপা বংকিকিল্লগতীগতন্।
  ন চ নারীসম্পা নোরাং ন চ নারীসমা গতিঃ। ন নারীসমূপা ভাগাং ন ভূতং ন ভবিছতি।
  ন নারীসমূপা রাজাং ন নারীসমূপা ত্রপা। ন নারীসমূপা তীর্থা ন ভূতং ন ভবিছতি।
  ন নারীসমূপা বোলো ন নারীসমূপা রূপা। —শ স ত, তা ব, ১৩৪০-৪৭
- नर्गर नाखवीस्नमम् ।—(को উপ
- বদ্ধন বছতি নিপ্লতি বং করেতি বন্ধতি। তৎসর্বং কুবরপক বাছি। চ বিহরেৎ হথী।
   জ: পু চ, ত: ১, পু: ৮৬১
- कः नर्वः नाडवीस्रनव्—এই कोल्लानिवय-मदात्रः निकाडकृष्यकृष्ठ छोरनर्वः, को त्र, तृः १३
- ७ अ: १ क ए ३।३४-अत वृष्टि
- १ जाबामर व क्सानक गर्वना शक्तिविद्धार ।--- (को नि, फेर >-

কোল সাধককে আপন সাধনা গোপন রাখতে হয়। কোলোপনিবৰে নির্দেশ বেওয়া হয়েছে—কোলাচার প্রকাশ করবে না। ও ভাত্তররায় লিখেছেন বারা অকীরমন্ত্রশীকাহীন এবং উপাসনাহীন, অন্ত ধর্মে বাদের অভান্ত আদর; বারা মন্ত্রশীকা নিয়ে উপাসনা করলেও ভাসা ভাসা রকমে করে অর্থাৎ ব্যার্থভাবে করে না—এরা স্বাই বহির্ধ। এরা বাতে সাধককে কোল বলে চিনতে না পারে সেইভাবেই ভিনি বীয় সাধনা সর্বদা গোপন রাখবেন।

কৌলরা পশুদের সক্তে স্বীয় সাধনার বিষয়ে কোনো কথাই বলবেন না। ওথানে পশু অর্থ পূর্বোক্ত বহিম্প ব্যক্তি।

কৌ নাবলী নির্ণয়ে নির্দেশ দেওয়া হয়েছে — শ্রের সামনে বেদপাঠ বেষন নিবিদ্ধ তেষনি পশুর সামনে কুলধর্মপ্রদাস নিবিদ্ধ। লোকে বেমন চোরের হাত থেকে ধন ধান্ত বন্ধানি ক্রকা করে তেমনি পশুর হাত থেকে কুলধর্ম রক্ষা করে । ব

কৌল সাধক বাতে নিজের সাধনা গোপন রাখতে পারেন সেইজন্ত কৌলোপনিবদে বিধান দেওয়া হয়েছে—কৌল সাধক জন্তরে শাক্ত, বাইরে শৈব এবং লোকসমাজে বৈক্ষর ছবেন।

কৌল সাধকের আত্মগুপ্তি সম্পর্কে এই ধরণের নির্দেশ বিভিন্ন তত্মেও লক্ষা করা বাব ।

শিব শক্তি বিষ্ণু এরা শ্বরণতঃ অভিন্ন। শক্তিসক্ষতত্ত্বে আছে আছা ললিতাই পুক্ররুপে কৃষ্ণযুক্তি ধারণ করেন। শালার শিবশক্তি যে অভিন্ন এটি তত্ত্বশাল্পের একটি বছবিয়োবিত তত্ত্ব।

- ১ প্রাকটাং ন কুরাং।—কে উপ ২ ঐ, ভাকররাগকৃত ভার
- ৰ কুঠাং পত্ৰসন্তাৰণৰ্ ৷—:কৌ উপ ২৮
- s ৰাহি বুৰা: সৰ্বেংপি পূৰ্ব: ৷—উ, ভাক্তরালকুত ভাক
- क्नथर्मश्रमात्र गण्नार गुत्रज्यारकर । क्यांकिरेडर क्यांकि ग्रार्थ (क्यांकिस ।
   यथा उक्षित कोरवरका वनशासारवत्रानिकः । कृतवंत्रर ठवां कि गण्डता गृतिकवरत्रव ।—(को कि के: >०
- जन्दः नास्तः । विद्यः तिन्तः । त्वारक देवकवः ।---(को क्रेन
- 1 441-
  - (i) चत्तः कोता विहा देनवाः महाबार देवकवा बताः । कृताः मध्यान्तः स्विति वातिरक्षकवावृत् वर ।
  - (ii) चन्नः नात्का वर्षिः देनवः नकागाः देवकरम् मकः । कूमन्**काविकित्व सरिरका क्यूकरनाः** । —त्को मि. केः २०
  - (iii) মন্তঃ শাক্তা বহিং শৈবঃ সভাগাং বৈকৰা মতঃ। সামান্তগৰকা কোঁলা বিভাগত কৰিবলৈ।
    ——নামকেন্যভয়ন্তন, সংগ্ৰা তো, কাত ৭, পাঁৱা ৪, ব মা, পাং ৫৭২
- क्या क्रियाचा गनिका प्रक्षिया क्रुक्तिवहा ।—व्यः प्रहा, का ), पुर ५०

কাৰেই ত্রন্থনির কৌলের পক্ষে শৈব ও বৈশ্বব চিহুধারণ করার কোনো আপত্তি থাকতে পারে না।

কৌলনাধনা গোপন রাখার উদ্দেশ্তে কৌলোপনিষদে আরেকটি নির্দেশ দেওয়া হয়েছে—
বৃক্তিভর্কের বারা কৌলহার্গের প্রতিষ্ঠা করবে না। ভাষররায় লিখেছেন বদি কোনো
ভারোপভাসনিপ্র কৌল দং-ভায়ের বারা কৌলমার্গ স্থাপনে সক্ষমও হন তবু তিনি তা
করবেন না। কেন না তা করতে গেলে গোপনতা নই হবে। এই কাব্রে ক্লশাস্থবিবয়ক
এাবেও প্রহকারণণ উক্ত নিবেধ-বাক্য অনুসারে সম্প্রকার্যমা কতগুলি গোপন বিবয় গুরুম্থে
ভাতবা বলে ছেড়ে দিয়েছেন, নিজেরা প্রকাশ করেন নি।

এই প্রসঙ্গে বলা যায় যুক্তিতর্কের যার। কৌলমার্গ প্রতিষ্ঠার বিক্রে আরেকটি যুক্তি আছে। কৌলশান্তের অভিমত—কৌলমার্গ অতি গভীর, যোগাংগরও অগ্যা। বস্তুতঃ কৌলমার্গ চিম্বার অভীত বলে এ বিষয়ে তর্কের উপতাদ হতে পারে না। ব্যাব ভাষ অচিয়া সে-সব তর্কের যার। প্রতিষ্ঠিত করা যায় না।

কৌন সাধকের পালনীয় আরও সব শান্তনির্দিষ্ট বিধিনিষেধ আছে। জীবন্ধুক্ত কৌন ভিন্ন অন্ত সাধককে এই-সব অবভাই মেনে চলতে হয়। প্রভরামকল্পত্তে বিধান দেওয়া হয়েছে — কুলশাল্লাফুসারে কি বিহিত কি অবিহিত সেই-সব বিবেচনা করে সাধক সর্বদ্য বিহিত কর্মের অফুলান করবেন। সহজ কথায় বলা বায় কৌল সাধনাতে ভুধু কৌল সাধনাতে কেন বে-কোনো সাধনাতেই স্বেচ্ছাচারিতার স্থান নাই।

কৌলাচার প্রশংস। কৌলগ্রহ গুলি কৌলাচারের প্রশংসার পঞ্ম্থ। প্রধানতঃ কৌলাচারী সাধকের স্বীয় মতের প্রতি প্রস্থাভক্তি ও বিখাসের দৃঢ়তার্ত্তির জন্তই এক্লপ করা হয়েছে মনে হয়। অনুদের কাছে অভিশয়েকি মনে হলেও সম্প্রদায়ভূক বাজিদের কাছে এই-সব শাস্ত্রবন বথার্থ।

কুলার্থবিতাপ্তে শিব বলছেন - জ্ঞানত্ত্বপ মন্ত্রনার বেদাগ্যত্ত্বপ মহাসন্ত মন্ত্রন করে দারক্ত আমি কুলর্য উদ্ধার করেছি। এক দিকে বজ্ঞ-তীর্থ-প্রতাদি সব বর্ষ এবং আরেক দিকে কুলর্য, তৌল করলে কুল্র্য্য অধিক ভারী হবে। বজুবক্রগামিনী সব নদী বেমন সম্ত্রে প্রবেশ করে তেমনি বিবিধ ধর্ম কুল্র্য্যে প্রবেশ করে; অন্ত সব প্রাণীর পদচিহ্ন বেমন হজিপদ্চিহ্নে লীন হয়ে বার তেমনি অন্ত সব ধর্ম কৌল্র্য্যে লীন হয়ে বার।

১ कोमश्रक्तिं। म क्वार।--को छेन २ जः है, सायतत्रावकु कांत्र ७ को व, गः १६

s व्यक्तिशाः वन (व शांवाशांत्र पर्कत (वांक्राइर ।—महा का कार ।>>

त्रवीत यहत्रमृथ्दः अवृत्तिः ।—भ क ए >०।७॥

মথিছা আমনছেন ক্ষোপনমহাবিষ্। সামজেন মনা কেবি কৃলধর্মা সমূদ্ তা।
 একতা সকলা ধর্মা ক্ষেতীব্রতাবয়:। একতা কুলবর্মত তর কৌলেহিবিকা প্রিরে।

কোলমার্গের এই শ্রেষ্ঠত্বের হেতৃও কৌলশাল্পে আলোচিত হয়েছে। কুলার্থবতরে আছে?—অন্ত দব ধর্মে অতি দীর্ঘকালের অভ্যাদের অর্থাং দাধনার দলে মোক্ষ লাভ হয় কিছু কৌল্ধর্মে দত্ত দত্ত মোক্ষলাভ হয় এবিষয়ে দন্দেং নাই।

মহানির্বাণতত্ত্বে ত শিব সোজ। ঘোষণা করেছেন — কৌলধর্মের চেয়ে শ্রেষ্ঠ ধর্ম আর আমার জানা নাই, কেন না এই ধর্মের অফুষ্ঠানমাত্রই মাসুষ ব্রহ্মজ্ঞানী হয়।

জন্ত মতে যোগ আর ভোগ ভিন্ন। যোগের ছারা অকৃত্রিম স্থ অর্থাৎ মোক ব্যার ভোগের ছারা কৃত্রিম স্থ লাভ হয়। কাজেই যোগী হতে গেলে ভোগী হওয়া চলে না আর ভোগী হতে গেলে যোগী হওয়া চলে না। কিছু কৌলধর্ম ভোগ্যোগাত্রক মর্থাৎ এই ধর্মে ভুক্তিন্ক্তি একসঙ্গে লাভ হয়। এই জন্ত কৌলধর্ম শ্রেষ্ঠ।♥

শুরু তাই নয়, অন্ত ধর্মে ধ্যে-দব দ্রা পতনের কারণ বলে বর্ণিত হয়েছে মহাভৈরব ব্যবছা দিয়েছেন কৌল ধর্মে দেই-দবের বারাই সিকিলাভ হবে।
কৌলধর্ম অতি উদার। আন্ধান থেকে অস্তাজ পর্যন্ত দব মাসুবের জন্মই এর ধার উন্মৃক্ত,
এ কথা আমরা আগেই বলেছি। কৌলধর্মের এই উদারতাই এর শ্রেদ্ধির অন্তম কারন। মহানির্বাণতত্ত্বে বলা হয়েছে—কৌলধর্মের চেয়ে শ্রেদ্ধির আর নাই, কারণ এই
ধর্ম আশ্র করে অন্তাজও প্রিত্র হয়ে কৌলপদ প্রাপ্ত হয়। আর কৌল হলেই পাশনুক্ত

কৌলশাস্ত্রের অভিমত কৌল ধর্মে লোকধর্মের বিক্রমতা আছে কিন্তু তংসারেও কৌলধর্ম অন্ত ধর্ম অপেকা শ্রেষ্ঠ। তার কারণ কৌলধর্ম প্রত্যক্ষকলপ্রত্ব। প্রত্যক্ষের মতো উৎকৃষ্ট প্রমাণ আর নাই, কেন না সমস্ত প্রাণীর কাছেই প্রত্যক্ষ প্রমাণ বলে গণ্য। এই প্রত্যক্ষকণ

প্রবিশন্তি বধা নত্তঃ সমূলং কল্পুকুলাং। তবৈৰ বিবিধা ধর্মাং প্রবিষ্টাঃ কুলমেনছি। বধা হস্তিপদে লীনং প্রপ্রাণিপদং তবেং। দর্শনানি চ স্বাণি কুল এব তথা প্রিয়ে।—কু ড, উঃ ২

- ১ पर्नत्वरू চ সর্বেরু চিরাজানের মানবাং। মোক্ষং গভাল্তে কৌলে তু সন্থ এব ম সংশবং।—ই
- २ कोलवर्षार भारता वार्षा कारन जू मांमारक । कलामुक्तीनमारजन व कलानी नाता करवर ।

-BE1 % 8189

- বোগী চেরৈব ভোগী ভাদ ভোগী চেরেব বোগবিং।
   ভোগবোগাল্লকং কৌনং ভলাং সর্বাধিকঃ (কং ?) প্রিয়ে।—কু ভ, উ: ২
- दरावर गठनः प्रदेशः निविदेखस्वर क्रांपिका । विकोनपर्नत्व क्रांपि देखस्वर प्रकृष्या ।—कृ छ, छै: ६
- कोनवर्गार भारता वार्ता नारखाव कप्रनामरन । अञ्चारकाश्मि वर्गाक्रिका भूकः कोनभकः जरकर ।

- RET & 181398

♦ কৌলা ভবস্থতে পালৈ মৃক্তা বান্তি পরং পদন। - ই ১৪।১৮৯

হয়ে পরমপদ লাভ করে । অর্থাং জীবনুক হয়।

উপলব্ধ হয় বলে কুলধর্মের বিনোধী কুতার্কিকরা বাহিত হয়েছে। পরোক্ষ কি কে জানে; কার কি হবে কে বলতে পারে। সেইজ্ঞা যা প্রত্যক্ষ ফল প্রদান করে তাই উত্তম ধর্ম।

তবে কৌলাচার সম্বন্ধে অন্ত সম্প্রদায়ের লোকেদের যে এরপ উচ্চ ধারণা ছিল না এ কথার ইঙ্গিত কৌলতন্ত্রও পাওয়া যায়। যেনন কুলচুড়ামণিতত্ত্ব কুলধর্মকে সর্ববাদিসদাচার এবং সর্ববাদিবিগহিত আচার বলা হয়েছে। এই উক্তির তাৎপর্য এই যে যারা কুলধর্মের মর্ম অবগত হন তাঁদের স্বার কাছে শাস্ত্রবিহিত কৌলাচার সদাচার কিন্তু যারা সে-মর্ম অবগত নন তাঁদের স্বার কাছে এ আচার বিগহিত। কৌলাচার সম্বন্ধে অন্ত সম্প্রদায়ের লোকেদের ধারণা যে ভাল ছিল না উক্ত তম্ববচনে তার ইঙ্গিত আছে।

কৌলাচার ও যোগ—সামরা লক্ষ্য করেছি জিতেন্দ্রিয় যোগী ভিন্ন অন্ত কেউ যথার্থ কৌল সাধক হতে পারেন না। যোগ কৌলাচারের অপরিহার্য অঙ্গ। কুদ্রমানে স্পষ্টই বলা হয়েছে স্কুটাঙ্গ যোগের অভ্যাস ছাড়। কুল্মার্গে সিদ্ধিলাভ হয় না।

উক্ত ৩েছ আরও বলা হয়েছে—ব্রাহ্মণকতিয়াদির প্রথমে যোগসাধনা করতে হবে। ভার পর যোগবিভায় সমাক্ সিদ্ধিলাভের জন্ম কুলক্রিয়া করতে হবে। যোগী কৌল হয়ে অহনিশি যোগাভাস করবেন। • •

তবে আমরা পূর্বেই বলেছি কৌলমার্গের যোগ ভোগের মধ্য দিয়ে যোগ। অক্তমতে যেখানে ভোগের বাছল্য সেখানে যোগের কথাই উঠেনা আর যেখানে যোগ সেখানে ভোগ নাই কিছু কৌল সাধক যোগ ও ভোগ উভয়ই লাভ করেন।\*

কৌলাচার গোপনীয়—কাডেই কৌলাচার অন্যান্ত মতের সাধনার থেকে স্বতম্ব।

মার এই মাচারের সাধনা যে মতান্ত কঠিন এবং মল্লসংথাক লোকই এর অধিকারী

হতে পারে তাও আমরা লক্ষ্য করেছি। মথচ সাধনাটি আপাতঃদৃষ্টিতে সহজ মনে হয়।

বিশেষ করে প্রত্তর নিয়ে সাধনা বিহিত হওয়ায় মনধিকারী লোকেরও এর প্রতি আকৃষ্ট

হবার সন্থাবনা প্রবা। কৌল্ডন্তের ভাষায় এ-সব মনধিকারী লোক পশু। পশু

তাকধর্মবিক্লছটে (ছোহলি) নিজনোগিবরি প্রিয়ে। কুলা প্রমাণতা বাতি প্রতাক্ষকনদা বতা।
প্রভাক্ষ চ প্রমাণার সর্বেষাং প্রাণিনাং প্রিয়ে। উপলবি ধবলাতক হতাঃ সর্বে কুতাকিকাঃ।
প্রোক্ষা কোহসুজানীতে কন্ত কিং বা ভবিছতি। বছা প্রভাক্ষকলদা তদেবোভ্রমণনন্।—কু ত. উঃ ২

मर्वविक्तमाहातः मर्वविक्तिविक्तम्।—कृतकृकामणिङ्क ।००

एवा द्वाला विना नाथ अहेक्नाखानवा विना । क्लबार्णा बहाउद्यो न निधाछ क्लाहन ।—क्नबा, भा >•

ব্যাশ্বশক্তিয়াদীনামাদে বোগাদিনাধনন্। পশ্চাৎ কুলফিলা নাথ বোগবিভাপ্রসিদ্ধরে।
ভূষা বোগী কুলীনশ্চ বোগাভ্যালয়হর্নিশন্।—ই, পঃ ২২

<sup>ে</sup> ব্যাতি ভোগবাইলাং তর বোগত কা কথা। বোগেহণি ভোগবিষহং কৌলক্তর্যন তে।—বহা ত ০।১১

কৌলাচারের মর্ম বৃষ্ধবে না; অথচ বাঞ্ পঞ্মকারে প্রাল্ভ হরে সাধনার নামে বাভিচার করবে। তাতে নিজেও অধঃপাতে বাবে এবং ধর্মকেও নট্ট করবে।

এইজন্ত তত্ত্বে বার বার নির্দেশ দেওয়। হয়েছে কৌলাচার কুলশাস্ত্র শাস্কবীবিদ্যা এ-সব পশুর নিকট গোপন রাথতে হবে। এ সম্পর্কে নানা তত্ত্বে বচন পাওয়া বায়। বেমন শুপুর্বাধনতত্ত্বে বলা হয়েছে—মহাজ্ঞান কুলাচার পশুস্কটে অর্থাৎ পশুদের ভিড়ে গোপন রাথতে হবে।

মহনিবাণতত্ত্বে শিব বলছেন<sup>২</sup>—সংসারে পশুর বাহলাহেতু এবং অধিকারিভেদের জন্ত আমি কোথাও কোথাও নির্দেশ দিয়েছি কুলাচারসম্ভূত ধর্ম গোপন রাখতে হবে।

কুলার্পবতত্ত্বের নির্দেশ শারকেলের শাস ও জল যেমন গোপন থাকে তেমনি করে কুলাচার গোপন রাখতে হবে। মাতৃজারবং সংকা সকল সবস্থায় কুলধর্ম সহতে গোপনীয়।

নীলতন্ত্রে এ সম্পর্কে কার্যকর উপদেশ দেওয়া হয়েছে। বলা হয়েছে—কৌলাচারের অফ্টান নির্জনে করতে হবে, জনসন্নিধানে নয়। এখন কি পাথী পতক প্রভৃতি দেখতে পায় এখন স্থানেও করতে নেই। ভৃগভন্ত মন্তপে হানিগুছিত ক্ষরে বা নিশ্চিত মন্তপে কুলকর্ম করা কর্তব্য, জনসমক্ষে নয়।

প্রস্কৃত্যে বলং যায় শাক্ত সাধনামাত্রই গোপনে করতে হয়। সিদ্ধ মহাপুক্র বামা ক্ষেপা বলেন "ভক্তের সাধনা বড়ই গুপু, ইহা লোক দেখাবার জিনিব নয়। তাই গুকু বলতেন গোপয়েৎ মাতৃজারবং। তুমি যে কেউ হও না কেন সাধনা কখনও লোক দেখিয়ে করবে না। তাতে ভোমার সাধনা ভাল হবে না। লোক দেখিয়ে কেবল পূজাদি করতে হয়। সাধকের সাধনা খুব গোপনে, কেউ না জানতে পারে, জানবেই পণ্ড।"

আমরা পূর্বেই বলেছি মুখ্য কৌলাচার শ্রীবিদ্যাবিষয়েই বিহিত হয়েছে। প্রশুরামকর্মত্তর শ্রীবিদ্যা সম্পর্কে বলা হয়েছে শ—বেদাদিবিদ্যা বেশ্যার মতো প্রকট, সমস্ত দর্শন অর্থাৎ শাস্ত্রের

- वृत्ताचात्रः प्रशासात्रः (त्राश्चवाः भन्दत्रक्षक्ते ा—ङः व्या (टा, काळ ॰, नविः ०, व त्रः, नः ००)
- ২ অধিকারিবিতেনেন পশুবালনাতা প্রিয়ে। কুলাচারোদিতা ধর্মা **ওপ্তার্থা কবিতা কচিব।-- মহা ও** নাংহ
- কুলং সংলোপতেক্ষেবি নারিকেলফলান্য বং ! কুলধর্মফিলং থেবি স্বব্রস্থাত্র সর্বহা ।
   পোগতেচ্চ প্রবহ্রন জননীজাঃবং প্রিত্তে ।—কু ত. পঃ ১১
- কিন্তান চৈব ক'তবাং ন চৈবং জনসন্থিয়ে। কিন্তা পক্ষিপতজানিষদ্দিন নৈব কারতেং।
   পাচালমকণে বালি গহতের স্থানিয়নিত। নিশ্চিয়মকণে বালি ক'তবাং ন চ সারিবো।
  - -- का पुर क मा, ३०म मा, गृह ७३७

- वात्रा (क्या, ॰: १६
- रक्ता देव अक्टा रक्ताविकाः। मार्थव वर्गम् अर्थाः विका ।--- म म भागः।

মধ্যে এই বিছা গুপ্তা। কুলার্গবতত্ত্ব আরেকটু স্পষ্ট করে বলা হয়েছে—বেদশাস্ত্রপুরাণ প্রভৃতি সামান্তগণিকার মতো কিন্ধ এই শাস্থবী বিছা অর্থাৎ শ্রীবিছা কুলবধ্র মতো গোপনে থাকে।

বিভাগুবির প্রাচীনতা—গুছ সাধনার ঐতিহৃটি অতি প্রাচীন। যান্ধ নিককে এই শ্রুতিটি উদ্ধৃত করেছেন—ব্রদ্ধবিদ্যা ব্রাদ্ধনের কাছে গিয়ে বসলেন আমাকে গোপন রাধ্বে, ত। হলে আমি তোমার নিধি হয়ে থাকব। অপ্রয়াকারী কৃটিস অসংযত ব্যক্তির কাছে আমাকে প্রকাশ করোনা। আমাকে এমনি প্রকাশ না করলেই আমি বীর্ঘবতী হয়ে থাকব।

ভাশবরায় শেতৃবন্ধে এই শ্রুতিটি উদ্ধার করেছেন এবং বিছা শব্দের মর্থ করেছেন শ্রীবিছা সার ব্রাহ্মণ সম্বন্ধে বলেছেন যিনি ব্রহ্ম অর্থাৎ বেদ অধ্যয়ন করেছেন বা ব্রহ্মকে জেনেছেন তিনি ব্রাহ্মণ। কাজেই ভাষর্ব্বায়ের মতে ব্রহ্মবিছা শ্রীবিছা গোপনীয়া এ শ্রৌতশিক্ষাস্থ।

উপনিবলের মুগে একটা গোপন সাধনার ধারা ছিল। তার নিদর্শন উপনিবদেই আছে। বেতাবভর উপনিবদে বলা হয়েছে —পুরাকল্পে বেদান্তে যে-গুল্ল পর্মতত্ত উপদিষ্ট হয়েছে তা যে প্রশাস্ত নয়, পুরু নয় বা শিক্ষা নয় তাকে দেবে না।

এই গুছ পরম হর বা ব্রহ্মতর শেতাশ্বতর ঋষি তপঃপ্রভাবে এবং দেবতার কুপায় সাক্ষাৎ করেন। ধি যে-তর গুছ তার সাধনাও যে গুছ ছিল তা সহছেই বোঝা যায়।

কোলচারের গোপনীয়তায় উক্ক শ্রোতধারাই অফুস্থত হয়েছে। তাই দেখা যায় কেংকারিণীতকে আলোচা শ্রুতি বচনেরই প্রতিধানি করা হয়েছে— এই বিভা অজিতেক্সিয় ব্যক্তির কাছে দব রক্ষে গোপন রাখতে হবে। তাতে বিভা বীর্ষবতী হবেন, প্রকাশিতা হলে হবেন না।\*

<sup>&</sup>gt; (तक्षणाक्षपुत्रानानि मात्राक्रणानिका हैव। हेवड मांख्यो विद्या कथा कृतवधृतिव।--कृ छ, शः ১১

২ বিভা হ বৈ ৰুজনমাজগাম গোপায় মা শেবধিটেংহমমি।
অপুরকারানুভবেহবতার ন মাং ৰু, রা বীধবতী তথা ভাষু।—জঃ নিজস্ত ২।৪

विद्या श्रीविद्या । वृक्तिरः वृक्तावीरः वृक्त तम वा विक्रमाः ।—वा वि ७।८-এत तम व

বেলান্তে প্রমং গুরুৎ পুরাকলে প্রচোধিতম। নাপ্রশাস্তার দাতবাং নাপুতারাশিকার বা পূনঃ।

—বে উপ ভাবহ

७०१:श्रेष्ठावादस्वत्रमानाक वृक्त इ विठावत्रदाश्व विवान् ।—प्र ०।२>

৬ সৰ্বধা পোণনীৰেয়ং বিভা স্থাদজিতেজিৰে। তেন বীৰ্ববতী বিভা ন বিভা স্থাং প্ৰকাশতঃ।
—জঃ কৌর, পুঃ ১৭৮

কৌলাচারের গোপনীয়তা সম্বন্ধে মহানির্বাণতত্ত্বে আবার ভিন্ন মতও প্রকাশ করা হয়েছে।
উক্ত তত্ত্বে সদাশিব বল্ছেন—পরব্রহ্ম সতাক্তরূপ; সতাই পরম তপ, সমস্ত সাধনক্রিয়া সত্যমূলক,
ক্রত্যের চেয়ে শ্রেষ্ঠ আর কিছু নাই। কাজেই পাপ কলিতে মংকথিত কুলাচারও সত্যভাবে
এবং ব্যক্তভাবে সাধনীয়। গোপনতার সত্যের হানি হয়, মিথাার আশ্রয় না নিলে কিছুই
গোপন করা যায় না। সেইজন্ত কৌলিকের প্রকাশ্রে কুলসাধনা করা উচিত। আমি
কুলতন্ত্রসমূহে বে বলেছি কুলধর্ম গোপন করতে হবে এবং এইভাবে গোপন করার উদ্দেশ্রে
কোনো মিথাাছার জুগুলিত নয়, সে-বিধান প্রবল কলিতে প্রশন্ত নয়।

কিন্তু কৌলাচারাদির সাধনা চলে শুরুপরম্পরায় আগত উপদেশ অনুসারে। এমন-সব কিন্তুাকর্ম আছে, ষেগুলি শুরুর কাছেই হাঁতে কলমে শিখতে হয়। এ সম্পর্কে তন্ত্রের নির্দেশ স্থান্ত—মন্ত্র এবং আচারাদি গুরুপরম্পরায় অবস্থিত। এই-সব গুরুন্থে লাভ করলে তবে সফল হন্তু, অক্তভাবে হয় না।

সহজ কথায় বলা যায় অন্ত তান্ত্রিক সাধনার মতে। কোলাচারের সাধনাও সম্প্রদায় অনুসারে হয়। সম্প্রদায় অনুসারে কোলাচার গোপনীয়। কাজেই মহানির্বাণের অভিমত সম্প্রদায়বিক্তন্ধ বলে সাধারণতঃ সাধকদের নিকট গ্রাফ নয়। অবশু মহানির্বাণতত্ত্বাক্ত কোনো সম্প্রদায় থাকলে দেই সম্প্রদায়ান্ত্রযায়ীদের কাছে উক্ত মত গ্রাফ হবে সন্দেহ নাই।

কৌলাচারের ব্যক্তিচার—তবে মহানির্বাণতক্ষের উক্ত অভিমত থেকে একটি বিষয়ের ইঙ্গিত পাওয়া যায়। কৌলাচারের গোপনতার জন্ম এই আচারের নামে গোপনে গোপনে অনেক অনাচার এবং ব্যভিচার চলছিল। সম্ভবতঃ এই কারণেই মহানির্বাণতক্ষ প্রকাশ্যে কৌলাচার অন্তর্গানের বিধান দিয়েছেন।

কৌলাচারের নামে ব্যভিচার যে চলছিল তার অন্ত নিদর্শনও আছে। পরগুরামকল্প-হজ্ঞের বৃত্তিতে রামেশ্বর লিথেছেন — সম্প্রতি আধুনিক অজিতেন্দ্রিয় চপলজিহ ব শিল্পোদর-পরায়ণ লোকেরা আসক্তিতে অন্ধ হয়ে কেবলমাত্র পঞ্চমকারের লোভে কৌলিকতার ভান

- সত্যরপং পরং বুদ্ধ সত্যং হি পরহং তপঃ। সত্যমৃগাঃ জিয়াঃ সর্বাঃ সত্যাৎ পরতরো ন হি ।
   অতএব ময়া প্রোক্তং বুদ্ধতে প্রবলে কলো। কৃলাচারোহিপি সত্যেন কর্তবাো বাজ্বভাবতঃ।
   গোপনাকীয়তে সত্যং ন গুপ্তিরনৃত্য বিনা। তুমাৎ প্রকাশতঃ কুর্বাৎ কৌলিকঃ কুলসাধনম্।
   কুলধর্মস্ত গুপ্তার্থং নানৃত্যং সাার্জ্ঞ্পিতর্। বহুজং কুলতয়েরু ন শক্ষং প্রবলে কলো।—মহা ত ০।৭৭-৮০
- २ शाक्तभावाः ममाद्याद मद्याठावानिकः श्रियतः । मर्वः श्वस्म्याह्नव्यः मक्तः मान्न ठाक्रया ।-- कृ छ, छ: ১১
- সম্রতি ইদানীয়নঃ অলিতে ক্রিয়ঃ চপললিহ্বা: শিলোদরপরাদশাঃ রাপান্তরা আরোগিত-কৌলিকতাকঃ কেবলদ্র নামাত্রলোল্পাঃ লিখিতবচনাক্রনাদৃত্য বাধিকারনবিচার্বৈর বাভিপ্রারসাধনানি
  "শীঘা শীঘা পুনঃ শীঘা" ইতি, "আগলায়্য় গিবেদ্ দ্রব্যান" ইতাদিক্লার্থবচনাক্রেব পুরক্তা

করছে। এরা শার্চন অগ্রান্থ করে এবং নিজেদের অধিকার বিচার না করেই 'পীছা পীছা পুন: পীছা, সাগলান্তং পিবেং দ্রবান্ধ' ইত্যাদি কুলার্পবত্তরবচন নিজেদের অসংষত অভিপ্রায় সিদ্ধির করেও প্রমাণরপে সামনে রেথে অর্থাং এই-সব বচনের দোহাই দিয়ে মথেচাচার করে পোন। তারা কুলার্পবত্তরের উক্ত বচনাদির হয় অভিপ্রায় জানে না, নয় জেনে শুনেই ধৃর্তের তা এইগুলিকে নিজেদের কাজে লাগায়। এই-সব লোক ইহলোক বা পরলোক কোথা হয় পায় না। প্রত্যুত্ত মৃত্যুর পর প্রধর্মরাজের শাসনে মহাপাতকজনিত নরক্ষম্বনা ভোগ কা এ বিষয়ে কোনো সন্দেহ নাই। তন্ত্রগোঞ্চাতে এই-সব পতিত লোকদের নাম কর্ম নই।

রামেশর এক্তর ক্র-সব তথাকথিত কোলিকদের ব্যঙ্গ করেছেন। তিনি লিখেছেন — আদ্ধকাল কৌলিক দিল্ল আমনা কৌলিক এই বলে নিজেদের জাহির করে এবং সেই অধিকারে, কিন্তু আনু কৌলিকের যথার্থ অধিকারের নামগন্ধ না জেনেই, পানপাত্র বগলে নিয়ে ঘরে ঘরে ঘরে ছালেড। আর শিষ্টাভাসগণ এদের মণ্ডলে চুকিয়ে হবিংশেষ কুলজব্যের যথাবিহিত পাত্রসংখ ক্লান করে পান করাছে। এই-সব পাত্রদাতাদের বার বার নমস্বার। কিন্তু এ-সব অসংকং শার নয়।

আকর গ্রন্থের ক্রম ব্যক্তিসারের পরোক্ষ উদ্ধেষ আছে। মহানিবাণতত্ত্বে বলা হয়েছে—কলিবুলের প্লোভন ল্রু মানব পঞ্চত্ত্ব নিয়েত দাধনা করবে না, লোভের বশে পঞ্চত্ত্বের সে করে অধংপতিত হবে। ইন্দ্রিয়হ্থের জন্ম প্রচুর মন্তপান করে হিতাহিতজ্ঞানহীন নাল হবে। কেউ কেউ পরস্থী-ধর্ষক হবে, ভাকাত হবে, মন্ত হয়ে নারী সম্পর্কে প্রানি বিচার ও করবে না।

তদ্ভিপ্রায়মজান ক্ষি ধ্তাং সপ্ত: গণেজাচারং ক্বিস্তি। ইহাম্ত ন ক্তাপি শর্ম লক্ষ্যে। প্রত্যুত মহাপাত কল্পনি ব্রীং প্রথমবাজশাসনাৎ লভপ্ত এব। নাত্র সন্দেহং। তামুশাং পভিতাঃ তম্পেটার ন মহবাং।—প ক শৃষ্ঠ-এর বৃত্তি

শীল্বা শীল্বা পুন: শক্রীবং পত্তি ভূংলে। উথায় চ পুন: শীল্বা পুনর্জয় ন বিছতে—কু ভ, উ: ৭

२ व्यानलायः लितः 🖁 म मृत्का नाज मःनवः।—अः भ क 🛪 धर-अव बारवववकुछवृत्ति

ইদানীপ্রনা কে প্রিনা ব্যং কৌলিকা ইতি প্রতিষ্ঠাবস্তঃ অধিকার্মকরণ অধিকার্মকরণাজানতঃ
পানপাত্রং ককে প্রেনার বিষ্টা তাংক শিষ্টা তাংক ভ্রো ভ্রো নমঃ ইতালবস্থাবেশেন ।—প ক প্র ১০০০ এর বৃত্তি

 কলিজা মানবা প্রিনার প্রায়ণাঃ। লোভাভত্র পতিছন্তি ন ক্রিছন্তি সাধনন্।

কলিকা মানবা কৰিবলৈ সংগ্ৰহণাঃ। নোভাতত পতিভত্তি ন করিছত্তি সাধনন্।
 ইলিরাণাং প্রধান কর্মি চ বহলং মধু। ভবিছত্তি মলোকতা হিতাহিতবিব্যক্তিতাঃ।
 প্রত্তীধর্ষকা কে: ব্যাবহবো ভূবি। ন করিছত্তি তে মন্তাঃ পাপবোরিইচারণন্।—মহা ত ১)৫৮-৩০

কুলার্ণবিতন্ত্রেও এই ধরণের ভণ্ড মৃঢ়দের উল্লেখ পাওয়া যায়। মহেশ্বর কুলধর্মের বিস্তর প্রশংসা করে উক্ত তল্পে দেবীকে বলছেন—কুলধর্ম প্রীপ্তকর করণাতেই লাভ করা যায়। ভৃঁক্তিমৃক্তিপ্রদ এই ধর্ম তোমার ভক্তেরাই জানতে পারে, অন্যেরা নয়। কিন্তু গুরুপদেশবর্জিত এমন-সব মৃঢ় লোক আছে যাদের মহাস্ত বলা হয়; যারা নিজের। আগে মোহগ্রস্ত হয়ে অন্তদেরও পরে মোহগ্রস্ত করে। এই-সব ত্রাচারপর্মের কোনো কোনো পামর আবার উপদেশও দেয়। এই ধরণের লোক যার সেবক সেই গুরুই বা পবিত্র হবে কেমন করে? পারম্পর্যাবর্জিত মিথ্যাজ্ঞানবিভ্রত্বক জনেক শোক কোনধর্ম কল্পনা করে নেয় অর্থাৎ এরা শাস্ত্র জানে না, সম্প্রদায় জানে না, নিজের মনগড়া কোলধর্মের অনুসরণ করে।

অজিতেন্দ্রি শিল্পাদরপরায়ণ মৃত্ ধার্মিকস্মতা ব্যক্তিরা মনে করে মছপানাদির স্বারাই সিদ্ধিলাভ হয়, মোক্ষলাভ হয়। কুলার্থবিতন্ত্রে এ সম্বন্ধে বড় স্থান্দর কথা বলা হয়েছে—মছপানের স্বারা যদি সিদ্ধিলাভ হত তা হলে সব মছপাত্রী পামর সিদ্ধিলাভ করত। মাংসভক্ষণের স্বারা যদি পুণ্য হত তা হলে সংসারে যত মাংস্থী আছে সব পুণ্যবান্ হয়ে যেত। আর স্ত্রীসস্ভোগের স্বারা যদি মোক্ষলাভ হত তা হলে সংসারের সব স্ত্রীসংভোগকারী স্বন্ধ মুক্তিলাভ করত।

কাজেই ষেথা যাচ্ছে কোলাচারের ব্যভিচার সংগ্রে শান্ত্রও সচেতন এবং এ সম্বন্ধে সতর্কবাণীও যথেষ্ট উচ্চারিত হয়েছে।

১ গুলকারশাসংলভ্যমীদৃশং কুলদর্শনন্। তদভন্তা এব জানতি নেতরে ভৃত্তিমৃত্তিদন্।
গুরুপদেশরহিতাঃ মহান্ত ইতি কেচন। মোহরতি জনান্ সর্বান্ বয়ং পৃ্ববিমোহিতাঃ।
ছরাচারপরাঃ কেচিঘাচয়তি চ পামরাঃ। কবং পৃ্তো ভবেং বামী সেবকাঃ য়াতবাবিধাঃ।
বহবঃ কৌলিকং ধর্মং মিধ্যাজ্ঞানবিভ্যকাঃ। সবুভ্যা করমতীবং পারশ্পর্ববিধ্ দিতাঃ।—কু ত, উঃ ২

২ মন্তপানেন মন্মজো যদি সিদ্ধিং লভতে বৈ। মন্তপানরতা সূর্বে সিদ্ধিং গছর বাংনা।
মাংসভক্ষণমাত্রেণ যদি পুণ্যা গতির্ভবেং। লোকে মাংসালিক সূর্বে পুণ্যভাবে ভবন্ধি হি।
ত্রীসভোগেন দেবেশি যদি মোকো ভবতি বৈ। সর্বেংশি জন্ধবো লোকে মুকারি যাং গ্রীনিবেশনাং।—এ